Vol. 144, No. III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2015)

(From the 28th May to 8th June, 2015)

(The 28th, 29th May, 1st, 2nd, 3rd, 4th, 5th and 8th June, 2015)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price : ₹ 353/-

Vol. 144, No. III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(Budget Session, 2015)

(From the 28th May to 8th June, 2015)

(The 28th, 29th May, 1st, 2nd, 3rd, 4th, 5th and 8th June, 2015)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI M. K. NARAYANAN

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge of Home Department, Department of Land and Land Reforms, Department of Health & Family Welfare, Department of Information and Cultural Affairs, Department of Hill Affairs, Minority Affairs and Madrasah Education Department and Department of Personnel and Administrative Reforms.
2. **Dr. Partha Chatterjee,** Minister-in-Charge, Department of School Education, Department of Higher Education, Department of Parliamentary Affairs.
3. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Finance Department, Department of Excise, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Information Technology and Electronics.
4. **Shri Manish Gupta,** Minister-in-Charge, Department of Power and Department of Non-Conventional Energy Sources.
5. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Public Health Engineering and Departments of Panchayats and Rural Development.
6. **Shri Abdul Karim Chowdhary,** Minister-in-Charge, Department of Mass Education Extention and Library Services.
7. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs, Department of Self-Help Group and Self-Employment.
8. **Shri Upendra Nath Biswas,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare.
9. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Fire and Emergency Services and Department of Civil Defence.
10. **Shri Rabindranath Bhattacharya,** Minister-in-Charge, Department of Statistics & Programme Implementation.
11. **Smt. Sabitri Mitra,** Minister-in-Charge, Department of Refugee Relief and Rehabilitation.

12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Shantiram Mahato,** Minister-in-Charge, Department of Paschimanchal Unnayan Affairs.

14. **Shri Haider Aziz Safwi,** Minister-in-Charge, Department of Correctional Administration.

15. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Agriculture.

16. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Tourism.

17. **Shri Rachpal Singh,** Minister-in-Charge, Department of Planning.

18. **Shri Binay Krishna Barman,** Minister-in-Charge, Department of Forests.

19. **Shri Goutam Deb,** Minister-in-Charge, Department of North Bengal Development.

20. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Labour.

21. **Shri Shankar Chakravorty,** Minister-in-Charge, Public Works Department.

22. **Dr. Rabiranjan Chattopadhyay,** Minister-in-Charge, Department of Science and Technology and Department of Bio-Technology.

23. **Dr. Sudarsan Ghosh Dastidar,** Minister-in-Charge, Department of Environment.

24. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge, Department of Technical Education and Training.

25. **Shri Shyama Prasad Mukherjee,** Minister-in-Charge, Department of Sericulture.

26. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.

27. **Dr. Sukumar Hansda,** Minister-in-Charge, Department of Tribal Development.

28. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Water Resources Investigation and Development.

29. **Shri Arup Roy,** Minister-in-Charge, Department of Agricultural Marketing, Department of Agriculture.

30. **Shri Chandra Nath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

31. **Shri Krishnendu Narayan Choudhury,** Minister-in-Charge, Department of Food Processing, Industries and Horticulture.

32. **Shri Rajib Banerjee,** Minister-in-Charge, Department of Irrigation and Waterways.

33. **Shri Madan Mitra,** Minister-in-Charge, Department of Sports and Department of Transport.

34. **Shri Aroop Biswas,** Minister-in-Charge, Department of Housing and Department of Youth Services.

35. **Smt. Chandrima Bhattacharya,** Minister-of-State, Department of Health & Family Welfare, Minister-of-State (Independent Charge) Department of Law and Judicial.

36. **Shri Pundarikakshya Saha,** Minister-of-State, Department of Public Health Engineering.

37. **Shri Manturam Pakhira,** Minister-of-State, Department of Irrigation and Waterways, Sundarban Affairs.

38. **Shri Giasuddin Molla,** Minister-of-State, Department of Madrasah Education, Minority Affairs.

39. **Shri Becharam Manna,** Minister-of-State, Department of Agriculture, Agriculture Marketing, Child Development.

40. **Shri Swapan Debnath,** Minister-of-State, Department of Land and Land Reforms, Micro and Small Scale Enterprises and Textiles and Animal Resources Development.

41. **Dr. (Smt.) Shashi Panja,** Minister-of-State (Independent Charge), Department of Child Development, Women Development Branch of Department of Women Development and Social Welfare.

42. **Dr. Asish Banerjee**, Minister-of-State, Department of Ayush, Higher Education and School Education Department.

Parliamentary Secretary

1. **Shri Rabindra Nath Ghosh,** Parliamentary Secretary, Public Works Department.

2. **Shri Amal Acharjee,** Parliamentary Secretary, Fisheries Department.

3. **Shri Biplab Mitra,** Parliamentary Secretary, Law Department.

4. **Shri Nasiruddin (Lal) Ahamed,** Parliamentary Secretary, Transport Department.

5. **Shri Tapas Roy,** Parliamentary Secretary, Parliamentary Affairs Department.
6. **Shri A.T.M. Abdulla,** Parliamentary Secretary, Panchayats and Rural Development Department.
7. **Shri Ashok Kumar Deb,** Parliamentary Secretary, Madrasah Education Department.
8. **Smt. Asima Patra,** Parliamentary Secretary, Micro and Small Scale Enterprises and Textiles Department.
9. **Shri Jyotirmoy Kar,** Parliamentary Secretary, Co-operation Department.
10. **Shri Radhakanta Maiti,** Parliamentary Secretary, Irrigation and Waterways Department.
11. **Smt. Sandhya Rani Tudu,** Parliamentary Secretary, Backward Classes Welfare Department.
12. **Shri Arup Kumar Khan,** Parliamentary Secretary, Agriculture Marketing Department.
13. **Shri Subhasish Batabyal,** Parliamentary Secretary.
14. **Shri Wilson Champramary,** Parliamentary Secretary.
15. **Shri Chand Mohammad,** Parliamentary Secretary.
16. **Shri Silbhadra Dutta,** Parliamentary Secretary.
17. **Shri Tapan Dasgupta,** Parliamentary Secretary.
18. **Shri Ashok Kumar Deb,** Parliamentary Secretary.
19. **Shri Shankar Dolai,** Parliamentary Secretary.
20. **Smt. Firdousi Begum,** Parliamentary Secretary.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker : **Shri Biman Banerjee**

Deputy Speaker : **Smt. Sonali Guha (Bose)**

Secretary : **Shri Buddheswar Mahanti**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

*1. Abdul Karim Chowdhary, Shri (29-Islampur, Uttar Dinajpur)
2. Abdur Rahim Boxi, Shri (47-Malatipur, Malda)
3. Abdur Razzak, Shri (76-Jalangi, Murshidabad)
4. Abdur Razzak Molla, Shri (139-Canning Purba, South 24-Parganas)
5. Abu Hena, Shri (61-Lalgola, Murshidabad)
6. Abu Nasar Khan Choudhury, Shri (53-Sujapur, Malda)
7. Abu Taher Khan, Shri (74-Nowda, Murshidabad)
8. Abul Hasem Mondal, Shri (265-Memari, Burdwan)
9. Abul Kasem Molla, Dr. (183-Jagatballavpur, Howrah)
#10. Acharjee, Shri Amal (36-Itahar, Uttar Dinajpur)
11. Adhikari, Shri Ananta Deb [16-Maynaguri (SC), Jalpaiguri]
12. Adhikari, Shri Anil [13-Falakata (SC), Jalpaiguri]
13. Adhikari, Shri Dibyendu (216-Kanthi Dakshin, Purba Medinipur)
14. Adhikary, Shri Paresh Chandra [1-Mekhliganj (SC), Cooch Behar]
15. Akhruzzaman, Shri (59-Raghunathganj, Murshidabad)
16. Ali Imran Ramz, Shri (31-Chakulia, Uttar Dinajpur)
17. Anisur Rahaman, Shri (75-Domkal, Murshidabad)
18. Asif Mehbub, Shri (45-Chanchal, Malda)
#19. A.T.M. Abdulla, Shri (125-Basirhat Uttar, North 24-Parganas)

B

20. Badal, Shri Jamadar (148-Bhangore, South 24-Parganas)
21. Bag, Shri Nabin Chandra [259-Khandaghosh (SC), Burdwan]
22. Bagdi, Shri Bijoy [284-Dubrajpur (SC), Birbhum]
23. Bagdi, Shri Dhiren [289-Sainthia (SC), Birbhum]
24. Bakshi, Smt. Smita (165-Jorasanko, Kolkata)
25. Bandopadhyay, Smt. Nayana (162-Chowrangee, Kolkata)
**26. Banerjee, Dr. Asish (291-Rampurhat, Birbhum)
+27. Banerjee, Shri Biman (140-Baruipur Paschim, South 24-Parganas)
*28. Banerjee, Smt. Mamata (159-Bhabanipur, Kolkata)
29. Banerjee, Dr. Nikhil Kumar (276-Durgapur Purba, Burdwan)
*30. Banerjee, Shri Rajib (184-Domjur, Howrah)
31. Banerjee, Shri Tapas (280-Asansol Dakshin, Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

32. Baraik, Shri Bulu Chik [20-Mal (ST), Jalpaiguri]
33. Barma, Dr. Sukhbilas [17-Jalpaiguri (SC), Jalpaiguri]
*34. Barman, Shri Binay Krishna [2-Mathabhanga (SC), Cooch Behar]
35. Barman, Shri Hiten [5-Sitalkuchi (SC), Cooch Behar]
*36. Basu, Shri Bratya (114-Dum Dum, North 24-Parganas)
37. Basu, Smt. Manju (107-Noapara, North 24-Parganas)
*38. Basu, Shri Purnendu (117-Rajarhat-Gopalpur, North 24-Parganas)
#39. Batabyal, Shri Subhasis (248-Chhatna, Bankura)
40. Bauri, Shri Purna Chandra [246-Raghunathpur (SC), Purulia]
41. Bauri, Shri Umapada [245-Para (SC), Purulia]
42. Belthariya, Shri Swapan Kumar (244-Kashipur, Purulia)
43. Besra, Shri Susanta [238-Bandwan (ST), Purulia]
44. Bhattacharjee, Shri Amiya Kanti (211-Chandipur, Purba Medinipur)
**45. Bhattacharya, Smt. Chandrima [110-Dum Dum (Uttar), North 24-Parganas]
*46. Bhattacharya, Shri Rabindranath (188-Singur, Hooghly)
47. Bhattacharya, Dr. Rudra Nath (26-Siliguri, Darjeeling)
48. Bhattacharya, Shri Samik (124-Basirhat Dakshin, North 24 Parganas)
49. Bhowmick, Shri Partha (104-Naihati, North 24-Parganas)
50. Bhunia, Smt. Mamata (230-Daspur, Paschim Medinipur)
51. Bhunia, Dr. Manas Ranjan (226-Sabang, Paschim Medinipur)
52. Biswas, Shri Abir Ranjan [90-Ranaghat Dakshin (SC), Nadia]
*53. Biswas, Shri Aroop (152-Tollygunge, South 24-Parganas)
54. Biswas, Shri Emani (57-Suti, Murshidabad)
55. Biswas, Dr. Ramendra Nath [92-Kalyani (SC), Nadia]
56. Biswas, Shri Satyajit [88-Krishnaganj (SC), Nadia]
57. Biswas, Shri Surajit Kumar [96-Bongaon Dakshin (SC), North 24-Parganas]
*58. Biswas, Shri Ujjal (85-Krishnanagar Dakshin, Nadia)
*59. Biswas, Dr. Upendra Nath [94-Bagda (SC), North 24-Parganas]
60. Bose, Shri Sujit (116-Bidhan Nagar, North 24-Parganas)
61. Bouri, Shri Swapan [247-Saltora (SC), Bankura]

C

62. Chakrabarti, Shri Chiranjeet (119-Barasat, North 24-Parganas)
63. Chakraborty, Shri Snehasis (195-Jangipara, Hooghly)
64. Chakraborty, Shri Manoj (72-Baharampur, Murshidabad)
*65. Chakravorti, Shri Shankar (39-Balurghat, Dakshin Dinajpur)
#66. Champramary, Shri Wilson [11-Kalchini (ST), Jalpaiguri]
#67. Chand Mohammad, Shri (62-Bhagabangola, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

68. Chatterjee, Shri Dipak (293-Nalhati, Birbhum)
69. Chatterjee, Shri Gouranga (275-Pandabeswar, Burdwan)
*70. Chatterjee, Shri Partha (154-Behala Paschim, South 24-Parganas)
71. Chatterjee, Shri Partha Sarathi (87-Ranaghat Uttar-Paschim, Nadia)
72. Chatterjee, Shri Rabindranath (270-Katwa, Burdwan)
73. Chatterjee, Shri Sovan (153-Behala Purba, South 24-Parganas)
74. Chatterjee, Shri Tapan (269-Purbasthali Uttar, Burdwan)
75. Chatterjee, Shri Ujjal (282-Kulti, Burdwan)
*76. Chattopadhyay, Dr. Rabiranjan (260-Bardhaman Dakshin, Burdwan)
***77. Chattopadhyay, Shri Sobhandeb (160-Rashbehari, Kolkata)
78. Chhetri, Dr. Harka Bahadur (22-Kalimpong, Darjeeling)
*79. Chowdhury, Shri Krishnendu Narayan (51-Englishbazar, Malda)
80. Chowdhury, Md. Hedayatullah, Shri (263-Monteswar, Burdwan)

D

81. Das, Shri Biswajit [95-Bongaon Uttar (SC), North 24-Parganas]
82. Das, Smt. Kasturi (155-Maheshtala, South 24-Parganas)
83. Das, Shri Samares (218-Egra, Purba Medinipur)
#84. Dasgupta, Shri Tapan (193-Saptagram, Hooghly)
#85. Datta, Shri Silbhadra (108-Barrackpur, North 24-Parganas)
86. De, Shri Sukumar (207-Nandakumar, Purba Medinipur)
#87. Deb, Shri Ashok Kumar (156-Budge Budge, South 24-Parganas)
*88. Deb, Shri Gautam (19-Dabgram-Phulbari, Jalpaiguri)
**89. Debnath, Shri Swapan (268-Purbasthali Dakshin, Burdwan)
90. Dewan, Shri Trilok Kumar (23-Darjeeling, Darjeeling)
91. Dey, Shri Ajoy (86-Santipur, Nadia)
92. Dolai, Shri Bhushan Chandra (206-Moyna, Purba Medinipur)
93. Dolai, Smt. Chhaya [232-Chandrakona (SC), Paschim Medinipur]
94. Doloi, Shri Rameswar [235-Keshpur (SC), Paschim Medinipur]
#95. Dolai, Shri Shankar [231-Ghatal (SC), Paschim Medinipur]
96. Dutta, Shri Parash (106- Jagatdal, North 24-Parganas)
97. Dutta, Shri Sabyasachi (115-Rajarhat-New Town, North 24-Parganas)

F

#98. Firdousi Begum, Smt. (151-Sonarpur Uttar, South 24-Parganas)
*99. Firhad Hakim, Shri (158-Kolkata Port, Kolkata)
100. Firoza Begam, Smt. (63-Raninagar, Murshidabad)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

G

*101. Ghatak, Shri Moloy (281-Asansol Uttar, Burdwan)
102. Ghosal, Dr. Anup (185-Uttarpara, Hooghly)
103. Ghosh, Shri Asok (170-Howrah Uttar, Howrah)
104. Ghosh, Shri Nirmal (111-Panihati, North 24-Parganas)
#105. Ghosh, Shri Rabindra Nath (8-Natabari, Cooch Behar)
106. Ghosh, Shri Rathin (118-Madhyamgram, North 24-Parganas)
107. Ghosh Kar, Smt. Ratna (91-Chakdah, Nadia)
108. Ghosh, Shri Samarendranath (77-Karimpur, Nadia)
109. Ghosh, Shri Susanta (233-Garbeta, Paschim Medinipur)
110. Ghosh, Shri Swapan Kanti (285-Suri, Birbhum)
111. Ghosh, Shri Tamonash (144-Falta, South 24-Parganas)
*112. Ghosh Dastidar, Dr. Sudarsan (208-Mahisadal, Purba Medinipur)
**113. Giasuddin Molla, Shri (142-Mograhat Paschim, South 24-Parganas)
114. Giri, Shri Akhil (217-Ramnagar, Purba Medinipur)
++115. Guha (Bose), Smt. Sonali (145-Satgachhia, South 24-Parganas)
116. Guha, Shri Udayan (7-Dinhata, Cooch Behar)
117. Gulsan Mullick, Shri (175-Panchla, Howrah)
*118. Gupta, Shri Manish (150-Jadavpur, South 24-Parganas)

H

*119. Haider Aziz Safwi, Shri (176-Uluberia Purba, Howrah)
120. Haldar, Shri Bhupendra Nath [50-Maldaha (SC), Malda]
121. Halder, Shri Dipak Kumar (143-Diamond Harbour, South 24-Parganas)
122. Halder, Shri Jogoranjan (133-Kulpi, South 24-Parganas)
123. Halder, Shri Joydeb [135-Mandir Bazar (SC), South 24-Parganas]
124. Halder, Shri Ram Sankar [129-Kultali (SC), South 24-Parganas]
125. Hamidul Rahaman, Shri (28-Chopra, Uttar Dinajpur)
126. Hansda, Shri Bachchu [40-Tapan (ST), Dakshin Dinajpur]
127. Hansda, Shri Dibakar [237-Binpur (ST), Paschim Medinipur]
*128. Hansda, Dr. Sukumar (222-Jhargram, Paschim Medinipur)
129. Hazra, Shri Banamali (267-Bhatar, Burdwan)
130. Hazra, Shri Bankim Chandra (132-Sagar, South 24-Parganas)
131. Hazra, Shri Gadadhar [287-Nanoor (SC), Birbhum]
132. Hembram, Smt. Deblina [249-Ranibandh (ST), Bankura]

I

133. Id. Mohammad, Shri (69-Bharatpur, Murshidabad)
134. Insar Ali Biswas, Shri (73-Hariharpara, Murshidabad)
135. Iqbal Ahmed, Shri (202-Khanakul, Hooghly)
136. Isha Khan Choudhury, Shri (54-Baishnabnagar, Malda)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

J

137. Jahanara Khan, Smt. (279-Jamuria, Burdwan)
138. Jana, Shri Samir Kumar (130-Patharpratima, South 24-Parganas)
*139. Javed Ahmed Khan, Shri (149-Kasba, South 24-Parganas)
140. Joardar, Shri Abani Mohan (83-Krishnanagar Uttar, Nadia)
141. Julfikar Molla, Shri (121-Haroa, North 24-Parganas)

K

*142. Kar, Shri Jyotirmoy (212-Patashpur, Purba Medinipur)
143. Karak, Shri Biswanath [201-Goghat (SC), Hooghly]
#144. Khan, Shri Arup Kumar (254-Onda, Bankura)
145. Khan, Shri Basudeb [261-Raina (SC), Burdwan]
146. Khan, Shri Kallol (81-Nakashipara, Nadia)
147. Kisku, Shri Upen [250-Raipur (ST), Bankura]
148. Kujur, Smt. Kumari [14-Madarihat (ST), Jalpaiguri]
149. Kundu, Shri Biswajit [264-Kalna (SC), Burdwan]

L

150. Lahiri, Shri Jatu (172-Shibpur, Howrah)

M

151. M. Nuruzzaman, Dr. (120-Deganga, North 24-Parganas)
152. Mahamuda Begam, Smt. (38-Kumarganj, Dakshin Dinajpur)
153. Mahapatra, Shri Arun (219-Dantan, Paschim Medinipur)
*154. Mahapatra, Dr. Saumen Kumar (203-Tamluk, Purba Medinipur)
155. Mahata, Shri Nepal (240-Baghmundi, Purulia)
156. Mahata, Shri Srikanta (234-Salboni, Paschim Medinipur)
157. Mahata, Shri Chudamani (221-Gopiballavpur, Paschim Medinipur)
158. Mahato, Shri Dhirendra Nath (241-Joypur, Purulia)
*159. Mahato, Shri Shantiram (239-Balarampur, Purulia)
160. Mainul Haque, Shri (55-Farakka, Murshidabad)
161. Maiti, Shri Mrigendra Nath (236-Medinipur, Paschim Medinipur)
#162. Maiti, Shri Radhakanta (229-Debra, Paschim Medinipur)
163. Maity, Shri Ardhendu (214-Bhagabanpur, Purba Medinipur)
164. Maity, Smt. Banasri (213-Kanthi Uttar, Purba Medinipur)
165. Majhi, Shri Asim Kumar [191-Balagarh (SC), Hooghly]
#166. Maji, Dr. Nirmal [177-Uluberia Uttar (SC), Howrah]
167. Majumdar, Shri Asit, (190-Chunchura, Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

168. Majumder, Shri Brajamohan (173-Howrah Dakshin, Howrah)
169. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC), Birbhum]
170. Malakar, Shri Sankar [25-Matigara-Naxalbari (SC), Darjeeling]
*171. Mallick, Shri Jyoti Priya (100-Habra, North 24-Parganas)
172. Mamtaj Begam, Smt. (157-Metiaburuz, South 24-Parganas)
173. Mandal, Shri Anandamay [126-Hingalganj (SC), North 24-Parganas]
174. Mandal, Shri Gour Chandra [274-Galsi (SC), Burdwan]
175. Mandal, Shri Kalipada (179-Shyampur, Howrah)
176. Mandal, Shri Nirmal Chandra [137-Baruipur Purba (SC), South 24-Parganas]
177. Mandal, Shri Ranjit Kumar (78-Tehatta, Nadia)
178. Mandi, Shri Biram [223-Keshiary (ST), Paschim Medinipur]
**179. Manna, Shri Becharam (196-Haripal, Hooghly)
180. Marjit, Shri Ashis [66-Khargram (SC), Murshidabad]
181. Md. Ghulam Rabbani, Shri (30-Goalpokhar, Uttar Dinajpur)
182. Md. Sohrab, Shri (58-Jangipur, Murshidabad)
183. Md. Sohrab Ali, Shri (278-Raniganj, Burdwan)
184. Mete, Shri Basudev [273-Ausgram (SC), Burdwan]
185. Mete, Shri Gurupada [257-Indus (SC), Bankura]
++ 186. Mishra, Dr. Surjya Kanta (225-Narayangarh, Paschim Medinipur)
187. Mishra, Smt. Minati (252-Bankura, Bankura)
*188. Mitra, Dr. Amit (109-Khardaha, North 24-Parganas)
189. Mitra, Shri Asit (181-Amta, Howrah)
#190. Mitra, Shri Biplab (42-Harirampur, Dakshin Dinajpur)
*191. Mitra, Shri Madan (112-Kamarhati, North 24-Parganas)
*192. Mitra, Smt. Sabitri (49-Manickchak, Malda)
193. Mondal, Smt. Bina [98-Swarupnagar (SC), North 24-Parganas]
194. Mondal, Shri Dilip [146-Bishnupur (SC), South 24-Parganas]
195. Mondal, Shri Kanai Chandra [65-Nabagram (SC), Murshidabad]
196. Mondal, Shri Ranajit [215-Khejuri (SC), Purba Medinipur]
197. Mondal, Shri Shyamal [138-Canning Paschim (SC), South 24-Parganas]
198. Mondal, Smt. Usha Rani [122-Minakhan (SC), North 24-Parganas]
#199. Monirul Islam, Shri (288-Labpur, Birbhum)
200. Muzaffar Khan, Shri (187-Champdani, Hooghly)
201. Mukherjee, Shri Apurba (277-Durgapur Paschim, Burdwan)
202. Mukherjee, Shri Asutosh (253-Barjora, Bankura)
203. Mukherjee, Shri Samar (48-Ratua, Malda)
*204. Mukherjee, Shri Shyama Prasad (255-Bishnupur, Bankura)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

*205. Mukherjee, Shri Subrata (161-Ballygunge, Kolkata)
206. Mukhopadhyay, Shri Jiban (147-Sonarpur Dakshin, South 24-Parganas)
207. Munda, Shri Joseph [21-Nagrakata (ST), Jalpaiguri]
208. Murmu, Shri Dulal [220-Nayagram (ST), Paschim Medinipur]
209. Murmu, Shri Khagen [43-Habibpur (ST), Malda]

N

#210. Nag (Mallick), Smt. Nilima [93-Haringhata (SC), Nadia]
#211. Nasiruddin Ahamed, Shri (80-Kaliganj, Nadia)
212. Naskar, Shri Jayanta [127-Gosaba (SC), South 24-Parganas]
213. Naskar, Shri Subhas [128-Basanti (SC), South 24-Parganas]
214. Naskar, Dr. Tarun Kanti [136-Joynagar (SC), South 24-Parganas]
215. Nazmul Haque, Shri (228-Kharagpur, Paschim Medinipur)
216. Nure Alam Chowdhury, Shri (294-Murarai, Birbhum)

O

217. Omar Ali, Dr. (205-Panskura Paschim, Purba Medinipur)
218. Oraon, Shri Manoj Kumar [10-Kumargram (ST), Jalpaiguri]

P

**219. Pakhira, Shri Manturam (131-Kakdwip, South 24-Parganas)
*220. Pande, Shri Sadhan (167-Maniktala, Kolkata)
221. Panja, Shri Samir Kumar (182-Udaynarayanpur, Howrah)
**222. Panja, Dr. Shashi (166-Shyampukur, Kolkata)
#223. Patra, Smt. Asima [197-Dhanekhali (SC), Hooghly]
224. Patra, Shri Manoranjan (251-Taldangra, Bankura)
225. Paul, Shri Paresh (164-Beleghata, Kolkata)
#226. Phiroja Bibi, Smt. (210-Nandigram, Purba Medinipur)
227. Poddar, Shri Samir Kumar [89-Ranaghat Uttar Purba (SC), Nadia]
#228. Pramanick, Shri Ujjal [262-Jamalpur (SC), Burdwan]

Q

229. Quazi Abdul Gaffar, Shri (99-Baduria, North 24-Parganas)

R

230. Rabiul Alam Chowdhury, Shri (70-Rejinagar, Murshidabad)
231. Rafiqur Rahaman, Shri (102-Amdanga, North 24-Parganas)
232. Rajak, Smt. Protima [67-Burwan (SC), Murshidabad]
233. Ray, Shri Asok (290-Mayureswar, Birbhum)
234. Ray, Shri Keshab Chandra [6-Sitai (SC), Cooch Behar]
235. Ray, Shri Pramatha Nath [34-Kaliaganj (SC), Uttar Dinajpur]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

236. Ray, Shri Sushil Chandra [44-Gazole (ST), Malda]
*237. Roy, Shri Arup (171-Howrah Madhya, Howrah)
238. Roy, Shri Debaprasad (12-Alipurduars, Jalpaiguri)
239. Roy, Smt. Debasree (134-Raidighi, South 24-Parganas)
240. Roy, Shri Dhiman (101-Ashoknagar, North 24-Parganas)
241. Roy, Shri Gokul (32-Karandighi, Uttar Dinajpur)
242. Roy, Shri Khageswar [18-Rajganj (SC), Jalpaiguri]
243. Roy, Smt. Mamata (15-Dhupguri, Jalpaiguri)
244. Roy, Shri Nagendra Nath [3-Cooch Behar Uttar (SC), Cooch Behar]
245. Roy, Shri Narmada Chandra [37-Kushmandi (SC), Dakshin Dinajpur]
#246. Roy, Shri Pulak (178-Uluberia Dakshin, Howrah)
247. Roy, Shri Satyendra Nath [41-Gangarampur (SC), Dakshin Dinajpur]
248. Roy, Shri Subhranshu (103-Bijpur, North 24-Parganas)
249. Roy, Dr. Sudipto (186-Sreerampore, Hooghly)
#250. Roy, Shri Tapas (113-Baranagar, North 24-Parganas)
251. Roy Chowdhury, Shri Biplab (204-Panskura Purba, Purba Medinipur)
252. Roy Pradhan, Shri Arghya (9-Tufanganj, Cooch Behar)
253. Rukbanur Rahman, Shri (82-Chapra, Nadia)

S

254. S. M. Sadi, Shri (79-Palashipara, Nadia)
255. Sabina Yeasmin, Smt. (52-Mothabari, Malda)
256. Saha, Smt. Aparna [266-Bardhaman Uttar (SC), Burdwan]
257. Saha, Smt. Dipali [258-Sonamukhi (SC), Bankura]
258. Saha, Smt. Mala (168-Kashipur-Belgachia, Kolkata)
259. Saha, Smt. Namita [141-Magrahat Purba (SC), South 24-Parganas]
**260. Saha, Shri Pundarikakshya (84-Nabadwip, Nadia)
261. Saha, Smt. Seuli [209-Haldia (SC), Purba Medinipur]
262. Saha, Shri Subrata (60-Sagardighi, Murshidabad)
263. Saha, Shri Swarna Kamal (163-Entally, Kolkata)
264. Sahajahan Choudhury, Shri (272-Mangalkot, Burdwan)
265. Santra, Shri Krishna Chandra [200-Arambag (SC), Hooghly]
266. Santra, Shri Shyamal [256-Katulpur (SC), Bankura]
267. Sardar, Shri Nirapada [123-Sandeshkhali (ST), North 24-Parganas]
268. Sardar, Shri Sital Kumar [174-Sankrail (SC), Howrah]
269. Sarkar, Shri Apurba (68-Kandi, Murshidabad)
270. Seikh Safiujjaman, Shri (71-Beldanga, Murshidabad)
271. Sekh Sahonawez, Shri (271-Ketugram, Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*contd.*

272. Sen, Shri Arunava (180-Bagnan, Howrah)
273. Sengupta, Shri Mohit (35-Raiganj, Uttar Dinajpur)
274. Sharma, Dr. Rohit (24-Kurseong, Darjeeling)
275. Shaw, Shri Ashok Kumar (189-Chandannagar, Hooghly)
276. Singh, Shri Arjun (105-Bhatpara, North 24-Parganas)
*277. Singh, Shri Rachhpal (198-Tarakeswar, Hooghly)
278. Singh, Shri Sultan (169-Bally, Howrah)
279. Singha Roy, Smt. Shaoni (64-Murshidabad, Murshidabad)
280. Singh Deo, Shri K.P. (242-Purulia, Purulia)
*281. Sinha, Shri Chandra Nath (286-Bolpur, Birbhum)
282. Sinha, Shri Khagendra Nath [33-Hemtabad (SC), Uttar Dinajpur]
283. Sinha, Shri Prabodh Chandra (227-Pingla, Paschim Medinipur)
284. Sk. Amjad Hossain, Shri (192-Pandua, Hooghly)
285. Sk. Parvez Rahaman, Shri (199-Pursurah, Hooghly)
286. Sohanpal, Shri Gyan Singh (224-Kharagpur Sadar, Paschim Medinipur)
287. Swati Khandoker, Smt. (194-Chanditala, Hooghly)

T

288. Tajmul Hossain, Shri (46-Harishchandrapur, Malda)
289. Thakur, Shri Akshay (4-Cooch Behar Dakshin, Cooch Behar)
290. Thakur, Shri Manjul Krishna [97-Gaighata (SC), North 24-Parganas]
291. Tirkey, Shri Sunil Chandra [27-Phansidewa (ST), Darjeeling]
292. Touab Ali, Shri (56-Samserganj, Murshidabad)
#293. Tudu, Smt. Sandhya Rani [243-Manbazar (ST), Purulia]

U

294. Upadhyay, Shri Bidhan (283-Barabani, Burdwan)

NOMINATED MEMBER

295. Mr. Michael Shane Calvert

---

* DENOTES MINISTER-IN-CHARGE
** DENOTES MINISTER-OF-STATE
*** DENOTES CHIEF GOVERNMENT WHIP
\# DENOTES PARLIAMENTARY SECRETARIES
\+ DENOTES HON'BLE SPEAKER
++ DENOTES HON'BLE DEPUTY SPEAKER
+++ DENOTES HON'BLE LEADER OF THE OPPOSITION

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 28th May, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 26 Ministers, 5 Ministers of State, 21 Parliamentary Secretaries and 160 Members.

[11.00 - 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

বাঁধরাস্তা সংস্কার

*১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১) **শ্রী তজমুল হোসেন :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হরিশচন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত দুর্গামোড় (পায়খানা মোড়) থেকে বারদুয়ারী পর্যন্ত বাঁধের রাস্তাটি নতুন করে নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজটি কবে নাগাদ আরম্ভ হবে বলে আশা করা যায়?

...(noise)...

...(Shri Samik Bhattacharyya rose to speak)...

শ্রী রাজীব ব্যানার্জী

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে, (ক) এটা সত্যি যে মালদা জেলার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত দুর্গামোড় থেকে বারদুয়ারী পর্যন্ত নদীবাঁধের ১০ কিলোমিটার দীর্ঘ রাস্তাটি সংস্কার করে নতুন রাস্তা করার পরিকল্পনা এই বিভাগ গ্রহণ করেছে, যার ব্যয়মূল্য ৭.২৩ কোটি টাকা।

(খ) ২০১৫-১৬ অর্থবর্ষে, আসন্ন বর্ষা মরশুমের শেষে রাস্তা তৈরির কাজ শুরু হবে বলে আশা করা যায়।

...(noise)...

শ্রী তজমুল হোসেন : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি, উনি বিশেষ উদ্যোগ নিয়ে এই রাস্তাটা করছেন। আমি ওনাকে এর জন্য অশেষ ধন্যবাদ জানাচ্ছি, সাধুবাদ জানাচ্ছি। বিশেষ করে এই দুর্গামোড় থেকে বারদুয়ারী পর্যন্ত

নদীবাঁধের রাস্তাটা নির্মাণ করার যে পরিকল্পনা গ্রহণ করেছেন, সেই রাস্তাটা আগের যে স্কীমে চওড়া ছিল সেটা আরো বেশি করে সম্প্রসারণ করার সিদ্ধান্ত নিয়েছেন, না সেটাই আছে?

...(noise)...

Mr. Speaker : Hon'ble Member, please take your seat. You cannot interrupt. Hon'ble Minister is giving his reply.

...(noise)...

...(At this stage Hon'ble Member Shri Samik Bhattacharyya walked out of the House)...

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে আমি জানাই যে, উনি যেটা বলেছেন এটা ঠিকই যে দীর্ঘদিন ধরে এই নদীবাঁধটা উপেক্ষিত অবস্থায় ছিল। কী অবস্থায় আমরা সেটা জানি এবং বিশেষ করে মাননীয় বিধায়কের অনুরোধেই আমরা এই কাজটা নিয়েছি। এবং এই কারণে একটা estimate করা হয়েছিল। পরে দেখা গেছে যে আরো সম্প্রসারিত করে ভালো করলে প্রথমে সাড়ে ৬ কোটি টাকা ছিল, যার কারণে এটা বেড়ে ৭.২৩ কোটি টাকা হয়েছে এবং আরো একটু বড় করে সম্প্রসারিত করে ভালোভাবে করা হচ্ছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আমার আর একটি অতিরিক্ত প্রশ্ন যে, মাননীয় মন্ত্রী তিনি এর আগেও উনি আমার হরিশচন্দ্রপুরে অনেকগুলো কাজ করেছেন। যেমন, আমার মেওয়াহাটের যে বাঁধের কাজ ছিল, সেটাও করছেন, দৌলতপুর বাঁধের কাজটাও হচ্ছে। কিন্তু আমার একটা প্রশ্ন যে, হরিশচন্দ্রপুরে যে সমস্ত কাজগুলো আপনি করছেন সেখানে আমরা বিধায়ক হিসাবে আমরা কিন্তু কিছু জানতে পারছি না। যদি এটা আপনি তৎপরতার সাথে করেন এবং আমরাও যদি জানতে পারি। আপনি কাজগুলো করছেন এটা সত্যি, অস্বীকার করার কিছু নেই। কিন্তু আমরা জানতে পারছি না আপনার যে আধিকারিকরা যাচ্ছেন, কী কাজ তারা করছেন, কী হিসাবে টেন্ডার হচ্ছে। ওখানকার কিছু দালাল শ্রেণী হিড়বাঁধের যে বাঁধের কাজ করা হচ্ছে — আমরা কিন্তু বিধায়ক হিসাবে কিছু জানতে পারছি না। তাই আপনার কাছে অনুরোধ এটার দিকে লক্ষ্য রাখার জন্য।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে, আমার তো মনে হয়, সব কিছু আপনি আমার থেকেই জানতে পারছেন। এবং সবসময় আপনি আমার কাছে আসেন। যা যা প্রশ্ন করেন আমার মনে হয় যতটা সম্ভব আমি সঠিক উত্তর দেওয়ার চেষ্টা করি। এবং মুহূর্তে আপনাকে আপডেট করি, আপনি নিজে অফিসেও এসেছেন, আমি আপনাকে জানিয়েছি। এখন কিভাবে আপনার সাথে আরো অন্য কোনোভাবে যোগাযোগ করা যাবে আমি জানি না। যদি সেই পদ্ধতি আপনি বলেন আমি বলে দেব। আর এটুকু আপনাকে বলি যে, আমাদের এই সরকার, মা-মাটি-মানুষের সরকার স্বচ্ছতা maintain করার জন্য প্রথম আমরা e-tender চালু করেছি এবং আমার দপ্তর প্রথম দিন থেকে যবে থেকে ৫ লক্ষ টাকার ই-টেন্ডার চালু হয়েছে একেবারে প্রথম দিন থেকে চালু

করেছি। সুতরাং অস্বচ্ছতার কেনো জায়গা নেই। আপনার যদি কোথাও অন্য কোনো ব্যাপারে আপনার নিজের ব্যক্তিগত ব্যাপারে কোথাও কিছু বলার থাকে সেটা আমাকে এসে জানাতে পারেন। ধন্যবাদ।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার কোতুলপুর বিধানসভার উত্তর দিকে দ্বারকেশ্বর নদ প্রবাহিত হয়েছে, এই নদীর ভাঙনে বহু ঘরবাড়ী নদীগর্ভে বিলীন হয়ে গেছে। ৩৪ বছর ধরে বাম সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করেননি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাই, ২০১৪ সালে সার্ভে করার পরেই ২০১৫ সালে রানাহাট এবং পড়াশিয়াতে নদী ভাঙনে ১৮০০ মিটার বাঁধের কাজ শুরু হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার প্রশ্ন, বর্ষার আগে এই কাজটি কমপ্লিট হবে কিনা যদি জানান। ধন্যবাদ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে আপনি জানেন যে বিগত দিনে যখন বাঁকুড়ায় গিয়েছিলাম তখন আপনি বলেছিলেন। আমরা আমাদের আধিকারিকদের অলরেডি নির্দেশ দিয়ে দিয়েছি যে, যে কোনো মূল্যে আপনি জানেন যে আমরাই এসে প্রথম বর্ষাকালের কাজ বন্ধ করে দিয়েছি। কারণ বর্ষাকালে আমরা মনে করি যে ঠিক বান বন্যার সময় কাজগুলো সঠিকভাবে হয় না। এবং আমরা এমনভাবে প্রকল্প রূপায়ণ করছি, যাতে সঠিক সময়ে সেই কাজগুলো সম্পন্ন করা যায় এবং আপনার যে প্রায় ২ কিমি-এর মতন কাজ, ১৮০০ মিটারের মতন কাজ, এটা বর্ষার আগেই শেষ করে দেবার পরিকল্পনা আছে।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়কে, আমার কালনা বিধানসভার কৃষ্ণদেবপুর অঞ্চলে ১ নম্বর ব্লকে, নতুনচর কলডাঙাগ্রামে যে গঙ্গার পার ভেঙে যাচ্ছে দীর্ঘদিন ধরে ওখানকার মানুষদের সমস্যা হচ্ছে এবং তাদের জায়গা-জমি সমস্ত গঙ্গায় চলে যাচ্ছে। এই ব্যাপারে আমি এর আগেও লিখিতভাবে দিয়েছিলাম, এটা যদি আমাদের ওখানে তাড়াতাড়ি করা হয় তাহলে খুব উপকৃত হবে এলাকার মানুষ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, সঠিক বলেছেন এবং এর আগেও আপনি অফিসিয়ালি এটা জানিয়েছেন এবং আমাদের দপ্তরের আধিকারিকরা গিয়ে সেখানে বিভিন্ন সার্ভে করে তার এস্টিমেট রেডি করেছে। আমরা আর্থিক দরপত্র গ্রহণ করার আগে একটা অ্যাডমিনিস্ট্রেটিড অ্যাপ্রুভালের জন্য পাঠিয়েছি এবং আমরা মনে করছি এই অর্থবর্ষেই কাজটা ধরা যাবে। ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আপনি জানেন যে নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার যোগাযোগ জলঙ্গী নদীর উপরে রাধানগর ঘাট। এই ব্রীজটি বামফ্রন্টের আমলেই শুরু হয়েছিল। এখন কী পর্যায়ে আছে, যদি অনুগ্রহ করে জানান।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে এই ব্রীজ নিয়ে ওনারা দাবী করছেন ওনাদের সময়ে হয়েছে। কী অবস্থায় আছে আমার মনে হয় সেটা মুর্শিদাবাদের মানুষ সঠিক উত্তর দিতে পারবে, এই জলঙ্গী ব্রীজের কী অবস্থা হয়ে রয়েছে। এই নিয়ে আপনি যে স্পেশিফিক কোয়েশ্চেনটা করেছেন, এই মুহূর্তে কী স্ট্যাটাস আছেও আমার কাছে নেই, আপনি যদি লিখিতভাবে দেন, আমি আপনাকে উত্তর দিয়ে দেব।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, এর আগেও মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করেছিলাম, আবারও আজকে করছি যে আমার কান্দী বিধানসভার অন্তর্গত বহরমপুর ব্লকের অধীন সাটুই চৌরিগাছা জি পি-র সংলগ্ন যে ভাগীরথীর রাইট এমব্যাঙ্কমেন্ট, সেই রাইট এমব্যাঙ্কমেন্টে, বাশাবাড়ি থেকে সাটুই পর্যন্ত ভাগীরথীর ভাঙনে সেখানকার ঘরবাড়ী, মন্দির, মসজিদ, স্কুল ভাগীরথীর ভাঙনে প্রায় তলিয়ে যেতে বসেছে। অনুরোধ করেছিলাম মাননীয় মন্ত্রী মহোদয়কে, তিনি দেখবেনও বলেছিলেন। যদি সেখানকার ভাঙন রোধের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করে থাকেন, যদি দয়া করে বলেন তাহলে উপকৃত হবো। ধন্যবাদ।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, এই মুহূর্তে মুর্শিদাবাদ জেলাভিত্তিক অনেকগুলি পরিকল্পনা নেওয়া হয়েছে। তার মধ্যে ভাগীরথীর ভাঙনও আছে, কিন্তু আপনি স্পেশিফিক যে জায়গাটা বলছেন এই মুহূর্তে আমার কাছে নেই, যদি আপনি প্রশ্নোত্তর পর্বের পরে আমার কাছে এসে দেখা করেন, আমি নিশ্চিতভাবে আপনাকে উত্তর দেবো।

[11.10 - 11.20 a.m.]

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। প্রথমেই বলি, সেচ দপ্তর সম্পর্কে আমাদের যে সমস্ত তিক্ত অভিজ্ঞতা আছে, সেখান থেকে আমাদের অন্য একটা জায়গায় নিয়ে গেছে। এখন কাজে গতিও এসেছে, প্রপার টাইমে কাজও হচ্ছে। আগে বর্ষার সময় কাজ হত না। এখানে মাননীয় মন্ত্রী অনেক কিছু পরিবর্তন এনেছেন। আমি একটা কথা বলি, গঙ্গার ভাঙন, বিশেষ করে আমার ভাগীরথী এলাকায়, এই ভাঙনের কাজ যেটা করা হবে সেটা যেন স্থায়ীভাবে হয় এবং সেই টাকাটা যাতে নষ্ট না হয়, সেটাও দেখতে হবে। আমার এলাকায় একটা জায়গায় প্রথম সার্ভে হয়েছিল, তারপরে সেটা মডেল সার্ভে করার জন্য আটকে আছে। আমার মনে হয় সেই কাজটা যাদবপুর ইউনিভার্সিটির টেকনিক্যাল পারসনদের দিয়ে করানো হবে। যদিও তিনি অত্যন্ত গুরুত্ব দিয়েই কাজটা করছেন। মডেল সার্ভে কমপ্লিট না হওয়ার জন্য সেই কাজগুলো হচ্ছে না। এই বিষয়টা শুধু আমার এলাকা নয়, আরো পাশের অনেক এলাকাও আছে। এই ব্যাপারে আপনার ভাবনা-চিন্তা কি আছে যদি বলেন।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, এ কথা অস্বীকার করার জায়গা নেই যে ভাঙন আমাদের কাছে একটা বিরাট সমস্যা বলতে

পারেন। এত চারিদিকে নদীবাঁধ এবং ভাঙনের যে কী ভয়াবহ রূপ সেগুলো যারা আপনারা রয়েছেন মুর্শিদাবাদ, নদীয়া, মালদা জেলা সহ বিভিন্ন জেলায়, তারা আরো ভালোভাবে বুঝতে পারছেন। অন্যান্য জেলাও সেটা উপলব্ধি করেন। নতুন করে আমরা একটা পরিকল্পনা নিয়েছি। বিভিন্ন মডেল স্টাডি করার জন্য বিগত দিনে বাম আমলে যে পরিকল্পনাগুলো সঠিকভাবে হত না, যেমন ঘাটাল মাস্টার প্ল্যান, এর ম্যাথেমেটিক্যাল মডেলই হয়নি, মডেল স্টাডি হয়নি, কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছিল ফেরত চলে এসেছে। এইরকম আরো বিভিন্ন ছোট ছোট এআইবিপি প্রোজেক্ট যেগুলো বিগত দিনে বাম সরকার করেছিলেন, কিন্তু সেগুলোর পরিকল্পনা সঠিকভাবে করতে পারেনি বলে কেন্দ্রীয় সরকারের অনুমোদন পায়নি। এইরকম ভূরিভূরি ফাইল আমাদের কাছে আছে, ব্যাক করে চলে এসেছে। যার ফলে আমরা একটা সিদ্ধান্ত নিয়েছি, স্পেশালি আই আই টি খড়্গপুর, যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং বেসু, এই তিনটি বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে আমরা তাদের বিভিন্ন ইঞ্জিনিয়ারদের এক্সপার্টাইজ নিয়ে আমরা একটা গ্রুপ তৈরি করেছি। আপনি যে জায়গার কথা বলছেন সেটা আইআইটি খড়্গপুর এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারদের দেওয়া হয়েছে, তারা ম্যাথেমেটিক্যাল মডেল করছে এবং আপনি জানেন যে, নদীয়ার মধ্যে হরিণঘাটা রিভার রিসার্চ ইনস্টিটিউট একটা সময় বিরাট নাম করা ছিল, বাম আমলে সেটা একেবারে অবহেলিত, পরিত্যক্ত হয়েছিল। আমরা ধীরে ধীরে রিভার রিসার্চ ইনস্টিটিউটকে আরো মডার্নাইজ করছি এবং আপনি যেটা বললেন সেখানে ম্যাথেমেটিক্যাল মডেল হচ্ছে এবং আই আই টি খড়্গপুর এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের যারা ইঞ্জিনিয়ার রয়েছেন তাদের মাধ্যমে এটা রেডি করে আমরা এ আই বি পি-তে পাঠাব। যাতে দ্রুততার সাথে করা যায় এটা আমরা নিশ্চিতভাবে দেখব। ধন্যবাদ।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to draw the attention of the Hon'ble Minister-in-charge of Irrigation & Waterways department. I know that the Hon'ble Minister is very active and very hard working gentleman. So its a very general question that I would like to know that what are the projects specific of his department that is going on in the GTA areas right now because we are totally at a dark. If he is not in a position he can also give it later on in writing but if he knows then please enlighten me about that. Thank you.

Shri Rajib Banerjee : Hon'ble Speaker Sir, as raised by the Hon'ble MLA actually the GTA area has been covered totally under the GTA. There is nothing in our scope. I think it will better if you have some specific question you can just submit to me and I will definitely give you a written answer. Thank you.

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে নদীয়া জেলার একটি খুব গুরুত্বপূর্ণ সময়ের সঙ্গে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। নদীয়া জেলার কৃষ্ণনগর থেকে

করিমপুর পর্যন্ত প্রায় ১০০ কিলোমিটার সুদীর্ঘ জলঙ্গী নদী, সেটা মজে গিয়েছে। চারুনগরে একটা বাঁধ তৈরি করে পুরো নদীতে যদি জলের ব্যবস্থা করা যায় তাহলে কৃষকদের সেচের যেমন উপকার হয়, সেই সঙ্গে নদীতে সারা বছর জলও থাকে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয় কোনোরকম পদক্ষেপ গৃহীত হয়েছে কিনা বা গৃহীত হয়ে না থাকলে এই ব্যাপারে তাঁর দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ করছি। ধন্যবাদ স্যর।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, এটা তো ঠিকই যে বিভিন্ন নদী এবং খালগুলি সংস্কার করার প্রয়োজন। কিন্তু আমাদের একটা আর্থিক প্রতিবন্ধকতা আছে আপনারা জানেন। একসাথে যদি সমস্ত পরিকল্পনা করা যায় তাহলে তার যা টোটাল বাজেট হবে আমার মনে হয় সেটা কেন্দ্রীয় সরকারের বাজেটকেও ছাড়িয়ে যাবে। সুতরাং ধীরে ধীরে আমরা কিছু পদক্ষেপ নিয়েছি। বিগত দিনে অনেকগুলি খাল, নদী আমাদের সংস্কার করা হয়েছে। আপনার জলঙ্গী নদী সম্বন্ধে আমি দেখলাম, সেখানে একটা সার্ভে রিপোর্টের কাজ চলছে। এখনো পর্যন্ত প্রকল্প কিভাবে রূপায়ণ হবে তার রূপরেখা চূড়ান্ত হয়নি। সার্ভে হয়ে গেলে আগামীদিনে যাতে করা যায়, যেহেতু আপনি দৃষ্টি আকর্ষণ করেছেন, নিশ্চিতভাবে বিবেচনায় থাকবে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বেশ কিছুদিন থেকে আমার বিধানসভা কেন্দ্র মোতাবাড়িতে, যেটা কালিয়াচক-২ ব্লকের মধ্যে, হামিদপুর, রাজনগর এবং পঞ্চানন্দপুর-১ জি.পি-তে একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে। কিছু লোক যারা বাঁধের উপরে বসবাস করে সেখানে গিয়ে তারা বলছে যে আমরা বাঁধ কিনে দিয়েছি। তাদেরকে উচ্ছেদ করার জন্য তাদেরকে টাকা দিতে হবে এবং তাদের উপরে টর্চার করছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয় কোনো পদক্ষেপ নেবেন কিনা জানতে চাই।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যার প্রশ্নের উত্তরে বলি, আপনি এই মুহূর্তে এই ব্যাপারটা নিয়ে এসেছেন, বাঁধ কেউ কিনে ফেলতে পারে বলে আমার জানা নেই। নিশ্চিতভবে আপনি যেহেতু একজন জনপ্রতিনিধি, সেইহেতু আপনিও নিশ্চয় এই ব্যাপারে জানেন। আপনি নিজে যেহেতু স্থানীয় জনপ্রতিনিধি, সেইহেতু আপনি নিজেও এই ব্যাপারে পদক্ষেপ নিন। আমার বিভাগীয় আধিকারিক যাঁরা ওখানে আছেন তাঁদেরকে এবং জেলাশাসককে ব্যাপারটা আমি জানাব। আপনি স্পেসিফিকভাবে ও লিখিতভাবে যদি আমাকে একটা দেন তাহলে আমার পক্ষে ব্যাপারটা রেকর্ড করার জন্য সুবিধা হয়।

শ্রী স্বপন কুমার বেলথোরিয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, আমাদের পুরুলিয়া জেলার কাশীপুর বিধানসভা এলাকায় দ্বারকেশ্বর নদীর উপরে দুটি ব্রীজ একান্তভাবেই দরকার। এই ব্রীজের কথা আমি অনেকদিন ধরেই বলে আসছি। একটি হচ্ছে চাপরিঘাট - জগন্নাথঘাট এবং অন্যটি হচ্ছে সুতাবৈ থেকে কুমারডিহি। এই গ্রামের ছেলেমেয়েরা ব্রীজ না হওয়ার জন্য তিনমাস স্কুলে যেতে পারে না। যেখানে কলেজ, হাইস্কুল সবই কাশীপুরে অবস্থিত। অতএব আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে

বলব, এই ব্যাপারটা তড়িঘড়ি দেখার জন্য এবং ব্রীজটা যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখার জন্য অনুরোধ করব।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, আমি সত্যি খুব খুশী হতাম যদি আমার হাতেও একটা আলাদিনের আশ্চর্য প্রদীপ থাকত, ঘষলেই সমস্ত কাজ হয়ে যেত। আপনারা জানেন যে আর্থিক প্রতিবন্ধকতা রয়েছে। কিন্তু এটা অস্বীকার করার জায়গা নেই যেখানে বাম আমলে অ্যাভারেজে ছয়, সাত বছরে মাত্র ষোলোটা ব্রীজ হয়েছিল। আর মা-মাটি-সরকারের আমলে মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এই চার বছরে ১০৫টা ব্রীজ হয়েছে, এটা একটা রেকর্ড এবং ইতিহাস। স্বাধীনতার পরে একত কাজ সেচ দপ্তরে একসাথে হয়নি। দেখবেন চারিদিকে ব্রীজ হয়েছে। আপনি অনুরোধ করেছেন এবং আমার কাছেও এসেছেন, অনেকেরই অনুরোধ আছে, আমি বিগত সপ্তাহেতেও বলেছিলাম, আমরা চেষ্টা করছি সেচ দপ্তর থেকে সমস্ত কাঠের সাঁকো, বাঁশের সাঁকো থেকে এবং যেখানে খালের উপরে যোগাযোগের প্রয়োজন সব জায়গাতেই আমরা ধীরে ধীরে সেগুলি কংক্রীটের করব। আপনার দুটো সেতু নিশ্চিতভাবে তার মধ্যে ধরা থাকবে, আমি চেষ্টা করবো অন্যান্য জনপ্রতিনিধির যার যেখানে রিকোয়েস্ট আছে যত দ্রুততার সঙ্গে সেগুলো করা যায়। আমাদের আর্থিক প্রতিবন্ধকতা আছে, তা সত্ত্বেও ধীরে ধীরে যে রকম, যে রকম ফান্ড পাব সেগুলোকে কংক্রীটের করে দেব। ধন্যবাদ।

মৎস্যজীবীদের পরিচয়পত্র

*১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** বিগত ১৭.১১.২০১৪ তারিখের সভায় উত্থাপিত তারকিত প্রশ্ন নং ১৬ (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮)-এর উত্তরের সাপেক্ষে 'মৎস্য' বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ পর্যন্ত সুন্দরবন উপকূলবর্তী ধীবরদের মোট কতজনকে পরিচয়পত্র প্রদান করা হয়েছে?

সামুদ্রিক মৎস্যজীবীদের বায়োমেট্রিক পরিচয়পত্র

*১১০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০) **শ্রী বনমালী হাজরা :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সামুদ্রিক মৎস্যজীবীদের বায়োমেট্রিক পরিচয়পত্র দেবার কাজ শুরু হয়েছে কি;

(খ) হয়ে থাকলে, ইতিমধ্যে কতজনকে পরিচয়পত্র দেওয়া হয়েছে; এবং

(গ) উক্ত কাজটি কতদিনে শেষ হবে বলে আশা করা যায়?

মিঃ স্পীকার : দুটো প্রশ্ন যেহেতু একই রকমের তাই *১০৬ এবং *১১০ নম্বর প্রশ্ন আমি একসাথে নিচ্ছি।

*১০৬

শ্রী চন্দ্রনাথ সিনহা : ৩০শে এপ্রিল, ২০১৫ পর্যন্ত সুন্দরবন উপকূলবর্তী ধীবরদের মোট ৯৭,৫১৬ জনকে পরিচয়পত্র প্রদান করা হয়েছে।

*১১০

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) হ্যাঁ, সামুদ্রিক মৎস্যজীবীদের বায়োমেট্রিক পরিচয়পত্র দেবার কাজ শুরু হয়েছে।

(খ) ইতিমধ্যে ১,৪৮,৯৭১ জনকে পরিচয়পত্র দেওয়া হয়েছে।

(গ) উক্ত কাজটি একটি ধারাবাহিক কার্যক্রম। তাছাড়া কার্ড তৈরির কিছু বিষয় কেন্দ্রীয় সরকারের দ্বারা নিয়ন্ত্রিত হয়। তাই নির্দিষ্ট করে দিনক্ষণ বলা সম্ভব নয়।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মিঃ স্পীকার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ৩০শে এপ্রিল, ২০১৫ পর্যন্ত সুন্দরবন উপকূলবর্তী ধীবরদের মোট ৯৭,৫১৬ জনকে পরিচয়পত্র প্রদান করা হয়েছে। দয়া করে কি আপনি জানাবেন, কতজন এই পরিচয়পত্র পাবার জন্য আপনার দপ্তরের কাছে আবেদন করেছে এবং কবে নাগাদ বাকিরা পরিচয়পত্র পাবে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমরা মোট ১ লক্ষ ৮০ হাজার ছবি তুলেছি।

[11.20 - 11.30 a.m.]

যেহেতু এটা কেন্দ্রীয় সরকারের প্রোজেক্ট তাই ছবি তোলার ব্যবস্থা বা যা কিছু কেন্দ্রীয় সরকারের মাধ্যমেই হয়। সেইজন্য আমরা কেন্দ্রীয় সরকারকে ১ লক্ষ ৮০ হাজার ছবি তুলে পাঠিয়েছি। তার মধ্যে ১ লক্ষ ৭০ হাজার কার্ড আমরা পেয়েছি এবং তার মধ্যে ১ লক্ষ ৪৮ হাজার আমরা মোট বিলি করেছি। আমরা সেকেন্ড ফেজের জন্যও কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি, যাতে সেকেন্ড ফেজটা খুব তাড়াতাড়ি হয় যারা বাকী আছেন তাদেরও যাতে এই কার্ডগুলো বিলি করা হয়।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, সুন্দরবনের জলদস্যুদের হাতে নিহত পরিবার পিছু আপনার দফতর থেকে যে আর্থিক সাহায্য করা হয়ে থাকে তার পরিমাণ কত দয়া করে জানাবেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই যে বর্তমানে দুর্ঘটনাজনিত মৃত্যু হলে, বডি পাওয়া গেলে বা কাগজপত্র ঠিক থাকলে ২ লক্ষ টাকা ইনস্যুরেন্স ক্লেম বাবদ দেওয়া হয়।

শ্রী বনমালী হাজরা : অনারেবল স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, সমুদ্র উপকূলবর্তী মৎস্যজীবীদের জল এবং জাল হচ্ছে জীবন। এর

সঙ্গে আছে সমুদ্র এবং প্রকৃতির ভয়াল ভ্রূকুটি। জীবনমৃত্যুকে এরা পায়ের ভৃত্য করেই এগিয়ে চলে জীবন-জীবিকার জন্যে। আর সেক্ষেত্রে আমার প্রশ্ন, এই সমস্ত দুস্থ মৎস্যজীবীদের নিরাপত্তার জন্যে কোন্ কোন্ ব্যবস্থা অবলম্বন করা হয়েছে সেটা যদি দয়া করে মন্ত্রী মহাশয় জানান।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই - যারা সামুদ্রিক মৎস্যজীবী তাদের নিরাপত্তার জন্য আমরা কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করেছি। যেমন আগে ১ হাজার ড্যাট দেওয়া হয়েছে তাদের নৌকাতে। বর্তমানে আমরা আরও দেড়হাজার ড্যাট দিচ্ছি যাতে বিপদ হলে সেই সিগন্যালটি পাওয়া যায়। উপকূলবর্তী জেলাগুলোর মৎস্যযানের ই-রেজিস্ট্রেশান শুরু হয়েছে। ইতিমধ্যে আমরা ১০৫৮৩টি মৎস্যযানের ই-রেজিস্ট্রেশান করেছি। বাকীদের তথ্য সংগ্রহের কাজ চলছে। তার মধ্যে বায়োমেট্রিক কার্ড এটা একটা প্রমাণপত্র যাতে তাদের নাম, ঠিকানা, পিতা-মাতার নাম, লিঙ্গ ইত্যাদি সংরক্ষিত থাকে। এইভাবে আমরা চেষ্টা করছি, তারা যখন সমুদ্রে মাছ ধরতে যান, তাদের যাতে কিছুটা নিরাপত্তা দেওয়া যায় এবং দুর্ঘটনাজনিত ব্যাপার ঘটলে আমরা যেন খবরটা পাই ও তাদের নিরাপত্তার ব্যবস্থা যেন করতে পারি।

শ্রী বনমালী হাজরা : স্যার আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন এইসব দুস্থ মৎস্যজীবীরা আছে তবে আমরা দেখতে পাচ্ছি মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মাননীয় মন্ত্রিমহোদয়রা তারা বিশেষভাবে বিষয়গুলো দেখেন। আমাদের যত স্তর আছে, আমাদের যে সমস্ত শ্রেণী আছে যারা বিভিন্ন কর্মের সঙ্গে যুক্ত তাদের জন্য অত্যন্ত মমতা এবং সহৃদয়তার সঙ্গে তারা বিষয়গুলো বিবেচনা করছেন। এখন বলি, এই সমস্ত দুস্থ মৎস্যজীবী যারা সমুদ্র উপকূলে যাচ্ছেন এবং তারা জীবন ও জীবিকার জন্য এগিয়ে চলেছেন। সেক্ষেত্রে তাদের অন্যান্য আর্থিক সাহায্য যদি থাকে এবং মাননীয় মন্ত্রিমহোদয় দয়া করে যদি সেটা বলেন তাহলে খুশি হবো।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই যে আমাদের পেনশান স্কীম আছে কিন্তু খুবই অল্প, মাত্র ১০ হাজার, সেই ১০ হাজার যারা মৎস্যজীবীরা আছেন - তারা বৃদ্ধ হয়ে গেলে - সেখান থেকে আমরা এক হাজার টাকা করে পেনশান দিই। এই পেনশানের ব্যবস্থাটি আমাদের আছে। আর আছে আমাদের সেভিং কাম রিলিফ যারা মাছ ধরতে যান; তাদের এই যে তিন মাস সময় মাছ ধরা বন্ধ থাকে - তখন সেভিং কাম রিলিফ হিসাবে আমরা কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার আর যারা মৎস্যজীবী — এই তিন জন মিলেই তারা মাসে ৬০০ টাকা করে পান।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, ধন্যবাদ আপনাকে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে সমুদ্রে বিদেশী ট্রলারের দৌরাত্ম্য বাড়ছে। আমাদের প্রায় ১৫৮ কিলোমিটার উপকূলবর্তী এলাকা আছে। আমাদের যে হাজার হাজার মৎস্যজীবী — যাদের হাত নৌকা আছে, যন্ত্রচালিত নৌকা আছে তারা এইভাবে মাছ ধরেন। বিদেশী যে সমস্ত যন্ত্রচালিত

ট্রলার আসছে, এর ফলে দূষণও বাড়ছে এবং ক্ষুদ্র মৎস্যজীবী যারা তাদের স্বার্থহানি ঘটছে। এই ব্যাপারে কোনো প্রতিকার বা কোনো ব্যবস্থা বা কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা, অনুগ্রহ করে মাননীয় মন্ত্রী যদি বলেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, যে এইটা পুরোটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার। আমরা খুব শীঘ্রই নতুন যে কেন্দ্রীয় সরকার আছে, তাদেরকে জানিয়েছি এবং আমাদের একটা মিটিং হয়েছে, কেন্দ্রীয় সরকারের আহ্বানে। সেখানে আমাদের এই বিষয়ে প্রতিবাদ জানিয়েছি এবং আমাদের সৌভাগ্য যে কেরল ছাড়া সমস্ত রাজ্যেই আমাদের সঙ্গে সহমত হয়েছেন। আশা রাখব এটার সম্বন্ধে কেন্দ্রীয় সরকার কিছু ভাববেন।

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার সুনির্দিষ্ট অতিরিক্ত প্রশ্ন, যে যারা নদীতে বা খাঁড়িতে মাছ ধরতে যায়, তাদেরকে লাইসেন্স নিতে হয় — যাকে আমরা বি.এল.সি. বলি। কিন্তু আমরা বিগত দিনে দেখেছি যে, এই বি.এল.সি.গুলো বংশানুক্রমে এক ধরনের লোকেদের হাতে আছে যারা কোনোদিন মাছ ধরার সঙ্গে সম্পর্কে নেই। তাদের অধিকাংশ বাড়ি কলকাতাতে এবং বিভিন্ন চাকরীর সঙ্গে বা ব্যবসার সঙ্গে যুক্ত - তারা মাছ ধরার সঙ্গে যুক্ত নয়। সেই বি.এল.সি.গুলো তারা প্রতিবছর ভাড়া দেয় এবং যারা খুব গরীব মানুষ - তারা সেইগুলো বছরে ৩০ থেকে ৪০ হাজার টাকায় সেই বি.এল.সি.গুলো ভাড়া নিয়ে তারা মাছ ধরতে যায়। এ ব্যাপারে আমরা এর আগেও বলেছি, আজকেও জানতে চাই, সেইক্ষেত্রে এই বি.এল.সি.গুলো বাতিল করে, নতুন করে কোনো যারা প্রকৃত মৎস্যজীবী তাদেরকে চিহ্নিত করে বি.এল.সি.গুলো দেওয়া যায় কিনা?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই যে বি.এল.সি.টা টোটালটাই — এটা আমাদের ব্যাপার নয়, এটা ফরেস্টের ব্যাপার আমরা, আপনারা অতীতে দাবি করেছি, আমরা ফরেস্টের সঙ্গে বসেছি। দুই তিনবার বসা হয়েছে। আশা রাখব যে আমরা আপনাদের সঙ্গে বসেও, এই সমস্যাটা ফরেস্টকে নিয়ে তাড়াতাড়ি মারতে পারব।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, মৎস্যজীবীদের যে পরিচয়পত্র প্রদান করা হচ্ছে, ব্লকগুলোতে যে সমস্ত মৎস্যজীবীরা তাদের এলাকায় মাছ ধরে জীবিকা নির্বাহ করে — সেই সমস্ত মৎস্যজীবীদের পরিচয়পত্র পাওয়ার জন্য কী কী প্রয়োজন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : আপনার প্রশ্নের উত্তরে জানাই, যে আমরা যে বায়োমেট্রিক কার্ড নিয়ে যেটা বলছিলাম, যে এটা হচ্ছে সমুদ্রে যারা মাছ ধরতে যান, তাদের ব্যাপারেই। আমরা মেনলি আলোচনা করছি। এখনও ব্লক নিয়ে আসেনি। আর সমুদ্রে যারা মাছ ধরতে যান, তাদের লাইফ রিস্কের ব্যাপার থাকে, সেই জন্য তাদের রেজিস্ট্রেশান কার্ড বা বায়োমেট্রিক কার্ড বা ই-রেজিস্ট্রেশান করছি। এর পরবর্তীকালে এগুলো চিন্তা-ভাবনা করা হবে। যারা ব্লক লেবেল মৎস্যজীবী আছে তাদের কীভাবে কার্ড দেওয়া যায়, না যায় পরবর্তীকালে চিন্তা করা যাবে।

[11.30 - 11.40 a.m.]

শ্রী যোগরঞ্জন হালদার : মৎস্য বিভাগ থেকে মৎস্যজীবীদের ইতিপূর্বে বহু গৃহ নির্মাণ করা হয়েছে। আমি জানতে চাই ২০১৫-১৬ বর্ষে কতগুলো মৎস্যজীবীর গৃহ নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করেছেন অনুগ্রহ করে যদি জানান।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার প্রশ্নের উত্তরে জানাই, আমাদের যে গৃহ নির্মাণ গীতাঞ্জলি স্কীম ছিল তা ২০১৪-১৫ বাজেট থেকেই সেটা বন্ধ হয়ে এখন আবাসন দপ্তরের হাতে গিয়েছে। এই মুহূর্তে কেন্দ্রীয় সরকারের যে স্কীম আছে সেই স্কীমে আমরা করছি এবং সেটা অল্প বাড়ি। সেইগুলো আমরা ব্লকভিত্তিক আমরা যে রিপোর্ট পাচ্ছি সেই ভিত্তিতে এবং বিশেষ করে যে খুঁটিগুলো আছে, সেই খুঁটিগুলো যে সমস্ত মৎস্যজীবীরা থাকে তাদের উপর চিন্তাভাবনাটা বেশী করছি।

বাঘের সংখ্যা

*১০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০) **শ্রী অসিত মিত্র :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সর্বশেষ বাঘসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে বাঘের সংখ্যা কত?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক অসিত মিত্র উনি প্রশ্ন করেছেন—
সর্বশেষ বাঘসুমারি অনুযায়ী পশ্চিমবঙ্গে বর্তমানে বাঘের সংখ্যা ১৩০টি।

গণনা বর্ষ	এলাকা	মোট সংখ্যা	মন্তব্য
২০১৪	সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এবং দক্ষিণ ২৪-পরগনা বনবিভাগ	১১০টি	তথ্যটি World Wide Fund for Nature-India (WWF-India) কর্তৃক প্রকাশিত
২০১১	বক্সা ব্যাঘ্র প্রকল্প	২০টি	তথ্যটি Centre for Cellular & Molecular Biology (CCMB) Hyderabad কর্তৃক প্রকাশিত
	মোট	১০৩টি	

শ্রী অসিত মিত্র : আমার অতিরিক্ত প্রশ্ন, উনি বলেছেন ভারতবর্ষে যে National Tiger Conservation Authority আছে এবং Wildlife Institute of India তাদের

পরিসংখ্যান অনুযায়ী তাঁরা বলছেন যে বর্তমানে আমাদের বাঘের সংখ্যা যা সারা পৃথিবীতে, ভারতবর্ষে তার 70% আছে। সেই যাই হোক, আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যেটা সেটা হলো যে, এই যে বাঘের সংখ্যা আপনি দিলেন, আপনি দুটো organization-এর নাম করেছেন আমি সেটা পড়ছি না সময়ের জন্য, চোরাশিকারীদের হাতে মাঝখানে বাঘের সংখ্যা অনেকখানি কমে যাচ্ছিল, চোরা শিকারীরা বাঘের উপর নির্যাতন চালাচ্ছিল, এটা বন্ধ করার জন্য আপনারা কী কী ব্যবস্থা নিয়েছেন এই রাজ্য সরকারের পক্ষ থেকে? আর এই ব্যাপারে চোরাশিকারীরা যে বাঘকে আক্রমণ করেছিল তার জন্য কতজন অ্যারেস্ট হয়েছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : পশ্চিমবাংলায় অনেক আগে crime control board ছিল, কিন্তু বর্তমানে নেই। দীর্ঘদিন যাবৎ বন্ধ হয়ে আছে। আমরা এই বছরেই ফেব্রুয়ারীর ১০ তারিখে নবান্নে একটা Wildlife state board-র একটা মিটিং ডেকেছিলাম। সেখানে আমরা সিদ্ধান্ত নিয়েছি শুধু বাঘ নয়, এ ছাড়া গন্ডার বা বন্য প্রাণী যেগুলো হত্যা হচ্ছে যারা হত্যা করছে তাদের ধরার জন্য একটা crime control board আমরা গঠন করেছি। সেই crime control board যারা আছেন, আমাদের তিনটি কমিটি করা আছে, একটা হচ্ছে রাজ্যস্তরের কমিটি সেখানে আমাদের chairman হচ্ছেন PCCF, Member Secretary হচ্ছেন Addl. PCCF। তারপর আমরা Army-দের যুক্ত করেছি, army-দের representative থাকবে, customs representative থাকবে, coastal guard-এর rep"esentative থাকবে। BSF-এর representative থাকবে, SSB-র representative থাকবে। এইরকম ভাবে আমরা উত্তরবাংলার জন্য একটা crime control board এবং দক্ষিণবঙ্গের জন্য একটা crime control board গঠন করেছি।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারি হল, বাঘরা খাবারের অভাবে হোক, যে কোনো অভাবে হোক তারা ক্রমশ লোকালয়ে ঢুকে পড়ছে। ফলে সেখানে মানুষকে খাচ্ছে এবং গৃহপালিত পশুদের ওপর আক্রমণ চলছে। এ বিষয়ে আমার প্রশ্ন, যারা আক্রান্ত হচ্ছে তাদের কীভাবে কমপেনসেশান দিচ্ছেন? আর লোকালয়ে যাতে ঢুকে না যায় তার জন্য কী প্রোটেকশানের ব্যবস্থা করেছেন?

মিঃ স্পীকার : আপনার এখানে দুটি প্রশ্ন একসঙ্গে হয়ে গেল। আপনি একটা প্রশ্নের উত্তর দেবেন।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, আমরা সবাই জানি যে, সুন্দরবনে আমাদের প্রচুর বাঘ আছে। এই যে সুন্দরবনের বাঘ লোকালয়ে চলে আসছে তার পেছনে কতগুলি বৈশিষ্ট্য আছে। আমরা সবাই জানি, বাঘেরা এক একটা পরিবারের এক একটা এলাকা থাকে। সেখানে মোট এলাকার প্রয়োজন হয় কুড়ি বর্গ কিলোমিটার। হয়তো সেখানে বাঘের রেসিও হিসাবে পুরুষ বাঘ যদি একটা থাকে সেখানে স্ত্রীবাঘ রেসিওতে থাকে দু-তিনটি। যখন ওদের বংশবৃদ্ধি হয় তখন সেই সময় ওদের বাচ্চাদের বয়স চার-পাঁচ বছর হলেই পুরুষ শিশু বাঘটির প্রবণতা থাকে তার এলাকা দখল করে বৃদ্ধ বাঘটিকে তাড়িয়ে দেওয়া। সেই সময় যখন বৃদ্ধ বাঘটি যুবক

বাঘদের সঙ্গে সংগ্রামে পেরে ওঠে না তখন ওরা বেরিয়ে আসে। তখন তারা কোর-এলাকা থেকে বাফার এলাকায় বেরিয়ে আসে। যাতে ফরেস্ট এলাকা থেকে বেরিয়ে না আসে তার জন্য আমরা সুন্দরবনকে নাইলনের নেট দিয়ে ঘিরে রেখেছি। আজকে এই অবস্থায় আমাদের কাছে খবর আছে, সুন্দরবনে বাঘের খাবারের কোনো অসুবিধা নেই। এমনকি বক্সাতে কোনো অসুবিধা নেই। আর কমপেনসেশানের বিষয়ে বলি যে, আপনারা জানেন, আগে কোনো বাঘ - বাঘ শুধু নয়, অন্য বন্যপ্রাণীর আক্রমণে কেউ যদি মারা যেত বা কেউ যদি আহত হ'ত সেখানে মারা যাওয়ার ক্ষেত্রে দেওয়া হত এক লক্ষ টাকা। এখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এ বছর লাস্ট জানুয়ারি এক লক্ষ টাকার জায়গায় আড়াই লক্ষ টাকা মৃত ব্যক্তির ক্ষেত্রে এবং আহত ব্যক্তির ক্ষেত্রে ঠিক একইভাবে তাদের হাসপাতালে চিকিৎসা করা হবে। তার খরচ বহনের দায়িত্ব নেবে বন দপ্তর। আর গভীরভাবে কেউ যদি আহত হয় সেই ক্ষেত্রে আগে দেওয়া হত পঞ্চাশ হাজার টাকা। এখন আমরা সেখানে দিচ্ছি এক লক্ষ টাকা। ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আমার জিজ্ঞাস্য, নর্থ বেঙ্গলে বৈকুণ্ঠপুর ফরেস্ট এবং আপাইচাঁদ ফরেস্টের ওখানে একসময় রয়াল বেঙ্গল ব্রিড ছাড়াও ইন্ডিয়ান টাইগার বলে একটা ব্রিড পাওয়া যেত। তার মুখটা অত বড় ছিল না। এখনও সেই ব্রিড আছে না, extinct হয়ে গেছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : এখন লেপার্ড আছে এবং কিছু রয়ালবেঙ্গল টাইগার আছে।

শ্রী মনোজ ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, ন্যাশনাল টাইগার কনজারভেশান অথরিটির যে রিপোর্ট তাতে উত্তরবঙ্গে মোট তিনখানা রয়ালবেঙ্গল টাইগার আছে। আমাদের এই বন দপ্তরের রিপোর্ট-এ কি বলছে, উত্তরবঙ্গে ক'টা বাঘ আছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : একটু আগেই আমি এ বিষয়ে উত্তরে বলেছিলাম যে, আমাদের বক্সাতে কুড়িটি বাঘ আছে। বাঘ বলতে বক্সাতেই ব্যাঘ্র রিজার্ভে আছে।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আপনাকে ধন্যবাদ। আমি ভয় পাচ্ছিলাম যে, আমার প্রশ্নটা অন্য কেউ না করে দেয়। মাননীয় মন্ত্রীর কাছে আমার স্পেসিফিক প্রশ্ন করছি, বাঘ কতগুলি আছে আর বাঘিনী কতগুলি আছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : এ বিষয়ে এই মুহূর্তে আমার কাছে পরিসংখ্যান নেই। পরে আমি পাঠিয়ে দেব।

[11.40 - 11.50 a.m.]

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি সুন্দরবন এবং বক্সার ব্যাঘ্র প্রকল্পের কথা বলেছেন। নতুন কোনো জায়গায় ব্যাঘ্র প্রকল্প করার পরিকল্পনা আছে কি?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : না, এই মুহূর্তে আমাদের কাছে কোনো পরিকল্পনা নেই।

মিঃ স্পীকার : শ্রীরামেশ্বর দলুইয়ের একটা প্রশ্ন আছে। আমি ওনাকে সাপ্লিমেন্টারী করতে অনুরোধ করছি। ওনার প্রশ্নটা laid হিসাবে ধরা হবে। আপনার *Question No.114.

হাতির আক্রমণজনিত ক্ষতিপূরণ

*১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) **শ্রী রামেশ্বর দলুই :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১.৪.২০১৪ থেকে ৩০.৪.২০১৫ পর্যন্ত হাতির আক্রমণে আহত ও নিহত মানুষের সংখ্যা কত (জেলাভিত্তিক তথ্য); এবং

(খ) কতজনকে কী পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া হয়েছে?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই-

(ক) ১লা এপ্রিল, ২০১৪ থেকে ৩০শে এপ্রিল ২০১৫ পর্যন্ত সময়ে হাতির আক্রমণে আহত ও নিহত মানুষের সংখ্যা (জেলাভিত্তিক)—

জেলা	হাতির আক্রমণে নিহত	হাতির আক্রমণে আহত
দার্জিলিং	২	১
জলপাইগুড়ি	২৮	৪২
আলিপুরদুয়ার	১৫	১২
পশ্চিম মেদিনীপুর	১৬	৪
বাঁকুড়া	২০	৩৫
বর্ধমান	০	১
পুরুলিয়া	১	৭
বীরভূম	২	০
মোট	**৮৯**	**১০২**

(খ) উক্ত সময়ে হাতির আক্রমণে (নিহত ৮৯ এবং আহত ১০২) মোট ১৯১ জনকে ১,০৫,৪১,১২৩/- টাকার আর্থিক ক্ষতিপূরণ দেওয়া হয়েছে।

শ্রীরামেশ্বর দলুই : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। মোট হাতির আক্রমণে ৮৯ জন নিহত এবং ১০২ জন আহত হয়েছে এক বছরে। সাহায্যের ব্যাপারটাও আপনি লিখিত উত্তরে জানিয়েছেন। হাতির আক্রমণে ফসলের ক্ষতি হয়, ঘর-বাড়ীর ক্ষতি হয়। পশ্চিম-মেদিনীপুরে হাতির আক্রমণে মারা গিয়েছে এমন কয়েকটা জায়গায় আমরা,

MLA -দের টিম নিয়ে গিয়েছিলাম। মাননীয় মন্ত্রী মহাশয় হাতির আক্রমণে ফসল নষ্টের ক্ষতিপূরণ, আপনি তথ্য যা দিয়েছেন সবটা পেয়েছি, মোট কয়েকটা জেলা মিলিয়ে ৮৯ জন হাতির আক্রমণে মারা গেছে এবং ১০২ জন আহত হয়েছে এক বছরের মধ্যে। ফসলের ক্ষতি হয়েছে। এই ক্ষতিপূরণের ব্যাপারে জানতে চাইছি, কী পরিমাণ দেওয়া হয় এবং বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কি? নিহত বা আহতদের আর্থিক প্যাকেজের ব্যাপারে যদি অনুগ্রহ করে বলেন ভালো হয়। ধন্যবাদ।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, ২০০৮ সালের ২৭শে সেপ্টেম্বর পর্যন্ত ফসলের ক্ষতিতে বনদপ্তর দিত হেক্টরে সাড়ে ৭ হাজার টাকা। আমরা, বর্তমান সরকার, মা-মাটি-মানুষের নেত্রীর আবেদনে সাড়া দিয়ে এখন হেক্টরপিছু ১৫ হাজার টাকা দিচ্ছি।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, আমার খট্টিমারী ফরেস্টের ফুকলুন বস্তিতে বনের ভেতরে একটা বড় জলাশয় আছে। সেই জলাশয়ে কিছু বনহাঁস আসে। ঐ জলাশয়ে জল থাকলে হাঁসগুলো থাকে, না থাকলে চলে যায়। এবার ওখানে প্রচুর পরিমাণে হাঁস এসেছে। জানতে চাইছি, ঐ জলাশয় সংস্কারের কোনো পরিকল্পনা আছে কি?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : আপনি লিখিতভাবে জানিয়ে দেবেন, আমরা দেখব।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, আমাদের বাঁকুড়া জেলায় বড়জোড়া এবং বিষ্ণুপুরের বাঁকাদহের জঙ্গলে প্রায় সব সময় হাতি ওখানে স্থায়ীভাবে থাকে। সেখানে পাহারা দেওয়ার এবং খাবার-দাবারের ব্যবস্থা আছে কি?

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে জানাচ্ছি, এটা সত্যি, এই মুহূর্তে আমাদের পশ্চিমবাংলায় হাতি নিয়ে একটা বড় সমস্যা হচ্ছে। কারণ, হাতির সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। এই মুহূর্তে পশ্চিমবাংলায় হাতির সংখ্যা প্রায় সাড়ে ৮০০। দক্ষিণবঙ্গে সংখ্যাটা দেড়শ'র কাছাকাছি। অথচ দক্ষিণবঙ্গের জঙ্গলগুলো ছোট ছোট এবং বিচ্ছিন্ন। আগে নিয়ম ছিল দলমা থেকে হাতি এসে আমাদের বাংলা হয়ে ওড়িষ্যা যেত এবং আবার ওড়িষ্যা থেকে দলমায় ফিরে যেত। কিন্তু এখন লক্ষ্য করা যাচ্ছে হাতিদের মানসিকতার পরিবর্তন হয়েছে। আগে যেখানে বছরে দু'মাস বা তিন মাস থাকত এখন অধিকাংশ সময়, ৭ মাস, ৮ মাস যাবৎ দক্ষিণবঙ্গে থাকে। দক্ষিণবঙ্গের যে ছোট ছোট জঙ্গলগুলো আছে সেই জঙ্গলের মধ্যে খাদ্যের কোনো অভাব নেই। সেখানে জলের জন্য পুকুর খনন করা হয়েছে। ঘন জঙ্গল আছে, সেই জঙ্গলে ওরা দিনের বেলায় থাকছে। রাতেরবেলায় এরা পার্শ্ববর্তী গ্রামে ঢুকে পড়ে। কারণ এদেরও একটা প্রবণতা দেখা গিয়েছে, এদের রুচির একটা পরিবর্তন - যে সময় ধান হয় ধান খেতে এসে ঢোকে, যে সময় আলু হয় আলু খেতে এসে আলুর উপর হামলা করছে। সবচেয়ে বেশি প্রবণতা দেখা যাচ্ছে কোন গৃহস্থ মানুষ যদি ধান সেদ্ধ করে, সেই সেদ্ধ

ধান খাওয়ার জন্য তারা ঘর ভেঙে ঢুকে পড়ছে। আমরা বন দপ্তর এই যে হাতি দক্ষিণ বাংলায় উপদ্রব করছে তার জন্য একে গুরুত্ব দিয়ে হাতির উপদ্রব থেকে দক্ষিণবঙ্গবাসীকে রক্ষা করার জন্য ওয়াইল্ড লাইফ বোর্ডে একটা সিদ্ধান্ত নিয়েছি। সেই সিদ্ধান্ত মোতাবেক এখানে আলাদা একটা ডিভিশান করা হয়েছে। এই ডিভিশানের মাধ্যম দিয়ে আমরা - এর আগে দক্ষিণবঙ্গ হাতি উপদ্রুত এলাকা ৩টি ডিভিশানের অন্তর্ভুক্ত ছিল। এখন আমার একটা একটি ওয়াইল্ড লাইফ ডিভিশান করছি। আমরা আশা করি একটা ডিভিশানের মাধ্যম দিয়ে হাতির উপদ্রব থেকে দক্ষিণবঙ্গবাসীকে রক্ষা করতে পারবো।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন। প্রশ্নটা একটু অন্যরকম। আমাদের শহরতলি এলাকাতে প্রচুর পরিমাণে কুকুরের উপদ্রব দেখা দিয়েছে। এই ব্যাপারে আপনার দপ্তর কি চিন্তাভাবনা করছেন।

মিঃ স্পীকার : এটা বন দপ্তর সংক্রান্ত ব্যাপার নয়, এটা বন দপ্তরের আওতায় পড়ে না।

শ্রী কেশব চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে জানতে পারলাম বক্সায় ২০টি বাঘ আছে। তিনি রেসিও করলেন, একটা বাঘপিছু তিনটি বাঘিনী। সুন্দরবনে যদি ১১০টি বাঘ থাকে তাহলে বক্সায় কি সেই পরিবেশ নেই বাঘ বৃদ্ধির? সেই ধরনের কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা মন্ত্রী মহাশয় বলেন।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : স্যার, বক্সার ব্যাপারে একটু আগে বললাম ২০টি বাঘ আছে ২০১১ সালের গণনা অনুযায়ী। একটু আগে আরো বললাম, একটি বাঘের পরিবারকে বাঁচাতে গেলে মোটামুটি ২০ বর্গ কিলোমিটার এলাকার দরকার। কিন্তু বাস্তবে বক্সার মধ্যে বাঘের এই যে পরিবেশ এটা কিন্তু এখন আর সেইভাবে নেই। আমরা একটা জিনিস লক্ষ্য করছি, বিশেষত আমাদের ব্যাঘ্র বিশেষজ্ঞ যারা ওনারা সমীক্ষা করে দেখেছেন প্রায় ২ বর্গ কিলোমিটারের মধ্যে এক একটা করে বস্তি আছে। সেই বস্তি থাকার জন্য বাঘের প্রজননের অসুবিধা হচ্ছে। এই কারণে নতুন করে আর বাঘের প্রজনন হচ্ছে না। বন দপ্তর আগামীদিনে চিন্তা করছে যাতে এই বক্সায় নতুন করে বাঘের প্রজনন পরিবেশ নিয়ে আসা যায় তার উদ্যোগ বন দপ্তর নিয়েছে।

বাঁধ নির্মাণ

*১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫২) **শ্রী সমীর কুমার জানা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যে মোট কতগুলি বাঁধ নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে (জেলাওয়ারি হিসেবসহ)?

শ্রী রাজীব ব্যানার্জী :

২০১৪-১৫ সালে সারা রাজ্যে মোট ১৩৭টি নদীবাঁধ নির্মাণ/দৃঢ়করণ/উচ্চতাবৃদ্ধিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে। তার জেলাভিত্তিক বিবরণ নিম্নরূপ —

	জেলা	২০১৪-১৫ সালে সমাপ্ত হওয়া নদীবাঁধ নির্মাণ/দৃঢ়করণ/উচ্চতাবৃদ্ধিকরণের কাজের সংখ্যা
(১)	জলপাইগুড়ি	১৩
(২)	আলিপুরদুয়ার	১০
(৩)	কোচবিহার	০৩
(৪)	দার্জিলিং	০৯
(৫)	হাওড়া	২৬
(৬)	হুগলী	১০
(৭)	বর্ধমান	০২
(৮)	বাঁকুড়া	০১
(৯)	পশ্চিম মেদিনীপুর	০৪
(১০)	পূর্ব মেদিনীপুর	১৩
(১১)	মালদা	০৫
(১২)	দক্ষিণ দিনাজপুর	০৫
(১৩)	উত্তর দিনাজপুর	১০
(১৪)	বীরভূম	০২
(১৫)	দক্ষিণ ২৪-পরগনা	২৪
		মোট : ১৩৭

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার প্রশ্নে মাননীয় মন্ত্রী মহাশয় লিখিতভাবে উত্তর দিয়েছেন তাতে জানা গেছে ১৩৭টি নদীবাঁধ দৃঢ়করণ ও উচ্চতাবৃদ্ধিকরণের জন্য এগুলি ব্যবস্থা করা হয়েছে। এই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অশেষ ধন্যবাদ, কারণ আমরা জানি মা-মাটি-মানুষের সরকারের আগে পর্যন্ত যে বদনামটা ছিল সেটা যে কেটে গেছে। সেটা বিরোধী দলের বন্ধুরাও স্বীকার করে নিয়েছেন যে কাজের অগ্রগতিটা কিভাবে হয়েছে।

[11.50 a.m. - 12.00 noon.]

ফলে এটা মা-মাটি-মানুষের সরকারের গতিমুখটাকে অনেকটা অগ্রগতির দিকে, এটা প্রকাশিত হয়। আমার মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে স্পেসিফিক প্রশ্ন যে উনি যে পিরিয়ডে এসেছেন অর্থাৎ বিগত তিন বছরে কতগুলো ব্রীজ কমপ্লিট হয়েছে উনি বলেছেন। আমি বলতে চাইছি যে আগামী '১৫-১৬-তে আমরা আর কতগুলো ব্রীজ করতে পারব, এই মর্মে কি সরকারি পরিকল্পনা গ্রহণ করেছেন, এই ব্যাপারে যদি একটু আশ্বস্ত করেন ভাল হয়।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে '১৫-১৬ অর্থবর্ষে আমরা আরও ৬৩টি কংক্রিট ব্রীজের পরিকল্পনা হাতে নিয়েছি।

শ্রী সমীর কুমার জানা : আমার দ্বিতীয় বা শেষ অতিরিক্ত প্রশ্ন বিগত দিনের মতো খাল খনন যেভাবে করা হচ্ছে, ২০১৫-১৬তে যদি নাব্যতা বৃদ্ধি সহ নিকাশী খাল খনন সংস্কারের ব্যাপারে বর্তমানে ১৫-১৬ অর্থবর্ষে সরকারি কি পরিকল্পনা গ্রহণ করেছেন যদি একটু অনুগ্রহ করে বলেন ভাল হয়।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি যে বিগত জমানায় যেখানে তিন অক্ষর কেউ কোনোদিন দেখেননি যে ঠিকমতো খাল বা নদীপথ সংস্কার হয়েছে, গত বছর আমি এখানেই, বিধানসভায় পরিসংখ্যান দিয়েছিলাম যে গতবছর প্রায় ৩৩১ কিলোমিটার নদী এবং খাল সংস্কার করা হয়েছে বা হচ্ছে। আগামী '১৫-১৬ অর্থবর্ষে আমাদের টার্গেট রয়েছে বিভিন্ন জেলা মিলিয়ে পশ্চিমবঙ্গে প্রায় ৫৭৭ কিলোমিটার খাল ও নদীপথ সংস্কার, যা একটা রেকর্ড, স্বাধীনতার পরে এত কাজ একসাথে কখনও ধরা হয়নি।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে এই বছরে এন.আর.ই.জি.এ থেকে, আপনার দপ্তর সে কাজগুলো করছিল, সেগুলো হচ্ছে না। আগামীদিনে আপনার দপ্তর এন.আর.ই.জি.এ থেকে, আমাদের মুর্শিদাবাদের ভাগুারদহ সংস্কারের পরিকল্পনা নিয়েছিল, খুব বড় বিল, সেটার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, আগেও আপনারা জানেন যে বিগত দিনে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী বলেছিলেন যে এন.আর.ই.জি.এর কাজে কেন্দ্রীয় সরকার কিভাবে বরাদ্দ ছাঁটাই করেছে, কী অবস্থা হয়ে রয়েছে। যার কারণ আমরা অনেকগুলো পরিকল্পনা নিয়ে থাকলেও সঠিকভাবে এন.আর.ই.জি.এর মাধ্যমে রূপায়ণ হচ্ছে না। আপনি যে স্পেসিফিক বলেছেন, আগামীদিনে পঞ্চায়েত দপ্তরের সাথে কথা বলে যদি সেই ফান্ড অ্যালটমেন্ট হয় তাহলে সেটা নিশ্চিতভাবে বিবেচনায় থাকবে।

শ্রী বাচ্চু হাঁসদা : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন বিগত সরকারের আমলে কতগুলো নদীবাঁধ তৈরি হয়েছিল? আর বর্তমান সরকারের আমলে কতগুলো নদীবাঁধ তৈরি হয়েছে, সাল ওয়াইজ এই চার বছরে কতগুলো নদীবাঁধ তৈরি হয়েছে মন্ত্রীমহাশয় জানালে বাধিত হব।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলি বাম জমানায় লাস্ট দু-তিন বছরের পরিসংখ্যান আছে। হায়েস্ট একবছরই গেছিল, সেটা হচ্ছে ১৪০ কিলোমিটার। অন্যান্য অ্যাভারেজ থাকলে সবই প্রায় একশো কিলোমিটারের কম বা তিন সংখ্যার কম। সেই তুলনায় মা-মাটি-মানুষের সরকার আসার পর আমি মনে করি যে অত্যন্ত আনন্দিত যে আমি এই পবিত্র সদনে বলছি যে '১৪-১৫ সালে অর্থাৎ ২০১৪-১৫ সালের ৩১শে মার্চ অব্দি প্রায় ৬০০ কিলোমিটার নদীবাঁধ সুদৃঢ় করে করেছি বা নতুন তৈরি

করেছি। '১৩-১৪ তে ছিল ৪৬৩ কিলোমিটার। '১২-১৩-তে ছিল ৩৭৪ কিলোমিটার। অর্থাৎ ৪৬৩ থেকে ৬০০ কিলোমিটার গত বছরে জাম্প, আমি মনে করি এটা একটা Splash। এত কাজ এর আগে একসাথে কোনো পরিসংখ্যান কোনো সরকার আগে দেখাতে পারবে না।

বর্ধমান জেলায় ফুলচাষ

*১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলায় ফুলচাষের পরিমাণ বৃদ্ধির জন্য সরকার কোনো ব্যবস্থা গ্রহণ করেছে কি; এবং

(খ) করে থাকলে, তা কীরূপ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :

(ক) হ্যাঁ, করেছে।

(খ) রাষ্ট্রীয় কৃষি বিকাশ প্রকল্পের অধীন ফুলচাষীদের ৩০০০ বর্গ মিটার পলিগ্রীন হাউস বানানোর জন্য সহযোগিতা করা হয়েছে এবং পারুলীয়ায় (কালনা ২নং ব্লক, কালনা মহকুমায়) একটি আধুনিক ফুল ও সব্জির মার্কেট কমপ্লেক্স নির্মাণের কাজ চলছে।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার আপনাকে বলি আমি ওটা পাওয়ার পর খোঁজ নিয়ে জানলাম এই সমস্ত প্রকল্পটাই পূর্বতন সরকারের। আমি স্যার ওনার কাছে জানতে চাইছি যে পঞ্চায়েত এলাকা হচ্ছে এই পঞ্চায়েত তিনবার পুরস্কার পেয়েছে। এটা ছাড়াও কালনা পূর্বস্থলী এলাকায় ফুল চাষের জন্য জগৎ বিখ্যাত। এটা ছাড়া অন্য কোনো এলাকাতে বা বর্ধমান জেলা বা বিভিন্ন জায়গাতে বিশেষ করে পশ্চিমাঞ্চলে দুই একটা পলি গ্রীন হাউস তৈরি করার পরিকল্পনা কি সরকারের রয়েছে? যদি থেকে থাকে তাহলে কিভাবে এটা করা যেতে পারে জানাবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার আমার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী গৌরাঙ্গবাবুর প্রশ্নের উত্তরে বলছি যে সবই আপনারা করেছেন, আমরা কিছুই করিনি। আর আমরা কিছু করেনি বলেই আমরা দিন দিন বৃদ্ধি পাচ্ছি। স্যার আমি এইটুকু বলতে পারি গৌরাঙ্গবাবুকে উনি একজন দায়িত্বশীল সদস্য। ওখানে দেখবেন হর্টিকালচার অফিস আছে। ওখানে চিঠি দেবেন সেটা District Magistrate-এর কাছে যাবে, District Magistrate হয়ে আমার কাছে আসবে। আমি এটা দেখে নেব কিভাবে কাজ করতে হবে। তাছাড়া আপনাদের আগেও তো কংগ্রেস ছিল। তবে এটা তো পরম্পরা। কেন না কেউ সরকারে থাকবে। এখন যদি আপনি বলেন যে সব আপনাদের সরকারের সময় হয়েছে আর এই সরকার ঘুমিয়ে থাকে, একথাটা ঠিক নয়।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার মনে হচ্ছে প্রশ্ন করা খুব অপরাধ। দ্বিতীয় আমার প্রশ্ন যে জাতীয় ফুল হচ্ছে পদ্ম। আমি এই সরকারের কাছে, মন্ত্রীর কাছে প্রশ্ন করছি আমাদের বর্ধমান জেলাতে এবং অন্যান্য জেলাতে কি আপনি পদ্মফুল চাষের পরিকল্পনা নিচ্ছেন? যদি থেকে থাকে তাহলে জানাবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, আমাদের আগে ফুলটা একটা সময় পূজার কাজে ব্যবহার হত। এখন জন্ম থেকে মৃত্যু সব কিছুতেই ফুল কাজে লাগে। গৌরাঙ্গবাবুকে হার্ট করার মতন আমি কোনো উত্তর দেয়নি, উনি মাননীয় সদস্য। আমি এটুকু বলতে পারি এখন প্রতিটি জেলায় কমবেশি ফুলের চাষ হচ্ছে। নদীয়াতে হচ্ছে, পাঁশকুড়াতে হচ্ছে, মেদিনীপুরে হচ্ছে, সব জায়গায় হচ্ছে। আপনার যদি কোনো প্রোপোজাল থাকে, আপনাকে আবার বলছি আপনি প্রোপোজালটা লিখিতভাবে আমাদের হর্টিকালচার অফিসারকে দিন সেখান থেকে নিশ্চয়ই আপনাদের কাজ করা হবে।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে কোয়ালিটির ফুল যদি তৈরি করা যায় তাহলে বিদেশের বড় বাজার আছে। আমস্টারডামে অনেক বড় বাজার আছে। কিন্তু তার জন্য জারভেরা, অ্যাস্ট্রোরিয়াম, অর্কিড, গোলাপগুলি স্ট্যান্ডার্ড হতে হবে। এটা তৈরি করার পরিকল্পনা আছে কিনা এবং বিদেশের বাজার ধরার পরিকল্পনা আছে কিনা জানাবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এইটুকু বলতে পারি আমাদের বাঁকুড়াতে গোলাপ ফুলের চাষ খুব ভাল হচ্ছে। অন্যান্য জেলাতেও হচ্ছে। কিন্তু এটা ন্যাশানাল স্টান্ডার্ড বা আন্তর্জাতিক স্তরে যেতে পারে। প্লাস হচ্ছে স্যার প্রত্যেকটা জেলাতে ফুল চাষে এখন আগ্রহ বাড়ছে। আমি ওনার প্রশ্নের একটা উত্তর দিতে ভুলে গিয়েছিলাম — পদ্ম চাষ, অ্যাকচুয়ালি পদ্ম চাষটা ন্যাচারালভাবে হয়। তার মধ্যে মৎস্য চাষের জন্য পুকুরগুলি লাগে। স্যার আমি এটুকু বলতে পারি আপনাকে আন্তর্জাতিক মানের জারভেরা দার্জিলিংয়ে হচ্ছে, নদীয়াতে হচ্ছে এবং অন্য জায়গাগুলিতেও হচ্ছে। আপনার যদি কোনো প্রশ্ন থাকে আমাদেরকে দিন আমরা সেটার উদ্যোগ নেব। (হইচই) আমি তো স্যার আপনাকে বললাম কোথায় কোথায় ফুল চাষ হয়েছে — গোলাপ, জারভেরা এগুলি তো আপনাকে বললাম। আরো দেখবেন অনেক রকম ভ্যারাইটিস ফুল আমরা রিসোর্স করছি পলি হাউজ করে এটাকে করার চেষ্টা করছি।

[12.00 noon 12.10 p.m.]

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে প্রশ্ন - নদীয়া জেলায় ৭০% মানুষ ফুল চাষের সঙ্গে যুক্ত। আগে যিনি মন্ত্রী ছিলেন — উজ্জ্বল বিশ্বাস তখন ডি.এম-কে দিয়ে একটা সার্ভে করে ওখানে বিশেষ করে ধানতলা বলে একটা জায়গা আছে রানাঘাট ২ নম্বর ব্লকে, সেখানে ফুলচাষীদের জন্য ফুল স্টোরের একটা ব্যবস্থা করা হয়েছিল। মাননীয় মন্ত্রীর যদি জানা থাকে যে কত দূর এই ব্যাপারে অগ্রগতি হয়েছে তাহলে বলবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে এটুকুই বলতে পারি নদীয়া জেলায় ফুলচাষীদের জন্য কয়েকটা প্রকল্প নেওয়া হয়েছে এবং মাল্টিপারপাস কোল্ড

স্টোরেজের পরিকল্পনা আমরা নিয়েছি, যাতে ফুলগুলোকে সংরক্ষণ করা যায়। সুতরাং আপনার যদি এইরকম কোনো প্রস্তাব থাকে আপনি দিন, আমরা এটা দেখব।

Mr. Speaker : The questions' hour is over.

Starred Questions
(to which answers were laid on the table)

দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মাণ

*১১১। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১) **শ্রী মনোরঞ্জন পাত্র :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী নদীর উপর জলাধার নির্মাণের কাজ করার পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজটি শুরু বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বাঁকুড়া জেলার দ্বারকেশ্বর নদের উপর ছাতনা ব্লকে সুকনিবাসায় এবং গন্ধেশ্বরী নদীর উপর ছাতনা ব্লকে চামকেরায় দুটি পৃথক জলাধার নির্মাণ এবং দ্বারকেশ্বর নদের উপর বাঁকুড়া-২ ব্লকে একটি ব্যারেজ নির্মাণের মাধ্যমে ৩৮৫০০ হেক্টর জমিতে সেচের জল প্রদানের একটি সার্বিক প্রকল্প রূপায়ণের পরিকল্পনা আছে।

(খ) কেন্দ্রীয় জল আয়োগের অনুমোদন, বনসৃজনের জন্য বনদপ্তরকে প্রায় ৩০০ হেক্টর বিকল্প জমি হস্তান্তর, এ.আই.বি.পি.-তে কেন্দ্রীয় অনুদান অনুমোদনের পর সর্বোপরি প্রয়োজনীয় জমি অধিগ্রহণ সাপেক্ষে প্রকল্পের কাজ শুরু হবে।

ঘাটাল মাস্টার প্ল্যান

*১১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১) **শ্রী বিশ্বনাথ কারক :** বিগত ২৬.০২.২০১৫ তারিখের তারকিত প্রশ্ন নং ৫৩ (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) এর উত্তরের প্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) 'ঘাটাল মাস্টার প্ল্যান'-এর কাজটি বর্তমানে কী অবস্থায় আছে; এবং

(খ) পশ্চিম ও পূর্ব মেদিনীপুর এবং হুগলী জেলার কোন্ কোন্ ব্লক ঘাটাল মাস্টার প্ল্যানের অন্তর্ভুক্ত আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ঘাটাল মাস্টার প্ল্যান—এই সার্বিক বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পটির প্রথম পর্যায়ে কাজের বিস্তারিত রিপোর্ট গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ আয়োগ কর্তৃক, গত ১৪ই মে, ২০১৫-তে অনুমোদিত হয়েছে এবং বর্তমানে কেন্দ্রীয় জল আয়োগের বিশেষজ্ঞ কমিটির আর্থ কারিগরী অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

(খ) পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়া-১, কোলঘাট, ময়না এবং তমলুক ব্লক ও পশ্চিম মেদিনীপুরের ঘাটাল, দাসপুর-১ ও ২ এবং ডেবরা ব্লক, ঘাটাল মাস্টার প্ল্যানের প্রথম পর্যায়ের কাজে অন্তর্ভুক্ত।

চিংড়ি ও কাঁকড়া উৎপাদন

*১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১) **শ্রী নিরাপদ সরদার** : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চিংড়ি ও কাঁকড়া উৎপাদনে সরকারের বিশেষ কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, আছে।

(খ) পরিকল্পনাগুলি নিম্নরূপ :

(১) FFDA প্রকল্প নং-৫ : মিঠা জলে চিংড়ির মিশ্র চাষ।

(২) FFDA প্রকল্প নং-৬ : নতুন পুকুর খনন করে চিংড়ি চাষ।

(৩) FFDA প্রকল্প নং-৮ : ডিজেল পাম্প সেটের দ্বারা বায়ু সঞ্চালন ব্যবস্থাযুক্ত নোনা জলের পুকুরে বাগদা চিংড়ির সাথে ভাঙ্গনের মিশ্র চাষ।

(৪) FFDA প্রকল্প নং-৪ (STCP) : কাঁকড়া চাষের জন্য জমি উর্বরীকরণ প্রকল্প গৃহীত হয়েছে।

(৫) এছাড়া সামাজিক মৎস্যচাষ প্রকল্পে পূর্ব মেদিনীপুর, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলায় বাগদা চিংড়ির একক ও মিশ্র চাষের ব্যবস্থা হয়েছে।

কাঠচুরির ঘটনা

*১১৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ** : বিগত ২৬.০২.২০১৫ তারিখের সভায় তারকিত প্রশ্ন নং ৫২ (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮)-এর উত্তরের সাপেক্ষে বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ২০১৪ থেকে ৩১শে মার্চ ২০১৫ সময়কালে কতগুলি কাঠচুরির ঘটনা ঘটেছে; এবং

(খ) চুরি যাওয়া কাঠের দাম টাকার অঙ্কে কত?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিভাগীয় বনাধিকারীর করণ থেকে এখনও পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী ১লা এপ্রিল, ২০১৪ থেকে ৩১শে মার্চ ২০১৫ সময়কালে পশ্চিমবঙ্গের বনাঞ্চলে মোট ৫৭টি কাঠ চুরির ঘটনা ধরা পড়েছে।

(খ) চুরি যাওয়া কাঠের আনুমানিক মূল্য ৩ লক্ষ টাকা।

কান্দী মাস্টার প্ল্যান

*১১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৩) **শ্রী অপূর্ব সরকার** : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কান্দী মাস্টার প্ল্যান-এর অধীনে কান্দী পৌরসভার অন্তর্গত সরূপখালি চ্যানেলে কংক্রিট লাইনিং-এর কাজ করার কোনো পরিকল্পনা আছে কি?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : কান্দী পৌরসভার অন্তর্গত সরূপখালি খালটির সংস্কারের পরিকল্পনা কান্দী মাস্টার প্ল্যান-এর অন্তর্গত। তবে পরিকল্পিত সংস্কারের কাজে কংক্রিট লাইনিং-এর কাজ করার কোনো পরিকল্পনা নেই।

চোরাশিকারির সংখ্যা

*১১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৪) **শ্রী বাসুদেব খাঁ** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বন্যপ্রাণী মারার জন্য ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত কতজন চোরাশিকারি ধরা পড়েছে?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : বন্যপ্রাণ সংরক্ষণ আইনে ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত (২০১৪-১৫ আর্থিক বছরে) ৯২ জন অপরাধীকে ধরা হয়েছে।

কোচবিহারের চকচকায় পাকা রাস্তা নির্মাণ

*১১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩৫) **শ্রী নগেন্দ্রনাথ রায়** : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কোচবিহার-এর চকচকায় বৈকুণ্ঠপুরের দামোদর দেবমন্দির থেকে সিদ্ধেশ্বরা শিব মন্দির পর্যন্ত পাকা রাস্তা তৈরির পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) না। এই নির্দিষ্ট রাস্তাটির সংস্কারের কোনো পরিকল্পনা এই দপ্তর দ্বারা গৃহীত হয়নি।

(খ) প্রযোজ্য নয়।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of adjournment motion from Dr. Surjya Kanta Mishra, Shri Prabodh Chandra Sinha, Shri Biswanath Karak, Shri Manoj Kumar Oraon and Shri Gouranga Chatterjee on the subject of alleged delay in giving effect to the Bill assented to by the President for refund of money to the depositors of the chit fund.

The subject matter of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Minister through Calling Attention, Mention, questions etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion, as amended.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছে। বিষয়টি হ'ল—অসাধু চিটফান্ড-এর দ্বারা সর্বস্বান্ত রাজ্যের মানুষের টাকা ফেরত দেবার জন্য বিধানসভায় গৃহীত বিলটি মাননীয় রাষ্ট্রপতির দ্বারা অনুমোদিত হওয়া সত্ত্বেও সরকারের পক্ষ থেকে বিলটিকে আইনে পরিণত করার জন্য দ্রুত উদ্যোগ নেওয়া হচ্ছে না।

...(noise)

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received two notices of Calling attention on the following subject, namely–

	Subject	Name
(i)	Urge for construction of S.R.D.A. Road from Naihati to Kalyanpur uder Ketugram Block II in Ketugram Assembly Constituency Area	: Shri Sekh Sahonazez
(ii)	Stoppage of work of Pipeline Water Supply Schemes in different areas under Harishchandrapur Assembly Constituency Area.	: Shri Tajmul Hossain

I have selected the notice of Shri Sekh Sahonawez on the subject of Urge for construction of S.R.D.A. Road from Naihati to Kalyanpur under Ketugram Block II in Ketugram Assembly Constituency area.

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Eleventh Report of the Committee on Public Accounts (2014-2015)

Shri Gyan Singh Sohanpal (The Chairman) : Sir, I beg to present the Eleventh Report of the Committee on Public Accounts

(2014-2015) on Para 3.4.4 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2008-2009 (Civil) relating to the Department of Food Processing Industries and Horticulture.

Presentation of the 154th and the 155th Report of the Committee on Public Undertakings (2014-2015)

Shri Nirmal Ghosh (The Chairman) : Sir, I beg to present the 154th and the 155th Report of the Committee on Public Undertakings (2014-2015) on Audit Para Nos. 3.6 and 3.7 respectively of the Report of the Comptroller & Auditor General of India (Public Sector Undertakings) for the year 2011-2012 relating to West Bengal Electronics Industry Development Corporation Limited under Information Technology and Electronics Department, Government of West Bengal.

...(At this stage the Hon'ble Members of the Left Front came down into the well of the House)...

...(Noise and Interruption)...

Presentation of the Fourth Report of the Committee on Government Assurances (2014-2015)

Dr. Manas Ranjan Bhunia : Hon'ble Speaker Sir, I beg to present the Fourth Report of the Committee on Government Assurances (2014-2015) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Backward Classes Welfare on the floor of the House during the year 2013-2014.

Presentation of the Sixth Report of the Standing Committee on School Education (2014-2015)

Shri Asit Mitra : Sir, with your kind permission, I beg to present the Sixth Report of the Standing Committee on School Education (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grant relating in the School Education Department and Mass Education Extension & Library Services Department for the year 2015-2016.

Presentation of the Twenty-third and the Twenty-fourth Reports of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015)

Shri Apurba Sarkar : Sir, with your permission I beg to present.

(a) The Twenty-third Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Municipal Affairs Department for the year 2015-2016; and

(b) The Twenty-fourth Report of the Standing Committee on Municipal Affairs and Urban Development (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of Demand for Grant relating to the Urban Development for the year 2015-2016.

Presentation of the Second Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2014-2015)

Shri Ashok Shau : Sir, with your kind permission I beg to present the Second Report of the Standing Committee on Public Works and Public Health Engineering (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Public Works Department for the year 2015-2016.

Presentation of the Tenth and the Eleventh Reports of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015)

Shri Sital Kumar Sardar : Sir, I beg to present.

(a) The Tenth Report of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015) Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Housing Department for the year 2015-2016 and

(b) The Eleventh Report of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to Hill Affairs Department for the year 2015-2016.

LAYING OF REPORTS, ACCOUNTS AND BUDGET

The Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the year 2010-2011

Shri Upendra Nath Biswas : Hon'ble Speaker Sir, I beg to lay the Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Backward Classes Development and Finance Corporation for the year 2010-2011.

[12.10 - 12.26 p.m.]

The Audit Reports on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development & Finance Corporation For the years 2011-2012 and 2012-2013

Shri Upendra Nath Biswas : Sir, I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development & Finance Corporation for the years 2011-2012 and 2012-2013.

The Annual Report of the Damodar Valley Corporation For the year 2013-2014

Shri Purnendu Basu : Sir, I beg to lay the Annual Report of the Damodar Valley Corporation For the yer 2013-2014.

The Annual Budget of the Damodar Valley Corporation For the year 2015-2016

Shri Purnendu Basu : Sir, I beg to lay the Annual Budget of the Damodar Valley Corporation For the year 2015-2016.

MENTION CASES

Shri Ranjit Kumar Mondal : Not responded

Shri Sahajahan Chowdhury : Not responded

Shri Basudeb Khan : Not responded

Shri Dhirendra Nath Mahato : Not responded

(Noise)

Shri Nabin Chandra Bag : Not responded

Shri Rameswar Doloi : Not responded

Shri Insar Ali Biswas : Not responded

(তুমুল হট্টগোল)

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার অন্তর্গত কান্দি পৌর এলাকার বাইপাস থেকে বড়ঞা ব্লকের ডাকবাংলো মোড় পর্যন্ত পূর্ত দপ্তরের রাস্তাটি খানাখন্দে ভর্তি এবং চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এই রাস্তাটি ৬ কোটি টাকা ব্যয়ে আড়াই বছর আগে তৈরি হয়েছে। কন্ট্রাক্টর কনসার্নের এখনও সিকিওরিটি পিরিয়ড ওভার হয়নি। তাই উক্ত কন্ট্রাক্টরকে দিয়ে অবিলম্বে রাস্তাটি ঠিক করে চলাচলের উপযুক্ত করবেন, এই দাবী মাননীয় মন্ত্রীর কাছে রাখছি।

(তুমুল হট্টগোল)

Smt. Deboleena Hembram : Not responded.

Dr. Harka Bahadur Chhetri : Madam, Dy. Speaker through you I would like to draw the attention of the Hon'ble Chief Minister. Hon'ble Chief Minister had visited Suntalikhola Samsing during March of 2015. During that time I had met her and requested her to improve the condition of road from Samsing Mouchuky which falls under the forest department. Also I had requested her to make a pucca road from Perung to Sillary Basti which has become famous as new Darjeeling. The Chief Minister is keen to create new tourist spots in the hills and lack of infrastructure has been the biggest obstacle in enhancing the flow of tourists and these two roads fall under Forest Department. So, there might have been problem due to that.

I request the Chief Minister to kindly intervene and see to it that her declaration is materialised as soon as possible. It will enhance tourism and also boost the economy of the place.

(এই সময়ে বিরোধী দলের বামফ্রন্টের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।) .....তুমুল হট্টগোল.....

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইদানীং দেখা যাচ্ছে যে যেখানে যারাই প্রতিবাদ করছেন তারা দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হচ্ছেন। দেখা যাচ্ছে যে উত্তর ২৪-পরগনার বনগাঁয় পাড়ায় একজন দীর্ঘদিন ধরে হেরোইন বিক্রি করছিল সেখানে পাড়ার মানুষরা তার বিরুদ্ধে প্রতিবাদ করেছে। তা সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা নেয়নি এবং গত মঙ্গলবার সন্ধ্যায় যখন এই একইরকমভাবে মাদক বিক্রির বিরুদ্ধে যখন মহিলারা প্রতিবাদ করেছিল তখন তাদের আক্রমণ করা হয় এবং তাদের শারীরিকভাবে তাদের নিগ্রহ করা হয়। তারা এখন হসপিটালে ভরতি হয়েছে। ঠিক একইরকমভাবে পূর্ব মেদিনীপুরের ভগবানপুরে রাস্তার উপরে ক্রিকেট খেলছিল এবং গায়ে লাগে, তার প্রতিবাদ করার ফলে ব্যাট দিয়ে ওই বয়স্ক মানুষকে মারে, মাথায় আঘাত করে এবং তার মৃত্যু হয়। এই যে প্রায়ই এই ঘটনা ঘটছে এবং ঘটছে এই কারণে ছোট ঘটনা, বাচ্চা ছেলেমেয়েদের দুষ্টুমি এইসব বলায় এমন ঘটনা বাড়ছে। এর পরে তো মানুষ দুষ্কৃতীদের বিরুদ্ধে কোনো প্রতিবাদই করবে না। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আইনশৃঙ্খলা ব্যবস্থার উন্নতি করুন এবং যাতে মানুষ সুস্থভাবে, সঠিকভাবে বাঁচতে পারে তার পরিবেশ তৈরি করুন। ধন্যবাদ।

...(তুমুল হট্টগোল)...

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আমার কেতুগ্রাম বিধানসভায় কাটোয়া ব্লকের চুরপূর্ণী গ্রাম থেকে নওনগর গ্রাম পর্যন্ত যে পি ডব্লু ডি রাস্তাটা আছে, ওই

রাস্তাটা দীর্ঘদিন অচল অবস্থায় পড়ে আছে, সেখানে বাস যাতায়াত করতে পারছে না। মানুষের চরম অসুবিধা হচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে ওই রাস্তাটা যাতে নতুনভাবে তৈরি করা হয়।

...(তুমুল হট্টগোল)...

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে পি ডব্লু ডি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কোতুলপুর বিধানসভার মধ্য দিয়ে এস এইচ টু—রাজ্য সড়ক দু'নম্বর সম্প্রসারিত হয়েছে। বাম আমলের এই রাস্তার ভগ্নদশা যোগাযোগ ব্যবস্থাকে বিচ্ছিন্ন করে রেখেছিল। কোনো উন্নয়নই হয়নি। এই গুরুত্বপূর্ণ রাস্তাটি কলকাতার সঙ্গে সরাসরি সংযোগ রক্ষা করে। বর্তমানে মা-মাটি-মানুষের সরকারের প্রচেষ্টায় এই রাস্তাটি ৫.৫ মিটার থেকে ৭.৫ মিটার করা হয়েছে। এর ফলে পরিবহণ ব্যবস্থার ব্যাপক উন্নতি ঘটেছে। মাননীয় মন্ত্রিমহাশয়ের নিকট আবেদন এই রাস্তা সম্প্রসারণের ফলে বেশ কিছু পরিণত বৃক্ষচ্ছেদন করা হয়েছে। এই রাস্তার পাশে যাতে বেশ কিছু পরিবেশ বান্ধব বৃক্ষ রোপণ করা হয় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

ZERO HOUR

...(তুমুল হট্টগোল)...

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : (নট রেসপন্ডিং)

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : (নট রেসপন্ডিং)

...(তুমুল হট্টগোল)...

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে এগ্রিকালচারাল মার্কেটিং মিনিস্টার, খাদ্য দপ্তরের মাননীয় মন্ত্রী এবং পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বাস্থ্যমন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম গ্রামান্তর থেকে যে সমস্ত গ্রীন ভেজিটেবল — সবজি বাজারে আসছে এবং কলকাতার বিভিন্ন বাজারে বিক্রি হচ্ছে সেগুলোতে রং মিশিয়ে, কেমিকেল মিশিয়ে আরও সবুজ করে বিক্রি করার জন্য এক শ্রেণীর অসাধু ব্যবসায়ী এর সুযোগ নিচ্ছে। এর ফলে কেমিকেল মেশানো, রং মেশানো সবজি খেয়ে সাধারণ মানুষ প্রত্যেকটি স্তরের মানুষের বিপজ্জনক শারীরিক ক্ষতির আশঙ্কা দেখা দিচ্ছে। পেটের অসুখ, লিভারের অসুখ, অন্ত্র নালীর অসুখ, হার্টের অসুখ, মস্তিষ্কের, নার্ভের অসুখ দেখা দিচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করে বলব এই অসাধু ব্যবসায়ীদের ধরা হোক এবং জনসাধারণকে খাদ্যের বিষক্রিয়া থেকে মুক্ত করা হোক।

(এই সময় বিরোধী দলের বামফ্রন্টের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন)

(...তুমুল হট্টগোল...)

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে অগ্নিনির্বাপণ মন্ত্রীর কাছে আবেদন করছি ওয়েস্ট বেঙ্গল ফায়ার সার্ভিস ডিপার্টমেন্টে দীর্ঘ তিন

বছর যাবৎ অস্থায়ী কর্মচারীরা অকজিলারী ফায়ার পারসোনেল হিসাবে মাসিক মাত্র ৭৪৩৬ টাকা বাইশ দিনের বেতন পান। একজন পার্মানেন্ট স্টাফের সমান কাজ করেন তাঁরা জীবনের ঝুঁকি নিয়ে। এদের কোন মেডিক্যাল ফেসিলিটি বা লিভ ফেসিলিটি কিছুই নেই। বর্তমানে অকজিলারী ফায়ার সার্ভিসের কর্মী সংখ্যা এক হাজার একশো সত্তর। আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি পার্মানেন্ট স্টাফ যারা আছেন পুলিশ, আবগারী, কারারক্ষী স্টাফরা এক হাজার টাকা রেশন মানি পান। কিন্তু এই ফায়ার সার্ভিসের পার্মানেন্ট স্টাফরা দুশো টাকার থেকেও কম পান, বা দুশো টাকার সমতুল্য পান। এটা যাতে অন্যদের মত সমান করা যায় তার জন্য আপনার মাধ্যমে আবেদন করছি।

(...তুমুল হট্টগোল...)

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, আমি বলতে চাই যারা এই হাউসের মধ্যে চিৎকার করছে এই বামফ্রন্টের বন্ধুরা যারা অবৈধভাবে চিৎকার করছে, এরা সুন্দরবনটাকে শ্মশানে পরিণত করেছিল। এরা অবৈধভাবে গাছ কাটাকে প্রশ্রয় দিয়েছিল পুলিশের মদতে এবং সি পি এম ক্যাডাররা সুন্দরবনের বনজ সম্পদ ধ্বংস করেছিল। আমি তাই মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই সুন্দরবনকে বাঁচাতে এবং রক্ষা করতে এবং বামফ্রন্টের মুখের উপরে জবাব দিতে সামাজিক বনসৃজন প্রকল্পের মাধ্যমে অধিক সংখ্যায় বৃক্ষরোপণের ব্যবস্থা করতে হবে, যাতে বনসংরক্ষণ করে মহামূল্যবান সুন্দরী গরান গেঁয়ো গাছ যাতে বেশী উৎপাদন করা যায় এবং বামফ্রন্ট সরকার সুন্দরবনের সুস্বাদু উৎকৃষ্ট মধু চুরি করে ক্যাডাররা এই সুন্দরবনকে ধ্বংস করবার চেষ্টা করেছে। আমি তাই ম্যাডাম আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলব এখন আগের থেকে অনেক শান্তি ফিরে এসেছে। বর্তমানে এই মধুর উৎপাদন যাতে বৃদ্ধি পায় তার জন্য সুব্যবস্থা করা এবং মধুর উৎপাদন ব্যবস্থাতে যাতে দরিদ্র মানুষ অংশগ্রহণ করতে পারে তারজন্য

(...তুমুল হট্যগোল...)

আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি যে বন্যপ্রাণী সংরক্ষণের দিকে নজর দিয়েছেন সেটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর ঐকান্তিক প্রচেষ্টায় হয়েছে। যে রয়্যাল বেঙ্গল টাইগার পৃথিবীর মধ্যে বিখ্যাত, যে রয়্যাল বেঙ্গল টাইগার সুন্দরবনে আছে তাকে সংরক্ষণের ব্যবস্থা করেছেন। তার জন্য ধন্যবাদ জানাই। এবং এই বামফ্রন্টের বন্ধুরা তারা এই হাউসের মধ্যে চিৎকার করে আমাদের কণ্ঠরোধ করার চেষ্টা করছে। কিন্তু মা মাটি মানুষের সরকার চলছে। আমাদের এই কণ্ঠকে প্রতিরোধ করা যাবে না। যত মিথ্যা এবং অপপ্রচারের মধ্য দিয়ে আজকের এই বামফ্রন্টের বন্ধুরা হাউস বন্ধ করার চেষ্টা করছে। আমি পরিষ্কার করে বলতে চাই যে সুন্দরবনকে এরা যেভাবে নষ্ট করবার চেষ্টা করেছে, যে অপচেষ্টা করেছে তার জন্য আমি মন্ত্রীকে বলতে চাই আগামীদিনে আবার সুন্দরবন নতুন রূপ পেয়েছে। এবং অপদার্থ অপশাসনে জর্জরিত কঙ্কালমন্ত্রীরা কঙ্কাল কমরেডরা এরা দাঁড়িয়ে চিৎকার করছে। এদের লজ্জা করে না। এদের যদি লজ্জা থাকত তাহলে আজকে চিৎকার করত না।

(...তুমুল হট্টগোল...)

শ্রীমতি সাবিনা ইয়াসমিন : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছে আবেদন করি এই বছর পরপর দুবার ঝড়ে মালদা জেলাতে আম এবং লিচুর প্রচুর ক্ষতি হয়। এবং হর্টিকালচার ডিপার্টমেন্ট অনুযায়ী সেই হিসাব ৭১ কোটি টাকার। আমি অনুরোধ করব যত তাড়াতাড়ি হয় এই ৭১ কোটি টাকা ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হোক।

...(At this stage, all the Hon'ble Members of the Left Front parties continued raising slogans in the Well of the House)...

Madam Dy. Speaker : Today, the Hon'ble Speaker has selected the notice of Shri Sekh Sahonawez on the subject of urge for construction of S.R.D.A. Road from Naihati to Kalyanpur under Ketugram Block II in Ketugram Assembly Constituency area.

The Minister-in-Charge, P.W.D. Department, may please make a statement today, if possible or give a date.

(...গোলমাল...)

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, কলিং অ্যাটেনশন যেটা উত্থাপিত হয়েছে, আমরা এই অধিবেশন চলাকালীনই এর উত্তর দিয়ে দেবো।

(এই সময় সভার কাজ দুপুর ১.১৫ মিনিট পর্যন্ত মুলতুবি করা হয়)

[1.15 - 1.30 p.m.]

After Recess

FINANCIAL

Budget of the Government of West Bengal for 2015-2016

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 22

Mr. Speaker : Now the business is Demand No. 22. Demand No. 22 relates to food processing industries and horticulture dept.

There are three cut motions to Demand No.22. The motions are in order.

Shri Asit Mitra (No.1) Shri Gouranga Chatterjee (Nos.2 & 3)	:	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

শ্রী বাসুদেব খাঁ : স্যার, ২০১৫-১৬ সালের ২২ নম্বর দাবী প্রসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প, উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেই বরাদ্দকে আমি সমর্থন করতে পারছি না। পারছি না তার অনেকগুলি কারণ রয়েছে, শুধু পারছি না বলেই নয়, এর কারণ হচ্ছে — আপনি এর আগে পর্যটনঙমন্ত্রী ছিলেন, আবার উদ্যান পালনের মন্ত্রী হয়েছেন। কিন্তু সমস্যা আপনার পিছু ছাড়ছে না। আপনি জানেন যে লক্ষ্য নিয়ে আপনি এই দপ্তরটি নিয়েছেন, সেই দপ্তরটিকে আপনি কথায় বলেছেন পুনরুজ্জীবিত, কথা আপনি বলতেই পারেন, কিন্তু তাকে যদি আরও চলমান ও গতি আনতে হয় তার জন্য অর্থের দরকার হয়ে থাকে। কিন্তু যে অর্থ ২০১৪-১৫ বাজেটের মধ্যে ধরা আছে ১৮৫ কোটি ৪৪ লক্ষ ৮৮ হাজার টাকা, আর এটা ২০১৫-১৬ সালে এই বাজেট বরাদ্দ আপনার ধরা হয়েছে ১৪৮ কোটি ৭০ লক্ষ ৯৫ হাজার টাকা। তাহলে দেখা যাচ্ছে যে বিগত বছরের থেকে ৩৬ কোটি ৭৩ লক্ষ ৯৩ হাজার টাকা এখানে হ্রাস করা হয়েছে। অথচ এই দপ্তরটি আপনি নিয়েছেন কৃষককে বাঁচাবার জন্য, কৃষিকে বাঁচাবার জন্য। এই দপ্তরটি খুবই গুরুত্বপূর্ণ, কিন্তু এখানে বাজেট বরাদ্দেতে যে টাকা হ্রাস হয়েছে, জানি না কী কারণের জন্য এই টাকা এতটা হ্রাস করা হলো। এই দপ্তর থেকে শুধুমাত্র কৃষক এবং কৃষিকে বাঁচাবার জন্যই নয়, এর মাধ্যমে যে কর্মদিবস সৃষ্টি হবে, সেই জায়গায় আপনার ঘাটতি রয়ে যাবে। আপনি বিভিন্ন জায়গায় আপনি উল্লেখ করেছেন আপনার যা লক্ষ্য, আপনি সামনের দিকে যা তাকাতে চাইছেন, সেই তাকানোর জায়গাতে দাঁড়িয়ে এর দপ্তরের তিনটি জিনিস যেটা হচ্ছে উদ্যান পালন, দুই হচ্ছে খাদ্য প্রক্রিয়াকরণ এবং তিন হচ্ছে সিঙ্কোনা, এই তিনটি বিষয় আপনার দপ্তরের মধ্যেই রয়েছে। এখন উদ্যান পালনের ক্ষেত্রে আপনি উল্লেখ করেছেন যে সামনের ২০১৫-১৬ সালেতে যেখানে ১৩ লক্ষ ৫০ হাজার কর্মদিবস সৃষ্টি করার একটা লক্ষ্য নিয়ে চলার চিন্তা-ভাবনা নিয়েছেন। কিন্তু এই যে ১৩ লক্ষ ৫০ হাজার কর্মদিবস আপনি যখন সৃষ্টি করতে চাইছেন তাহলে কোথায় আপনি টাকা পাচ্ছেন? কারণ বিগত ২০১৪-১৫-তে আপনার বাজেট বরাদ্দ থেকে ২০১৫-১৬-তে আপনার বাজেট যখন হ্রাস করা হচ্ছে, তা আপনি যে যে দপ্তরে বা বিষয়ে টাকাগুলো খরচা করে আরও একটু বাড়াতে চাইছেন বা ভাবতে চাইছেন, সেই ভাবনাটা আপনি কি করে এই লক্ষ্য পূরণের জায়গায় যাবেন আমি জানি না। উদ্যান পালনের ক্ষেত্রে আপনি বলেছেন ঠিকই, এখানে দানাশস্য থেকে উদ্যানে ফসল, ফল, সবজিতে আপনি বেশী গুরুত্ব দিতে চাইছেন এবং এটা বেশী লাভজনক জায়গাটাও আছে। ঠিকই তাই। কারণ কৃষকরা ধান চাষ, আলুর বিপর্যয় যেভাবে ঘটল তার থেকে উদ্যানজাত ফসলের উপর যদি লক্ষ্য দেওয়া হয়, নিশ্চয়ই অনেকটা লাভজনক জায়গায় যাবে—ঠিকই। কিন্তু উদ্যানজাত ফসল তৈরি করতে যে জায়গায় সমস্যা আপনাদের তৈরি হচ্ছে এগুলো লক্ষ্য রাখা উচিত বলে আমরা মনে করছি। সমবায়গুলোর আপনার যে প্রচার, কৃষকদের উদ্যোগ সৃষ্টি করা, সেই উদ্যোগ সৃষ্টি কি আপনি আমাদের যে সমবায়গুলো আছে সেগুলোকে সঙ্গে নিয়ে যদি এই উদ্যোগটা সৃষ্টি করতেন, তাহলে আগামী দিনে আপনার লক্ষ্যের অনেকটা জায়গায় আমরা যেতে পারতাম। আপনি কৃষকের কথা বলেছেন, ভেবেছেন এই দপ্তরের মাধ্যমে। বিগত দিনে আলুর যে দাম আপনি উল্লেখ করেছেন উল্লম্ফন ঘটেছিল আপনার দপ্তর উদ্যোগ নিয়ে সাধারণ মানুষের কাছে তার একটা সহজলভ্যে

পৌঁছাতে পেরেছিল। কিন্তু আপনার যে সময়তে দাম বেড়েছিল, যে উদ্যোগ নিয়েছিলেন এই সময়তে কৃষকের আলুর ফলন হওয়ার ফলে যে মার খেলো - দামের জায়গাতে দাঁড়িয়ে, ফলে আপনার দপ্তর কিন্তু সেই জায়গায় কোনো কিছুর উদ্যোগ নিল না। এই জায়গায় আমরা সেই বিষয়গুলো লক্ষ্য করতে পারলাম না। আপনি চাষীর কথা ভেবেছেন। এখানে বলেছেন চাষের খরচ যেভাবে বাড়ছে, সেই জায়গায় দাঁড়িয়ে আপনি কেঁচো সার উৎপাদনের কথা ভেবেছেন। খুব একটা ভালো দিক আমরা মেনে করেছি। যেটা ২০১৪ এবং ২০১৫ সালে আপনি তৈরি করেছিলেন ২২৫টা। কিন্তু দেখা যাচ্ছে ২০১৫ এবং ২০১৬ সালে আপনি ৫০০টা তৈরি করার কথা ভেবেছেন। কিন্তু খাতের টাকাগুলো আপনি করবেন কোথা থেকে? একদিকে সারের দাম বৃদ্ধি পাচ্ছে, সেই জায়গায় তাকে কমাবার জন্য আপনি কেঁচো সারের উৎপাদনের উপর জোর দিচ্ছেন অথচ টাকা দিতে পারছেন না অথচ আপনি ৫০০ বাড়াবেন। এটা কি ঠিক যৌক্তিকতা আসছে দুটোর কথার মধ্যে দিয়ে? আপনার আলোচনার সময় একটু বলবেন। সত্যিই আজ আমাদের দেশের খুবই সমস্যার কথা আপনি বলেছেন এবং তার জন্য ৭টি জেলাকে এই প্রকল্পের আওতায় নিয়ে এসেছেন। আবার বাকি কয়েকটি জেলাকেও আপনি প্রকল্পের আওতায় আনার কথাও ভেবেছেন। ঠিক একই সমস্যার মধ্যে দিয়ে আপনি পরপর কতকগুলো জিনিস আপনার প্রতিবেদনে পেশ করেছেন, সেই জায়গাতেই সমস্যাগুলো আমরা দেখতে পারছি। আমি বলতে চাইছি, আমাদের দেশে নিম - আমরা সবাই জানি যে নিমে গাছের পেটেন্ট নিয়ে সমস্যা তৈরি হয়েছিল। নিম থেকে বহুবিধ ওষুধ আজকাল তৈরি হয়। কিন্তু এই নিম গাছকে নিয়ে আপনার কোনো ভাবনা এর মধ্যে দেখতে পারলাম না। এই ভাবনাটা থাকলে আমার মনে হয় খুবই ভালো জায়গায় আমরা পৌঁছাতাম। ইতিমধ্যেই আজকে প্রচারের জায়গায় গেছে ম্যাগি। বিভিন্নভাবে এর প্রচার হচ্ছে। ফুড প্রসেসিংয়ের মধ্যে এটা নিশ্চয়ই আছে। যেখানে সিসা বা লেড খাবারের মধ্যে থাকার ফলে যে বিষক্রিয়া আজকে হচ্ছে তা সাংঘাতিকভাবে দেখা দিচ্ছে। ফলে আপনার দপ্তরে ম্যাগির বিষয় নিয়ে বাচ্চা-বাচ্চা ছেলেদের উপর যে প্রতিক্রিয়া পড়ছে বা আমরাও অনেকে রেডিমেড খাবার খাচ্ছি। তার বিষয় নিয়ে যদি আপনার দপ্তর উদ্যোগ নেয় সেই জায়গাটা একটু ভাবার জন্য বললাম। এছাড়াও আপনার মালদা, মুর্শিদাবাদে আমের যে বিষয়গুলো রয়েছে যে বিভিন্ন সময় পচে যাচ্ছে তাতে যে প্রসেসিংটা করা দরকার, সেই প্রসেসিংটা আরও দ্রুতভাবে করলে ভালো হবে। এই কথাকটি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক কুমার সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের যে বাজেট সেই সম্পর্কে কয়েকটি কথা বলছি। ২০১৫-১৬ সালে ২২নং দাবী, এখানে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী বাজেট পেশ করেছেন এবং সেই বাজেটে বিভিন্ন ব্যাপারে যে উল্লেখ করেছেন। একটা জিনিস বোঝা যাচ্ছে যে এতদিন আমরা খাদ্য প্রক্রিয়াকরণ যে শিল্প সেই শিল্পকে ততটা গুরুত্ব পেতে দেখিনি। এখন বর্তমান মা-মাটি-মানুষের সরকার খাদ্যে প্রক্রিয়াকরণ এবং অন্যান্য বিষয়ে জোর দিয়েছে। এর মাধ্যমেই সাধারণ মানুষের উপকার হয়

বা সাধারণ মানুষের যে উন্নয়ন হয়, সেটা আজকে বুঝিয়ে দিয়েছেন মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর মাননীয় মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী মহাশয়। আমি আশা করব এই যে দপ্তর এই দপ্তরের মাধ্যমে বহু মানুষের উপকার হবে। তার ফলে খাদ্য প্রক্রিয়াকরণ যেটা হচ্ছে যেটা মানুষ পরবর্তীকালে পেতে পারে বিভিন্নভাবে প্রক্রিয়াকরণের মাধ্যমে। এটা দীর্ঘদিন বাদেও আমরা এর সুযোগ বা সুবিধা পেতে পারি। সেটা বুঝিয়ে দেওয়া হয়েছে। আজকে যে এই প্রাকৃতিক সম্পদ এবং উদ্যানপালন তথা কৃষিক্ষেত্রে পর্যাপ্ত মানবসম্পদের অধিকারী এই রাজ্যের উন্নয়নে স্বনির্ভরতা এবং ক্রমান্নোতির ক্ষেত্রে দুটো একটি নতুন যুগের সূচনা হতে চলেছে। বিধানসভার মাননীয় সদস্যদের সামনে মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের অভিভাবকত্বে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগ কর্তৃক প্রকাশিত ২০১৫-১৬ আর্থিক বর্ষে ভিশান ও মিশন এবং লক্ষ্য বিবৃত করেছেন। ২০১৫-১৬ আর্থিক বর্ষে উল্লেখযোগ্য সাফল্যসমূহ মাননীয় সদস্যদের সামনে উপস্থাপন করা হয়েছে। আজকে এই দপ্তরের মাধ্যমে বিভিন্ন দিকে বহু মানুষের রুটিরুজির ব্যাপার হচ্ছে। এর মাধ্যমে বহু মানুষ করে খাচ্ছেন। আজকে এই দপ্তরের মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রী বিভিন্ন দিক খুলে দিয়েছেন। আমরা দেখেছি যে এই দপ্তরের প্রশাসনিক কর্তৃত্বাধীন রয়েছে অনেক কিছু যেমন, উদ্যানপালন, খাদ্য প্রক্রিয়াকরণ, সিঙ্কোনা চাষ এবং অন্যান্য ভেষজ উদ্ভিদ। পশ্চিমবঙ্গ রাজ্য খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন উন্নয়ন নিগমের কর্তৃত্বে কাজ করে দপ্তরের সাফল্যের মাত্রাকে বাড়িয়েছে। আজকে আমরা জানি এই দপ্তরের যে সাফল্য সেই সাফল্য প্রতিফলিত হচ্ছে এবং আমরা তার সুফল পাচ্ছি বিভিন্ন দিকে। যে সব্জি বা যে ফসলগুলো নষ্ট হয়ে যেত, এই প্রক্রিয়াকরণের মাধ্যমে আমরা দেখছি সেগুলোকে রক্ষণাবেক্ষণ করা হয়েছে এবং বিভিন্নভাবে এগুলোর উন্নয়ন হচ্ছে। যা সাধারণ মানুষের কাজে লাগছে। আজকে যেগুলো বলছেন যে, বিভিন্নভাবে ক্ষতি করতে যে সিসা বা যে বিষয়গুলো, সেগুলো নিশ্চয়ই এই দপ্তর দেখবেন। পরবর্তীকালে আমরা এটা জানতে পেরেছি যে এই ব্যাপারে সাধারণ মানুষের বা শিশুদের অসুবিধা বা ক্ষতি হচ্ছে, সেগুলো কিছু অসাধু ব্যবসায়ীরা এইগুলো ব্যবহার করছে। আমরা নিশ্চয়ই মাননীয় মন্ত্রীকে বলব এই বিষয়ে কি ব্যবস্থা নেওয়া যায় তার জন্য চিন্তা করবেন। আমরা দেখছি রং লাগানো খাবারের উপরে - এগুলো যাতে না হয়। কিভাবে এই অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়, তিনি নিশ্চয়ই এই ব্যাপারে দেখবেন। আমাদের মা-মাটি-মানুষের সরকার-এর বিরুদ্ধে ব্যবস্থাও গ্রহণ করবেন। খাদ্য প্রক্রিয়াকরণের ক্ষেত্রে আধুনিক খাদ্য প্রক্রিয়াকরণ স্থাপনে এই দপ্তর উদ্যোগ নিয়েছেন। ২০১২ সালে স্থাপিত জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশন এই ক্ষেত্রে একটি কার্যকরী প্রকল্প হাতে নিয়েছেন। উদ্যোগপতি, উন্নয়ন কর্মসূচী এবং খাদ্য প্রক্রিয়াকরণে প্রশিক্ষণ কেন্দ্রের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। স্বনির্ভরতার কথা মাথায় রেখে ক্ষুদ্র এবং অতিক্ষুদ্র উদ্যোগশীল সংস্থাগুলির দিকে নজর দেওয়া হয়েছে। এতে ২০১৪-১৫ সালে দৃষ্টান্তমূলক সাফল্য দেখা দিয়েছে। ক্ষতিগ্রস্ত চালকলগুলোর আধুনিকীকরণ যাতে হয় তার জন্য চেষ্টা করছে এই দপ্তর। আমরা দেখছি বিভিন্ন দিক দিয়ে আজকে এই দপ্তরের মাধ্যমে এই চাষীদের বা সাধারণ মানুষের উপকার হয়েছে। সবশেষে বলব সিঙ্কোনা এবং অন্যান্য ভেষজ উদ্ভিদের অধিকারের কার্যকারিতার উপর দৃষ্টি রাখতে বলব। এই

ইপিকাক, সিঙ্কোনা, ম্যান্ডারিন অরেঞ্জ উৎপাদনে কৃতিত্ব দাবী করে। এই অধিকারে বিগত ১৪ বছর বন্ধ থাকার পর ক্যুইনাইন ফ্যাক্টারিটি পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।

[1.30 - 1.40 p.m.]

এই অধিকার সাফল্যের সঙ্গে সিঙগুডিয়াম, অর্কিডের, কুঁচো ফুলের বাজার তৈরি করতে সক্ষম হয়েছে। এই বিষয়ে উল্লেখ্য যে এই অধিকারের কার্যাবলী ২৮.০৯.২০১২ থেকে জি.টি.এ.-তে স্থানান্তরিত করা হয়েছে। আপনারা জানেন, আমরা যখন ছোট ছিলাম, তখন ফুলেতেও যে একটা ব্যবসা হতে পারে বা বাণিজ্য হতে পারে আমাদের জানা ছিল না। আমরা দেখতাম যে আমরা অন্য কারোর বাড়ি থেকে বাগান থেকে ফুল নিয়ে এসে মা কাকীমা দিদিমা ঠাকুমাদের হাতে তুলে দিতাম। কিন্তু এখন যে ফুল বাজারে বিক্রি হচ্ছে, এক শ্রেণীর বিক্রেতা সেইগুলো বিক্রি করছে। এক শ্রেণীর উৎপাদক সেইগুলো উৎপাদন করছে। এর ফলে কি করছেন, আমরা দেখছি এই সরকার এই ফুল চাষের উপর নজর দিয়েছেন এবং এই ফুল চাষের মাধ্যমে বহু মানুষ আজকে উপার্জন করছেন। খেটে খাচ্ছে। তাই আমরা চাই এই খাদ্য প্রক্রিয়াকরণ এবং এই যে চাষবাস, উদ্যানপালন, এই বিভাগের আরো উন্নয়ন হোক। এই সরকার সৃষ্টি করুন নতুন নতুন জিনিসের, যার মাধ্যমে সাধারণ মানুষের উপকার হয়, চাষীদের উপকার হয়। সাধারণ মানুষ আজকে এই দপ্তরের মাধ্যমে নতুন নতুন শিক্ষায় শিক্ষিত হোক, তারা নতুন নতুনভাবে চাষবাস করুক, যাতে চাষবাস বাড়ে। এই কথা বলে নমস্কার জানিয়ে, এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী ২২ নম্বর ডিমান্ডে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প উদ্যানপালন বিভাগের যে বাজেট নিয়ে এসেছেন, সেই সম্বন্ধে স্যার, দু-একটি কথা বলছি। প্রথমেই বলতে চাইছি যে, এই দপ্তরটার এতবড় এর ব্যাপ্তি যে গোটা পশ্চিমবাংলায় অন্যান্য দপ্তর ডঃ অমিত মিত্র যে যার বড় বড় শিল্প নিয়ে যা কিছু না কাজ করতে পারে মানুষকে, এই দপ্তরের মাধ্যমে গ্রামীণ বাংলায় আমরা তাদের সাধারণ মানুষের চাষী, কৃষক এদেরকে ইনভলভ করে সেখানে আমরা তাদেরকে এই কর্মসংস্থানের ব্যবস্থা করা যায়, এই দপ্তরের মাধ্যমে। কিন্তু দুঃখের কথা, এই বাজেটে গত বৎসরের চেয়ে, এই বৎসরে বাজেটে আরো বাড়ার প্রয়োজন ছিল, কিন্তু গত বৎসরের চেয়ে এই বৎসর ৩৬ কোটি ৭৩ লক্ষ ৯৩ হাজার টাকা কমে গেল। গত বৎসরে যেখানে ছিল, ১৮৫ কোটি ৪৪ লক্ষ ৮৮ হাজার টাকা, এবার তার চেয়ে কমে গিয়ে ১৪৮ কোটি টাকা হল। এবং গত বৎসরের যে অ্যাচিভমেন্ট, গত বৎসরে যা ছিল তার মধ্যে কেবলমাত্র ধরা হয়েছিল ১২২ কোটি ৭৯ লক্ষ ১৫ হাজার টাকা। তার মধ্যে উনি পেলেন, ৬৫ লক্ষ ৮০ হাজার টাকা। টাকাটা ব্যয় করলেন, টোটাল ব্যয় হল ৩৩.৫৯ পারসেন্ট। তাহলে এই যদি অ্যাচিভমেন্ট অফ ডিপার্টমেন্ট হয় তাহলে যে ডিপার্টমেন্ট-এর আমরা সাধারণ মানুষের এত উপকার করতে পারি সেই ডিপার্টমেন্ট-এর দ্বারা মানুষ কতটা উপকার পেতে পারে। এ ছাড়া স্যার, গত বৎসর সেন্ট্রাল গভর্নমেন্ট-এর এই ডিপার্টমেন্ট থেকে যে টাকাটা এসেছিল, সেখানেও এরা খরচ করতে পারেনি ১.২১ ক্রোড়। সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে যে ডিপার্টমেন্টে টাকাটা এসেছিল সেখানে ১.২১ ক্রোড় টাকা এরা

খরচ করতে পারেনি। এই দপ্তরের মোট কথা হচ্ছে যে মিনিস্ট্রি অফ ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, National Mission on Food Processing. তাতে ৬টা ডিপার্টমেন্ট ভাগ করা আছে, Scheme for Infrastructure Development, Mega Food Park, Cold Chain, Value Addition and Preservation Infrastructure and Abattoir। আরো আছে, স্কিম ফর টেকনোলজি আপ গ্রেডেশান, স্কিম ফর কোয়ালিটি অ্যাসিওরেন্স, আর অ্যান্ড ডি, স্কিম ফর হিউম্যান রিসোর্স অ্যান্ড স্কিল ডেভলপমেন্ট। এইসব কয়টি স্কিম নিয়ে এই দপ্তর। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই সমস্ত ব্যবস্থাগুলি করেনি। স্যার, আমরা জানি যে পশ্চিমবাংলায় আজকে এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত - আমরা দেখেছি পাহাড়ে আরো অনেক কিছু তৈরি হয়, সিঙ্কোনা তৈরি হয়। চাষ হওয়ার পসিবিলিটি আছে। উত্তরবঙ্গে টমেটো হয়। মুর্শিদাবাদ, মালদায় আম হয়, লিচু হয়। মেদিনীপুরে বিভিন্ন ধরনের ফুল হয়। এইসব নিয়েই এই দপ্তর। ফুড প্রসেসিংয়ের মেন কথাটা হচ্ছে ফুড পার্ক, মেগা ফুড পার্ক। ইলেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে ভারতবর্ষের ২০টি মেগা ফুড পার্ক করার ব্যবস্থা হয়েছিল, in the 11th five year plan. প্রথম বর্ষে হল ১০টি। সেই ১০টির মধ্যে আমাদের পশ্চিমবাংলাতে একটা হল, সেটা হল মুর্শিদাবাদের জঙ্গিপুরে। সেখানে সেই মেগা ফুড পার্কের জন্য যা কিছু দরকার সমস্ত কিছু তৈরি হয়ে গিয়েছিল। বিল্ডিং তৈরি হয়েছে। সেখানে স্টোরেজ করার জন্য জায়গা তৈরি হয়ে গেছে। গো ডাউন তৈরি হয়ে গেছে। স্টেট গভর্নমেন্টের ১১ শতাংশ ইকুইটি শেয়ার আছে। সেটা উনি দিয়ে দিয়েছেন। কিন্তু সেই মেগা ফুড পার্কটা যাতে চালু হয় সেই ব্যবস্থা এখনো হচ্ছে না। ছোট ছোট ইন্ডাস্ট্রি যেগুলো যাবে, যেগুলো ফুড প্রসেসিং, আমরা দেখেছি মুর্শিদাবাদের কপি গরুতেও খায় না। টমেটো, আলু নিয়ে আমরা কত রকম চিন্তা করছি। এই আলুর বীজ আমাদের পশ্চিমবাংলায় অন্য রাজ্য থেকে আমদানি করতে হয়। এখানকার বীজ চলে না। মালদাতে ফুড পার্ক আছে। সেখানে আরো ছয়টি স্কিম করার কথা আছে। দুটো চালু হয়েছে ছোটভাবে। আর চারটে হয়নি। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো, মুর্শিদাবাদ এবং মালদাতে যাতে ভালোভাবে চালু হয়। আমরা জমির জন্য শিল্প তৈরি করতে পারছি না। সেখানে জমি পাওয়া গেছে। তার কনভারসান হয়ে গেছে। সমস্ত কিছু হয়ে গেছে। অথচ ওখানে শিল্প নিয়ে যাওয়া হচ্ছে না। শিল্পের কোনো ব্যবস্থা হচ্ছে না। এটা করার জন্য মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করবো। আর একটা বিষয় এই দপ্তরের দেখা উচিত, আমরা যে সমস্ত কাঁচামালগুলো নিয়ে আসি, টমেটো, আলু, এগুলোর জন্য যে in course of transportation, অনেক নষ্ট হয়ে যায়, পচে যায়। সেক্ষেত্রে এমন কিছু ব্যবস্থা করা দরকার যাতে চাষীর ঘর থেকে, মাঠ থেকে মার্কেটে আসা পর্যন্ত এই পচনটা বা এই নষ্টটা যাতে বন্ধ করা যায় সেটা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। স্যার, আমরা জানি, মালদা, মুর্শিদাবাদে অনেক লিচু চাষ হয়। এই লিচু বছরে একবার হয়ে যাওয়ার পরে সেই বাগানটা যখন ফাঁকা থাকে, অন্য সময়, সেখানে অন্য চাষ করা যেতে পারে। বিশেষ করে হলুদ চাষ করা যেতে পারে। আমরা দেখেছি, মুর্শিদাবাদে আমবাগানেও অনেক সময় হলুদের চাষ হয়। এইভাবে মানুষদের, চাষীদের সচেতন করতে হবে। আজকে সারের ক্ষেত্রে জৈব সারকে ইউজ করতে হবে, কেঁচো সারকে ইউজ করতে হবে। যেকোনো

চাষে চাষীরা রাসায়নিক সার আজকে বেশি প্রয়োগ করছে। এই রাসায়নিক সার বাদ দিয়ে, যতটা পারা যায় কম করে যদি জৈব সার বা কেঁচো সার চাষীরা প্রয়োগ করে বিভিন্ন ক্ষেত্রে, সেইজন্য মানুষদের, চাষীদের সচেতন করতে হবে। এইজন্য আমাদের যে পরিকল্পনা আছে, যে অনেক ইনস্টিটিউশান তৈরি করতে হবে, তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। পূর্ব মেদিনীপুরের রামনগরে একটা প্রশিক্ষণ কেন্দ্র আছে, সেটিকে যদি ভালোভাবে চালু করার ব্যবস্থা করা যায়, তাহলে মানুষকে আমরা ভালোভাবে প্রশিক্ষণ দিতে পারি। এছাড়া আমরা খাবারের ক্ষেত্রেও দেখছি, কিছুদিন পরে হয়তো দেখা যাবে সবার বাড়িতে রান্নাটাই উঠে যাবে। সবাই ফাস্ট ফুড, টিফিন, ছোট ছোট খাবার খাবে। এক্ষেত্রে কি করা যায়। অনেক রাজ্যে বা অনেক দেশে মাংস থেকে অনেক কিছু প্রক্রিয়াকরণ বা মডার্নাইজড করার পর সেগুলো বিদেশে চালান করা হয়। সেখান থেকে অনেক টাকাপয়সা আমদানি করা হয়।

[1.40 - 1.50 p.m.]

মাছ প্রক্রিয়াকরণ কি করে করা যায়, এইগুলো দেখার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। স্যার, আজকে সারা বিশ্বে ফুলের চাহিদা বেড়েছে। আমাদের এখানে মল্লিকঘাট ফুল বাজার প্রকল্প যেটা চালু করার কথা ছিল, সেটা চালু করা যায়নি। সেটা যাতে চালু করা যায়, সেদিকে আমাদের নজর দিতে হবে। দার্জিলিঙের মংপঙে সিঙ্কোনা থেকে কুইনাইন তৈরি হত। ঐ প্রকল্পটি এখন বন্ধ আছে, সেটা জি.টি.এ.-কে দেওয়া হয়েছে। তাদের সঙ্গে আলোচনা করে এটা যাতে পুনরায় চালু করা যায় সেটা দেখতে হবে। এইগুলো এই দপ্তরের বেসিক adaption আর পতিত জমি আমাদের এখানে অনেক পড়ে আছে, সেইসব পতিত জমিতে প্লানটেশান প্রোগ্রাম নিতে হবে। সেখানে সাধারণ ফসল হয় না। ধানের মিল থেকে চালটা আসে, কিন্তু ধানের যে তুষটা হয়, তার থেকে তেল হতে পারে এবং এক ধরনের রং হতে পারে। এই জিনিসগুলো যদি আমরা ঠিকভাবে করতে পারি এই মিনিস্ট্রির মাধ্যমে তাহলে পশ্চিমবাংলার অনেক মানুষ উপকৃত হবে। দুধ থেকে দুগ্ধজাত জিনিস অনেক কিছু করা যেতে পারে। সেটা কিভাবে করা যায় সেটা আমাদের দেখতে হবে। এইদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব। এগুলো ছাড়া এই ডিপার্টমেন্টের আরও অনেক কাজ আছে। অনেক রকমের পিঁয়াজ উৎপাদন হয়। আমাদের পশ্চিমবাংলায় পিঁয়াজ যা উৎপাদন হয় তাতে আমাদের প্রয়োজন মেটে না, নাসিক থেকে আমাদের পিঁয়াজ আমদানি করতে হয়। আমাদের রাজ্যে পিঁয়াজ উৎপাদনের উপরে জোর দিতে হবে। পিঁয়াজ চাষের পরে মাটি থেকে তুলে সেটা ছয় মাস যদি খোলা জায়গায় রেখে দেওয়া যায় তাহলে পিঁয়াজ নষ্ট হবে না। এই পদ্ধতির ব্যাপারে চাষীদেরকে যদি আমরা প্রশিক্ষণ দিতে পারি, তাহলে তারা পিঁয়াজ উৎপাদনে আগ্রহী হবে। অর্থাৎ যাবতীয় কাজগুলো মানুষকে হাতে-কলমে যদি আমরা শেখাতে না পারি, তাহলে যে উদ্দেশ্যে নিয়ে এই দপ্তরের ব্যাপ্তি, সেই উদ্দেশ্য কিন্তু সফল হবে না। মানুষের কাছে গিয়ে এইগুলো বলতে হবে, মানুষকে সচেতন করতে হবে। এইগুলো যদি না করা যায় তাহলে যে উদ্দেশ্য নিয়ে এই দপ্তরের ব্যপ্তি সেটা ফ্রাস্ট্রেটেড হয়ে যাবে। আরেকটা কথা আমি বলতে চাইছি, এই দপ্তরকে সাকসেসফুল হতে গেলে তিনটি দপ্তরের মধ্যে একটা

কো-অর্ডিনেশান আনতে হবে। সবজি বাজারে যেটা বিক্রি হয় সেটা বাজারে ডাইরেক্ট যাতে আনা যায় তার জন্য বিভিন্ন জায়গায় সবজি মান্ডি তৈরি করা হচ্ছে। সেইজন্য কো-অপারেটিভ ডিপার্টমেন্ট, এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেন্ট এবং মাননীয় মন্ত্রিমহাশয় যে ডিপার্টমেন্টের দায়িত্বে আছেন, এই তিনটে ডিপার্টমেন্টের মধ্যে কো-অর্ডিশেনাশান আনতে হবে। এরা যদি নিজেদের মধ্যে কো-অপারেট করে কাজ করতে পারে তাহলে অনেক কাজ হবে। এই কটি কথা বলে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব, তিনি তো আবার ইমপর্টেন্ট মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, ওদিকে যতটা লক্ষ্য রাখবেন, এদিকেও ততটা নজর রেখে এই দপ্তরটা যাতে ঠিকভাবে চলে সেদিকে নজর দিতে হবে। আপনার অনেক সুযোগ আছে, সেই সুযোগটাকে ব্যবহার করে গ্রামীণ বাংলার চাষী থেকে সাধারণ খেটেখাওয়া মানুষ অনেকেই ডাইরেকট এবং ইন-ডাইরেক্টলি ইনভলভড্ হয় তাদের কাছে সেই সুযোগটা পৌঁছে দেবার জন্য ব্যবস্থা করবেন। এই আশা রেখে আপনার দপ্তরের ব্যয়-বরাদ্দের পরিমাণ অনেক কম হয়ে গিয়েছে, সেটা যাতে বাড়ে এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০১৫-২০১৬ সালের জন্য ২২ নম্বর দাবীর অধীনে যে ব্যয়বরাদ্দ মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় পেশ করেছেন তার ওপর পূর্ণ সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা উপস্থাপন করছি। আমাদের এই যে উদ্যান কৃষি - সাধারণত উদ্যান কৃষি বলতে আমরা যেটা বুঝি সারা বছর ধরেই বিভিন্ন ধরনের যে মরশুমি ফুল, ফল এবং শাকসবজি উৎপাদনের পরিকাঠামো সেটাকে আমরা এককথায় বলতে চাইছি উদ্যান কৃষি বা হর্টিকালচার। সুতরাং এটা সম্পূর্ণরূপে গ্রামীণ যে অর্থনীতি সেই অর্থনীতির মূল ভিত্তিরূপে কাজ করে। একটা গ্রামীণ পরিবেশে আমরা বিভিন্ন ধরনের ফসল উৎপাদন করি ধান, গম, আলু। সুতরাং এই ফসলগুলো উৎপাদনের ক্ষেত্রে যদি কোনোভাবে একজন চাষী ক্ষতিগ্রস্ত হয় তাহলে কিন্তু এই ধরনের উদ্যান কৃষির মধ্যে দিয়ে সেই চাষী কিন্তু তার যে অর্থনৈতিক প্রচেষ্টা, সেটাকে কিন্তু মেটাতে পারবেন। সুতরাং এই খাদ্য প্রক্রিয়াকরণে খাদ্য ও পুষ্টির সুরক্ষার ক্ষেত্রে এর একটা বড় ভূমিকা রয়েছে এই উদ্যান কৃষির। বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'হু' যে রিপোর্ট পেশ করেছে - তাতে বলছে একজন মানুষের ক্ষেত্রে মাথাপিছু তার ফলের পরিমাণ লাগে ১০০ গ্রাম এবং শাক সবজির পরিমাণ লাগে ২৮০ গ্রাম। সুতরাং একটা মানুষের স্বাস্থ্য সচেতনতার ক্ষেত্রে এই কৃষির ভূমিকা কিন্তু অগ্রগণ্য। সর্বোপরি গ্রামীণ মানুষের অর্থনীতির ক্ষেত্রে এই কৃষির একটা অবদান কিন্তু রয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় আজকে যে বাজেট পেশ করেছেন এবং তিনি এই কৃষির ওপরে যে গুরুত্ব আরোপ করেছেন, বিশেষ করে এই কৃষির উৎপাদিত ফসলগুলোকে পশ্চিমবঙ্গে আমাদের বিভিন্ন এলাকাভিত্তিক জায়গাতে উৎপাদন করছেন। ভারতবর্ষের যে সমস্ত রাজ্যগুলো রয়েছে তার স্টেটওয়াইজ যে ডাটা সেই পরিসংখ্যান আমি আপনার মাধ্যমে তুলে ধরতে চাইছি। বিশেষ করে আমাদের যে সমস্ত ফল উৎপাদন হচ্ছে, সেক্ষেত্রে ভারতবর্ষের এই ২৯টা রাজ্যের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গ সেখানে দশম স্থান দখল করে রয়েছে। ২০১৩-২০১৪ যে অর্থবর্ষ, সেই রিপোর্ট দিয়েছে ডিপার্টমেন্ট অফ্ এগ্রিকালচার কো-অপারেশান তারা কিন্তু এটা দিয়েছেন। সর্বোপরি স্যার, একটা কথা বলতে চাই, যে

শাক-সবজি উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এই ২৯টা রাজ্যের মধ্যে কিন্তু প্রথম স্থান দখল করেছে। এখানে ২৩০৪৪.৯৫ মেট্রিকটন উৎপাদন হয়েছে, যা অন্যান্য রাজ্যকে ছাপিয়ে গেছে এই শাক-সবজি উৎপাদনের ক্ষেত্রে। এছাড়া আমরা দেখি যে ফ্লোরিকালচার, ফুলের উৎপাদন— বর্তমানে কিন্তু এর একটা ব্যাপক পরিমাণে চাহিদা বৃদ্ধি পেয়েছে। সুতরাং সেই উৎপাদনের দিক দিয়েও কিন্তু পশ্চিমবঙ্গ কোনো অংশে কম নেই। সেখানে অষ্টম স্থান দখল করে রয়েছে। প্ল্যান্টেশান ক্রপের ক্ষেত্রে সপ্তম স্থান। এবং মধু উৎপাদনের ক্ষেত্রে দেখা যাচ্ছে প্রথম স্থান দখল করে রয়েছে এই পশ্চিমবঙ্গ। সুতরাং আমাদের এই কৃষির যে অগ্রগতি, সেই কৃষির অগ্রগতির ক্ষেত্রে আমরা যদি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলোকে লক্ষ্য করি বিশেষ করে বাঁকুড়া জেলা, পুরুলিয়া জেলা, যেগুলো খরাপ্রবণ অঞ্চল। সেই অঞ্চলে কিন্তু আমাদের বর্তমানে পেঁয়াজের যে উৎপাদন রবি এবং খরিফ মরশুমে যে পেঁয়াজ সেই পেঁয়াজের উৎপাদন কিন্তু দিনের পর দিন বৃদ্ধি প্রাপ্ত পাচ্ছে। এতে সাধারণ চাষীরা কিন্তু ব্যাপক পরিমাণে উপকৃত হচ্ছে। এছাড়া গোলাপ ফুলের চাষ বা মুসুম্বী লেবু — এরও উৎপাদন হচ্ছে। এছাড়া মেদিনীপুর পূর্ব ও পশ্চিম-এর বিস্তীর্ণ এলাকাতে সেখানে কিন্তু রজনীগন্ধার চাষ, গাঁদা ফুলের চাষ, গোলাপ ফুল এবং সূর্যমুখীর ব্যাপক পরিমাণে চাষ চলছে। এছাড়া মালদা, মুর্শিদাবাদে আম-লিচুর উৎপাদন, দার্জিলিংয়ের কমলালেবুর উৎপাদন কিন্তু দিনের পর দিন বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়, ২০১৫-২০১৬ সালে যে, আমাদের যে জমির পরিমাণ, সেই জমির পরিমাণের লক্ষ্যমাত্রা - ৭০ একর সম্প্রসারণের লক্ষ্যমাত্রা তিনি কিন্তু রেখেছেন। সুতরাং এই যে একটা ডিপার্টমেন্ট, এই ডিপার্টমেন্টের মাধ্যমে আমাদের গ্রামীণ যে অর্থনৈতির ভিত্তি, সেটা কিন্তু সম্প্রসারিত হচ্ছে এবং কৃষকরা কিন্তু ব্যাপক পরিমাণে উপকৃত হচ্ছে। সর্বোপরি আমরা দেখতে পাচ্ছি যে উদ্যান কৃষির মাধ্যমে আমাদের ফ্রুট প্রসেসিং ইন্ডাস্ট্রি স্থাপন - এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। কারণ আমরা জানি উদ্যান কৃষির মাধ্যমে যেসমস্ত ফসল বা শাক-সবজি উৎপাদন করা হচ্ছে সেগুলো কিন্তু খুব অল্প সময়ের মধ্যে নষ্ট হয়ে যায়। সুতরাং এই মিশ্র কৃষির পাশাপাশি ট্রাক ফার্মিং অর্থাৎ উৎপাদন কেন্দ্র থেকে বাজারজাতকরণের যে একটা প্রক্রিয়া, সেটা কিন্তু ট্রাক ফার্মিংয়ের মাধ্যমে করা হয়। যার ফলে শহরের বিভিন্ন অঞ্চলে এই সমস্ত ফসলগুলো আনার যে পরিকাঠামো সেটা কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় যথেষ্ট তৎপরভাবে সেই পরিসংখ্যান তুলে ধরেছেন। এই কৃষি এবং উদ্যান কৃষিকে কেন্দ্র করে যে ফ্রুট প্রসেসিং ইন্ডাস্ট্রি, সেই ইন্ডাস্ট্রিগুলোতে বিভিন্ন ধরনের গবেষণা ক্ষেত্র স্থাপন করেছেন।

[1.50 - 2.00 p.m.]

এছাড়া গবেষণা কেন্দ্রগুলোতে কিভাবে এলাকা সম্প্রসারণ করা যায় এবং গরিব মানুষের স্বার্থে তাদের যে অর্থনৈতিক ভিতকে সুদৃঢ় করা যায়, তার একটা পরিকল্পনা তিনি করেছেন। আমরা দেখতে পাচ্ছি যে, এই বাজেটের মধ্যে ভেষজ উদ্ভিদ, অর্থাৎ বিভিন্ন ধরনের যে ভেষজ উদ্ভিদগুলো রয়েছে - সেই ভেষজ উদ্ভিদগুলোকে চিহ্নিতকরণের মাধ্যমে তাদের যে গুণগত মান, সেই গুণগত মানের উপর, পরিসংখ্যানের উপরে ভিত্তি করে, বিভিন্ন ধরনের কার্যকলাপ করা হচ্ছে। এছাড়া মন্ত্রী মহাশয় মাশরুম চাষের পরিকল্পনা করেছেন। গ্রামের প্রত্যন্ত অঞ্চলে—

পরিবারগুলো সেখানে মাশরুম চাষের উৎপাদন শুরু করতে পারছে। পাশাপাশি বনসৃজনের মাধ্যমে সেখানে তারা বিভিন্ন ধরনের উৎপাদনমুখী কার্যকলাপ তারা গ্রহণ করতে পারছে। সর্বোপরি আমরা এই জায়গাতে লক্ষ্য করতে পারছি, মানবসম্পদের একটা ব্যাপক উন্নয়ন ঘটছে এই পরিকল্পনার মধ্যে দিয়ে। আমরা দেখতে পাচ্ছি যে গ্রামীণ অর্থনীতিতে বহু মানুষ এই উদ্যান, কৃষি এবং ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রিতে বহু মানুষ কর্মরত রয়েছেন। যার মাধ্যমে তাদের যে অর্থনৈতিক পরিকাঠামো, তাদের যে চাহিদা, তাদের যে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা - সেটা কিন্তু সম্পূর্ণরূপে ফলপ্রসূ হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় এই হর্টিকালচার এবং ফুড প্রসেসিং ইন্ডাস্ট্রির উপরে যে ধরনের ব্যয়বরাদ্দ করেছেন বা যে ধরনের পদ্ধতিগুলো অবলম্বন করেছেন, সেটা অত্যন্ত ফলপ্রসূ এবং এটাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অনন্ত দেব অধিকারী : মাননীয় স্পীকার স্যার, আজকে খাদ্য প্রক্রিয়াকরণ, শিল্প ও উদ্যান পালন বিভাগ ২০১৫ এবং ২০১৬ সালের দাবির অধীন যে ব্যয়বরাদ্দ মঞ্জুরি হয়েছে তার সমর্থনে আমি কয়েকটি কথা বলছি এবং দপ্তরের যে উল্লেখযোগ্য ভূমিকাগুলি গ্রহণ করেছে, সেগুলি আমি হাউসের কাছে তুলে ধরতে চাই। ২০১৪-১৫ সালের খাদ্য প্রক্রিয়াকরণ, শিল্প ও উদ্যান পালন দপ্তর খাদ্য প্রক্রিয়াকরণ, উদ্যান, সিঙ্কোনা এবং ভেষজ উদ্ভিদ চাষের মাধ্যমে সাফল্য অর্জন করেছে। দপ্তরের লক্ষ্য হচ্ছে এই সাফল্যকে আরও বৃদ্ধি করা, পরিমাণে বাড়ানো এবং এছাড়া সামগ্রিক উৎপাদিত ফসল সংরক্ষণ করার ব্যবস্থা এবং মূল্য নিয়ন্ত্রণ করা। কৃষিবিজ্ঞানী এবং বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয়গুলি আছে - তাদের কাছ থেকে পরামর্শ গ্রহণ করে এবং রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার বেশি বেশি করে ব্যবহার করা যায়, প্রয়োগ করা যায় এবং তার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সবজির উপর কৃষি বিমা প্রচলন করতে হবে। কারণ, সবজি কিছুদিনের মধ্যে নষ্ট হয়ে যায়, সেক্ষেত্রে সবজি চাষীদের মধ্যে কৃষি বিমা চালু করা যায়। শিল্প ও উদ্যান ক্ষেত্রে ১৩ লক্ষ ৫০ হাজার কর্মদিবস সৃষ্টির একটা লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। এটা অত্যন্ত আনন্দের বিষয়। আজকে যে কর্মসংস্থানের সমস্যা, সেই দিক থেকে শিল্প এবং উদ্যান ক্ষেত্রে যাতে ১৩ লক্ষ ৫০ হাজার কর্মদিবস সৃষ্টি হয় সেই জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতি বছর চাষের এলাকাকে বৃদ্ধি করানোর ব্যবস্থা করা হয়েছে। সেই হিসাবে দেখা যাচ্ছে, ফল উৎপাদনের ক্ষেত্রে ৭৫০ হেক্টর, সবজি উৎপাদনের ক্ষেত্রে ৫০৩ হেক্টর, ফুল চাষের ক্ষেত্রে ৫০০ হেক্টর এবং কেঁচো সার উৎপাদনের ক্ষেত্রে ৫০টি কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। খারিফ মরশুমে যাতে পেঁয়াজ চাষের এলাকা বৃদ্ধি করা যায়, তার জন্য ১০০ কেজি পেঁয়াজ, মিনিকিট হিসাবে বিলিবন্টন করা হয়েছে। পানচাষী ও সবজিচাষীদের নিয়ে কৃষি উৎপাদনের সমস্ত ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শস্য বিমা প্রকল্প চালু করা হয়েছে। দার্জিলিংয়ে পাহাড়ি এলাকায় সিঙ্কোনা ও ইনিকাকের মতো গুরুত্বপূর্ণ ভেষজ উদ্ভিদ চাষ বাড়ানো হয়েছে। এর দ্বারা কুইনাইন প্রস্তুত করা হয়। যে কুইনাইন ম্যালেরিয়া হলে যে ওষুধ প্রমাণ হিসাবে ব্যবহার করা হয় এবং পাহাড়ে দুটি কারখানা কুইনাইন তৈরির কারখানা ছিল - আমি নিজে দেখেছি, সেটা ওই পাহাড়ের আন্দোলনের ফলে প্রায় ১৪ বছর বন্ধ ছিল। সেই

কারখানাগুলো চালু করার ব্যবস্থা করা হয়েছে এবং সিঙ্কোনোর চাষের এলাকা বৃদ্ধি করা হয়েছে। প্রথম এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ম্যালেরিয়া ব্যাপক আকার ধারণ করেছিল। সেই সময় এই সিঙ্কোনা দ্বারা কুইনাইন, সেখান থেকে সরবরাহ করে প্রভূত উপকার লাভ হয়েছে। সুতরাং এই সিঙ্কোনা চাষ খুবই গুরুত্বপূর্ণ। এটা দার্জিলিং-এর পাহাড়ী এলাকা ছাড়া অন্যত্র এর চাষ সম্ভব নয়। আন্তর্জাতিক বাজারে কুইনাইন অভাব পূরণ করা এবং সরবরাহ করা মূল উদ্দেশ্য। ভেষজ উদ্ভিদের সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মংপুতে পাহাড়ী এলাকায় কুইনাইনের কারখানা ছিল, সেটা প্রায় ১৪ বছর বন্ধ ছিল পাহাড়ী এলাকায় গণ্ডগোলের জন্য, সেটাকে চালু করা হয়েছে। সেখানে সিঙ্কোনা থেকে কুইনাইন তৈরি হয়। কুইনাইন এবং হাইড্রোক্লোরাইড তৈরি হয়। এই গাছগুলো সাধারণত পাহাড়ী এলাকা ছাড়া অন্যত্র সমতল জায়গায় এর চাষ-আবাদ হয় না। সেই জন্য সেখানে চাষের জমি বৃদ্ধি করার চেষ্টা করা হচ্ছে। বিশেষ করে যে কতকগুলো কৃষি খামার আছে, সেই কৃষি খামারের মধ্যে দিয়ে বিভিন্ন ধরনের চারা উৎপাদন করে কৃষকদের বিলি-বন্টন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমার মনে হয় আরো আরো বেশী খামারকে সেই কাজে যদি নিযুক্ত করা যায়, আগামী দিনে মন্ত্রী মহাশয় সেই পরিকল্পনা গ্রহণ করেন, তাহলে আগামী দিনে কৃষক শ্রেণী আরো বেশী উপকৃত হবে এবং এর ফলে কর্মসংস্থান বৃদ্ধি পাবে। কারণ এই ছোট শিল্পের মধ্যে দিয়ে এবং খাদ্য প্রক্রিয়াকরণের মধ্যে দিয়ে যতটা সম্ভব কর্মসংস্থান সৃষ্টি হয়েছে তাতে করে বড় বড় শিল্পের ক্ষেত্রে সেই কর্মসংস্থান সৃষ্টির সুযোগ নেই। কারণটা হচ্ছে, আধুনিক শিল্পের মধ্যে সমস্ত আধুনিক যন্ত্রপাতির মাধ্যমে কাজ হয়। সুতরাং এই সমস্ত ছোট ছোট শিল্পের মধ্যে দিয়ে, ক্ষুদ্র শিল্পের মধ্যে দিয়ে কর্মসংস্থান বৃদ্ধির একটা বিশেষ সুযোগ সৃষ্টি হয়ে থাকে। কর্মসংস্থান সৃষ্টির সুযোগ বৃদ্ধির লক্ষ্যে আাগামীদিনে আরো বেশী গুরুত্ব দেবেন এবং এখানে যে পরিকল্পনাগুলো গ্রহণ করা হয়েছে, আমি মনে করি তা বাস্তবসম্মত। সুতরাং এই পরিকল্পনা আগামীদিনে সার্থক হয়ে উঠবে এবং কর্মসংস্থানের সাথে সাথে খাদ্য প্রক্রিয়াকরণ এটা সমস্ত পশ্চিমবাংলায় ছড়িয়ে পড়বে এবং কৃষক থেকে শুরু করে সাধারণ মানুষ উপকৃত হবে, এই আশা রেখে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে এবং বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন, খাদ্য প্রক্রিয়া, শিল্প, উদ্যান পালন বিভাগের মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী, ওনার বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। আমি এই বাজেটে বলবো, আপনারা শুনবেন, চেঁচামেচি করবেন না। এই বাজেটের উপরে আপনি ভাল ভাল উদ্যোগ নিয়েছেন। আপনার ব্যক্তিগত উদ্যোগকে আমি ধন্যবাদ জানাবো। এই বাজেটের মধ্যে যা বলছেন তা পশ্চিমবাংলার মধ্যে দেখতে পাচ্ছি না। এই বাজেটের মধ্যে আপনি শুধু লিখে গেছেন, করছি করবো, ধরছি ধরবো, সবই শুধু ধরার মধ্যে রয়েছে, করার মধ্যে রয়েছে। ২০১৩-১৪ আর্থিক বছরে আপনি যা বরাদ্দ করেছিলেন ১৪৮ কোটি ৭০ লক্ষ ৯৫ হাজার টাকা, ২০১৪-১৫ সালে, বিগত আর্থিক বছরে আপনি করেছেন ১৮৫ কোটি ৪৪ লক্ষ ৮৮ হাজার কোটি টাকা।

[2.00 - 2.10 p.m.]

কিন্তু ২০১৫-১৬ সালের মধ্যে দেখা যাচ্ছে, ২০১৪-১৫ সালে যে বাজেটে যে টাকাটা ধরেছিলেন তার থেকে হ্রাস পেয়েছে ৩৬ কোটি ৭৩ লক্ষ ৯৩ হাজার টাকা। তাহলে কিভাবে যে উদ্যোগগুলি নিয়েছিলেন, সেই উদ্যোগগুলিতে পরিপূর্ণ কাজ করতে পারবেন কিনা জানি না। আবার আপনি আর এক জায়গায় লিখেছিলেন যে, নিগম টিস্যু কালচার কলা - চাষের মাধ্যমে মুর্শিদাবাদ জেলায় ২০১৪-১৫ সালে শ্রমদিবস সৃষ্টি করেছেন ৫,৫৭,২২০ টাকার। যে শ্রমদিবসের মাধ্যমে আমাদের যে উদ্যানের যারা শ্রমিকরা কাজ শুরু করবেন, তাদের যে শ্রমদিবস সেটা আপনি ২০১৫-১৬ সালে ৫ লক্ষ ২২ হাজার শ্রমদিবস সৃষ্টি করার লক্ষ্যে ধার্য্য করেছেন। তাহলে দেখা যাচ্ছে, যেখানে শ্রমিকরা কাজ পাচ্ছে না। একশো দিনের কাজ বন্ধ হয়ে গেল। আমাদের জুটমিলগুলো বন্ধ হয়ে গেল। শ্রমিকেরা অনাহারে রয়েছে। তার থেকে ৩৫, ২২০ শ্রমদিবস আপনি কম করে দিয়েছেন। এর মধ্য দিয়ে আমাদের যারা কাজ করবেন এবং উদ্যানের যে পরিকল্পনাগুলো নেওয়া আছে, সেগুলির ক্ষেত্রে দেখা যাবে ঘাটতি হয়ে যাবে। আবার আমি বলতে চাই, আমাদের উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গের মধ্যে যে আলু চাষ হয়, সেই আলুর চাষে দাম চাষীরা ঠিকমত পেল না। আলুর দাম না পেয়ে আত্মহত্যা করলেন। আলু শুধু মাছের ঝোলে, মাংসতে বা সবজিতে, আইসিডিএস সেক্টরে দিলেই চলবে না, এই আলু দিয়ে যে ফাস্টফুড জাতীয় বিভিন্ন খাদ্য তৈরি হয়, শুধু চিপ্স না, এর থেকে আটা তৈরি হয়। আপনার যদি সেই দিকে লক্ষ্য রেখে এই কাজগুলি করতে পারেন আমার মনে হয়, ভালো হবে। আমাদের দার্জিলিং, জলপাইগুড়ি জেলার বিধাননগর, সেখানে উত্তর দিনাজপুর আনারসের চাষ হত। আনারসের চাষে ঠিকমত দাম না পাওয়ায় আনারসের চাষ কমিয়ে দিল। এই আনারসের চাষ কিভাবে বৃদ্ধি করতে হবে এবং কৃষকরা যেন বেশি করে আনারস চাষ করতে পারে। এছাড়া আমাদের ওখানে আরও অন্যান্য ফল আছে। যেমন, কমলালেবু, মৌসম্বি - এ রকম বিভিন্ন ফলের রস থেকে জ্যাম, জেলি, রস প্রভৃতি খাদ্যসামগ্রী তৈরি করা যায়। তারপরে আমাদের কুচবিহারে প্রচুর পরিমাণে টমেটোর চাষ হয়। এই টমেটো চাষের সময় চাষী তার সঠিক দাম না পেয়ে সেগুলি রাস্তায় ফেলে দিচ্ছে। ফলে সেগুলি নষ্ট হচ্ছে। এতে চাষীরা পয়সাও পেল না, তাদের পরিশ্রমটাও ক্ষতি হয়ে গেল। এবং তারা অর্থনৈতিক দিক থেকে একেবারে ভেঙে পড়ল। সেইহেতু বলা যায় যে, তাদের এই অবস্থায় ভাত জোটে না। এই পরিস্থিতির মধ্য দিয়ে যদি আমাদের উত্তরবঙ্গে খাদ্য প্রক্রিয়াকরণের যে প্রক্রিয়া, তার ওপর জোর দেওয়া যায় তাহলে আমার মনে ভালো হত। এই বিষয়টিতে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যেন উত্তরবঙ্গের জন্য এই কাজটি করেন। যাতে উত্তরবঙ্গের ফসলগুলো এইভাবে নষ্ট না হয়। আর কলকাতার মধ্যে মল্লিকঘাট ফুল বাজার। এশিয়ার মধ্যে বৃহত্তম ফুল বাজার। প্রায় তিন হাজার ফুলের চাষী এই বাজারে আসেন, তারা ফুল বিক্রি করেন। ফুলের চাষ আপনারা করছেন, উদ্যান করছেন - ভালো প্রক্রিয়া। এটাকে আরও বৃদ্ধি করার জন্য উদ্যোগ নেওয়ার প্রয়োজন আছে, কিন্তু যে জায়গাটায় ব্যবসাটা হবে, যেখানে ব্যবসা করার জন্য পরিকাঠামো আছে সেই জায়গাটায় ২০০২ সালে বাজারটি আগুনে পুড়ে যায়। সেই জায়গায় বিগত সরকারের সময়ে আটশো

কোটি টাকা কাজ শুরু হল না। এই ফুল বাজার পরিচালনার জন্য যে একটি কমিটি তৈরি করেছেন সেখানে কত দোকান হয়েছে, কত ফুলের দোকান আছে। তাদের কাছ থেকে ষাট টাকা করে রেভিনিউ কালেকশান করছেন। এই রেভিনিউটা কোথায় জমা নেওয়া হচ্ছে, কারা জমা নিচ্ছে তার উল্লেখ এই বাজেটে নেই। আবার বলতে চাই, আমার ধূপগুড়ি ব্লকে রেগুলেটিং মার্কেট, আমার শুধু ধূপগুড়ি না, আসাম, ভুটান, বাংলাদেশের একটা অংশ এবং আমার বিভিন্ন জেলা থেকে আসে যেখানে সব্জির এত বড় বাজার, যেখানে প্রচুর কৃষক সেখান থেকে সবজি বাইরের দেশে চলে যায়। সেই জায়গায় বহুমুখী একটা হিমঘর তৈরি করা হয়েছিল আমাদের বামফ্রন্টের সময়ে। সেই হিমঘরের কাজ আপনারা এখন পর্যন্ত সমাপ্ত করলেন না। কিন্তু সেখানে একটা প্রশাসনিক বিল্ডিং করা হয়েছে। সেই প্রশাসনিক বিল্ডিংটা আপনারা করলেন এবং তড়িঘড়ি করে, ঢাক-ঢোল পিটিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষকদের জন্য মায়াকান্না কেঁদে, সেখানে উদ্বোধন করা হল। সেই জায়গায় কৃষকরা সঠিকভাবে ব্যবসা করতে পারছে না। সেখানে কোনো কাজ হচ্ছে না, সমস্ত কাজ বন্ধ হয়ে রয়েছে। আপনাদের তোলাবাজির একটা আস্তানা তৈরি হয়েছে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী সত্যজিৎ বিশ্বাস : নমস্কার স্যার। মাননীয় রাজ্যপাল মহোদয়ের সুপারিশক্রমে ২০১৫-১৬ সালের ২২ নম্বর দাবির ওপরে ব্যয়বরাদ্দ ও মঞ্জুরী সাপেক্ষে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্যপ্রক্রিয়াকরণ, শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীর বাজেট ভাষণকে পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাট-মোশানের বিরোধিতা করে এই বাজেটের ওপরে দুচারটে কথা বলছি।

অমাদের এই সরকার বিভিন্ন বিষয়ে যে উন্নয়নমূলক ব্যবস্থা নিয়েছে তার প্রত্যেকটাকে বিরোধীরা একের পর এক বিরোধিতা করে চলেছেন। বর্তমান মা-মাটি-মানুষের সরকার চলছে তার যিনি জননেত্রী, মমতাময়ী নেত্রী, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একের পর এক শুধু এই উদ্যানপালন শিল্পের ওপর নির্ভর করেই নয়, বিভিন্ন রকমের প্রকল্প, আমাদের বিরোধী-বন্ধুরা ভালো জানেন, যেমন, কৃষি-শিক্ষা-স্বাস্থ্য-পানীয় জল-পরিকাঠামোগত উন্নয়নের মধ্যে দিয়ে সারা বাংলার মানুষের রুটি-রোজগারের ব্যবস্থায় এবং উন্নয়নের যজ্ঞে লিপ্ত হয়েছেন। উদ্যানপালন এবং খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্পের মধ্যে দিয়ে বাংলার কৃষক-বন্ধুদের বিভিন্নভাবে কর্মসংস্থানে সাহায্য করা এবং বিভিন্ন দিক থেকে উন্নয়নের ব্যবস্থা যেভাবে করা হচ্ছে তা এই বন্ধুদের সহ্য হচ্ছে না। আমাদের মাননীয় মন্ত্রী তার বাজেটের মধ্যে '১৫-১৬ অর্থবর্ষে মুখ্য খাত সমূহের যোজনা খাতে তিনি বরাদ্দ রেখেছেন ১৩৮.০০ কোটি টাকা এবং যোজনাবহির্ভূত খাতে তিনি রেখেছেন ১০.৭০৯৫ কোটি টাকা। মোট ১৪৮.৭৯৫ কোটি টাকা তার এই ব্যয়-বরাদ্দে রেখেছেন বিভিন্ন খাতে উন্নয়নের জন্য, তিনটে স্তরে এই খাতে উন্নয়নের জন্য। কৃষকের উন্নয়নের জন্য বিভিন্নভাবে তিনি ব্যয়-বরাদ্দ রেখেছেন। যেমন, উদ্যানপালন ও খাদ্যপ্রক্রিয়াকরণ এবং সিঙ্কোনার চাষ ও ভেষজ উদ্ভিদের মধ্যে দিয়ে এই বাজেটে তিনি বরাদ্দ

রেখেছেন। আমরা দেখেছি উদ্যানপালনের মধ্যে দিয়ে, যেমন, আমি আমার নিজের জেলা নদীয়া ডিস্ট্রিক্টের কথা বলি, নদীয়া ডিস্ট্রিক্টের হরিণঘাটা, গয়েশপুর এলাকায় ১০ একর জমির ওপরে এই উদ্যানপালনের মধ্যে দিয়ে বিভিন্ন রকমের হর্টিকালচার, টিস্যুকালচার এবং বিভিন্ন রকম উন্নতমানের ফল, ফুল এবং শাকসবজি উৎপাদনের জন্য পরিকল্পনা রচনা করা হয়েছে। আমরা দেখেছি বিভিন্ন রকমভাবে আমাদের এলাকার টিস্যু কালচার, যে কলার চাষ, কলা চাষের মধ্যে দিয়ে এলাকার গরীব চাষী, বামফ্রন্ট তার আমলে এদের জন্য কোনরকম উন্নয়নের কথা চিন্তা-ভাবনা করেনি।

[2.10 - 2.20 p.m.]

আমাদের সরকার এই টিস্যু কালচার, কলার চারার মধ্যে দিয়ে গ্রামের গরীব চাষীদের কাছে সেই চারা পৌঁছে দিয়ে ব্যাপক পরিমাণে সেখান থেকে উন্নততর কলার চাষ হচ্ছে এবং সেগুলো বাজারের বিভিন্ন জায়গায় বিক্রি হচ্ছে। যার ফলে প্রচুর মানুষ তার উপর নির্ভর করে জীবন-জীবিকা নির্বাহ করছেন। আর একটা জিনিস আপনারা জানেন যে পিঁয়াজ শুধু রবি মরসুমে শুধু চাষ হয়। সেই পিঁয়াজ চাষটাকে খারিফ মরসুমে নিয়ে এসে পিঁয়াজ চাষীদেরকে ৫০০ টাকার বিনিময়ে বীজ পৌঁছে দিয়ে অনেক চাষীদের এর আওতায় নিয়ে এসেছেন। পিঁয়াজটা আমরা শুধু শীতকালে দেখতাম সেটাকে বর্ষার সময় তৈরি করে বাজারে যে অধিক পরিমাণে পিঁয়াজের দাম হয়, সেই দামটাকে নিয়ন্ত্রণ করবার জন্য আমাদের সরকার এবং আমাদের মন্ত্রী সাহেব একটা উদ্যোগ গ্রহণ করেছেন। ৫০০ টাকা কেজি দরে বীজ দিয়ে সেখান থেকে উন্নততর পিঁয়াজ উৎপাদন হচ্ছে এবং সেই পিঁয়াজ আমাদের বাজারে যেভাবে দেখতে পাচ্ছি, আমাদের বিরোধী বন্ধুরা দেখতে পাচ্ছে না। ওনারা বিভিন্ন জায়গায় বড় বড় ভাষণ দেন — উন্নয়নের পথে আমরা দেখেছি এই উদ্যানপালনের মধ্যে দিয়ে সিঙ্কোনা এবং ভেষজউদ্ভিদের উৎপাদনের মধ্যে দিয়ে। সিঙ্কোনা চাষ একটা গুরুত্বপূর্ণ চাষ। সিঙ্কোনা গাছ থেকে তৈরি হয় কুইনাইন ঔষধ। সেই কুইনাইন ঔষধটাকে - এই বামফ্রন্ট সরকার ৩৪ বছর ক্ষমতায় থাকাকালীন আমরা কি দেখতে পেয়েছি। পাহাড় এলাকার মানুষ এর উপরে নির্ভর করে জীবন — জীবিকা নির্বাহ করতেন। সেই চাষ থেকে যে দুরারোগ্য ব্যাধি ম্যালেরিয়ার ঔষধ তৈরি হত সেই কারখানাটাও পর্যন্ত এরা বন্ধ করে রেখেছিল ২৩/৩/২০০০ সাল থেকে। ২০০০ সালের পরেও প্রায় ১১ বছর এরা ক্ষমতায় ছিল, কিন্তু কোনো সময় চিন্তা করেনি কি করে কুইনাইন তৈরির কারখানা খোলা যায়। কিন্তু আমাদের সরকার এই কারখানাটা খোলার জন্য জি.এম.জি. মানের উন্নীতকরণ করেছে। নতুন করে মানুষের জীবন বাঁচানোর জন্য পরিকল্পনা করেছেন, কিন্তু আমাদের বিরোধী বন্ধুরা এই জিনিসটা কোনো সময় কল্পনা করেনি। তাই আমাদের মন্ত্রী মহোদয় যে বাজেট নিয়ে এসেছেন সেই বাজেটকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ব্যয়বরাদ্দ মঞ্জুরী সম্পর্কে বাজেট ভাষণ মাননীয় মন্ত্রী রেখেছেন তার উপরে

আলোচনা করার শুরুতেই আমি একটি প্রসঙ্গ উল্লেখ করে রাখতে চাই। স্যার, আপনিও দেখেছেন আমরা শুরুতে একটা বিষয় নিয়ে আলোচনা করতে চেয়েছিলাম [***]।

মিঃ স্পীকার : এটা এখানে যাবে না, This portion will not go. এই পোর্সানটা নেবেন না। আপনি বিলের উপরে বলুন।

শ্রী নিরাপদ সর্দার : এই প্রসঙ্গটা উল্লেখ করছি এই জন্য আজকে যে দপ্তরের বিষয় আলোচনা করতে যাচ্ছি সেই দপ্তরের বিষয়টা তখন থেকেই গুরুত্ব পেয়েছে যখন আমরা দেখেছি আমাদের রাজ্যে [***]।

মিঃ স্পীকার : এই পোর্সানটা একটুও যাবে না। খাদ্যপ্রক্রিয়াকরণ থেকে যেখানে বলছে সেইটুকু শুধুই যাবে।

শ্রী নিরাপদ সর্দার : আমাদের এই কাজকে সাহায্য করছে, দপ্তরকে সাহায্য করছে এই উদ্যোগ এবং উপভোক্তা, এরা সবাই আমাদের রাজ্যে চিট ফান্ড দ্বারা আক্রান্ত হয়েছে, এই বিষয়ে আমরা কেউ অস্বীকার করতে পারি না। তাই এখান থেকেই আমি শুরু করতে চাই যে স্বনির্ভর দলগুলো আজ আর নেই। লক্ষ লক্ষ স্বনির্ভর দল তৈরি হয়েছিল। যাদের সাহায্য নিয়ে আমাদের গ্রামাঞ্চলে ধান থেকে চাল এবং উন্নতমানের চাল তৈরির কাজ শুরু হয়েছিল। সেই কাজ আস্তে আস্তে স্তিমিত হয়ে গেছে। এটা দিয়েই বোঝা যায় যে দপ্তরের গতি কোনদিকে যাচ্ছে, ঊর্ধ্বমুখী, না অধোগতি। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখতে পাই, মালদা, মুর্শিদাবাদ, অন্যান্য জায়গার বক্তারা বলেছেন যে যেখানে আম, অন্যান্য ফসল হচ্ছে, আমরা দেখেছি তখন গুরুত্বের মাধ্যমে আমকে কিভাবে নিজেদের মতন করে ব্যবহার করে মানুষের কাজে লাগিয়েছে। আজকে সেখানে স্বনির্ভর দল নেই। এই পচা আম, ঝরে যাওয়া আম, নষ্ট হয়ে যাওয়া আম, এগুলো কিভাবে ব্যবহার হচ্ছে। মাননীয় মন্ত্রী আছেন, যদি একটু আলোকপাত করেন তাহলে খুশি হব। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখছি যে বাজেটে যা বক্তৃতা করা হয়েছে, তাতে তালকে খুব অবহেলা করা হয়েছে। তালের গুরুত্ব নেই। কিন্তু একটা সময় আমরা দেখলাম, তখন বামপন্থীরা ছিলেন। তালের রস এবং তালের গুড়, এখনও মানুষের চাহিদা আছে, গ্রামের মানুষের চাহিদা আছে। এটাকে গুরুত্ব দিয়ে ভেবে যদি প্রক্রিয়াকরণের মধ্য দিয়ে এসে মানুষের কাজে লাগাতে পারেন, তাহলে অনেক বেশি মানুষ কাজ পেতে পারে। এই জায়গায় দাঁড়িয়ে বারুইপুরের পেয়ারা আছে। এটাকে সদ্ব্যবহার করতে পারে। ঝরে যাওয়া, পচে যাওয়া বহু ফল নষ্ট হয়ে যাচ্ছে। সেইজন্য এই দপ্তরের প্রথম কাজ হচ্ছে, এই দপ্তরটাকে দ্রুতগতিতে এগিয়ে নিয়ে যেতে গেলে আগে ঠিক করা দরকার আমার রাজ্যে যা ফল উৎপাদন হচ্ছে, আমার রাজ্যে যা সবজি উৎপাদন হচ্ছে, আমার রাজ্যে উৎপাদনের ফলে কত নষ্ট হচ্ছে সেটা আইডেনটিফাই করা দরকার। কত ফল, সবজি নষ্ট হচ্ছে সেটা আইডেনটিফাই করা দরকার। তাহলে পরে নতুন প্রকল্প, নতুন প্রযুক্তি ব্যবহার করা যেতে পারে, সেগুলিকে কাজে লাগানো যেতে পারে। আলুর দাম চাষীরা পায় না। কিন্তু আলু মানুষের নানান দৈন্যন্দিন কাজে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ব্যবহার হয়। যখন আলুর দাম পাচ্ছে না, আলু বিক্রি করতে না পারার জন্য যখন চাষী আত্মহত্যা করছে, সেই সময় দাঁড়িয়ে এই দপ্তরের গুরুত্ব অপরিসীম ছিল। অনেক বেশি কাজ করতে পারত এই দপ্তর। আলুকে নানান রকমভাবে ব্যবহার করা যেতে পারত, যা দিয়ে চাষীরা উপকৃত হতে পারত। কিন্তু আমরা কি দেখলাম? আলু নিয়ে এই দপ্তরের কি পরিকল্পনা আছে? যদি বলার সময় একটু পরিষ্কার করে বলেন তাহলে আমরা বিষয়টা বুঝতে পারি। অন্যান্য যে সমস্ত বিষয় আমরা দেখতে পাচ্ছি, উদ্যানপালনের বিষয়ে আপনি বলার চেষ্টা করেছেন, গুরুত্ব দেওয়ার চেষ্টাও করেছেন। এখানে যে সব্জি চাষ হচ্ছে, এই সব্জি চাষের ক্ষেত্রে আমরা দেখি এখন কেঁচো সার এবং জৈব সারের গুরুত্ব দিন দিন বাড়ছে এবং এটা বাড়ানো ছাড়া বিকল্প কোনো রাস্তা নেই। যতদিন যাবে তত রাসায়নিক প্রক্রিয়ার মধ্য দিয়ে, রাসায়নিক সার ব্যবহার করার মধ্য দিয়ে বেশির ভাগ মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে জৈব সার, কেঁচো সারের গুরুত্ব অপরিসীম। কিন্তু এই কেঁচো সারকে আপনি এই যে পাঁচশো ইউনিট করেছেন, এটা দিয়ে কি হবে? পাঁচশো ইউনিট কজনকে দিয়ে ফলাবেন? ফলে অনেক বেশি এই সারটা দরকার। কিন্তু কিভাবে করবেন আপনি? যে সুযোগ ছিল, সেই সুযোগটা তো নষ্ট হয়েছে। যে লক্ষ লক্ষ স্বনির্ভর দল আছে, তৈরি হয়েছিল, এগুলোকে যদি আপনি ব্যবহার করতে পারেন, প্রত্যেকটা স্বনির্ভর দল এটাকে দায়িত্ব নিয়ে করতে পারে, তা চাষীদের চাষের কাজে ব্যবহার হতে পারে। সুতরাং এইটার বিষয়ে খুব বেশি গুরুত্ব দেওয়া দরকার বলে আমি মনে করি। সুন্দরবনের অনেক রকম ফল, সব্জি আছে। তার মধ্যে আমি শুধু একটি বিষয় উল্লেখ করতে চাই আপনার কাছে। আপনি জানেন, শুনে থাকবেন যে সুন্দরবনের সবচেয়ে উৎকৃষ্টতম ফল, যা মানুষ ব্যবহার করে, খায়, কেওড়া ফল হয়। কেওড়াটাকে আপনি ব্যবহার করতে পারলেন না। এই প্রক্রিয়ার মধ্যে আনতে পারতেন, আপনার দপ্তরের মধ্যে। সেটাকে অন্য জায়গায় চাষ করে ফলন ফলানো যায় না, অন্য জায়গায় হয় না। কিন্তু সুন্দরবনের মাটিতে হয়। সুন্দরবনের মাটিতে এটা ফলানো যায়। এই কেওড়াটাকে আপনি প্রক্রিয়াকরণের মধ্য দিয়ে এটা ভারতের এবং দেশের খুব ভাল প্রক্রিয়াকরণের মধ্যে আপনি এটাকে আনতে পারেন। জ্যাম, জেলির সঙ্গে নানানভাবে এটাকে ব্যবহার করে খাওয়া যেতে পারে। সেই জায়গায় দাঁড়িয়ে আমি আপনাকে বলব চাষীদের জন্য আপনি বলার চেষ্টা করেছেন। কিন্তু আপনি কি জানেন কচু চাষ করলে মানুষ কত সহজে তা লাভ করতে পারে। কচু চাষ সব চাইতে বেশি লাভজনক। কম সময়ের মধ্যে হয় এবং চাষ করার পদ্ধতিও অনেক সহজ। তার পাতা এবং লতিতে ভিটামিন এবং দেহের যে কোন জায়গা যদি কেটে যায়, কচুপাতার রস ব্যবহার করলে সেটা মহৌষধ হিসাবে, আপনি যে ওষুধের কথা বলেছিলেন সিঙ্কোনা এবং অন্যান্য গাছের কথা, ঔষধি গাছ হিসাবে এটাকে ব্যবহার করা যেতে পারে। ডায়াবেটিসে যারা ভুগছে, কচু তাদের পক্ষে খুবই উপযুক্ত খাবার। এটার প্রোডাকশান কিভাবে বাড়ানো যায়, আমার মনে হয় এদিকটাতে আপনার নজর দেওয়া দরকার, খুবই নজর দেওয়া দরকার এই বিষয়টিতে। এই সময়ে আমরা দেখি ব্লকগুলোতে যে সমস্ত কৃষিমেলাগুলো হয়েছে আপনি দেখে থাকবেন, সেই মেলাতে আমরা দেখতে পাচ্ছি যে মাননীয়া মুখ্যমন্ত্রীর ছবি, ব্যানার, হোর্ডিং এই সমস্ত ব্যবহার করা হয়েছে।

[2.20 - 2.30 p.m.]

প্রচুর টাকা, অর্ধেকের বেশি টাকা খরচ করা হয়েছে অথচ কৃষকরা সেখানে নেই। কৃষকদের নামে এই সমস্ত টাকা আত্মসাৎ করা হয়েছে। এই জায়গায় দাঁড়িয়ে আমি বলতে চাই কৃষকদের যন্ত্রপাতি দেওয়ার কথা ছিল, তার জন্য টাকা পেয়েছেন দিল্লি থেকে। সেই টাকা চাষিরা পায়নি, সেই টাকা বিলি হয়নি, আজ পর্যন্ত পড়ে আছে। আমি দেখছিলাম একটি সমীক্ষাতে। ১৫ কোটির বেশি টাকা চাষিরা পেল না, সেই টাকা পড়ে আছে। এই জায়গায় দাঁড়িয়ে আপনাকে আমি স্মরণ করিয়ে দিতে চাই স্যার আমাদের রাজ্যে ইদানীং - খুব ভাল ফল সবাই এটা ব্যবহার করে। কলকাতার বুকে দেখি ফুটপাতে বিক্রি হয় স্ট্রবেরণ। স্ট্রবেরি - এটাকে আমরা ব্যবহার করতে পারি। এটা ভালভাবে মানুষ নেবে। এটা কিভাবে ব্যবহার করতে পারবেন বলবেন। সেই সঙ্গে স্যার বলি আমার বেশি কিছু বিষয় ছিল - পশ্চিমবঙ্গের বীজ উন্নয়ন, সবুজ বিপ্লব এই বিষয়গুলি ছিল। যে টাকা পাওয়া গেছে দিল্লি থেকে ...(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই পবিত্র কক্ষে মাননীয় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এবং উদ্যানপালন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী মহোদয় ২০১৫-১৬ সালের ব্যয়বরাদ্দ হেতু যে ১৪৮ কোটি ৭০ লক্ষ ৯৫ হাজার টাকা অনুমোদনের জন্য পেশ করেছেন তার সমর্থেনে আমার বক্তব্য পেশ করছি। তিনটি অধিকার নিয়ে এবং একটি নিগম নিয়ে এই দপ্তর। উদ্যান পালন, খাদ্যপ্রক্রিয়াকরণ, সিঙ্কোনা এবং অন্যান্য ভেষজ উদ্ভিদ। আর একটি নিগম যেটি পশ্চিমবঙ্গ রাজ্য খাদ্যপ্রক্রিয়াকরণ এবং উদ্যানপালন উন্নয়ন নিগম। এই সবগুলি নিয়ে এই দপ্তর। সুতরাং এই দপ্তরের যেসমস্ত কার্যকলাপ আগামী যে বাজেট, সেই বাজেটে পরিষ্কারভাবে আমাদের মাননীয় মন্ত্রী সমস্ত কিছু উল্লেখ করেছেন। যে পশ্চিমবাংলায় ভূপ্রকৃতিগত ব্যাপার এবং জলবায়ু এবং মাটির গুণগত মান এবং ইরিগেশান বা সেচের সুযোগ-সুবিধা অনুযায়ী কোন জায়গাতে কোন ধরনের ফসল হতে পারে, কোন ধরনের orchard হতে পারে, সেই সমস্ত বিষয়গুলি পর্যালোচনা করে তিনি তার ব্যাখ্যা করেছেন। এবং কোথায় কি এক্সটেনশন করতে পারেন সেই ব্যাপারগুলি তিনি বলেছেন। তার উৎপাদিত দ্রব্যগুলি খাদ্যপ্রক্রিয়াকরণের মাধ্যমে কিভাবে কাজে লাগানো যেতে পারে সেইগুলি বলেছেন এবং কয়েকজন বক্তা বিশেষ করে সোহরাব সাহেব বলেছেন যে কয়েকটা দপ্তরের সঙ্গে যদি convergence করা যায় তাহলে এর উৎপাদন এবং তার বিপণনের ব্যবস্থা ভাল হত। এর ফলে আমাদের চাষিরা এবং পশ্চিমবঙ্গের মানুষরা উপকৃত হতেন। এটা অত্যন্ত ঠিক কথা উনি বলেছেন। আমি ওনার জ্ঞাতার্থে জানাই যে কৃষি দপ্তর আজকে horticulture দপ্তরের বাজেট হচ্ছে, কেন্দ্রের যেটা নাম কৃষি হর্টিকালচার cooperation, Animal Husbandry and Fishery — এই দপ্তরগুলি নিয়ে একটি কৃষি দপ্তর, এটা দিল্লিতে আছে। এখানে আমরা সুবিধার জন্য ভাগ করেছি এতগুলি দপ্তরে। এই যে দপ্তরটা অটোমেটিক্যালি এসে দপ্তরগুলির সঙ্গে যদি correlation না রাখি এবং তার সঙ্গে minor and major irrigation without irrigation-এগুলি সম্ভব নয়। সুতরাং এইগুলির মধ্যে convergence করার ব্যাপার নিয়ে একটা আমাদের কৃষি দপ্তরের মন্ত্রী মাননীয় পূর্ণেন্দু বসু

এই দপ্তরের মন্ত্রীদের নিয়ে একটা convergence মিটিং করেছেন। এবং একটা কমিটি তৈরি করেছেন। যাতে করে একটার সঙ্গে আর একটার interdependent। যদি irrigation systemটা বাড়াতে না পারি, যদি আমরা minor irrigation-কে বাড়াতে না পারি তাহলে এগ্রিকালচারকে আমরা বাড়াতে পারব না। আমরা যদি cooperation-কে গুরুত্ব না দিই, cooperation ৮৫% totl capital-এ investment হয় agriculture-এর উপরে। সুতরাং cooperation-কে আমরা গুরুত্ব দিয়েছি। এবং minor and major irrigation-এর সঙ্গে সেখানে Agricultural Marketing আছে, Fishery আছে, Animal Husbandry আছে and Horticulture আছে। সেই কারণে আমরা convergence-এর মাধ্যমে চেষ্টা করছি কৃষি এবং horticulture, উদ্যানপালন যে সমস্ত দ্রব্যগুলি আছে, সেগুলিকে বাড়িয়ে এবং তার মান উন্নত করে, তার বিপণন ব্যবস্থাকে ঠিক করে এবং food processing-এর মাধ্যমে, processed food-এর মাধ্যমে যাতে অপচয় না হয়, পচে নষ্ট না হয়, সেটাকে যাতে বাজারজাতকরণ করা যায়, তার জন্য আমাদের একটা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সোহরাব সাহেব আরো বলেছেন আমাদের পেঁয়াজে ঘাটতি আছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার যখন ক্ষমতায় এসেছিল তখন আমরা total domestic demand-এর মাত্র 20% প্রোডাকশান করতাম। বাকি ৮০% আমাদের বাইরের রাজ্যগুলি থেকে আনতে হত। নাসিক, বিহার থেকে আমাদের কিছুটা আনতে হত। বর্তমানে আমরা এখন শুধুমাত্র শীতকালের পেঁয়াজ নয়, খরিফ মরশুমেও আমরা পেঁয়াজ উৎপাদন করেছি এবং এবছরে আমাদের উৎপাদন বাম্পার হয়েছে। আমরা ৪৯%-এ পৌঁছতে পেরেছি। একটা অর্থনীতির তত্ত্ব আছে, যে টোটাল ডোমেস্টিক ডিমান্ডের অ্যাট লিস্ট ৫০% প্রোডাকশান যদি আমরা করতে না পারি, তাহলে আমরা তার প্রাইসটা কন্ট্রোল করতে পারব না। সেখানে forward trading হতে পারে। আজকে বলুন আজকের দিনে দাঁড়িয়ে পেঁয়াজের কোন forward trading হচ্ছে না। আজকে আমাদের এখানে যে উৎপাদনটা হয়েছে, আমাদের যে ঘাটতি আমরা তার অনেকটা পূরণ করতে পেরেছি। সেখানে প্রাইস ফিক্সেশান, ডিমান্ড এবং সাপ্লাই অনুযায়ী বাজার অনুযায়ী - মূল্য প্রতিযোগিতার বাজারে যে ক্যাপাসিটি সেইমতোভাবে সেই চাহিদা এবং জোগানের ঘাত-প্রতিঘাতে নির্ধারিত হচ্ছে। তার ফলে আজকে ১৬ টাকা থেকে ২২ টাকা, ২৪ টাকার মধ্যে পেঁয়াজের দাম আমরা ঠিক জায়গাতে রাখতে পেরেছি। এইরকমভাবে আমরা অন্যান্য ফসলের ক্ষেত্রে লক্ষ্য রাখছি যে, কোন্ কোন্ জায়গায় কোন্গুলো আমাদের ঘাটতি আছে। আমের প্রোডাকশান আমরা ব্যাপকভাবে বাড়িয়েছি। আম বলতে গেলে মালদা, মুর্শিদাবাদ, নদীয়া, হুগলীর উপরে সবাই চিন্তা করত। কিন্তু বাঁকুড়ায় যে আম হতে পারে এবং বাঁকুড়ার আম যে সর্বোৎকৃষ্ট হতে পারে, দিল্লির বাজারে গিয়ে তা প্রমাণ করেছে। গত বছরে ৩ টন পাঠানো হয়েছিল, এবছরে প্রায় আমরা ৩০ টনের মত রেডি করেছি, যাতে পাঠাতে পারি এবং এখানে যে দুটো মেলা হচ্ছে - আমাদের হর্টিকালচার ডিপার্টমেন্ট এই মেলাটা আয়োজন করছেন। একটা করছেন এই কলকাতায় শহীদ মিনারের নীচে, আর একটা আলিপুরেতে। সেই জায়গাতে বাঁকুড়া থেকে আম আসবে। আমাদের শুধুমাত্র আম্রপালি নয়, আলফানসো আম তৈরি হয়েছে এবং আরো কোয়ালিটির আম তৈরি হয়েছে। যার কোয়ালিটি

এবং গুণগতমান অন্যান্যদের থেকে অনেক বেশি ভাল হয়েছে - সেগুলো আমরা সাপ্লাই দেব এবং আমরা সেখানকার এলাকার যে সমস্ত চাষী আছে, তাদের যাতে ইনকাম জেনারেট হয়, সেই ইনকাম জেনারেশানের ব্যাপারটা আমরা দেখেছি এবং তার সঙ্গে সঙ্গে আমরা বিপণনের ব্যবস্থাও আমরা দেখেছি। কেঁচো সারের কথা বললেন - কেঁচো সারের কথাটি বলি, কেঁচো সারা শুধুমাত্র সরকার থেকে উদ্যোগ নিলে হবে না, এগুলো হচ্ছে ডেমনোস্ট্রেশান - এসো, দেখো, শেখো এবং নিজের এলাকায় করো এবং এক্সটেনশান করো। দিস ইজ দি মডেল। এই মডেলটা কেমনভাবে বাড়বে? প্রথমে কিছু লোক দেখল, তারপর just like a spidernet it will rise and it will go on and cover all the State. আমরা এই জায়গায় এই মডেলটাকে ইনট্রোডিউস করতে যাচ্ছি। সুতরাং এগুলো করা হয়েছে, দিস আর দি ডেমনস্ট্রেশান। ডেমনস্ট্রেশানকে ব্যবহার করা যায় না - এক একটা জায়গাতে করে দেখাতে হয়। এই সারটাকে যদি তৈরি করা যায়, তাহলে চিপভাবে তৈরি করা যাবে এবং জমির যে স্বাস্থ্য, সেই স্বাস্থ্য রক্ষার জন্য আজকে যে জৈব সারের দরকার, যেটা সবচাইতে উৎকৃষ্ট মানের, সেটা আমরা সবাই যাতে তৈরি করতে পারি সেই ব্যবস্থা করা যাবে। আলুর ব্যাপারে বললেন। আজকে আমরা হর্টিকালচার এবং কৃষির ব্যাপারটা গুলিয়ে ফেলি। কারণ, আমরা ধান, গম, আলু-পেঁয়াজটা কিন্তু হর্টিকালচার প্রোডাক্ট। কোনগুলো এগ্রিকালচার প্রোডাক্ট আর কোনগুলো হর্টিকালচার প্রোডাক্ট এই ব্যাপারটা আমরা একটু গুলিয়ে ফেলি। গুলিয়ে ফেলাটা এটা আমাদের কোনো দোষ নেই। দোষ যখন আমরা ভাগ করেছিলাম, তখনই আমাদের দোষ। কন্দজাতীয় যে জিনিস এবং সবজি জাতীয় জিনিস এবং বাগান, উদ্ভিদজাতীয় জিনিসগুলো আমাদের এগ্রিকালচারের মধ্যে পড়ছে আর ভেষজজাতীয় জিনিসগুলো হর্টিকালচারের মধ্যে পড়েছে। আর ধান, গম, তিল, সরষে, আলু - এই সমস্তগুলো পড়ছে এগ্রিকালচারের মধ্যে। সুতরাং এর মধ্যে গুলিয়ে যায়। সেইজন্য একটা কথা বলতে গিয়ে অন্য কথা বলে ফেলেন। সেই জায়গাতে আমি বলতে চাই যে, হর্টিকালচার মন্ত্রী যেভাবে এই জিনিসগুলোকে বিভিন্ন এলাকাভিত্তিকভাবে সম্প্রসারণ করবার চেষ্টা করছেন এবং ডেমনেস্ট্রেশান করে তার মার্কেটিংয়ের ব্যবস্থা করছেন সেটা একটা খুব ভাল উদ্যোগ। সেই উদ্যোগটা একদিনে সম্ভব নয়, আমাদের সকলের জেনে রাখা দরকার যে পশ্চিমবাংলা ওয়েস্ট বেঙ্গল ইজ দি স্টেট অফ মার্জিনাল ফার্মারস। আমাদের স্টেটটা হচ্ছে প্রান্তিক চাষীদের। সুতরাং এই জায়গাতে ক্রপ ডাইভারসিফিকেশান খুব জটিল ব্যাপার। শুধু তাই নয়, আমাদের এখানে টোটাল ল্যান্ডের ২০% রেড ল্যাটারাইট জোন। যে জায়গাতে জলের স্বল্পতা আছে, যে জায়গা ব্যারেন ল্যান্ড, যে জায়গাতে পাহাড় -পাথর, সেই জায়গাতে চাষ করা একটু জটিল হয়ে পড়ে। যেখানে আমাদের ইরিগেশানের অসুবিধা আছে, সেই জায়গায় ডিপ এবং ড্রিপ ইরিগেশান এবং স্প্রিংকলারের ব্যবস্থা করা হচ্ছে। আমি ধন্যবাদ জানাচ্ছি কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরীকে যে, তিনি আমাদের মতো শুকনো জায়গাতে বড় - বড় ডেমনেস্ট্রেশান করেছেন, পুকুর কেটে দিয়েছেন,সেখানে কনভারজেন্স, এগ্রিকালচার, হর্টিকালচার এবং মাইনর ইরিগেশানের মধ্যে। সেখানে পুকুর কাটা হয়েছে - এগ্রিকালচার কেটে দিয়েছে, হর্টিকালচার সেই পুকুরের পাড়ে আমগাছ লাগিয়ে দিয়েছে অরচার্ড তৈরি করছে, ড্রিপ ইরিগেশান আর স্প্রিংকলার বসিয়ে দিয়েছেন মাইনর ইরিগেশান। দিজ আর দি কনভারজেন্স

এ্যামং থ্রি ডিপার্টমেন্টস এবং সেই ডিপার্টমেন্টস এর মাধ্যমে ঐ সমস্ত ড্রাই অ্যান্ড এগ্রিকালচারাল ল্যান্ড তৈরি করা হচ্ছে। হর্টিকালচারকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। কস্ট ক্রপস দ্যাজ ইজ এগ্রিকালচার, প্যাডি অথবা ভুট্টা মেইজ - এগুলো আজকে কনফার্ম করা হচ্ছে ঐ ড্রাই ল্যান্ড এরিয়াতে। সুতরাং এটা একটা কনভারজেন্সের একটা মূল লক্ষ্য। মূল উদ্দেশ্য যেটা, সেটাতে আমরা সফল হতে পেরেছি। দুঃখের বিষয় বলছি যে, আজকে কেন্দ্রীয় সরকার বিমাতৃসুলভ আচরণ করছে। যার ফলে আজকে আর.কে.ভি.ওয়াই-এ যে টাকাটা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকার দিত, আজকে সেখানে ৫০% রাজ্য সরকারকে দিতে হচ্ছে, ৫০% কেন্দ্রীয় সরকারকে দিতে হচ্ছে। আর কি? এন.এইচ.এম-ন্যাশানাল হর্টিকালচার মিশন-এ যেখানে ৮৫% দিত কেন্দ্রীয় সরকার আর মাত্র ১৫% যেখানে দিতে হত রাজ্য সরকারকে।

[2.30 - 2.40 p.m.]

সেখানে আজকে ৭৫% দিচ্ছে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারকে ২৫% দিতে হচ্ছে। অর্থাৎ ১০% রাজ্য সরকারকে বেশি দিতে হচ্ছে। আর কে.ভি.ওয়াই-এ ৫০% রাজ্যকে বেশি দিতে হচ্ছে। এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। যার ফলে আমরা যে গতিতে কাজগুলো করব বলে সিদ্ধান্ত নিয়েছিলাম, যেভাবে আমরা গ্রিন হাউস, নেট হাউস-এর ব্যবস্থা করে আমরা ওই সমস্ত ড্রাইল্যান্ড এরিয়াতে এগুলো এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিলাম। আমরা যেভাবে চাষের গতি আনবার চেষ্টা করেছি, সেই গতিতে নিশ্চয়ই কিছুটা বাধা আসছে। তবে এই বাধা দিতে পারবে না। আমাদের আরো প্ল্যানিং আছে, যে প্ল্যানিং-এর মাধ্যমে আমরা এগ্রিকালচার এবং হর্টিকালচারকে এগিয়ে নিয়ে যাব। আমাদের গুড প্ল্যানিং-এর মাধ্যমে, কনভারজেন্সের মাধ্যমে কস্ট অফ প্রোডাকশানটাকে কমিয়ে দিয়ে এবং আমাদের অ্যাডমিনিস্ট্রেটিভ কস্টকে কমিয়ে দিয়ে সেই কস্টকে কাজে লাগিয়ে এগ্রিকালচার এবং হর্টিকালচারকে ডেভলাপমেন্ট করে আগামীদিনে আমরা এগিয়ে যাব। অনেক সদস্য খুব ভালো কথা বলেছেন। যদি অর্থ থাকে, তাহলে এগুলোকে আরো বেশি করে এগিয়ে নিয়ে যাওয়া যাবে, স্টেপ বাই স্টেপ এগিয়ে নিয়ে যাওয়া যাবে। আমি এই কথা বলে আমাদের মাননীয় মন্ত্রী ১৪৮ কোটি ৭০ লক্ষ ৯৫ হাজার টাকা ব্যয়বরাদ্দ অনুমোদনের জন্য যে দাবী পেশ করেছেন, আমি সেই দাবীকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আমাদের ৯ জন বিধায়ক বক্তব্য রেখেছেন। সরকারি পক্ষ এবং আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা বলেছেন। স্যার, এই দপ্তরটার সম্বন্ধে অনেকের ধারণা নেই। খাদ্যপ্রক্রিয়াকরণ, উদ্যানপালন এই দপ্তর - যতরকম খাওয়ার হয় তার প্রক্রিয়াকরণ এই দপ্তরে আসে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার Food safety stander act চালু করে দিয়েছে। যাকে সংক্ষেপে ফাসা বলে, তার রেকগনাইজ নিতে হয়। স্যার, এমন কোনো মানুষ নেই যে সবজি খান না। আমাদের এই রাজ্যে সাড়ে নয় কোটি মানুষ বাস করে। ৩১০ গ্রাম কাঁচা সবজি এবং ৯০-১০০ গ্রাম ফল তাদের ডিমান্ড আছে, খায়। সুতরাং এর জোগান দিতে হবে। আমাদের জমির পরিমাণ কমে যাচ্ছে। এগ্রিকালচার ল্যান্ড কমে যাচ্ছে।

তার কারণ হচ্ছে জনসংখ্যা বৃদ্ধি হচ্ছে, দ্রুত আর্বানাইজ হচ্ছে। ফলে অল্প জমিতে ফুল, ফল, সবজি, পান, বাঁশ, মেডিসিন প্ল্যান্ট, বিভিন্ন মশলার গাছ এগুলো আমরা চাষ করে থাকি। স্যার, অনেকে সমালোচনা করছিল বাজেট কেন কমে যাচ্ছে। আগে কি হত? কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের টাকা মিলিতভাবে এই বাজেটে রিফ্লেকশান হয়। আমরা ধরেছি যে দিল্লি থেকে এই বাজেট দেওয়া হবে, পরবর্তীকালে দেখছি দিল্লি থেকে সেইভাবে টাকা আসেনি। ন্যাচারেলি বাজেটে আমাদের খামতি হচ্ছে। গত বছরও আমাদের দিল্লি থেকে যে টাকা পাওয়া উচিত ছিল, সেইটা পাইনি। একটা প্রোজেক্ট তো দিল্লি বন্ধ করে দিয়েছে। বন্ধ করে ওরা একটা থোক টাকা দিচ্ছে, ঠিক অনেকটা আনটায়েড-এর মতো। সেই টাকা দিয়ে ইনটেনসিভ দেওয়া যেতে পারে। স্যার, এখানে সোহোরাব সাহেব নেই। তিনি অনেকগুলো কথা বললেন। তিনি বললেন যে, এই বাজেটে বা এই দপ্তরের মাধ্যমে অনেক কর্মসংস্থান হবে। হ্যাঁ স্যার, পৃথিবীর সবচেয়ে বেশী কর্মসংস্থান হয় খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্পে। আমরা সেইদিকে এগিয়ে যাচ্ছি। স্যার, আমি কেরালায় গিয়েছিলাম। কেরালায় একটা কুটিরশিল্পই হয়ে গেছে medicinal plant-এর। Medicinal Spa, medicinal treatment — এইগুলো আমরা দেখেছি। আমাদের রাজ্যেও কিছু কিছু জায়গায় হচ্ছে। দার্জিলিঙে সিঙ্কোনা প্রোজেক্ট আছে, ৬০ হাজার একর জমির উপরে — যদিও ওটা জি.টি.এ.কে দেওয়া হয়েছে। ওখানে ৫ হাজার একর জমিতে, বা আরও অনেক জায়গা আছে, সেখানে আমরা যদি মেডিসিনাল প্ল্যান্টস করে কেরালার মডেল নিতে পারি তাহলে আমরাও কিন্তু স্বাস্থ্যের দিকে বলুন, অর্থনৈতিক দিকে বলুন এগিয়ে যেতে পারব। আমরা জমিতে chemical fertilizers ইউস করে করে জমির প্রোডাকশানটা নষ্ট করেছি। স্যার, আমরা ৪টে দপ্তরকে নিয়ে একটা clubbing করেছি, তার convener আমাদের কৃষিমন্ত্রী পূর্ণেন্দুবাবু। আমাদের fishery, animal husbandry ডিপার্টমেন্ট এবং food processing and horticulture-কে নিয়ে clubbing করেছি। clubbing করার একটাই অর্থ, আমরা যেটার বিষয়ে expert নই, তার জন্য agriculture department আছে। খাদ্যপ্রক্রিয়াকরণে আমরা আগে জানতাম না যে মাংস আমাদের এই দপ্তরের মধ্যে পড়ে, মাছ আমাদের দপ্তরের মধ্যে পড়ে। কখন পড়ে? যখন তার process করতে হয়। আমি এটা দেখে আশ্চর্য হয়ে গিয়েছিলাম যে, কসাইখানাও আমাদের দপ্তরের মধ্যে পড়ে। সেখানে আমরা fund দিতে পারি। কেউ যদি মাংসের দোকান, মাছের দোকান সাজাতে চায়, আমরা fund দিতে পারি। আগেই বলেছি আমাদের জমির পরিমাণ কমেছে, urbanisation বেড়েছে। তাহলে আমাদের কি করতে হবে? Technologyটাকে কাজে লাগাতে হবে। স্যার আপনি শুনে খুশী হবেন যে, CISTH অর্থাৎ Central Institute of SAARC tropical horticulture একটাই ছিল লক্ষ্ণৌতে, তার দ্বিতীয় একটা centre তৈরি হচ্ছে মালদায়। ৭০ হাজার একর জমি ইতিমধ্যেই দেওয়া হয়েছে সেখানে। শুধুমাত্র মালদা, মুর্শিদাবাদই নয়, গোটা eastern region-এ তারা এই technology'র supportটা পাবে। আমরা খুব তাড়াতাড়ি এটা চালু করছি। স্যার, সোহরাব সাহেব বলেছেন mega food park। আমাদের মহামহিম রাষ্ট্রপতি যখন ওখানকার সাংসদ ছিলেন, তখন তিনি mega food park চালু করেছিলেন। সেখানে আমরা গেছি, ঘুরেছি। ওখানে চালের mill তৈরি হয়েছে। আরও অনেকগুলো

পরিকল্পনা নেওয়া হয়েছে। গত পরশুদিনই, মালদার যে food park, তার rate টা অনেক বাড়িয়ে দেওয়া হয়েছিল, সেটা অনেক reduce করা হয়েছে, one third করা হয়েছে। অর্থাৎ আমরা আরও অনেক আনতে পারি। আজকে zero hour এ আমাদের মাননীয় সদস্যা সাবিনা ইয়াসমিন বলেছিলেন যে, মালদায় ঝড়ে আম, লিচুর ক্ষতি হয়েছে। শুধু মালদাতেই নয়, অনেক জায়গাতেই হয়েছে। আমরা আমাদের দপ্তরের মাধ্যমে জেলাশাসক বা agriculture department-কে বলেছি কতটা ক্ষয়ক্ষতি হয়েছে তার report দিতে। কিছু রিপোর্ট পেয়েছি, আরও কিছু রিপোর্ট পেলে disaster management দপ্তরকে আমরা পাঠাব।

[2.40 - 2.50 p.m.]

সেখান থেকে টাকা পেলে আমরা করব। গত বছর লিচুর সিনড্রোমের জন্য ২০ কোটি টাকার লিচু - আমাদের কালিয়াচকে বা আশেপাশে উৎপাদন হয়। মজফফরপুরে বেশ কিছু শিশু মারা গেছে, আমাদের জেলায়ও শিশু মারা গেছে এবং দশ কোটি টাকার লিচু ফেলে দেওয়া হয়েছে। কেউ কেনেনি। দিল্লিতে আমরা নিয়ে গেছি টাচ করেনি। আমরা দিল্লি থেকে শুরু করে, পুনে থেকে শুরু করে কদিন আগেও অনেক স্কোয়াড এসেছিলেন। তারা বললেন যে এটা লিচু সিনড্রোম নয়। অনেক সময়ে বাচ্চাদের গ্লুকোজ কমে যায়, বাচ্চাদের যদি চিনি খাওয়ানো যায়, তার যদি প্রাইমারি ট্রিটমেন্ট করা যায়, তাহলে এই মৃত্যু থেকে বাঁচানো যাবে। এইভাবে আমরা গ্রাম থেকে শুরু করে জেলা হাসপাতাল বা মেডিকেল কলেজগুলোকে আমরা ট্রেনড করছি যে কিভাবে কাজ করা যায়। আপনি তো মন্ত্রী ছিলেন, আপনি যেভাবে দেখতেন আমাকেও ওইভাবে দেখতে হয়। তবে একটু বেশি করে দেখতে হয়। স্যার, মমতা রায় বললেন যে আমরা কিছুই করি না। ওঁদের আমলে অনেক কাজ হয়েছে মল্লিকঘাট - ফুল বাজার। উদ্যোগ নেওয়া হয়েছিল। পোর্ট ট্রাস্ট থেকে আমরা জমি নিয়েছিলাম। নিয়ম হচ্ছে কোনো সরকারের কাছ থেকে যদি জমি নিতে হয় লিজ, তার লিজের টাকা দিতে হবে। দীর্ঘদিন ধরে তারা লিজের টাকা দেয়নি। ২০ কোটি টাকার প্রোজেক্ট। পাঁচ কোটি টাকা আমরা পেয়েছিলাম, সাত কোটি টাকার মতো। সেই টাকার দু-কোটি টাকা কাজে লেগেছিল, আমরা ওই টাকা ফেরত দিয়ে দিয়েছি। এখন পোর্স্ট ট্রাস্ট বলছে, পেনাল্টি করে আট কোটি টাকা ডিমান্ড করেছে আমাদের কাছে। আমরা তাদের বলেছি যে আমরা ন্যায্য যে টাকা সেই টাকা আমরা দিয়ে দেব। কিন্তু আমাদের পেনাল্টি মাপ করা হোক। ওঁরা স্ট্রেট বলেছেন পেনাল্টি মাপ করা যাবে না। ফলে মল্লিকঘাট নতুনভাবে তৈরি করা, গ্রাম থেকে যে চাষীরা শহরে আসবে তার পরিকল্পনাটা অনেকখানি থমকে গেছে। এখানে স্যার একজনই প্রতিনিধি ছিলেন, তিনি সকালে হল্লা করে চলে গেছেন। তিনি থাকলে ভাল হত। আমি বলতাম যে দিল্লিতে বলুন। আপনি তো রাজ্য থেকে নির্বাচিত হয়েছেন। আপনার মন্ত্রী প্রতিদিন আসছে দিল্লি থেকে। কেন আমরা এই সুযোগ থেকে বঞ্চিত হব। আমাদের ফুল বিদেশে যাচ্ছে। দার্জিলিং থেকে এমন কোনো জেলা নেই যেখানে ফুল চাষ হয় না। আগে আমরা ফুল শুধু পূজাতে দিতাম। জন্ম থেকে মৃত্যু ফুল কাজে লাগছে। আর এই ফুল আমরা অনেক সময়ে বিদেশে দিয়ে বিদেশী অর্থ উপার্জন করছি। স্যার, নিরাপদ সর্দার উনি বলেছেন যে তালগুড়, আমরা ওখানে সোসাইটি বিল্ড করেছি। ১০ লক্ষ টাকা অনুদান দেওয়া

হয়েছে আপনি বোধহয় জানেন না। জয়নগরের মোয়া নিয়ে আমাদের মাননীয় সদস্য নস্কর সাহেব বলেছেন। শুধু জয়নগর নয়, মিষ্টিটা আমাদের দপ্তরে পড়ে। আমরা জয়নগরের মোয়াটা স্থায়িত্ব কতখানি হয় তার জন্য আমরা বড় বড় এক্সপার্টদের নিয়েছি। যাদবপুরে টাকা দিয়েছি এক্সপার্টদের গামা রেডিয়েশনের জন্য। যে গামা রেডিয়েশন করে কিভাবে সবজির আয়ু বাড়ানো যায়।

মিঃ স্পীকার : সভার অনুমতি নিয়ে আমি দশ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, আমরা গামা রেডিয়েশানের মাধ্যমে সবজির লংজিভিটি বাড়ানোর চেষ্টা করছি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহায়তায়। সেখানে আমরা টাকা দিয়েছি। জয়নগর মোয়া জি.আই.এস. পেয়ে গেছে। এখানে মনে রাখবেন প্যাকেজিং হচ্ছে একটা বেস্ট অ্যাট্রাকটিভ পলিসি। আপনি যত ভালোই মোয়া তৈরি করুন, যদি প্যাকেজিং ভালো না হয়, তার কনটেন্টগুলি লিখে না দেওয়া হয়, তাহলে বিদেশের বাজারে রিজেক্ট হবে, বা বিদেশের বাইরেও রিজেক্ট হবে। আমের মধ্যে আমরা রেভলিউশান আনার চেষ্টা করছি। আম হচ্ছে ফলের রাজা। সম্রাট আকবর এই আমকে পছন্দ করতেন এবং তিনি আমকে ভারতের মধ্যে বিস্তার করেছেন। একটা সময়ে মুর্শিদাবাদে বিখ্যাত বিখ্যাত আম পাওয়া যেত। এখন সেই আম কমে এসেছে। কিন্তু অন্য আম হয়েছে। মালদাতে ওয়েস্ট বেঙ্গলের মধ্যে সবথেকে বেশী আম উৎপাদন হয়, এই বছর রেকর্ড উৎপাদন হচ্ছে। স্যার, আম যখন পেকে যায়, আমরা যখন বাইরে পাঠাই অনেক সময়ে পচে যায়। গত বছর দিল্লির হাটে আমরা আমের বিজনেস করেছিলাম। ভারতের অনেক জায়গাতে আম পাঠিয়েছি। এবারে আমরা রেলের মাধ্যমে আমাদের ব্যাগে বিভিন্ন আম, দাম কত, কত কেজি এটা যদি আমরা হলোগ্রাম লাগিয়ে দিতে পারি রেলওয়ে বাসে, বা দুরপাল্লার ট্রেনগুলিতে দিতে পারি, তাহলে অনেক ভালো হবে। দিল্লিতে সাফোলা তারা আমাদের কাছে আম চেয়েছে। ওদের একটা আউটলেট আছে। দিল্লি এবং নয়ডায় প্রায় দেড় হাজার মতো আউটলেট আছে। আমরা সেখানে আম পাঠানোর ব্যবস্থা নিচ্ছি রেলের মাধ্যমে। তারা বলেছে কাঁচা আম পাঠাতে হবে। আমরা তাদের সঙ্গে চুক্তি করেছি। এই আম পাঠাচ্ছি। কলকাতার বুকে বাজি বাজারের ওখানে আমরা একটা আম বাজার বানাচ্ছি। এই যে আম কলকাতায় প্রতিটি জায়গা থেকে বা প্রতিটি জেলা থেকে আসে, তারা ওখানে পাবে। হর্টিকালচার সোসাইটিতেও আমরা এটা করতে চলেছি আগামী জুন মাসে। এবং আমের ক্ষেত্রে একটা বড় জিনিস হচ্ছে পাল্প প্যাকেজ। পাল্প প্যাকেজিং করতে পারিনি। আমরা এন্টারপ্রেনিওরদের ওয়েলকাম করছি। গতকাল অনেক এন্টারপ্রেনিওর এসেছিলেন। তারা বলেছেন অ্যাট্রাকটিভ পাল্প প্যাকেজিং করবেন। এই যে আম ঝড়ে পড়ে যায়, কাঁচা আম - সেটার পাল্প করতে পারি। পেকে যায় যে আম, সেটাও আমরা প্যাকেজিং করতে পারি। তার বাইপ্রোডাক্ট থেকে আমরা অনেক কিছু করতে পারি। বিদেশে তো টেবিলে আম খায় না। তারা তো পাল্প খায়। তারা তো বাইপ্রোডাক্ট খায়। একহাতে বার্গার, আর এক হাতে পাল্পটা খায়। বাইপ্রোডাক্ট খায়। এটা আমরা চেষ্টা করছি। এটা ঠিকই বলেছেন আমাদের সোহরাব সাহেব। গ্রামীণ অর্থনীতি মজবুত করার জন্য এই দপ্তর যথেষ্ট এবং আপনারা জানেন জঙ্গলমহলে

মহিলাদের হাতে রাইফেল উঠেছিল। মহিলারা গর্জে উঠেছিল। আমি লালগড়ে গিয়েছি। আমি এই জায়গাগুলি ঘুরে দেখেছি। এখন মহিলারা রাইফেল ফেলে তারা ভার্মি কমপোজড সার তৈরি করছে।

[2.50 - 3.00 p.m.]

তারা সবজি তৈরি করছে। আমি তাদের বলেছি, আপনাদের হাত হোক কৃষি উৎপাদনের, আপনাদের হাত হোক ফল উৎপাদনের। শুভাশীসবাবু একটা মিরাক্‌ল্‌ স্টেপ নিয়েছেন। গত সপ্তাহে মাননীয়া মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, দেখে তিনি অ্যাপ্রিশিয়েট করেছেন। ওখানে মুসম্বি হচ্ছে, আঙুর হচ্ছে, আম হচ্ছে, পেঁয়াজ হচ্ছে। স্যার, এখানে মুর্শিদাবাদের অনেকে আছেন। এই বছর মুর্শিদাবাদে নাসিকের পেঁয়াজ দারুণভাবে উৎপাদন হয়েছে। আগে আমরা পেঁয়াজের সবকিছু নীতি নির্ধারণ করতাম মহারাষ্ট্রের দিকে তাকিয়ে, নাসিকের দিকে তাকিয়ে। নাসিকের পেঁয়াজের সীড্‌ আমরা এখন নিয়ে আসছি। যারা আদিবাসী আছেন, তাদের ১০০ টাকা প্যাকেট, আর যারা নন আদিবাসী আছেন তাদের ৫০০ টাকা, অর্থাৎ ১২০০ টাকার মধ্যে আমরা এই সাবসিডি দিচ্ছি। আজকে আমরা এই কাজগুলো কেন করছি? এই কাজগুলো করছি অর্থনৈতিক উন্নয়নের জন্য। মহাত্মাজী বলতেন, "শহরের তখনই উন্নতি হবে যখন গ্রামীণ অর্থনীতি মজবুত হবে।" গ্রামের মানুষরা শহরমুখী হচ্ছে শিক্ষার জন্য, স্বাস্থ্যের জন্য, কর্মসংস্থানের জন্য। আমরা যদি এই প্রকল্পের মাধ্যমে গ্রামের অর্থনীতিকে মজবুত করতে পারি, তাহলে গ্রামের মানুষরা শহরমুখী হবে ঠিকই, কিন্তু শহরে স্থায়ী বসবাস করবে না। স্যার, আমরা এই যে পেঁয়াজ, এর থেকে একটা বীজ তৈরি করছি। এখানে আমাদের সদস্য বলছিলেন - আলু। আলু আমাদের দপ্তরে পড়ে না, আলু এগ্রিকালচার মার্কেটিং দপ্তরে পড়ে। আলুর বীজটা নিয়ে আপনারা কি করেছেন বিগত দিনে, তা সকলেই জানেন। কোচবিহরের উদয়নবাবু যদি থাকতেন, তাহলে তিনি অনুভব করতে পারতেন আলুবীজের কেলেঙ্কারিটা কোন পর্যায়ে পৌঁছেছিল। আমরা কিন্তু পেঁয়াজের বীজ তৈরি করতে সক্ষম হয়েছি এবং এই বীজ আমাদের রাজ্যে আমরা ছড়িয়ে দিতে পারছি। এখানে সোহরাব সাহেব এসেছেন...

মিঃ স্পীকার : উইথ দ্য কনসেন্ট অফ দ্যা হাউস, আমি আরো ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : পেঁয়াজের রেকর্ড উৎপাদন এবার আপনার এলাকায় হয়েছে - নাসিকের পেঁয়াজ। কয়েকদিন আগে ইন্ডোর স্টেডিয়ামে এগ্রি মেলা হয়ে গেল। সেখানে বড় বড় পেঁয়াজের ডিসপ্লে হয়েছে। স্ট্রবেরি বলছিলেন, স্ট্রবেরি হয়েছে। নানারকম ফল হচ্ছে, আমরা কিন্তু এগিয়ে যাচ্ছি। আমরা বলছি মিষ্টি - আমাদের রাজ্যে অনেক রকম মিষ্টি হয়। সেই মিষ্টিগুলোকে আমরা যদি...

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : খড়্গপুর আই.আই.টি.তে আপেল চাষ হচ্ছে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আমরা হেল্প নেবো, তাদের সাহায্য নেবো। অলরেডি যাদবপুরের সাহায্য আমরা নিয়েছি। আপনি আমাদেরকে পরামর্শ দিন, আপনি বিদগ্ধ মানুষ,

দীর্ঘদিন ধরে এই সভার সদস্য আছেন, গ্রেট পার্লামেন্টেরিয়ান আছেন। আপনি আমাকে দিন, আমরা সাহায্য নেবো। স্যার, আমরা বেশ কিছু সোসাইটি তৈরি করছি। এই কৃষক সোসাইটিদেরকে ট্রেন্ করে তাদের উৎপাদিত ফসল আমরা ডাইরেক্ট ভ্যানে বাজারে নিয়ে আসতে পারবো, কৃষক মান্ডিতে আনতে পারবো, কখনো বাজারে আনতে পারবো। স্যার, আমাদের বড়লোকদের জন্য মল্ তৈরি হয়েছে, ওই মলে আমরা যদি অর্গানিক ম্যানিওরের ফল, সবজি রাখতে পারি তাহলে কিন্তু আমরা অনেক উন্নতি করতে পারবো, কৃষকরা ন্যায্য দাম দেবে। স্যার, মেসিনারি, প্ল্যান্ট, এই যে এখন মডার্ন মেসিনারিজ হয়েছে, এই মেসিনারিজগুলো আমরা যদি কৃষকদের দিতে পারি, তার জন্য পরিকল্পনা আমরা নিচ্ছি, কৃষকদের যদি আমরা ট্রেনিং দিতে পারি, তাদের যদি আমরা তৈরি করতে পারি, তাহলে আমরা আমাদের অর্থনৈতিক বুনিয়াদকে মজবুত করতে পারবো। আগে আম বলতে মুর্শিদাবাদ আর মালদা, এখন আম গোটা রাজ্যে ছড়িয়ে পড়েছে। বাঁকুড়ার মতো জায়গায় এগিয়েছে, পুরুলিয়ার মতো জায়গায় এগিয়েছে, মেদিনীপুরের মতো জায়গায় এগিয়েছে, তাহলে আমাদের সদিচ্ছা দরকার। আমাদের রাজ্যে অনেকগুলো ফুডপার্ক আছে, কতগুলো আমাদের ডাইরেক্ট আছে, আর কতগুলো গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার আছে। সেই কাজগুলোকে আমাদের এগোতে হবে, ইন্টারপ্রেনারদের আনতে হবে, দেশ-বিদেশ থেকে এন্টারপ্রেনারদের আনতে হবে। দিল্লিতে আমাদের মিটিং করতে হবে, রাজ্যে মিটিং করতে হবে, অন্য জায়গায় মিটিং করতে হবে, রেভলিউশান আনতে হবে। আমি একটা কথা আপনাদের বলতে পারি এই মহান সভায় যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বার বার বলেন আমাদের সরকার মা-মাটি-মানুষের সরকার, সুতরাং আমরা চাষী এবং শ্রমিকদের অগ্রাধিকার দিয়ে আমরা এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। স্যার, আমি বলি ওনাদের সমালোচনা করার অনেক সুযোগ আছে, কিন্তু যখন আপনারা নির্বাচিত হয়ে এলাকায় যাবেন, তখন ওই নাগরিকরা আপনাদের কাছে প্রশ্ন তুলবে যে আপনি আপনার কনস্টিটিউয়েন্সির গরীব মানুষের জন্য, চাষীর জন্য, শ্রমিকের জন্য, যুবকদের জন্য, মহিলাদের জন্য কি করেছেন। এই দপ্তরটিকে আপনারা ডাম্পিং স্টেশন বানিয়েছিলেন। আমরা এই দপ্তরটিকে পুনরুজ্জীবিত করে মানুষের স্বার্থে আনার চেষ্টা করছি। সর্বশেষ স্যার, আমি আপনাকে বলবো ২০১৫-১৬ আর্থিক বছরে রাজ্যের খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প, উদ্যানপালন, ভেষজ উৎপাদন, চাষের উন্নয়নের জন্য প্রস্তাবিত ব্যয়ের দাবীটা মঞ্জুর করার জন্য আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

Mr. Speaker : Now I put to vote all the cut motions moved.

As many as are of that opinion will please say AYE
As many as are of the contrary opinion will please say NO.

Noes have it. Noes have it.

Now I put to vote the Motion of Dr. Amit Mitra that a sum of Rs.148,70,95,000 be granted for expenditure under Demand No.22, Major Heads : "2401-Crop Husbandry, 2408-Food, Storage and

Warehousing, 2551-Hill Areas, 2851-Village and Small Industries, 2852-Industries, 3451-Secretariat - Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry and 4860-Capital Outlay on Consumer Industries" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs.49,57,01,000 already voted on account).

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.
AYES have it, AYES have it.

Mr. Speaker : There are three cut Motions to Demand No. 23. All the Cut Motions are in Order. Now I call upon Shri Asit Mitra and Shri Gouranga Chatterjee to move their Motions.

Shri Asit Mitra : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs.100/-.

Shri Gouranga Chatterjee : Sir, I beg to move that the amount of the Demand be Reduced by Rs.100/-.

শ্রী দিবাকর হাঁসদা : স্যার, আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ বর্মণ বনদপ্তর পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক দাবী নং ২৩ অনুসারে ২০১৫-১৬ সালের ব্যয় মঞ্জুরীর উপর যে বাজেট ভাষণ রেখেছেন, আমাদের আনা কাটমোশান সমর্থন করে আমি বাজেট সম্পর্কে দু-চার কথা বলার চেষ্টা করছি।

[3.00 - 3.10 p.m.]

স্যার, প্রথমেই বলি - বন থেকে জানোয়ার আনা যায়, কিন্তু জানোয়ারের মন থেকে বন তোলা যায় না। বর্তমানে আমরা দেখতে পাচ্ছি জঙ্গল ধীরে ধীরে শেষ হয়ে যাচ্ছে। কিন্তু পরিকল্পনা খাতে ২৭১ কোটি ৪১ লক্ষ টাকা বাজেট রেখেছেন। এই পৃথিবীতে আমরা জানি ৩ ভাগ জল আর ১ ভাগ স্থল। দেশের সবচেয়ে জনবহুল রাজ্য হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গ। মাথাপিছু বনভূমির পরিমাণ সবথেকে কম ১৩.৪%। ২০০১-এর আদমসুমারী অনুযায়ী রাজ্যে জনসংখ্যা প্রতিবর্গ কিলোমিটার হিসাবে ৯০৪। ভারতে ৩২৪। তার ঘনত্ব বর্তমানে এখানে স্ট্যাটিসটিক্যাল স্ট্যান্ডিং কমিটিতে দেখছিলাম ২০১৩ সালে ১,০২৯ এবং ভারতে ৩৮২ জন। রাজ্যে মাথাপিছু বনভূমির পরিমাণ ০.০১৫ হেক্টর। সারা দেশে বনভূমির পরিমাণ ০.০৭৪ হেক্টর। ম্যাডাম, দুই দশক ধরে সামাজিকভিত্তিক বনসৃজনের মাধ্যমে ১৯৭৬ সাল পর্যন্ত ১,১৬,৮৫৬ হেক্টর বনসৃজন হয়েছিল, সামাজিক বনসৃজন ও প্রকল্পের মাধ্যমে। বামফ্রন্ট সরকার ১৯৭৭ থেকে ২০০২ সাল পর্যন্ত এই প্রকল্পের মাধ্যমে বনের বাইরে ৪,৫২,৭৭৯ হেক্টর বনসৃজন হয়েছিল। এই বনসৃজনের মাধ্যমে শতকরা ২৭.৩৪ ভাগ এলাকায় সবুজের আচ্ছাদন সৃষ্টি করা হয়েছিল। এই ১০০ বছরের পুরানো বননীতি অনুযায়ী অর্থাৎ আট দশক পর্যন্ত অনুসৃত হয়েছিল। এই নীতিতে

বন সংরক্ষকদের সাথে বন সংলগ্ন গ্রামে বসবাস অধিবাসীদের গড়ে উঠেছিল মালিক এবং শ্রমিকদের সম্পর্কের মতো। জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই নীতির সীমাবদ্ধতাগুলো প্রকট হতে লাগলো। সেই সময় ১৯৭৩ সালে বর্তমান পশ্চিম মেদিনীপুর জেলার শালবনি থানার আড়াবাড়ি গ্রামের মানুষদের নিয়ে বনরক্ষা ও বনসম্পদ বৃদ্ধির জন্য প্রথম উদ্যোগ গ্রহণ করা হয়েছিল। তার বিনিময়ে গ্রামবাসীরা পেয়েছিলেন বনজ সামগ্রী সংগ্রহের অধিকার, বন বিভাগের পক্ষ থেকে নেওয়া বিভিন্ন কর্মসূচীতে কিছু কাজ। এই উদ্যোগের ফলটা - জনমত তৈরির প্রয়াসও চলতে থাকে। ম্যাডাম, ১৯৮৭ সালে গড়বেতা, কেশপুর ও শালবনী অঞ্চলের ১২,৮০০ হেক্টর জমিতে গড়ে উঠেছিল আড়াবাড়ি আর্থসামাজিক প্রকল্প। এই প্রকল্পের মাধ্যমে সাফল্যের জন্য কেন্দ্রীয় সরকারের 'ইন্দিরা প্রিয়দর্শিনী বৃক্ষ মিত্র পুরস্কার'ও লাভ করেছিল। ১৯৮৮ সালে গ্রামবাসীরা ঐ অঞ্চলের ৭০ হেক্টর পুনরুজ্জীবত শালবন বিক্রি করে শতকরা ২৫ ভাগ রাজস্ব/অর্থ পেয়েছিল। ১৯৯০ সালে বন বিভাগ যৌথ পরিচালনার নীতি গ্রহণ করেছিল। এই নীতির ফলে গ্রামবাসীদের বনরক্ষায় সহায়তার বিনিময়ে অনেক আর্থসামাজিক পরিবর্তন এবং সুযোগ সুনিশ্চিত করা হয়েছিল। বনরক্ষা বা বন সুরক্ষা কমিটি জ্বালানী কাঠ পাওয়ার জন্য কাঠ ছাড়া বনজ সামগ্রী, পাতা, ফল, বীজ, মাশরুম, ইত্যাদি - গ্রামবাসীদের আয় বৃদ্ধির জন্য পশুপালন, মাছ চাষ, মৌমাছি পালন, ইত্যাদি - বন সংলগ্ন গ্রামবাসীদের জন্য রাস্তা নির্মাণ, পানীয় জলের উৎস, জলাশয় খনন, কমিউনিটি হল নির্মাণ - আয় বাড়ানোর জন্য শালপাতা থেকে প্লেট তৈরি করা, সেরিকালচার, সাবাই ঘাস সামগ্রী, বাবুই ঘাস, মৌমাছি পালন, বাঁশজাত হস্তশিল্প, মাশরুম চাষ ইত্যাদির প্রশিক্ষণও দেওয়া হয়েছিল। এই জন্য প্রতি বছর জুলাই মাসে 'অরণ্য সপ্তাহ' এবং অক্টোবর মাসে 'বন্যপ্রাণ সপ্তাহ' পালনের মাধ্যমে নগর এবং গ্রামবাসীদের মধ্যে জাগরণ এবং প্রশিক্ষণের চিন্তাভাবনা হয়েছিল। যে জঙ্গলকে রক্ষা করতে হবে এবং গাছকে রোপণ করতে হবে। জঙ্গলকে শেষ করার ফলে বাঘ, হাতি আমাদের শহরালয়ে চলে আসছে। বর্তমানে আজকে সেই জঙ্গলের মধ্যে না থেকে তারা লোকালয়ে আসার ফলে আমার বিনপুর বিধানসভার মধ্যে বিনপুর দু'নম্বর ব্লকে সামাজিক ফরেস্ট গাছ লাগানোর ক্ষেত্রে আমি জানিয়েছিলাম কার্তিক-অগ্রহায়ণ মাসে গাছ লাগানো হয়, সেই গাছ কিন্তু একটিও নাই। এই সোস্যাল ফরেস্টের মাধ্যমে যে সামাজিক একটা পরিবর্তন - বনসুরক্ষা কমিটির তৎকালীন ৩ লক্ষ ৬ হাজার ৫০, সদস্য সংখ্যা ৪ লক্ষ, সুরক্ষিত বনের আয়তন ছিল ৫৭৩৫ বর্গ কিলোমিটার। ম্যাডাম, উত্তরবঙ্গের ইকো ডেভেলপমেন্টে কমিটির মাধ্যমে অভয়ারণ্য এবং জাতীয় উদ্যানগুলির জন্য বর্তমান সরকার যে বরাদ্দকৃত অর্থ রেখেছেন সেটাকে সঠিকভাবে কাজ করার ক্ষেত্রে কেন্দ্র এবং রাজ্য থেকে যে অর্থ পাওয়া যায়, সেটাকে সঠিকভাবে কাজে লাগালে অভয়ারণ্য রক্ষা করা যায়। এর জন্য ১৯৯৪ সালে আন্তর্জাতিক যে পুবস্কারটি পেয়েছিলেন,বনরক্ষা কমিটি গঠন করার ফলে তাদের যে আয় বৃদ্ধি পেয়েছিল এবং স্বসহায়ক গ্রুপকে নাবার্ডের সহযোগিতার মাধ্যমে কাজকর্ম করার ক্ষেত্রে বর্তমান সরকারের আরো উদ্যোগ থাকা প্রয়োজন। আগে যে বনরক্ষা কমিটি তৈরি হয়েছিল, সেই বনরক্ষা কমিটি আছে কিনা মারা গেছে সেটা আমি দেখার জন্য অনুরোধ করছি। প্রাকৃতিক পর্যটনের মানোন্নয়নের ক্ষেত্রে বনবিভাগ উন্নয়ন নিগম রাজ্যের পর্যটকদের হিমালয়ের কোলে যে ডুয়ার্স, বক্সা,

জলদাপাড়া, গরুমারা, চাপড়ামারি, তরাই-এর মহানন্দা অভয়ারণ্য আছে সেটাকে যেন রক্ষা করা দরকার। বর্তমানে কাঠ মহাজন এবং যে চোরা কারবারিরা বেরিয়েছে, তাতে জঙ্গল থেকে সমস্ত বাঘ-হাতি চলে আসবে যদি না গাছ রক্ষা করা যায়। এইজন্য এই হাউসে আপনাদের সবাইকে মনে রাখতে হবে গাছকে রক্ষা করার জন্য সে যেই বিধায়ক হোক, সি.পি.এম.-এর হোক, টি.এম.সি-র হোক আর যে কোনো হোক, ম্যাডাম,

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী অর্ঘ্য রায় প্রধান : মাননীয়া অধ্যক্ষা মহাশয়া, আজকে ২৩ নম্বর দাবী মাননীয় বিনয় কৃষ্ণ বর্মণ, ভারপ্রাপ্ত মন্ত্রী বনদপ্তর যেটা পেশ করেছেন, সেটাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মেশানকে সমর্থন না করে আমি কিছু কথা বলতে চাই। আমরা উত্তরবঙ্গের মানুষ, উত্তরবঙ্গে কাঠ একটা অর্থকরী ফসল, সেটা আমরা জানতাম। কিন্তু পরবর্তী সময়ে আমরা দেখেছি যে বিগত সরকারের আমলে এই ষাটের দশকের শেষ প্রান্ত থেকে আরম্ভ করে ২০০০ সালের পর অবধি একটা চক্র এমন কাজ করেছিল এবং সরকারের কোনো প্রতিবন্ধকতা সেই সময় তারা পায়নি দেখে গোটা উত্তরবঙ্গের যত মহীরুহ বৃক্ষগুলো ছিল সবগুলোকে ছেদন করে একটা মরুভূমির রাজত্বে পরিণত করবার চেষ্টা হয়েছিল। ন'-এর দশকের প্রথম দিক থেকে প্রত্যেকটা গ্রামে প্রত্যেকটা জায়গায় - একটাই জায়গা ছিল তাদের চিন্তাভাবনার ভেতরে, সেটা হচ্ছে গিয়ে কাঠকে কেন্দ্র করে চোরাই কাঠের ব্যবসা এবং করাতকলের ভেতর দিয়ে এই একটা অর্থনৈতিক জায়গা উত্তরবঙ্গের বুকে তৈরি হয়েছিল। কিন্তু আমাদের মা-মাটি-মানুষের সরকার আসবার পরে আমরা লক্ষ করে দেখতে পাচ্ছি যে অবৈধ করাতকল যার মাধ্যমে এই সমস্ত বৃক্ষগুলোকে কাটা হয়েছিল, সেগুলোতে আজ আর কাটা হচ্ছে না। কাঠ চোরাইচক্র সেটাও বন্ধ হয়ে গিয়েছে। কাজেই যেটা আজকে বলার দরকার, যেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে দৃষ্টিভঙ্গী দেখিয়েছেন Vision 2020 সেই দিকে লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেটার মূল লক্ষ্য আজকে এই বাজেট বক্তৃতার মধ্যে পড়ে দেখতে পেলাম যে তিনি একটা ভিশন দিতে পেরেছেন, সেটা হচ্ছে গোটা পৃথিবীর যেটা সমস্যা অর্থাৎ Green House Effect.

[3.10 - 3.20 p.m.]

এই গ্রীন হাউস এফেক্টের যে সমস্যা সেখান থেকে বাঁচার একমাত্র যে রাস্তা সেটা হচ্ছে গিয়ে বনসৃজন। এই বনসৃজনকে আজকে যেভাবে অগ্রগতির দিকে মাননীয় মন্ত্রী, মুখ্যমন্ত্রীর চেষ্টায় এবং মুখ্যমন্ত্রীর ভাবনায় যেভাবে চারিদিকে গাছ লাগাচ্ছেন তার জন্য ধন্যবাদ না দিয়ে পারা যায় না। কারণ ইতিমধ্যেই আমরা লক্ষ করে দেখলাম যে শুধুমাত্র ২০১৪-১৫ সালে ৯৬৬৯ হাজার হেক্টর জমিতে এই বনসৃজন হয়েছে। তিনি পরিকল্পনা খাতের মধ্যে ২০১৫-১৬ অর্থবর্ষে ১২,২২৮ হেক্টর জায়গায় আরো নতুন করে বনসৃজন করতে চান। কাজেই এই জায়গাটা যদি আজকে না আসে আগামী প্রজন্ম, আগামীদিন আমাদের যে পরিবেশ নষ্ট হচ্ছে, সেই পরিবেশ থেকে আমরা বাঁচতে পারব, যদি বনসৃজনটাকে সামনে রেখে আমরা এগোতে পারি। ইতিমধ্যেই

আপনারা জানেন, এই বাজেট বক্তৃতার মধ্যে আমরা লক্ষ্য করে দেখলাম, আমরা গ্রাম বাংলার লোক, আমরা লক্ষ্য করে দেখলাম ২০১১ সালের পরে বিভিন্ন আর্বান এরিয়ায় এবং প্রত্যন্ত গ্রাম পঞ্চায়েত এরিয়াতেও আজকে মাননীয়া মুখ্যমন্ত্রীর যে শিল্পভাবনা, সেই শিল্পভাবনাকে কাজে লাগিয়ে সেখানটায় ছোট ছোট উদ্যান তৈরি হয়েছে। ছোট ছোট উদ্যানগুলো শহরের বিভিন্ন প্রান্তিক জায়গায় সেখানটাতে যেমন হচ্ছে, আমার একদম প্রত্যন্ত জায়গায় এই কলকাতা থেকে অনেক দূরে সবচাইতে বেশি দূরেই হবে, সেখানটাতেও সেখানে কিন্তু নতুন নতুন পার্কস অ্যান্ড গার্ডেন্স-এর মধ্যে দিয়ে উদ্যানগুলো হচ্ছে। বিভিন্ন স্কুল-কলেজে জায়গা ফাঁকা যাতে না পড়ে থাকে, সেইজন্য সমস্ত স্কুল-কলেজে এই পার্কস অ্যান্ড গার্ডেন্স-এর মাধ্যম দিয়ে সেখানটাতে নতুন করে গার্ডেনিং করা হচ্ছে। ফুল ফুটছে। মানুষ হাসছে। এই জায়গাটার দিকে লক্ষ্য রেখে আজকে হসপিটালগুলোকেও সাজানো হয়েছে। এতদিন যেটা ছিল, আপনারা খুব ভাল করে জানেন, এতদিন যেটা ছিল হাসপাতালগুলো আবর্জনার মধ্যে বাস করত, সেখানটাতে শুয়োর, কুকুর, বেড়াল ঘুরে বেড়াত। কিন্তু আমরা আজকে দেখতে পাই, সমস্ত হাসপাতালগুলোতে সেখানটাতে কিন্তু আবর্জনার ঢিপ লেগে থাকে না। সেখানটাতেও ফুলগাছ হয়েছে, সেখানটাতে গার্ডেনিং করা হয়েছে। এটাকে ধন্যবাদ আপনারা দিতে পারবেন না আমরা জানি। কারণ, আপনারা একটা জঙ্গলের রাজত্ব কায়েম করে বসেছিলেন, এই বিগত সরকারের সময়। সেখান থেকে যখন আমরা বেরুতে পেরেছি, এইটুকুন কথা বলতে পারি, আগামীদিনে আগামী প্রজন্মের কাছে নতুন একটা অঞ্চল, নতুন একটা জায়গা করে দিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আরো দীর্ঘদিন এই চেষ্টাকে বাংলাকে আরো উন্নতির জায়গায় নিয়ে যাবে। তাই আমরা কটাক্ষ করে বলতে পারি, আপনাদের কটাক্ষ করে বলতে পারি, বিগত দিনের বাজেট বক্তব্য আমি দেখেছি, ২০১০ সালে তৎকালীন মন্ত্রী যত টাকা ব্যয়বরাদ্দ রেখেছিলেন, তার চাইতে দ্বিগুণ টাকা আজকে সব জায়গায় দেওয়া হচ্ছে। একটা মানবিক দিক কিছুক্ষণ আগেই শুনছিলেন, বক্তব্য রাখছিলেন, আপনাদের প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রী জানিয়েছেন যে, যে টাকা দেওয়া হত, এই যে হাতির কথা বলছেন, দলমার হাতি এসে বিভিন্ন জায়গায় ফসল নষ্ট করছে, সেই ফসলের জন্য যে টাকা দেওয়া হত কমপেনসেসান তার দ্বিগুণেরও বেশী টাকা আজকে দেওয়া হচ্ছে। এর জন্য আপনারা ধন্যবাদ দেবেন না? এর জন্য আপনারা ধন্যবাদ দেবেন না? আজকে মানুষ মারা গেলে, আজকে বন্যপ্রাণী দ্বারা মানুষ মারা গেলে যে টাকা দিতেন, তার চাইতে দেড়গুণ বেশী টাকা অর্থাৎ আপনারা দিতেন এক লক্ষ ৫০ হাজার টাকা, সেখান থেকে আড়াই লক্ষ টাকা দেওয়া হচ্ছে। এর জন্য আপনারা কিছু ভাববেন না, বলবেন না? আসলে আজকে আপনাদের বলবার কোনো জায়গা নেই। বলবার কোনো জায়গা নেই দেখেই এই কাজটা হচ্ছে। আমার কন্সটিটিউয়েন্সি ম্যাডাম তুফানগঞ্জ, সেখানটাতে আমরা একদম আসাম লাগোয়া। আজকে সেখানটাতে যে জায়গাটা রয়েছে, সেই জায়গার নাম রসিকবিল। আমি যখন নতুন বিধায়ক হলাম, আমি রসিকবিলে ঘুরতে গিয়েছিলাম। সেখানটাতে থাকবার অবস্থা ছিল না। মানুষ ঢোকবার জায়গা ছিল না। আজকে সেখানে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। সেই রসিকবিলে পাখি আসত না, এখন পাখি আসা শুরু হয়েছে। বার্ডস স্যানচুয়ারি ছিল। সেখানটাতে আজকে

পাখি আসছে। এই যে বনকর্মীদের নিয়ে কিছুক্ষণ আগে কথা বলছিলেন, বনরক্ষীদেরকে কাজে লাগিয়ে তাদেরকে আজকে কিন্তু স্বনির্ভর করা হচ্ছে সেখানটাতে। একটা ইকো-ট্যুরিজম সেখানটাতে চালু হচ্ছে। ইতিমধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে এবং মাননীয় বনমন্ত্রীর উদ্যোগে সেখানটাতে নতুন করে আর একটা প্রোজেক্ট তৈরি হচ্ছে, যে প্রোজেক্টটা হচ্ছে বাটারফ্লাই প্রোজেক্ট। অর্থাৎ প্রজাপতি সেখানটাতে ঘুরে বেড়াবে। সেখানটাতে যেমন মানুষ সৌন্দর্যকে ভোগ করতে পারবে, উপভোগ করতে পারবে, ঠিক তেমনভাবে আজকে আমরা যেটা দেখতে পাব, যারা এই সাবজেক্ট নিয়ে পড়াশোনা করেন, সেই সাবজেক্ট নিয়ে তারা সেখানটাতে গিয়ে পড়াশুনাটা করতে পারবেন, যারা এগ্রিকালচারের ভিতরে রয়েছে। কাজেই আজকে যেভাবে উত্তরবঙ্গ সেজে উঠছে বনদপ্তরের মাধ্যম দিয়ে, তাই আমি এইটুকু আহ্বান রাখছি সকলের কাছে, এই বাজেটকে সমর্থন জানিয়ে, কাটমোশানের বিরোধিতা আমরা করছি, এইটুকুন কথা বলে আপনাকেও ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী যোসেফ মুণ্ডা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ কর্তৃক দাবি নং ২৩ অনুসারে ২০১৫-২০১৬ আর্থিক বছরে ব্যয়বরাদ্দের আনীত প্রস্তাবের ওপরে আমি কিছু আলোকপাত করছি। ম্যাডাম, আমাদের রাজ্যের বনাঞ্চল বা বৃক্ষ আচ্ছাদিত অঞ্চল হচ্ছে ১৭.২৭ শতাংশ। কিন্তু আমরা জানি প্রত্যেক রাজ্যের যে ভূমি রয়েছে তার ৩৩ শতাংশ বনভূমি থাকা দরকার। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করবো, ১৭.২৭ শতাংশ যেটা রয়েছে, সেটা বাড়িয়ে ৩৩ শতাংশ কিভাবে করা যায় সেটা দেখা দরকার। তাই আমি আবেদন করবো, বৃক্ষ রোপণের ওপরে একটু নজর দেওয়ার জন্য। আমি এবারে স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট বা বাজেটের ওপরে আলোকপাত করছি। আমরা দেখেছি, ২০১৪-২০১৫ সালে যে বাজেট পেশ করা হয়েছিল ২৪৫ কোটি ৬২ লক্ষ ৪০ হাজার টাকা, তার মধ্যে মঞ্জুর করা হয়েছিল ১৩৯ কোটি ৭৪ লক্ষ ২৩ হাজার ৬১২ টাকা। মাননীয় মন্ত্রীর কাছে আমি আবেদন রাখবো, যাতে এই খাতে - কারণ বৃক্ষ এমন একটা জিনিস বা বৃক্ষরোপণ এমন একটা জিনিস যেটা মানবসভ্যতার ভারসাম্য ধরে রাখে। তাই মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, প্রাকৃতিক দান বনভূমি, তাকে যদি আমরা বাঁচিয়ে রাখতে না পারি, তাহলে সৃষ্টি ধ্বংস হয়ে যাবে বা মানবসভ্যতাই ধ্বংস হয়ে যাবে। এটা আমরা সকলেই জানি। বিজ্ঞান প্রতিষ্ঠা করেছে যদি বনভূমি কমে যায়, তাহলে প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হয়ে যাবে এবং ঝড়, অতি বর্ষন, খরা হবে এবং এগুলো মানবসভ্যতাকে ধ্বংস করে দেবে। এর সঙ্গে সঙ্গে পশ্চিমবাংলাও বাঁচবে না, এটা আমরা সবাই জানি। তাই বলি, মাননীয় মন্ত্রী আপনি এই খাতে আরো বেশি টাকা, যেখানে বৃক্ষরোপণ বা বন্যপ্রাণের জন্য আরো বেশি অর্থ মঞ্জুর করার চেষ্টা করবেন। এটা আপনার কাছে আমার অনুরোধ। ২০১৪-১৫ আর্থিক বছরে আমরা দেখেছি যেখানে বাজেট পেশ করা হয়েছিল ২৭০ কোটি ৯৬ লক্ষ ৫০ হাজার টাকা। তার মধ্যে সংশোধিত বাজেট বরাদ্দ ছিল ১৯২ কোটি ৫ লক্ষ ৯২ হাজার টাকা। কিন্তু মঞ্জুর হয়েছিল ১০৫ কোটি ১৪ লক্ষ ২৩ হাজার টাকা। আমার বলার বক্তব্য হল, এই জায়গায় আমাদের যদি টাকার ঘাটতি হয়, তাহলে সমাজে একটা আঘাত লাগবে। এটা আমরা সবাই জানি। আমি উত্তরবঙ্গের চা-বাগানের মানুষ। সেখানে

চারিদিকে ফরেস্ট ঘেরা। এটা আমি ছোটবেলা থেকে দেখেছি। আমার জন্ম বামফ্রন্টের আমলে। উত্তরবঙ্গের বনসম্পদকে ধ্বংস করেছে ওই সরকারের আমলে। আমাদের বনসম্পদ শাল, সেগুন, শিশু, ধুপি এই সমস্ত গাছ কেটে সাফ করে দেওয়া হয়েছে, এবং সেগুলো লুট করা হয়েছে। এর ফলে আমরা কি দেখলাম - বন্যপ্রাণী যেমন হাতি, চিতা, নেকড়ে বাঘ, সব ফরেস্টে না থেকে তারা লোকালয়ে চলে আসছে। বাইসনও চলে আসছে। আমরা দেখলাম তারা জঙ্গলে না থেকে গ্রামে, শহরে ঘুরে বেড়াচ্ছে।

[3.20 - 3.30 p.m.]

তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো এটা দেখতে এই বন্যপ্রাণীদের জীবনযাত্রা খুব সংকটে পড়েছে, আমরা এটা দেখেছি। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখবো যাতে এই খাতে বেশী করে টাকা বরাদ্দ হয়, তাহলে এইসব প্রাণীদের আমরা রক্ষা করতে পারবো। আর যেগুলো বললাম বনসম্পদ - সত্যি কোটি কোটি টাকা ধ্বংস হয়েছে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গে, এই লুটের ফলে। দেখলাম ফরেস্টের গভীরতা হ্রাস পেয়েছে। একদম নগ্ন শিশুর মতো দাঁড়িয়ে রয়েছে ফরেস্ট। আমি ভেবেছিলাম যখন সরকার পরিবর্তন হয়েছে তাহলে এই জায়গায় নিশ্চয় রক্ষণাবেক্ষণ করা হবে। কিন্তু আজও সেই ধারাবাহিক কাজ জঙ্গল কাটা কিন্তু বন্ধ হয়নি। বন্ধু অর্ঘ্য রায়প্রধান বলছিলেন। আমি গরুমারা ফরেস্টের সামনে থাকি। চাপরামারি এবং গরুমারা জাতীয় উদ্যান আমার বিধানসভার অন্তর্গত। সামনে দার্জিলিংয়ের শাখান গরুবাথা ফরেস্ট, সেই ফরেস্ট সাফ হয়ে গেছে। তাই আমি মনে করি যে দুষ্কৃতীরা সি.পি.এমের আমলে ছিল যারা জঙ্গল কেটেছিল, আজকে আমার মনে হচ্ছে তারা নিশ্চয় শাসকদলে আশ্রয় নিয়েছেন। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখবো, আপনি এই জায়গাটা দেখবেন, তাহলে নিশ্চয় বন্যসম্পদ রক্ষা পাবে বলে আমার মনে হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আরও আবেদন রাখবো, আমরা প্রায়ই দেখি, ডুয়ার্স এমন একটা জায়গা ঘন জঙ্গলে ভরা এবং সেখানে পর্যটকরা বেড়াতে যান। কিন্তু সেখানে মাঝে মাঝে দেখি রেললাইনে অনেক হাতি কাটা পড়েছে সংখ্যাটা নিশ্চয় মাননীয় মন্ত্রী সাহেব বলবেন। তার সঙ্গে হরিণ, বাইসন, চিতা এবং অন্য অনেক বন্যপ্রাণী কাটা পড়ে। এটা কেবল আমার না সবারই উদ্বেগের বিষয়। এই জায়গাটা কিভাবে রক্ষা করা যায় দেখতে হবে। মাননীয় মন্ত্রী এক্ষেত্রে কি পরিকল্পনা নিয়েছেন, রেল দপ্তরের সঙ্গে কি আলোচনা করবেন, না কি আলোচনা করবেন না? আমরা শুনি রেল দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে। এখানে হাতি এবং চিতা যাতে না কাটা যায় রেলের গতিটাকে কমিয়ে দেওয়া হয়েছে। তাহলে তো আর বনের হাতি বা বড় জন্তু কাটা পড়বে না, কিন্তু সেটা ধারাবাহিকভাবে চলছে। মাননীয় মন্ত্রী, আমার মনে হয়, এটা অনুমান এগজ্যাক্ট সংখ্যা আপনি বলবেন, ১৪-১৫ বছরে ১৩ থেকে ১৪টা হাতি কাটা পড়েছে। চিতা, হরিণ এবং বাইসন কত কাটা পড়েছে, আপনি নিশ্চয় বলবেন। আমি একটা রিপোর্ট আপনার কাছে পড়তে চাই। মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে বলতে চাই। এই প্রকল্পে বিগত ১৪-১৫ আর্থিক বছরে পরিকল্পনা খাতে বাজেট বরাদ্দের পরিমাণ ছিল ২০৭ কোটি ৯৪ লক্ষ ৫০ হাজার টাকা এবং সংশোধিত বাজেট বরাদ্দ ছিল ১৯২ কোটি ৫ লক্ষ ৯২ হাজার। কিন্তু টাকা পেয়েছিলেন

১০৫ কোটি ১৪ লক্ষ ২৩ হাজার টাকা। এত কম টাকা আপনি পেয়েছিলেন এবং সেক্ষেত্রে আমরা যে হাতি হরিণ কাটা যাচ্ছে বলে সেখানে প্রতিরোধের কথা আমরা বলি, কিন্তু এই খাতে আমার মনে হয় আপনি আরও বেশী টাকা যদি চান এবং সম্পূর্ণরূপে টাকা যদি ব্যবহার বা ইউটিলাইজেশান করেন তবেই প্রতিরোধ করতে পারবেন। আমি অভয়ারণ্যের কথা বলছি, অর্ঘ্যবাবু বলছিলেন অভয়ারণ্যের কথা। গরুমারার কথা, চাপরামারির কথা, এর সঙ্গে অনেক অভয়ারণ্য রয়েছে, এইখানে আরও বেশী যদি টাকা দেওয়া হয় তাহলে নিশ্চয় আপনি এটাকে রক্ষা করতে পারবেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ভাল করে জানেন জলপাইগুড়িতে যেতে গরুমারা এবং বীরপাড়া যাবার পথে ন্যাশনাল হাইওয়ের ওপরে সেই চাপরামারি জলঢাকা ফরেস্ট, মাঝে মাঝে আমরা এবং আপনারা সবাই শোনেন, আর যারা দক্ষিণবঙ্গে থাকেন তারা নিশ্চয় মাঝে মাঝে খবরের কাগজে পড়েন, বাইসন দুজন মানুষকে মেরে ফেলেছে। দিনের বেলায় সাইকেল বা মোটর সাইকেল করে যাচ্ছিল, হাতি তাকে অ্যাটাক করেছে। সেই অসুবিধার মধ্যে মানুষ কিন্তু কোনো যোগাযোগের ব্যবস্থা করতে পারে না। সেই গভীর ফরেস্ট রাস্তায় কোনো মোবাইল টাওয়ার থাকে না। বাম আমলেও সেই ব্যবস্থা করা হয়নি। আমার এই চার বছরের তিক্ত অভিজ্ঞতায় বলছি, এখনো সেই পজিশানই রয়েছে। মানুষ মানুষ মারাত্মকভাবে এই বিষয়ে আলোচনা করছে। তার কারণ তাহলে কি চোরাশিকারী বা যারা কাঠ চুরি করে তাদেরকে পরোক্ষভাবে সুবিধা পাইয়ে দেবার জন্য চক্রান্ত করা হচ্ছে। এটাই সাধারণ মানুষ ও ডুয়ার্সবাসীর কাছে একটা বিরাট প্রশ্নচিহ্ন হয়ে দাঁড়িয়েছে। আমার মনে হয় মাননীয় মন্ত্রী উত্তরবঙ্গের মানুষ তিনি এই ব্যাপারটা দেখবেন। আজকে মন্ত্রিমহাশয় মধু খাওয়াচ্ছেন, তাই আমাদের মিষ্টি মিষ্টি কথা বলা উচিত। অবাস্তব কথা আমি বলবো না, বাস্তব কথাই আমি বলব। আমার আশা এই ব্যাপারে আপনি ব্যবস্থা করবেন। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি ধন্যবাদ দিয়েছিলাম সেদিন, যেদিন তিনি বলেছিলেন আমাদের পশ্চিমবাংলায় আরও চিড়িয়াখানা করা দরকার। সোনারপুরে নতুন চিড়িয়াখানা করার জন্য জায়গা নেওয়া হয়েছে। আপনি নিশ্চয় জবাবি ভাষণের সময় বলবেন সেই চিড়িয়াখানার অগ্রগতি কত দূর এবং কি পর্যায়ে রয়েছে। এই দপ্তর থেকে আরও ঘোষণা করা হয়েছিল প্রত্যেক জেলাতে একটা করে চিড়িয়াখানা করা হবে। তার অবস্থা কি সেটাও আপনি বলবেন। হঠাৎ শোনা যায় কোনো বিরল প্রজাতির পাখি বা জন্তু আলিপুর চিড়িয়াখানা থেকে পাচার হয়ে গেছে। এই জায়গাটা নিশ্চয় আপনি রুখতে পারবেন বলে আমার আশা। উত্তরবঙ্গে ফরেস্টের আশেপাশে অনেক বস্তি রয়েছে, সেখানে বেশীর ভাগই ট্রাইবাল মানুষরা বসবাস করে। এই বস্তিগুলো চা-বাগান দিয়ে ঘেরা। সন্ধে হলেই হাতি, বাইসনরা সেখানে ঢুকে পড়ে এবং মানুষের জীবন নষ্ট করে এবং ঘরবাড়ির ক্ষতি করে। আমার বন্ধু অর্ঘ্যবাবু বলছিলেন জানুয়ারি মাস থেকে নাকি ক্ষতিপূরণ বাবদ আড়াই লক্ষ টাকা করা হয়েছে। আপনি জবাবি ভাষণ দেওয়ার সময় এই ব্যাপারে বলবেন। একটা মানুষের যখন জীবন চলে যায় - আমার ডানদিকে যারা এখন বসে আছে তাদের আমলে এই ক্ষতিপূরণ বাবদ ৫০ হাজার টাকা, পরে এক লক্ষ টাকা করা হয়েছিল। মানুষের জীবনের মূল্য কিন্তু এক লক্ষ টাকা হয় না, আপনি যদি আড়াই লক্ষ টাকা করে থাকেন, তাহলে ব্যক্তিগতভাবে আপনাকে আমি ধন্যবাদ দিতে চাই। এই আড়াই লক্ষ টাকাটাও কিন্তু একটা জীবনের মূল্য হয় না। যেখানে

উত্তরপ্রদেশ, বিহার পাঁচলক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে দেয়, সেখানে আমি আপনার কাছে নিবেদন করব এই টাকার পরিমাণটা বাড়িয়ে পাঁচ লক্ষ টাকা করা হোক। ইউ.পি.এ সরকারের সময় ফরেস্ট ট্রাইবাল ল্যান্ড অ্যাক্ট, ২০০৫ অনুযায়ী যারা আদিবাসী মানুষ, যারা ফরেস্ট এলাকায় বসবাস করে তাদেরকে জমির অধিকার দেওয়ার কথা বলা হয়েছে। আপনার কাছে আমি অনুরোধ রাখতে চাই, আপনি কত মানুষকে সেই জমির অধিকার বা পাট্টা দিয়েছেন এবং কত দরখাস্ত আপনার কাছে জমা পড়েছে এবং কত বাকি আছে সেটা আপনি বলবেন। বামফ্রন্টের সময় দু'লক্ষ দরখাস্ত জমা পড়েছিল, তারা মাত্র তেত্রিশ হাজার আদিবাসী মানুষকে পাট্টা দিয়েছিলেন। আজকে বামফ্রন্টের বন্ধুরা খুব আদিবাসীদরদী কথা বলছেন। যদি দু'লক্ষ ট্রাইবাল মানুষের মধ্যে আপনারা যদি দেড় লক্ষ মানুষকে পাট্টা দিতেন তাহলে নিশ্চয় আপনাদেরকে মানুষ ভালোবাসত।

[3.30 - 3.40 p.m.]

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ বর্মণ ২০১৫-১৬ যে বাজেট - ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার টাকার ব্যয়বরাদ্দ পেশ করেছেন, বিভিন্ন খাতে তাকে আমি পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে এই বাজেট সম্পর্কে দুই-চার কথা বলি। এখানে অনেকে বক্তব্য রেখেছেন, আমার সুন্দরবন এলাকায় বাড়ি। আপনারা জানেন, পৃথিবীতে পশ্চিমবঙ্গকে যদি না চেনে, কিন্তু সুন্দরবনের নাম বললেই চেনে। সেক্ষেত্রে সুন্দরবনের একটা পরিচিতি আছে, সারা পৃথিবীতে। সেই সুন্দরবন একসময় ১০২ দ্বীপ ছিল। সেই দ্বীপে বন্যপ্রাণী ছিল, বনাঞ্চল ছিল, সব ছিল কিন্তু সেটা কমতে কমতে মাত্র ৪৮টা দ্বীপের মধ্যে এসেছে। আমরা একসময় দেখেছি, জঙ্গলের বাঘ কখনও কখনও নানান কারণে তারা লোকালয়ে ঢুকে পড়ে। সেই সময় তাদেরকে পিটিয়ে মেরে দেওয়া হত এবং মেরে তাদের বডিগুলোকে লুকিয়ে দেওয়া হত, পুড়িয়ে দেওয়া হত বিভিন্নভাবে। কিন্তু আজকে আমাদের এই সরকার আসার পরে মানুষের সঙ্গে আলোচনা করে এবং যেখানে Joint Forest Management Committee করে এবং সেই committee-র সংখ্যা সারা পশ্চিমবাংলায় ৪৩৮৬টা - এই কমিটির মাধ্যমে আজকে বন সুরক্ষা করা হচ্ছে। কিন্তু সেখানে বাঘ এখনও বাইরে বেরিয়ে আসছে আমরা প্রায় paper ও TV-তে দেখি। কিন্তু মানুষ এত সচেতন, বাঘ আসার সঙ্গে সঙ্গে Forest Department-কে খবর দেওয়া হয় এবং সেই বাঘগুলোকে rescue করে - আবার সেগুলোকে আমরা জঙ্গলে ফিরিয়ে দিতে দেখেছি। বাঘ আর মারে না। একটু আগে প্রশ্নোত্তর পর্বে অনেকে বলছিলেন যে বাঘ জঙ্গলের মধ্যে থেকে বেরিয়ে এসে মানুষকে মারে। কিন্তু আমার দীর্ঘ অভিজ্ঞতা থেকে বলছি এবং সুন্দরবনের জঙ্গলের পাশে বাড়ি হওয়ার সুবাদে আমি বলছি - বাঘ জঙ্গল থেকে বেরিয়ে এসে আজ পর্যন্ত সুন্দরবন অঞ্চলের কোনো মানুষকে মারেনি এবং এর ব্যবস্থা করা হয়েছে। সুন্দরবনে যে Forest Management Committee যেগুলো হয়েছে, সেই committee-র মাধ্যমে যেখানে মানুষ জঙ্গলের উপর নির্ভরশীল ছিল। সুন্দরবন জঙ্গলের মাছ-কাঁকড়া, মধু, কাঠ সংগ্রহ করতে যেত। সেই জঙ্গল সংলগ্ন এলাকায় সমস্ত মানুষ জীবিকা

নির্ভর করত এই সুন্দরবন জঙ্গলের উপরে। আজকে কিন্তু আর সেটা হয় না। যারা মাছ ধরতে যায় বা কাঁকড়া ধরতে যায়, কাঠ কাটতে যায় - তা একেবারেই বন্ধ। প্রচুর কাঠের মিল হয়েছিল, সেই মিলগুলো এখন প্রায় বন্ধ হয়ে গেছে। সেগুলোকে বন্ধ করে দেওয়া হয়েছে Forest Department থেকে। সেখানে তালা লাগিয়ে দেওয়া হয়েছে। মিলগুলো বন্ধ হয়ে গেছে। আর কোনো কাঠ জঙ্গল থেকে চুরি হচ্ছে না বিশেষ করে সুন্দরবন এলাকায়। এবং আজকে সেখানে কয়েক হাজার যুবক তারা এই জঙ্গলের যে মধু - আপনারা জানেন একটা বিরাট অংশ প্রায় ৮০ মেট্রিক টন মধু আমাদের এই বছর মনে হয় সংগ্রহ হয়েছে। সেই মধু হিঙ্গলগঞ্জ থেকে আরম্ভ হয়ে একেবারে কুলতলি শেষ পর্যন্ত নদীর পাড় ধরে সমস্ত মধুর বাক্স নিয়ে trainingপ্রাপ্ত যুবকরা সেখানে যায় এবং জঙ্গলের থেকে সেই মধু সংগ্রহ করে। প্রতি বছর দেখেছি হাজার হাজার যুবক ছেলেরা সেই জঙ্গলের উপর নির্ভর করে তারা মধু সংগ্রহ করে এবং তার জন্য তাদের লাইসেন্স নিতে হয় এবং সেটা করে তারা অনেকটা স্বাবলম্বী হয়েছে যুবক ছেলেরা এবং বেকারত্ব থেকে মুক্তি পেয়েছে। যারা জঙ্গলের ধারে বাস করে, তারা যাতে জঙ্গলের ভিতরে না যায়, জঙ্গলের উপর নির্ভরশীলতা কমানোর জন্য সেখানে জঙ্গলের Forest Protection আপনারা দেখবেন Committee যেগুলো আছে, তাদেরকে সঙ্গে নিয়ে সেখানকার মানুষের জীবিকার জন্য সেখানে তাদেরকে হাঁস, মুরগি পালনের জন্য ব্যবস্থা করে দেওয়া, ছাগল পালনের জন্য ব্যবস্থা করা। রাস্তা-ঘাট, টিউবওয়েল এমন কি বড় বড় খাল খনন করে দেওয়া হচ্ছে এই ফরেস্ট ডিপার্টমেন্টের মাধ্যমে। যার ফলে মানুষ কিন্তু আর জঙ্গলের দিকে যাচ্ছে না। ডুয়ার্সেও আমরা গেছি সেখানেও এটা লক্ষ করা গেছে। আজকে ফরেস্ট ডিপার্টমেন্ট এবং ট্যুরিজম ডিপার্টমেন্ট, পর্যটন দপ্তর দুটো অঙ্গাঙ্গিভাবে জড়িত। আজকে ফরেস্ট ডিপার্টমেন্টের মাধ্যমে সুন্দরবনে অন্তত ১৫টা ওয়াচ টাওয়ার হয়েছে। সর্বশেষ চুনাখালিতে যে ওয়াচ টাওয়ার হয়েছে সেটা প্রায় ৩৫ ফুট উচ্চতা, সেটা কয়েকদিন আগে উদ্বোধন হয়েছে। ১৫টা ওয়াচ টাওয়ারের মাধ্যমে হাজার হাজার মানুষ, গত বছরে, ২০১৪-১৫তে সেখানে ৩ লক্ষের অধিক পর্যটক গিয়েছিল। ঝড়খালিতে, ওখানে একটা চিড়িয়াখানা হচ্ছে ১০০ একর জমির উপর, সেই চিড়িয়াখানাতে সরাসরি প্রায় ৬১ জন বেকার ছেলের কর্মসংস্থান হবে। সেখানে প্রচুর পর্যটক এখনও পর্যন্ত প্রতিদিন ঝড়খালিতে যাচ্ছে, সেখানে একটা সুন্দর চিড়িয়াখানা তৈরি হয়েছে। বর্তমানে দুটো বাঘ রাখা আছে, হরিণ, কুমির, বিভিন্ন বন্যপ্রাণী রাখা আছে। আজকে বন এবং বন্যপ্রাণী দুটোকে রক্ষা করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রচেষ্টা লক্ষণীয়। মাননীয় বনমন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মণ প্রায় জঙ্গলের খোঁজ নিচ্ছেন। বনমন্ত্রী জঙ্গল পরিদর্শন করছেন। জঙ্গলে যে সমস্ত বন্যপ্রাণী আছে তারা আর খুব বেশী লোকালয়ে আসছে না। বন্যপ্রাণী এবং মানুষের মধ্যে সখ্যতা তৈরি হয়েছে, কেউ কারো আর ক্ষতি করার চেষ্টা করছে না। বন্যপ্রাণী এপারে পেরিয়ে এলে এপারে তাদের ধরে ওপারে গিয়ে জঙ্গলের মধ্যে আবার ফিরিয়ে দেওয়া হচ্ছে। সুন্দরবন এলাকায় প্রচুর মানুষ এবং পর্যটক, আজকে বিদেশ থেকেও প্রচুর পর্যটক প্রতি বছর এই সুন্দরবন অঞ্চলে আসছে। সুন্দরবনকে রক্ষা করার জন্য গ্রামের মানুষের সঙ্গে ক্যাম্প করা হচ্ছে। স্কুলের ছেলেদেরকে নিয়ে ক্যাম্প করা হচ্ছে। সুন্দরবনকে বাঁচাবার জন্য সুন্দরবন দপ্তর সেখানে সুন্দরবন উৎসব পালন করছে।

সুন্দরবন দপ্তর এবং ট্যুরিজম ডিপার্টমেন্ট সম্মিলিতভাবে জঙ্গলকে রক্ষা করার জন্য, পর্যটক যাতে বৃদ্ধি পায় তার চেষ্টা করছে। জঙ্গল সংলগ্ন মানুষের যাতে বেকারত্ব ঘুচে যায় তার বিকল্প ব্যবস্থা করার জন্য সমস্ত রকম ব্যবস্থা এই বনদপ্তর থেকে করা হচ্ছে। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং বনমন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মণকে ধন্যবাদ জানিয়ে এই ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার টাকা যে বাজেট তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে ডিমাণ্ড নাম্বার ২৩, ফরেস্ট ডিপার্টমেন্টের মাননীয় মন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মণ ২০১৫-১৬ সালের জন্য যে বাজেট বক্তৃতা করেছেন তার বিরোধিতা করে দু-একটা কথা বলতে চাইছি। প্রথমে বলি বাম আমলে বনবিভাগকে খুবই গুরুত্ব দেওয়া হয়েছিল। সেই সময়কার বনমন্ত্রী ডঃ অম্বরীষ মুখার্জী, তিনি আন্তর্জাতিক সম্মেলনে বসুন্ধরাতে গিয়েছিলেন। সেখান থেকে এসে এই পবিত্র বিধানসভায় একটা প্রকল্প ঘোষণা করেন, সমাজভিত্তিক বনসৃজন প্রকল্প। এর ফলে অর্থনৈতিকভাবে বেশ কিছু মানুষ উপকৃত হয়েছিল। বিভিন্ন জায়গায় তিনি গেছেন বনের শ্রীবৃদ্ধি হয়েছিল এবং বনসৃজন হয়েছিল। এটা কনটিনিউ হয়েছিল বাম আমলে। কিন্তু বর্তমানে আমরা যা দেখছি তাতে প্রশাসন চোরাশিকারী, সরকার, মিলেমিশে একাকার হয়ে গেছে। আমি আমার এলাকার কথা বলছি, কুমারগ্রাম বিধানসভা এলাকায় যেখানে কুমারগ্রাম রেঞ্জ, হাতিপোঁতা রেঞ্জ, শামুকতলা রেঞ্জ।

[3.40 - 3.50 p.m.]

এদিকে আছে ভলাই রেঞ্জ - এই সব রেঞ্জে যদি দেখা যায় কোনো দামি গাছ বিশেষ করে, শাল গাছ, সেগুন গাছ, গামারি, মেহগনি গাছ কোনো গাছ আর বাকি নেই, শুধুমাত্র ঝোপ-ঝাড় হয়ে আছে। বাঘ না বেরোলে, কোথায় বেরোবে? স্যার, একটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার, আমি কিছুদিন আগেও আমার এলাকায় সঙ্কোশ নদীর ধারে আমি গিয়েছিলাম। আমার এলাকার পরেই হচ্ছে অর্ঘ্যবাবুর এলাকা। অর্ঘ্যদা এখানে আছেন, অর্ঘ্যদা জানেন না, আমি নিজে রেকর্ডিং করেছি, আমার মোবাইলে রেকর্ডিং করা আছে যেখানে চোরাশিকারীরা বড় বড় ট্রাকে যে টিউব হয়, সেই টিউবের মধ্যে রেখে বড় বড় লগগুলো পাচার করছে। সেটা একদম ভুটান সীমান্ত হয়ে, আমার এলাকা হয়ে, অর্ঘ্যবাবুর এলাকা হয়ে চলে যাচ্ছে আসামে অথবা বাংলাদেশে। ...(নয়েজ)... আমার কাছে রেকর্ডিং আছে। আমি সদনে দেখাব। আমি প্রত্যেককে দেখাতে পারি। আমি নিজে রেকর্ডিং করে নিয়ে এসেছি, কিছুদিনের আগের ঘটনা। ...(নয়েজ)... কোনো ব্যাপার নেই। আমি জানাচ্ছি, আপনারা নিন। আপনারা যা করার করুন, কোনো আপত্তি নেই।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ঠিক আছে, আপনি মোবাইলটা আমাকে দিয়ে দেবেন। আমি মাননীয় স্পীকারের কাছে পৌঁছে দেব।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : ঠিক আছে দিয়ে দেব। এটা একটা খুব গুরুত্বপূর্ণ ঘটনা। প্রতিদিন, প্রতি সেকেন্ডে হচ্ছে। আমি ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়েছিলাম। একটার পর একটা গাছ

পাচার হয়েই যাচ্ছে। প্রশাসন কী করছে? চুপ করে বসে আছে। [***] কি-না, আমি চোখে দেখবই না, দুনিয়া গোল্লায় যাক। আমি মুখেই বলবই না - কি হয় হোক। আমি শুনবই না, বলবই না, করবই না। এই হল অবস্থা। কি করব - শুধু লুটে-পুটে খাব।

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] বাদ যাবে। [***] ওনার নামটা বাদ যাবে।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : এখন যা অবস্থা কোনো গাছ নেই, ঝোপ-ঝাড়-বাঘরা বেরিয়ে আসছে। একজন বিধায়ক বললেন, কোনো আক্রমণ হচ্ছে না। আমি নাম বলছি, হাতির আক্রমণে মারা গেছে - পাউলু বার্জো, যে হাতির আক্রমণে মারা গেছে। কিন্তু শ্রাদ্ধের জন্য বিশ হাজার টাকা দেওয়া হয়েছিল। আর একটাও টাকা দেওয়া হয়নি। তারপরে বাঘের আক্রমণের কথা বলছি। পঞ্চমী এক্কা, গীতা বারাইক, হিরেন মাঝি, বেনসেন্ট কুজুর - আরও অনেকে আছে। তাদের কারও কানের লতি গেছে, কারও আচর গেছে, কারও মাথায় লেগেছে। ওদের শুধুমাত্র তুলে নিয়ে গিয়ে আলিপুরদুয়ার হসপিটালে ভর্তি করেছে। তারপর তাদের কোনো খোঁজ-খবর নেয়নি। আমি দায়িত্ব নিয়ে বলছি। গিয়েছিলাম ওখানে। স্যার, জলদাপাড়া, গত একবছরে এখানে ছ'খানা গণ্ডার মারা গেছে। কোনো উদ্যোগ গ্রহণ করা হয়নি। এটা একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়, যেহেতু জলদাপাড়া একটা সেন্সেটিভ জায়গা। অথচ আমরা দেখছি কি, নিরাপত্তাবেষ্টনী না বাড়িয়ে আমরা কি করছি, কোটেজ নির্মাণ করছি। গন্ডার থাকবে না। ওখানে লোকজন আসবে, আমোদ-প্রমোদ করবে, চলে যাবে। স্যার, বি.টি.আর-এর কথা বলছি। আমি একটু আগেই বললাম, ন্যাশনাল কনজার্ভেশান অথরিটির রিপোর্ট অনুসারে মাত্র তিনখানা বাঘ আছে। আর আমাদের এখানে প্রশাসন আকাশ থেকে, মঙ্গল গ্রহ থেকে, চাঁদ থেকে হিসাবে দেখাচ্ছে বিশখানা বাঘ। কোনো বাঘ নেই। অবিলম্বে এই বিটিআর-কে ফরেস্ট ডিভিশান ঘোষণা করা হোক। যাতে যারা বস্তিতে বসবাস করে, যে সমস্ত লোক যারা প্রথম থেকেই বনে আছে, যারা ওখানে গাছ কাটছে, থাকছে, খাচ্ছে তাদেরকে যেন বের করে নেওয়া হয়। তাকে অবশ্যই যেন ফরেস্ট ডিভিশান ঘোষণা করা হোক, স্যার। আর একটা কথা বলছি, কিছুদিন আগে আমি পর্যটন বিভাগে মাননীয় মন্ত্রীকে বলেছিলাম, আমাদের যে বিভিন্ন জায়গা যেমন, হাতিপোতা, কালিখোলা ইত্যাদি আছে। উনি সরাসরি বলে দিলেন যে, এটা বন দপ্তরের। বনদপ্তর কি আমাদের এখানকার নয়? আমি বিনয়বাবুকে বলব, যে সমস্ত জায়গাগুলো বনদপ্তরের আছে, আপনারা অবশ্যই উদ্যোগ গ্রহণ করুন যাতে পর্যটনের উন্নত হয় এবং আমরা যেন বাঁচি। স্যার, রাজা ভাতখাওয়া জঙ্গল লজের আনুমানিক ত্রিশ লক্ষ টাকার কাজ ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

ম্যাডাম ডেপুটি স্পীকার : কেউ যখন বক্তব্য রাখবেন, প্রত্যেকেই নিজের অঞ্চলের সমস্যার কথা বলছেন, যাঁরা আগে বলেছেন তাঁরা, they should not disturb.

শ্রী অনিল অধিকারী : ম্যাডাম, ২৩ নম্বর দাবীর অধীনে ২০১৫-১৬ আর্থিক বছরের ব্যয়-বরাদ্দ মঞ্জুরী সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

বর্মণের প্রদত্ত ভাষণের সমর্থনে ও বিরোধীদের কাট-মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি।

ম্যাডাম আমরা সবাই জানি, পৃথিবীর যত সভ্যতা সৃষ্টি হয়েছে জঙ্গলের মধ্যে, বনকে কেন্দ্র করে। নদী-নালা, পাহাড়-পর্বত, পশু-পাখি, এটাকে নির্ভর করে আমাদের সভ্যতা সৃষ্টি হয়েছে। আমরা এখনও লক্ষ করি সারা রাজ্যে বিভিন্ন জনজাতির মানুষ প্রকৃতিকে পুজো করে, গাছকে পুজো করে, গাছকে বিয়ে দেয়। আমরা ডুয়ার্সের মানুষ। আসাম থেকে শুরু করে ডুয়ার্সের সমস্ত এলাকাগুলোতে বন্যজন্তুদের অবাধ বিচরণ ছিল। হাতি, বাঘ থেকে আরম্ভ করে সবকিছু। আমার ৬৬ বছর বয়স। ছোটবেলায় দেখতাম একজন যদি একটা বাঘ মারতো তাহলে তার বিরাট সুনাম হত। বড় বড় বাঘ পাওয়া যেত আমাদের ফালাকাটা বিধানসভা এলাকায়, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি বিভিন্ন এলাকায় আমরা দেখছি। এখন তো বড় মুশকিল হয়ে গেল, একটা বাঘ মারলে উল্টো আড়াই প্যাঁচে ঢুকে যেতে হচ্ছে। আমরা মনে করি পরিবেশের জন্য এমন একটা অবস্থা দাঁড়িয়ে গেছে যে মানুষের থেকে একটা বন্যপ্রাণীর দাম বেশী হয়ে গেছে। বনকে কেন্দ্র করে আমাদের সভ্যতার সৃষ্টি। একটা সময়ে মানুষ বনের কোন ক্ষতি করত না, বন কাটতো না। এটা আমার অভিজ্ঞতা।

এখানে বামপন্থী বন্ধুরা রে রে করে তেড়ে উঠবেন তাঁদের সময়ের কথা যদি বলি। একজন মন্ত্রীর নাম আমি জানি, নাম-টা বলা উচিত হবে না বিধানসভার কক্ষে, বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সে এলাকায় দাঁড়িয়ে বলেছিল, 'আমাদের দলের জন্য যে ছেলেগুলো কাজ করল তারা কী খাবে?' প্রশ্ন করেছিলেন মন্ত্রী মহোদয়কে। বলেছিলেন 'কী করবি, এত বড় বড় গাছপালা রয়েছে কাট, কেটে কেটে নিজেরা রোজগার করে খেতে থাক।' এটা করে করে যেখানে বাংলায় ৩৩ শতাংশ বনাঞ্চল দরকার, ওদের সময় ছিল ১৫.৭ শতাংশ। আর, আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে বিভিন্ন পদ্ধতিতে মানুষকে সচেতনতার মাধ্যমে, বনসৃজনের মাধ্যমে এটা ২১ শতাংশের ওপর পৌঁছে গিয়েছি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে ধন্যবাদ জানাই এজন্য যে, প্রতি বছর বনসৃজন, যেটা জুলাই মাসে আমরা পালন করি সারা রাজ্যে, কমপক্ষে ১ লক্ষ গাছ লাগানোর নির্দেশ দিয়েছেন। প্রতি বছর ঘটা করে সেটা পালন করছি। ম্যাডাম, পরিকল্পনা অনুসারে ক্ষয়প্রাপ্ত বনাঞ্চল, বনায়ন ও ভূমির আর্দ্রতা সংরক্ষণ ও ভূমিক্ষয় রোধে বিভিন্ন কাজ রূপায়িত হচ্ছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনিলবাবু এক মিনিট। যাদের মোবাইল বাজছে মোবাইলগুলো সুইচ অফ করুন, otherwise আমার টেবিলে দিয়ে যান।

শ্রী অনিল অধিকারী : বরাদ্দকৃত অর্থে বনবিভাগের প্রয়োগ ও সম্প্রসারণ, চিড়িয়াখানাগুলোর রক্ষণাবেক্ষণ ও পরিকাঠামোগত উন্নয়ন সম্ভব হচ্ছে। বন ও বন্যপ্রাণী রক্ষার জন্য বনবস্তির মানুষকে সাথে নিয়ে FPC, EPC কমিটি গঠনের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা হচ্ছে। ম্যাডাম, মা-মাটি-মানুষের সরকার বনবস্তির মানুষকে আয়ের ২৫ শতাংশ অর্থ তাদের বিকাশের জন্য দিচ্ছে। এতে কর্মসংস্থান বৃদ্ধি পাচ্ছে। ইতিমধ্যে বনবস্তির মানুষকে নিয়ে 'নিজ

ভূমি, নিজ গৃহ' প্রকল্পে জমির অধিকার, পাট্টা ও 'আমার ঠিকানা', 'আমার বাড়ী' প্রকল্পের মাধ্যমে গৃহ দেওয়া হচ্ছে। ম্যাডাম, বক্সা টাইগার থেকে সুন্দরবন পর্যন্ত সারা রাজ্যে বন ও বন্যপ্রাণী লক্ষ্য করে বিভিন্ন সরকারী রিসর্টে লক্ষ লক্ষ পর্যটকের আগমনে উক্ত এলাকার বিভিন্ন জনজাতির আর্থিক বিকাশ যেমন ঘটছে, তেমনি সরকারের আয়ও রেকর্ড পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। ম্যাডাম, ইতিমধ্যে লাটাগুড়ি, গরুমারা, জলদাপাড়া, মালঙ্গি, শালকুমার প্রভৃতি জায়গায় এলিফ্যান্ট রাইডিং ও কার সাফারি বিপুল জনপ্রিয়তা লাভ করেছে। এতে সরকারের আয় ও হাজার হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে হারিয়ে যাওয়া লোক-সংস্কৃতি পুনরুদ্ধার করা সম্ভব হচ্ছে। বিভিন্ন রিসের্টে যে পর্যটক যাচ্ছে, প্রতিদিন আমরা লক্ষ করছি সেখানে বিভিন্ন জনজাতির যে সংস্কৃতি আছে, আদিবাসী, মেচ, রাভা, লেপচা, তাদের নাচ-গান হচ্ছে। এক-একটা ট্রুপ সেখানে আড়াই থেকে তিন হাজার টাকা করে প্রতি মাসে পাচ্ছে। প্রতিদিন সেখানে রোজগার হচ্ছে। এইভাবে একটা আর্থিক বিকাশ হচ্ছে।

[3.50 - 4.00 p.m.]

বামপন্থী বন্ধুদের জিজ্ঞাসা করুন, সুদীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় ছিলেন বক্সা একটা ঐতিহাসিক জায়গা তার কোনো উন্নয়ন তারা করতে পারেনি। এই মা-মাটি-মানুষের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমাদের মাননীয় বনমন্ত্রী বিনয় কৃষ্ণ বর্মণ - আপনারা গিয়ে দেখে আসবেন ৩৬ লক্ষ টাকা ব্যয় করে সেখানে উন্নতমানের কাজ করা হচ্ছে। বক্সা দেখে আসবেন, বক্সা ফোর্ট দেখবেন। যাতায়াতের পথে ছোট ছোট বসার জায়গা হচ্ছে। সেখানে বসে চা খাবেন, ঘুরে আসবেন। জঙ্গলটাকে জানবার চেষ্টা করবেন। শুধু তৃণমূলের সমালোচনা করলে বন্ধুগণ চলবে না, ৩৪টা বছর ছিলেন আপনারা। সময় কম, বলতে গেলে তো অনেক বলা যায়। নিজেদের বিবেককে প্রশ্ন করে বলুন না, ৩৪ বছরে কোথায় বাংলাকে নিয়ে গেছেন? সময় দিন, মাত্র ৪ বছর আমরা বনকে কেন্দ্র করে আমরা লক্ষ লক্ষ মানুষকে অর্থনৈতিক সফলতা দিয়ে এগিয়ে নিয়ে যাবো। কিছুটা বাকি থাকলো রবিদা বলবেন, সঙ্গে কর্পোরেশান আছে। একটু আগে মধু দেখলাম এখানে, সেই মধু কত উৎপাদন হচ্ছে। কত হাজার হাজার মানুষের অর্থনৈতিক বিকাশ ঘটছে। সময় কম ম্যাডাম, সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং আমাদের ব্যয়বরাদ্দ মঞ্জুর করে বাধিত করবেন।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Deputy Speaker, Madam, I rise to give my observation about Demand No.23 of Hon'ble Minister-in-Charge of Forest. It reminds of a Tagore's poem when he says, "When I look at tree I feel like tree is under eternal prayer with its branches raising towards heaven in prayer."

There are some important points I found out while going through the budget speech of the Hon'ble Minister. He has mentioned that there are 1,024 sq. kilometer of forest in Darjeeling out of total of 11,879 sq. kilometer across the State. He has also mentioned that in 2006 it was 15.68. Now in 2013 it is 21.35. Is this

the covered area or you intend to cover the area? It is not clear. You will give your clarification. And what is the forest cover of Darjeeling and Jalpaiguri only on the basis of its geographical area because most of the members who have given their speech have said that the forest cover that needs the prescribed one is 33%. So I would like to know that what is the actual forest cover on the basis of geographical area.

Sir, you have said that you are giving bio-diversity a priority. Here I have some points to raise that bio-diversity is a complex matter and the way the cryptomeria Japonica and conifer species you are planting is not going to do any good to bio-diversity because it is a known fact through research that conifers exude oxalic acid and other such lethal acid which inhibits the growth. So keeping that in view I think the bio-diversity is not actually taken care of in my opinion as your budget speech claim, Sir.

Sir, you are talking about management, better management. It may definitely improve but more than 50% of the posts are lying vacant. Until and unless enough officials to man are not there how can management become effective. This is a very crucial area. I think, in the past I also raised this issue of illegal felling and stealing of woods from the forest at least in my constituency. Few days back, you may remember a place called Mam Khola where 11 illegal saw mills were unearthed in the forest area. It amounts to a lot of loss of revenue to the Government. That is no less than what you need if you have appointed the officials where they are needed.

Sir, another interesting thing I found that for botanical gardens you have allotted a very small amount. I do not know why. Llyod Botanical Garden in Darjeeling is one of the three most important botanical gardens. Not just that. Eminent botanist like Joseph Dalton Hooker and others have come from London to visit the place.

There are two species of extinct plants of Ginko biloba and Meta Schekowa which were preponder during the time of dinosaurs. With the Dinosaurs they became extinct. But those species are there Sir and there is the most precious thing is the Harberium collected by Joseph Dalton Hooker who wrote seventeen volume of Genera Plantarom the father figure of botany Sir. Such things are there and what steps initially we have taken to preserve them I don't know. So, I request you to kindly see into these matters Sir. For Wild life preservation 2014-15 allotment was 46.25 crore. He has enhanced it to 53.55 crore in 2015-16. But Sir, I have a crucial point to make here why the wild

life is suffering because we are destroying their habitat. Until and unless some concrete steps are taken to improve the habitat nothing good is going to happen just by discussing about preserving wild life because that is the proper way of preserving the wild life by creating a habitat so that these animals will remain in their habitat and they don't come out like most of my friends have mentioned that elephants getting killed, tigers getting killed because they come out of their habitat. Why? Because the habitat is not hospitable for them. It is being thoroughly destroyed. Now we have to take initiative to rebuild that habitat Sir. When Hooker came Hooker talked about bio-diversity. When we talk about bio-diversity I think Darjeeling is in the world the bio diversity hot spot with 17,500 different species and Hooker wrote in Himalyan Journal that nowhere in the world in such a small geographical area we have this kind of bio-diversity. Now we need to know that out of the 17500 how many species are still left and how many species must have become extinct by now and among them we have the most important medicinal plants also which are now I think in endangered position Sir. Another point I want to raise is I don't know what is the logic and what is the rationale that Kalimpong Wild Life division is tagged with Jalpaiguri Wild Life division. I am making this fervent request to you that there is a Darjeeling Wild Life division please take initiative to tag it back to Darjeeling Wild Life division because there is no rationale keeping it with Jalpaiguri Sir. Jalpaiguri Wild Life division cannot cater to the need that is there in Kalimpong Sir. Geographically, climatically it should be kept, its reasonable and it's logical to keep it with Darjeeling. You were talking about Padmaja Naidu Park, its one of the most famous Park. You are investing 84 crore in Jharkhali and Siliguri to create animal park. I don't know how much you are spending here in Padmaza Naidu Park because you have mentioned more than five lakh visitors every year visit this place Sir. So I hope you will take necessary steps in that and for preservation and protection of forest you have just kept out of 50 lakh in 2014-15 you reduced it down drastically to three lakh. I don't know how you going to work with only three lakhs, what are you going to do Sir, I don't know. I will request you please to enhance this and make it such that with that money whatever problems we have discussed here can be taken care of, having said that I must support the budget.

Because of the points I have raised you must be thinking that I am against the budget. While supporting the budget these points which are highlighted may kindly be taken note of and immediate and necessary actions be taken thereto. Thank you Sir.

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, দাবি নম্বর ২৩ অনুসারে ২০১৫-১৬ আর্থিক বর্ষে ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন, আমি মনে করি এটা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এইজন্য সমর্থন করতে পারছি না। আমি বিরোধীদের কাট মোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এখানে পরিবেশ ও বন দপ্তরের ভারতের যে সাম্প্রতিক প্রতিবেদন, সেই প্রতিবেদনে গোটা পশ্চিমবঙ্গে বনভূমির পরিমাণ দেওয়া হয়েছে ২১.৩৫%।

[4.00 - 4.10 p.m.]

আমি মন্ত্রিমহোদয়কে জিজ্ঞাসা করব যে আজকে ২০১৫ সালে এই পরিমাণটা ঠিক আছে তো? আমরা সকলে জানি যে এমন একটা সময় ছিল গ্রামেগঞ্জে গাছপালা লাগানো হত। আজকে আমরা লক্ষ করছি গ্রামে গাছপালা - এই চার বছরের মধ্যে সেই গাছপালা সাফ হয়ে গেছে। সবচেয়ে বড় কথা হল এই যে বন-জঙ্গল গ্রামেগঞ্জে নেই। গ্রামেগঞ্জের শেয়াল এখন শহরে বাস করে। গ্রামে কোনো শেয়াল নেই। যাই হোক আর ....(হইচই)... বনের গভীরতা কমে যাওয়ায় সেখান থেকে বাইসন, গন্ডার এই সমস্ত বেরিয়ে আসে ফসল নষ্ট করে। বিশেষ করে আমার এলাকার পাতলাখাওয়া অঞ্চলে সেখানে রসমতি একটি পর্যটন কেন্দ্র আছে। সেখানে প্রতি বছর দেখা যায় হাতি ঘর বাড়ি ভেঙে দেয়। মাঝেমধ্যে বাইসন, হরিণ এই সমস্ত বন থেকে বেরিয়ে আসে এবং ক্ষতি করে। তবে এই কথা বলি রসিকবিলের কথা বলতে ভাল, এটা আমাদের আমলে হয়েছে। এটার রক্ষণাবেক্ষণটা হচ্ছে। এই যে রসমতি সেখানে যেসমস্ত পর্যটক যায় তারা হতাশ হয়ে ফিরে আসে। সেখানে নেই হরিণ, নেই হাতি, গন্ডার। আমি মাননীয় মন্ত্রীকে বলব এখানে কয়েকটা হাতি, গন্ডার ছাড়ুন। আর বিশেষ করে এই যে ...(হইচই)... আর একটা কথা বলছি যারা বনের পাশে বাস করে যাদের আর্থিক অবস্থা খারাপ, তাদের যে গীতাঞ্জলি প্রকল্পটা একসময় চালু ছিল, সেই গীতাঞ্জলি প্রকল্পের কাজ দেখতে গিয়ে আমি লক্ষ করেছি এবং মন্ত্রী মহাশয়কে রিপোর্ট করেছি যে টাকা বাজেটে ছিল টেন্ডার যারা পেয়েছে, যারা উপভোক্তা তাদের কাছ থেকে রডের টাকা নিয়েছে, কারো কারো দরজার কাঠের টাকা নিয়েছে। কারো কারো জানলার কাঠের টাকা নিয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে বলেছি কিন্তু কোনো উত্তর আসেনি। আর সবথেকে বড় কথা হল এই যে গীতাঞ্জলি প্রকল্পটা বিধায়কদের যে সিলেকশান কমিটিটা ছিল সেখানে বিধায়কদের নাম লেখা হয়েছিল। আমি অনুরোধ করব এটা একটু চিন্তাভাবনা করবেন পুনরায় রাখা যায় কি না। আর একটা কথা এখানে বলতে চাই আমার ৩১ নম্বর জাতীয় সড়কে যেটা পুণ্ডিবারী কৃষি বিশ্ববিদ্যালয় সেখান থেকে শুরু করে রাজেন-এর তেপথি পর্যন্ত ৮০-৯০ বছরের গাছ কাটা হল এর বিকল্প কি? এর পরিবর্তে কোনো গাছ লাগানো হবে কি না সেটাও জানাবেন। বিশেষ করে আমি যেটা শেষে বলতে চাই আমাদেরে

কবিরাজ বাগান, যেটা কোচবিহারের মধ্যে বাদুড়বাগান বলে, সেটা রক্ষণাবেক্ষণের জন্য আপনি কি পরিকল্পনা নিয়েছেন দয়া করে উত্তরটা দেবেন। এই কয়েকটি কথা বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী রবীন্দ্র নাথ ঘোষ : মাননীয় স্পীকার মহোদয় বন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ মহাশয় ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার টাকার যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করে সংক্ষিপ্তভাবে দুই-চারটি কথা বলতে চাই। ইতিমধ্যেই অনেক বিধায়ক বন্ধু তাদের বক্তব্য রেখেছেন। তাদের মতো করে বক্তব্য রেখেছেন। কিন্তু আমি এই কথাটা বলতে চাই যে '৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার আগে কতটা বনভূমি ছিল, জঙ্গলটার কতটা ঘনত্ব ছিল, ২০১১ সাল পর্যন্ত ৩৪ বছরে সেই জঙ্গলটাকে কিভাবে কেটে সাফ করা হয়েছে সেই ঘটনার কথা সবাই জানেন। কারণ ১৩ শতাংশের বেশি ফরেস্ট করা যায়নি ২০১১ সাল পর্যন্ত। মনোজ ওরাওঁ আর.এস.পি-র বিধায়ক - তার বক্তব্যে যে কথা বলেছেন, আমি তাকে বলতে চাই তার এলাকায় সঙ্কোশ, নিউল্যান্ডস, টিয়ামারি, রায়মাটান, গোয়াই, বারোভিসা, চ্যাংবাড়ি - এই সমস্ত এলাকায় আমি গিয়েছি আপনাদের সময়ে। কিভাবে গাছ কেটে সাফ করে রায়ডাক নদী দিয়ে ভেলার মতো বানিয়ে বাংলাদেশে নিয়ে যাওয়া হত - আপনার কমরেডরা নিয়ে যেত - ভুলে গেলেন সেটা? সেটা ভুলে গেলেন? নগেনবাবু একটু আগে বক্তব্য রাখলেন। পাতলাখোয়া ফরেস্টের কথা বললেন। পাতলাখোয়া ফরেস্টের পাশ দিয়ে যে পাকা রাস্তাটা আছে, সেই রাস্তা দিয়ে '৭৭ সালের আগে দিনের বেলায় যেতে মানুষ ভয় করত - গায়ের লোম খাড়া হয়ে উঠত - কেন? কারণ বিরাট জঙ্গল ছিল, বড় বড় গাছ ছিল, বাঘ, হাতি, চিতা বাঘ থেকে আরম্ভ করে সমস্ত জীবজন্তু ছিল - নগেনবাবু সেটা জানেন। কিন্তু আছে সেটা? সেটা ধূ-ধূ মাঠ হয়ে গেছে। পুরো পাতলাখোয়া ফরেস্টটা কেটে সাফ করে দেওয়া হয়েছে। কোটি - কোটি টাকার গাছ লুটপাট করা হয়েছে। প্রতিদিন আমরা খবরের কাগজে দেখতাম যে বৈকুণ্ঠপুর ফরেস্ট, যার একটা নাম ছিল, নানা বিরল প্রজাতির গাছ ছিল, দামি দামি শাল, সেগুনের গাছ ছিল। সেই বৈকুণ্ঠপুর ফরেস্টের গাছ কেটে সাফ করে দেওয়া হয়েছে। রাজাভাতখাওয়া - বক্সা নিয়ে কথা হচ্ছে। বক্সা ডিভিশানে রাজাভাতখাওয়ার গাছ কেটে সাফ করে দেওয়া হয়েছে। রাস্তার ধারে একটা - একটা করে আছে, ভিতরে সব কেটে সাফ করে দেওয়া হয়েছে। ওটাকে বলত গুড়গুড়ি। মানে ৩ ফুট করে কেটে গুড় গুড় করে টেনে নিয়ে যেত - গুড়গুড়ি বলে ওটাকে। সব কেটে সাফ করে দেওয়া হয়েছে। বছরে তিনটে করে ইলেকশান হত - পঞ্চায়েত ইলেকশান, বিধানসভা ইলেকশান এবং লোকসভা ইলেকশান - পাঁচ বছরে তিনটে করে ইলেকশান হত। প্রত্যেকটা ইলেকশানে গাছ কাটা একটা উৎসবে পরিণত হত। নির্বাচনের একমাস আগে থেকে ঐ বনবস্তি এলাকার মানুষদের দিয়ে মিছিল করা হত। আর বলত কি করবি - খাবি কি? যা গাছ কেটে নিয়ে চলে যা, কেউ কিছু বলবে না। গাছ কেটে দিনের বেলা পাচার করা হত। কমরেডরা সেই কথা জানেন। ভুলে গেলেন সে কথাটা? সেইজন্য বলতে চাইছি যে, উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ মিলে আজকে বন এলাকার যে বৃদ্ধি হয়েছে, ২১.৩৫ শতাংশে এসেছে, এটাকে আমরা ৩৩ শতাংশ পার করতে চাইছি। সেইজন্য গত বছরে

আমাদের বনমন্ত্রী ২ কোটি ৫২ লক্ষ গাছ সারা রাজ্যে লাগিয়েছিলেন। আমরা ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে পুরুলিয়া জেলাতে ২৫ লক্ষ ইউক্যালিপটাস গাছ আমরা লাগিয়েছি। এবছরে বনমন্ত্রী প্রায় ১০ হাজার হেক্টর জমিতে বৃক্ষরোপণের সিদ্ধান্ত নিয়েছে। আমরা ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাতে প্রায় ৩০ হেক্টর কাঁকুরে জমিতে ইউক্যালিপটাস গাছ লাগানোর সিদ্ধান্ত নিয়েছি। প্রত্যেক বছর ৩ হাজার হেক্টর করে জমিতে আমরা এই গাছটা লাগাতে থাকব। গত বছর শুরু করেছি ১ হাজার হেক্টর জমিতে। আমি পুরুলিয়াতে গিয়েছি, বাঁকুড়াতে গিয়েছি। দেবলীনা হেমব্রম ওখানে বসে আছেন - মুকুটমণিপুরে গিয়েছি, আপনার ঘটনা শুনেছি, আপনার এলাকায় কিভাবে গাছ কেটে ওখানে শেষ করে দিয়েছেন। শাল, সেগুনের গাছ নেই। লাক্ষা চাষ করব, তারজন্য পলাশ গাছের প্রয়োজন হয়, পলাশ গাছ নেই, কেটে সাফ করে দিয়েছে - শুধু ধু-ধু মাঠ। আমরা ওখানে লাক্ষা চাষ করার মতো গাছ খুঁজে পাচ্ছি না। গাছ কেটে সাফ করে দিয়েছেন একদম, পরিষ্কার করে দিয়েছেন একদম। আমরা ৩০ হাজার পরিবারকে লাক্ষা চাষে অন্তর্ভুক্ত করার জন্য আমরা প্ল্যানিং করে ইতিমধ্যেই ৩ হাজার পরিবারকে গত বছরে আমরা লাক্ষা চাষের সাথে যুক্ত করতে পেরেছি ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে।

[4.10 - 4.20 p.m.]

জয়ন্তদা বলছিলেন, সুন্দরবন এলাকার মানুষ। আগে যারা মধু কালেকশান করত তাদেরকে কত পয়সা দিতেন? মাত্র ৪০ টাকা কেজি কাঁচা মধু। আমি ফাইল খুলে দেখেছি। কত মধু কালেকশান হত? ১৫ টন, ১৪ টন, ১২ টন। আর গত বছর আমরা কালেকশান করেছি ৮৭ টন ৫০০ কেজি। এবার ১০০ টনের টার্গেট। কত দাম দিচ্ছি? ১১০ টাকা কাঁচা মধু। প্রায় ১ হাজার পরিবারকে আমরা গ্রুপ ইনসিয়োরেন্স করে দিয়েছি। তারা মধু কালেকশান করছে, খাঁটি মধু। আপনারা যারা বিধায়ক আছেন আপনারা কাউন্টারে পাবেন। স্পীকার সাহেব বলবেন। বুলেটিনে দিয়ে দিয়েছেন যে সুন্দরবনের খাঁটি মধু এবং হলুদ যেটা ফরেস্ট ডেভলাপমেন্ট কর্পোরেশন করছে, সেটা বিধায়কদের যেমন দেওয়া হচ্ছে এবং সাংবাদিক যে বন্ধুরা আছেন তারা হতাশ হবেন না, চিপ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগ করবেন, তারাও পেয়ে যাবেন। স্পীকার সাহেব আছেন তিনি ঠিক করবেন বাকিটা কাদেরকে দেবেন। আমরা এবার ১০০ টন মধু সংগ্রহের টার্গেট করেছি। ১ হাজার পরিবারকে এই মধু কালেকশানের সঙ্গে আমরা যুক্ত করতে পেরেছি। তাছাড়াও আমরা ফরেস্ট ডেভলাপমেন্ট কর্পোরেশনের পক্ষ থেকে ট্যুরিজমের উপর জোর দিয়েছি। আগে বাংলার টুরিস্টরা যারা ভ্রমণপ্রেমিক মানুষ, ভ্রমণপ্রিয় মানুষ, তারা রাজস্থান যেত, গুজরাট যেত, দিল্লি, সাউথ, নর্থের দিকে যেত। আর এখন আর যায় না। তারা উত্তরবঙ্গে যাবে। উত্তরবঙ্গের মানুষ দক্ষিণ বঙ্গে আসছে। উত্তরবঙ্গগামী যত ট্রেন আছে একটা ট্রেনেও তিল ধরানোর জায়গা নেই। আপনি রিজারভেশন এক মাস আগেও পাবেন না। কেন? সমস্ত ভিন্ন রাজ্যের ট্যুরিস্টরা, বিদেশি ট্যুরিস্টরা উত্তরবঙ্গে যাচ্ছে, আবার দক্ষিণবঙ্গেও যাচ্ছে। কোনো ট্যুরিস্ট লজে একটা ঘর ফাঁকা পাবেন না। পুরো ফুল হয়ে যাচ্ছে।

এই যে ট্যুরিজমটাকে আমরা যেভাবে এগিয়ে নিয়ে গেছি, বনদপ্তর যেভাবে ট্যুরিজমটাকে এগিয়ে নিয়ে যাচ্ছে, বনদপ্তর যেভাবে প্ল্যানিং করে ধীরে ধীরে এগিয়ে চলছে, পরিবেশের ভারসাম্যটাকে রক্ষা করার জন্য যেভাবে প্ল্যানিং করে চলছে সেই প্ল্যানিং অনুযায়ী যদি আমাদের বামপন্থী বন্ধুরা তাদের ৩৪ বছরে কাজ করতেন, তাহলে ৫০ শতাংশ জমিতে বন এবং বৃক্ষরোপণ করা সম্ভব হত। কিন্তু আপনারা পারেননি। গীতাঞ্জলি স্কিমে গৃহ নির্মাণ করা হচ্ছে। চোরাই করাত কল সারা রাজ্যে ভর্তি হয়ে গিয়েছিল। মাটির নীচে করাত কল আমরা দেখতে পেয়েছি। সেগুলো আমরা বন্ধ করে দিয়েছি। আজকে আর কোথাও কাঠ চুরি করতে দেখা যায় না। ফরেস্ট ডেভলাপমেন্ট কর্পোরেশন কালিম্পং সাবডিভিশনে ১০০-র উপর গাড়ি আমরা ক্ষমতায় আসার পরে সিজ করেছি। এই কাঠগুলো নেপাল ও বিহার দিয়ে পাচার হয়ে যেত। আপনারা কোনোদিন এই কাঠ পাচার বন্ধ করতে পারেননি। তাই আমি বলতে চাই ফরেস্ট ডিপার্টমেন্ট যেভাবে সার্বিক উন্নয়নের মধ্যে দিয়ে প্ল্যানিং করে এগিয়ে চলছে আগামী দিনে একটা সভ্য সমাজ গড়ে উঠতে সাহায্য করছে। কর্মসংস্থান ফরেস্টের মধ্যে দিয়ে হচ্ছে। মানুষ নতুন করে বাঁচার স্বপ্ন দেখতে পাচ্ছে ফরেস্টের মধ্যে দিয়ে। এই বাজেট ফরেস্টকে আরো সমৃদ্ধ করবে। তাই আমি বনমন্ত্রীর ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার টাকার বাজেট রেখেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বাসুদেব মেটে : স্যার, বনমন্ত্রী ২৩ নং অনুচ্ছেদে যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের উপর আলোচনা করতে গিয়ে আমি দু-একটি কথা বলব। কারণ আমি শেষ বক্তা। এই বাজেটের উপর বিভিন্ন দলের সদস্যরা বিভিন্ন মত পোষণ করেছেন। আমি স্পীকার লিস্ট দেখছিলাম। আজকে যে বাজেট, এই বনভূমি অঞ্চলকে কেন্দ্র করে আমরা তপসিল জাতি, তপসিল উপজাতি এবং যত জনজাতি আছে আমরা সব জঙ্গলকে বেস করে বসবাস করি। স্যার, আমি বক্তার তালিকায় দেখলাম ৫/৭ জন তপশিলি জাতি, উপজাতির পক্ষ থেকে এই আলোচনায় অংশগ্রহণ করেছেন। স্যার, আমরা সকালে যখন বাড়ি থেকে বার হই, তখন আয়নাতে নিজের মুখটা দেখে নিই, চুলটা আঁচড়ে নিই, কেননা সারাদিনের জন্য বার হব। এই বাজেটের আলোচনা করতে গিয়ে দেখছি আপনারা দীর্ঘ ৩৪ বছর নিয়ে আলোচনা করছেন। আমি ৩৪ বছরের আয়নায় এই বাজেটকে দেখে নিলাম। তাতে এই বাজেটের সঙ্গে তার কিছুই তফাত দেখলাম না। আমার যা আয়, যা ব্যয়, এই দুদিক সমান হলেই বাজেট - কোথাও ৫ টাকা বেশী, কোথাও বা ৫ টাকা কম। আজকে গোটা দেশের যে বনসম্পদ তা বিপদগ্রস্ত। বাতাসে কার্বন ডাই অক্সাইড গ্যাসের পরিমাণ বেড়ে গেছে, অন্যান্য গ্যাসীয় পদার্থের পরিমাণও বেড়ে গেছে, সেখান থেকে সামাজিক ভারসাম্য রক্ষা করতে হবে, বনকে রক্ষা করতে হবে। আপনারা বলছেন ৩৪ বছরে বামফ্রন্ট সরকার কিছুই করেনি। সেইগুলো তো দেখতে পাবেন না, কেননা তারা যা করেছে আপনারা সেইগুলো শেষ করেছেন। জঙ্গলমহলের পুরুলিয়া, বাঁকুড়া, সুন্দরবন, বর্ধমান, বীরভূম এবং উত্তরবঙ্গের যে বনাঞ্চল রয়েছে, রুক্ষ্ম লাল মাটির উপরে যে শাল, সেগুন, পিয়ালের জঙ্গল, তরাই পাহাড়ের অরণ্যভূমি ধ্বসে নষ্ট হয়ে যাচ্ছে, সুন্দরবনের লবণাক্ত জলের যে বন, সেসব আজকে ধ্বংস হচ্ছে এবং বন্যপ্রাণীরা বন ছেড়ে লোকালয়ে

আসছে খাবারের সন্ধানে। আজকে হাতির পাল বন থেকে বেরিয়ে এসে কৃষকের ফসল নষ্ট করছে, জীবনহানি ঘটাচ্ছে। নেট দিয়ে সুন্দরবনকে ঘিরে রেখেছেন, কিন্তু সেখানকার হায়না, বাঘ ইত্যাদি জন্তু বিদ্যা নদী, মাতলা ইত্যাদি নদী পেরিয়ে লোকালয়ে চলে আসছে। পশ্চিমাঞ্চলের আলোচনা করতে গিয়ে দেখলাম, সেখানে গ্রীন হান্টের নামে পিচ রাস্তা, হাসপাতাল, স্কুল ইত্যাদি করতে গিয়ে জঙ্গলকে ধ্বংস করা হল। উনি বলেছেন উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে কন্ট্রোল রুম খুলেছেন, যাতে বন থেকে বন্য প্রাণীরা বেরিয়ে এসে মানুষের ক্ষতি করতে না পারে। ইতিমধ্যে ৭৯ জন হাতির আক্রমণে প্রাণ হারিয়েছেন। আমার গ্রামের পাশে ভাতকুণ্ডা নামে একটি গ্রাম, সেখানে ঈশ্বরী বাউড়িকে হাতি শুঁড়ে ধরে ছুঁড়ে ফেলল, তার ৪টে পাঁজর ভাঙল, বর্ধমান হাসপাতালে ভর্তি হল। বনদপ্তরের সঙ্গে যোগাযোগ করলে ৫০০ টাকা ধরিয়ে দিল, আর একপয়সাও পায়নি। ওটা ছিল ব্যক্তিগত সাহায্য। আপনারা জানেন গ্রীষ্মকালে গাছের পাতা ঝরে, তাতে আগুন ধরে, সেই আগুন গ্রামের দিকে চলে আসে। আপনারা এমন পরিবর্তন করলেন যে - আমরা তো জঙ্গলের আগুন দেখতে অভ্যস্ত ছিলাম, কিন্তু আজকে টিভি খুললেই দেখতে পাচ্ছি আগুন শিল্পে, আগুন শহরে, গ্রামে আগুন, সব জায়গায় আগুন। এটা কি পরিবর্তন আনলেন আপনারা? আমরা জঙ্গলের মানুষ, আমাদের একটা প্রবাদ বাক্য আছে — নাই ধন তার জোর কম। ১৯৪৫ থেকে ১৯৪৮-এর যে আইন ছিল,তাতে ফরেস্টে ঢুকলে ধরে নিয়ে আসত।

[4.20 - 4.30 p.m.]

শুকনো কাঠ সংগ্রহ করতে গেলে আমাদের ধরে নিয়ে যেত। আজকে বামফ্রন্ট আসার পর বনের অধিকার পেয়েছি। আমরা চার বিঘা জমির মালিক হয়েছি। আমরাই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাট্টার অধিকার আদায় করে নিয়ে এসেছি। আমি একটা কথা বলে শেষ করব। ছোটবেলায় শুনতাম কালে বাঘে কাঁকুড়ি খায়। আমার মাথায় ঢুকত না। আমি শুধোতাম কালে বাঘে কাঁকুড়ি খায় সেটা আবার কেমন। বাঘ কি করে কাঁকুড়ি ধরে। তখন মামা আমাকে বলে যে বাঘের যখন খিদে লাগে বাঘ তার লেজটা কাঁকুড়ির গর্তে ঢুকিয়ে দেয়। কাঁকুড়ি তখন লেজ কামড়ে ধরে বেরিয়ে চলে আসে তখন বাঘ সেগুলো খায়। (মাইক অফ।)

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বাজেট বক্তৃতায় আমার আগে দশ জন বক্তব্য রেখেছিলেন। তার মধ্যে সরকার পক্ষের কয়েকজন এবং বিরোধীপক্ষের কয়েকজন। আমি সত্যিই বামফ্রন্টের বিধায়ক যারা বক্তব্য রেখেছেন, ওঁরা বলেছেন যে আমাদের এই বাজেটে আমরা যে টাকা রেখেছি ৬২০ কোটি ৭৭ লক্ষ ৭২ হাজার এটা নাকি অনেক কম। এই কারণে নাকি ওঁরা এই বাজেটের বিরোধিতা করছেন। আমি একটা পরিসংখ্যান দিয়েই বলছি ২০১০-১১-তে এই বনদপ্তরের একটা বাজেট হয়েছিল ৩৬০ কোটি ২৩ লক্ষ ৩৪ হাজার টাকা। আমি মাননীয় বিধায়কদের কাছে আবেদন রাখব এই পাঁচ বছরে সংখ্যাটা কিন্তু ডাবল হয়েছে এবং ওঁরা বলছেন যে আমাদের সময়ে ফরেস্ট ধ্বংস হয়েছে। এটা কিন্তু ঠিক নয়। আমি একটা পরিসংখ্যান দিলেই বুঝতে পারবেন। ২০০৬ সালে পশ্চিমবাংলার মোট আয়তনের ১৫.৬৮ শতাংশ বনাঞ্চল ছিল। এবং ভারত সরকারের পরিবেশ এবং বনদপ্তর বন

জরিপ করে ২০১৩ সালে যে রিপোর্ট পেশ করেছে সেটা বৃদ্ধি পেয়ে হয়েছে ২১.৩৫ শতাংশ। এর থেকে আপনারা বুঝতে পারবেন যে কত বড় মিথ্যা কথা আপনারা বলছেন। আপনাদের জ্ঞাতার্থে আরও একটা জিনিস জানাচ্ছি, যেমন মনোজভাই বললেন হাতির আক্রমণে মারা গিয়েছে তারা টাকা পায়নি। এটা কিন্তু ঠিক নয়। এইরকম রিপোর্ট আমাদের কাছে নেই। আমি বলছি পেতে কেন দেরী হয় আমি বলছি। কোনো বন্যপ্রাণী হাতি শুধু নয়, কোনো বন্যপ্রাণীর আক্রমণে যদি মানুষ মারা যায় স্পট পেমেন্ট তাকে কুড়ি হাজার টাকা দেওয়া হয়। তারপরে ওয়ারিশ সার্টিফিকেট যখন দেবে ২০১৫ সালের ১লা জানুয়ারির আগে আপনাদের সময়ে যে আপনারা অনুমোদন করেছিলেন এক লক্ষ টাকা করে পাবে। আর ২০১৫-র ১লা জানুয়ারি থেকে লাগু হয়েছে তারা বর্তমানে আড়াই লক্ষ টাকা করে পাবে। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে মাননীয় অর্থমন্ত্রী অনুমোদন করেছেন। যোসেফভাইকে বলেছি তুমি অঙ্কটা মনে রেখো যে ২০১৫ সালের ফার্স্ট জানুয়ারি থেকে যেকোনো বন্যপ্রাণীর আক্রমণে মারা গেলে এক এর জায়গাতে আড়াই লক্ষ টাকা করে দেওয়া হয়েছে এই আর্থিক দুরবস্থার মধ্য দিয়ে চলার পরেও। মনোজ ভাই আর একটা কথা বলছিলেন এন.টি.সি.এ-র রিপোর্টে বলেছে যে আমাদের বক্সাতে নাকি তিনটি বাঘ আছে। মনোজভাইকে যদিও আমি প্রশ্নোত্তরের সময়ে বলেছিলাম, তবুও মনোজভাইকে বলছি এই যে এন.টি.সি.এ-র রিপোর্ট পড়েছে বক্সার, আমাদের টোটাল এলাকাটা হচ্ছে ৭৬০ বর্গ কিলোমিটার। এখানে মাত্র ৫০টি ক্যামেরা ট্যাপিং মেশিন বসানো হয়েছে। আমরা আমাদের বনদপ্তর, এন.টি.সি.এ-এর সঙ্গে আলোচনা করেছি। বলা হয়েছে যে এতবড় এলাকাতে মাত্র ৫০টি ক্যামেরা ট্যাপিং মেশিন বসিয়ে কি সত্যিকারের রিপোর্ট পাওয়া যেতে পারে? ওনারা স্বীকার করেছেন এবং বলেছেন যে আরও ১০০ খানা ক্যামেরা বসানো হোক এবং মনোজভাই জানে যে বক্সা এলাকার পাশে একদম লাগোয়া ভুটানের জঙ্গল, পাশে আসাম, সেখানে মানস টাইগার রিজার্ভ আছে। যেকোনো মুহূর্তে বাঘ বক্সা ঢুকতে পারে, যেকোনো মুহূর্তে আসামে ঢুকতে পারে, আবার জলদাপাড়াতে চলে আসতে পারে। তাই মনোজভাই উত্তরবঙ্গের মানুষ, আলিপুরদুয়ারের মানুষ উনি ভালোমতো জানেন ওই ৫০টি ক্যামেরা ট্যাপিং-এর সাহায্যে সঠিক রিপোর্ট অ্যাট এ টাইম পাওয়া যেতে পারে না। এই জন্য আমাদের বনদপ্তরের আধিকারিকরা, এন.টি.সি.এ. এবং ওয়াইল্ড লাইফ ইনস্টিটিউট আলাদা করে এর মধ্যে বসছেন। বসে সঠিক সিদ্ধান্ত নেবে এবং কিভাবে সঠিক সংখ্যা বের করা যায় তার উদ্যোগ আমাদের বনদপ্তর থেকে নেওয়া হচ্ছে। ডঃ হরকা বাহাদুর ছেত্রী মহাশয় একটা কথা বলেছেন। উনি বলেছেন লয়েডস বটানিক্যাল গার্ডেনে গত বছর ২০১৪-১৫ সালের বাজেটে আমরা রেখেছিলাম ২০ লক্ষ টাকা। সেটাকে কমিয়ে নাকি এবারে পাঁচ লক্ষ টাকা করা হয়েছে। হরকা বাহাদুর মহাশয়কে আমি জানাচ্ছি যদিও আমরা ২০ লক্ষ টাকার জায়গায় ৫ লক্ষ টাকা রেখেছি, কিন্তু চাহিদা মেটানোর জন্য গবেষণাচক্রে আরও আমরা লয়েড বটানিক্যাল গার্ডেনের গবেষণার জন্য ৫০ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। অর্থাৎ ২০ লক্ষ টাকার জায়গায় সেখানে ৫৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। ওনার আতঙ্কের কোনো কারণ নেই। যোসেফ ভাই একটা কথা বলেছেন যে, ট্রাইবাল ভাইদের জন্য, যে আমরা কত পাট্টা দিয়েছি। আমি বলি ব্যক্তিগতভাবে পাট্টা দেওয়া হয়েছে ৩৫,৫৯৮ জনকে এবং যৌথভাবে ৩৪৬ জনকে দেওয়া

হয়েছে এবং তারমধ্যে ইন্ডিভিজুয়ালি অর্থাৎ ব্যক্তিগতভাবে যাদেরকে দেওয়া হয়েছে মোট জমি তাদের মধ্যে ডিস্ট্রিবিউশান হয়েছে ১৮,২৬৯ হেক্টর জমি এবং যৌথভাবে দেওয়া হয়েছে তার জমির পরিমাণ ২৫৬ হেক্টর।

মিঃ স্পীকার : হাউসের অনুমতি নিয়ে ওনার সময় পাঁচ মিনিট বাড়ানো হল।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : আমাদের সরকার পক্ষের বিভিন্ন বিধায়ক বক্তব্য রেখেছেন যে আমাদের সরকারের বনদপ্তরের লক্ষ্যমাত্রা হচ্ছে আমাদের রাজ্যের ভৌগোলিক আয়তনের ৩৩% সবুজায়ন তৈরি করা। এই লক্ষ্যে আমরা এগোচ্ছি। আপনারা আমাদের বাজেট বইতে দেখেছেন গত আর্থিক বছরে আমরা প্রায় দশ হাজার হেক্টর জমিতে বনসৃজন করেছি। তার মধ্যে আমরা গাছ লাগিয়েছিলাম এক কোটি চুয়ান্ন লক্ষের উপরে।

[4.30 - 4.40 p.m.]

এবার আমরা সেই জায়গায় ১২ হাজার হেক্টর জমিকে প্ল্যান্টেশন করতে যাচ্ছি। সেখানে আমাদের গাছের চারা লাগবে ২ কোটি ১০ লক্ষের মতো। আমাদের এই লক্ষ্যমাত্রাকে বাস্তবে নিয়ে যাওয়ার জন্য আপনারা জানেন, আমাদের রাজ্যে জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি আছে, তার সংখ্যা হচ্ছে - আমাদের একজন বিধায়ক বলছিলেন যে, কমিটিগুলো নাকি নেই, এটা কিন্তু ঠিক নয়। বর্তমানে আমাদের রাজ্যে কমিটি আছে ৪ হাজার ৩৮৬টি। গত বছর আমরা ১০০ কোটির মতো শেয়ারের টাকা বিলি-বন্টন করেছি, ২৫ শতাংশ স্যার। এবারও এই বাজেটে ৯৯ কোটি টাকার ওপরে এই শেয়ার আমরা বিতরণ করবো। আমরা যে প্ল্যান্টেশন করছি, সেই প্ল্যান্টেশনকে রক্ষণাবেক্ষণ করার জন্য এবং আগামীদিনে বনের ওপর যাতে বনবস্তি এলাকার মানুষকে নির্ভর করতে না হয়, বনকে যাতে ধ্বংস না করে, সেই কারণে এলাকার মা-বোনদের জন্য - যাতে লখড়ি কাটতে না হয়, ঐ যে এক বন্ধু বলল যে, লখড়ি যাতে কাটতে না হয়, তার জন্য কিছু কিছু এলাকায় গ্যাস সিলিন্ডার বিতরণ করছি। মহিলারা যাতে বনের ওপর নির্ভরশীল না হয়, তার জন্য আমরা সেলাই মেশিন দিচ্ছি। কৃষক ভাই-বন্ধুদের আমরা স্প্রে মেশিন দিচ্ছি। আপনাদের এলাকারও কিছু কিছু জায়গায় দেখবেন আমরা বিভিন্ন স্কুলে বিল্ডিং তৈরি করে দিচ্ছি। আমরা পানীয় জলের ব্যবস্থা করে দিচ্ছি, স্কুল ঘরের বেঞ্চ আমরা তৈরি করে দিচ্ছি। এগুলো বনদপ্তরের উদ্যোগে আমরা করছি। স্যার, আমাদের উদ্যোগ সবুজায়ন শুধু নয়, সেই সঙ্গে সঙ্গে আমাদের এই পরিবেশে আরো যারা আছে - বিভিন্ন পশু, বন্যপ্রাণী, তাদেরকে রক্ষা করার আমরা উদ্যোগ নিয়েছি। বিগত ৩৪ বছরে বেপরোয়াভাবে জঙ্গল ধ্বংস হওয়ার ফলে অনেকগুলো প্রজাতি ধ্বংস হয়ে গিয়েছিল। স্নো লেপার্ড, সংখ্যা খুব কম। আজকে জানেন যে, দার্জিলিং-এ আমরা স্নো লেপার্ডের কৃত্রিম প্রজনন করছি। কচ্ছপ আজকে আমাদের এই পরিবেশ থেকে হারিয়ে গেছে। আপনারা জানেন, সুন্দরবনে আমরা কচ্ছপ এবং কুমীরের কৃত্রিম প্রজনন করছি। বাঘ এবং গন্ডার এবং হাতি তো আপনারা হাতে হাতে টের পাচ্ছেন। ঐ যে এক ভাই বলল যে, হাতির অত্যাচার - এটা সত্যি কথা। বর্তমানে আমাদের রাজ্যে সাড়ে আটশোর মতো হাতি। যেখানে উত্তরবাংলায় এককালে

মাত্র ২৫টি হাতি ছিল, এখন এই মুহূর্তে দেড়শো হাতি আছে। এই দেড়শো হাতিকে কন্ট্রোল করার জন্য যেটা আপনারা করেননি, আমরা শুধু হাতির জন্য একটা ডিভিশন তৈরি করেছি। এই বাজেটে তার টাকা বরাদ্দ আছে। গন্ডারের সংখ্যা এখন ২৩৬। বাঘের সংখ্যাটা আজকে প্রশ্নোত্তরের সময় আপনাদের সামনে আমি তুলে ধরেছি। স্যার, কর্মসংস্থানের যে একটা উদ্যোগ নিয়েছি, তার মধ্যে আপনারা দুটো দৃষ্টান্ত দেখতে পারবেন। আপনারা জানেন, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গের পর্যটকদের আকর্ষিত করার জন্য শিলিগুড়ির কাছে ওয়ার্ল্ড অ্যানিমেল পার্ক - যেটা প্রায় ৩০০ হেক্টর জমির ওপর তৈরি হবে। তার জন্য খরচ হবে ২৫০ কোটি টাকা। এবার এই বাজেটে ৭৮ কোটি টাকা বরাদ্দ করা আছে। প্রত্যক্ষভাবে ৬৬ জনের কর্মসংস্থান হবে এবং পরোক্ষভাবে...

মিঃ স্পীকার : উইথ দ্যা কনসেন্ট অফ দ্যা হাউস, আমি আরো ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ : পরোক্ষভাবে প্রচুর কর্মসংস্থান হবে। স্যার, এই শিলিগুড়ির কাছে ওয়ার্ল্ড অ্যানিমেল পার্কের গুরুত্ব কিন্তু অপরিসীম। বাংলার মধ্যে এর আগে এই ধরনের পার্ক তৈরি হয়নি। এটা হচ্ছে আফ্রিকান সাফারি পার্কের ন্যায়। এবার মমতা ব্যানার্জীর উদ্যোগে এটা প্রথম আমাদের বাংলার মধ্যে। এখানে বন্যপ্রাণীরা থাকবে নিজস্ব পরিবেশে, আর পর্যটক যারা দেখতে যাবেন, তারা কাচের গ্লাসের মধ্যে ঘুরে ঘুরে দেখতে পাবেন। একই ধরনের আরেকটা উদ্যোগ নেওয়া হয়েছে ঝড়খালিতে ১০০ একর জমির ওপরে - ঝড়খালি ব্যাঘ্র বিচরণ ক্ষেত্র। ওখানে পর্যটনকে আকর্ষিত করার জন্য ৩৩ কোটি টাকা মোট খরচ হবে, এই বাজেটে ৬ কোটি টাকা ধরা আছে এবং এখানে প্রত্যক্ষভাবে ৬১ জন কাজ পাবে এবং পরোক্ষভাবে অনেক কর্মসংস্থানের সুযোগ হবে। এখানে ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্য নগেন্দ্রনাথ রায় বলছিলেন ওনার বিধানসভা এলাকার রাস্তার ব্যাপারে। শুধু ওনার বিধানসভা এলাকার রাস্তাই নয়, আমাদের মানবসভ্যতা দ্রুত এগিয়ে নিয়ে যাবার জন্য রাস্তাঘাট চওড়া করার দরকার আছে, এটা সত্যি কথা। এর জন্য অনেক বড় বড় গাছ কেটে ফেলতে হচ্ছে। আমরা সিদ্ধান্ত নিয়েছি রাস্তার কাজ যখন শেষ হবে, তখন রাস্তার ধারে আরও নতুন করে আমরা প্ল্যান্টেশান করবো যাতে আমাদের আরও সবুজায়ন বৃদ্ধি করা যায়। স্যার, যোশেফভাই কয়েকটি কথা বলেছিলেন যে, আমাদের কিছু গন্ডারকে হত্যা করা হচ্ছে। আমাদের বাঘকে, হাতিকে মারা হচ্ছে। তার জন্য প্রশ্নোত্তরের সময় আমি বলেছিলাম crime control unit খুলেছি এবং সেই crime control unit-এ কারা কারা সদস্য সেই সময় আমি বলেছিলাম এবং ট্রেন অ্যাকসিডেন্টে হাতির মৃত্যু বন্ধ করার জন্য আমরা রেল দপ্তরের সঙ্গে বারে বারে বসেছি, আলোচনা করে যে সিদ্ধান্তটা হয়ে এসেছে হাতি যখন ট্রেন লাইনে উঠবে ট্রেনকে দেখে যাতে রেললাইন থেকে নেমে আসতে পারে তার জন্য ঢালের ব্যবস্থা করে দিচ্ছি এবং আন্ডার গ্রাউন্ড, রাস্তার নীচ দিয়ে যাতে হাতিরা যেতে পারে তার জন্য আন্ডার গ্রাউন্ড রোডের ব্যবস্থা করছি এবং নজরদারি করার জ্য ১৬টা টীম আমরা তৈরি করেছি এবং রাত্রিবেলায় ট্রেনের গতি যাতে ২৫ কিমি করা যায় তার জন্য Supreme Court নির্দেশ দিয়েছে রেল দপ্তরকে। স্যার, আমি জানি আপনারাও জানেন অনেক বন্ধু এখানে বক্তব্য রেখেছেন, বক্তব্যে আমাদের এই বাজেট সম্বন্ধে অনেকে

প্রশংসা করেছেন। আমি অনুরোধ করবো এই হাউসকে, কেন না এটা একটা গুরুত্বপূর্ণ বাজেট, আজকে আপনারা সবাই জানেন মানবসভ্যতা আজকে কিন্তু বিপন্ন। সমুদ্রে বার বার আয়লা আসছে কেন? কারণ আমরা এতদিন বেপরোয়াভাবে উন্নয়নের জন্য সবুজকে ধ্বংস করে ফেলেছি এবং তার ফলে উষ্ণায়ন হচ্ছে, আজকে আয়লার সৃষ্টি হচ্ছে, ঠিকমতো বৃষ্টিপাত হচ্ছে না, প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে। জীববৈচিত্র্য নষ্ট হওয়ার পথে। এইসব জীববৈচিত্র্যকে ধরে রাখার জন্য এবং আমাদের আগামী প্রজন্মকে অর্থাৎ এই মানবসভ্যতাকে আরও এগিয়ে নিয়ে যাবার জন্য আরও আরও সবুজ আমাদের লাগাতে হবে। সেই কারণে আজকে আমি এই হাউসে সকল সদস্যর কাছে আবেদন করবো এই বাজেটকে সর্বসম্মতভাবে আপনারা পাশ করবেন, এই আবেদন আমি সবার কাছে রাখছি। ধন্যবাদ।

Demand No. 23

Mr. Speaker : Now I put to vote all the cut motions moved. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Noes have it. Noes have it.

The cut motions are lost.

Now I put to vote the main Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 620,77,72,000 be granted for expenditure under Demand No. 23, Major Heads : "2401-Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 2406-Forestry and Wild Life, 2415-Agricultural Research and Education, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services and 4406-Capital Outlay on forestry and Wild Life" during theyear 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 206,92,60,000 already voted on account)

As many as are of that opinion will please say "AYE-As many as are of the contrary opinion will please say NO. Ayes have it. Ayes have it.

Demand No. 23 is passed.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে মধু এবং হলুদ সবার জন্য রাখা রয়েছে, আপনারা যাঁরা পাননি আমাদের কাউন্টার থেকে নিয়ে নেবেন। ফরেস্ট ডিপার্টমেন্টকে ধন্যবাদ জানাই, তারা গত বছরও দিয়েছিলেন, এবছরও দিয়েছেন।

Adjournment

The House was then adjourned at 4.39 p.m. till 11.00 a.m. on Friday, the 29th May, 2015, at the "Assembly House", Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 29th May, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 28 Ministers, 7 Ministers of State, 20 Parliamentary Secretaries and 172 Members.

[11.00 - 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

পানীয় জল সরবরাহ প্রকল্প

*১১৯। (অনুমোদিত প্রশ্ন *১৪) **শ্রী তজমুল হোসেন** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে রাজ্যে পানীয় জল সরবরাহের জন্য কত সংখ্যক প্রকল্প হাতে নেওয়া হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, মালদা জেলায় ঐ সংখ্যা কত (নামসহ)?

(Noise)

মিঃ স্পীকার : Please, question hour-টা চলতে দিন। মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় তজমুল হোসেন বিধায়ক উনি যে প্রশ্ন উত্থাপিত করেছেন যে, বর্তমান আর্থিক বছরে রাজ্যে পানীয় জল সরবরাহের জন্য কত সংখ্যক প্রকল্প হাতে নেওয়া হয়েছে। স্যার একটা হল, উনাকে আমি জানাই যে, এই বছর মানে একমাস হয়েছে। এটা আমাদের continuous project-এ চলে। প্রত্যেক মাসে মাসে তো আর প্রকল্প হয় না। আপনি গোটা পশ্চিমবাংলার করেছেন, তবুও আমি আমার একটা লিস্ট অলরেডি জমা দিয়ে দিয়েছি। আপনি যদি পড়তে বলেন,

মিঃ স্পীকার : আপনি তালিকা দিয়েছেন। না না আপনি supplementary করুন। দীর্ঘ তালিকা দিয়েছেন, দু'পৃষ্ঠার তালিকা। প্রথম পাতাটা আপনি পড়ে দিন।

শ্রী সুব্রত মুখার্জী :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, (ক) পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী বিভাগ এই রাজ্যে প্রধানত গ্রামীণ জনসাধারণকে নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য দায়বদ্ধ। এই উদ্দেশ্য সাধন

করতে ২০১৫-১৬ সালে জনস্বাস্থ্য কারিগরী বিভাগ ১০,০৭২ জন (দশ হাজার বাহাত্তর) (জনগণনা ২০১১ অনুযায়ী) অধিবাসীকে উপকৃত করার জন্য ৬৭৯.৪৫ লক্ষ (ছয় কোটি উনআশি লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা অনুমোদিত ব্যয়ে আজ পর্যন্ত ২ (দুই)টি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদন করেছে। তার মধ্যে যেমন বড় আছে, মাঝারি আছে এবং ছোট আছে। যাহা হউক, এটা বলা যায় যে, ২০১৪-১৫ সালে এই দপ্তর ১৬,৭৫,৩৩৭ জন (ষোলো লক্ষ পঁচাত্তর হাজার তিনশত সাঁইত্রিশ) (জনগণনা ২০১১ অনুযায়ী) অধিবাসীকে উপকৃত করার জন্য মোট ১০৩৬০১.৮৭ লক্ষ (এক হাজার ছত্রিশ কোটি এক লক্ষ সাতাশি হাজার) টাকা অনুমোদিত ব্যয়ে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৬১ (একশত একষট্টি) টি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদন করেছে। উপরি উক্ত সকল অনুমোদিত প্রকল্পগুলি এই আর্থিক বর্ষে রূপায়ণ হবার অবস্থায় আছে। সুতরাং ২০১৫-১৬ সালে আজ পর্যন্ত ১৬৩ (একশত তেষট্টি)টি নতুন নলবাহিত জলসরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(খ) ২০১৫-১৬ সালে মালদহ জেলায় কোনো নলবাহিত জলসরবরাহ প্রকল্প অনুমোদিত হয়নি। যাহা হউক, ২০১৪-১৫ সালে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় অনুমোদিত ১৬১ (একশত একষট্টি)টি গ্রামীণ নলবাহিত জলসরবরাহ প্রকল্পের মধ্যে ১০ (দশ)টি প্রকল্প ১,০০,৩৮৫ জন (এক লক্ষ তিনশত পঁচাশি) (জনগণনা ২০১১ অনুযায়ী) অধিবাসীকে উপকৃত করার জন্য ৪৭২৪.৮২ লক্ষ (সাতচল্লিশ কোটি চল্লিশ লক্ষ বিরাশি হাজার) টাকা অনুমোদিত মূল্যে মালদহ জেলায় অনুমোদিত হয়েছিল। এটা আরও বলা যায় যে, ঐ ১০ (দশ)টি প্রকল্প ছাড়াও মালদহ জেলায় আরও ৩৯ (উনচল্লিশ)টি প্রকল্প (জের) রূপায়ণের পর্যায়ে আছে। বিস্তারিত তথ্য সংযোজিত হইল (অনুসারণী-১)। এই সমস্ত প্রকল্পগুলি ২০১৬ সালের মার্চ মাস নাগাদ চালু হবে বলে আশা করা যায়।

ক্রমিক সংখ্যা	ব্লক	প্রকল্পের নাম	অনুমোদিত খরচ (লক্ষ টাকায়)	প্রকল্পিত জনসংখ্যা
১	ইংলিশ বাজার	নাগারিয়া (এ.আর.এস) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৫৯.৩০	৮,৯৩৬
২	ইংলিশ বাজার	লক্ষ্মীঘাট (এ.আর.এস) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৬৩.৯৯	১৩,৫৬৮
৩	ইংলিশ বাজার	রামচন্দ্রপুর (এ.আর.এস) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১০৪.৭৫	১,৭৬৯
৪	রতুয়া-১	দর্বাসিনি (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৯১.৫৫	১,৭৪৩
৫	রতুয়া-১	গদাই মহারাজপুর (এ.আর.এস.) নবাহিত জলসরবরাহ প্রকল্প	১,০১৪.৬০	৫০,১৪৯
৬	রতুয়া-১	বয়া (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৫৮.৫১	৮,৪৯৪
৭	রতুয়া-২	সুলতানপুর (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৮৬.৪৯	১১,২০১

ক্রমিক সংখ্যা	ব্লক	প্রকল্পের নাম	অনুমোদিত খরচ (লক্ষ টাকায়)	প্রকল্পিত জনসংখ্যা
৮	রতুয়া-২	সম্বলপুর (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩৫২.৪০	২১,৮৮৫
৯	রতুয়া-২	পাহাড়পুর (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৯৪.০৯	১০,০৯১
১০	ইংলিশ বাজার	সেলপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৯৭.০৫	৬,৩১০
১১	ইংলিশ বাজার	আনন্দিপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৯২.৬৭	৭,৭১১
১২	বামনগোলা	খাতিল নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৪৬.৫১	১৪,১৮২
১৩	বামনগোলা	বাহেরপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৮৬২.৫০	২৮,৯৪০
১৪	মানিকচক	তালিমনগর (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৩৮.৬৮	৫,৫৭০
১৫	মানিকচক	মহব্বতপুর (এ.আর.এস.) নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২১৭.২৪	৩,৫২৪
১৬	হরিশচন্দ্রপুর-১	গাম্নাদিয়া নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২১৬.৮৮	১১,১১৬
১৭	হরিশচন্দ্রপুর-২	দৌলতপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৮৪.০৬	১৬,০৮৩
১৮	হরিশচন্দ্রপুর-২	অর্জুনা নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২০২.৫১	১০,৯৫৪
১৯	হরিশচন্দ্রপুর-২	দহরা নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩৬৩.৬২	২০,৭৬৫
২০	গাজোল	আলতোড় নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২১৭.২৮	৯,৭৫৮
২১	গাজোল	আকালপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৬২.৯৯	১০,৬৯২
২২	কালিয়াচক-৩	পাড় দেওয়ানপুর নবাহিত জলসরবরাহ প্রকল্প	৩,১২৮.০৮	৫৪,৩৯৯
২৩	বামনগোলা	পরমেশ্বরপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩০৭.৬৬	১৬,৯৮৬
২৪	হরিশচন্দ্রপুর-২	মালিপাকর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩২৩.০৪	১৯,৪৩৬
২৫	চাঁচল-১	আরবরা নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৩২.৪৫	১১,৭৩৭
২৬	চাঁচল-২	জালালপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৭৮.৭১	১৯,৯০৭
২৭	চাঁচল-২	গৌড়হান্দা নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৬১.১৬	১০,৬৭৩
২৮	চাঁচল-২	রামপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৫২.৭৮	১২,৯৮৭
২৯	চাঁচল-২	খানপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২২৮.৩৫	৯,৯১৫
৩০	হরিশচন্দ্রপুর-২	উত্তর কুমেদপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩০১.২০	১৫,২৩০
৩১	হরিশচন্দ্রপুর-২	সাদলিচক নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৬৮.০৮	৮,০৮২
৩২	চাঁচল-১	ধঞ্জনা নলবাহিত জলসরবরাহ প্রকল্প	১৯৮.২২	৭,৮৮২
৩৩	চাঁচল-১	কেন্দুয়া নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৫১.৪২	১৩,১৮৩
৩৪	গাজোল	কুতুবশহর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৮৫১.৩৪	২৬,৯৩৯
৩৫	চাঁচল-১	দক্ষিণ শহর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৪১.৫১	১০,০৪২
৩৬	গাজোল	ময়না নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৪৯৬.০১	১৬,৭৮৬
৩৭	গাজোল	গোবিন্দপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	৩০৫.৭৫	১০,৯৩৮

ক্রমিক সংখ্যা	ব্লক	প্রকল্পের নাম	অনুমোদিত খরচ (লক্ষ টাকায়)	প্রকল্পিত জনসংখ্যা
৩৮	চাঁচল-১	খানপুর হুলাসপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৭৩.৫৩	১১,৭২৩
৩৯	চাঁচল-১	মহানন্দপুর নলবাহিত জলসরবরাহ প্রকল্প	২৫৪.২৫	৮,৭৯৬
		মোট	১৪,৩৮১.২১	৫,৫৯,০৮২

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন উনি বলেছেন যে, ১৬১টি প্রকল্প করা হয়েছে। আমি দেখতে পাচ্ছি স্যার যে, মাননীয় মন্ত্রীর কাছে আমি অনেকবার ওখানে গিয়েছি, ওনার সঙ্গে অনেকবার কথা বলেছি, কিন্তু উনি এই যে তালিকা দিয়েছেন, হরিশচন্দ্রপুরের ১৬ নম্বর, ১৭ নম্বর, ১৮ নম্বর, ১৯ নম্বর, ২৪ নম্বর, ৩০ নম্বর, ৩১ নম্বর, এই সমস্ত জায়গাগুলোর কথা বলেছেন উনি। এই সমস্ত স্কীমগুলো স্যার, ২০১০ সালের। ২০১০ সালে যখন আমাদের বামফ্রন্ট সরকার ছিল সেই সময় থেকে ওনাকে অনেকবার বিধানসভায় বলেছি, উনি ২০১৩ সালে বলেছেন এই মার্চ মাসে হয়ে যাবে। তারপরে এই লাস্ট অধিবেশন যখন ২০১৪ সালে বললেন, এই অধিবেশনের মধ্যেই অর্থাৎ অক্টোবর ২০১৪-র মধ্যে হয়ে যাবে। এখন উনি টার্গেট দিচ্ছেন ২০১৬ সালে। তো স্যার, এই যে আমার প্রত্যন্ত এলাকায় এত টাকা খরচ করেও কিন্তু মানুষ এখনও পর্যন্ত জল সরবরাহ পাচ্ছে না। স্যার, আমার বিশেষ করে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ যে, উনি যেন তৎপরতার সাথে এই কাজগুলো করেন এবং কবে নাগাদ এই টার্গেটটা দেবেন একটু যদি হাউসকে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, উনি তো প্রশ্ন করলেন না, অনুরোধ করলেন, আমি চেষ্টা করবো অনুরোধ রক্ষা করার জন্য। আর এগুলি সমস্তই ধরা হয়েছে, বিরাট কর্মযজ্ঞের মধ্যে আপনার গুলিও রয়ে গেছে। আমি আপনাদের আশ্বস্ত করতে পারি যে এই ফিনান্সিয়াল ইয়ারের মধ্যে এগুলি কমপ্লিট হয়ে যাবে।

শ্রী তজমুল হোসেন : স্যার, এটা তো হল ২০১০ সালের। ২০১৪ সালে কয়েকটি স্কিম ওনাকে দিয়েছিলাম, এই তালিকার মধ্যে নয়। যেমন একটা স্কিম দিয়েছি, যেটা সার্ভে হয়েছে এই কিছুদিন আগে ২০১৫ সালের প্রথম দিকে। স্যার, নামটা হচ্ছে শ্রীরামপুর খোপাকাঠি, আর একটা বেজপুরা আর একটার সার্ভে হবার কথা আছে স্যার, ভৈরবপুর আর জগন্নাথপুর। এই যে নতুন চারটে স্কিম এই কাজগুলো কি ২০১৬ বর্ষের মধ্যে হবে টানা হবে, না তার পরে আবার হবে? এই যে চারটে স্কিম সার্ভে হয়েছে, সার্ভের অনুপাতে আপনাকে দেওয়া হয়েছে, আপনি বলেছেন হয়ে যাবে, কি অবস্থা এখন?

শ্রী সুব্রত মুখার্জী : সার্ভে হয়, তারপরে ডি পি আর হয়। তারপের আমরা আর্থিক অনুমোদন নিয়ে কাজ শুরু করি। টেন্ডার করে, ই টেন্ডার করে। এর ডি পি আর হয়ে গেছে। এটা তো মালদা জেলার লিস্টে নাম নেই, আমার সাপ্লিমেন্টারী লিস্টে আছে। স্বভাবতই যে

পদ্ধতিতে হয় তাতে অনেকটাই এগিয়ে গেছে, আশা করি আমরা নেক্সট মাসের মধ্যে এটার টেন্ডার করতে পারব।

শ্রী শেখ শাহনাওয়াজ : স্যার, আপনার মাধ্যমে জানাচ্ছি মাননীয় মন্ত্রীকে, এই চার বছরে বিভিন্ন জায়গায় নানা রকম জল প্রকল্প নেওয়া হয়েছে। পানীয় জলের প্রকল্প নিয়ে বিরোধীরা অনেকে বলছেন এবং ওনারা জানতেও পারছেন যে অনেক প্রকল্প নিয়েছেন যেটা কোনদিনই বিগত ৩৫ বছরে হয়নি। আমার এলাকায় বিগত বৎসরগুলোতে, বিগত ৩৫ বছর ধরে যে জল প্রকল্পগুলো ছিল, সেইগুলোর পাইপ নিম্ন মানের, সব খারাপ হয়ে গেছে এবং জল প্রকল্পর পাইপ লাইনে জল সরবরাহ হচ্ছে না। আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, আমার কেতুগ্রাম এক নম্বর ব্লকে কান্দরাই, বোরোপাল্টি ইত্যাদি জায়গায় জল প্রকল্পগুলো সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে, এগুলো নতুনভাবে সরবরাহ করার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : আমিও আপনার সঙ্গে একমত। কারণ, বহু জায়গায়, এর আগে যারা কাজ করে গেছেন, এত নিম্নমানের পাইপ দিয়েছেন এবং মেইনটেনান্স এত দুর্বল যে সেটা আমরা এই গভর্নমেন্ট আসার আগেই খারাপ হয়ে গেছে। বহু জায়গায় ভেঙে পড়ে আছে এবং আমাদের রিপেয়ার করে চালু করাই একটা বড় টাকার সমস্যা আছে। তবুও আমরা এই কাজটা করছি, আপনার কাজটাও করা হবে।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে দীর্ঘদিন আগে সেই '৭২, '৭৭ সালে যে ওয়াটার সাপ্লাইগুলো হয়েছে সেইগুলো বর্তমানে প্রায় অকেজো মতন। সেইগুলো নতুন করে আর সারানোর কোনো ব্যবস্থা আপনার দপ্তর করবে কিনা এবং কবে নাগাদ এইগুলো শুরু হবে?

শ্রী সুব্রত মুখার্জী : '৭২-৭৭, তারপরে ৩৪ বছরে এইগুলো অনেকটাই অকেজো হয়ে গেছে। এবং আপনাদের জেলায় যেমন প্রচুর আর্সেনিক, এই আর্সেনিকের মোকাবিলা করার জন্য ঠিক নলবাহিত ব্যবস্থা এবং ল্যাব তৈরি করা যে প্রয়োজন, প্রয়োজনভিত্তিক করা হয়নি। স্বভাবতই আমাদের নতুন পরিকল্পনা করে এই জেলাগুলোতে কাজ করতে হচ্ছে। আপনাদের জেলাতেও, আপনি শুনলে খুশী হবেন, প্রায় ৯০০ কোটি টাকার কাজ, আমি একদিন বলেওছি এর আগের দিন, আমরা করছি। এবং যে কয়টি জেলায় আমরা বলেছি আর্সেনিকমুক্ত, নেক্সট ইয়ারে করতে পারব, নদীয়া এবং আপনাদের জেলা তার মধ্যে অন্যতম।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করছি যে আমার ধূপগুড়ি ব্লকে শালবাড়ি ওয়ানে ওখানে পানীয় জলের কোনো পরিকল্পনা আছে কিনা?

শ্রী সুব্রত মুখার্জী : আপনি লিখে দেবেন, আমি ঠিক বুঝতে পারছি না যে কোন ব্লক, কোন জায়গায় এটা।

মিঃ স্পীকার : আপনি লিখে দেবেন মাননীয় মন্ত্রীকে।

[11.10 - 11.20 a.m.]

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, চার বছরে বহু সংখ্যক পানীয় জলের ব্যবস্থা করেছেন। এগুলির ভবিষ্যৎ মেন্টেনেন্সের ব্যাপারটা আপনার দপ্তরে থাকবে, নাকি পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতির ওপরে ন্যস্ত হবে এটা জানাবেন। এইরকম কোনো পরিকল্পনা আছে কি?

শ্রী সুব্রত মুখার্জী : পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ যদি আমাদের কাছ থেকে দায়িত্ব নিতে চান তাহলে আমরা স্বচ্ছন্দে তাকে, আমাদের একটা এগ্রিমেন্ট করে অর্থাৎ তারা পয়সা নিতে পারবে না, সেইরকমভাবে একটা এগ্রিমেন্ট করে তারা যদি নিতে চান তাহলে আমরা দিয়ে দেব।

শ্রী জটু লাহিড়ী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, হাওড়া কর্পোরেশনের ১নং ওয়ার্ডে বেলগাছিয়াতে পাবলিক হেল্‌থের অনেক পুরোনো একটা ডিপ টিউবওয়েল রয়েছে। অনেকখানি জায়গা জুড়ে এবং বিরাট পাইপলাইন এবং ওপরে যে পাইপ থাকে...

শ্রী সুব্রত মুখার্জী : স্যার এটা ফিরহাদ হাকিম সাহেবের প্রশ্ন। এটা আমার নয়। হাওড়া মিউনিসিপ্যালিটি আমার বিষয় নয়, ফিরহাদ হাকিমের বিষয়।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য, এটা আর্বান ডেভেলপমেন্টের বিষয়, আপনি ফিরহাদ হাকিম সাহেবের কাছে করবেন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, রাজ্যে কত সংখ্যক এলাকা এখনো পানীয় জলের আওতার বাইরে আছে?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি আগের দিনই বলেছিলাম যে আপনারা করে গিয়েছেন মাত্র ১৯-২০ শতাংশ। আপনারা ৩৪ বছরে যা করেছেন তারপরে আমরা চার বছরে ৪৮ শতাংশ আর্সেনিকমুক্ত, ফ্লোরাইডমুক্ত, আয়রনমুক্ত জল সরবরাহ করতে পেরেছি।

শ্রী মহঃ সোহরাব : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করতে চাইছি, আপনি জানেন, এর আগে আপনাকে বলেছি, রঘুনাথগঞ্জ ১ নং ব্লকে ৬টি গ্রাম পঞ্চায়েত এবং ৮টি ওয়ার্ড নিয়ে একটি কেন্দ্র এবং রাজ্য সরকারের যৌথ প্রকল্পে ৬৭ কোটি টাকায় সরকারি রিজার্ভার তৈরি হয়ে গেছে। কিন্তু ন্যাশনাল হাইওয়ে চওড়া করার দরুন একটা মেজর পোর্শান ওয়ান থার্ড অফ দ্য এরিয়া সেখানে পাইপ দিতে পারছে না। যারফলে সেই এলাকার মানুষ তার জল খেতে পারছে না। আপনার কাছে আমার প্রশ্ন, আপনি অ্যাপ্রোপিয়েট অথরিটির সঙ্গে যোগাযোগ করে সমস্ত রিজার্ভার যেখানে হয়ে গেছে, পাইপ যাতে ডাইরেক্ট সেই গ্রামগুলোতে যায় সেই ব্যবস্থা আপনি যথাযথ করবেন কিনা?

শ্রী সুব্রত মুখার্জী : আপনি ঠিকই বলেছেন, আপনি এই বিষয়ে আগে বলে গেছেন। আমাদের দপ্তর থেকে ওই দপ্তরের সঙ্গে কথাবার্তা চালু হয়েছে। প্রাথমিক কথাবার্তা চলছে। আশা করি সমস্যার সমাধান হয়ে যাবে।

সরকারী ও বেসরকারী বাসের সংখ্যা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা-ডায়মন্ডহারবার, কলকাতা-কাকদ্বীপ ও কলকাতা-নামখানা রুটে চালু সরকারী এবং বেসরকারী বাসের সংখ্যা কত?

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় সদস্য বঙ্কিমবাবু বলে গেছেন তাঁর আসতে একটু দেরি হবে। উনি এলে তাঁর কোয়েশ্চেন কল করবেন।

মিঃ স্পীকার : ঠিক আছে, উনি এলে ওনার কোয়েশ্চেন নেব।

*প্রশ্ন নং ১২১। (নট রেসপন্ডেড)

এম.এস.এম.ই. ক্লাস্টার

*১২২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী অসিত মজুমদার :** ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত চার বছরে রাজ্যে মোট কতগুলি নতুন এম.এস.এম.ই. ক্লাস্টার স্থাপিত হয়েছে ও এতে দক্ষ শ্রমিকদের কি সুবিধা হয়েছে;

(খ) আর কত ঐ ধরনের ক্লাস্টার স্থাপনের পরিকল্পনা আছে; এবং

(গ) ঐ ক্লাস্টারগুলিকে নিয়ে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা কীরূপ?

শ্রী স্বপন দেবনাথ :

সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক শ্রী অসিত মজুমদারের

(ক) নং প্রশ্নের উত্তরে জানাই, আমাদের বিগত চার বছরে ১৮০টি ক্লাস্টার অনুমোদিত হয়েছে। এর মধ্যে ৮৪টি এম.এস.এম.ই. ক্লাস্টার, ৭৩টি হ্যান্ডলুম ক্লাস্টার এবং ২৩টি খাদি ক্লাস্টার। আপনাকে জানাতে চাই, বিগত সরকারের আমলে মাত্র ৪৯টি ক্লাস্টার ছিল। আমাদের আমলে ১৮০টি ক্লাস্টার হয়েছে। এই ক্লাস্টার প্রকল্প রূপায়ণের মাধ্যমে দক্ষ শ্রমিকদের যে সুবিধা প্রাপ্ত পায় সেগুলি হল'

এক, দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের মধ্য দিয়ে দক্ষতার আধুনিকীকরণ ঘটে এবং বাজারের চাহিদা অনুযায়ী দক্ষতার বিকাশ পায়।

দুই, সাধারণ পরিষেবা কেন্দ্র বা সি এফ সি-র মাধ্যমে আধুনিক যন্ত্রপাতি নিয়ে হাতে কলমে কাজ করার সুযোগ হয়, ফলে দ্রব্যের গুণগত মানের উন্নয়ন ঘটে, যার প্রত্যক্ষ ফল হিসেবে শ্রমিকের আয় বৃদ্ধি পায়।

তিন, সঠিক মজুরি ও কাজের অভাবে দক্ষ শ্রমিকদের এলাকা ছেড়ে বাইরে যাবার প্রবণতা হ্রাস পায়। দক্ষতার পূর্ণ সদ্ব্যবহার হয়, এলাকায় কর্মসংস্থান বৃদ্ধি পায়।

(খ) নং প্রশ্নের উত্তরে জানাই, উল্লিখিত ক্লাস্টার সহ, যেগুলি বিভিন্ন পর্যায়ে চলছে, সেগুলি ছাড়াও আমরা এলাকাভিত্তিক, প্রয়োজনভিত্তিক সেই ক্লাস্টার স্থাপনের পরিকল্পনার কাজ হাতে নেওয়া হয়েছে।

(গ) ওই ক্লাস্টারগুলিকে নিয়ে সরকারের ভবিষ্যৎ পরিকল্পনা কিরূপ? এর উত্তরে বলি, চিহ্নিত ক্লাস্টারগুলিকে সফট ইনটারভেনশানের (প্রশিক্ষণ, এক্সপোজার, ভিজিট, মার্কেট লিঙ্কেজ প্রভৃতি) মাধ্যমে সর্বপ্রথমে ক্লাস্টারগুলোর স্ব-ক্ষমতার উপরে জোর দেওয়া হয়। পরবর্তীতে প্রয়োজনভিত্তিক সাধারণ পরিষেবা কেন্দ্র মানে (CFC) স্থাপন করা হয়। যেখানে ক্লাস্টারের ইউনিটগুলো ওই পরিষেবা কেন্দ্রে আধুনিক যন্ত্রপাতির সুবিধা হয়। ইউনিটগুলো সময়োপযোগী, উন্নতমানের দ্রব্য কম খরচে উৎপাদন করতে পারে। এইভাবে ক্লাস্টারগুলো যাতে আধুনিক চাহিদা উপযোগী দ্রব্য তৈরি করতে পারে, তার জন্য দপ্তর থেকে সবরকম সাহায্য করা হয়।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, দীর্ঘ ৩৪ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিলেন, তারা কতজন তাঁত শিল্পীকে পরিচয়পত্র দিয়েছিলেন, আর আমাদের মা-মাটি-মানুষের সরকার ও বাংলার জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসার পর কতজন ছোট তাঁত শিল্পীদের পরিচয়পত্র দিয়েছি।

শ্রী স্বপন দেবনাথ : সভ্যতার বড় অহঙ্কার বস্ত্র, তাঁত শিল্পীরা কখনো সরকারি পরিচয়পত্র পেতে পারে এই ভাবনা বিগত সরকার কখনো করেনি। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমরা কৃতজ্ঞ, তিনিই ভেবেছিলেন গরীব তাঁত শিল্পীদের পরিচয়পত্র দেওয়ার। পশ্চিমবঙ্গে আমরা তাঁত শিল্পীদের পরিচয়পত্র দিয়েছি, ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত ৫ লক্ষ ৩১ হাজার ৭৫ জনকে। শিল্পী হিসাবে তাদের স্বীকৃতি পশ্চিমবঙ্গেই প্রথম দেওয়া হয়েছে, যারা বস্ত্র তৈরি করে তাদেরকে। এদের কথা মমতাজি ছাড়া কেউ কোনোদিন ভাবেনি।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী এর সঙ্গে একটু যোগ করতে চাইছেন এটা ওনারই দপ্তর।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মিঃ স্পীকার স্যার, আমি এই হাউসকে জানাতে চাই, আমাদের এই MSME ডিপার্টমেন্ট, আপনারা শুনলে খুশী হবেন ব্যাঙ্কিং সেক্টার ইনভেস্টমেন্টে ইন্ডিয়াতে বেঙ্গল হচ্ছে নাম্বার ওয়ান। এখানে পঞ্চান্ন হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট হয়েছে। শুধু তাই নয় স্যার, এখানে আমরা প্রায় ৫০,৪১০টি ইউনিট তৈরি করেছি মাত্র চার বছরে। ২০০৬ সালে এই আইনটা হয়। ২০০৬ থেকে ২০১১, এই পাঁচ বছরে হয়েছিল ৪৯টা, আর

আমাদের এই চার বছরে হয়েছে ১৮৭টা। শুধু তাই নয়, ইমিডিয়েট আমরা আরেকটা বুস্ট আপ করতে চাইছি, কারণ টেক্সটাইল, বাংলার তাঁত, হোসিয়ারি শিল্প, গারমেন্ট শিল্প এইগুলো হচ্ছে সব বড় শিল্প একেবারে নীচুতলা থেকে। তাঁতশিল্প, হোসিয়ারি শিল্প, টেক্সাইটল শিল্পকে বুস্ট আপ করার জন্য আমরা একটা নতুন প্রোজেক্ট তৈরি করছি। এই প্রোজেক্টার পোটেনশিয়ালিটি অনেক বেশী। যদিও এই চার বছরে প্রায় ৪ লক্ষ ৫৬ হাজার এমপ্লয়মেন্ট হয়েছে, এই যে আমরা ৮০টা ইউনিট তৈরি করেছি সেখানে। আজকে আমি একটা প্রোজেক্ট ডিক্লেয়ার করছি, একটা জয়েন্ট ভেঞ্চারের মধ্যে দিয়ে আমাদের ২৬ হাজার ১০০ কোটি টাকার ইনভেস্টমেন্ট হবে। এটা আরেকটা বড় প্রোজেক্ট। এটা জয়েন্ট ভেঞ্চার পিপিপি মোডে হবে এবং আরও ছয় লক্ষ কর্মসংস্থান এতে হবে। এটা স্টার্ট হয়ে যাবে ইমিডিয়েটলি। সবচেয়ে বড় কথা হচ্ছে, আমি আপনাদের বলি কোন জায়গায় এগুলো হবে এবং employment potentiality কত হবে। এটা খুবই ভালো হবে আমাদের রাজ্যের জন্য। একটা হবে বাঁকুড়ার বড়জোড়ায় - এখানে ৮০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ১০ হাজার employment potentiality হবে; রাধানাথ সরণি, কলকাতা—এখানে ৬০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ২০ হাজার employment potentiality হবে; সেক্টর ফাইভ, সল্টলেক, কলকাতা-৭৫০ কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ১০ হাজার employment potentiality হবে; আকড়া, মহেশতলা, দক্ষিণ ২৪-পরগনা-৪০০ কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ২৫ হাজার employment potentiality হবে; উলুবেড়িয়া, হাওড়া-এখানে দেড় হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ৬০ হাজার employment potentiality হবে; বেলুড়, হাওড়া integrated textile park in PPP model for processing power loom and ready-made garment and technical textile এখানে তিন হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে, এখানে এক লক্ষ employment potentiality হবে; জগদীশপুর হাওড়া, এখানে ১ লক্ষ ৭৫ হাজার employment potentiality আছে, এখানে সাড়ে আট হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে; অশোকনগর, হাবড়া, নর্থ ২৪-পরগনা, এখানে ২,২৫০ কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে, ২৬ হাজার employment potentiality আছে; মেটিয়াবুরুজ, সাউথ ২৪-পরগনা, এখানে ১০ হাজার employment potentiality হবে এবং বারাসাত নর্থ ২৪-পরগনা, এখানে সাড়ে আট হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট হবে এবং ৮ লক্ষ ৬৫ হাজার employment potentiality হবে। যে জায়গাগুলোতে টেক্সটাইল শিল্প, গার্মেন্ট শিল্প, হোসিয়ারী শিল্প — এগুলোর একটা পোটেনশিয়ালিটি আছে, সেই জায়গাগুলোতে এই প্রোজেক্টটা নেওয়া হয়েছে। যেটাতে আগামী দিনে আমার ৬ লক্ষ কর্মসংস্থান হবে। এই প্রোজেক্টগুলো খুব শিগগিরি দ্রুত হয়ে যাবে। এর জন্য সমস্ত জায়গা আইডেনটিফাই করে কাজকর্মের উদ্যোগ নেওয়া হবে।

[11.20 - 11.30 a.m.]

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার অতিরিক্ত প্রশ্ন, এই ক্লাস্টারগুলো হবার ফলে কতজন মানুষের কর্মসংস্থান করা সম্ভব হয়েছে?

শ্রীমতী মমতা ব্যানার্জী : একটা অলরেডি বলা হয়েছে যে গত চার বছরে প্রায় ৪ লক্ষ ৫৬ হাজার এমপ্লয়মেন্ট অপারচুনিটিস তৈরি করা হয়েছে। অলরেডি কর্মসংস্থান হয়েছে এবং আমি যে প্রোজেক্টটার কথা বললাম ২৬ হাজার ১০০ কোটি টাকা নতুন করে বিনিয়োগ হতে যাচ্ছে তাতে ৬ লক্ষ কর্মসংস্থান তৈরি হবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করতে চাই, যে ক্লাস্টারগুলো আগে হয়েছিল বা প্রস্তুত ছিল — তার মধ্যে খুব একটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে জরি এবং টেক্সটাইল শিল্প। আপনি জানেন যে তার জন্যে এখন যেটা 'নবান্ন' সেই বাড়িটা তৈরি করা হয়েছিল। যাই হোক, সেটা তো সে কাজে এখন ব্যবহার হচ্ছে না, কিন্তু ওই বিশাল পরিমাণ জরি শিল্প এবং টেক্সটাইল ইন্ডাস্ট্রি — হাওড়া হাট যেখানে বসতো, তাদের জন্য কি হবে এবং সেটার জন্য কি উদ্যোগ নেওয়া হচ্ছে, কতদিন লাগবে? এইটা মাননীয়া মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, উনি যেটা বলছেন অ্যাকচুয়াল হাওড়াহাট নয়, ওটাকে মঙ্গলাহাট বলা হয়। স্যার, আমি সেদিনকে আসার সময় দেখেও এসেছি মঙ্গলাহাটের পুরো ওয়ালটা। 'নবান্ন' বিল্ডিংটা ছোট ছোট ঘর তৈরি করা হয়েছিল ওদের পারপাসে কিন্তু ওরা এগ্রিড হয়নি, ওটা একটু দূরে আছে বলে। কাছাকাছি কোনো জায়গা পেয়ে গেলে — আমিও বলেছি জায়গা দেখতে। আমি মেয়রকেও বলে এসেছি। কাছাকাছি কোনো জায়গা পেয়ে গেলে বা ওই বাড়িটাও যেটা আছে। এগুলো দেখে নিয়ে একটা প্ল্যানিং তৈরি করা হবে, যেটা ওরা চাইবে, মানে যারা বসে আছেন তারা যেটা চাইবে। এটা আমরা চাপিয়ে দিতে পারি না। এটা নেগোশিয়েট করে তারা যেটা চাইবে সেটাই আমরা করে দেবো। জরি পার্ক তো হচ্ছে বিভিন্ন জায়গায়। আপনি যেটা বললেন, মঙ্গলাহাট হাওড়ায় সেই হাটের কথা বললেন।

আর জরি পার্কটা আলাদা। এটা হচ্ছে ডব্লু.বি.আই.ডি.সি.-র আন্ডারে। জরিটা আলাদা। জরি আলাদা, টেক্সটাইল আলাদা। জরি পার্ক অনেকগুলো হচ্ছে এটা ডব্লু.বি.আই.ডি.সি.-র আন্ডারে। অনেকগুলো হচ্ছে। আমাদের রানীহাটি থেকে শুরু করে, পাঁচলা থেকে শুরু করে এটা হচ্ছে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট — এটা ডব্লু.বি.আই.ডি.সি.-র আন্ডারে পড়ে। আর এই ডিপার্টমেন্টে আমরা যেটা আলোচনা করছি এটা হচ্ছে স্মল স্কেল। স্মল স্কেলের আন্ডারে যে জরি পার্ক বা টেক্সটাইল পার্ক যেগুলো আছে সেগুলো পুরো উদ্যোগে চলছে এবং আরও বেশি হবে।

শ্রী অজয় দে : স্যার, কৃষির পরেই তো তাঁতের স্থান। যাতে এত বেশী সংখ্যক মানুষ নির্ভরশীল। এর আগের সরকারের আমি সমালোচনা করছি না কিন্তু সবথেকে যেটা বড় কথা যে টেক্সাইটল নিয়ে কোনো সংগঠিতভাবে ভাবা হয়নি। আমাদের এই সরকার আসার পর টেক্সটাইল পলিসি অলরেডি ঘোষণা করেছেন। এবং টেক্সটাইল পলিসির ফলে মাননীয়া মুখ্যমন্ত্রীও বললেন অনেক এমপ্লয়মেন্ট হবে। আমি শুধু জানতে চাইছি, এই টেক্সটাইল পলিসিটা সম্পূর্ণভাবে ইমপ্লিমেন্ট হওয়ার ক্ষেত্রে এখন কোন পর্যায়ে আছে? যদি কাইন্ডলি বলেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমরা নতুন টেক্সটাইল পলিশি করেছি। অলরেডি আমরা একটা MSME-তে ইনসেনটিভ দেওয়ার জন্য ২০০ কোটি টাকার একটা ফান্ডও করেছি। এবং এটা হচ্ছে আমাদের MSME ডিপার্টমেন্ট থেকে। এছাড়াও আমরা যেটা করছি সেটাও আমরা নানারকম unit clearance সিস্টেম, আপনি টেক্সটাইল শুধু বলছেন, নট আদার, টেক্সটাইল ডিপার্টমেন্ট এটা একটা আলাদা ডিপার্টমেন্ট। শ্যামাবাবু সেটার মিনিস্টার, হি ইজ নট প্রেজেন্ট হিয়ার। যাই হোক, আমি এটা অ্যাজ ই.হোল বলছি। স্মল স্কেলেরই একটা পার্ট, এম.এস.এম. এখন আলাদা হয়ে গেছে। টেক্সটাইল আলাদা হয়ে গেছে। স্পেসিফিক কোয়েশ্চেন থাকলে আপনারা নিশ্চয় ওনার ডিপার্টমেন্টে করতে পারেন। আলাদা করে আলোচনাও করতে পারেন। তবে টেক্সটাইল পলিসি নিয়ে আমি যেটা বললাম আপনাদের এই টেক্সটাইল পলিসিটাতে আমরা গুরুত্ব দিচ্ছি। কারণ আমি দেখেছিলাম টেক্সটাইল মহারাষ্ট্রে খুব ভাল চলে। আমরা ঠিক সেইভাবে করতে পারিনি। অথচ দেখুন আমাদের পুরো মুর্শিদাবাদ থেকে শুরু করে নদীয়া থেকে শুরু করে বাঁকুড়া, বীরভূম বিভিন্ন জায়গায় টেক্সটাইল শিল্প খুব উন্নত শিল্প এবং আমাদের মেটিয়াবুরুজে যারা দর্জিরা আছে কত কাজ করে। এরকম হাওড়া আছে, বিভিন্ন জায়গা আছে। সুতরাং সেইজন্যে এটাকে একটা পরিকল্পিত রূপ দিয়ে প্ল্যানিং করেই এই ২৬ হাজার ১০০ কোটি টাকার প্ল্যানিংটা তৈরি করা হয়েছে। এটা হয়ে গেছে অলরেডি। এই প্ল্যানিংটাই এখন উদ্যোগ নিয়ে করা হচ্ছে।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলি, মাননীয়া মুখ্যমন্ত্রী তিনিও এই দপ্তর নিজে দেখেন। আমি ওই স্ট্যান্ডিং কমিটির সঙ্গে আছি। স্ট্যান্ডিং কমিটিতে আমরা প্রি ভোটিং বাজেট স্ক্রুটিনি করেছিলাম সেখানে অফিসাররা এসেছিলেন। অনেক প্রশ্ন উত্থাপিত হয়েছিল, সেখানে থেকে কিছু বিষয় জেনেছি। ওনার কাছ থেকে আজকে কিছু শুনলাম। উনি State level Bankers Committeeর মিটিংয়ে থাকেন এবং bank-এর কার্য সম্পর্কে - বিনিয়োগ সম্পর্কে, কৃষি, ক্ষুদ্রশিল্প, মাঝারি শিল্প — এটা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী সন্তুষ্ঠ নন, আমরা মিডিয়ার মাধ্যমেও জেনেছি। আর ওই দিনও কিছু তথ্য পেয়েছিলাম। আর আজকে মাননীয় মুখ্যমন্ত্রী যা বললেন তাতে সন্তোষজনক যে ক্ষুদ্রশিল্পে বিনিয়োগ হচ্ছে। আমার প্রশ্ন হল বামফ্রন্টের আমলে — মানে দীর্ঘদিন পশ্চিমবাংলায় ক্ষুদ্রশিল্প প্রথম স্থানে। এখনও সেটায় প্রথম স্থান বলে উনি বলছেন। ২৮ লক্ষ ক্ষুদ্র unit আমাদের রাজ্যে তখন গড়ে উঠেছিল, ৫৫ লক্ষ কর্মসংস্থান ওই সময় হয়েছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব এই সময় আমাদের রাজ্যে ক্ষুদ্রশিল্প unit-এর সংখ্যা কত? সব মিলিয়ে কর্মসংস্থান ঠিক কত — যদি উনি অনুগ্রহ করে বলেন। ধন্যবাদ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আপনাদের আমলে ২০০৬ সাল থেকে, আমি বলেছি, আইনটা ২০০৬ সালে হয়েছিল। ২০০৬ থেকে ২০১১ — আপনাদের হয়েছিল - ৪৯টি cluster হয়েছিল এবং আমাদের আমলে ১৮০টা হয়েছে। আপনাদের আমলে investment ছিল ১৬৭৬৪ কোটি টাকা, আর আমাদের আমলে ইনভেস্ট হয়েছে ৫৫৭৪০ কোটি টাকা, plus অ্যাড যদি করেন তাহলে ২৬১০০ কোটি টাকা। সুতরাং তিন Double, চার Double হয়ে গেছে।

শ্রী নির্মল ঘোষ : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার জিজ্ঞাস্য, যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেই বলছেন, প্রকৃত অর্থে পশ্চিমবাংলায় garments, textile apparel এবং readymade garments-এর মধ্যে এই সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে MSME দপ্তর যে উদ্যোগ নিয়েছে, আমি সেই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে — শুধু আমি একটি ছোট প্রশ্ন করতে চাই যে, সবথেকে বেকারত্ব যে আমাদের ৩৪ বছরের বেকারত্ব আমরা বয়ে চলেছি এবং আরও বেকার দিনে দিনে বাড়ছে। এই বেকারত্বের একটা সমাধানের রাস্তা, সেটা হচ্ছে সবথেকে ছোট শিল্প — small scale, medium scale — এতই চলে গেলে কারণ, investment কম, কর্মী নিয়োগ বেশি। আর বড় scale-এ চলে গেলে Investment বেশি, নিয়োগের সংখ্যা খুবই কম হয়ে যায়। এক্ষেত্রে যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তর দিচ্ছেন — যে আপনার এই যে ৫৬ হাজার প্রথমে এবং পরবর্তীকালে ২৬১০০ — এই যে total আপনি investment করতে যাচ্ছেন — তাতে সরকারি এবং বেসরকারি সবাই রয়েছে Clusterগুলোতে। আমার কথা হচ্ছে আগামী দিনে, এই আর্থিক বছরে আপনি বলছেন, ২০১৫-১৬-তে আপনি বলেছেন, কোনো দীর্ঘমেয়াদী কোনো প্রকল্প আপনি গ্রহণ করেছেন কিনা, in view of the বিরাট সংখ্যক আমাদের যে বেকারত্ব, এই বেকারত্বকে ধীরে ধীরে আগামী পাঁচ বছরের মধ্যে এটাকে একেবারে zero level নিয়ে আসার জন্যে আপনি কোনো দীর্ঘমেয়াদী প্রকল্প গ্রহণ করেছেন কিনা?

...(নয়েজ)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : দেখুনি ঠিক আছে, memberদের অধিকার আছে, তাদের ইচ্ছামতো question put up করার, আর আমারও অধিকার আছে, আমার মতো উত্তর দেওয়ার। ঠিক আছে। আর উনি যেভাবে করেছেন, ভাল বুঝেছেন, করেছেন। আপনি যে questionটা করলেন তার উত্তর একটাই হয়। উন্নয়ন, উন্নয়নের ধারাবাহিকতা বজায় থাকে। উন্নয়ন কখনও থেমে যায় না। It is a continuous process. এটা আজকের জন্য করলাম, কালকের জন্য করলাম তা কিছু নয়। Government-এর, যে কোনো Government, যদি good governance হয় — এর তিনটে system থাকে — একটা হচ্ছে small term, একটা হচ্ছে Medium term এবং আর একটা হচ্ছে for long term। আমাদের small term যেগুলো, সেগুলো already হয়ে গেছে। ১৮০টা আমরা already করেছি। শুধু তাই নয়, long term আমার policy আছে বলেই মনে রাখবেন — এই যে ২৬১০০ কোটি টাকা বললাম, এই projectটা তৈরি হলে ৬ লক্ষ employment তৈরি হবে এবং এর ফলে আরও নতুন নতুন project আসবে, সেগুলো আমরা দিনের পর দিন করতে করতে যাব, যত আসবে। আমরা আরও বেশি চাই, আমরা বিভিন্ন জায়গায় খুঁজে বেড়াচ্ছি, যেখানে potentiality আছে, সেখানে আমরা করব। বানারহাট আমরা এখনও হয়নি, জলপাইগুড়ির বানারহাটে ১৮০ একর জমি আমরা identified করেছি অলরেডি। মালদাতে food park করার জন্য — ইভেন জমির দাম কমিয়ে দিয়েছি দেড় কোটি টাকা আমরা আগের বারে, food park-এ জমি কিনতে পারছে না বলে দেড় কোটি টাকা করা হয়েছিল। আমরা বুঝেছি যে

মানুষ বেশি আসুক, business করুন। সেই জন্য আমরা, কৃষ্ণেন্দু শুনলে খুশি হবে আমরা ৫০ লাখ টাকা করে দিয়েছি। কতটা কমিয়ে দিয়েছি, যাতে লোকে কিনতে পারে এবং food parkটা তৈরি করতে পারে। এইরকম, আমি কালকে দক্ষিণ ২৪-পরগনায় গিয়েছিলাম। আমি মনে করি বারুইপুরের লিচু, লকেট, আম, ওদিকে সাগরের তরমুজ, কাঁচালঙ্কা থেকে শুরু করে সবজির চাষ ভীষণ বেশি। এইরকম খুঁজলে অনেক জায়গা আছে। সেই জায়গাগুলোকে food park থেকে শুরু করে, Food parkটা যদি বলেন Horticulture-এর ডিপার্টমেন্টের, কিন্তু তবুও এগুলো small and medium-এর মধ্যেই পড়ে। এইরকম অনেক আছে, যেমন জরি শিল্প আছে, লাক্ষা শিল্প আছে, hosiery শিল্প আছে, textile আছে, মৃৎশিল্প আছে — There are so many, ডোকরা শিল্প আছে।

[11.30 - 11.40 a.m.]

সব কটাই যে কোনো জেলার আঞ্চলিক ভিত্তিতে এটা তৈরি হয়। সেই জন্য অলরেডি প্রকল্প অনেকগুলো নেওয়া হয়েছে। আমরা Single window clearance system চালু করেছি। আমি যখন আপনাদের বললাম, কয়েকটা important issue দেখুন। আগে জমির মিউটেশান এবং কনভারশান দ্রুততার সাথে করা হত না। ওরা হ্যারাস হত। আমরা single window clearance system করেছি। এবং আমরা unique clearance centre চালু করেছি। এর ফলে কি হচ্ছে? হাওড়ায় একটা হয়ে গেছে, শিলিগুড়িতে একটা হয়ে গেছে, খুব শীঘ্র নর্থ ২৪-পরগনায় হচ্ছে। আমরা কি করছি? Land department, finance department, আপনাদের শিল্প ডিপার্টমেন্ট, environment deprtment সমস্ত ডিপার্টমেন্টগুলো একসাথে নিয়ে আমরা এবং যারা ইনডাসট্রি করতে চায় তাদের নিয়ে আমরা একটা করে synergy তৈরি করছি। সেখানে যার যা প্রবলেম আছে ওই মিটিং-এ বসেই তিন দিনের মধ্যে সব কিছু শর্ট আউট করে দিচ্ছে। এটা করার ফলে ইউনিট তৈরি হয়ে যাচ্ছে খুব তাড়াতাড়ি। এবং এটা কত ভাল দিক যে কাউকে হ্যারাস হতে হচ্ছে না, কাউকে ঘুরতে হচ্ছে না। অর্থাৎ তিনদিন এক জায়গায় বসে একই জায়গা থেকে সব ক্লিয়ার হয়ে যাচ্ছে। হাওড়াতে আমি জানি ১০০-তে ১০০ ভাগ ক্লিয়ার হয়ে গেছে। ব্যাঙ্কিং investment থেকে শুরু করে, জমি মিউটেশান থেকে শুরু করে, environment clearance থেকে শুরু করে everything together। It is a comprehensive package। সুতরাং এইভাবে করলে আমার মনে হয় সবকিছু হবে। এবং এ ছাড়াও আমরা আঞ্চলিক স্তরে রাজ্য স্তরে synergy যেটা করছি এ ছাড়া আমরা ২০০ কোটি টাকার fundও চালু করেছি। সেটা হচ্ছে MSME facilitation centre, single window চালু করেছি আমরা। এবং MSME যেটা venture capital plan চালু করেছি সারা ভারতবর্ষের মধ্যে এটা আমাদের সর্ব বৃহৎ। তাই আমি মনে করি, এ ছাড়াও বিগত ৪ বছরে ক্ষুদ্র শিল্পে ২৮০ কোটি টাকা অনুদানও দেওয়া হয়েছে এই ২০০ কোটি টাকা ছাড়াও। অনেক উদ্যোগ নেওয়া হয়েছে। Let us try.

শ্রী মনোজ চক্রবর্তী : আমি তো ভাবছিলাম পাব না, আমাকে দিতে হয়ত বিব্রত বোধ করছেন। আমি অনেকের আগেই হাত তুলেছি।

মিঃ স্পীকার : আপনার এই অপ্রাসঙ্গিক কথা বলার কোনো মানে হয় না, আপনাকে প্রশ্ন করতে দিয়েছি, আপনি প্রশ্ন করুন। এই অপ্রাসঙ্গিক কথার কোনো অর্থ হয় না।

শ্রী মনোজ চক্রবর্তী : হাত আমি অনেক আগেই তুলেছি স্যার। আমি আমার প্রিভিলেজটা বললাম।

মিঃ স্পীকার : না, আপনি এর আগেও প্রত্যেকদিন প্রশ্ন করেন, আপনাকে সুযোগ দেওয়া হয়। আপনি এই ধরনের কথা বলবেন না। আপনি প্রশ্ন করুন।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে জানতে চাইছি যে মুর্শিদাবাদ জেলায় রেজিনগরে অনেক আগে ঘটা করে শিল্পতালুক উদ্বোধন হয়েছিল। আবার এই শিল্পতালুক পরিদর্শনও হয়েছিল। আমি মাননীয়া মন্ত্রীর কাছে জানতে চাইছি মুর্শিদাবাদ জেলায় শিল্পতালুকের অবস্থাটা কোন পর্যায়ে আছে?

শ্রীমতী মমতা ব্যানার্জী : হ্যাঁ, শিল্পতালুক উদ্বোধন হয়েছিল, আমাদের small scale industries development corporation আছে তারা এটা করেছে। বালুরঘাটে আমি বললাম ১৮০ একর জমি আমরা আইডেনটিফাই করেছি। এখানে তো সবাইকে আসতে হবে। জমি তো দেওয়া হয়েছে অফার তো করা হয়েছে। তাকে তো আসতে হবে, অপেক্ষা তো করতে হবে, আমরা অফার অলরেডি করেছি। আস্তে আস্তে তারা আসবে, একদিনে তো সব হয় না। আপনার যদি কারো সঙ্গে জানাশোনা থাকে, বলুন না তাকে আসতে। শিল্প করতে বলুন, আমরা রেডি আছি তো। আমরা জায়গা তো আইডেনটিফাই করে রেখেছি, শিল্পতালুক করার সব কিছু রেডি করে রেখেছি। তাদের বলুন আসতে, আপনিও আসুন না মন ভাল হবে।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রথমেই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই আমাদের সভাতে প্রশ্ন-উত্তর পর্বে এসেছেন। আমি তাঁকে আমাদের দলের পক্ষ থেকে এবং ব্যক্তিগতভাবে অভিনন্দন জানাচ্ছি।

মিঃ স্পীকার : উনি আসেন, উনি আসেন, আপনি প্রশ্ন করুন।

শ্রী আনিসুর রহমান : উনি বলছিলেন যে আমাদের মুর্শিদাবাদ জেলায় বহরমপুর এবং রেজিনগর দুটি জায়গায়, একটা সেরিকালচারের জন্য আর একটা চিনিকলের জন্য দুটো পার্ক করা হয়েছে। মুর্শিদাবাদ জেলায় অনেকগুলো ফ্লোরে আছে, পাট আছে, সব্জি আছে, এইরকম অনেক বিষয় নিয়ে অনেক ভাল শিল্প হতে পারে। সেইগুলো নিয়ে আপনার কোনো পরিকল্পনা আলাদাভাবে আছে কিনা বোথ বহরমপুর এবং রেজিনগর জানাবেন কি?

শ্রীমতী মমতা ব্যানার্জী : সেরিকালচার নিয়ে যে প্রশ্ন করলেন সেটা আলাদা ডিপার্টমেন্ট। এটা টেক্সটাইল ডিপার্টমেন্ট, আমি বলছি, আপনি বললেন বলেই বলছি, সেটা শ্যামাপদ মুখার্জীর ডিপার্টমেন্ট He is not present। ও না দেখছি উনি আছেন। এটা আলাদা কোশ্চেন, এই ডিপার্টমেন্টের সঙ্গে এটা কানেকটেড নয়, আলাদা হয়ে গেছে, এটা for your information আমি বলছি টেক্সটাইলস্ ডিপার্টমেন্ট আলাদা হয়ে গেছে। যাই হোক আপনার

কোশ্চেন সম্পর্কে বলি, মুর্শিদাবাদে আমাদের অনেক পরিকল্পনা আছে, মুর্শিদাবাদ ওখানকার সিল্ক থেকে শুরু করে, মুর্শিদাবাদের পাশেই হচ্ছে রাজসাহী, বাংলাদেশ, আমরা অনেকগুলো পরিকল্পনা করছি। যদি আপনারা আমাদের জমি দিয়ে, কোনো সাজেশান দিয়ে হেল্প করতে পারেন আমরা অলওয়েজ উইলিং। এখানে ডিসক্রিমিনেশান করার কোনো ব্যাপার নেই। আপনারা বলুন কোথায় কি হতে পারে, কোথায় কি হওয়ার সম্ভাবনা আছে। জমি যেখানে আমরা পেয়েছি সেখানে আমরা আইডেন্টিফাই করেছি এবং করেও দিয়েছি। যদি এনি স্পেসিফিক সাজেশান থাকে দিন, নিশ্চয়ই আমরা কনসিডার করব।

সরকারী ও বেসরকারী বাসের সংখ্যা

*১২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কলকাতা-ডায়মন্ডহারবার, কলকাতা-কাকদ্বীপ ও কলকাতা-নামখানা রুটে চালু সরকারী এবং বেসরকারী বাসের সংখ্যা কত?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা মহাশয় কর্ত্তৃক উত্থাপিত *৩৫ নং প্রশ্নের উত্তরে জানাই, চালু সরকারি বাসের সংখ্যা হল কলকাতা-ডায়মন্ডহারবার রুটে ৫টি, কলকাতা-কাকদ্বীপ রুটে ৫টি, কলকাতা-নামখানা রুটে ১১টি। চালু বেসরকারি বাসের সংখ্যা হল কলকাতা-ডায়মন্ডহারবার রুটে ১৪২টি, কলকাতা-কাকদ্বীপ রুটে ৮৭টি, কলকাতা-নামখানা রুটে ২৬টি।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আমার অনুমোদিত প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রী দিয়েছেন। মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — এই তিনটি রুটের সরকারি বাসের সংখ্যা বাড়াবার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি? থাকলে কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, পরিবহণ দপ্তর ইতিমধ্যেই শুধুমাত্র দক্ষিণ ২৪-পরগনা বা ডায়মন্ডহারবার-কলকাতার সংযোগ নয়, বিভিন্ন জায়গার বিষয়টি নিয়ে আধিকারিক পর্যায়ে একটা কমিটি করে বিচার্য বিষয়গুলো নিয়ে আলোচনা চলছে এবং তার আউটকাম ঘোষণা হলেই, আস্তে আস্তে দেখছেন তো বেশ কিছু জায়গায় আমরা নতুন নতুন বাস বাড়াচ্ছি, রুট বাড়াচ্ছি, এই ক্ষেত্রে যদি সেইরকম সম্ভাবনা থাকে, শুধু চালালেই হল না, দেখতে হবে যাত্রী আছে কিনা, ঠিকমতো যাচ্ছে কিনা।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার শেষ প্রশ্ন — এই তিনটি রুটের কলকাতা-ডায়মন্ডহারবার, কলকাতা-কাকদ্বীপ, কলকাতা-নামখানা, সেই জায়গাতে এই রুটের বেসরকারি বাস রুট পারমিট দেওয়ার জন্য সরকার কতকগুলো আবেদনপত্র বিবেচনা করছেন, অতিরিক্ত যদি কোনো বাস রুটের পারমিশন দেওয়ার থাকে, কতকগুলো বিবেচনা করছেন?

ডঃ পার্থ চ্যাটার্জী : এই মুহূর্তে বাসের সংখ্যা আমি বললাম। বেসরকারি বাসের সংখ্যা ১৪২, ৮৭ এবং ২৬টি। আপনি যে অতিরিক্ত প্রশ্নটা করলেন, তার তথ্য এই মুহূর্তে আমার কাছে নেই। আধিকারিকদের সঙ্গে কথা বলে আমি আপনাকে জানিয়ে দেব।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার একটা অতিরিক্ত প্রশ্ন — বহুদিনের দাবীর পরে জয়নগর থেকে একটা সারফেস ট্রান্সপোর্টের বাস চালু হয়েছে। কিন্তু সারাদিনে মাত্র একটি বাস চলে। বারবার দপ্তরের অফিসারদের বলার পরেও কিন্তু এই সংখ্যা বাড়েনি। তাতে মানুষের যথেষ্ট অসুবিধা হয়। ফলে এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি — বাস বাড়ানোর কোথাও কোনো সম্ভাবনা আছে কিনা? আমি বারবার দপ্তরের অফিসারদের দৃষ্টি আকর্ষণ করেছি, ফোন করেছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি অনুমতি দেন তাহলে বলি।

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তর দিতে চাইছেন, আমি ওনাকে বলার জন্য অনুমতি দিচ্ছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এটা তো স্পেসিফিক বলছেন যে প্রপোজাল আছে কিনা। এটার উত্তর দেওয়াটা খুব সহজ যে এটার প্রপোজাল আছেই। ওনার উত্তর তো এক সেকেন্ডেই হয়ে যায় যে প্রপোজাল আছে। কিন্তু কথা হচ্ছে যে, আমাদের সরকার আসার পর আমি এটা খুব লক্ষ করেছি একবারে পরিবহণ ব্যবস্থা কিচ্ছু ছিল না।

[11.40 - 11.50 a.m.]

যেটুকু আছে, ঝরঝরে হয়ে গেছে। লোকের সত্যি খুব প্রবলেম। লোকের প্রবলেম। খুব acute চারটি জায়গায় যেটা আমি দেখেছি। ...(নয়েজ)... একদম না, আমরা আসার পর প্রায় অনেক বাস নামানো হয়েছে। নতুন করে বাস তৈরি করা হয়েছে। কিন্তু স্যার, বাস তৈরি করতে গেলে কতগুলো জিনিস আছে। ডাক্তার নিতে গেলে ডাক্তারকে ট্রেন্ড হতে হবে। নার্স নিতে গেলে নার্সকে ট্রেন্ড হতে হবে। অনেকে বলেন, আমাদের এখানটায় ডাক্তার নেই। আমরা প্রায় বারো হাজার - সাত হাজার নেওয়া হয়েছে। আরও চার হাজার প্রসেস-এ আছে-ডাক্তার, নার্স। অনেক কষ্ট করে জোগাড় করেছি স্যার। সেই রকমই বাস তৈরি করতে হয়, স্যার। বাসটা তৈরি করতে হয়। বাসটিকে অর্ডার দিতে হয়, তৈরি করতে হয়। তৈরি করতে যে টাইমটা লাগে তাতে দেড়-দু'বছর টাইম লেগে যায়। তার মধ্যে প্রায় এক হাজার নতুন বাস আমাদের সময়ে আমরা নতুন করে চালু করে রাস্তায় দিয়েছি। কয়েক হাজার ট্যাক্সিও বেরিয়েছে। কয়েক হাজার অন্যান্য গাড়িও বেরিয়েছে। আগে যেমন, একটা গাড়ি-টাড়ি বের করতে গেলে কলকাতায় আর.টি.ও. অফিসে ছুটে বেড়াতে হত। এখন আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের হাতে পাওয়ার দিয়েছি। decentralized করে দেওয়া হয়েছে ক্ষমতার যাতে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট জেলায় বসে রুটগুলোর পারমিট দিতে পারে। যাতে পারমিট দেওয়ার জন্য কলকাতায় ছুটে আসতে না হয়। আর দুই হচ্ছে, মানুষের ডিম্যান্ড বিভিন্ন জায়গায় আছে। এটা ফ্যাক্ট যে, আরও বেশি বাস চলাচল হোক। আগামীদিনে আমি নিশ্চয় পরিবহণ দপ্তরের সঙ্গে আলোচনা করব এবং আলোচনা করেছি। আসতে আসতে আমাদের এটা বাড়াতে হবে। যতটা পারি বাড়াব। কারণ, আগে JNNURM-এর বাস কেনা হচ্ছিল। সব টাকা বন্ধ করে দেওয়া হয়েছে, আপনারা জানেন। ম্যাক্সিমাম প্রোজেক্ট বন্ধ করে দেওয়া হয়েছে কেন্দ্রীয় সরকার থেকে, উঠিয়ে দেওয়া

হয়েছে। সুতরাং একটা জায়গা থেকে আসত সেটাও বন্ধ করে দেওয়া হয়েছে। সুতরাং, আমাদের এই ফান্ডের মধ্যেই এক লক্ষ কোটি টাকা আমাদের দেনা দিতে চলে গেছে। প্রতিবছর যদি আমাকে আশি হাজার কোটি টাকা দেনা করতে হয়, বাহাত্তর হাজার কোটি টাকা দেনা শোধ করতে চলে যাচ্ছে। অতএব, টাকাটা আমাদের কাছে যে রকম available হবে আমরা পরিবহণ ব্যবস্থাকে নিশ্চয় — আগামী দিনে আমরা চাই, পরিবহণ ব্যবস্থাকে আরও বেটার করতে। এবং এই ক্ষেত্রে আমাদের time to time process অনুযায়ী সিদ্ধান্ত নিতে হবে। এটা আমি বিশ্বাস করি।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, এই সরকার আসার পর আমার Kandi Sub-division-এ বাস চালু করেছিলেন। মাননীয় বিধায়ক রবীন্দ্রনাথ ঘোষ মহাশয় সভাপতি ছিলেন, ওনাকে ধন্যবাদ জানাই। কিন্তু বাসগুলি চলাচল করছে, বাসগুলির অবস্থা খুবই খারাপ। আমি বহরমপুর ডিভিশনাল ম্যানেজার, আমি ওনাকে বলেছি, এম.ডি সাহেবকেও বলেছি। উনি বলেছিলেন, মার্চ মাস নাগাদ আমাদের বাসগুলি ঢুকে যাবে। নতুন বাস এসছে, কিন্তু আমার রুটে দেওয়া হয়নি। যেখানে বাসে কালেকশান নেই যেমন, ঝাড়গ্রাম, নয়াগ্রাম — সেইসব এলাকায় বাস চলছে অথচ আমার এলাকায় চলছে না। মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে আছেন। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমি আবেদন জানাই। যদিও এই সরকারের আমলে বাসগুলি চালু হয়েছে। আমিও সেই বাসে প্রতি সপ্তাহে যাতায়াত করি। মাঝপথে বাসগুলি খারাপ হয়ে পড়ে থাকছে। মহিলারাও এই বাস ব্যবহার করে। কারণ আমাদের ওখানে ট্রেনের চলাচল নেই। ওখান থেকে ট্রেনে আমরা আসতে পারি না। তাই মাননীয় মন্ত্রীকে আবেদন, যদি ঐ এলাকায় নতুন বাস দেওয়া যায়। Kandi Sub-division-এ তিনটি রুট আছে। তার মধ্যে দু'টি হল, পাঁচথুপী টু কলকাতা, কান্দি টু কলকাতা। আমাদের ওখান থেকে আমরা শুধু আসতে পারি। এখানে আমরা বিকেলেও বাড়ি চলে যেতে পারি — রাত আটটা-নটার মধ্যে পৌঁছাতে পারি। তাই বাসগুলো যাতে দেওয়া যায় তার জন্য আমি আবেদন করছি, ধন্যবাদ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মুর্শিদাবাদ জেলায় administrative review meeting স্যার, এখনও হয়নি। আমরা ওইসব জায়গায় মিটিংয়ে এইসব বিষয়গুলি আলোচনা করি যে, কোথায় কি প্রবলেম আছে। আপনি এটা বলেছেন। পরিবহণ সেক্রেটারি নিশ্চয় এটাকে definitely examine করে দেখবে। যেটা সম্ভব, সেটা নিশ্চয় করবে।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়াকে আমার অনুরোধ যে, এই সরকার আসার পর — প্রতিমা যে কথা বলেছে, যে প্রস্তাব আমার দিয়েছিলাম যে, নতুন নতুন জায়গাগুলোকে explore করা। যেখান থেকে মানুষ কলকাতা, বিশেষ করে কলকাতায় অসুখ-বিসুখ সহ বিভিন্ন কাজ নিয়ে আসছে। এর ফলে অসুবিধা হচ্ছে। যে এলাকাগুলোতে ট্রেন-লাইন নেই সেই এলাকাগুলো চিহ্নিত করে বাসের ব্যবস্থা করা। তার মধ্যে আমরাও আছি। স্বাভাবিকভাবেই, সেইখানে অর্থনৈতিকভাবে বাস চালালেই শুধু হবে না, আমরা এটাও বুঝি যে, অর্থনৈতিকভাবে সংস্থাকে strengthen করতে হবে। সেই

এলাকাগুলোকে খুঁজে বের করা। যেমন আমাদের একটা এলাকা এখনই খুঁজে প্রতিমা বলল। খুঁজে বার করা হয়েছে। এইরকম এলাকায় আরও বাস দিলে, রাজ্যে আরও বাসের সংখ্যা বাড়ালে একদিকে মানুষের সুবিধা হবে এবং অর্থনৈতিক দিক থেকেও মানুষের উন্নতি হবে। এইরকম পরিকল্পনা করে, এলাকাগুলো explore করে, খুঁজে বার করে আরও বেশি বাস চালানো প্রয়োজন। আমরা জানি যে, JNNURM-এর টাকা বন্ধ করে দিয়েছে। তাহলে আপনি নতুন কি ব্যবস্থার চিন্তা-ভাবনা করছেন?

মিঃ স্পীকার : অপূর্ববাবু, উনি উত্তর দিয়েছেন। এটার উত্তর দিয়েছেন উনি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : কেন স্যার, উনি তো খারাপ কিছু বলেননি। উনি তো ঠিকই বলেছেন। এগুলি তো আমরা নিশ্চয় করছি। এগুলো তো আমরা করব।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাইছি। প্রবীণ মন্ত্রী সুব্রতবাবু বসে আছেন। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় অনেক রাস্তা হয়েছে। পশ্চিমবঙ্গে যোগাযোগ বেড়েছে। ...(নয়েজ)... যোগাযোগ বেড়ে গেছে তো তাই এই জায়গাগুলোতে পরিবহণের বাস, মিনিবাস, ছোট বাস চালানোর কোনরকম চিন্তা-ভাবনা আছে কি?

শ্রীমতী মমতা ব্যানার্জী : মানসদা আপনি ছোট ছোট রাস্তার যে কথা বলছেন সেখানে লোকালি অনেক কিছু চলে। সেগুলো অনেকটা রেগুলারাইজও করা হচ্ছে এবং অনেক সুযোগও দেওয়া হচ্ছে। এটা জেলা ম্যাজিস্ট্রেটের ওপর ছেড়ে দেওয়া হয়েছে। জেলা ম্যাজিস্ট্রেটকে আপনারা বলুন, কারণ জেলা ম্যাজিস্ট্রেটকে লাইসেন্স দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছে। এখন আর কলকাতা থেকে দেওয়া হয় না। এটা মাথায় রাখবেন।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণের অনুমতিক্রমে এবারে আমি ল্যান্ডের ওপর একটা প্রশ্ন নিচ্ছি।

নিজ গৃহ নিজ ভূমি ও অন্যান্য প্রকল্প

*১২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৭) **শ্রী কল্লোল খাঁ :** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত চার বছরে মোট কতগুলি পরিবার নিজ গৃহ নিজ ভূমি ও অন্যান্য প্রকল্পের মাধ্যমে পাট্টা পেয়েছে?

শ্রী বেচারাম মান্না :

স্যার, মাননীয় সদস্য কল্লোল খাঁর প্রশ্ন ছিল — গত চার বছরে মোট কতগুলি পরিবার 'নিজ গৃহ নিজ ভূমি' ও অন্যান্য প্রকল্পের মাধ্যমে পাট্টা পেয়েছেন?

উত্তরে জানাচ্ছি, আমাদের রাজ্যে চার বছরে চিহ্নিত প্রায় তিন লক্ষ ৩০ হাজার পরিবারের মধ্যে তিন লক্ষেরও বেশী পরিবারকে পাট্টার আওতায় আনা হয়েছে, যা একটি সর্বকালীন রেকর্ড।

এই পাট্টাগুলির মধ্যে রয়েছে — নিজ গৃহ নিজ ভূমি ও পাট্টা, কৃষি পাট্টা, ব্যক্তিভিত্তিক বনভূমি পাট্টা ও সমষ্টিগত বনভূমি পাট্টা। চিহ্নিত বাকি ৩০ হাজার পরিবারকে অতিশীঘ্রই পাট্টা দেওয়া সম্পূর্ণ হবে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার জিজ্ঞাস্য, এই প্রকল্পটি কত সালে চালু হয়েছে এবং এই ধরনের প্রকল্প কীভাবে মানুষকে সাহায্য করছে?

শ্রী বেচারাম মান্না : দেখুন, আমাদের রাজ্যে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে নিজ গৃহ নিজ ভূমি পাট্টা চালু হয়েছে। এই পাট্টা দেওয়ার ফলে সাধারণ মানুষ যেখানে গৃহহীন ছিল, সেখানে সে নিজস্ব জায়গা পাচ্ছে এবং বাড়ি তৈরি করে দেওয়ারও পরিকল্পনা হয়েছে এবং বাড়ি হচ্ছে। সেক্ষেত্রে আমরা মনে করি যে, গরীবের মাথায় ছাদ আমাদের মা-মাটি-মানুষের সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিতে পেরেছেন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন। জনমুখী প্রকল্পগুলো গ্রহণ করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। মাননীয়া মুখ্যমন্ত্রী আপনি জনকল্যাণমূলক যে প্রকল্পগুলো গ্রহণ করেছেন তার মধ্যে নিজ গৃহ নিজ ভূমি প্রকল্পটি অন্যতম। এই প্রকল্পে গৃহ-নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়। আমার অতিরিক্ত প্রশ্ন, ব্লকে ব্লকে এই প্রকল্প চালু আছে কি?

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমার স্টেট মিনিস্টার বেচারাম মান্না মহাশয় এ ব্যাপারে কিছু কথা বলেছেন। এই নিজ ভূমি নিজ গৃহ প্রোজেক্টটা আমাদের সরকার এসে চালু করে। তিন কাঠা জমির ওপর এই প্রোজেক্ট হয়। যাদের ঘর-বাড়ি কিছু নেই, বিশেষ করে মাথার ওপর একটাও ছাদ নেই, তাদের জন্য তিন কাঠার মধ্যে এটা দেওয়া হয়। এটা প্রায় ২ লক্ষ দেওয়া হয়েছে। এটার জন্য একটা সার্ভে হয়েছে। বেনিফিসিয়ারিজ যা হয়েছে তার মধ্যে আর ৩০ হাজার আমাদের বাকি আছে যা আমরা সার্ভে করেছিলাম, ৩ লক্ষ মোটামুটি। ৫৮ হাজার দেওয়া হয়েছে এগ্রিকালচার পাট্টা, কিছু দেওয়া হয়েছে ফরেস্ট পাট্টা, কিছু দেওয়া হয়েছে আমাদের কমিউনিটি, যেটা ফরেস্ট পাট্টা বলে। ৫৮ হাজার দেওয়া হয়েছে এগ্রিকালচারাল পাট্টা। Individual forest পাট্টা ৩৮ হাজার এবং ৪০০ দেওয়া হয়েছে community পাট্টা। বাদ বাকি সবটাই নিজ ভূমি নিজ গৃহ পাট্টা দেওয়া হয়েছে। বেনিফিসিয়ারিজ যা আছে তার মধ্যে মেদিনীপুর (পশ্চিম ডিস্ট্রিক্ট), বাঁকুড়া এবং পুরুলিয়ায় 100% cover হয়ে গেছে, পাট্টা 100% যেটা আমাদের সার্ভে করা হয়েছিল, নিজ ভূমি নিজ গৃহের আওতায় যারা পড়বে। বাদবাকি ৬টা জেলার মধ্যে প্রায় অনেকটাই হয়ে গেছে। আর, কিছু জেলা আছে ৬টা জেলার মধ্যে, 500 families are left to be covered. এটা হচ্ছে, বাঁকুড়া, বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, সাউথ ২৪-পরগনা, জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার। পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূমের অনেকটাই কভার হয়ে গেছে। কোথাও কোথাও ৯৫ পার্সেন্ট কভার হয়েছে। বাদবাকি যেটুকু কভার হতে বাকি আছে ৩০ হাজার, সেটা আমরা এ বছরের মধ্যেই করে দেব। দেখুন এগুলো তো বি.পি.এল. কার্ডের মধ্যে করে, কিন্তু আমি দেখতে গিয়ে দেখেছি, বি.পি.এল. কার্ডের মধ্যে অনেক ভুলে ভরা।

[11.50 a.m. - 12.00 noon]

সেটা রেকটিফাই করতে গভর্নমেন্ট আর একটা করেছে Socio-economic Caste Census সেটা আমাদের কাছে নতুন এসেছে। আমি দেখেছি টেকনিক্যাল কথাগুলো এমন আছে ...(noise)... আমি যখন বলছি তখন আমি এটা দেখেই তো বলছি। হয়নি, তার কারণ আমি একটু আটকেছি। কেন আটকেছি সেটা শুনলে আপনারা খুশি হবেন। আমার কতগুলি জায়গায় আপত্তি আছে। একটা জায়গায় রয়েছে, সে-ই এই সুযোগটা পাবে যার একটি মাটির দেওয়াল। এমন কি বাড়িতে কোনো মেল মেম্বার নেই মানে — এইসব ক্রাইটেরিয়া রেখেছে। এমন একটা পরিবার আমাকে দেখাতে পারবেন যে খুব গরীব, খেতে পায় না, তার বাড়িতে একটা মেল মেম্বার নেই। হয়তো কোনো পরিবারে একজনও থাকতে পারে। বেশির ভাগ পরিবারে যদি দুটোলোক থাকে তো কি অসুবিধা আছে? এই ধরনের কিছু ক্রাইটেরিয়া রেখেছে, যেটাতে করতে গেলে ১.৮% বেশি লোক কভার হবে না। সুতরাং একটা সুযোগ আছে গভর্নমেন্টের। ধরুন আমি একটা গভর্নমেন্টে আছি, আমি আমার কথা বলছি না, আমি সবার কথা বলছি, আমি নিচুতলার কথা বলছি। একটা আছে আমি একটা প্রোজেক্ট দেখিয়ে করলাম ইহায় হয়, উহায় হয়, মাঝখান থেকে লোকে বেনিফিটেড হল না, সেই প্রোজেক্ট করে লাভটা কি? ১.৮% যদি কভার হয় Socio-economic Caste Census-এ ওদের যা ক্রাইটেরিয়া আছে, তাহলে পাবলিক ম্যাক্সিমাম যারা যাদের পাওয়া উচিত, তারা যদি না পায়, তাহলে সেই স্কীম করে আমার লাভটা কি? সেই জন্য স্যার, আমরা একটু আলোচনা করছি এটাতে আর কি কি ক্রাইটেরিয়া আনা গেলে অন্তত ৪০% লোকও যদি বেনিফিট পায়, তাহলে আমাদের দেখতে হবে। কে গরীব — গরীব লোকের মধ্যে কোনো ডিসক্রিমিনেশান করা উচিত নয় বলে আমি মনে করি। কিন্তু বেনিফিসিয়ারিজদের কি কি ক্রাইটেরিয়া থাকা উচিত — প্রথমেই যদি সে বাদ হয়ে যায় ক্রাইটেরিয়াতে তাহলে স্কীমের গুরুত্ব নেই। কেন্দ্রীয় সরকার একটা প্রোজেক্ট করেছে, "বেটি বাঁচাও, বেটি পড়াও" সেই প্রোজেক্টটা হচ্ছে ১০০ কোটি টাকার প্রোজেক্ট। যদি আমি ২৮টি রাজ্য প্লাস ইউনিয়ান টেরিটোরি ধরি তাহলে সব রাজ্য কত করে পাবে? ৩ কোটি টাকা করে পাবে। আমরা একটা "কন্যাশ্রী" প্রোজেক্টের বাজেট হচ্ছে ১ হাজার কোটি টাকা। আর আপনি বলুন, ৩ কোটি টাকা রাজ্য পেলে কটা স্কুল কভার করবে? ৩ কোটি টাকায় কি হয়? একটা এম.পি.-র বছরে এম.পি. ল্যাড হচ্ছে ৫ কোটি টাকা। আর একটা রাজ্যকে ৩ কোটি টাকা দিয়ে বলছে, "বেটি বাঁচাও, বেটি পড়াও" — এটা হাস্যকর নয়? এই স্কীমগুলি হচ্ছে হাস্যকর স্কীম। পঞ্চায়েত ডিপার্টমেন্ট আমার কাছে পাঠিয়েছে — দাঁড়ান এটা খুব বড় ব্যাপার, আমার মনে হয় সকলকে এক হওয়া উচিত, একমত হওয়া উচিত। Socio-economic Caste Census — তারপর এমন এমন ক্রাইটেরিয়া দিয়েছে, আমি বললাম এই ক্রাইটেরিয়া মানতে গেলে আমি কটা লোককে বেনিফিট দিতে পারবো। ১.৮% কি হয়? খায় না, মাথায় দেয়। আমি কিছু বুঝতে পারছি না। সুতরাং আমি এটা নিয়ে একটু আলোচনা করছি, চেষ্টা করছি যদি আটকাতে পারি।

এখানে অমিতদা আছেন, যদিও এটা আউট অফ দ্যা কনটেক্সট কিন্তু সূর্য্যবাবু আছেন বলে বলছি। স্যার, আপনার পারমিশান নিয়ে কালকে যেমন সূর্য্যবাবু জিজ্ঞাসা করেছিলেন, ওই আইন কেন আপনারা করছেন না? ওই যেটা প্রেসিডেন্ট কনসেন্ট দিয়েছে, নোটিফিকেশানে দেখেছেন গভর্নর সাইন করেছেন। কেন করছি না জানেন? একটা আমাদের কন্ডিশান দিয়েছে, একটা কন্ডিশানাল। কন্ডিশানটা আমরা বলেছিলাম মানবো, কিন্তু আমরা ভেবেছিলাম যে ওই কন্ডিশান আমাদের দেবে না। আমাদের কি কন্ডিশান দিয়েছে? চিট ফান্ডে যে চিট করবে টাকার বিনিময়ে তার জেল হবে না। আপনারা আমাকে বলুন তো একটা লোক অপরাধ করে টাকার বিনিময়ে ছাড়া পেয়ে যাবে। আমার মনে হল যদি সে ১ হাজার টাকা চিট করে আর বলে আমি ৪০০ টাকা দিয়ে মিটমাট করে নিচ্ছি — ৬০০ টাকা সে মেরেই দিল। তাহলে লাভটা কি? আইনটা তো স্ট্রিনজেন্ট হতে হবে। তামিলনাড়ু গভর্নমেন্টের একটা আইন আছে, ওরা সেটাকে ফলো করতে বলছে, কিন্তু সেই আইনটা যদি আমি ফলো করতে যাই, তাহলে যে চিট করবে তার টাকার বিনিময়ে জেলের শাস্তি হবে না, সে মুক্তি পেয়ে যাবে। তাহলে কি হবে বিচার? বিচার করতে হবে কামপাউন্ডে। বলছে কোথায় হবে বিচার? সেইজন্য আমরা বলছি, তোমরা আগে এইভাবে আমাকে করতে বলবে না। তুমি আমাকে করতে বলো, স্ট্রিনজেন্ট অ্যাকশান হবে, স্ট্রং অ্যাকশান হবে। আমি এটা মানতে রাজি নই। সেইজন্য আমরা এটা আলোচনা করে পাঠাচ্ছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী অনুগ্রহ করে ভূমিসংস্কার দপ্তরের—এখন তথাকথিত চিট ফান্ড বিষয়টি নিয়ে বলেছেন। আমরা সেটা জানতে চাইছিলাম। ভাল যে আপনি বলেছেন। আমি খুব সুস্পষ্টভাবে জানতে চাই, আমাদের এই হাউসে পেপারস লেড অন দি টেবিল তার থেকে দেখতে পাচ্ছি যে রাষ্ট্রপতি অনুমোদন দিয়েছেন। রাষ্ট্রপতি অনুমোদন দিয়েছেন মানে রাজ্যপালের কাছে আসবে এবং তা আইনে পরিণত হবে। কিন্তু আইন তো আমি দেখিনি এখনও পর্যন্ত। আমরা খুব সুস্পষ্টভাবে জানতে চাই হাউসে এটা জানবার যেহেতু বিল পাশ হয়েছে এবং যেখানে পেপারস্ লেড ডাউনে বলা হয়েছে রাষ্ট্রপতি অনুমোদন দিয়েছেন শর্তহীন কি শর্তসাপেক্ষ, আপনারা পরে কথা বললে ভাল হবে। কথাটা আমি আপনাকে বলছি, সেইজন্য। সেইজন্য আমি বলছি যে আপনি খুব সুনির্দিষ্টভাবে বলেন যে এটা কি নিঃশর্ত না শর্তসাপেক্ষ, আর আইন হয়ে গেছে, হতে যাচ্ছে, নাকি আবার ফেরত যাবে, নাকি অ্যামেন্ডমেন্ট হবে? এটা ধোঁয়াশার মধ্যে আছে বলেই আমরা agitate করছি এখানে, স্বাভাবিকভাবেই।

শ্রীমতী মমতা ব্যানার্জী : না, আপনি ঠিকই বলেছেন, আমার এতে কোনো অসুবিধা নেই। কারণ যেটা ফ্যাক্ট, সেটা ফ্যাক্ট। আমরা অনেকদিন ধরে চাইছি এটা তাড়াতাড়ি করে আইনটা হোক। আমরা বারবার করে pursue করেছি। তিন-চার বার, ওরা আমাদের কাছে দু'বার বলেছে, তোমরা অ্যামেন্ড কর, করে আবার পাঠাও। আমরা দু'বার অ্যামেন্ড করে আবার পাঠিয়েছি। এবার আমরা যেটা করেছি তোমরা তাড়াতাড়ি কর, তোমরা বারবার করে আমাকে

চেঞ্জ করতে বলছ, অনেকটা টাইম তো নষ্ট হয়ে যাচ্ছে। আর এইসব লোকেরা এইসব করে বেড়াচ্ছে, চিটফান্ডের লোকেরা, আমরা এদিকে অ্যাকশান নিতে পারছি না। সেটা আমাদের কোনো পাওয়ার নেই। তখন ওরা আমাদের বলল যে তাহলে এইগুলো আরও কয়েকটা, প্রতিবারই যদি বলে এইটার বদলে আর একটা করতে হবে, এইটার বদলে আর একটা করতে হবে। প্রতিবারই একটা একটা করে শর্ত আসছে। তখন আমরা বললাম তোমরা যা করবে আমাদের করে দাও, আমরা এটা মেনে বিলটা করতে চাই। এবার যখন ফাইনালি বলল কনডিশনাল, যে তোমরা এটা আইন করে দাও, আমরা এই কনডিশনাল তোমাকে সম্মতি দিচ্ছি। এবার আমি কনডিশনালটা দেখতে গিয়ে দেখলাম যে তামিলনাড়ুতে একটা অ্যামেন্ডমেন্ট আছে, যেটা হচ্ছে চিটফান্ডের যদি কেউ টাকা মানে প্রতারিত করে, তাহলে সে তার পানিশমেন্টটা, টাকার বিনিময়ে তাকে জেলে থাকতে হবে না। সে হচ্ছে টাকার বিনিময়ে মুক্তি পেয়ে যাবে, নিঃশর্তও ছাড়া পেয়ে যাবে। সেই ক্ষেত্রে ফাইনান্স মিনিস্টার অমিত মিত্র যখন দেখালেন এটা, আমরা এই হাউসে পাশ করব বলে ঠিকও করেছিলাম। কিন্তু যখন এইটা আমরা জানতে পারলাম যে এটা কনডিশনাল, তখন আমরা বললাম যে এটা যদি আমরা মেনে নিই, তাহলে এটা লোকের প্রতি ইনজাস্টিস করা হবে। তার কারণ কোথাও একটা আইনও তো আছে। কিন্তু কখনও কখনও আইনটাকে সংশোধন করা হয় বলে অ্যামেন্ডমেন্ট কথাটা এসছে। আমি যখন একটা আইন করছি, আর তারা যখন এতটা সময় নিয়েছে আইনটা করতে, তখন আমি কেন একটা মাইনাস পয়েন্ট দেখে আইনটা করব। তাতে দুমাস, তিনমাস যাবে, যাবে। আমার দরকার হলে আপনাদের সম্মতি নিয়ে হাউস যেদিন হবে না, অর্ডিন্যান্স করে দিয়ে হাউসে নিয়ে আসব। আমরা আসার সাথে সাথেই করে দেব। কারণ এটা আমরা করতে বদ্ধপরিকর। এটা আমাদের কমিটমেন্ট। কিন্তু এই আইনটা যদি আমরা মেনে নিই, কনডিশনাল এই পয়েন্টটা, তাহলে কিন্তু প্রতারণা যারা করবে, তারা যে প্রতারণা করবে কিছুটা টাকার বিনিময়ে কিন্তু তারা নিঃশর্ত জামিন পেয়ে যাবে, মানে জেলে তাকে থাকতে হবে না। এটা মনে হয় ঠিক হবে না। আমি মনে করি এটা সবাই আমার সাথে একমত হবে। এটা হচ্ছে প্র্যাকটিকাল পরিস্থিতি। যার জন্য আমরা চিঠি লিখছি। যার জন্য আমরা রিকোয়েস্ট করে চিঠি লিখছি যে আমরা তোমাদের এই কনডিশানটাকে চেঞ্জ করতে বলছি। এই কনডিশান না করে তোমরা পানিশমেন্ট করার প্রভিশান রাখ।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : তার মানে তো অ্যাসেন্ট হয়নি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : কনডিশনাল অ্যাসেন্টমেন্ট দিয়েছে।

(এই সময়ে মাননীয় বিরোধী দলনেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র কিছু বলার চেষ্টা করেন।)

শ্রীমতী মমতা ব্যানার্জী : না, না, দাঁড়ান, লেখা আছে, বলে দিচ্ছি, বলে দিচ্ছি।

মিঃ স্পীকার : লেখা আছে, আছে। পেপারে আমাদের শুধু অ্যাসেন্টটা এসেছে। কিন্তু দেয়ার ওয়াজ ... মাননীয়া মুখ্যমন্ত্রী তো বললেন।

...(তুমুল গণ্ডগোল)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : আলোচনা হলে তো জানবেন। এটা অমিতদা বলুক। এটা অমিতদা বলবেন।

...(তুমুল গণ্ডগোল)...

মিঃ স্পীকার : সূর্য্যবাবু, আপনি উত্তেজিত হচ্ছেন। মাননীয় অমিত মিত্র বলুন। প্লিজ আপনারা বসুন। সূর্য্যবাবু উত্তেজিত হওয়ার কোনো কারণ নেই।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্পীকার স্যার, অমিতদাকে বলতে দিন।

ডঃ অমিত মিত্র : আমি এটা পড়ে দিচ্ছি।

...(তুমুল গণ্ডগোল)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : উনি পড়ে দিচ্ছেন। স্যার, এটা পড়তে দিন। এটা ফাইনান্স মিনিস্টারকে পড়তে দিন।

...(তুমুল গণ্ডগোল)...

মিঃ স্পীকার : আপনারা ওনাকে পড়তে দিন। সূর্য্যবাবু, আপনি এটা পড়তে দিন, তাহলে ক্লিয়ার হয়ে যাবে। ওইটা আগে আপনি পড়তে দিন, পড়তে দিন, আপনি দেখুন না।

ডঃ অমিত মিত্র : আমি পড়ে দিচ্ছি। আপনি কি বলছেন? সূর্য্যবাবু বসুন।

...(তুমুল গণ্ডগোল)...

মিঃ স্পীকার : পড়তে দিন, আপনি দেখুন না।

ডঃ অমিত মিত্র : সূর্য্যবাবু, বসুন, আমি পড়ে দিচ্ছি।

মিঃ স্পীকার : আচ্ছা, সূর্য্যবাবুকে মাইকটা দিন। আপনি বলুন।

...(তুমুল গণ্ডগোল)...

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনি বলবেন যদি তাহলে একটু অনুগ্রহ করে শুনুন। আপনি দেখবেন যে পেপার লেইড অন দি টেবিল ছাপা এখানে আছে।

মিঃ স্পীকার : আছে আছে, আমি নিজেও দেখেছি সূর্য্যবাবু।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আফটার অল অ্যাসেন্ট পেয়ে গেছে। সেখানে কনডিশনাল লেখা নেই। তার মানে বোঝায় যে ওটা suo motto আইন হবে! ইউ হ্যাভ টু চেঞ্জ ইট। ইউ হ্যাভ টু লে দি পেপার।

...(তুমুল গণ্ডগোল)...

মিঃ স্পীকার : আপনি বসুন।

[12.00 noon - 12.10 p.m.]

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার অনুমতি নিয়ে বলি যে, প্রথমে প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্ট এসেছিল, তারপরে চিঠি আসে, সেই চিঠিটা মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে প্লেস করা হয়। সেহেতু বুলেটিনে ইলেভেন্থ মে-তে এটা বেরিয়েছে। তার সঙ্গে পরে চিঠি আসে, যে চিঠিতে গভর্নরের ও.এস.ডি এবং এক্স অফিসিও স্পেশাল সেক্রেটারি জানিয়েছেন যে, সেটা সাবজেক্ট টু সার্টেন কন্ডিশানস এবং মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা আপনাদের বললেন — অ্যাবসলিউটলি রাইট - যে, একটা কন্ডিশান ছিল তাতে, যেটা কম্পাউন্ডিং দিয়ে দিয়েছিল তামিলনাড়ু অ্যাক্ট অনুযায়ী। আমাদের অ্যাক্টে যেটা আপনারা পাস করেছেন, সেই অ্যাক্টে যাবজ্জীবন কারাদণ্ডের ব্যবস্থা ছিল, পুরো জেল ছিল। সেহেতু যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী এক্ষুনি বলেছেন — ওর সঙ্গে আমি আলোচনা করেই এগিয়েছি, সেটা হচ্ছে এই পার্টিকুলার ক্লজটাকে যদি আমরা মেনে নিই, তাহলে পয়সা দিয়ে কম্পাউন্ডিং করে আর মানুষ জেলে যাবে না, তার শাস্তি যেটা হওয়া উচিত, সেটা হবে না। তার বেসিসে আমরা চিঠি লিখেছি সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে। আপনি এটা বুঝতে পারছেন মাননীয় লিডার অফ দি অপজিশান যে, যখন প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্ট দিয়েছে, তার সঙ্গে যে কন্ডিশানস্ দিয়েছে, সেগুলো ফান্ডামেন্টাল কন্ডিশান বলে হয়ত ওরা ভাবেনি। আমরা কিন্তু মনে করি মানুষের স্বার্থে এটা যদি আমরা মেনে নিই, তাহলে পয়সা দিয়ে মানুষ বেরিয়ে যাবে। আপনি কি তা চাইবেন? সেহেতু সেন্ট্রাল গভর্নমেন্টকে অফিসিয়াল চিঠি লেখা হয়েছে যে, কম্পাউন্ডিং না করে আমাদের অ্যাক্টে যা আছে, যা আমরা সবাই মিলে এই হাউসে পাস করেছি — দ্যাট শুড বি রিটেন এবং তামিলনাড়ুর অ্যাক্টের পরে অনেক ঘটনা হয়েছে। সেহেতু তামিলনাড়ু অ্যাক্ট ইজ আউট অফ ডেট। সেহেতু আমাদের অ্যাক্ট ইজ মাচ মোর অ্যাডভান্স, মাচ মোর স্ট্রিনজেন্ট। সেহেতু তার বেসিসে আমরা চিঠি লিখেছি — মাননীয়া মুখ্যমন্ত্রী আপনাদের সামনে স্পষ্ট করে বলেছেন উই উইল নট — আপনারা কেউ চাইবেন না যে, কম্পাউন্ডিং অ্যাকসেপ্ট করা হোক — যাবজ্জীবন কারাদণ্ড হবে না — দ্যাট ইজ দি পজিশান অফ দি গভর্নমেন্ট।

...(Noise)...

Mr. Speaker : Thank you Hon'ble Minister. This has been clarified. He has clarified. This has been clarified. No further discussion on it.

The questions Hour is over.

Starred Questions
(to which oral answers laid on the Table)

সহায়ক মূল্যে ধান সংগ্রহ

*১২১। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬) **শ্রী মনোরঞ্জন পাত্র :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫ অর্থবর্ষে (৩১শে মার্চ পর্যন্ত) রাজ্যে কত পরিমাণ ধান কৃষকদের নিকট থেকে সহায়ক মূল্যে সংগ্রহ করা হয়েছে (জেলাওয়াড়ি হিসেব সহ)?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৪-১৫ অর্থবর্ষে (৩১শে মার্চ পর্যন্ত) রাজ্যে ৩৩.৭৮ লক্ষ মেট্রিক টন ধান কৃষকদের নিকট থেকে সহায়ক মূল্যে সংগ্রহ করা হয়েছে। জেলাওয়াড়ি হিসেব নিম্নে বর্ণিত হল—

২০১৪-১৫ অর্থবর্ষে (৩১শে মার্চ পর্যন্ত) ধান সংগ্রহের পরিমাণ		
ক্রমিক সংখ্যা	জেলা	ধান সংগ্রহের পরিমাণ (লক্ষ মেট্রিক টন)
১	বর্ধমান	৬.৮৭
২	হুগলী	২.২০
৩	বীরভূম	২.৭৫
৪	বাঁকুড়া	১.৪২
৫	পশ্চিম মেদিনীপুর	১.৬৮
৬	পূর্ব মেদিনীপুর	১.১৫
৭	দক্ষিণ দিনাজপুর	১.০৪
৮	পুরুলিয়া	১.০৪
৯	উত্তর দিনাজপুর	১.৪৫
১০	জলপাইগুড়ি	১.৫৬
১১	মুর্শিদাবাদ	২.৯৩
১২	দক্ষিণ ২৪ পরগনা	১.৯৬
১৩	উত্তর ২৪ পরগনা	২.২৫
১৪	নদীয়া	০.৭৮
১৫	হাওড়া	১.৫০
১৬	মালদা	১.১২
১৭	কোচবিহার	০.৫৪
১৮	দার্জিলিং	১.৫৪
	মোট	**৩৩.৭৮**

পরিশ্রুত পানীয় জল সরবরাহ

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৪) **শ্রী বিজয় বাগদী :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর বিধানসভা এলাকার কতসংখ্যক গ্রামকে পাইপ লাইনের মাধ্যমে পরিস্রুত পানীয় জলের আওতায় আনা হয়েছে; এবং

(খ) ২০১৫-২০১৬ অর্থবর্ষে নতুন করে কোনো গ্রামকে যুক্ত করার চিন্তাভাবনা সরকারের আছে কি না?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) দুবরাজপুর বিধানসভা কেন্দ্র দুবরাজপুর ব্লকের বালিজুরি, হেতমপুর, জাসপুর, লক্ষ্মীনারায়ণপুর, লোবা এবং পাদুমা এই ৬ (ছয়)টি গ্রাম পঞ্চায়েত, খয়রাশোল পুরো ব্লক এবং দুবরাজপুর পৌরসভা নিয়ে গঠিত।

পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর দুবরাজপুর ব্লকে ২৬,৭৬১ (জনগণনা ২০১১ অনুযায়ী) (ছাব্বিশ হাজার সাতশত একষট্টি) জন অধিবাসীকে সুবিধা দেওয়ার জন্য ৮৫.৭৭ লক্ষ (পঁচাশি লক্ষ সাতাত্তর হাজার) টাকা অনুমোদিত ব্যয়ে ২ (দুই)টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প দ্বারা ১৬ (ষোলো)টি গ্রাম ইতিমধ্যে আওতাভুক্ত করেছে। এইরূপে, এই দপ্তর খয়রাশোল ব্লকে ৩২,৪০৬ (জনগণনা ২০১১ অনুযায়ী) (বত্রিশ হাজার চারশত ছয়) জন অধিবাসীকে সুবিধা দেওয়ার জন্য ৬৮.৭০ লক্ষ (আটষট্টি লক্ষ সত্তর হাজার) টাকা অনুমোদিত ব্যয়ে ২ (দুই)টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প দ্বারা ২৫ (পঁচিশ)টি গ্রাম ইতিমধ্যে আওতাভুক্ত করেছে। আরও, খয়রাশোল ব্লকে জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ১৪,৩৫২ জন (চোদ্দো হাজার তিনশত বাহান্ন) অধিবাসীকে সুবিধা দেওয়ার জন্য ১১ (এগারো)টি গ্রামকে আওতাভুক্ত করে ১ (এক)টি নলবাহিত জলসরবরাহ প্রকল্প রূপায়ণ করছে এবং প্রকল্পটি এই অর্থবর্ষে চালু হবে বলে আশা করা যায়।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ১২৯ (একশত উনত্রিশ)টি গ্রাম (দুবরাজপুর ব্লকে ৫৯টি গ্রাম ও খয়রাশোল ব্লকে ৭০টি গ্রাম) আওতাভুক্ত করতে ইতিমধ্যে ১৫ (পনেরো)টি নতুন নলবাহিত জলসরবরাহ প্রকল্প (দুবরাজপুর ব্লকে ৭টি ও খয়রাশোল ব্লকে ৮টি) পরিকল্পনার জন্য গ্রহণ করেছে। এই নতুন প্রকল্পগুলির কাজ এই অর্থবর্ষে শুরু হবে বলে আশা করা যায়।

ছড়রা বিমানবন্দর চালুকরণ

*১২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২৯) **শ্রী নেপাল মাহাত :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়াতে ছড়রা বিমানবন্দরটি চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে কবে নাগাদ তা চালু হবে বলে আশা করা যায়?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পুরুলিয়াতে ছড়রা বিমানবন্দরটি চালু করার কোনো পরিকল্পনা আপাতত রাজ্য সরকারের নেই।

(খ) প্রযোজ্য নয়।

নির্মল পঞ্চায়েত গঠন

*১২৬। (অনুমোদিত প্রশ্ন নং *২১৫) **শ্রী নির্মল ঘোষ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নির্মল পঞ্চায়েত গড়ার লক্ষ্যে রাজ্যের কোন্ কোন্ জেলা অগ্রণী ভূমিকা পালন করেছে;

(খ) দেশের মধ্যে নির্মল পঞ্চায়েত গড়ার লক্ষ্যে রাজ্যের অবস্থান কী; এবং

(গ) উক্ত বিষয়ে ভবিষ্যৎ পরিকল্পনা কীরূপ?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) নির্মল রাজ্য গড়ার লক্ষ্যে রাজ্যের ২০টি জেলাতেই জোরকদমে কাজ চলছে। বিগত ২ বছরে শৌচাগার নির্মাণের অগ্রগতির নিরিখে নদীয়া, হুগলী ও বর্ধমান দেশের সেরা জেলাগুলির মধ্যে অন্যতম। ইতিমধ্যেই নদীয়া জেলা সম্পূর্ণ উন্মুক্ত-শৌচমুক্ত জেলা হিসাবে স্বীকৃত হয়েছে। আশা করা যায়, ২০১৫-১৬ আর্থিক বছরের মধ্যে হুগলী, উত্তর ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলাও এই শিরোপা পাবে। বীরভূম ও কোচবিহার জেলাতেও এই কাজে যথেষ্ট সাফল্য পাওয়া গেছে।

(খ) বেস লাইন সার্ভের (২০১২) উপর ভিত্তি করে গত ২ বছরের শৌচাগার নির্মাণের অগ্রগতির নিরিখে (১৭ মে, ২০১৫ পর্যন্ত) পশ্চিমবঙ্গ দেশের মধ্যে প্রথম স্থান লাভ করেছে।

(গ) রাজ্য সরকারের লক্ষ্য হল ২ অক্টোবর, ২০১৯ সালের মধ্যে রাজ্যকে নির্মল রাজ্যে পরিণত করা। এই উদ্দেশ্যে শুধু শৌচাগার নির্মাণই নয়, রাজ্যের প্রতিটি মানুষ প্রয়োজনে যাতে শৌচাগারই ব্যবহার করেন তা সুনিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এইজন্য শৌচাগার নির্মাণের সঙ্গে সঙ্গে ব্যাপক প্রচার-প্রসারের মাধ্যমে মানুষের মধ্যে যাতে শৌচাগার ব্যবহার ও রক্ষণাবেক্ষণের মানসিকতা তৈরি হয় সে বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। পারিবারিক শৌচাগার নির্মাণ ও তার ব্যবহারে গুরুত্ব আরোপের পাশাপাশি সর্বসাধারণের শৌচাগার ও কঠিন তরল বর্জ্যের নিরাপদ নিষ্কাশনেও গুরুত্ব দেওয়া হচ্ছে।

অনুদানপ্রাপ্ত ক্লাবের সংখ্যা

*১২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩) **শ্রী মনোজ কুমার ওরাওঁ** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কুমারগ্রাম বিধানসভা এলাকায় চলিত আর্থিক বছরে কত সংখ্যক ক্লাব সরকারি অনুদান পেয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : চলতি আর্থিক বছরে (২০১৫-১৬) কোনো বিধানসভা কেন্দ্রের কোনো ক্লাবকে এখনো পর্যন্ত কোনো আর্থিক সাহায্য করা হয়নি।

ফলতা মথুরাপুর জল প্রকল্প

*১২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮) **শ্রী দীপক কুমার হালদার :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফলতা-মথুরাপুর জলপ্রকল্প বাস্তবায়িত হওয়ার জন্য কাজ শুরু হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কত সংখ্যক মানুষ ওই প্রকল্পের মাধ্যমে উপকৃত হবেন?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্য যে, পশ্চিমবঙ্গ সরকারের জনস্বাস্থ্য কারিগরী দপ্তর ১৩৩২.৪১ কোটি (এক হাজার তিনশত বত্রিশ কোটি একচল্লিশ লক্ষ) টাকা অনুমোদিত ব্যয়ে 'দক্ষিণ ২৪ পরগনা জেলায় ফলতা-মথুরাপুরের জন্য সুবৃহৎ ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প' রূপায়ণের জন্য গ্রহণ করেছে।

(খ) 'দক্ষিণ ২৪ পরগনা জেলায় ফলতা-মথুরাপুরের জন্য সুবৃহৎ ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক জলসরবরাহ প্রকল্প' দ্বারা ৩২.৮৯ লক্ষ (বত্রিশ লক্ষ উননব্বই হাজার) অধিবাসী (প্রকল্পিত জনসংখ্যা) উপকৃত হবে।

ধান ক্রয় কেন্দ্রের সংখ্যা

*১২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৫) **শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১৫-এর হিসেবে পুরুলিয়া জেলাতে ধান ক্রয় করা কেন্দ্রের সংখ্যা কত (ব্লকভিত্তিক); এবং

(খ) ওইরূপ কেন্দ্রগুলিতে উক্ত সময়ে কত ধান ক্রয় করা হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে মার্চ, ২০১৫-এর হিসেবে পুরুলিয়া জেলাতে ধান ক্রয় করা কেন্দ্রের সংখ্যা ২৫। ব্লকভিত্তিক তথ্য নিম্নে বর্ণিত হল।

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	ধান কেনার কেন্দ্র ৩১.০৩.২০১৫ পর্যন্ত	উক্ত কেন্দ্রে সংগঠিত শিবিরের সংখ্যা	ধান কেনার পরিমাণ ৩১.০৩.২০১৫ পর্যন্ত (মেট্রিক টন)
১	আর্শা	০১	৩	৪৪.১১৪
২	বাঘমুণ্ডি	০০	০	০
৩	বলরামপুর	০০	০	০
৪	বান্দোয়ান	০৩	১০০	৭২৭৯.৪৭

ক্রমিক সংখ্যা	ব্লকের নাম	ধান কেনার কেন্দ্র ৩১.০৩.২০১৫ পর্যন্ত	উক্ত কেন্দ্রে সংগঠিত শিবিরের সংখ্যা	ধান কেনার পরিমাণ ৩১.০৩.২০১৫ পর্যন্ত (মেট্রিক টন)
৫	বড়বাজার	০০	০	০
৬	মানবাজার-১	০১	১৩১	৫৪৪৭.৯২৯
৭	মানবাজার-২	০৩	৪৫	২৩৩৯.০৯৯
৮	ঝালদা-১	০৪	৬	১৪৭.০৬
৯	ঝালদা-২	০১	৫৮	২৪৯১.১৭৮
১০	পুরুলিয়া-১	০০	০	০
১১	পুরুলিয়া-২	০১	১২০	৪১১০.৪৬৪
১২	হুড়া	০২	৭৩	২৬৬১.০১৬
১৩	পুনচা	০১	২৮	৭০৩.৪৫
১৪	জয়পুর	০০	০	০
১৫	রঘুনাথপুর-১	০২	৬৬	২৪০৫.৮৯৩
১৬	রঘুনাথপুর-২	০১	৫৭	১৮০০
১৭	নেতুরিয়া	০১	৬৬	২৩৭০
১৮	কাশীপুর	০৪	১৩৭	১০৫৭৭.০৭৫
১৯	পাড়া	০০	০	০
২০	সান্তুরি	০০	০	০
	মোট	**২৫**	**৮৯০**	**৪২৩৭৬.৭৪৮**

(খ) উক্ত সময় ওই কেন্দ্রগুলি থেকে ৮৯০টি সংগঠিত শিবিরের মাধ্যমে ৪২৩৭৬.৭৪৮ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে।

এন.আর.ই.জি.এ. প্রকল্পে অর্থ খরচ

*১৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩০৭) **শ্রী সমীর কুমার পোদ্দার** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নদীয়া জেলায় এন.আর.ই.জি.এ. প্রকল্পে ২০১৪-১৫ অর্থবর্ষে মোট কত টাকা খরচ করা হয়েছে (ব্লকওয়ারি হিসেব সহ)?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১৪-১৫ অর্থবর্ষে নদীয়া জেলায় মহাত্মা গান্ধী জাতীয় কর্মনিশ্চয়তা প্রকল্পে মোট ২৬৯,১৯,৬১,০০০ (দুই শত উনসত্তর কোটি উনিশ লক্ষ একষট্টি হাজার) টাকা খরচ করা হয়েছে। (ব্লকওয়ারি হিসাব পৃথকভাবে সংযোজিত করা হল)।

Financial Performance Under MGNREGA during the Financial Year 2014-2015

State : West Bengal **District : NADIA** **(Rs. in Laksh)**

S. No.	Block	Opening Balance (OB)	Release of current year	Authorisation of EPMS	Misc. Reciept	Total Availability	Cumulative Expenditure					Total	Balance	Payment due*				
							Acutal Expenditure			Adm. Exp.								
							On Unskilled wage	On Semi-skilled and Skilled Wage	On Material	Tax	Total Adm. Exp.			On Unskilled Wage	On Semi-skilled and Skilled Wage	On Material	Tax	Total
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**	**9**	**10**	**11**	**12**	**13**	**14**	**15**	**16**	**17**	**18**	**19**
1	Chakdah	11.54	2052.85	374.62	1.42	2415.02	1356.62	156.37	585.72	0	77.69	2176.39	238.63	352.01	12.14	496.2	0	860.35
2	Chapra	60.09	1482.73	222.51	2.18	1767.51	1013.82	114.84	488.45	0	148.06	1765.17	2.34	313.82	1.88	2.6	0	318.3
3	Hanskhali	138.99	1369.21	1416.24	1.55	2925.99	1627.46	48.89	1012.4	0	246.71	2935.44	-9.45	247.85	0	104.83	0	352.68
4	Haringhata	9.72	652.24	503.41	1.34	1166.71	622.48	100.76	290.31	0.36	75.82	1089.73	76.99	116.72	3.61	4.61	0	124.94
5	Kaliganj	18.88	992.63	199.68	2.2	1213.38	432.41	117.34	541.86	0.17	69.32	1161.1	52.28	88.1	0.32	10.1	0	98.52
6	Karimpur-I	65.24	1045.84	275.91	0.39	1387.39	789.75	118.7	390.39	0	63.68	1362.52	24.87	286.17	35.91	213.76	0	535.84
7	Karimpur-II	8.11	906.36	415.26	1.63	1331.36	792.01	141.96	293.11	0	83.31	1310.39	20.97	69.42	8.82	84.2	0	162.44
8	Krishnaganj	17.12	814.22	573.75	1.54	1406.63	718.14	64.44	541.63	0.19	94.32	1418.72	-12.09	73.98	0	4.35	0	78.33
9	Krishnagar-I	8.31	740.62	436.46	0.74	1214.83	701.24	108.67	304.34	0	72.08	1186.34	28.5	19.64	2.34	3.22	0	25.2
10	Krishnagar-II	14.58	659.54	62.52	2	738.64	427.92	55.32	161.66	0	44.53	689.43	49.21	186.15	0.07	13.11	0	199.33
11	Nabadwip	5.36	707.6	333.75	0.93	1047.65	569.15	91.09	279.1	0	30.7	970.04	77.6	46.93	0.25	33.05	0	80.23
12	Nakashipara	10.64	3171.42	163.04	1.12	3342.22	2039.08	187.69	927.94	0.03	161.18	3315.86	26.36	338.8	1.38	24.46	0	364.64
13	Ranaghat-I	6.31	829.16	759.06	2.03	1596.56	908.87	111.6	527.86	0	49.87	1598.2	-1.63	7.48	5.47	0.5	0	13.45
14	Ranaghat-II	11.5	802.09	1107.19	2.49	1923.26	1266.1	95.01	493.66	0	63.07	1917.83	5.43	8.57	4.54	7.3	0	20.41
15	Santipur	18.75	871.72	962.92	2.71	1855.95	1251.11	183.55	358.13	0	50.66	1843.45	12.5	1.16	11.12	19.1	0	31.38
16	Tehatta-I	4.82	903.76	562.76	2.01	1471.14	866.87	144.42	353.18	0.02	102.83	1467.32	3.82	47.44	1.21	0.02	0	48.67
17	Tehatta-II	14.94	596.18	124.7	1.92	737.73	478.87	55.49	131.53	0	45.8	711.68	26.05	109.3	3.75	0.14	0	113.19
	Total	**424.89**	**18598.17**	**8530.8**	**28.2**	**27541.97**	**15861.88**	**1896.07**	**7681.25**	**0.77**	**1479.64**	**26919.61**	**622.36**	**2313.55**	**92.83**	**1021.54**	**0**	**3427.92**
District level Line Dept.		27.17	41.32	0	0	68.49	20.51	2.37	6.02	0.05	0.17	29.12	39.37	11.14	0.06	0	0	11.2
DPC*		115.41		0	52.2	183.2					147.53	147.53	35.67					
Grand Total		**567.47**	**18639.49**	**8530.8**	**80.4**	**27793.66**	**15882.39**	**1898.44**	**7687.27**	**0.82**	**1627.34**	**27096.26**	**697.4**	**2324.7**	**92.89**	**1021.54**	**0**	**3439.12**

গৃহ নির্মাণে প্রদত্ত অর্থ

*১৩১। (অনুমোদিত প্রশ্ন নং *২১৯) **শ্রী বিশ্বনাথ কারক :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বি. পি. এল. তালিকাভুক্ত পরিবারদের গৃহ নির্মাণের জন্য পরিবারপিছু প্রদত্ত টাকার পরিমাণ কত; এবং

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে মোট কত সংখ্যক গৃহ নির্মাণ করা সম্ভব হয়েছে?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রাজ্যে বি.পি.এল. তালিকাভুক্ত পরিবারদের গৃহ নির্মাণের জন্য ইন্দিরা আবাস যোজনার আওতায় পরিবারপিছু ৭০,০০০ (সত্তর হাজার) টাকা প্রদান করা হয়। পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় পরিবারপিছু ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) টাকা প্রদান করা হয়।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৫ সাপেক্ষে ইন্দিরা আবাস যোজনার আওতায় মোট ১৪,৫৭,৪৬৩ (চোদ্দ লক্ষ সাতান্ন হাজার চার শত তেষট্টি) (২০০৫-২০১৫ সময়কালে) সংখ্যক গৃহ নির্মাণ করা সম্ভব হয়েছে।

সুন্দরবনের দ্বীপগুলোকে মূল ভূখণ্ডের সঙ্গে সংযুক্তকরণ

*১৩২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৯) **শ্রী নিরাপদ সর্দার :** পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সুন্দরবন এলাকার দ্বীপগুলোকে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, ওই পরিকল্পনাটির রূপরেখা কীরূপ?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সুন্দরবন এলাকার দ্বীপগুলিকে মূল ভূখণ্ডের সাথে সড়কপথে যুক্ত করার কোনো পরিকল্পনা এই মুহূর্তে পরিবহণ দপ্তরের কাছে নেই।

কিন্তু জলপথে দ্বীপগুলির মধ্যে যোগাযোগ ব্যবস্থা উন্নতির জন্য পরিবহণ দপ্তর নিরন্তর প্রয়াস চালাচ্ছে।

(খ) পশ্চিমবঙ্গ ভূতল পরিবহণ নিগমের এই মুহূর্তে লট নং-৮ (মূল ভূখণ্ড) থেকে কচুবেড়িয়া (সাগরদ্বীপ) পর্যন্ত ভেসেল পরিষেবা চলে। এছাড়া সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে হাসনাবাদ থেকে পার-হাসনাবাদ, নেবুখালি-দুলদুলি ও নামখানা-নারায়ণপুর সংযোগকারী জলযান পরিষেবা চলছে। প্রয়োজন অনুযায়ী ভবিষ্যতে নতুন জেটি এবং ভেসেল তৈরির মাধ্যমে সুন্দরবন এলাকার দ্বীপগুলির সঙ্গে মূল ভূখণ্ডের জলপথে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে পশ্চিমবঙ্গ ভূতল পরিবহণ নিগম নিরন্তর প্রয়াস চালাচ্ছে।

...(At this stage, standing beside the Podium of the Hon'ble Speaker, Hon'ble Members of the Left Front Parties raised slogans)...

Mr. Speaker : This is not the way. This is not the way. Please take your seat. I say take your seat. I request all the Hon'ble Members to take their seat. Please take your seat. Please take your seat.

(তুমুল গণ্ডগোল)

মিঃ স্পীকার : মহঃ সোহরাব সাহেব আপনি বলুন, আমি একবারে বলব।

শ্রী মহঃ সোহরাব : আমার একটা সাবমিশান আছে। স্যার, আমার সাবমিশান মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন গত অধিবেশনে শেষ বিজনেস অ্যাডভাইসরি কমিটির মিটিং-এর দিন, নিশ্চয়ই আপনার স্মরণে আছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর স্মরণে আছে একটা অলিখিত সিদ্ধান্ত হয়েছিল। যেহেতু হাউসটা তাড়াতাড়ি শেষ করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, তখন দুটো বিষয়ে আলোচনা হয়েছিল। একটা হচ্ছে রেজলিউশান রিগার্ডিং চিট ফান্ড। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন এক ঘণ্টাতে এটা হবে না, নেক্সট সেসানে আমরা তিন ঘণ্টা ধরে আলোচনা করব এবং ওয়েস্ট বেঙ্গল হায়ার এডুকেশান বিলটাও সেই জন্য বন্ধ রাখা হয়েছিল, যে ওটাও পরবর্তী সেসানে হবে। আপনার কাছে আমার অনুরোধ, সারদা হোক বা চিট ফান্ড নিয়ে যখন আলোচনা হচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথাটা দিয়েছিলেন যে, এই সেসানে ৩ ঘণ্টা ধরে এই ব্যাপারে আলোচনা হবে। আমি আপনার কাছে অনুরোধ করছি যে সেই তিন ঘণ্টা যেটা কথা ছিল, সেই তিন ঘণ্টা আলোচনা হলে আমার ধারণা everything will be settled, if everything is discussed.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পীকারের ঘরে একটা মিটিং হয়েছিল। সেই মিটিংয়ে আমাদের অপজিশান লিডার থেকে শুরু করে আপনারা অনেকে বলেছিলেন যে ওইটুকু টাইমে হবে না। তাই এটা আপনাদের প্রস্তাব মেনে আমরা রাজি হয়েছিলাম। যদিও পরে নিউজে খাওয়ানো হয়েছিল অন্যরকম, যে আমরা নাকি বলেছি এটা হবে না। আপনারা যেদিন আলোচনা করবেন আমাদের সরকার আলোচনা করতে প্রস্তুত। কোনো অসুবিধা নেই। ...(গণ্ডগোল)... এটা তো বিজনেস অ্যাডভাইসরি কমিটি ঠিক করবে।

(গণ্ডগোল)

মিঃ স্পীকার : আমরা বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে ডিসকাস করব। সূর্য্যবাবু আপনি প্লিজ বসুন। প্লিজ বসুন।

(গণ্ডগোল)

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, এটা তো বিজনেস অ্যাডভাইসরি কমিটি ঠিক করবে, আপনারা বি.এ কমিটিতে ঠিক করবেন!

RULLING FROM THE CHAIR

মিঃ স্পীকার : আমি তো বলেছি এটা বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে ঠিক হবে। এটা তো আমি বলছি আপনাদের আমাদের নেক্সট বি.এ কমিটির মিটিং-এ এই প্রসঙ্গ নিয়ে আলোচনা

করে আমরা সিদ্ধান্ত নেব। এটা বলার তো কিছু নেই। প্লিজ বসুন। In view of the point raised by Dr. Surjya Kanta Mishra in respect of the publication of matters in the Bulletin, I say whatever communications are made from the Governor to the West Bengal Legislative Assembly regarding assent of a Bill by the Hon'ble President of India, that portion – only that portion – is published in the Bulletin. There may be other communications from the Governor to the State Government; it should be treated as communcations between the Governor and the State Government, and unless and until it is informed to the West Bengal Legislative Assembly in proper form, it cannot be published in the Bulletin. ...(গণ্ডগোল).... আপন রুলিং চাইলেন আমি রুলিং দিলাম। আপনি আমার কাছ থেকে একটা রুলিং চেয়েছিলেন, আমি রুলিংটা দিলাম। এবার বসুন। প্লিজ টেক ইয়োর সিট। No, this is not the way. (গণ্ডগোল) আপনি তো ডিসকাসান চাননি। আপনি বললেন আপনি একটা রুলিং দিন। আমি রুলিং দিলাম আপনার কাছে। No further discussion on this. No further discussion. বিজনেস অ্যাডভাইসরি কমিটি যা সিদ্ধান্ত নেবে তার বাইরে কিছু হবে না। ওটা তো বললাম বি.এ কমিটির মিটিং-এ আলোচনা করে আমরা সিদ্ধান্ত নেব। বললাম তো আপনাকে। সোহরাব সাহেবকে বলেছি। বলেছি তো, আপনি বসুন না। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন House belongs to the Opposition. ওরা পুরো বলার সুযোগ পেয়েছেন, ওদের প্রশ্নের উত্তর দিয়েছেন। মন্ত্রিসভার সদস্য, তাঁরা যখন একটা স্টেটমেন্ট করেন it is statement from the Government. সুতরাং এখানে তো আমাদের কিছু বলার নেই। তা সত্ত্বেও উনি যে পয়েন্টগুলো রেজ করেছিলেন he asked for a ruling from the Chair, I have also given that ruling. Now in respect of their discussions, বি.এ কমিটিতে আমরা ঠিক করব।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of Adjournment Motion from Shri Asit Mitra and Shri Manoj Chakraborty on the subject of alleged molestation of a housewife at Rohanda Behari Maath under Madhyamgram Police Station.

The subject matter of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Minister through Calling attention, Mentions, questions etc.

I, therefore, withhold my consent to the Motion.

One Member of the party may, however, read the text of the Motion as amended.

[12.10 - 12.19 p.m.]

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল—

মধ্যমগ্রাম তানার অন্তর্গত রোহানডা বিহারীমাঠ এলাকার এক গৃহবধূকে তিন দুষ্কৃতী শ্লীলতাহানি করে। এই ঘটনা নিন্দনীয়। রাজ্য সরকার নীরব।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কলিং অ্যাটেনশনের উপরে আমাদের বর্তমান অধিবেশন চলাকালীন মাননীয় মন্ত্রী উত্তর দিয়ে দেবেন।

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received three (3) notices of Calling Attention on the following subjects, namely :

1. Alleged refusal of two Ministers of the State Government to meet the Mayor of Siliguri Municipal Corporation on development issues. : Shri Shajahan Choudhury
2. Stoppage of work of Pipeline Water Supply Schemes in different areas under Harishchandrapur Assembly constituency : Shri Tajmul Hossain
3. Urge for repairing of road from 11-mile to Aragachhi via Dalla under Habibpur in Malda district : Shri Khagen Murmu

I have selected the notice of Shri Khagen Murmu on the subject of Urge for repairing of road from 11-mile to Aragachhi via Dalla under Habibpur Block in Malda District.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Fifth Report of the Committee on Government Assurances (2014-2015)

Dr. Manas Ranjan Bhunia : Hon'ble Speaker Sir, I beg to present the Fifth Report of the Committee on Government Assurances

(2014-2015) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Panchayats and Rural Development on the floor of the House during the year 2013-2014.

Presentation of the Eighth Report of the Standing Committee on Higher Education (2014-2015)

Shri Jiban Mukhopadhay : Hon'ble Speaker Sir, I beg to present the Eighth Report of the Standing Committee on Higher Education (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grant relating to the Higher Education Department and Technical Education & Training Department for the year 2015-2016.

Presentation of the Seventh Report of the Standing Committee on Commerce & Industries, Industrial Reconstruction and Public Enterprises (2014-2015)

Shri Paresh Chandra Adhikary : Hon'ble Speaker Sir, I beg to present the Seventh Report of the Standing Committee on Commerce & Industries, Industrial Reconstruction and Public Enterprises (2014-2015) on Pre-Voting Budget Scrutiny relating to the Commerce & Industries Department for the year 2015-2016.

Presentation of the Sixth and the Seventh Reports of the Standing committee on Labour (2014-2015)

Shri Gouranga Chaterjee : Hon'ble Speaker Sir, I beg to present:

(a) The Sixth Report of the Standing Committee on Labour (2014-2015) on the Study Visit to the tea Gardens in the Districts of Darjeeling and Jalpaiguri; and

(b) The Seventh Report of the Standing Committee on the Labour (2014-2015) on the Study Visit to the Siliguri E.S.I. hospital and Haldia Dispensary.

Presentation of the Fifth Report of the Standing Committee on Self-Help Group & Self-Employment (2014-2015)

Shrimati Banasri Maity : Hon'ble Speaker Sir, with your kind permission I beg to present the Fifth Report of the Standing Committee on Self-Help Group & Self-Employment (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Self-Help Group & Self-Employment Department for the year 2015-2016.

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নতুন সরকার আসার পর গত ৪ বছরে প্রায় ১ কোটি মানুষ বিভিন্ন চিট ফান্ডের দ্বারা সর্বস্বান্ত হয়েছে। সরকার কিছু মানুষকে ক্ষতিপূরণ দিলেও পরে বন্ধ করে দিয়েছে। অবিলম্বে সমস্ত ক্ষতিগ্রস্ত মানুষদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করবেন, এই দাবী মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মহার্ঘ ভাতার প্রশ্নে। কেন্দ্রীয় সরকার যেখানে ১১৩ শতাংশ মহার্ঘ্য ভাতা দিয়েছে, সেখানে রাজ্য সরকার দিয়েছে মাত্র ৬৫ শতাংশ, বাকি আছে ৪৮ শতাংশ। বাকি আছে ৪৮%। আমাদের রাজ্যে প্রায় এগারো লক্ষ সরকারি কর্মচারী আছেন। মুখ্যমন্ত্রীর বক্তব্য রাজ্য এখন ঘোর অর্থসঙ্কটে। কিন্তু দেখা যাচ্ছে যে রাজ্যে ৪০ হাজার কোটি টাকা উদ্বৃত্ত রয়েছে। যদি আজকেও ডিএ দেয় তাহলে ১০% হারে যদি দেয় বছরে দুবার তাহলে পাঁচশো কোটি টাকা। সেখানে লাগবে ৪৮%-এ এগারো হাজার কোটি টাকা। যেখানে সরকার সারদা ...(মাইক অফ।)

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের দিসপুর গ্রাম পঞ্চায়েতের বাইনানি বাজার থেকে হাসনাবাদ কালীবাড়ি ভায়া পাটনীখানপুর সাড়ে চোদ্দ কিলোমিটার রাস্তার অবস্থা খুবই খারাপ। প্রতিদিন কয়েক হাজার মানুষ এই পথে যাতায়াত করে। ভীষণ দুর্ভোগ ভোগ করে। আমি আপনার মাধ্যমে এই জনবহুল রাস্তাটি দ্রুত মেরামতের জন্য বিভাগীয় মন্ত্রী মহাশয়ের নিকট আবেদন করছি।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রাণী সম্পদ দপ্তরের অধীনে পাঁচটি ডেয়ারি কর্মীদের বদলি করা হচ্ছে। সরকারি ডেয়ারিগুলি প্রায় ১৬শো কর্মীদের মধ্যে এক হাজার একশো পঁয়তাল্লিশ জনকে স্বাস্থ্য দপ্তরের অধীনে বিভিন্ন গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে ও সরকারি হাসপাতালে পাঠানো হচ্ছে। বদলি হওয়া কর্মীরা ডেয়ারিতে বছরের পর বছর কাজ করেছে। স্বাস্থ্যকর্মী হিসাবে কোনো অভিজ্ঞতা নেই। এমনকি কিছুদিনের মধ্যে অবসর নেবেন এমন কর্মীও আছেন। প্রাণীসম্পদ দপ্তরে বহু পদ ফাঁকা রয়েছে। কিন্তু তাদের প্রাণীসম্পদে না দিয়ে স্বাস্থ্য দপ্তরে নেওয়া হয়েছে। এই তুঘলকি কাণ্ড বন্ধ করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভায় একটি বিষয় উল্লেখ করতে চাই। বিষয়টা হল আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী একটা স্কীম চালু করেছেন তার নাম হচ্ছে বালা দেওয়া। বালা। আমি দেখলাম যে স্যার, একই মাপের বালা দেওয়া হয়েছে। আর যারা স্কুলকলেজের ছাত্রী আছে তাদের সকলের হাতে এটা মেলে না। কারো হাতে ঢোকে, কারো হাত ঢোকে না। এর কি সমাধান হবে জানি না। দ্বিতীয়ত দেখলাম যে এই যে বালা দেওয়া হয়েছে তার নীচে লেখা আছে কাগজে, সুন্দর কাগজে, বালার থেকে বেশি দামের,

তাতে মাননীয় মুখ্যমন্ত্রীর নাম লেখা আছে। এটা কোন দপ্তরের টাকাতে হল কিভাবে হল তার কিছুই বলা নেই। আমরা জানতে পারলাম না। আমি জানতে চাইছি, এই যে বালা কেনা হয়েছে কোন দপ্তর থেকে? কোন দপ্তরের ফান্ড থেকে কেনা হয়েছে। (মাইক অফ)

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা সকলেই জানি যে মাননীয়া মুখ্যমন্ত্রী বা এই সরকার ও.বি.সি'দের অ্যাডমিশনের ব্যাপারে রিজার্ভেশন করেছিলেন হায়ার এডুকেশনে। আমরা দেখতে পাচ্ছি স্যার, ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশনে যে পরীক্ষা হয়েছিল, জেকসপো ২০১৫, তাতে ও.বি.সি. ক্যাটেগরি সব ফিল আপ করেছে। কিন্তু যখন ওরা অ্যাডমিট কার্ড পাঠাচ্ছে পুরো ও.বি.সি-গুলো বাতিল করে দিয়ে সব জেনারেল করে দিয়েছে এবং ও.বি.সি-র যে আলাদা ক্যাটেগরির নাম্বার হওয়া দরকার এস.সি.এস.টি'র মতো সেটা বাতিল করেছে। এই বিষয়টা আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে দেখতে বলছি, কারণ ও.বি.সি-র ...(মাইক অফ)

মিঃ স্পীকার : এখন সভার বিরতি আমরা দেড়টার সময়ে মিলিত হব।

[1.30 - 1.40 p.m.]

(After Adjournment)

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT
Demand No. 40

Mr. Speaker : There are three cut motions to Demand No.40. All the cut motions are in order and Hon'ble Members may not move their motions.

Shri Asit Mitra : Mr Speaker, Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

Shri Gouranga Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে দু-হাজার পনেরো-ষোলোর যে বাজেট বিবৃতির দাবি সম্পর্কে এখানে পেশ করেছেন আমি সেই বিবৃতির সঙ্গে একমত নই। একমত নই এই কারণে যে পশ্চিমবাংলার পঞ্চায়েত নিয়ে আমরা সকলেই ভুক্তভোগী। পঞ্চায়েত মানে পাঁচজনের। এখন পাঁচজনের পঞ্চায়েত নেই। একজনের হয়েছে বা গোষ্ঠীর হয়েছে। দলেরও নেই। আমাদের রাজ্যে দলভিত্তিকে নির্বাচনের ব্যবস্থা আছে। দলহীন নয়। ১৯৭৮-এ আমরা চালু করেছিলাম। ১৯৭৭ সালে বামফ্রন্ট তৈরি হয়েছিল। এবং বামফ্রন্ট সরকারের প্রথম মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু আবেদন করেছিলেন যে রাইটার্স বিল্ডিং থেকে সরকারি কাজ পরিচালনা হবে না। ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হবে। সুব্রতবাবু এখন ক্ষমতা কেন্দ্রীকরণ করছেন। কেন্দ্রীকরণ

করছেন আমলাদের উপরে। জনপ্রতিনিধিরা কার্যত গুরুত্বহীন। মুখ্য ভূমিকায় এখন বি.ডি.ও., এস.ডি.ও. এবং ডি.এম.-রা। স্বাভাবিকভাবে পঞ্চায়েতের মূল স্পিরিট লঙ্ঘিত হচ্ছে। জনগণের পঞ্চায়েত নয়। আমি সেইজন্য এই বাজেটের বিরোধিতা করছি। আমি তাই কাটমোশানোর সমর্থনে কয়েকটি কথা বলব। এখানে সততার অভাব আছে। সুব্রতবাবুর সততার অভাব। স্বচ্ছতার অভাব আছে। পঞ্চায়েত জনগণের নয়। ঠিকাদার এবং কিছু মাতব্বররা চালাচ্ছেন। ব্যাপক অনিয়ম চলছে। দুর্নীতি চলছে। দলবাজি চলছে। গোষ্ঠীবাজি হচ্ছে। গ্রামবাংলাকে আপনি পিছিয়ে দিচ্ছেন। প্রায় এই চার বছরের মধ্যে বিশ বছর পিছলেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার তৈরি হবার পরে ভূমিসংস্কার হয়েছিল, পঞ্চায়েত হয়েছিল। দেশ-বিদেশ থেকে মানুষ আসত গবেষণা করতে। কিভাবে এইরকম একটা অঙ্গরাজ্যে এইভাবে ভূমিসংস্কার করা হল। ভূমিসংস্কার ভালো হল। আর ভূমিসংস্কার ভালো হলেই পঞ্চায়েত হয়। প্রায় পঁচাশি ভাগ পঞ্চায়েতের যারা প্রতিনিধি গরীব নিম্নবিত্ত, নিম্নমধ্যবিত্ত, প্রান্তিক মানুষ তাঁরা প্রতিনিধিত্ব করছেন। এটা খুবই সৌভাগ্যের। এটা আপনারা এখন আর করতে পারবেন না। সামন্ততান্ত্রিক ব্যবস্থা ভারতের অন্যান্য রাজ্যে চালু আছে। সেখানে রাজনৈতিক ক্ষমতা ভোগ করেন। আপনারা জানেন খাপ পঞ্চায়েত। মুখিয়া, তারা রাজনৈতিক ক্ষমতা ভোগ করেন। আমাদের মতোই কেরালা, পশ্চিমবাংলা, ত্রিপুরার বামপন্থীরা জনগণকে যুক্ত করে আমরা এটা করতে পেরেছিলাম। আর একটা বিষয় বলব সুব্রতবাবু প্রবীণ এবং সিনিয়র দক্ষ। কিন্তু আপনাকে আপনার অফিসাররা ডুবিয়ে দিয়েছেন। আপনি দেখবেন যে দু-হাজার চোদ্দ-পনেরো নকল কপি আছে। চোদ্দ-পনেরো সালের বক্তৃতায় পেজ ফিফটিন দেখুন থ্রি পয়েন্ট ওয়ান নাইন এবং ফোর জিরো, সেটা হুবহু চোদ্দ-পনেরোতে নিয়ে এসেছেন। একই কথা লেখা আছে। একেবারে কমা, পূর্ণচ্ছেদ সবই এক। আপনি দেখবেন আপনার অফিসাররা আপনাকে কিভাবে ডুবিয়ে দিলেন। থ্রি পয়েন্ট ফিফটিন — এখানে থ্রি পয়েন্ট সিক্সটিন এবং ফোর জিরো একেবারে লাইন বাই লাইন এটা কি করে হয়? একেবারে নকলের অভিযোগ আনছি। যেটা একেবারে গুরুতর ব্যাপার। এটা আপনি দেখবেন। বাজেট পুস্তিকা এবং অর্থমন্ত্রীর বাজেট বিবৃতি যেটা অনুমোদিত হয়েছে দু-হাজার পনেরো সালে সেখানে বললেন যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের জন্য বরাদ্দ আট হাজার পাঁচশো আশি কোটি টাকা। আর দু-হাজার পনেরো-ষোলোর জন্য বরাদ্দ দশ হাজার নশো সাঁইত্রিশ কোটি চুয়ান্ন লক্ষ টাকা। আর আপনি বলছেন সাত হাজার চারশো ষাট কোটি টাকা। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাকে আমি সংশোধন করে নিচ্ছি। তিনি চোদ্দ-পনেরোর জন্য বললেন সাত হাজার চারশো ষাট কোটি বাইশ লক্ষ টাকা, পনেরো-ষোলোর জন্য বললেন, নয় হাজার আটশো উনিশ কোটি দুই লক্ষ টাকা। এই যে অসঙ্গতি আপনার বক্তব্যের সঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর যে অর্থ বরাদ্দ, তার সঙ্গে একটা অসঙ্গতি আছে। আর বিরোধীদের আপনি যদি গুরুত্ব না দেন, ধরুন, নির্বাচন হল, তারপর পঞ্চায়েত নির্বাচন, সেই সব আলোচনা হয়। যারা নির্বাচিত হয়েছেন তাদের একটু কাজ করতে দিন। দল ভাঙানোর খেলা চলছে। এই যে একজন সভাপতি, তার ছেলে — আপনি শুনলে খুশি হবেন — ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়তে চায়। ধরুন, ৮০% পেয়ে পাশ করেছে, তার বাবা পঞ্চায়েত সমিতির সভাপতি হাসনাবাদে। তাকে খুন করা হল। কেন? না, দখল করার জন্য। এইরকম বহু জায়গায় প্রধানদের খুন করে দেওয়া হচ্ছে। দল

ভাঙানোর চেষ্টা করা হচ্ছে। আপনাকে রক্ষা করতে হবে নির্বাচিত প্রতিনিধিদের। আর গ্রামের সংসদ কিভাবে চলছে? ব্লক সংসদ কিভাবে হচ্ছে? গ্রাম পরিকল্পনা কিভাবে হচ্ছে? সমস্ত মানুষ সেখানে যেতে পারছেন কিনা? গোলাগুলি চলছে গ্রাম সংসদের মিটিংয়ে। তৃণমূলকে যারা ভোট দিয়েছেন, তারাও সকলে বলতে পারছেন না। আপনি বিভিন্ন জেলায় দেখবেন, তৃণমূলের এক গোষ্ঠী আরেক গোষ্ঠীকে মারছে। মহিলা যারা নির্বাচিত, তাদের নিরাপত্তা নেই অফিসে। এই রকম ঘটনা দুর্ভাগ্যজনক। শাসক দলের যারা ন্যায় নীতিনিষ্ঠ মানুষ যারা এখনো আছেন, যারা পঞ্চায়েতকে দুর্নীতিমুক্ত হিসেবে দেখতে চান, তারা আক্রান্ত হয়ে যাচ্ছেন। তাদের তো রক্ষা করতে হবে। আরেকটা ব্যাপারে বলব যে, আমাদের সময়, বামফ্রন্টের সময় পঞ্চায়েত ত্রিস্তরে যারা নির্বাচিত এবং সরকারি কর্মী যারা পঞ্চায়েতের, তাদের সম্পদের সঙ্গে আয়ের সামঞ্জস্য আছে কিনা দেখার জন্য ভিজিলেন্স — আমি তখন পঞ্চায়েত সমিতির সভাপতি, আমার মনে আছে আমরা রেজোলিউশন করে দিয়ে দিয়েছিলাম। আপনি কটা ভিজিলেন্স করেছেন? এখন দেখবেন, অনেক পঞ্চায়েত পদাধিকারীর আয়ের সঙ্গে সম্পদ বিস্তর। পঞ্চায়েতের সঙ্গে যারা যুক্ত আছেন, তাদের কি হবে? সেটা ঠিকমতো হচ্ছে কিনা সেটা তো আপনাদের দেখতে হবে। আর বাকি হচ্ছে, সরাসরি আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী জেলায় যান। আপনিও মাঝে মাঝে জেলায় যান। সেখানে প্রতিনিধিদের সঙ্গে তো আলোচনা করতে হবে। আমরা বিধায়করা সুযোগ পাইনি — বিরোধী দলের বিধায়ক। এখানে কংগ্রেস দলের যারা বিধায়ক আছেন, তারাও ডাক পাননি। জেলাস্তরে অনেক কমিটি আছে, সেখানে যদি সুযোগ আমরা না পাই, তাহলে কি করে হবে? আর একটা খুব লজ্জাজনক ব্যাপার, সেটা হচ্ছে, প্রধানের সার্টিফিকেট — প্রধান সার্টিফিকেট দিচ্ছেন — ইনকাম সার্টিফিকেট, রেসিডেনসিয়াল সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট। তাতে কোনো কোনো বি.ডি.ও. — একটা ঔদ্ধত্বের সীমা আছে — তাকে আবার ভেরিফাই করবার জন্য পাঠাচ্ছেন সেই প্রধানের যারা কর্মচারী, অধীনে কাজ করেন, তাদের কাছে। তারা ভেরিফাই করে দেওয়ার পর বি.ডি.ও. সার্টিফিকেট দেবেন। এটাকে রক্ষা করতে হবে। গতকাল কি ঘটেছে বর্ধমান জেলায়? বর্ধমান জেলার সভাধিপতি এবং ডি.এম. আছেন। সেখানে নির্বাচিত যারা, তাদের পুরস্কৃত করবার জন্য ডাকা হয়েছে। কি ভাষা! কি ভয়ঙ্কর কথা সেখানে বলা হয়েছে। যারা নির্বাচিত জনগণের প্রতিনিধি, তাদের সম্মান ইত্যাদি রক্ষা করতে হবে। এটা তো আপনি নিশ্চয়ই দেখবেন। আর এটা ঠিকই যে, আমি বলব এই যে কতগুলো বিষয় আছে। ধরুন, গভর্নমেন্ট অ্যাসুওরেন্স কমিটির রিপোর্ট আমরা আজকেই পেলাম। সেই রিপোর্টে যা আছে দেখবেন। স্ট্যান্ডিং কমিটির যে রিপোর্ট, সেখানে দেখবেন। এখানে কতগুলো কথা খুব গুরুত্বপূর্ণ। গুরুত্বপূর্ণ বিষয় এখানে উত্থাপন করা হয়েছে। এন.আর.ই.জি.এ.-র যে কাজ, তার টাকা পেমেন্ট, কাজের শেষে ৭ দিনের মধ্যে পেমেন্ট দেওয়ার কথা। কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন। আঠারোশো কোটিরও বেশি টাকা বাকি আছে। তাদের কি হবে? কাজ পাওয়ার কি হবে, সেটা তো বলতে হবে। প্রতিশ্রুতি আপনারা বিধানসভার ভেতরে দেন এবং বাইরে দেন। অ্যাসুওরেন্স কমিটি দেখেছে যে, বাইরের প্রতিশ্রুতি, ভেতরের প্রতিশ্রুতির মধ্যে বিরাট ফারাক আছে। এই জন্য ১০০ দিনের কাজ নিয়ে তাদের নির্দিষ্ট সময়ে টাকা, কাজ না পেলে বি.ডি.ও.-র কাছে যদি আবেদন একজনও করেন,

ইন্দিরা আবাস যোজনায় আপনি ফেল করেছেন। ২৫ শতাংশ মাত্র বাড়ি তৈরি করতে পেরেছেন। সেটা দেখতে হবে। সর্বশিক্ষা মিশন — সেখানে এম.এস.কে., এস.এস.কে. — তাদের যাতে ভাতা বৃদ্ধি করা যায়, তাদের নিরাপত্তা দেওয়া যায়, এই যে বেতন তারা পাননি কয়েক মাস ধরে, সেটা আপনাদের দেখতে হবে। আমি সেইজন্য আরেকবার কাটমোশনের সমর্থনে এবং বাকি এই পঞ্চায়েতের যে বিবৃতি, তার বিরোধিতা করে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, এই সদনে উপস্থিত রাজ্যের সরকারের বিভিন্ন মন্ত্রীগণ এবং অন্যান্য সদস্যরা, আমি পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের ৪০ নম্বর দাবীর সমর্থনে এবং ১০ হাজার ৯৩৭ কোটি ৫৪ লক্ষ টাকার বাজেট বরাদ্দের দাবীকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে কয়েকটি কথা বলব। স্যার, জাতির জনক মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজের কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের মানুষের হাতে ক্ষমতা তুলে দেওয়ার কথা, ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা। গান্ধীজীর সেই ভাবধারার স্বপ্নকে সম্বল করে আজকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পঞ্চায়েতমন্ত্রী শ্রদ্ধেয় সুব্রত মুখার্জীর হাত ধরে ১৯৭৩ সালের পশ্চিমবাংলায় ত্রিস্তর পঞ্চায়েত আইন তৈরি হল।

[1.40 - 1.50 p.m.]

সেদিন বামফ্রন্ট ক্ষমতায় ছিল না, ১৯৭৮ সালে বামফ্রন্ট এই পঞ্চায়েত আইনকে সম্বল করে পঞ্চায়েত নির্বাচন করল পশ্চিমবাংলার বুকে। বাংলার মানুষ স্বপ্ন দেখেছিল স্যার, বাংলার মানুষ ভেবেছিল যে মহাত্মা গান্ধীর ক্ষমতা বিকেন্দ্রীকরণের ভাবনাকে হয়তো বামফ্রন্ট সরকার মর্যাদা দেবে, প্রতিষ্ঠিত করবে বাংলার বুকে। কিন্তু স্বপ্ন ভগ্ন হতে বেশী সময় লাগেনি। কারণ বামফ্রন্ট পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতা তুলে দেয়নি গ্রামের মানুষের হাতে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘটায়নি, তার বদলে পঞ্চায়েতের মাধ্যমে বামফ্রন্ট ঘটিয়েছিল দুর্নীতির বিকেন্দ্রীকরণ, স্বজনপোষণের বিকেন্দ্রীকরণ, মানুষের উপর নিষ্পেষণের বিকেন্দ্রীকরণ। পঞ্চায়েতকে তারা ক্ষমতা দখলের হাতিয়ার হিসাবে ব্যবহার করেছিল। স্যার, আজকে আমরা এর পরিবর্তন চাইছি, আজকে আমরা এর শুদ্ধিকরণ চাইছি। ১৯২৯ সালে লাহোর কংগ্রেসে ভারতবর্ষের স্বাধীনতার সংজ্ঞা ব্যাখ্যা করতে গিয়ে সাংবাদিকদের উত্তরে জওহরলাল নেহরু বলেছিলেন আমি ভারতবর্ষের স্বাধীনতা বলতে শুধু ক্ষমতার হস্তান্তরকে বুঝি না, আমি ভারতবর্ষের স্বাধীনতা বলতে শুধু ইউনিয়ন জ্যাকের পরিবর্তে তেরঙ্গা পতাকার উত্তোলন বুঝি না, আমি ভারতবর্ষের স্বাধীনতা বলতে বুঝি ভারতবর্ষের মানুষের সার্বিক মুক্তি, রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক বন্ধ্যাত্ব হতে মুক্তি। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে স্বাধীনতার ৬৮ বছর অতিক্রান্ত হয়ে যাবার পরও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন রাজনৈতিক দল ক্ষমতায় থেকেছেন এবং এই পশ্চিমবঙ্গে ৩৪ বছর কমিউনিস্ট শাসন দ্বারা শাসিত হওয়ার পরেও বাংলা তথা ভারতবর্ষের মানুষকে তারা সেই সার্বিক মুক্তি এনে দিতে পারেননি। আজও দেশের একটা বিরাট সংখ্যক মানুষ দারিদ্রসীমার

নীচে বাস করে, আজও স্বাস্থ্যশিক্ষা থেকে বঞ্চিত মানুষের সংখ্যা নগণ্য নয়। এই অবস্থার মধ্যে ২০১১ সালে পশ্চিমবাংলার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে কর্মযজ্ঞ শুরু করেছেন, যে কর্মযজ্ঞের বৃত্ত রচনা করেছেন, যেভাবে সেই বৃত্তের মধ্যে বাংলার সর্বস্তরের মানুষকে রেখেছেন, আমরা হলফ করে বলতে পারি, আমরা নিশ্চিতভাবে বলতে পারি, আগামীদিনে আমরা বাংলার মানুষকে এই সার্বিক মুক্তি এনে দিতে পারবো। পশ্চিমবাংলার পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তর সেই লক্ষ্য নিয়েই কাজ করছে স্যার। 'মহাত্মা গান্ধী কর্ম নিশ্চয়তা প্রকল্প' বামফ্রন্টের সময় অধরা ছিল, নিষ্ফলের হাহাকার ছিল, আমরা সরকারে আসার পর ২৩.১৫ কোটি কর্মদিবস প্রতি বছর গড়ে সৃষ্টি করেছি, করে ভারতবর্ষের মধ্যে সর্বকালীন রেকর্ড সৃষ্টি করেছি, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে সেরা রাজ্যের সম্মান অর্জন করেছে, অমরা 'স্কচ্' পুরস্কার পেয়েছি স্যার। 'NREGS' প্রকল্পে সবথেকে বেশী টাকা খরচ করে ভারতবর্ষের মধ্যে প্রধান হয়েছে পশ্চিমবঙ্গ। স্যার, যেখানে বামফ্রন্ট সরকার বছরে গড়ে ১০ থেকে ১৫ কোটি শ্রমদিবস তৈরি করতো, আমরা সেখানে গড়ে ২২ থেকে ২৩ কোটি শ্রমদিবস তৈরি করেছি। গ্রামে মানুষ অনেক বেশী করে ১০০ দিনের কাজ পেয়েছে। যত বেশী মাটি কাটার কাজ আমরা করেছি তত গ্রামের রাস্তা, পায়ে হাঁটা মাটির রাস্তাকে আমরা ঢালাই করতে পেরেছি। আমরা গ্রামের চালচিত্র বদল করতে পেরেছি স্যার। 'প্রধানমন্ত্রী সড়ক যোজনা' ২০০১ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত ১০ বছর বামফ্রন্টের আমলে ১৮১৯টি রাস্তা তৈরি হয়েছিল পশ্চিমবঙ্গে। ১০৬৯০ কিমি রাস্তা তৈরি হয়েছিল পশ্চিমবাংলায় গড়ে ১৮০টি করে বছরে। আর আমরা ৪ বছরের মধ্যে ৩৭৮টির বেশী রাস্তা তৈরি করেছি প্রতিবছর, ৬৮০৪ কিমি রাস্তা তৈরি হয়ে গিয়েছে। 'প্রধানমন্ত্রী সড়ক যোজনা'র রাস্তা সেগুলি তৈরি হওয়ার পর রক্ষণাবেক্ষণের কোনো নজর দেওয়া হত না, খানা-খন্দে রাস্তাগুলো ভেঙে যেত, মানুষ যান চলাচলের অনুপযোগী হয়ে পড়তো। কিন্তু আমাদের সরকার সেই রক্ষণাবেক্ষণের দিকে নজর দিয়েছে বলেই গ্র্যাজুয়ালি প্রত্যেক বছর বাজেটে তার বরাদ্দ বাড়ানো হয়েছে। আমরা ২০১৪-১৫, ২০১৫-১৬ সালের ২২০ কোটি টাকা আমরা বাজেটে দাবী করেছি। আমি সেই দাবীকে আমার সমর্থন জানিয়ে আমি বক্তব্যকে এগিয়ে নিয়ে যেতে চাই। স্যার, শুধুমাত্র কি কবির কবিতার এবং ভাষার মধ্যে নিহিত থাকবে যে 'এই বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চিরকল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর'। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কিন্তু সে ভাবে ভাবেন না। তিনি পশ্চিমবাংলার নারী-পুরুষের সমানাধিকারে বিশ্বাস করেন বলেই আমরা ২০১২ সালে পঞ্চায়েত আইন এনে পশ্চিমবাংলায় গ্রামীণ প্রশাসনে মহিলাদের জন্য ৫০ % মতো আমরা সংরক্ষণের ব্যবস্থা করেছি। আজকে মহিলারা পুরুষের সাথে কাঁধে কাঁধে মিলিয়ে গ্রামীণ প্রশাসন পরিচালনা করছে। 'Empowerment to Women' এই ভাবনা আমাদের সরকারের আমলে পশ্চিমবাংলায় আজকে বাস্তবে রূপ পেতে চলেছে স্যার। প্রশংসা করবেন না? স্যার, ২০১৪ সালের ২রা অক্টোবর ভারত সরকার নির্মল ভারত যোজনাকে পুনর্গঠিত করে স্বচ্ছ ভারত মিশন শুরু করল। আমাদের পশ্চিমবঙ্গে সেটা মিশন নির্মল বাংলা হিসাবে আমরা কাজ করছি। আমাদের লক্ষ্য হল যে, ২০১৯ সালের মধ্যে আমরা প্রতিটি মানুষের জন্য শৌচাগার নির্মাণ করব। আমরা কোনো প্রকল্প ঘোষণা করে

সেটাকে নিয়ে ঢাকঢোল পেটাই না। আমরা সেটাকে রূপায়িত করার চেষ্টা করছি। তাই এই মিশনে ভারতবর্ষের মধ্যে যদি জেলাওয়ারি সাফল্য বিচার করা যায় তাহলে এক নম্বর দু-নম্বর তিন নম্বর অর্থাৎ victory stand-এর পুরোটাই দখল করে নিয়েছে পশ্চিমবঙ্গ। নদীয়া প্রথম পেছনে হুগলী এবং বর্ধমান। এটার প্রশংসা করবেন না? আমাদের competitor আমরা নিজেরাই স্যার। আমাদের রেকর্ডকে আমরা নিজেরাই ভাঙবো। আজকে আমাদের সরকারের লক্ষ্য হল, কোনো মানুষ গৃহহীন থাকবে না। প্রতিটি মানুষের মাথার উপর আচ্ছাদন নির্মাণ করা। পশ্চিমবঙ্গ সরকার নিজ উদ্যোগে যেমন, গীতাঞ্জলি প্রকল্প, নিজ ভূমি নিজ গৃহ প্রকল্পের কাজ করছে ঠিক একইভাবে ইন্দিরা আবাস যোজনাতেও আমরা সমানভাবে গুরুত্ব আরোপ করেছি। যদিও বেনিফিশিয়ারি নির্বাচনের ক্ষেত্রে এতে নানা জটিলতা আছে তবুও এই ইন্দিরা আবাস যোজনার ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকার ভারতবর্ষের মধ্যে প্রশংসার দাবী রাখে। আমরা বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতার পরিমাণটাও রাজ্য সরকার বাড়িয়ে দিয়েছে। আমরা ৯০৪ কোটি টাকা ইতিমধ্যে খরচ করেছি এই সংক্রান্ত বিষয়ে। স্যার, ভারতবর্ষের ৭০ শতাংশ মানুষ গ্রামে বাস করে। গ্রামের মানুষের যদি জীবন যাত্রার মান উন্নয়ন ঘটানো না যায় তাহলে সামগ্রিকভাবে ভারতের উন্নতি বিধান করা সম্ভব নয়। আর এক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতের একটা বড় ভূমিকা আছে। যে প্রশাসনের সাথে মানুষের প্রত্যক্ষ যোগসূত্র থাকে সেই প্রশাসনই পারে সুশাসন নিয়ে আসতে। তাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এরকম একটা গুরুত্বপূর্ণ দপ্তরে আমাদের মাননীয় সুব্রত মুখার্জীর মতো দক্ষ মানুষকে বসিয়েছেন বলেই আজকে গ্রামবাংলা আজকে উন্নতির পথে এগিয়ে চলেছে। আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি মাননীয় সুব্রত মুখার্জী মহাশয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের যে ডিমান্ড নম্বর ৪০ পেশ করেছেন ব্যয় বরাদ্দের যে বিবৃতি। সেই বিবৃতির সম্বন্ধে দু-একটা কথা বলছি এবং আমাদের যে কাট মোশানগুলো আছে সেগুলো সমর্থন করে। স্যার, আমরা মাননীয় সুব্রতবাবুকে জানি যে তিনি পঞ্চায়েতে আইনও করেছিলেন যখন উনি তৎকালীন কংগ্রেস সরকারের সময় এবং পরবর্তীকালে এই সরকারের তিনি মন্ত্রী হওয়ার পর পঞ্চায়েতের কাজকর্ম সম্বন্ধে বিশেষ করে আমার একটা বদ্ধ ধারণা ছিল যে, হয়তো তিনি কিছু কিছু ব্যাপারে একটু ইনোভেটিব বা নতুনত্ব, চিরাচরিত যে প্রথায় পঞ্চায়েত চলছে সেই প্রথা থেকে বেরিয়ে কিছু ভালো ভালো কাজ করবেন এবং মানুষ তার উপকার পাবে। একটু আগেই মাননীয় স্নেহাশিসবাবু সম্ভবত বক্তব্য রাখছিলেন যে, মহাত্মা গান্ধীর যে স্বপ্ন পঞ্চায়েত, তিনি স্বপ্ন খুব ভালো দেখেছিলেন যে, পাঁচজন মিলে কাজ হবে। গ্রামের সবাই মিলে কাজ করবে। কিন্তু তিনি স্বপ্নেও ভাবেননি যে এই পঞ্চায়েতের যে ক্ষমতা বামফ্রন্ট আমলে পঞ্চায়েতের যে ক্ষমতা সেই ক্ষমতাকে সামনে রেখে সেই ক্ষমতার অর্থকে ব্যবহার করে ক্ষমতার বিভিন্ন দিকগুলোকে ব্যবহার করে পার্টিবাজি করা হবে এটা মহাত্মা গান্ধী এই স্বপ্ন দেখেননি। পরবর্তীকালে এই সরকার আসার পরেও আমাদের একটা বদ্ধ ধারণা ছিল যে, অন্তত মহাত্মা গান্ধীর যে স্বপ্ন পঞ্চায়েতকে দলতন্ত্র হীন করা গরিবদের কাছে দাঁড়ানো,

development-এ সবাই যেন participate করতে পারে এই বিষয়টাকে সুনিশ্চিত করা। কিন্তু আমরা খুব আশ্চর্যের সঙ্গে দেখছি যে, এই বিষয়টাও কিন্তু বামফ্রন্ট আমলে যা ছিল এদের আমলেও মোটামুটি একই এটা চলছে। এটা কিন্তু সুব্রতবাবুর মন্ত্রিত্ব থাকাকালীন এই আশা আমি অন্তত করিনি। ইতিমধ্যে আমি দু-একটা উদাহরণ দিচ্ছি, তার অধীনে অধিকার প্রকল্প আমরা দেখেছি যারা পার্টির লোক তারা পাবে। অন্য পার্টির লোক তারা পাবে না অথচ ওখানে পরিষ্কার বলা আছে যে, backward village সেখানে দিতে হবে। এইসব প্রকল্পের ঘরগুলো। কিন্তু অনেক backward village তো বাদই হয়ে গেছে। এই ব্যাপারেও একটা পার্টিবাজি করা হয়েছে। BPL-এর যে লিস্ট আছে সেই BPL লিস্ট অনুযায়ী ইন্দিরা আবাস পাবে। কিন্তু দেখা যাচ্ছে পঞ্চায়েতে যে যেখানে ক্ষমতায় আছে একটা একটা পঞ্চায়েতের character-ই হয়ে গেছে যে যেখানে ক্ষমতায় আছে তার দলের লোক না হলে বা সেই গ্রাম পঞ্চায়েতের প্রধান বা সদস্যকে টাকা না দিলে second payment হবে না বা first payment-ও হবে না।

[1.50 - 2.00 p.m.]

বা ফার্স্ট পেমেন্টও হবে না, এটা কিন্তু সেই আগের আমল, এখনের আমল একইভাবে সেই ট্রাডিশান চলে যাচ্ছে। আমরা দেখছি যে এই বিষয়গুলো, আমি অন্তত আশা করেছিলাম যে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী এই বিষয়গুলোয় একটু সজাগ দৃষ্টি দেবেন এবং এটা একটু কিছু কড়া আইন যদি তিনি করতেন, বিশেষ করে অনেক পঞ্চায়েতে দেখছি যেখানে মেজরিটি যদি একটা পার্টি থাকে অন্যজনের নির্বাচিত সদস্য-সদস্যা থাকলেও তাদের কোথাও কোনো গুরুত্ব নেই। তাদেরকে কোথাও কিছু কাজ করতে দেওয়া হচ্ছে না। সেই ট্রাডিশান। এইগুলোর একটা সঠিক শক্ত আইন যদি তিনি করতেন তাহলে অন্তত গ্রাম লেভেলে সাধারণ মানুষরা এই পঞ্চায়েতের যে সুফল সেই সুফল তারা পেতেন। আমি স্যার, এই মহাত্মা গান্ধীর যে একশো দিনের প্রকল্প এই সম্বন্ধে কয়েকটি বিষয় আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আমরা সকলে জানি যে একশোদিনের কাজ যারা অ্যাপ্লাই করবে তারা কাজ যদি না পায় তাহলে তাদেরকে বেকার ভাতা দেওয়া হবে। এটা খুবই ভালো আইন। ইতিমধ্যে সুব্রতবাবু যে বক্তব্য রেখেছেন তাতে এবারের যে বক্তব্যটা আছে তাতে তিনি পরিষ্কার এই বর্তমান যে কেন্দ্রীয় সরকার তাদের কাজকর্মে তিনি হতাশ হয়েছেন এবং পরিষ্কার লিখেছেন বর্তমান শ্রম বাজেটের মাত্র ৫১ শতাংশই কাজ করা সম্ভব, কেন্দ্রীয় সরকার যদি এইভাবে ব্যবহার করে। অর্থাৎ একশো দিনের কাজ নিয়ে তিনি একটু চিন্তান্বিত। এই বিষয়ে আগে মানসবাবুও অনেকবার বলেছেন, আমরাও বলছি, এই বিষয়টা সম্পূর্ণভাবে সকলে মিলে দেখা দরকার। এখানে আমার একটা প্রশ্ন আছে যে, একশো দিনের কাজে মজুরির পেমেন্ট বাকি। লেবারের পেমেন্ট বাকি। কাজ না দিলে যাদেরকে বেকার ভাতা দিতে হবে, এখানে তো একটা আইন থাকা দরকার তাহলে। যে লেবাররা কাজ করেছে আর দু-বছর ধরে বেতন পাচ্ছে না, সেক্ষেত্রে কার পানিশমেন্ট হওয়া দরকার। এই বিষয়টা তো থাকা দরকার। আজকে স্যার, মাননীয় মন্ত্রী যে উত্তর দিয়েছিলেন তাতে আমরা দেখতে পাচ্ছি ৩১শে মার্চ, ২০১৫তে একশো দিনের কাজে মোট মজুরির যে টাকা বাকি আছে গরীব মানুষের সেটা হচ্ছে ১ হাজার ৩৮৩ কোটি ৫২ লক্ষ ৩১ হাজার টাকা। চিন্তা করুন স্যার, কত বেশী।

এত টাকা লেবার পেমেন্ট বাকি। আজকে এরা যাবে কোথায়? আমি শুধু পুরুলিয়ার উদাহরণ দিচ্ছি, যেখানে মাওবাদী এলাকা, সেখানে স্যার, পুরুলিয়াতেই শুধুমাত্র বাকি আছে ১৮ কোটি ৭৩ লক্ষ ১ হাজার টাকা। লেবার পেমেন্ট বাকি। যে মাওয়িস্ট ব্লকগুলো, এই মাওয়িস্ট ব্লকে আমি খুব দু-একটা স্পেসিফিক বলছি, বান্দোয়ান ১ কোটি ৪২ লক্ষ টাকা। আমি যদি বাঘমুন্ডি যাই, বাগমুন্ডিতে বাকি আছে স্যার, ১ কোটি ৮৫ লক্ষ টাকা। ছোট ছোট ব্লক। গরীব মানুষরা কাজ করে তারা তাদের মজুরি পাচ্ছে না। এর কারণটা কি? কারণ নিশ্চয় তিনি বলবেন, আমরা অর্থ পাচ্ছি না, হয়ত কিছু পাচ্ছি না, কিন্তু একটা তো রেমিডি দরকার। এর রেমিডিটা যদি না থাকে তাহলে এটা তো একটা খুব বিপজ্জনক ব্যাপার। এবং এই ব্যাপারে গ্রাম পঞ্চায়েত কোনো সভায় একটা খুব বড় ধরনের অসুবিধার মধ্যে পড়ে গেছে। এটার একটা রেমিডি কিভাবে করা যায়, তার একটা চিন্তা অবশ্যই এটা করা দরকার। এই বিষয়টা আমি এখানে খুব জোরালোভাবে মাননীয় মন্ত্রীকে বিষয়টা দেখার জন্য অনুরোধ করছি। স্যার, ইতিমধ্যে আমরা দেখেছি, একটু আগে মাননীয় সদস্য বলছিলেন, আমি শুধু ছোট ছোট দু-একটা পয়েন্টে যাব। মাধ্যমিক শিক্ষাকেন্দ্র। আমি সুব্রতবাবুর ২০১৪-১৫ বাজেটে দেখলাম যে ১৬ হাজার ১০০টি শিশু শিক্ষা কেন্দ্র ছিল এবং ১৯২০টি মাধ্যমিক শিক্ষাকেন্দ্র ছিল। আজকে এই বাজেটে দেখা যাচ্ছে, সেটা দুটো দুটো করে কমে গেছে। ১৬ হাজার ৯৮টি আছে শিশুশিক্ষা এবং ১৯১৮টা আছে মাধ্যমিক শিক্ষাকেন্দ্র। আজকে স্যার, এই প্রসঙ্গে আমি বলতে চাই, এই মাধ্যমিক শিক্ষাকেন্দ্রে যারা চাকরি করছে, সেইসব ছেলেমেয়েদের আমার মনে হচ্ছে যে কোনো সরকারের নোটিফিকেশানে এই ধরনের একটা উদাহরণ এই ডিপার্টমেন্টেরই আছে, এখানে দেখা গেল যারা টিচার আছে, যারা পাড়ায় এম এস কে, তাদের পেমেন্ট বাড়ানোর একটা চিঠি গেল, পরবর্তীকালে কি দেখা গেল, আর একটা চিঠি গেছে, তোমার পেমেন্ট তো বাড়বেই না, বরং যে পেমেন্টটা তুমি পাচ্ছ তার থেকে ৫ পারসেন্ট তোমার কাটা হচ্ছে। ৫ শতাংশ কাটা হচ্ছে। এই আইন কোথায় আছে আমি বুঝতে পারছি না। একবার চিঠি গেল বাড়ানো হচ্ছে, পরবর্তীকালে বলা হচ্ছে এই বাড়া তো দূরের কথা, তুমি যত পাচ্ছো তার ৫ শতাংশ কাটা হচ্ছে। আজকে স্যার এই অবস্থা। এই ধরনের ছেলেমেয়েরা যারা সম্পূর্ণভাবে একটা বিদ্যালয়ে পড়াচ্ছে এবং একটা রেগুলার টিচারের মত তাদের পরিস্থিতি আছে। স্যার, আমি ইন্দিরা আবাস যোজনাতে দেখেছি, স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে এই নিয়ে পরিষ্কারভাবে বলা আছে। ১৮ই মে ২০১৫, এখানে পরিষ্কার রিপোর্টে বলা আছে Fund uitilization in the field of Indira Abas yojona is not satisfactory, এটা ১৮ই মে, ২০১৫। এর আগের স্ট্যান্ডিং কমিটির যে রিপোর্ট তাতে সরকারকে সতর্ক করা হয়েছিল, আপনারা এই বিষয়ে নিজেরা একটু কড়া পদক্ষেপ নিয়ে যে যে সমস্যা আছে সেগুলির বিষয়ে নিজেরা একটু চিন্তা ভাবনা করে যাতে এই অসুবিধার মধ্যে পড়তে না হয় সেই বিষয়টা দেখার জন্য রেকমেন্ডেশান করা হয়েছিল ২০১৪ সালের ১২ই জুন। তাতে লেখা আছে যে, The Committee thinks that the benefit btained in the Indira Abas Yojona is not up to the satisfactory level considering the high cost of living. As such the department may do something so that the quantum of benefit is suitably enhanced for the

ill fated persons. এই বিষয়টা দেখার জন্য তারা রেকমেন্ড করেছিল। আজকে ইন্দিরা আবাস যোজনাতে যেটা সম্পূর্ণ গরীবের ব্যাপার, এখানে আমরা দেখতে পাচ্ছি যে সেটা ফেল করে গেছে। এই ইন্দিরা আবাস যোজনার বেনিফিসিয়ারি লিস্ট যেখানে পরিষ্কারভাবে বলা আছে যে বি পি এল যারা আছে তারাই পাবে। সেক্ষেত্রে কিন্তু পঞ্চায়েতরা সব পার্টিবাজি করছে। এমনকি লিস্ট ওভারকাম করেও এদিক থেকে ওকে ছাড়িয়ে উল্টোকে দেওয়ার একটা ব্যবস্থা করা হচ্ছে। আজকে স্যার এই বিষয়গুলো আমি আপনার সামনে তুলে ধরার চেষ্টা করছি। পঞ্চায়েতের সামগ্রিক ডেভেলপমেন্টের জন্য বিভিন্নভাবে টাকা বরাদ্দ করা হয় যেটা এই বাজেটে উল্লেখ আছে, তাদের পরিকাঠামো বা ইত্যাদির জন্য এক কোটি করে টাকা প্রতি জেলাতে দেওয়া হয়েছে। যদি সেটা ভাগ করা হয় তাহলে ৫০ হাজার, ৪০ হাজার করে একটা পঞ্চায়েতেও পড়বে না। আমার একটা বিশেষ আবেদন, অনেক ডিপার্টমেন্টে অনেক আইটেমে টাকাগুলো আসে। কিন্তু কিছু কিছু পঞ্চায়েত এমন অনেক কাজ করে যে একটা আর্জেন্ট টিউবওয়েল করা, আর্জেন্ট ত্রিপল দেওয়া, আর্জেন্ট কম্বল দেওয়া এইসব বিষয়ে খরচ করার কোনোরকম কোনো প্রভিশান এখনো পর্যন্ত আমরা দেখতে পাচ্ছি না।

...(এই সময় লালবাতি জ্বলে ওঠে।)...

তার ফলে অনেক বেশি অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে। স্যার আমি একটা কথা বলে শেষ করছি, আমার একটা বিশেষ আবেদন, আজকে পঞ্চায়েত ব্যবস্থাকে আরো একটু ভালো করার জন্য আমি বার বার অনুরোধ করেছিলাম যারা প্রধান, উপপ্রধান, তাদের পেমেন্ট, যে মান্থলি পেমেন্ট, তাদের দিয়ে সম্পূর্ণভাবে অফিস ওয়ার্ক করানো হচ্ছে তাদের পেমেন্ট বাড়ানোর কথা বলেছিলাম। এখনো পর্যন্ত এই সরকার সেটা করেননি। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়, ইতিমধ্যে পঞ্চায়েত মন্ত্রী একটা আইন পাশ করেছেন যে রিমুভালের ব্যাপারে আড়াই বছর করা যাবে না। এটা নিয়ে খুব ভালো বিতর্ক হয়েছে এবং পাশও হয়েছে। এখানে একটা পয়েন্ট সব থেকে গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে, যে যে গ্রাম পঞ্চায়েতে একটা মাত্র এস.সি. বা এস.টি.-র ক্যান্ডিডেট আছে, প্রধান আছে, সেই জায়গাতে অনাস্থা করার পর কোনোমতেই প্রধান আর হচ্ছে...।

...(এইসময় মাইক বন্ধ হয়ে যায়।)...

[2.00 - 2.10 p.m.]

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী সম্মানীয় সুব্রত মুখার্জী মহাশয় ২০১৫-১৬ এই আর্থিক বৎসরের যে ব্যয়-বরাদ্দের দাবি প্রস্তাব করেছেন এই সদনে তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। আমাদের এই রাজ্যে নানান ধরনের উন্নয়নের কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে। সেই উন্নয়ন কর্মসূচীর সবচেয়ে বড় অংশ এই পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে রূপায়িত হচ্ছে এই বাংলায়। স্যার, আগে আমরা দেখতাম এবং এটা আমরা জেনেওছি ২০০৭ থেকে ২০১০ এই তিন, চারটি আর্থিক বর্ষে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের হিসাব নিলে বোঝা যাবে তদানীন্তন বামফ্রন্ট সরকারের আমলে এই বাংলায় রাস্তাঘাট তৈরি করবার টাকা, কেন্দ্রীয় সরকারের ইন্দিরা

আবাসনের টাকা, পরিকল্পনার অভাবে দিল্লিতে ফেরত যেত। কিন্তু আজকে এই মা-মাটি-মানুষের সরকারের চার বছরে যে কাজ হয়েছে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাধ্যমে আরও টাকার অভাবে আরও বেশী কাজ এই বাংলায় করা যাচ্ছে না। এটা ঠিকই যে বাংলার মুখ্যমন্ত্রী মাননীয় মমতা বন্দ্যোপাধ্যায় ৩০শে এপ্রিল, ২০১৫ তারিখে মিশন নির্মল বাংলা ঘোষণা করেছিলেন। তদানীন্তন বামফ্রন্ট সরকারের আমলে কোনো কর্মসূচী কেউ বলতে পারবে না বিগত পঁয়ত্রিশ বছরে তারা এই দপ্তরের মাধ্যমে ঘোষণা করেছেন। এটা ঠিকই মাননীয়া মুখ্যমন্ত্রী সুব্রত মুখার্জী মহাশয়কে এই দপ্তরটা মনিটারিং করবার দায়িত্ব দিয়েছেন। তিনি অত্যন্ত সুদক্ষভাবে তা মনিটারিং করছেন ISDP প্রোগ্রামটা দেখলেই বোঝা যায়। ISDP প্রোগ্রামে চার বছরে যে কাজ হয়েছে এই বাংলায় তা শুধু ভারতবর্ষে নয়, আমাদের ভারতবর্ষের বাইরে ওয়ার্ল্ড ব্যাঙ্ক, মার্কিন যুক্তরাষ্ট্র থেকে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয়কে ডেকে পাঠিয়েছিলেন, কি সিস্টেমে, কি পদ্ধতিতে এত সুন্দর করে ISDP প্রোগ্রাম এত দ্রুততার সাথে তিনি রূপায়িত করতে পেরেছেন। চারশো জন দক্ষ প্রশিক্ষককে তিনি নিয়োগ করেছেন, এই সেকশানটার নাম হচ্ছে Society for Training and Research of Panchyat and Rural Development, ৩,৩৪৯টি গ্রাম পঞ্চায়েত, তার মধ্যে ১১টি গ্রাম পঞ্চায়েত এবং এই গ্রাম পঞ্চায়েতগুলোর প্রধান, উপ-প্রধান, সঞ্চালক, এমনকি পঞ্চায়েতের যারা কর্মচারী আছেন, তাদের প্রশিক্ষণের মাধ্যমে পঞ্চায়েত ব্যবস্থাকে দ্রুততার সঙ্গে কেমন করে সাধারণ মানুষের কাছে পৌঁছে দেওয়া যায়, তারজন্য তিনি এই ব্যবস্থা চালু করেছেন। এই ব্যবস্থা চালু করার ফলে আমাদের পঞ্চায়েতের মাধ্যমে যে কাজকর্ম আমরা করতে পেরেছি তার থেকেই বোঝা যায়, সর্বস্তরে বিগত চার বছরে ২০১১ সাল থেকে ২০১৫ সাল এই আর্থিক বৎসর পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায়, যেমন নদীয়া জেলা প্রথম স্থান অধিকার করেছে, আমার বিধানসভা কেন্দ্রের দুটি পঞ্চায়েত সমিতি পর পর তিনটি বছর দেশের সেরা পঞ্চায়েত সমিতি হিসাবে পরিগণিত হয়েছে এবং গত কয়েকদিন আগে সেই পঞ্চায়েত সমিতিকে পুরস্কৃত করেছেন দিল্লিতে ডেকে নিয়ে গিয়ে। এর থেকে বোঝা যায় পঞ্চায়েত দপ্তর যে মনিটারিং করছে তাতে পঞ্চায়েত ব্যবস্থাকে মানুষের কাছে পৌঁছে দেবার ব্যবস্থা করছে। আজকে ইন্দিরা আবাসনের যে টাকাটা পাওয়া গেছে তার ফিফটি নাইন পারসেন্ট টাকা, প্রায় ষাট শতাংশ টাকা খরচ হয়েছে। ইন্দিরা আবাসনের ক্ষেত্রে যে সমস্ত লোকেদের নাম মনোনীত করা হয়েছে সেক্ষেত্রে এস.সি.এস.টি-র সংখ্যা হচ্ছে 51.82%। সবচেয়ে দুঃস্থ মানুষ, সমাজের পিছিয়ে পড়া মানুষ তাদের ক্ষেত্রে পঞ্চায়েত দপ্তর বাড়ি তৈরি করে দেবার ব্যবস্থা করেছে। একশো দিনের কাজের জন্য — আমরা প্রতি বছর যদি হিসাব করি তাতে দেখা যাবে প্রতিটি আর্থিক বর্ষে এই জব কার্ড হোল্ডার যারা কাজ চেয়েছিলেন... যদি হিসাব দেখা যায় তাহলে দেখবেন ২০১১-২০১২ আর্থিক বর্ষে কাজ চেয়েছিলেন ৩৭ লক্ষ ৫ হাজার, ৩৬ লক্ষ ৯২ হাজার মানুষ কাজ পেয়েছেন। ২০১২-২০১৩ আর্থিক বর্ষে যারা কাজ চেয়েছিলেন ৪৮ লক্ষ ১৭ হাজার। কাজ পেয়েছেন ৪৮ লক্ষ ১০ হাজার। ২০১৩-২০১৪, এন.আর.ই.জি.এস. প্রকল্পে কাজ চেয়েছিলেন ৬২ লক্ষ ৪৫ হাজার। কাজ পেয়েছেন ৬০ লক্ষ ৮৩ হাজার। ২০১৪-২০১৫ আর্থিক বর্ষে কাজ চেয়েছিলেন ৫৭ লক্ষ ১২ হাজার। কাজ পেয়েছেন ৪৯ লক্ষ ১৮ হাজার। তাই

বলি, আজকের যে অগ্রগতি, এই পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের, আজকে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে পঞ্চায়েত ব্যবস্থা এবং গ্রামোন্নয়ন দপ্তরকে সাধারণ মানুষের কাছে নিয়ে গিয়ে তাদের কাছে পৌঁছে দেওয়া এবং উন্নয়নকে আরও দ্রুততার সাথে ত্বরান্বিত করছেন। তাই আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দর দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা আমি শেষ করছি। নমস্কার। ধন্যবাদ স্যার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রী তিনি এখানে তাঁর বিভাগের ব্যয় বরাদ্দর দাবী উত্থাপন করেছেন। এই বক্তৃতা পড়ে আমার মনে হয়েছে উনি মন্ত্রীসভার একজন অভিজ্ঞ মন্ত্রী বটে কিন্তু বাস্তবের সঙ্গে তাঁর বক্তব্যর ভীষণ অমিল। আমি শুরু করছি যে কথাটা দিয়ে, আমার সময় কম। গতবছর আমাদের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে মাদারীহাটের মিটিংয়ে বলছিলেন বেকার যুবকদের উদ্দেশ্যে বলছিলেন যে, রেগার কাজ করুন। এই রেগার কাজ করে ইনকামের পথ বাতলেছিলেন তিনি। মাননীয় মন্ত্রী এখানে বাজেট বিবৃতি রেখেছেন। তাই আমি প্রশ্ন করছি। এই রেগার কাজ, ১০০ দিনের কাজ, এই কাজ ১ বছর ধরে বন্ধ আছে। এবং আমি যতদূর জানি তাতে এই ১০০ দিনের কাজ সারা রাজ্যে যতগুলি পঞ্চায়েত আছে আড়াই হাজার পঞ্চায়েতে এক পয়সাও সেখানে খরচ হয়নি। আপনি গতবছরে ফেব্রুয়ারি মাসে বলছিলেন যে এই রেগার কাজ করতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাওনা আপনার ১ হাজার ৩৮৩ কোটি ৫২ লক্ষ টাকা। এটা হচ্ছে পাওনা টাকা। তো সেখানে আপনি বলছিলেন যে, আমাদের রাজ্যের অর্থমন্ত্রীর কাছে এই কেন্দ্রের টাকা যতক্ষণ না আসছে আপনি রাজ্যের অর্থ দপ্তরের কাছ থেকে টাকা নিয়ে চালাবেন। কিন্তু সেই টাকাও অর্থ দপ্তর আপনাকে দেয়নি। কেননা অর্থ দপ্তরের কর্তারাই বলছেন যে সরকারটাই তো অর্থ দপ্তর চালাচ্ছে ঋণ করে। তারা আবার কিভাবে টাকা দেবে? কারণ ঋণ করে চালাচ্ছেন। এই গত আর্থিক বছরে সবশেষে যতদূর জেনেছি তাতে সরকার বাজার থেকে ১৮ হাজার ১০০ কোটি টাকা ঋণ গ্রহণ করেছেন। ২৭ জানুয়ারী, গত আর্থিক বছরে ৩ হাজার কোটি টাকা ঋণ নিয়ে সরকারি কর্মচারীদের বেতন মেটানো হয়েছে। এই অবস্থা। এই অবস্থায় আপনি চেয়েছিলেন টাকা কিন্তু দেয়নি আপনাকে এবং তারপর থেকে ১ বছর সময় ধরে কোথাও আজকে কাজ হচ্ছে না। আজকে পশ্চিমাঞ্চল বলুন, দক্ষিণ চব্বিশ পরগনা বলুন — যেখানে কাজের চাহিদা অনেক বেশী। আমি যে জেলায় থাকি, দক্ষিণ দিনাজপুর ১ বছর ধরে কোনো কাজ নেই। আপনি বকেয়া মেটাতে পারছেন না। আর সেখানে নতুন করে কাজ কি করে করবেন? কেননা, আজকে আপনার দপ্তরের সচিবই বলছেন যে ১ হাজার ৮৮৩ কোটি টাকা এই টাকা আপনার বকেয়া। আপনি এর আগের দিন এই বিধানসভাতে প্রশ্নোত্তর পর্বে আপনি বলেছিলেন যে ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের ১ হাজার ৮০০ কোটি টাকা আপনি পেয়েছেন।

[2.10 - 2.20 p.m.]

কিন্তু এখনও সমস্ত জেলাতে সেই বকেয়া মেটানো হয়নি। আপনি খোঁজ নিয়ে দেখবেন, যে বহু জেলাতে এই বকেয়া এখনও মেটানো হয়নি। আপনি কাজ দিতে পারছেন না। আগে গ্রামের

লোক একবছর আগে কাজ করেছে, তারা বি.ডি.ও. সাহেবের কাছে গিয়ে বলছেন, যে আমাদের বকেয়া টাকা কবে পাব? বি.ডি.ও. বলছেন যে আমি কি মাইনের টাকা থেকে তোমাদের দেব, যবে টাকা আসবে তবে। এইভাবে মানুষ ঘুরছে অফিসে, পঞ্চায়েতে, ব্লকে — কিন্তু বেকার খাটনি। এই পরিস্থিতি তৈরি হয়েছে ১০০ দিনের কাজে। আর আপনি এই বইতে যে পরিমাণ সাফল্যের কথা বলেছেন, কিন্তু বাস্তবে আড়াই হাজার পঞ্চায়েতে আপনার কোনো বেকারের কাজ নেই। আপনার বকেয়াও এখনও মেটেনি। সেই কারণে আমি আপনাকে বলব, এই যে ১০০ দিনের কাজে দুর্নীতির একটা চূড়ান্ত আকার তৈরি হয়েছে। আপনারা পরিকল্পনাহীন ভাবে প্রকল্প ধরছেন, যেমন খুশি তৈরি করছেন তালিকা। এই ভাবে দেখা যাচ্ছে যে আপনার কেন্দ্রের বকেয়া যে টাকা সেই টাকা পরিশোধ না হওয়ার এ একটা বড় কারণ। আপনি খোঁজ নিয়ে দেখবেন। কিন্তু আপনি পারেননি, আপনার আই.ও.আই. থেকে শুরু করে ১০০ দিনের, পঞ্চায়েতের বিভিন্ন দুর্নীতি, সেই দুর্নীতি আপনারা ঠেকাতে পারেননি এবং যে সমস্ত পঞ্চায়েত দুর্নীতি করেছে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে পারেননি। সেই কারণে এই ১০০ দিনের কাজের ব্যাপারে আজকে সারা পশ্চিমবাংলা জুড়ে যে অভিযোগ, সেই অভিযোগ আজকে সাংঘাতিকভাবে উঠেছে। ...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)... আমি সব শেষ স্যার, আর একটা বিষয় উল্লেখ করব, সেটা হচ্ছে এই যে আপনি এই সভাতে ঘোষণা করেছিলেন এস.এস.কে. এবং এম.এস.কে. সহায়ক ও সম্প্রসারণের ব্যাপারে। আপনি বলেছিলেন এস.এস.কে.-কে প্রাথমিক শিক্ষা সংসদে অন্তর্ভুক্ত করবেন। এম.এস.কে. আপনি মাধ্যমিক শিক্ষা পর্ষদের অধীনে আনবেন। কিন্তু সেই কথা, কথার কথা থেকে গেল। এবং আজকে ৫৫ হাজার সহায়িকা এবং সম্প্রসারণ তারা আজকে নিয়মিত বেতন পাচ্ছেন না। তারপর যে বেতন ওরা পেত আগে, সেটাও কমিয়ে দিয়েছেন। আপনি কেন্দ্রের দোহাই দিচ্ছেন। কিন্তু দায়িত্ব হচ্ছে আপনার পঞ্চায়েতের। আজকে সর্বশিক্ষা অভিযানেও কিন্তু টাকা নেই। সুতরাং এরা নিয়মিত টাকা পাচ্ছেন না এবং তাদের বেতন কমে যাওয়ার ফলে ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে রাজ্য সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহোদয় আনীত ৪০ নম্বর দাবির, যার মোট পরিমাণ ১০,৯৩,৭৫৪ লক্ষ টাকা, তার এই দাবির সমর্থনে কয়েকটি কথা নিবেদন করছি এবং সেই সঙ্গে সঙ্গে বিরোধীদের যে কাটমোশান এনেছেন তার বিরোধিতা করছি। আমি অনেকক্ষণ ধরে আমাদের বিরোধীদের কথা শুনছিলাম। তাদের কথা থেকে এটা জানা যাচ্ছে যে পঞ্চায়েত দপ্তর চলছে না, দুর্নীতির আখড়া হয়ে যাচ্ছে। দলও পর্যন্ত দেখছে না। এই অভিযোগ হচ্ছে তাদের। অভিযোগ তারা করবেন এই কারণের জন্য, যে এই বিধানসভার ভবনের মধ্যে আমাদের কথা বলার অধিকার অনেক বেশি আছে। যা খুশি আমরা বলতে পারি এখানে কেউ মারামারি করবে না, ধস্তাধস্তি করবে না। বাইরে গিয়ে বলার কিন্তু ক্ষমতা নেই। ইভলিউশান, রাজ্য সরকার ইভলিউশান করেনি, রাজ্য সরকার ইভলিউশান করেনি। এক্সটার্নাল এজেন্সিকে দিয়ে ইভলিউশান করে — সেখানে কেন্দ্রীয় সরকারও রয়েছেন। সেখানে আমাদের গ্রাম পঞ্চায়েতগুলি রাজ্যের মধ্যে নয়, দেশের মধ্যে প্রথম স্থানে যাচ্ছে। ভাল কাজ করছে বলে,

অ্যাওয়ার্ড পাচ্ছে। এবং জনগণের কাছ থেকে যদি তাদের চিন্তা এবং চেতনার কথা জানি যে, গ্রাম পঞ্চায়েত হচ্ছে একেবারে লোয়ার টায়ার, একটা লোকাল গভর্নমেন্ট, তারা খারাপ কাজ করলে জনগণের মধ্যে তার প্রতিফলনটা পড়ছে। যত নির্বাচন হচ্ছে, প্রতিটি নির্বাচনে জনগণ কিন্তু রাজ্য সরকার যে দল পরিচালনা করে সেই দলের লোককে সমর্থন করে তারা জানিয়ে দিচ্ছে পঞ্চায়েত ভালভাবে চলছে। একটা কথা আমাদের বিচার বিশ্লেষণ করা দরকার। এন.আর.ই.জি.এস সম্পর্কে অনেক কথা আমরা শুনেছি। রাজ্য সরকারে আপনারা অনেক সময়কাল ধরেছিলেন, আপনাদের সময়কালে কতটা শ্রমদিবস আপনারা তৈরি করতে পেরেছিলেন? তার তুলনায় অনেক বেশী সাফল্য পেয়েছে। বর্তমান সরকারের মন্ত্রী মহাশয় যিনি আছেন, এই কথা অস্বীকার করবার উপায় নেই, এই কথা আরো জানা দরকার, পঞ্চায়েত যদি ভালভাবে চলে এবং তার তথ্য যাতে সঙ্গে সঙ্গে পাওয়া যায়, প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, তাদের কাজগুলোকে কমপিউটারাইজ করবার ব্যবস্থা করা হয়েছে যাতে চটজলদি আমরা তথ্যগুলো পেতে পারি। ইন্দিরা আবাস যোজনায় অসাধারণ সাফল্য পেয়েছি। টারগেট ছিল ৪ লক্ষ ২৭ হাজার ঘর নির্মাণ হবে ইতিমধ্যে গভর্নমেন্ট ৩ লক্ষ ৫৭ হাজার মানুষকে ঘর দেবার ব্যবস্থা করেছে। এটা কি সাফল্যের মাপকাঠি নয়? এটা বিচার করা দরকার। সেল্ফ হেল্প গ্রুপ আমাদের রাজ্যে অনেক আছে, ৪৫৫২৫টি এবং তার মধ্যে ১৩৭৪২টি সেল্ফ হেল্প গ্রুপ করে প্রায় ৩৫৪ কোটি টাকা ব্যাঙ্ক লোন করে দেবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। তাদের আবার পরবর্তীকালে সুদ ছাড়ের ব্যবস্থা করা, এর আগের গভর্নমেন্ট কখনও চিন্তা-ভাবনা করেনি। এদের জন্য গভর্নমেন্ট আরো চিন্তা-ভাবনা করেছে, ২০১৪-১৫ সালে যে রেট অফ ইনটারেস্ট ছিল বর্তমান বছরে সেই রেট অফ ইনটারেস্ট সেল্ফ হেল্প গ্রুপের জন্য কমবে। আজকে আমাদের প্রকৃত অর্থে মূল্যায়ন করতে হয় সেল্ফ হেল্প গ্রুপ করলে মানুষের ক্রয় ক্ষমতা বাড়ে, উপার্জন বাড়ে, ২% বাড়লে ক্রয় ক্ষমতা বাড়ে। ব্যাঙ্ক লোন নিয়েছে সেই সমস্ত ব্যক্তিদের, যাদের রিপেমেন্ট করবার ক্ষমতা আছে, তাদের ঋণের হার যদি আমরা দেখি, এক-একটা গ্রুপ বর্তমান বছরে ৭৫ হাজার করে টাকা লোন নিতে পারছে। আপনাদের সময়কালে কোনো মহিলা ব্যাঙ্কে লোন নিতে গেলে দরজা থেকে তাড়িয়ে দিত, ভেতরে ঢুকতে দিত না। আজকে সেই মহিলাদের লোন দেবার ব্যবস্থাটা হচ্ছে। তার রেসিয়ো যদি আমরা দেখি বর্তমান বছরে ২০১৪-১৫-তে সেটা ৭৫ হাজার হয়েছে। তার আগের বছর ছিল ৬২ হাজার, তার আগের বছর আরো কম ছিল। স্বাভাবিক ভাবে ক্রমবর্ধমান যে উন্নতি হচ্ছে তা অস্বীকার করবার উপায় নেই। এ ছাড়াও কর্মসংস্থান যাতে রাজ্য সরকার তৈরি করতে পারে, বেকার যুবক-যুবতী, তাদের প্রশিক্ষণ দেবার ব্যবস্থা হয়েছে। সেই প্রশিক্ষণ দেবার মধ্যে যদি আমরা গভীরভাবে মনোনিবেশ করি, আমাদের সমাজের মধ্যে সবচেয়ে যারা পিছিয়ে পড়া মানুষ এস.সি., এস.টি. এবং মাইনরিটি তাদেরকেও প্রশিক্ষণ, দীনদয়াল উপাধ্যায়, গ্রামীণ কুশল যোজনার মধ্যে দিয়ে তাদের ১৯২২৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে চলমান বছরে। আরো ১৪৪৭৫ জনকে এই সমস্ত বেকার যুবক-যুবতী, সমাজে পিছিয়ে পড়া মানুষ, তাদেরকে প্রশিক্ষিত করবার দায়িত্ব গভর্নমেন্ট নিয়েছে। এই জিনিসগুলো আমাদের উপলব্ধি করবার দরকার আছে। আমাদের স্যানিটেশান প্রোগ্রাম, সেই স্যানিটেশান প্রোগ্রামে যদি যাওয়া যায়

তাহলে আমরা দেখবো যে বিরাট সাফল্য আমরা পেয়েছি তা আপনাদের কল্পনার বাইরে। ধরুন আমরা এই স্যানিটেশান প্রোগ্রামের মধ্যে প্রতিটি জায়গায়, ব্যক্তির বাড়িতে বাড়িতে যেমন শৌচাগার করবার ব্যবস্থা করেছে। ইতিমধ্যে এই সরকার আসার পরে ৫৮ লক্ষ ৬০ হাজার ৫৭৭টি পরিবারে শৌচাগার নির্মাণের ব্যবস্থা করেছেন।

[2.20 - 2.30 p.m.]

এই তো চার বছরের পরিসংখ্যান। তাহলে অভাব ছিল বলেই এখানে কাজ করবার সুযোগটা হয়েছে। আপনারা সমালোচনা করবেন এই কারণের জন্যে বা করা উচিতও আপনাদের এই কারণের জন্য পঞ্চায়েত ব্যবস্থাটা যদি ভেঙে দিতে পারতেন, আপনাদের মত যদি চালানো হত, তাহলে কিন্তু রাজ্য সরকারের ভোটটা কমত। যেহেতু সঠিকভাবে চলছে, যেহেতু আপনাদের ভোট কমছে, সেই কারণের জন্য আপনাদের সমালোচনা অত্যন্ত স্বাভাবিক। কখনও আমরা কল্পনা করেছিলাম যে একটা গ্রামের প্রাইমারী স্কুলের শৌচাগার থাকবে? এই চারবছর সময়কালের মধ্যে ৫০ হাজার ৮০০ প্রাথমিক স্কুলে এবং ৩৮ হাজার ২০০ আই.সি.ডি.এস. কেন্দ্রে শৌচাগার নির্মাণের ব্যবস্থা হয়েছে। এগুলোই হচ্ছে প্রকৃত ই-ভ্যালুয়েশন, মূল্যায়ন, যেখান থেকে গ্রামের সাধারণ মানুষের অগ্রগমন ঘটছে কি ঘটছে না এটা আমরা বিচার বিশ্লেষণ করতে পারি। যে কারণের জন্য আমি বাজেট বিবৃতির ৪০ নং দাবীকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী রত্না ঘোষ কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আজ পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের যে বাজেট মাননীয় মন্ত্রী পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি। স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাই যে একটা বাজেটের মধ্যেই লুকিয়ে থাকে আগামী দিনের পরিকল্পনা রূপায়ণের ক্ষমতা। আজকে আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি মনে করি পশ্চিমবাংলার মাটিতে ২০১১ সালে পরিবর্তনের সরকার আসার পর বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং উদ্যোগে, আমাদের পঞ্চায়েত দপ্তরের যিনি মন্ত্রী অত্যন্ত দক্ষ এবং দীর্ঘদিনের অভিজ্ঞতাসম্পন্ন মানুষ, তাঁর নেতৃত্বেই আজকে বাংলার গ্রাম পঞ্চায়েতের কাজ দ্রুতগতিতে মানুষের কাছে পৌঁছে যাচ্ছে। আমাদের বাংলার ৭০ শতাংশ মানুষ যারা গ্রাম বাংলায় বসবাস করে। একসময় আমরা দেখেছিলাম যখন পঞ্চায়েত গঠন হয়েছিল, সেই সময় যিনি মন্ত্রিত্বে ছিলেন, আমি আমার এলাকার একটা পঞ্চায়েত অফিসে আমি দেখেছিলাম, সেই সময়ের মন্ত্রীর সহযোগিতায় সেখানে একটি পঞ্চায়েত অফিস হয়েছিল, মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জীর নাম এখনও সেখানে খোদাই করা আছে। তিনি সেই সময় দক্ষতার সঙ্গে কাজ শুরু করেছিলেন। বাংলাকে গড়ে পশ্চিমবাংলার উন্নয়নের জন্য যাত্রা শুরু করেছিলেন। তারপরেই পশ্চিমবাংলার পরিবর্তন এল। সেই পরিবর্তনকে সঙ্গে নিয়ে এল বাংলায় একটা সর্বনাশা সরকার। যারা পশ্চিমবাংলার পঞ্চায়েতগুলোকে ধ্বংস করে দিয়েছিল, বাংলার উন্নয়নগুলোকে ধ্বংস করে দিয়েছিল। আমরা আজকে বলতে পারি এবং অত্যন্ত গর্বের সঙ্গে বলতে পারি বাংলার মাটিতে, গ্রাম বাংলার মাটিতে পঞ্চায়েত দপ্তরের মাধ্যমে বাংলার

মানুষের কাছে সমস্ত পরিষেবা পৌঁছে যাচ্ছে। আমরা যারা গ্রামবাংলার মানুষ আমরা দেখেছি ২০ বছর ক্ষমতায় থাকার পরেও আমরা দেখতাম বর্ষাকালে গ্রামের রাস্তা দিয়ে হাঁটতে গেলে হাঁটু সমান কাদা থাকত। গ্রামবাংলার যে রাস্তাগুলো তৈরি হয়েছিল এক সময়, সেই রাস্তাগুলো দিনের পর দিন, বছরের পর বছর উন্নয়নের কোনো কাজ হত না। আজকে আমরা গর্বিত আমাদের সরকার নতুন করে গ্রাম বাংলার রাস্তাঘাটের উন্নয়ন করছেন। একটার পর একটা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার রাস্তা গ্রামের পর গ্রামকে আজকে সবুজ মাঠের বুক চিরে কালো পিচের রাস্তা জুড়ে দিচ্ছে, পরিবহণ ব্যবস্থার উন্নতি হচ্ছে। মানুষ এগিয়ে চলেছে তাদের কর্ম দক্ষতাকে সঙ্গে নিয়ে। স্যার, আমরা দেখেছি এই বাজেটে আমাদের মাননীয় মন্ত্রী আগামী দিনে আমাদের প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় ২০১৪ সাল পর্যন্ত ৪,৩৯৩ কিমি রাস্তা তৈরির তিনি পরিকল্পনা নিয়েছিলেন। তার মধ্যে ১,৮০৯ কিমি রাস্তা অলরেডি তৈরি হয়ে গেছে। এই রাস্তা সংস্কারের কাজে ১৪৪.৩০ কোটি টাকা ব্যবহৃত হয়েছে। এর মধ্য দিয়ে আমরা বুঝতে পারি যে, গ্রাম-বাংলার উন্নয়নের জন্য আমাদের সরকার কতটা আগ্রহী। পাশাপাশি আমরা বলতে চাই যে, আমরা দেখেছি যে, পশ্চিমবাংলায় একশো দিনের কাজ যে কাজের মাধ্যমে গ্রাম-বাংলার মানুষের একদিক থেকে আর্থিকভাবে উপকৃত হত, অন্যদিকে গ্রামের যে উন্নয়নের কাজ সেই একশো দিনের কাজের মাধ্যমে আজ তা রূপায়িত হতে পারত। আমরা অবাক হয়ে গিয়েছিলাম। একটা সরকার যারা সর্বহারা মানুষের কথা বলে ক্ষমতায় এসেছিল, যারা মানুষকে দু-মুঠো অন্নের যোগান দেবে বলে স্লোগান তুলেছিল, তারা ক্ষমতায় থাকাকালীন শুরু থেকে মাত্র দশ-পনের কোটি দিনের শ্রম-দিবস তৈরি করতে পেরেছিল। আর আমাদের সরকার আজকে ২০১৪ সাল পর্যন্ত আমরা দেখেছি, সেটা প্রায় তেইশ কোটির ওপরে শ্রমদিবস নিয়ে গেছেন। আজকে আমি বলব, যারা — সমালোচনা করবেন না, এখানে এই পবিত্র কক্ষে দাঁড়িয়ে স্লোগান তুলে নিজেদের অস্তিত্বের জানান দিচ্ছে, তা দিয়ে লাভ নেই। বাইরে আপনাদের কথা মানুষ শোনে না। আপনাদের ধাপ্পাবাজি, ধোকাবাজি বাংলার মানুষ দেখেছে। গ্রাম এগিয়ে চলেছে, গ্রামের উন্নয়ন এগিয়ে চলেছে। আপনারা মানুষের সর্বনাশ করেছেন। একশো দিনের কাজকে আপনারা মানুষের দরজায় পৌঁছে দিতে পারেননি। আজকে আমাদের মন্ত্রী মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় পশ্চিমবাংলার মাটিতে মানুষকে একশো দিনের কাজ দিয়ে মাত্র চারবছরের মধ্যে বাঁচার রাস্তা তৈরি করে দিয়েছিলেন। পাশাপাশি বলতে চাই, আপনারা বড় বড় কথা বলেন — স্বাস্থ্যই সম্পদ, আর আপনারা মানুষের স্বাস্থ্য উপযোগী জলটা পর্যন্ত পৌঁছে দিতে পারেননি। আমাদের সরকারের মাননীয় মন্ত্রী, মাননীয় সুব্রত মুখোপাধ্যায় আজকে আর্সেনিকমুক্ত জল, পরিস্রুত জল মানুষের দরজায় পৌঁছে দিয়েছেন। একটার পর একটা জল প্রকল্প তৈরি হচ্ছে। আমি নদীয়ার মানুষ হিসাবে আজকে গর্বিত। আজকে নির্মল বাংলায় ভারতবর্ষের মধ্যে নদীয়া জেলা দ্বিতীয় স্থানে উঠে এসেছে। আপনারা পারেননি। শুধু লুট-পাট করে খেয়েছেন। পঞ্চায়েতকে দুর্নীতিতে ডুবিয়ে নিজেদের সম্পত্তি বাড়িয়েছেন। বাংলার মানুষের উন্নয়ন করেননি। তাই আপনাদের কাছে বলে যাই, ...(নয়েজ)... আমাদের মুখ্যমন্ত্রী মহিলাদের জন্য পঞ্চাশ শতাংশ আসন সংরক্ষণ করেছে। আজকে মহিলাদের স্বশক্তিযোজনায় মহিলাদের উন্নয়ন চলছে। আপনারা শুধু তাকিয়ে তাকিয়ে দেখুন আর ঘরের মধ্যে এই হচ্ছে

না, ওই হচ্ছে না বলে স্লোগান দিন। বাইরে গিয়ে স্লোগান দিতে হবে না। মানুষ তাড়া করবে। ২০১৬ সাল গ্রাম-বাংলার উন্নয়নের মধ্য দিয়ে আবার বাংলার মানুষ বাংলার মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রতিষ্ঠা করবে। তাই আমি মাননীয় মন্ত্রীর যে বাজেট সেই বাজেটকে আরও একবার সমর্থন জানিয়ে এবং আমাদের মন্ত্রী যে দক্ষতা দেখিয়েছেন তার জন্য তাকে শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী দীপক চ্যাটার্জী : শ্রদ্ধেয়া ডেপুটি-স্পীকার ম্যাডাম, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী ৪০ নম্বর দাবীর ভিত্তিতে যে বাজেট বরাদ্দ করেছেন আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। এবং কাট-মোশানের সমর্থনে বলছি। আপনারা বললেন, সমালোচনা করবেন না। আমি কোনোরকম সমালোচনা করব না। আমরা জানতাম, ২০১১-র পরিবর্তনের সরকার আসার পরে তাদের কাছে প্রথম নির্বাচন। গ্রামবাংলার মানুষ রায় দিয়েছে তাদের পক্ষে। তারা এগারো-তেরো সালে পঞ্চায়েত নির্বাচন করবে। গ্রাম-বাংলার মানুষ অপেক্ষায় বসে আছে। গ্রামবাংলার মানুষ দেখল কি? দেখল, নির্বাচন হবে কিনা সন্দেহ আছে। নির্বাচন কমিশনের সঙ্গে লড়াই শুরু হল। নির্বাচন না করার জন্য মহামান্য হাইকোর্ট, সুপ্রিমকোর্ট অনেক কিছুই ঘটল, বাংলার মানুষ দেখল। জুলাই মাসে নির্বাচন হল। সেই নির্বাচনে মনোনয়নপত্র ফাইল করতে দেওয়া হল না। ...(নয়েজ)... গণতান্ত্রিক পদ্ধতিকে খণ্ডন করা হল। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়নপত্র ফাইল করতে গেলে তাদেরকে আটকে রাখা হল, গাছে বেঁধে রাখা হল। তখনই গ্রামবাংলার মানুষ বুঝে ফেলল যে, এ এমন কি পঞ্চায়েতের জন্ম হতে চলেছে। গ্রাম পঞ্চায়েতের নির্বাচন হল। নির্বাচনের পরে বোর্ড গঠনের সময় ভয় দেখিয়ে, লোভে দেখিয়ে, এমনকি খুন করে তৃণমূলের পঞ্চায়েত বোর্ড গঠন করা হল।

[2.30 - 2.40 p.m.]

তাহলে এই যে পঞ্চায়েতের জন্ম হল তারা কী কারণে এগুলো কাণ্ড ঘটালো? উন্নয়ন করার জন্য? না, লুটে-পুটে খাওয়ার জন্য? আমি আপনাদের সামনে বলতে চাই, বামফ্রন্ট সরকার '৭৮ সালে ত্রিস্তর পঞ্চায়েত তৈরি করেছিল। তার সাফল্য ক্রমাগত বৃদ্ধির ফলে আন্তর্জাতিক স্তরে পৌঁছে গিয়েছিল। আপনাদের লজ্জা করে না! গ্রাম পঞ্চায়েতে গ্রাম-সংসদ সভা বসানো হত। একটা ওয়ার্ডের উন্নতি করার জন্য সেখানে সমস্ত ভোটারদের নিয়ে, সে বিরোধীপক্ষের ভোটার হতে পারে, সরকার পক্ষের ভোটার হতে পারে, তাদেরকে নিয়ে সভা করা হত। কে ইন্দিরা আবাস যোজনার সুবিধা পাবে, SCP পাবে, কোন রাস্তাটি করা হবে, এখানে স্থায়ী সম্পত্তি আছে, নতুন সম্পত্তি কীভাবে সৃষ্টি করা যায়, গ্রাম-সংসদের মাধ্যমে মে এবং নভেম্বর মাসে সেটা আলোচনা করা হত। প্রধান থাকতেন চেয়ারম্যান। প্রধান না থাকলে উপ-প্রধান থাকতেন চেয়ারম্যান। সে যে কোনো দলের হতে পারে। এই গণতান্ত্রিক পদ্ধতির মাধ্যমে কর্মসূচী তুলে আনা হত পঞ্চায়েতে। আর, পঞ্চায়েতে সেগুলো কার্যকরী করার জন্য ভূমিকা নেওয়া হত। ১০০ দিনের কাজ বামফ্রন্টের আন্দোলনের ফসল। আপনারা সাজানো বাগানে এসে বসেছেন। সমস্ত কিছু পঞ্চায়েতে করে গেছে বামফ্রন্ট।

রাস্তা করেছে বলছিলেন না? এত এত রাস্তা করেছে? জেনে রাখবেন, '৭৮ সালে পঞ্চায়েতে আসার পরে গ্রামবাংলায় রাস্তাঘাট বলে কিছু ছিল না। সারা পশ্চিমবাংলায় রাস্তাঘাটের রূপরেখা দিয়েছে বামফ্রন্ট। আর, সেই রূপরেখার ওপর আপনারা এখন কংক্রিট দিচ্ছেন, পীচ দিচ্ছেন আর, বলছেন 'আমরা সব রাস্তাঘাট করে দিয়েছি'।

১০০ দিনের কাজে জবকার্ডে দুর্নীতি। শ্রমদিবস দেখাচ্ছেন? JCB দিয়ে মাটি কাটাচ্ছেন আর টাকাগুলো লুটে-পুটে খাচ্ছেন। খুব মজা পেয়েছেন! বামফ্রন্ট পঞ্চায়েত তৈরি করে দিয়েছিল আর সেই পঞ্চায়েতে আপনারা এইসব করছেন। বিরোধী দলকে কোনো মর্যাদা দিচ্ছেন না। আমি উদাহরণ দিয়ে, নাম করে আপনাদের বলে দিচ্ছি। পঞ্চায়েতের বিভিন্ন জায়গায় NREGA-র টাকার কী অবস্থা। উদাহরণ দিচ্ছি। মুরারই ওয়ান, মুরারই টু। বীরভূম জেলার শেষ প্রান্ত। মুরারই ওয়ান তৃণমূল পরিচালিত বোর্ড। ৪০ কোটি টাকা স্যাংশন হল। মুরারই টু, বামফ্রন্ট পরিচালিত বোর্ড। Action Plan-এ দেওয়া হয়েছিল ২৬ কোটি টাকা। ৮ লক্ষ টাকা অনুমোদন করা হল। আপনারা উন্নয়ন করবেন? মুরারই টু-তে মানুষ বাস করে না? ব্লকে মানুষ বাস করে না? সেখানে NREGA-র কাজ হবে না? আপনি খোঁজ নিয়ে দেখবেন।

ইন্দিরা আবাস দিচ্ছেন আপনারা। বামফ্রন্ট পরিচালিত পঞ্চায়েত। জনসংখ্যার ভিত্তিতে সেখানে পাবে ১৫০ জন। বলছেন, না দেওয়া হবে না। এখানে ১৫০ পাবে না, ৭৫ জনের নাম পাঠান। আরামডো, মুরারই টু, আমার বিধানসভা এলাকার তিনটে অঞ্চল আছে। রুদ্রনগর অঞ্চলকে কার্টেল করে দেওয়া হচ্ছে। আরামডো অঞ্চল তৃণমূল পরিচালিত বোর্ড। জনসংখ্যার ভিত্তিতে তারা পাবে ১০০ তাদেরকে দেওয়া হচ্ছে ২৯০। এবং আগে থেকে টাকা তুলে দেওয়া হচ্ছে। আপনারা এখানে উন্নয়ন করবেন?

বিরোধী দলের কোনো মর্যাদা নেই? পঞ্চায়েত মানেটা কী? পঞ্চায়েত সিস্টেমের মাধ্যমের মহাত্মাগান্ধীর কী কথা বলছেন? আমাদের ভারতবর্ষের মহান নেতা পঞ্চায়েতের স্বপ্ন দেখেছিলেন। এখন এই সমস্ত কাণ্ডগুলো করার ফলে কী হচ্ছে? মারামারি হচ্ছে। ভাগাভাগিতে যাদের পোষাচ্ছে না দল ভাঙাভাঙি হচ্ছে। ভয় দেখিয়ে মেম্বারকে কিনে নেওয়া হচ্ছে। পুষ্কর ওয়ান পঞ্চায়েত আমার বিধানসভায়। ফরোয়ার্ড ব্লক ৫, সি.পি.এম ২, তৃণমূল ৪। ভাঙিয়ে নেওয়া হল ফরোয়ার্ড ব্লক থেকে, নিয়ে চলে যাওয়া হল। তৃণমূল পরিচালিত বোর্ড। এক বৎসরের মাথায় আবার তাকে আমরা যেভাবে হোক ফিরিয়ে আনলাম। তখন সেই তৃণমূলের প্রধান বলছেন 'আমিও ফরোয়ার্ড ব্লক করব'। এই মানসিকতার তৈরি করা হচ্ছে বোর্ড দখলের জন্য। মাননীয় মন্ত্রী আমরা তখন অনেক ছোট, খুব ছোট থেকে নাম শুনে আসছি, আপনি তো কঠোর হাতে বিষয়টা দেখবেন। আমি আমার উদাহরণ দিচ্ছি। এটা যদিও পঞ্চায়েতের মধ্যে পড়ে না। তবু এইভাবে বিরোধী দলগুলোকে আক্রমণ করা কিসের জন্য? সমন্বয় হতে পারে না? বিরোধী দলগুলোর সঙ্গে আলাপ-আলোচনা চলতে পারে না? তাহলে কী গ্রামবাংলার ক্ষতি হয়ে যাবে? তাহলে কী আপনারা ভয় পাচ্ছেন? একতরফা ভালোবাসা হয় না। প্রমাণিত

গ্রামবাংলার মানুষ আপনাদের ভালোবাসে। কিন্তু এটাও প্রমাণিত আপনারা গ্রামবাংলার মানুষকে ভালোবাসেন না। এই জায়গায় দাঁড়িয়ে অনেক চিন্তাভাবনা করতে হবে। মিড-ডে মিল—একটা প্রাইমারি স্কুলে মিড-ডে মিল হচ্ছে। তৃণমূল পরিচালিত বোর্ড, গ্রাম পঞ্চায়েতের মেম্বার আছে। ১৫০ জন ছাত্র ৪০ জন আছে, পয়সা পেয়ে যাচ্ছে ১৫০ জনের। দেখভাল করার লোক নেই। গ্রাম পঞ্চায়েতের মেম্বারকে হাতে করে নিচ্ছে। সেখানে পার্সেন্টেজ হয়ে যাচ্ছে। পয়সাটা লুঠপাট হয়ে যাচ্ছে। আপনি খরচা করছেন, প্রতিটি প্রকল্পে আপনি দেখাচ্ছেন খরচ হচ্ছে, কিন্তু বাস্তব যে পরিস্থিতিগুলো হচ্ছে, জনপ্রতিনিধিদের কোনো মূল্য নেই। বিধায়কদের কোনো জায়গায় যুক্ত করা যায়নি। তার জন্য আজকে গ্রামবাংলার মানুষ আক্রান্ত হচ্ছে। সমাজ কল্যাণ দপ্তরের ভাতাগুলি দেওয়া — বার্ধক্য ভাতা, বিধবা ভাতা তুলে দিয়েছেন। আরো লজ্জাজনক ঘটনা বামফ্রন্ট পরিচালিত বোর্ডগুলোতে বার্ধক্যভাতা পাবে, বিধবা ভাতা পাবে, তাদেরকে দেওয়া হচ্ছে না, কার্টেল করে দেওয়া হচ্ছে। প্রতিবন্ধী ভাতা যদি কোনো সুপারিশ থাকে সেখানে কার্টেল করে দেওয়া হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আপনি এই সমস্ত ব্যাপারগুলো আপনি চিন্তাভাবনা করুন। গ্রাম পঞ্চায়েতের উন্নয়ন এত সহজে হবে না। পঞ্চায়েত একটা বিশাল ব্যাপার। এই যে পঞ্চায়েতে নিজস্ব আয় কি হচ্ছে। এই যে বাজেট বইয়ে লিখেছেন। প্রতিটি পঞ্চায়েতে নিজস্ব আয় করার জন্য কি এমন উৎসাহ দিয়েছেন আপনি? হ্যাঁ, তারা নিজস্ব একটা আয় করুক এবং সেই আয়ের খরচ কি হচ্ছে। তাদের নিজস্ব সম্পদ ছিল ১৫ বছর আগে প্রতিটি পঞ্চায়েতে আপনি সার্ভে করে দেখুন যে পঞ্চায়েতগুলোতে নিজস্ব সম্পদ ছিল সেগুলো আজকে আদৌ আছে কিনা। নতুন নিজস্ব সম্পদ সৃষ্টি করার জন্য আপনি কোনো পরিকল্পনা তাদেরকে দিয়েছেন কি না। এই ধরনের কোনো কাজ-কারবার নেই শুধু পি.এইচ.ই দপ্তরের মতো কাগজকলমে ২১% ছিল ৩৮% করে দিয়েছি। কাগজ-কলমে জল খাইয়ে দিলেন আর কোনো জায়গায় নলবাহিত ব্যাপার নেই। এই ৩৮% এসেছে বামফ্রন্ট আমলে যে প্রকল্পগুলো নেওয়া হয়েছে সেগুলোকে হয়তো ইমপ্লিমেন্টেশান করেছেন কিংবা হয়তো উদ্বোধন করেছেন। সেইজন্য হয়তো ৪৮% গিয়ে পৌঁছেছে। তাই আজকে গ্রামবাংলার মানুষ আক্রান্ত। মানুষ খুন হচ্ছে, পঞ্চায়েতের মেম্বারই পাওয়ার জন্য মারামারি হচ্ছে। খুন হচ্ছে, গণতন্ত্র বিপন্ন। আর উন্নয়ন সম্পূর্ণরূপে পশ্চিমবাংলার গ্রাম পঞ্চায়েত স্তরে স্তব্ধ হয়ে আছে। এই কথা বলে শেষ করছি, জয়হিন্দ, ধন্যবাদ।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে এই পবিত্র সদনে পশ্চিমবঙ্গ সরকারের গ্রাম পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের সম্মানীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় ৪০ নম্বর দাবির সমর্থনে ১০ হাজার ৯৩৭.৫৪ কোটি টাকা যে বরাদ্দ আছে এবং তাকে সমর্থন করবার জন্য যে আবেদন জানিয়েছেন সেই আবেদনে আমার পূর্ণাঙ্গ সমর্থন জানিয়ে এবং বিরোধী দলের আনা যে কাট মোশান তার তীব্র বিরোধিতা করে আলোচনায় অংশগ্রহণ করছি। এতক্ষণ আমাদের দীপকবাবুর কথা শুনছিলাম। বিরোধী দলে আমাদের যারা বন্ধুরা রয়েছেন তারা তাদের বক্তব্যকে উপস্থাপন করছিলেন এই সদনে। তারা বলছিলেন যে কিছুদিন আগে ত্রি-স্তর পঞ্চায়েত নির্বাচন হয়েছিল। নির্বাচন কমিশনের সঙ্গে

নাকি গণ্ডগোল চলছিল। কিন্তু একটা কথা আপনাদের বলি, কি গণ্ডগোল, কি ব্যাপার সেটা আপনারা ভালভাবেই জানেন। আমরা ওর ঊর্ধ্বে থেকে বলি, এতবড় বর্ষার সময় যে প্রতিকূল অবস্থার মধ্যে দিয়ে তৃণমূল কংগ্রেস চলছিল তাতে যে মা-মাটি-মানুষের সরকার অনেক বেশি সাহায্য করেছে এলাকার মানুষরা তার ভোটের মাধ্যমে প্রমাণ করে দিয়েছে এটা থেকে আপনাদের শিক্ষা নেওয়া উচিত। আজকে বাংলার মা-মাটি-মানুষের যা চিন্তা, মাননীয়া মুখ্যমন্ত্রীর যে দিশা সেই দিশার কাছে আপনাদের কোনো কথা এখানে আসতে পারে বলে আমি মনে করি না। আপনারা যেভাবে বামফ্রন্ট সরকারের আমলে পঞ্চায়েত গঠিত হয়েছে বলে যেভাবে উদাত্ত কণ্ঠে বলবার চেষ্টা করেছিলেন, আপনারা ভালভাবেই জানেন কিভাবে গ্রামাঞ্চলের পরিবেশটাকে বিনষ্ট করে দিয়েছিলেন।

[2.40 - 2.50 p.m.]

সেখানে বিরোধী দল বলতে আজকে যারা তৃণমূল কংগ্রেস বা কংগ্রেস ছিল, তাদের অধিকার সেদিন প্রতিষ্ঠিত হয়নি। গ্রাম সংসদে যাওয়ার তাদের অধিকার হয়নি। আপনারা একতরফাভাবে কাজকর্ম করতেন। আজকে যে স্বচ্ছতার প্রশ্ন তুলেছেন, আপনাদের সময় আপনাদের আয়-ব্যয়ের টাকায় কিংবা অন্য যে কোনো টাকায় আপনাদের লিডাররা সেখানে বাইরে ব্যাঙ্কের কাছে বসে থাকত। ওখান থেকে টাকা তুলে নেওয়ার পরে তাদের হাতে তুলে দিতে হত। এই নিয়মটা আপনারা চালিয়ে এসেছিলেন বিগত পঞ্চায়েতের আমলে। ফলে এই অবস্থার মধ্য দিয়ে আজকে যে আপনারা স্বচ্ছতার প্রশ্ন তুলেছেন, এটা তোলা স্বাভাবিক কিনা, সেটা আপনাদের কাছে আমরা প্রশ্ন করে দেখতে পারি। আমাদের মাননীয় নেতাজী তিনি একটা কথা বলেছিলেন। "সময় বা সামর্থ্য থাকা সত্ত্বেও যারা কাজ করে না তাদের সাহায্য করে আলস্যের প্রশ্রয় দেওয়া ঠিক নয়।" ৩৪ বছর যে সময় ছিল, যে সামর্থ্য ছিল, সেই সামর্থ্যের বিনিময়ে বাংলাকে আপনারা সুন্দর করে পঞ্চায়েতের একটা রূপরেখা তৈরি করে দিতে পারেননি। আজকে পঞ্চায়েতের রূপরেখায় আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে যেভাবে আজকে এন.আর.ই.জি.এ.-র কাজগুলো হয়েছে, সেখানে আমাদের এলাকার শ্রমিকরা অংশগ্রহণ করে তাদের বাৎসরিক যে রুজি রোজগার সেটা যোগাড় করতে পেরেছে। রাস্তাঘাটগুলো ছিল না। কি বলছেন আপনারা? কতটুকু রাস্তা করে গেছিলেন? মাটির রাস্তাগুলো আজকে সব জায়গায় কমপ্লিট হয়ে গেছে। তেমনিভাবে ইটের রাস্তাগুলোকে সেখানে তৈরি করে সব জায়গায় একটা ঝকঝকে অবস্থা তৈরি করা হয়েছে, অর্থাৎ অবস্থার পরিবর্তন ঘটানো হয়েছে। এন.আর.ই.জি.এ. প্রকল্পে আজকে আমরা দেখতে পাচ্ছি, শ্রমদিবসের ক্ষেত্রে আপনারা দেখতে পেয়েছেন, এই শ্রমদিবসটা ১২-১৩ থেকে ২০.১৮ কোটি টাকা থেকে আরম্ভ করে ১৩-১৪ তে যায় ২৩.১৫ কোটি টাকা। ১৪-১৫-তে ১৬.৮৪ কোটি টাকা। এটার দ্বারাই প্রমাণ করে দেওয়া যায় যে পঞ্চায়েতের অগ্রগতির অভিমুখটা কোন দিকে গেছে এবং এটা যদি পরিশীলিত অবস্থায় যদি না নিয়ে যাওয়া হত তাহলে এই ধরনের কাজ করা কোনো মতেই সম্ভব হত না। ইন্দিরা আবাসনের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আপনারা বলবেন ২০০৫ সালে আপনারা যেসময় আইনটা পাশ করেছিলেন, ২০০৫ সালে যে কাজের মধ্য দিয়ে বি.পি.এল. তালিকা তৈরি

করেছিলেন, সেখানে দলের এত কদর্য রূপরেখা ছিল, যারা গরীব মানুষ নয়, এমন কিছু মানুষকে আপনারা তুলে দিয়েছিলেন। কিন্তু সেই জায়গায় বি.পি.এল. তালিকায় তার নাম থাকার কারণে, এটা মা-মাটি-মানুষের সরকারের বিশেষত্ব, যে সেখানে এইভাবে দলবাজি করে তাকে বাতিল করে দেওয়া হয় না। আমরা আমাদের গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, যেমন তার রেসিও আছে, সেই রেসিওর অনুপাতে, যদিও জানি দলবাজির কারণে তারা ওখানে নামটা তুলে নিতে পেরেছে, তবু তাদেরকে বাদ দেওয়ার কোনো প্রশ্নই আসে না। সেই কারণের জন্য আজকে ১৪-১৫, এখানে আমরা ৪ লক্ষ ২৭০৪৯, এই হাউসগুলোকে আমরা কন্সট্রাকশান করতে পেরেছি, ফার্স্ট ফেজ এবং সেকেন্ড ফেজ করে। এটা একটা বিশেষ অ্যালটমেন্ট। আমরা পরবর্তীকালে দেখতে পাচ্ছি ন্যাশনাল রুরাল লাইভলি মিশন, যেটার মধ্য দিয়ে গ্রামীণ বিকাশটা আর্থিক সামাজিক ক্ষেত্রে গ্রামীণ মহিলাদের বিশেষ ভাবে আজকে এস.জে.এস.ওয়াই গ্রুপের মধ্য দিয়ে, আনন্দধারা প্রকল্পের মধ্য দিয়ে আর্থসামাজিক অবস্থা তৈরি করার জন্য চেষ্টা করেছি। মাননীয় গভর্নমেন্টের পক্ষ থেকে আমরা জানি অন্ধ্রপ্রদেশে যারা পি.আর.পি. এবং সি.আর.পি, তারা এসে আমাদেরকে প্রশিক্ষণ দিচ্ছে। এই প্রশিক্ষণের মধ্য দিয়ে তারা ব্যাঙ্ক থেকে যে টাকাগুলো নেবে, কিভাবে টাকাগুলোকে শোধ করতে হবে এবং সময়মতো যদি টাকা শোধ করতে পারে তাহলে ৭% জায়গায় ৪% ইন্টারেস্ট তাদের দিতে হবে। এই অধ্যায়টাকে তৈরি করার যে উদ্যোগ গ্রহণ করেছে মা-মাটি-মানুষের সরকার, একে নিশ্চয় আপনাদের স্বাগত জানানো ছাড়া অন্য কোন পথ আছে বলে আমি মনে করি না। নির্মল ভারত অভিযান, অনেক আগে শুরু হয়েছিল। এপ্রিল ১২, সেখানে এন.বি.এ শুরু করেছিল। ২.১০.১৪ তারিখে স্বচ্ছ ভারত মিশন, এটাও একটা চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ কি আপনারা কখনও দেখতে পেরেছেন? আজকে মা-মাটি-মানুষের সরকার প্রত্যেকটি ক্ষেত্রে যে চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে আজকে গোটা ভারতবর্ষের মধ্যে চারটি জেলা আজকে নির্মল মিশন বাংলা, এই জায়গায় প্রাধান্য বিস্তার করতে পেরেছে। এই চারটি জেলার মধ্যে তিনটি জেলা হচ্ছে পশ্চিমবঙ্গের তিনটি জেলা হিসাবে চিহ্নিত হতে পেরেছে। এটার দ্বারা বোঝা যায় যে আমাদের গতিমুখটা কোথায়। কিভাবে উন্নয়ন সংঘটিত হয়। একদিকে বি.আর.জি.এফ. থেকে, আর একদিকে পি.এম.জি.এস.ওয়াই, সেখানেও আমাদের অগ্রগতি যেভাবে ঘটেছে, এটাকে নিঃসন্দেহে একটা গুরুত্বপূর্ণ অধ্যায় বলে আমরা মনে করতে পারি। এবারে আমাদের চার হাজার কিলোমিটার রাস্তা পি.এম.জি.এস.ওয়াই-এর রাস্তা। যে রাস্তার বিনিময়ে আজকে গ্রামাঞ্চলে সব জায়গায় রাস্তাগুলো ঝকঝকে, চকচকে হয়েছে। এই সমস্ত কারণের জন্য আমরা মনে করি একদিকে পি.এম.জি.এস.ওয়াই, আবার নাবার্ড থেকে আর.আই.ডি.এফের মাধ্যমে যে কাজগুলোকে আমরা করবার চেষ্টা করেছি ১৩-১৪তে ১৯৪.৫৪ কোটি টাকা, সেখানে হান্ড্রেড পারসেন্ট টাকা আমরা রিলিজ করেছি, সেই টাকা আমরা খরচ করতে পেরেছি। ২০১৪-'১৫তে ১৯০ — ১৯০ই খরচা করতে পেরেছি। এভাবে করে প্রত্যেকটা ডিপার্টমেন্টকে আমরা বিশেষভাবে উদ্যোগ গ্রহণ করে এগিয়ে দিতে পেরেছি। তাই পরিশেষে বলব এটাকে আমরা পূর্ণ সমর্থন করি, আর যারা এখানে কথাবার্তাগুলো বলছেন, তারা কম কথা বলুন, মানুষ আপনাদেরকে রায় দেয়নি, মানুষ আপনাদের বিরোধিতা করেছে। প্রত্যেকটা নির্বাচনে আপনাদেরকে পিছনের দিকে ঠেলে

দিয়েছে। অতএব ওই জায়গা থেকে আসুন না আমাদের সঙ্গে, আমরা একসঙ্গে করে গোলাম মোস্তাফার সেই কবিতাটা বলি— 'দেশ মাতাকে পূজব গো, ব্যথীর ব্যথা বুঝব গো, ধন্য হবে দেশের মাটি, ধন্য হবে অন্নজল।' আমাদের এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী পশ্চিমবঙ্গ সরকারের ২০১৫-'১৬ সালের যে বাজেট পেশ করেছেন, সেই পরিপ্রেক্ষিতে কতকগুলো জ্বলন্ত বিষয় তুলে ধরার চেষ্টা করব। শুধু বিরোধী বলে বিরোধিতা নয়, কারণ আজকে যে বিষয় নিয়ে বাজেট আমাদের এখানে পেশ করেছেন, সেই বাজেটের উপরে নির্ভর করে সেই বিভাগ, সেই পঞ্চায়েতের উপর নির্ভর করে আজকে গ্রামীণ অর্থনৈতিক অবস্থা, গ্রামীণ পরিকাঠামোর উন্নয়ন নির্ভর করছে। তাই আজকে সেই বিষয়গুলো এখানে তুলে ধরার চেষ্টা করব। কারণ সুব্রত মুখার্জী আর অন্যান্য মিনিস্টারদের উপরে আমাদের আস্থা যতটুকু আছে — ওনার প্রতি আমাদের আস্থা আছে। কারণ এই পঞ্চায়েতিরাজ ব্যবস্থাকে তৃণমূলস্তরে অর্থাৎ গ্রামের মানুষের হাতে যেন গণতন্ত্র এবং উন্নয়ন পৌঁছে যায় তার জন্য রাজীব গান্ধী যে চেষ্টা করেছিলেন যে, গ্রামের মানুষকে যেন উপরের স্তরে হয়ত প্রধানমন্ত্রী, আমাদের মুখ্যমন্ত্রী, যারা উপরের মহলে আছেন, তাদের কাছে যেন গ্রামের মানুষকে যেতে না হয়, তার জন্য তিনি গ্রামের মানুষের হাতে ক্ষমতা তুলে দেওয়ার জন্য পঞ্চায়েতিরাজ ব্যবস্থা করেছিলেন। তার জ্বলন্ত সাক্ষী আজকে যিনি বাজেট পেশ করেছেন মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী — তাই ওনার কাছে আমাদের অন্তত আশা যে উনি নিশ্চয়ই আমাদের সমস্যার সমাধান করার চেষ্টা করবেন। আজকে যে বিষয়টি আমি এখানে উত্থাপন করার চেষ্টা করব যে, আজকে যে গণতন্ত্র এবং উন্নয়নকে কেন্দ্র করে গ্রামের উন্নয়ন, আজকে আপনি যে পঞ্চায়েত আইন পাস করেছিলেন আপনার টাইমে এবং আজকে আমরা দেখতে পাচ্ছি যে, পঞ্চায়েতে কেবলমাত্র আপনাদের গোষ্ঠী কোন্দলকে থামানোর জন্য, প্রধানকে বাঁচানোর জন্য এক বছরের জায়গায় আপনি আড়াই বছর করলেন কেবলমাত্র আপনাদের প্রধানদের বাঁচানোর জন্য। কিন্তু মনে রাখবেন যেগুলি আজকে আমরা সিদ্ধান্ত নেব, আজকে যদি গ্রামপঞ্চায়েতে কাজ না হয়, পঞ্চায়েত সমিতিতে যদি কাজ না হয়, যেখানে আজকে বিরোধী আসনে বসে আছেন, বিরোধীরা বসে আছেন পঞ্চায়েত সমিতির সভাপতি হয়ে, গ্রাম পঞ্চায়েতের প্রধান হয়ে — মনে রাখবেন সেখানে যদি গণতন্ত্রকে প্রতিষ্ঠা না করে দলতন্ত্রকে প্রতিষ্ঠা করেন অপরপক্ষে খরচ না করেন, সেই দায়ভার কিন্তু এসে পড়বে আপনার উপরে। আপনি খরচপত্র না দেখালে সেই টাকা আপনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবেন না। একটা আমাদের খুব গর্বের বিষয়, কিন্তু গর্বের বিষয়ের পাশাপাশি আমাদের আবার লজ্জার বিষয়। আপনি পাস করেছেন, এখানেই আমরা পাস করেছি এই বিধানসভায় যে মহিলাদের জন্য ৫০ শতাংশ আসন আজকে সংরক্ষিত হয়েছে। এটা একদিকে যেমন আমাদের গর্বের, ঠিক অপরদিকে আমাদের লজ্জার। আমি অন্তত পক্ষে আপনাদের কাছে অনুরোধ করব আজকে যেভাবে আধিকারিকদের মাথায় রেখে দিয়ে, আজকে আমাদের যারা জনপ্রতিনিধি, তাদেরকে অপদস্থ করা হচ্ছে। সেই বিষয়টি আপনাকে দেখার জন্য অনুরোধ করব। আপনাদের মুখ্যমন্ত্রী

থেকে শুরু করে আপনারা — আমরা জানি যে, আপনারা ডি.এম-এর সাথে যোগাযোগ করছেন, আপনারা বি.ডি.ও-দের সাথে ডাইরেক্ট যোগাযোগও করছেন। কিন্তু কেন করছেন না সভাধিপতিদের সঙ্গে যোগাযোগ, কেন করছেন না সভাপতির সঙ্গে যোগাযোগ, কেন করছেন না আজকে প্রধানদের সঙ্গে যোগাযোগ? তাতে আমরা কি কৃতিত্ব দেব আপনাদের। আপনারা ডাইরেক্ট — বিশেষ করে যেখানে মহিলা প্রধান রয়েছেন, মহিলা পঞ্চায়েত সমিতির সভাপতি রয়েছেন, মহিলা জেলাপরিষদের সভাধিপতি আছেন অন্ততপক্ষে সুব্রতবাবু — আপনার কাছে আমার তাদের জন্য বিশেষ অনুরোধ যে, তাদের সঙ্গে কথা বলুন কিভাবে তারা আধিকারিকদের দ্বারা অপদস্থ হচ্ছেন।

[2.50 - 3.00 p.m.]

তাহলে হয়তো সমস্যার সুরাহা একটা বেরোতে পারে। আজকে আমরা দেখতে পাচ্ছি যে বি.পি.এল. — কিছুক্ষণ আগে হাউসের ফার্স্ট আওয়ারে মাননীয়া মুখ্যমন্ত্রী যদিও বলেছেন। আমরা জোট করে ভোট করেছিলাম। জোট করে ভোট করে পাবলিকের কাছে আমরা কথা দিয়েছিলাম ভুল যে বি.পি.এল. তালিকা আছে সেই তালিকা আমরা যখন ক্ষমতায় আসব নতুনভাবে, ফ্রেসভাবে প্রকাশ করব। কিন্তু এখনও পর্যন্ত সেই বি.পি.এল. তালিকা প্রকাশিত হল না। আর একটা বছর, এক বছর পর আমাদের হোক বা আপনাদের মানুষ কিন্তু প্রশ্ন করবে কোথায় সেই ফ্রেস বি.পি.এল. তালিকা। আজকে এম.জি.এন.আর.ই.জি.এস-তে মাননীয় সুব্রতবাবু দেখিয়েছেন যে ২০১৩-১৪ সালে আমরা শ্রমদিবস করতে পেরেছি ২৩.১৫ কোটি। ২৭.১.২০১৫-তে আমাদের শ্রমদিবস হয়েছে ১২.৯৭ কোটি। অর্থাৎ আমাদের এখানে শ্রমদিবস কমে গিয়েছে। ১৪.১১.২০১৪-তে মজুরি বকেয়া দেখতে পেয়েছি। আপনি এখানে বক্তব্যে বলেছেন যে ৭৩৩ কোটি ৯৭ লক্ষ ৫৭ হাজার, আপনি এখানে উদ্বেগ প্রকাশ করেছেন যে এন.আর.ই.জি.এস.-এর টাকা কেন্দ্রীয় সরকার আমাদের দিচ্ছে না। যখন কেন্দ্রে ইউ.পি.এ. সরকার ছিল তখন সিদ্ধান্ত নিয়েছিল যে একটি লোকও যেন দুবেলা না খেয়ে থাকেনা। তার জন্য এন.আর.ই.জি.এস. অ্যাক্ট এনেছিল ইউ.পি.এ. সরকার। কিন্তু আজকে আমরা দেখতে পাচ্ছি আপনি এখানে ফলাও করে বলছেন এবং এটা ভালো কথা কাজ দিয়েছেন। কিন্তু কাজ দেওয়ার পর, যে গরিব লোককে কাজ দিলাম, সে মাথার ঘাম পায়ে ফেলে কাজ করল, সেই গরিবদের আজকেও মজুরি দেওয়া হল না। সেই বকেয়া মজুরি পড়ে আছে। এর দায়ভার কে নেবে? রাজ্য না কেন্দ্র, আপনারাই ঠিক করুন। অনেক সময় দেখতে পাচ্ছি আপনারা কোথাও ঝালমুড়ি খাচ্ছেন বা বিদেশ সফর করতে যাচ্ছেন একসঙ্গে। তাহলে কেন এটা সুরাহা হচ্ছে না? কেন আজকে শ্রমিকদের শ্রমদিবসের টাকা ফিরিয়ে দিতে পারছেন না? এটা আপনারা বসে ঠিক করুন। আজকে আমরা দেখতে পাচ্ছি এন.আর.এল.এম, এন.আর.ই.জি.এস.-এর মাধ্যমে এন.আর.এল.এম.-এর সমন্বয়ের জন্য বিশেষ উদ্যোগ নিয়ে গ্রাম পঞ্চায়েতে যে ইনস্টিটিউশান আছে, সেগুলোকে সক্ষম করবার জন্য আপনি চেষ্টা করছেন, এটা ভালো কথা। কিন্তু যেটা আমার পূর্ববর্তী বক্তা বলেছেন, আমি সুব্রতবাবুকে বলব, কারণ আপনি জানেন যে আমাদের মাথায় একটা বিরাট বড় বোঝা আসতে চলেছে। পঞ্চায়েতকে যদি আমরা স্বাবলম্বী করতে না

পারি, যদি নিজস্ব সম্পদ সৃষ্টি করতে না পারি তাহলে কিন্তু আগামী দিনে পঞ্চায়েত ব্যবস্থা ভেঙে পড়বে। তাই সম্পদ সৃষ্টির দিকে আমি আপনাকে নজর দেওয়ার জন্য অনুরোধ করব। ইন্দিরা আবাস যোজনা, আজকে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির মধ্যে প্রকাশ্যে বিরোধ তৈরি হয়েছে। গ্রাম পঞ্চায়েত আজকে সমস্ত এনকোয়ারি করে লিস্ট পাঠাচ্ছে। সেখানে পঞ্চায়েত সমিতি অর্থাৎ ব্লকস্তর থেকে যখন টাকা যাচ্ছে তখন পঞ্চায়েত সমিতির যারা পাবলিক রিপ্রেজেনটেটিভ তারা বলছে, টাকা যখন এখান থেকে যাবে তখন এনকোয়ারির রিপোর্টও এখানে আসবে। ফলে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতির মধ্যে বিরোধ দেখা দিয়েছে। এমন একটা অবস্থা তৈরি হয়েছে যে সেটা লেন্দি টাইম লাগছে। যথা সময়ে টাকা আমরা ছাড়তে পারছি না। আজকে এস.এস.কে এবং এম.এস.কে, ১৬ হাজার ৯৮টি এস.এস.কে স্কুল আছে এবং ১ হাজার ৯১৮টি এম.এস.কে স্কুল আছে। আপনারাই বলেছিলেন যে আমরা সরকারে আসার পরে এদেরকে একই ছাদের তলায় নিয়ে আসব। কিন্তু এখনও পর্যন্ত এস.এস.কে এবং এম.এস.কেগুলোকে একই ছাদের তলায় নিয়ে আসা হল না। আজকে এস.এস.কে স্কুলে যারা শিক্ষকতা করে তারা মাসে ৫ হাজার ৪০০ টাকা পায়, এবং যারা এম.এস.কে স্কুলে শিক্ষকতা করে তারা মাসে ৮ হাজার ১০০ টাকা করে পায়। তাই আপনার কাছে আপিল করব সর্বশিক্ষা মিশনের আওতায় তাদেরকে যেন একই ছাদের তলায় আনা হয়। স্যার, আমি আর একটা পয়েন্ট বলে শেষ করব। স্যানিটেশন নিয়ে একটা বিশাল সমস্যা তৈরি হয়েছে। ইন্টারনেটে যে লিস্ট বেরিয়েছে, সেই লিস্ট অনুযায়ী — বিরোধী হলেও আমি বলব খুব ভালো কাজ হচ্ছে স্যানিটেশনে। কিন্তু একটা প্রবলেম তৈরি হয়েছে। ইন্টারনেটে যে লিস্ট বেরিয়েছে, সেই লিস্ট অনুযায়ী বাবার নামে স্যানিটেশান পাচ্ছে। কিন্তু এখন দেখা যাচ্ছে সেই বাবার চারটি ছেলে আছে, তারা আলাদা আলাদা বাড়ি করেছে, তারাও ডিমান্ড করছে। এই জায়গাটায় যদি আপনি পার্সোনালি ইন্টারফিয়ার করে সমস্যার সমাধান করতে পারেন তাহলে আরও বেশী শৌচালয় করা যাবে এবং স্বচ্ছ মিশন, স্বচ্ছ বাংলা যা আমরা গড়তে চাইছি সেটা সফল হবে। আমি আর একটা কথা বলব সুব্রতবাবুকে — আপনার দল যাই বলুক, মুখ্যমন্ত্রী যাই বলুন না কেন আপনি ভালো করেই জানেন যে যখন জয়রাম রমেশজী ছিলেন তখন আপনার ডিপার্টমেন্টে কোটি কোটি টাকা এক্সট্রা দিয়েছিলেন। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রীমতী বীণা মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয় ২০১৫-১৬ সালের জন্য ৪০ নং দাবীর অধীনে যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন জানাই।

আজকে মাননীয় পঞ্চায়েতমন্ত্রী উন্নততর পরিষেবা প্রদানের মধ্যে দিয়ে পঞ্চায়েতগুলোকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। ত্রিস্তরীয় পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ স্তর গ্রাম পঞ্চায়েত। সেই গ্রাম পঞ্চায়েতের পিছিয়ে পড়া মানুষদের জন্য তিনি পরিষেবা দিয়ে যাচ্ছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে পঞ্চায়েতমন্ত্রী মিশন নির্মল বাংলার যে কাজ করছেন তাতে আজকে পশ্চিমবঙ্গের জয়-জয়কার। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে আগামী ২রা অক্টোবর ২০১৯ সালের মধ্যে পশ্চিমবাংলার সমস্ত গ্রাম

পঞ্চায়েতগুলোকে নির্মল করে দেবেন। আমরা দেখছি স্বাধীনতার এত বছর পরেও পশ্চিমবাংলার সমস্ত বাড়িতে শৌচাগার পৌঁছয়নি। আজকে আমাদের মাননীয় মন্ত্রী প্রতিটি বাড়িতে শৌচাগার নির্মাণের ব্যবস্থা করে দিচ্ছেন। এমনকি শিশুদের মলও সেই শৌচাগারে নিষ্কাশিত হবে। আমরা দেখছি প্রাথমিক বিদ্যালয়ে, মাধ্যমিক বিদ্যালয়ে, শিশুশিক্ষা কেন্দ্র, মধ্যশিক্ষা কেন্দ্র, অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এই শৌচাগার নির্মিত হবে এবং সেইগুলো ব্যবহারযোগ্য হবে। আমরা দেখতে পাচ্ছি ভারতবর্ষের ২৯টি রাজ্যের মধ্যে নির্মল বাংলা প্রথম স্থান অধিকার করেছে, এবং পশ্চিমবঙ্গের নদীয়া জেলা সারা দেশের যত জেলা আছে তার মধ্যে প্রথম স্থান অধিকার করেছে, যা আজকে শুধু ভারতেরই নয়, বিশ্বের মধ্যে পুরস্কৃত হচ্ছে। আমরা দেখছি সারা ভারতের জেলাগুলোর মধ্যে নদীয়া জেলা সবচেয়ে বেশী শৌচাগার করেছে, সেখানে ১০০ শতাংশ নির্মাণ করা হয়েছে। এই দু'বছরের মধ্যে তারা ৩ লক্ষ ১১ হাজার ৩১৮টা শৌচাগার নির্মাণ করেছে। আজকে এই মিশনে সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে। উত্তরপ্রদেশ দ্বিতীয়, কর্নাটক তৃতীয়, মহারাষ্ট্র চতুর্থ, মধ্যপ্রদেশ পঞ্চম, রাজস্থান ষষ্ঠ, তামিলনাড়ু সপ্তম, আর গুজরাট — দেশের প্রধানমন্ত্রী যে গুজরাটের দায়িত্বে দীর্ঘদিন ছিলেন, সেই গুজরাট আজকে অষ্টম স্থানে চলে গিয়েছে। আবার জেলাগুলোর মধ্যে নদীয়া জেলা যেমন প্রথম স্থান অধিকার করেছে, তেমনি আমাদের বর্ধমান, হুগলী, বীরভূম জেলা দেশের মধ্যে তৃতীয়, চতুর্থ ও পঞ্চম জেলা হয়েছে। আজকে দেখছি ২০১৫-১৬ সালের জন্য বরাদ্দ হয়েছে ৩৩১ কোটি ২১ লক্ষ টাকা। বিগত ৩৪ বছরে সি.পি.এম. গ্রামবাংলার মানুষকে দলদাসে পরিণত করেছিল, আমরা দেখেছি। আমি একসময় পঞ্চায়েতপ্রধান ছিলাম। ওরা মানুষকে কখনও মানুষ বলে মনে করত না। আজকে আমরা পশ্চিমবঙ্গের মানুষ গর্বিত, অভিভূত যে, এমন একজন পঞ্চায়েতমন্ত্রী, এমন একজন মুখ্যমন্ত্রীকে আমাদের মধ্যে পেয়েছি। সুব্রতবাবুর দপ্তরে গেলে অনেক কিছু পরামর্শ দেন, তাঁর কাছ থেকে অনেক কিছু শেখার আছে। আজকে তিনি আর.আই.ডি.এফ-এর মাধ্যমে ছোট ছোট গ্রামীণ রাস্তা তৈরি করছেন, যেগুলো ৩৪ বছরে বেহাল অবস্থায় পড়েছিল।

[3.00 - 3.10 p.m.]

আজকে আর.আই.ডি.এফ-এর মধ্যে দিয়ে ছোট ছোট গ্রামীণ রাস্তা তিনি তৈরি করছেন এবং এই সমস্ত রাস্তা ৩৪ বছরের ইতিহাসে বেহাল অবস্থায় পড়েছিল। খানাগর্তে ভরা ছিল। ইতিমধ্যে তিনি ৮৮টি গ্রামীণ রাস্তা আর.আই.ডি.এফ-এর মাধ্যমে তৈরি করেছেন। গ্রামীণ এলাকাগুলিকে সারা বছরের উপযোগী পাকা রাস্তা নির্মাণ করে মূল রাস্তার সঙ্গে সংযুক্ত করাটাই ওঁর একমাত্র লক্ষ্য। শুধুমাত্র রাস্তাঘাট নয়, ব্রীজ তৈরি, নিকাশি নালা তৈরি করা শিশু শিক্ষা কেন্দ্রের ভার প্রভৃতি প্রকল্প তিনি অনুমোদন করেছেন। এইসব ছোট ছোট পাকা রাস্তা হয়ে যাওয়ার ফলে স্কুল-কলেজের ছেলেমেয়েদের যাতায়াতের পক্ষে খুবই সুবিধা হয়েছে। এবং গ্রামীণ এলাকায় যে সব ছোট ছোট সবজি ব্যবসায়ী দোকানদার, নিত্যযাত্রী যারা তাদেরও যাতায়াতের পক্ষে সুবিধা হয়েছে। আমরা গর্বিত, আমরা অভিভূত এইরকম একজন পঞ্চায়েত মন্ত্রীকে পেয়ে। ২০১৪-১৫ অর্থবর্ষে এই খাতে তিনি খরচ করেছেন ১৪৪ কোটি ৮৪ লক্ষ

টাকা। এর আগে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি বাম অভিশাপে অভিশপ্ত গ্রামবাংলায় তিনি উন্নয়নের আলো জ্বালিয়েছেন। আমরা জানি স্যার, তিনি কি করেছিলেন। তিনি ৩৫ হাজার গ্রামকে ১৬ হাজার কিলোমিটার রাস্তা উদ্বোধন করিয়েছিলেন। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে তিনি পাঁচটি করে ভালো রাস্তা তিনি নির্মাণ করার নির্দেশ দিয়েছিলেন। অলরেডি সেটা তৈরি হয়ে গেছে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে। পাঁচটি করে ভাল রাস্তা। মাননীয় মুখ্যমন্ত্রী তিনি আমলাশোলে গিয়েছেন যে আমলাশোলে সি.পি.এমের মুখ্যমন্ত্রী কখনও পদার্পণ করেননি। সেই আমলাশোলে গিয়ে তিনি রাস্তা উদ্বোধন করেছিলেন। তাই বলব যে অনেক কিছু স্যার বলার ছিল। আই.এ.ও'র তালিকায় আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী স্কোর অনুযায়ী তিনি আই.এ.ও-র টাকা দিচ্ছেন বেনিফিসিয়ারীদের। জিরো ব্যালেন্সে অ্যাকাউন্ট খোলার কথা তিনি বলে দিয়েছেন। প্রতিটি বেনিফিসিয়ারী তারা ইন্দিরা আবাস যোজনায় ঘর তারা পাচ্ছেন। তাই আমি এই বাজেটকে সমর্থন করে শেষ করলাম।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে এই পঞ্চায়েতের যে বাজেট ডিমান্ড সে সম্পর্কে বলতে গিয়ে প্রথম আমার যেটা মনে হচ্ছে যে মাননীয় মন্ত্রী প্রবীণ মানুষ এবং মন্ত্রিসভার একজন অত্যন্ত অভিজ্ঞ ব্যক্তিত্ব। পঞ্চায়েত সম্পর্কে তার যথেষ্ট অভিজ্ঞতা থাকা সত্ত্বেও এ বাজেট কিন্তু আমাকে হতাশ করেছে। আমি এই যে স্ক্রুটিনী, স্ট্যান্ডিং কমিটির স্ক্রুটিনী রেফার করে আপনাকে বলছি যে টোটাল বাজেট যেটা আপনি গত বছরের যে রিভাইসড এস্টিমেট সেখানে ১১ হাজার ৮৮৫ কোটি টাকা ছিল। এবারের বাজেট অ্যালোকেশনে আপনি তার থেকে কম করেছেন। ১০ হাজার ৯৩৭ কোটি টাকা। যে আর.আই.ডি.এফ. গ্রামীণ পরিষেবা তৈরি করে ন্যাবার্ডের সাহায্যে, রাস্তা, ব্রীজ, মার্কেট এইসব তৈরি করে সেখানেও কিন্তু আপনি অ্যালোকেশন কমিয়ে দিয়েছেন। ২০১৪-১৫-এ যেখানে ছিল দুশো পঞ্চাশ কোটি টাকা এবং ইউটিলাইজড হয়েছিল ১৯০ কোটি টাকা। সেখানে আপনি বাজেট অ্যালোকেট করেছেন ১৬০ কোটি টাকা। তাহলে গ্রামীণ পরিকাঠামো তৈরি হবে কি করে? পি.এম.জি.এস.ওয়াই. প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা যেটা ছোট ছোট গ্রামগুলো যুক্ত করার কথা বলেছেন এবং অনেক কাজের কথা বলেছেন। সেটা ২০১৪-১৫-তে স্যাংশন এবং রিলিজ ছিল ৩২৯ কোটি টাকা। সেটা ২০১৫-১৬তে আপনার প্রস্তাব হচ্ছে ২২০ কোটি টাকা। এম.জি.এন.আর.ই.জি.এস. যেখানে কেন্দ্রীয় সরকারের একটা ভূমিকা আছে আমরা জানি এবং সেই ভূমিকা পালন করার জন্য বহু সমস্যা তৈরি হচ্ছে। আগে কাজের যে মজুরী ছিল, আগে যে কাজ হয়েছে তার মজুরী অনেকে পাচ্ছে না। কর্মদিবস যে তৈরি হয়েছে সে সম্পর্কে অনেক কথা শুনেছি। কিন্তু এখানে যেটা বলা হচ্ছে স্ট্যান্ডিং কমিটিতে, ২০১২-১৩-তে আপনারা দেশের মধ্যে ছিলেন ফোর্থ কর্মদিবস তৈরির ক্ষেত্রে। ২০১৩-১৪-তে থার্ড। ২০১৪-১৫-তে কত বলেননি। কিন্তু কর্মদিবস যেটা তৈরি করেছেন সেটা কিন্তু কমেছে। এই স্ক্রুটিনী রিপোর্ট অনুযায়ী। ইন্দিরা আবাস যোজনা — গরীব মানুষের বাড়ি তৈরি কেন্দ্র এবং রাজ্যের যৌথ শেয়ার। আগে ছিল ৭৫:২৫। এটা ছিল গতবারে। এবারে আপনারা সেটা করছেন ৫০:৫০। অথচ স্টেটের বাজেট অ্যালোকেশন কিন্তু অনেকটাই কম। ফলে অ্যাজ এ হোল টোটাল যে

অ্যালোকেশন হবে আই.এ.ওয়াইয়ের ক্ষেত্রে সেটা কিন্তু কমবে। ফলে এই আর্থিক দিকগুলির ব্যাপারে আপনাকে বললাম। এবং এই আর্থিক কচকচির বাইরে সবথেকে গুরুত্বপূর্ণ বলে যে জিনিসটা মনে হয়েছে সেটা হল দুর্নীতিতে কিন্তু পঞ্চায়েত ব্যবস্থা কিন্তু বহুদিন ধরেই একেবারে আকণ্ঠ নিমজ্জিত। আপনারাও বলেছিলেন যে ক্ষমতাতে আসার পরে এই দুর্নীতির তদন্ত হবে। কিন্তু দুর্নীতির তদন্ত হয়নি। যে দুর্নীতিটা প্র্যাকটিক্যালি অর্ডার অফ দ্য ডে-তে পরিণত হয়েছে পঞ্চায়েত ব্যবস্থায়। কিন্তু কেন তদন্ত হল না আমি জানি না। আমি জানি না এখানে ইউনিটি অফ ইন্টারেস্ট এখানে কাজ করছে কিনা। আমি চাই যে গত দশ বছরের অন্তত দুর্নীতির তদন্ত আপনি আপনার দপ্তর থেকে করুন। বি.পি.এল. কার্ড — যে বি.পি.এল. কার্ড সম্পর্কে এখানে অনেকে অনেক কিছু বলেছেন। রিভাইজড হল না। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের ভূমিকা আছে আমি মানি। কিন্তু আপনারা আমরা সবাই মিলে সেই দুর্নীতির বিরুদ্ধে দিল্লির কাছে গিয়ে আন্দোলন করতে চাই। চলুন না। তার ব্যবস্থা আপনারা করছেন না কেন? আমি জানি না এখানে নতুন করে একটা সমঝোতার বাতাবরণ তৈরি হয়েছে কিনা। ফলে এইভাবে দিল্লিতে আমরা সবাই বি.পি.এল. কার্ড নিয়ে দাবি করতে পারব কিনা জানি না। চূড়ান্ত দলবাজি হচ্ছে। প্রতিবন্ধী ভাতা, বার্ধক্য ভাতা, বিধবা ভাতা ডিসট্রিবিউশানের ক্ষেত্রে এই যে দলবাজি হচ্ছে এটা আপনি নিশ্চয় জানেন। এই দলবাজির অভিযোগ বহুদিন থেকে এখানে আছে। যারা বার্ধক্য ভাতা পাওয়ার যোগ্য নয় তারা এই ভাতা পাচ্ছে। যারা বিধবা ভাতা পাওয়ার যোগ্য নয় তারা পাচ্ছে। যারা প্রতিবন্ধী ভাতা পাওয়ার যোগ্য নয়, তারা পাচ্ছে। বাড়িতে কোনো বিধবা না থাকলেও বিধবা ভাতা পায়। এটা বহুদিন ধরেই চলছে। এর কিন্তু একটা ব্রেক হওয়ার দরকার ছিল। সেই ব্রেক কিন্তু হচ্ছে না। গীতাঞ্জলি টেন্ডার — এটা চার পাঁচ বছর ধরে বহু জায়গাতে কাজ হচ্ছে না। এখানে অনেক লো কোয়ালিটির মেটিরিয়াল সেখানে ব্যবহার করা হচ্ছে। এখানে প্রায়ই দেখা যাচ্ছে যে রাজনৈতিক নেতা ইঞ্জিনিয়ার এবং কনট্রাক্টর তাদের মধ্যে একটা অদ্ভুত আনহোলি নেকশাস সেখানে কাজ করছে এবং যেটা ব্রেক হওয়া দরকার বলে আমার মনে হয়েছে। আমরা দুর্নীতির বিরুদ্ধে বলছি। আমি মাননীয় মন্ত্রী আপনাকে বলতে চাই যে প্রধান যারা সভাপতি যারা এরা যে অনারারিয়াম পান, আপনি জানেন কিনা জানি না যে প্রধানরা বছরে একবার পান। সভাপতিরা বছরে দু-বার পান। তাদেরকে বাধ্য করা হচ্ছে দুর্নীতির মধ্যে যাওয়ার জন্য। তারা সেই দুর্নীতির স্রোতে গা ভাসিয়ে দিচ্ছে। এটা কেন ঠিকঠাক দেওয়া হচ্ছে না। এটার ব্যাপারে আপনার কাছে রিকোয়েস্ট করছি যে, এই বিষয়টির ব্যাপারে অন্তত তাদেরকে সুনিশ্চিত করার ব্যবস্থা করুন। আমি আপনাকে বহুবার একটা জিনিস নিয়ে বলেছি। আমার অধিকার — এই যে আমার অধিকারে যে বাড়িগুলি দেওয়া হয় হাউসিং ডিপার্টমেন্ট আলটিমেটলি সেটা দেয় ঠিকই, কিন্তু অ্যালটমেন্টটা করে পঞ্চায়েত দপ্তর। আপনি আমাকে বলেছেন, আপনি আমার কাছে লিস্ট চেয়েছেন, আমি আপনাকে গত লোকসভার আগে দিয়ে এসেছি। আপনি বলছেন সভাধিপতি করবেন। হ্যাঁ, সভাধিপতি মানেই তো পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে। কেন সেটা করা হচ্ছে না। আমি এই কারণেই বলছি যে কোনো বিরোধী এম.এল.এ.-এর মধ্য দিয়ে আমি অন্তত আমার জেলার কথা বলতে পারি কোনো বিরোধী এম.এল.এ.-এর রেকমেন্ডেশানে একজনও এই আমার অধিকারে বাড়ি পায়নি। ফলে এই ব্যাপারে আপনি যদি

সুনিশ্চিত না করতে পারি তাহলে এই দুর্নীতি সত্যি থাকবে। এরথেকে আমরা বেরোবো কি করে। আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। আজকে পঞ্চায়েত ব্যবস্থাতে অনেক কাজের কথা বলা হচ্ছে। সেই কাজের জন্য যে ধরনের স্টাফ হিউম্যান রিসোর্স পঞ্চায়েত সিস্টেমের মধ্যে থাকা দরকার সেই হিউম্যান রিসোর্স কিন্তু সেই পঞ্চায়েত সিস্টেমের মধ্যে নেই। ফলে যতটুকু আছে, তার উপরে যে চাপ পড়ছে, সেই চাপ থাকলে কিন্তু সমস্ত কাজ করা সম্ভবপর হবে না। ফলে এই বিষয়েও আপনাকে ভাবার জন্য বলছি। সামগ্রিকভাবে এই বাজেট এর যে টোটাল আর্থিক অ্যালটমেন্ট করা হয়েছে, এখানে যে কথাগুলি বলা হয়েছে সেগুলির আমি বিরোধিতা করছি এবং এটাকে আমি সমর্থন করতে পারছি না এবং এই বাজেট-এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ আবুল হাসেম মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার অনুমতি নিয়ে ২০১৫-১৬ সালে চল্লিশ নাম্বার দাবি অনুযায়ী মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে আমি দু-চারটি কথা বলছি। আমাদের এই পঞ্চায়েত প্রতিষ্ঠান ১৯৭৩ সালে হবার পর থেকে গ্রামবাংলার হাতে বাংলা গঠন ও ভারতের গঠনের দায়িত্ব দেওয়া হয়েছে। এই বাজেট এবং বিগত চার বছরের বাজেট যদি আমরা পর্যালোচনা করি তা থেকে আমরা দেখতে পাব যে পঞ্চায়েত এবং পঞ্চায়েত এলাকার মধ্যে তৃণমূল স্তরে যে একটা গণতান্ত্রিক প্রক্রিয়া সৃষ্টি হয়েছে তার মাধ্যমে সাধারণ মানুষ তাদের ভবিষ্যৎ নির্ধারণ করবে।

[3.10 - 3.20 p.m.]

এবং যে কারণে ওই স্তরে সেই প্রতিনিধিরা যারা পঞ্চায়েতে নির্বাচিত হবে, তারা নীতি নির্ধারণ করবে, সংস্কার করবে, সম্পদ সৃষ্টি করবে, স্বাস্থ্য এবং শিক্ষাকে রক্ষা করবে। আমাদের এই যে বাজেট, যদি আমরা পর পর খতিয়ে দেখি যা মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এই সদনে পেশ করেছেন, তাহলে আমরা দেখতে পাবো, অতীত দিনের সাথে যদি আমরা তার পার্থক্য দেখি, বিগত দিনে দেখেছি যে, পঞ্চায়েতের যে নীতি নির্ধারণ করতো — হয় তারা করতে পারতো না, কিংবা কি নীতি গ্রহণ করা হয়েছে সেই নীতি জনসাধারণ জানতে পারতো না। আজ কিন্তু আমরা দেখতে পাচ্ছি, সারা পশ্চিমবাংলায় যতগুলো পঞ্চায়েত, এমনকি বিরোধীদের দ্বারা পরিচালিত যেসব পঞ্চায়েত আছে, যথা সময়ে যথাযথভাবে পঞ্চায়েতের নিয়ম এবং রুলমাফিক পঞ্চায়েত পরিচালিত হয়, সেখানে মিটিং হয়, পঞ্চায়েত সদস্যগণ — সে গ্রাম পঞ্চায়েতে হোক, পঞ্চায়েত সমিতি হোক বা জেলা পরিষদে হোক, তারা একত্রিত হয়ে নীতি স্থির করেন এবং কি কাজে অর্থকে ব্যয় করা হবে, সেটা তারা ঠিক করেন। কিন্তু বিগত দিনে, গত ৩৪ বছরে সেই নিয়মটা আমি বলব, সব সদস্যই জানেন, সেই নিয়মটা কিন্তু কখনোই পালিত হত না। এমনকি সেই সদস্যকে জিজ্ঞাসা করলেও, সেই পঞ্চায়েতের প্রধানকে জিজ্ঞাসা করলেও সেই প্রধান বলতেন যা পরিচালিত হত সি.পি.এম. বা বামফ্রন্টের অন্যান্য পার্টি অফিসের দ্বারা। তারা বলত, এখনো নির্দেশ আমাদের কাছে আসেনি। কি সিদ্ধান্ত আমরা নেবো, সেই সিদ্ধান্ত তারা ঠিক করতে পারেনি। সুখের বিষয় যে, আজকে মা-মাটি-মানুষের সরকার পশ্চিমবাংলাতে এসে সেই জিনিসটা করেছে — মানুষের যে গণতান্ত্রিক অধিকারটা তারা ফিরিয়ে দিয়েছে। কিন্তু যেটা ওরা

যেটা সমালোচনা করছে যে, যেটা আমাদের বলতে হয়, ওরা চিন্তাই করতে পারতো না, কল্পনা করতে পারতো না, প্ল্যান বা প্রোগ্রাম বা নীতি বা প্রিন্সিপ্যাল তারা ঠিক করবে কি করে? আমরা দেখেছি, বিগত দিনে গ্রামের মানুষের প্রধান লক্ষ্য হচ্ছে তাদের কাজ দেওয়া, দ্বিতীয় কথা হচ্ছে তাদের সম্পদ সৃষ্টি করা। কেননা এই কথা ঠিকই যে, গ্রাম বাংলার মানুষ সাধারণত — যারা চাষবাস করে বাস করে তারা ২০-২৫ দিন বছরে কাজ করে। বাকি সময়টুকু — যেভাবে কাজ সৃষ্টি করতে হবে, সেই কাজ সৃষ্টি করার মতো ক্ষমতা হয় ছিল না বা চিন্তা-ভাবনা তাদের ছিল না। যে কারণে আমরা দেখেছি, শুধু আমাদের পশ্চিমবাংলায় নয়, সারা ভারতবর্ষের মধ্যে কর্মসৃষ্টির যে এন.আর.ই.জি.এস.-এর মাধ্যমে সেই কাজ সৃষ্টি করা হয়েছে, মানুষকে অন্তত সেই কাজ দেওয়া হচ্ছে। সেই কাজের সাথে সাথে আমরা দেখতে পাচ্ছি, সেখানে সম্পদ সৃষ্টি করা হচ্ছে, রাস্তা-ঘাট সৃষ্টি করা হচ্ছে, সেখানে পুকুর কাটা হচ্ছে। আবার দেখতে পাচ্ছি, একদিকে যেমন কর্মে নিয়োগ করা হচ্ছে, অন্যদিকে আমাদের সেই অঞ্চলগুলোতে সম্পদ সৃষ্টি করা হচ্ছে। যে জিনিসটা তারা দীর্ঘদিন দেখতে পায়নি। আজ ওরা সমালোচনা করছে এবং বলছে যে, বাজেট কমানো হয়েছে, গতবারে ১১ হাজার কোটি টাকা ছিল এবার ১০ হাজার কোটি টাকা হয়েছে। কিন্তু সেই টাকাটার প্রপার ইউটিলাইজেশন যদি করা হয়, তাহলে ১০ হাজার কেন ১৫ হাজার কোটি টাকারও আমরা কাজ করতে পারি। এদিকে স্বাস্থ্যের ক্ষেত্রে এবং শিক্ষার ক্ষেত্রে দেখুন, স্বাস্থ্যর ক্ষেত্রে আমরা দেখি যে, মিশন বাংলা, যে স্বচ্ছ বাংলা সৃষ্টি করার জন্য যে ধরনের স্টেপ নেওয়া হচ্ছে, আমার ওখানকার এক বন্ধু বললেন, মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানালেন যে, যে বাড়িগুলো আজ পার্টিশান হয়ে যাচ্ছে, সেই বাড়িগুলোর ক্ষেত্রে যদি একটা করে টয়লেট ইউজ করতে দেওয়া হয়, তাহলে অনেক সমস্যার সৃষ্টি হচ্ছে। এটা মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি চিন্তা-ভাবনা করতে বলব। আরেকটা কথা বলব, আমাদের গ্রাম বাংলার মধ্যে অনেক এস.সি., এস.টি. সম্প্রদায়ভুক্ত আছে। এমনকি তাদের ঘরটুকু ছাড়া আর কোনো জায়গা নেই। যেখানে সেই টয়লেটটা ব্যবহার করবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি, অন্তত এটার ব্যাপারে একটু চিন্তা-ভাবনা করবেন। আমি সকলকে আবার ধন্যবাদ জানিয়ে এই বাজেটকে আবার সমর্থন করছি এবং মাননীয় সদস্য যাঁরা আছেন, তাদেরকে আমি বাজেটকে সমর্থন করার জন্য অনুরোধ করছি, ধন্যবাদ।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী মহাশয়ের পঞ্চায়েত দপ্তরের ২০১৫-১৬ সালের ৪০ নম্বর দাবীতে যে বাজেট পেশ করেছেন সেই আলোচনায় অংশগ্রহণ করে বলতে চাই যে, বিরোধীদের আনা কাটমোশানকে সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। বাজেট প্রস্তাবনার শুরুতেই মাননীয় মন্ত্রী বলেছেন যে "জনসাধারণের ক্ষমতায়নের প্রশ্নে বিগত ৪ বছর অসাধারণ সাফল্যের স্বাক্ষর রেখেছেন। ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে পঞ্চায়েতগুলি উন্নততর পরিষেবা প্রদান করছে।" আমি মন্ত্রীর কাছে একটা কথা জিজ্ঞাসা করতে চাইছি যে, জনসাধারণের ক্ষমতায়ন এবং ক্ষমতার বিকেন্দ্রীকরণ, এই দুটো শব্দ আপনি বা আপনার সরকার এটাতে স্বাচ্ছন্দ্যবোধ করেন কি না? কারণ আমরা জানি স্বাধীনতার পরে গান্ধীজীর গ্রাম সড়কের

চিন্তাভাবনার কথা বলছিলেন কয়েকজন মাননীয় সদস্য। একটা কমিশনের রিপোর্ট কার্যকরী করতে ঠিক কত বছর সময় আপনাদের লেগেছিল। ১৯৭৩ সালের আগে পশ্চিমবাংলায় পৌর ও গ্রামোন্নয়ন দপ্তর একসঙ্গে ছিল এবং ষাটের দশকে একটা পঞ্চায়েত ভোট হয়েছিল। বিগত ষাটের দশকে সেই ভোটটা হলে — সেই পঞ্চায়েতগুলোতে আপনারা ভরসা করে টাকা দেননি। ল্যান্ড ব্যাঙ্কের হাজার পাঁচেক টাকা আর কিছু রিলিফের আটা ছাড়া আর কিছুই দেননি। তাহলে কি ওই পঞ্চায়েতের উপর আপনাদের ভরসা ছিল না, আপনাদের সরকার, কেন্দ্র, রাজ্য সব জায়গায় ছিল। ১৯৭২ সাল থেকে আপনি মন্ত্রী এই দপ্তরে, ১৯৭৩ সালে আপনি ত্রিস্তরীয় পঞ্চায়েত আইনটা পাশ করিয়েছেন, নিশ্চয়ই তার জন্য ধন্যবাদ আপনাকে। কিন্তু ১৯৭৩ সালের পর থেকে ১৯৭৭ সাল পর্যন্ত এই আইনটায় জনসাধারণের ক্ষমতায়নের প্রশ্নে আপনি পঞ্চায়েত ভোট করলেন না কেন? নিশ্চিত মাননীয় মন্ত্রী এই বিষয়টা বলবেন। আবার প্রায় চার দশক পরে এই পঞ্চায়েত দপ্তরে আপনি আবার মন্ত্রী হয়েছেন। নিশ্চিত আপনার কাছ থেকে আমরা এর উত্তর আশা করতে পারি যে ২০১৩ সালের পঞ্চায়েত ভোট করতে গিয়ে আপনি টালবাহানা করলেন। কেন? অন্য দলের নির্বাচিত সদস্যদের ভয় দেখিয়ে জোর করে ধরে এনে এমনকি আমার কুলতলিতেও আমরা ১০, আপনারা ৭ মানে তৃণমূল ৭, সেখানে আমাদের পঞ্চায়েত প্রধান আমরা করলাম, কিন্তু শেষ পর্যন্ত সেই প্রধান, আমাদের লোককে অসংখ্য মিথ্যা মামলায় হয়রানি করে সেই পঞ্চায়েতটাকে আপনারা দখল করলেন। তাহলে আমরা কি বলতে পারি যে জনগণের ক্ষমতায়ন করলেন, না তৃণমূলের ক্ষমতায়ন করার ক্ষেত্রে আপনার সাফল্য বেশী? সেটা আপনি বলবেন আপনার বলবার সময়। ১৯৭৮ সালে যে পঞ্চায়েত ব্যবস্থা, আপনার সেই পঞ্চায়েতের যে আইন, খসড়া, সেটাকে নিয়ে আমরা বামপন্থীরা যে পঞ্চায়েত ভোট করেছিলাম। সেই পঞ্চায়েত ভোটে গোটা বাংলার কৃষক, ক্ষেতমজুর, বর্গাদার, দিনমজুর এবং শ্রমজীবী মানুষ পঞ্চায়েতের দায়িত্বে এসেছিলেন। পঞ্চায়েতের বিজ্ঞসমাজের হয়ে তারাই তারাই পঞ্চায়েত চালিয়েছিলেন। গ্রামের মানুষের মধ্যে, গরীব মানুষের মধ্যে, সবচেয়ে পিছিয়ে পড়া মানুষের মধ্যে যে অধিকারবোধ, তাদের মধ্যে যে মর্যাদাবোধ, সেটাই তৈরি হয়েছিল। পরবর্তীকালে আপনাদেরই প্রধানমন্ত্রী, আপনাদের সকলের কংগ্রেসসহ, আপনাদেরই প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পশ্চিমবাংলার পঞ্চায়েতটাকে মডেল হিসাবে গ্রহণ করেছিলেন ভারতবর্ষের জন্য। তাহলে আপনারা যতই বলুন না কেন এখানেই কিন্তু বামফ্রন্টের সাফল্য। আপনারা যতই বলুন না কেন বামফ্রন্টের সাফল্য এই জায়গায় মানুষের অধিকারবোধ প্রতিষ্ঠিত হয়েছে। ১৯৯৪ সালে এই বামফ্রন্ট আবার একটা সংশোধনী এনে এখানে আরও ক্ষমতার বিকেন্দ্রীকরণ করলেন। যা হচ্ছে গ্রামসংসদ, গ্রামসভা, গ্রামোন্নয়ন সমিতি, সেখান থেকে পরিকল্পনা গ্রহণ করে সরকারি টাকায় পঞ্চায়েত একটা স্বয়ংশাসিত সংস্থা হিসাবে পঞ্চায়েতের কাজকর্ম করেছে। কিন্তু আপনারা গত ৪ বছরে কি করলেন? গত ৪ বছরে ক্ষমতার বিকেন্দ্রীকরণ আপনারা করলেন না, ক্ষমতাকে কেন্দ্রীভূত করলেন। গ্রামে গড়ে ওঠা রাইটার্স বিল্ডিং, গ্রামে গড়ে ওঠা সাধারণ মানুষের যে পঞ্চায়েত, গরীব মানুষের যে পঞ্চায়েত, সেখানে তাদের ক্ষমতা খর্ব করে আপনারা আবার সেই পুরনো কায়দায় বিগত দিনে আপনারা যখন কংগ্রেস ছিলেন, সেই পুরনো কায়দায় আর আপনারা এস.ডি.ও., বি.ডি.ও.-দের উপরে আবার দায়িত্ব দিলেন আপনারা।

[3.20 - 3.30 p.m.]

তাহলে ক্ষমতার বিকেন্দ্রীকরণ — অন্য দলের নির্বাচিত জনপ্রতিনিধিদের আপনারা তো একেবারে তাদেরকে ডেকে প্রশাসনিক মিটিং করানো স্বাচ্ছন্দ্যবোধ করেন না। তাহলে এই কি ক্ষমতার বিকেন্দ্রীকরণ? আপনার ক্ষমতার বিকেন্দ্রীকরণের তাৎপর্য কি নিশ্চিত করে আপনি আপনার বাজেট বক্তৃতায় বলবেন। BPL তালিকায় অনেক কথাই আপনারা বলেছেন। বামপন্থীরাই সব করেছে, কিছু ভুল ত্রুটি ছিল। কিন্তু আপনারা যে ১১ সালে এসে এই চার বছর অতিক্রান্ত হল আপনারা BPL তালিকা কবে বের করবেন? নিশ্চিতভাবে আপনার বলবার সময় আপনি বলবেন। আপনারা কত পারসেন্টেজ, আগের পারসেন্টেজ রাখবেন নাকি নতুন করে পারসেন্টেজ করলেন। IAY-এর ঘর, IAY-এর ঘর আপনার দপ্তরের সবচেয়ে বড় মনে হয় ব্যর্থতা এটা আপনার মতো প্রবীণ একজন মন্ত্রীর কাছে আমরা নিশ্চিতভাবে আশা করিনি। কেন কেন্দ্রের দেওয়া ৭৫ ভাগ টাকা কেন আপনারা খরচ করতে পারলেন না? ৩,৯৬,৮২১টি ঘর তৈরি করবার কথা কিন্তু আপনারা করলেন কত? ১,৪৭,০৮০টা ঘর আপনারা করলেন। সমস্যা কোথায়? এখনতো আবার 50:50 কেন্দ্রীয় সরকার করে দিয়েছে। তাহলে গ্রামের অসংখ্য অসহায় গরিব মানুষদের যে ঘর তৈরি করবার কথা সেই ঘরতো আপনারা তৈরি করতে পারলেন না। কিসের জন্যে? তোলাবাজির জন্যে? নিশ্চিতভাবে আপনার বলবার সময় আপনি বলবেন। পঞ্চায়েত দপ্তরে আপনার আরো একটি যে প্রকল্প আছে সেটার জন্য আপনি যে সাফল্যের প্রচার করছেন — বাস্তবে কি আপনার NREGS-এর কাজে কি সাফল্য এসেছে? ১০-১৫ থেকে, বামফ্রন্টের সময় থেকে আপনারা বেশি করছেন। ২৩ করেছেন। ভালো করেছেন এক নম্বরে আছেন। ভালো করেছেন। কিন্তু আপনি অনুগ্রহ করে জানাবেন কি বাংলার শ্রমিকদের বাস্তবে শ্রমদিবস কতদূর হয়েছে? আপনি পরিসংখ্যানে দেখাচ্ছেন ঠিক আছে। কিন্তু আপনি কি জানেন যে রাজ্যের পঞ্চায়েতগুলিতে নেতাদের পকেটে কতগুলো ভুয়ো জব কার্ড আছে। আপনি কি জানেন যে, গ্রামের গরিব মানুষদের জব কার্ডগুলো পয়সা দিয়ে কোনো এক লিডার সংগ্রহ করে তার পকেটে রেখে দিয়েছে। আপনি কি জানেন যে, ভুয়ো মাস্টাররোল নিয়ে লক্ষ লক্ষ টাকা লুঠ হয়ে যাচ্ছে। আপনি কি জানেন মেশিন দিয়ে কাজ করে সেই টাকা মাস্টাররোলে পেমেন্ট করে আপনার ম্যান ডেজ বাড়ছে, শ্রমদিবস বাড়ছে। এটা অবশ্যই আপনি একজন অভিজ্ঞ মন্ত্রী হিসাবে আপনার কাছে এই ধরনের পঞ্চায়েতগুলোর দুর্নীতি সার্বিক যে দুর্নীতি লুঠ হয়ে যাচ্ছে টাকা, ম্যান ডেজ বাড়ছে ঠিকই, কিন্তু বাস্তবটা কি? সেই বাস্তবতার উপর দাঁড়িয়ে এই জায়গায় নিশ্চিতভাবে আপনার বলবার সময় আপনি বলবেন। আজকে গ্রামের মানুষ কাজ পাচ্ছে না। কাজ না পাওয়ার জন্য গ্রামে খেতমজুর, শ্রমিক, দিনমজুর, আজকে গরিব কৃষক আত্মহত্যা করছে। মিছিল লম্বা হচ্ছে। গোটা রাজ্যে না খেতে পাওয়া মানুষের মিছিল লম্বা হচ্ছে। নিশ্চিত করে পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী আপনি এই রাজ্য সরকারের যে দপ্তর তার মধ্যে সবচেয়ে বেশি খরচ হয় গ্রামের উন্নয়নের খাতে। আপনি সেই দপ্তরের দায়িত্বে। নিশ্চিতভাবে এই বিষয়টা আপনি দেখবেন। আমি মনে করি যে আগামীদিনে এই পঞ্চায়েত ব্যবস্থাটাকে সুষ্ঠুভাবে পরিচালনার মধ্য দিয়ে আপনি এই রাজ্যের একটা স্বাভাবিক

অবস্থা এবং দুর্নীতিরোধ আপনি করবেন এই আশা রেখে, এই বাজেটকে বিরোধিতা করে এবং কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর ৪০ নম্বর দাবীর সমর্থনে ১০,৯৩৭ কোটি টাকার যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের সমর্থনে এবং বিরোধীদের আনা কাট মোশানকে বিরোধিতা করে দু'চার কথা বলছি। বিগত চার বছরে সারা পশ্চিমবাংলায় পঞ্চায়েত-এর মাধ্যমে ত্রি-স্তর পঞ্চায়েতের যে উন্নয়ন চলছে তার প্ল্যান পরিকল্পনা মাননীয় মন্ত্রী তৈরি করেছেন এবং সেই প্ল্যান পরিকল্পনা তৈরি অনুযায়ী প্রাপ্ত সমস্যার নিরসন করে আমাদের বাংলার উন্নয়ন এগিয়ে নিয়ে যাচ্ছেন। পঞ্চায়েত-এর উন্নয়ন মূলত সেই এলাকার সমস্ত উন্নয়নের জন্য মানুষকে সংগঠিত করে মানুষকে সঙ্গে নিয়ে পঞ্চায়েত-এর উন্নয়ন করা হয়। এবং সেই উন্নয়ন বিশেষ করে রাজীব গান্ধী পঞ্চায়েত স্বশক্তিযোজনার মাধ্যমে এই উন্নয়নের কাজ চলছে এবং সেই উন্নয়নে সমস্ত গ্রাম বাংলার কাজ চলছে। বিশেষ করে গ্রামবাংলায় মহাত্মা গান্ধীর এম জি নারেগা প্রকল্প, সেই প্রকল্পের উন্নয়ন বোধহয় দেখতে পাচ্ছেন না। কিন্তু বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম থেকে গ্রামবাংলার প্রত্যেকটি গ্রামে গেলে দেখতে পাওয়া যাবে যে গোটা বাংলাটা ওলট পালট হয়ে গেছে। বাংলার শক্ত মাটিগুলোকে উল্টেপাল্টে সেখানে চাষযোগ্য করা হয়েছে এবং বাঁধ থেকে আরম্ভ করে সব জায়গায় এই নারেগা প্রকল্প বাংলাকে একদম নতুন করে সৃষ্টি করেছে। বিরোধীরা নিশ্চয় বিরোধিতার জন্য বলবেন। সেটা শুধু রাজ্যের ব্যাপার নয়। ২০১২-১৩, ২০১৩-১৪ সালে শ্রমদিবস সৃষ্টির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার পর্যন্ত সেই কাজের স্বীকৃতি দিয়েছে। আমরা জানি, এখনই বলছিলেন আমাদের বিরোধী দলের একজন নেতা, আমাদের নলহাটির বিধায়ক, পঞ্চায়েতের সময় নাকি আমাদের নমিনেশান ফাইল করতে দেওয়া হয়নি। আমি নিজে ২০ বছর পঞ্চায়েতে ছিলাম, ২০ বছর পঞ্চায়েতে থাকাকালীন সময়ে আমি নিজে দেখেছি, আমার চারিপাশে কম করে একশত গ্রামে অন্য কোনো বিরোধী পার্টি নমিনেশান ফাইল করতে পারত না। বিগত '৯৮ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত রেকর্ডগুলো দেখুন, সেখানে কোনো বিরোধী দল ছিল না। শুধুমাত্র বিরোধিতার জন্য এই কথাগুলো বলা হচ্ছে। অথচ নারেগা থেকে আরম্ভ করে পঞ্চায়েতে যে সমস্ত প্রকল্প চলছে, সেই প্রকল্পগুলি প্রত্যেকটি মানুষের কাছে, মানুষের মনে দাগ ফেলেছে। আমরা জানি যে বিগত '১১-'১২ সালে মাত্র ১০ থেকে ১৫ কোটি কাজ হত, '১২-'১৩ সালে সেটা ২০ কোটি, তারপর ২৩ কোটি '১৪-'১৫ সালে, ২৩ কোটির ঊর্ধ্বে শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এই শ্রমদিবস সৃষ্টির মাধ্যমে গ্রামবাংলার মানুষের যেমন রুটি রুজির যোগাড় হয়েছে তেমনি ক্ষুদ্র ক্ষুদ্র বাজার সৃষ্টি হয়েছে। এবং সেখানে ক্ষুদ্র ক্ষুদ্র বাজার সৃষ্টির মাধ্যমে মানুষের অভাব অনটন অনেক দূর হয়েছে এবং দূর হওয়ার ফলে মানুষের পরিবর্তন এসেছে। আর পরিবর্তন আপনারা কি দেখবেন। পঞ্চায়েতে দেখলেন, এই কয়েকদিন আগে আপনারা এই মিউনিসিপ্যালিটির ইলেকশানেও দেখলেন, সেখানেও আপনারা বলবেন — আপনাদের নমিনেশান ফাইল করতে দেওয়া হয়নি। আসলে আপনারা নিজেদের পূর্বের ক্ষমতাটা ছাড়তে পারছেন না বলে, আর ওই স্মৃতিটা ভুলতে পারছেন না বলে আপনারা আমাদের ভাল জিনিসটা দেখতে পাচ্ছেন না।

আপনারা আমাদের উন্নয়নটাকে দেখতে পাচ্ছেন না। যার জন্য আপনাদের মনে হচ্ছে আপনারা মাঝে মাঝে ভুল করে ফেলছেন। তাই আপনারা বলছেন ডি এম, সভাধিপতি, পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি নিয়ে আমরা কাজ করছি না। কে বলল, আপনাদের যে ডি এম, পঞ্চায়েত সমিতির সভাপতিদের নিয়ে আমাদের কিছু হয় না? আপনাদের মনে হচ্ছে — আপনারা পঞ্চায়েতে থেকে, আমরা জেলার সভাধিপতিকে কন্ট্রোল করবো, এইরকম মানসিকতার জন্যই কেবল মনে হচ্ছে। আমাদের বিরোধী বেঞ্চের কংগ্রেসের সদস্য এবং বামপন্থী বেঞ্চ-এর সদস্যদেরকে দেখে মনে হচ্ছিল তারা অনেক সময় দেখতেন পঞ্চায়েত সমিতি, কিন্তু তাদের ভাবতে হবে এই ত্রিস্তর কাঠামোতেই পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের যে স্ট্রাকচারাল ক্ষমতা আছে, সেই ক্ষমতার বলেই আমাদের কাজগুলো হচ্ছে। মাননীয় মন্ত্রী আমাদের যে সমস্ত প্রোগ্রাম কর্মসূচী নিয়েছেন, পি.এম.জি.এস.ওয়াই. থেকে আরম্ভ করে, আর.আই.ডি.এফ থেকে আরম্ভ করে প্রতিবছর যে সমস্ত রাস্তা, ব্রীজ, কালভার্ট থেকে আরম্ভ করে বিভিন্ন ক্ষেত্রের উন্নয়ন, গ্রামে গ্রামে প্রত্যেকটি গ্রামে তার ছাপ ফেলেছেন এবং রাস্তাঘাটের উন্নয়ন হয়েছে। প্রত্যেকটি জায়গায় মানুষ পঞ্চায়েতের সুফল জানতে পেরেছে। যেটা পঞ্চায়েত সম্বন্ধে মানুষ এর আগে জানেনি। এখন বুঝতে পারছে পঞ্চায়েতের উন্নয়ন। মহিলাদের জন্য বলছেন, মহিলাদের যে সমস্ত স্কিম প্রকল্প নেওয়া হয়েছে, মহিলাদের মর্যাদায় আজ পর্যন্ত কোনো সরকার, মা-মাটি-মানুষের সরকারের মতন, কোনো সরকার মহিলাদের মর্যাদা দেওয়া নিয়ে কোনো সরকারের সময়ে তা দেখা যায়নি। আমরা জানি, কন্যাশ্রী থেকে আরম্ভ করে সমস্তরকম প্রকল্প চলছে। মহিলাদের থেকে আরম্ভ করে সমাজের উন্নয়নে এই সমস্ত প্রকল্প আমাদের চলছে। তাই মাননীয় মন্ত্রী যে সমস্ত প্রকল্পর কর্মসূচী নিয়েছেন পঞ্চায়েতে সেগুলোকে সমর্থন করে যে সমস্ত স্কিম তিনি নিয়েছেন, রাস্তাঘাট থেকে আরম্ভ করে সমস্ত প্রকল্পের সমর্থনে সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা মিথ্যার আশ্রয়ে যে কাটমোশান দিয়েছেন, সেই কাট মোশানকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

[3.30 - 3.40 p.m.]

শ্রী শমীক ভট্টাচার্য্য : রেসপেক্টেড চেয়ারম্যান স্যার, সময় সংক্ষিপ্ত। আমি সংক্ষিপ্তভাবেই ৪০ নং ডিমান্ডে শ্রী সুব্রত মুখার্জীর আনা দাবির বিরোধিতা করে কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, এই মুহূর্তে ভারতবর্ষের বিভিন্ন পঞ্চায়েত দপ্তর মূলত কেন্দ্রীয় সরকারের একটা ফ্র্যাঞ্চাইজিতে পরিণত হয়েছে। কেন্দ্রীয় সরকারের প্রকল্প, কেন্দ্রীয় সরকারের ফান্ড, সেই ফান্ডের ম্যানেজমেন্ট করাই মূলত এই দপ্তরের ভূমিকা সম্পূর্ণ হয়েছে। আমরা জানি, বিভিন্ন সময়ে হাউসে ট্রেজারি বেঞ্চের পক্ষ থেকে নরেন্দ্র মোদী সরকারের বিরোধিতা করা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা বলা হচ্ছে। কিন্তু আশ্চর্যজনকভাবে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলো, কেন্দ্রীয় সরকারের অর্থটাই অন্য নামে মানুষের সামনে অসাধারণ কৃতিত্বের মধ্য দিয়ে পরিবেশিত হচ্ছে। 'স্বচ্ছ ভারত' নির্মল বাংলা, 'আজীবিকা' আনন্দ ধারা। আনন্দের এই ঝর্ণাধারায় মাননীয় পঞ্চায়েত মন্ত্রী গোটা গ্রামবাংলাকে ভাসিয়ে দিতে চাইছেন। একটা সময় ছিল

যারা আজকে শাসক দলে আছেন, আমার দলের সঙ্গে তাদের অম্লমধুর সম্পর্ক ছিল। পুরোনো সেই দিনের কথা, সে কি ভোলা যায়। অটলবিহারী বাজপেয়ীর নেতৃত্বে এনডিএ সরকারের সঙ্গে একইসঙ্গে বসে তৈরি হয়েছিল প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা। লক্ষ্যমাত্রা ছিল ২৪,৭৫৭ কিলোমিটার রাস্তা তৈরি হবে, ৪,৯০৬টি রাস্তা তৈরি হবে। এখনো পর্যন্ত আমরা তৈরি করতে পেরেছি ১৭,৫৬৭ কিলোমিটার রাস্তা, অর্থাৎ ৩,৩৬৯টি রাস্তা। ২০৫টি রাস্তা এখনো পর্যন্ত শুরু করা যায়নি। বিভিন্ন সময় টেন্ডার ফ্লোট করা হয়েছিল। কিন্তু কোনো এক অজ্ঞাত কারণে, সেটি জানি না সিন্ডিকেট কিংবা তথাকথিত তোলাবাজির কারণে হয়তো, সেই রাস্তায় কেউ টেন্ডার দিতে বা অ্যাপিয়ার করতে পারছে না। এর কারণ কি একটু ভেবে দেখা দরকার। ১৮০০ কোটি টাকার ডিমান্ড এসেছে। কেন্দ্রীয় সরকার ৯৫৪ কোটি টাকা পাঠিয়েছে। অতীতে কাজের মধ্য দিয়ে সাড়ে পাঁচ হাজার কোটি টাকা খরচ করেছেন। এখন যদি মনে করা হয়, শুধুমাত্র বিরোধী শাসিত রাজ্য বলে বর্তমান পশ্চিমবাংলার রাজ্য সরকারকে বঞ্চনার শিকার হতে হচ্ছে তাহলে দেখতে হবে গুজরাত কত পেয়েছে। গুজরাত পেয়েছে ৩০৩ কোটি টাকা। মহারাষ্ট্র পেয়েছে ২৯১ কোটি টাকা। অন্ধ্রপ্রদেশ পেয়েছে ১৬৩ কোটি টাকা। শীর্ষে কে আছে — পশ্চিমবঙ্গ - ৯৫৪ কোটি টাকা। ওড়িশা — ৮৯৩ কোটি টাকা। মধ্যপ্রদেশ —৭৯৪ কোটি টাকা। কারণ কি। বর্তমান সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে অ্যাকর্ডিং টু নিড এবং পারফরমেন্সের ওপর ভিত্তি করে কেন্দ্রীয় সরকার এই যোজনার টাকা বরাদ্দ করবে। আমাদের টাকা কম বলে এটা মনে করার কোনো কারণ নেই আমাদের অগ্রগতি অতি দ্রুত ত্বরান্বিত হয়েছে। আগের সরকারের থেকে এই সরকারের একটা মৌলিক পার্থক্য আছে। রাজীব গান্ধীর সময় তা ডাইরেক্ট এসেছিল পি এম টু ডি এম। কিন্তু বর্তমান সরকারের সময় পি এম টু বেনিফিসিয়ারি। ১৮০০ কোটি টাকা এপ্রিল মাসে এসেছে। আজকে নারেগাতে ১৮০০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এসেছে। সেখানে বলা হচ্ছে, বেনিফিসিয়ারিদের ব্যাঙ্কে অ্যাকাউন্ট ওপেন করতে হবে, সরাসরি তাদের কাছে পৌঁছে যেতে হবে।

... (এই সময় লালবাতি জ্বলে ওঠে।)...

কিন্তু বর্তমান সরকার চাইছেন সরাসরি মানুষের কাছে সেই টাকাটা যাতে পৌঁছে দেওয়া না যায়। গ্রামের প্রধানদের কাছে টাকা বিতরণ করতে হবে। সর্বোপরি পশ্চিমবঙ্গে যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলা হচ্ছে, আমার মনে হয় এই মুহূর্তে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত ব্যবস্থায় এটা হচ্ছে শতাব্দীর সবচেয়ে বড় জোক, জোক অফ দ্য সেঞ্চুরি। বি.ডি.ও, এস.ডিও-র হাতে পঞ্চায়েতের ব্যবস্থাকে সম্পূর্ণভাবে কুক্ষিগত করে দেওয়া হয়েছে। গ্রাম প্রধানের ক্ষমতা দিনের পর দিন কমছে। পঞ্চায়েতে গ্রামসভার সঙ্গে সঙ্গে পঞ্চায়েত সমিতির সংঘর্ষ বেড়ে চলেছে। এই সার্বিক সমন্বয়ের অভাবের মধ্য দিয়ে বিভিন্নভাবে বিভিন্ন রঙে কেন্দ্রীয় প্রকল্পকে মানুষের সামনে উপস্থাপিত করা হচ্ছে। সুতরাং বঞ্চনার কথা তো ছেড়ে দিন। নিঃসন্দেহে প্রত্যেকের টাকার প্রয়োজন আছে। আমরা প্রত্যেকেই চাই পশ্চিমবঙ্গে আরো বেশি করে কাজ হোক। যদিও এই নিয়ে কোনো মত পার্থক্য থাকবে না। কিন্তু আজকে আইন শৃঙ্খলার যে পরিস্থিতি দাঁড়িয়েছে গ্রামে, আজকে শুধুমাত্র পঞ্চায়েতের রাজনীতি, প্রধানকে খুন, বিরোধী দলের নির্বাচিত সদস্যকে

ভয় দেখিয়ে আজকে শুধুমাত্র একচেটিয়া একজনের একাধিপত্য কায়েম করার যে রাজনীতি তাতে গান্ধীজীর তথাকথিত রাজনৈতিক, প্রশাসনিক ও অর্থনৈতিক ক্ষমতার প্রভাব ঘটেছে এই চার বছরে। ধন্যবাদ।

শ্রী আবির রঞ্জন বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় ৪০ নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরির প্রস্তাব এই সদনে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনীত কাট মোশানের বিরোধিতা করে আমি কয়েকটি কথা নিবেদন করছি। স্যার, আমরা জানি ভারতবর্ষে বিপুল সংখ্যক মানুষ গ্রামে বাস করে এবং পশ্চিমবাংলা তার বাইরে নয়। প্রায় পঁচাত্তর থেকে আশি শতাংশ মানুষ গ্রাম বাংলায় বাস করে। সেখানে দাঁড়িয়ে আমরা আজকে অনেক global আইডিয়াস নিয়েছি, আমরা inclusive growth এর কথা বলছি, inclusive development-এর কথা বলছি। যেখানে গ্রামে আশি শতাংশ মানুষ বাস করে, সেখানে গ্রামকে বাদ দিয়ে কখনোই ডেভালপমেন্ট হতে পারে না। যদি হয় তাহলে সেটা lopsided development হবে, একটা অংশের উন্নয়ন হবে। যেটা স্বাভাবিকভাবে সমাজের কোনো মঙ্গল করবে না। স্যার, ঠিক এইখানে লক্ষ রেখেই আমাদের মা-মাটি-মানুষের সরকার অনুধাবন করছে, যে পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানগুলো তৃণমূল স্তরে প্রশাসনিক সংস্থা হিসাবে গ্রামীণ জনসাধারণের নিত্য পরিষেবা দেওয়ার ও তাদের ক্ষমতায়নের ক্ষেত্রে প্রধান যন্ত্র। সেখান থেকে দাঁড়িয়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণের মাধ্যমে এই প্রতিষ্ঠানগুলোকে আরও উপযুক্ত ও শক্তিশালী করে গড়ে তোলা এই সরকারের গুরুত্বপূর্ণ কর্মসূচী। স্যার, এখানে সরকার গুরুত্ব দিচ্ছে এটা আমরা বুঝব কি করে। আমরা যদি একটু ফিরে তাকাই, একটু রিফ্লেক্ট করি, পূর্বের বামফ্রন্ট সরকারের লাস্ট পেশ করা ২০১০-১১ সালের পঞ্চায়েত বাজেট। আরেকটু যদি ঘুরে দেখি ২০০৮-০৯ সালে, সেইখানে আমরা দেখতে পাই ২৩৪৩ কোটির কিছু বেশী টাকার দাবি তৎকালীন মন্ত্রীমহাশয় এই সদনে পেশ করেছিলেন। আর ঠিক পাঁচ বছর পর ২০১৩-১৪ সালে বাজেট পেশ করল ৫,২১৩ কোটি টাকার। যদি একটু দেখেন, তাহলে দেখবেন নতুন সরকার পাঁচ বছরে ... বেশী দাবি পেশ করেছে, গ্রামকে গুরুত্ব দিচ্ছে, গ্রামকে সঙ্গে নিয়ে চলার অঙ্গীকার করে গ্রামকে এগিয়ে নিয়ে যাচ্ছে। স্বাভাবিকভাবেই আমার বক্তব্যে বিরোধীরা একটু কষ্ট পাচ্ছেন, আমার বলা আরও বাকি আছে। স্যার, ২০১০-১১ সালে তৎকালীন মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছিলেন তার পরিমাণ হল ৩,৫৪০ কোটি টাকা। স্যার, ঠিক তার পাঁচ বছর পরে এই সরকার ২০১৫-১৬ সালে ১০,৯৩৭ কোটি টাকার কিছু বেশী দাবি পেশ করছে। একটু স্যার লক্ষ্য করে দেখবেন, এই ক্ষেত্রে ব্যাপারটা ৩২৫% বেশী বৃদ্ধি পেয়েছে। এর থেকেই প্রমাণিত হয় এই সরকারের মানসিকতা। এই সরকার চেষ্টা করছে পঞ্চায়েতগুলোকে পরিষেবা দেওয়ার ক্ষেত্রে আরও শক্তিশালী করতে। গ্রামীণ মানুষকে ক্ষমতায়নের ক্ষেত্রে আরও শক্তিশালী করাই এই সরকারের লক্ষ্য। সেই ক্ষেত্রে আমরা জানি একটা প্রোগ্রাম আছে ISRGP, সেই ব্যবস্থার মাধ্যমে দক্ষতার সাথে পঞ্চায়েতগুলো যাতে পরিচালনা করতে পারে এরজন্য তাদের এমপাওয়ার করার ক্ষেত্রে সরকার এক হাজার গ্রামপঞ্চায়েতকে নির্দিষ্ট কিছু তথ্যের ভিত্তিতে বেছে নিয়েছে। এ বছর জানবেন এর বাইরেও ৯৮৬টা পঞ্চায়েতকে সরকার অনুদান দিচ্ছে

নিজেদেরকে আরও উন্নত করার জন্য। এইভাবে আমরা প্রত্যাশা রাখছি, ক্রমে ক্রমে ধীরে প্রত্যেকটা পঞ্চায়েত শক্তিশালী হয়ে উঠবে এবং ধীরে ধীরে তাদের পথ চলা শুরু হবে। স্বপ্নের এই ব্যবস্থার মধ্যে দিয়ে গান্ধীজির স্বপ্ন পূরণ হতে সাহায্য করবে। এরপরে স্যার MGNREGA নিয়ে অনেক কথা হাউসে বিভিন্ন সময় শুনেছি। এই সরকারের লক্ষ্য বেশী সংখ্যক শ্রমদিবস সৃষ্টি করা। প্রকল্পের শুরুতে আমরা দেখেছিলাম বেঙ্গল গভর্নমেন্ট দশ থেকে পনেরো কোটির মত ম্যানডেস বা শ্রমদিবস তৈরি করতে পেরেছিল। সেটা এই সরকারের সময় ২০১৩-১৪ সালে বেড়ে হয়েছে ২৩ কোটি ১৫ লক্ষ, যেটা একটা সর্বকালীন রেকর্ড। এই কৃতিত্বের জন্য এই সরকার 'স্কচ' পুরস্কার লাভ করেছে।

[3.40 - 3.50 p.m.]

দেশের মধ্যে সর্বশ্রেষ্ঠ হয়ে ভারতবর্ষকে পথ দেখাচ্ছে এই সরকার। স্যার, মহামতি গোখলে বলেছিলেন What Bengal thinks today, India thinks tomorrow, আমাদের মনে হয়, উনি বেঁচে থাকলে কথাটা একটু অন্যরকম ভাবে বলতেন। What Bengal does today, India does tommorw। ঠিক এই জায়গাতেই আমরা এগিয়ে চলেছি। মাথায় রাখতে হবে এতকিছু হচ্ছে — বিপুল আর্থিক প্রতিকূলতা, কেন্দ্রীয় সরকারি অসহযোগিতার মধ্যেও এবং বিপুল ঋণের বোঝা। Moratorium থেকে বঞ্চনার মধ্যেও এই বিশাল কৃতিত্বের জন্যে আমরা বিশ্বাস করি মাননীয়া মুখ্যমন্ত্রীর Mission এবং vision দায়ী। স্যার বলার প্রচুর আছে। আমি শুধু ও.ডি.এফ, দিয়ে শেষ করবো। স্যার, এক মিনিট সময় দেবেন। স্যার, আমরা জানি আমাদের স্বচ্ছ ভারত মিশন যেটা ২০১২ সালে নির্মল ভারত অভিযানে পর্যবসিত হয়। নির্মল ভারত অভিযান ২০১২ সালে, আমরা দেখেছি যে পরবর্তীতে সেটাকে আবার চেঞ্জ করে স্বচ্ছ ভারত মিশন টার্গেট ২০১৯। স্যার আবার সেই মহামতি গোখলের কথায় ফিরে আসতে হয়। বাংলা টার্গেটটা মিশন নির্মল বাংলা হিসাবে — মিশন নির্মল বাংলা ২০১৭ করে রেখেছে। এরমধ্যে ভারতবর্ষের মধ্যে প্রথম জেলা হিসেবে গর্বের সঙ্গে বলছি, নদীয়া জেলা ও.ডি.এফ. জেলা হিসাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর দ্বারা ১৩ এপ্রিল ঘোষিত হয়েছে। ভারতবর্ষের যে চারটি জেলা, টপ করছে ও.ডি.এফের ক্ষেত্রে সেখানে বাংলার তিনটে জেলা আছে। নদীয়া, বর্ধমান এবং হুগলী। আর স্যার, মাননীয় বিধায়ক বলছিলেন, আর প্রধানমন্ত্রীর রাজ্যে কিন্তু একটি জেলাও নেই। এই চারটের মধ্যে চতুর্থ জেলা বিকানীর। এই কথা বলে, যদিও আরও বহু কিছু বলার ছিল — যাইহোক, এই কথা বলে, এই ব্যয়বরাদ্দের প্রতি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকের পবিত্র সদনে সম্মানীয় মন্ত্রী অভিজ্ঞ প্রশাসক শ্রী সুব্রত মুখোপাধ্যায় মহোদয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের বাজেট বরাদ্দ পেশ করেছেন। আমি এখানে কয়েকটি বিষয় উল্লেখ করবো এবং ওঁর দৃষ্টি আকর্ষণ করে ওঁর ব্যাখ্যা এবং পদক্ষেপ উনি যাতে বলেন আমি সেই অনুরোধ করবো। পশ্চিমবঙ্গে ৩৪১টি ব্লক, ৪১ হাজার গ্রাম। ১৭টা জেলাপরিষদ, ১টা মহকুমাপরিষদ, ৩৪১টা

পঞ্চায়েত সমিতি, ৩৩৫১টা গ্রাম পঞ্চায়েত। ওঁর সংসার বিরাট। ওঁর পরিবার বিরাট। সেই বিরাট পরিবারের কর্তা মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়। ৪৮ হাজার গ্রাম পঞ্চায়েতের মেম্বার সাড়ে ৯ হাজার পঞ্চায়েত সমিতি, ৮১৫টা জেলা পরিষদ এই টোটাল মিলে ওঁর ফ্যামিলির মেম্বার হচ্ছে ৫৮৩১৫। ইটস এ স্পেকটাকুলার বিগ ফ্যামিলি। তার হেড কর্তা উনি। অর্থাৎ মাননীয় মুখ্যমন্ত্রীর পরে যাকে সবচাইতে গুরুত্বপূর্ণ বিষয় সামাল দিতে হয় সেই দপ্তরটির নাম পঞ্চায়েত এবং তার কর্তা সুব্রত মুখোপাধ্যায়। ৬ কোটি ২২ লক্ষ মানুষের দায়িত্ব তাঁর ওপরে। 68% of the total population of Bengal. তার দায়িত্বে সুব্রতবাবু। উনি আমাদের গ্রামের কর্তা। আমরা যারা গ্রামীণ বিধায়ক — পুরসভার বিধায়ক, কলকাতার বিধায়করা এটা বুঝতে পারবে না কি গুরুত্বপূর্ণ দপ্তর এটা। কত বড় দপ্তর এটা। সুব্রতবাবু এই আইনের স্রষ্টা। কিন্তু দুর্ভাগ্য সিদ্ধার্থবাবুর আমলে সুব্রতবাবুকে এই পঞ্চায়েত নির্বাচনটা করতে দেয়নি। তা নাহলে এই আনিসুর রহমান সাহেবরা '৭৭ সালে আসতে পারতেন না, ৭৮-এও আসতে পারতেন না। এটা আমাদের ভুল। এবং সেই ভুলটা সিদ্ধার্থ শঙ্কর রায়ের ভুল। এটা on record থাকা দরকার। ওরা দাবী করে ওরাই নাকি পঞ্চায়েতের উদ্গাতা। কে বলেছে? ভারতবর্ষের তত্ত্বকেই বিশ্বাস করে না ওরা, মহাত্মা গান্ধীর ফিলোজফিকে condemn করে। ওদের নেতা হচ্ছে লেনিন, স্ট্যালিন, ট্রটস্কি, মাও সে তুং। ওদের নেতা তো মহাত্মা গান্ধী নয়। তবে পঞ্চায়েতরাজের concept এর জন্ম কিন্তু মার্ক্সবাদী communist party দিয়েছে। এটা একেবারে অসত্য condemnable theory, - হয় না। এই জন্য আমি মাঝে মাঝে communist দের বলি, Indianized হন। The communists of India must be Indianized তাহলেই পঞ্চায়েতটা বুঝতে পারবেন। আমি ওই বিষয়ে যাচ্ছি না। এই যে বিরাট পঞ্চায়েত, এখানে সুব্রতবাবু আমাদের পঞ্চায়েত মন্ত্রী, ২০১৩ সালে পঞ্চায়েত নির্বাচনটা হল। আমি এ পক্ষের বক্তৃতা এবং ও পক্ষের বক্তৃতা শুনছিলাম, আর আমরা মাঝখানে sandwiched হচ্ছি। বুঝতে পারছেন স্যার। এরা বলছেন বন্ধুগণ, মাননীয় Chairman, Sir আমাদের দাঁড়াতে দেয়নি, ৬ হাজার seat uncontested। আবার এরা বলছে আপনাদের সময় ৭ হাজার seat uncontested। আর আমরা কি বলছি? ধারাবাহিকতা সমান তালে চলছে, পতাকার রংটা খালি বদলে গেছে। সেই tradition সমানে চলেছে। বন্দুক, পাইপগান, গোলা, ঢুকতে দেব না, বয়কট করব, মারব-ধরবো। এদের time-এ সাড়ে সাত হাজার পঞ্চায়েতে contesting হয়নি, বিনা প্রতিদ্বন্দ্বিতায় ওরা জিতেছে, আর আপনারা জিতেছেন সাড়ে ছয় হাজার পঞ্চায়েতে। এক হাজার কম। এই দহন যন্ত্রণা, এই দহন জ্বালা সুব্রতবাবুর বুকে আছে। কারণ আমি সুব্রতবাবুকে democrat ভাবি, পঞ্চায়েতের একজন অন্যতম আইনের স্রষ্টা ভাবি, ছাত্র আন্দোলনে অগ্নি-স্ফুলিঙ্গ ভাবি, গণতন্ত্রের ধারক ভাবি, প্রতিবাদের প্রতিচ্ছবি ভাবি। কিন্তু উনি নিমিয়ে গেছেন, ছটফট করছেন কাজ করতে পারছেন না। ...(নয়েজ)... আমি বলছি, আমার দল বলছে, আমার দল বলছে। উনি সব চাইতে যোগ্য মন্ত্রী, এর মুখ্যমন্ত্রী হওয়া উচিত, মুখ্যমন্ত্রী হওয়া উচিত ছিল। ...(নয়েজ)... শুনুন আমাকে বলতে দিন, আপনাদের তো disturb করিনি আমরা। প্লিজ শুনুন। সামান্য টাইম আছে।

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি সুব্রতবাবুকে তিন-চারটি প্রশ্ন রাখছি, সুব্রতবাবু প্রাক্তন মন্ত্রী জয়রাম রমেশ, UPA-II সরকার, তার সঙ্গে খুবই একটা বন্ধুত্বপূর্ণ, সৌভাগ্যপূর্ণ, মর্যাদাপূর্ণ সম্পর্ক ছিল। আর সুব্রতবাবুকে দিল্লির সমস্ত স্তরের মানুষ চেনেন এবং ভালবাসেন, শ্রদ্ধা করেন। তিনি যেতেন তর্ক করছেন, point place করতেন, টাকা ছিনিয়ে নিয়ে আনতেন। That was the credit of Subrata Mukherjee, that was his credit. কিন্তু এখন, আমাদের শমীক ভাই বললেন মাননীয় বিধায়ক — franchise, is it not an insult to the federalism? মিঃ শমীক ভট্টাচার্য, is it not an insult to the co-operative federalism of the Indian Constitution? আপনার নরেন্দ্র মোদী এই কাজের অধিকার দেয়নি, দিয়েছে সনিয়া গান্ধী, মনমোহন সিং, রাহুল গান্ধী — ইউ.পি-টু। Right to work, right to work —right to education, right to food security, right to education, right to Jungle Mahal, tribal land in the heart of the forest. এটা আমরা দিয়েছি। আপনারা ইনহেরিট করেছেন, আর ১৮টা দেশ ঘুরে বেড়াচ্ছেন। ভারতবর্ষের কৃষকের পাশে যান না। যান না ১৯টা দেশ? ...(নয়েজ)... এই সব বলবেন না। ...(নয়েজ)... রাজ্য সরকারকে franchise বলবেন না, রাজ্য সরকারকে তার মর্যাদা দিয়ে কথা বলুন। ...(নয়েজ)... নো, এটা হবে না। মত আলাদা হতে পারে, পদ আলাদা হতে পারে, We cannot insult the institution of Parliament, we cannot insult the institution of Assembly. We cannot, we shall not. - democratic institution-কে insult করতে পারেন না। এটা অসম্ভব। আমি শুধু প্রশ্ন রাখব সুব্রতবাবু কাছে, আপনি যখন গন্ধ পেলেন মোদী আসছে, মোদী এসে গেছে, আচ্ছা দিন আগেয়া — কিন্তু বুরা দিন। আপনি কাজ করালেন কেন, মাননীয় মন্ত্রী। গ্রামের গরিব মানুষ, আট মাস - নয় মাস করে টাকা পাচ্ছে না আপনি জানেন, আপনি লড়াই করতে গিয়েছিলেন দিল্লিতে, আপনি ১৮০০ কোটি টাকা নিয়ে এসেছেন April মাসে। এইখানে বাজেট দিয়ে দেওয়া হয়েছে, আমাদের বিভিন্ন paper-এর analysisএ। কোন জেলায় কত টাকা বাকি। কি দুর্ভাগ্য যদি আপনার secretary, আপনার দপ্তর, আপনার director, আপনার সমস্ত লোকেরা — তারা যদি জানত টাকা দিচ্ছে না, কাটছে — labour budget 51% restrict করছে, not more than 51%.

[3.50 - 4.00 p.m.]

Why your Department and Programme Officer, B.D.O, District Coordinator, DM, এই ১৭টি জেলার ডি.এম. কেন আপনার সঙ্গে বৈঠক করে বললো না স্যার, একটু থামুন, আর কাজ দেওয়া যাবে না। কারণ গরীব মানুষরা বেতন পায়নি, এবার আমাদের ছোটাবে। বি.ডি.ও.গুলো ছুটছে, প্রধানগুলো মার খাচ্ছে, কি বিপজ্জনক পরিস্থিতি। সুব্রতবাবু চেষ্টা করে এপ্রিলে টাকা নিয়ে এসেছেন, কিছু দিয়েছেন। কিন্তু এখনও ১৩৮২ কোটি টাকা বাকি এজ অন ডেট। আরো বেশী হতে পারে, আমার জানা নেই। আপনি বলবেন। কিন্তু সুব্রতবাবু চেষ্টা করেছেন, কিন্তু মোদী গভর্নমেন্ট দিচ্ছে না। তারা একটা বিপদে ফেলছে। বিপদে

ফেলেই বলছে, এসো, এসো, বসো, কথা বলো, মেনে নাও, তবে টাকা দেব। এই যে পরিস্থিতিটা চলছে এই যে blackmailing politics of Central Government, এই যে black-mailing politics of BJP Government, এটার সম্বন্ধে সুস্পষ্ট বক্তব্য আমি জানতে চাই। আমি অনুরোধ করবো আপনাকে এই বকেয়া টাকাটা কি ভাবে spell out করে ধাপে ধাপে আপনি দিল্লি গিয়ে লড়াই করে এনে যে ভাবে দিচ্ছেন এটা কতদিনের মধ্যে করা যাবে, এবং ২০১৪-১৫ যন্ত্রণা আপনি পুইয়েছেন, ২০১৫-১৬ সালে আপনি কি কি করবেন একটা পদক্ষেপ অনুযায়ী আপনি যদি একটু বলেন তাহলে আমরা আশ্বস্ত হব। কারণ গ্রামে গিয়ে আমাদের বলতে হয় যে সুব্রতবাবু বলেছেন হবে, সুব্রতবাবু বলেছেন কষ্ট করতে হবে, সুব্রতবাবু বলেছেন একটু থামো, সুব্রতবাবু বলেছেন পরশু দিন হবে। আমরা বলবো। এই ভাবেই বলবো আপনি যে ভাবে বলে দেবেন। দুই, ইন্দিরা আবাস। It is a miserable failure। মুখ্যমন্ত্রী, আপনি বি.ডি.ও-দের উপর নির্ভর করেন, ডি.এম-দের নির্ভর করেন, অফিসারদের উপর নির্ভর করেন। আমার মনে হয় elected institution থেকে আপনারা pro-bureaucrat হয়ে গেছেন। কিন্তু আপনি anti-bureaucrat আমি জানি। আপনার সঙ্গে আমি প্রায় ৩৮ বছর এক সঙ্গে কাজ করেছি আপনার হাত ধরে, আমি জানি, আপনাকে আমার অনুরোধ, আপনার যে রাজনৈতিক দর্শন, আপনার যে অতীত, আপনার যে লড়াই, IAS-দের পদতলে আমাদের বসিয়ে দেবেন না। আমরা জনগণের প্রতিনিধিদের পা টিপতে পারি, আই.এ.এস-দের পা টিপতে পারবো না। এটা আপনি নেতৃত্ব দিন, এই House-এ দাঁড়িয়ে বলুন Parliament is the highest, Assembly is the highest, এখানে আইন তৈরি হয়, ওরা executive authority আমরা legislative authority, একটা গ্রামের পঞ্চায়েত, It is also a legislative authority, কেউ দয়া করে আসেনি, Parliament-এ নগরপালিকা এবং পঞ্চায়েতরাজ রাজীব গান্ধী এই অধিকার দিয়েছে, 37% reservation, 33% reservation রাজীব গান্ধী দিয়েছেন। তাঁর স্বপ্নকে সার্থক করেছেন। নরসিমা রাও, এই বামপন্থীরা সেই দিন বিরোধিতা করেছিল। ওই বামপন্থীরা জনতা পার্টির সঙ্গে হাত মিলিয়ে নগরপালের এবং পঞ্চায়েত রাজের বিরোধিতা করেছিল। অস্বীকার করতে পারবেন আপনারা? এটা ইতিহাস। তো স্রষ্টার হাতে সৃষ্টি, যন্ত্রণার মধ্যে পড়েছে পশ্চিমবঙ্গে। আমি আপনাকে অনুরোধ করবো, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা, এমন অত্যাচার, সে আপনার দলের, কি গুণ্ডাদের, কি দুষ্কৃতকারীদের, কি তোলাবাজদের, আমি বলতে চাই না। আপনি investigate করবেন। কিন্তু পশ্চিম মেদিনীপুর জেলা মাওবাদী জেলা, LWE-র জেলা। সেখানে 90% রাস্তা বাধ্য হয়েছেন আপনি কেন্দ্রীয় সরকারের সংস্থা NBCC, MPCC-কে দিয়ে করাতে। কোনো contractor কাজ করতে যাচ্ছিল না। আপনি বাস্তববাদী মানুষ, আপনি সঠিক পদক্ষেপ নিয়েছেন। কিন্তু খুব slow কাজ হচ্ছে। আর একটা ব্যাপার বলি। ৩০ ফুট রাস্তা ২০ ফুট করে দিয়েছে। Standard ভালো হচ্ছে না। যারা এই রাস্তার কাজের দায়িত্বে আছে তাদের একটু দেখুন। আর একটা ব্যাপারে ধন্যবাদ জানাবো আপনাকে যে, আপনি একটা maintenance grant তৈরি করেছেন। এটা এদের আমলে করেছিল। একটা রাস্তা করে দিল তারপর আর

নেই, হাত তুলে দাঁড়িয়ে আছে। তারপর আপনি কিন্তু এই সমস্যাটা বুঝেছেন, maintenance grantটা আপনি চালু করেছেন। এটা অত্যন্ত ভাল। মাননীয় Chairman Sir মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি, আপনি মাত্র 30.26 percentage দিয়েছেন per family, ভালো নয় আপনার অবস্থা। ১ লক্ষ ৭ হাজার পরিবার, total পশ্চিমবঙ্গের গ্রামে ১ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার ২৭০টা গ্রামীণ পরিবার। তার মধ্যে ১ লক্ষ ৭ হাজার পরিবার কমপ্লিট একশো দিনের কাজ পেয়েছে। এই ফিগারটাও খুব একটা ভাল নয়। কেন? এত টাকা! এত বিরাট পরিবার! আপনি তার কর্তা, কো-অর্ডিনেশানের মুখ্যমন্ত্রী, ৯৭ বার জেলা ভিজিট, তারপরেও কেন বিরোধী দলের পঞ্চায়েতরা মর্যাদা পাবে না? কংগ্রেস পাচ্ছে না? আমার নিজের বিধানসভায় আপনি গেছেন অন্তত একশোবার। কংগ্রেসের নির্বাচিত পঞ্চায়েতে আপনাদের প্রধান তাদের ডেকে ইনভলভ করে কাজ করাচ্ছে না। আপনি মন্ত্রী, আপনার কাছে আবেদন করেছি, আপনার সার্কুলার, ডিপার্টমেন্টের সার্কুলার প্রতিটি বিধায়ক প্রকল্পের অধিকার পাবে। আপনি আমাদের দেননি। নীরব হয়ে আছেন। কার নির্দেশে? কার রক্তচক্ষু দেখে আপনি ভয়ে থরথর করে কাঁপছেন? আপনি তো কাঁপার লোক নন, আপনি কাঁপিয়ে দেবার লোক। আপনি কাঁপছেন কেন? গণতন্ত্রের অধিকার দিন, সংবিধানকে মর্যাদা দিন আর নির্বাচিত প্রতিনিধিদের আপনি ডেকে নিন। এই অনুরোধ রেখে, এই সমস্যাগুলি আমরা বুঝতে পেরেছি, একটা সমস্যা তৈরি করছে। আপনি এগুলোর জবাব দেবেন। এইকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মিঃ চেয়ারম্যান স্যার, বাজেট বক্তৃতার প্রায় শেষ পর্যায় আমরা চলে এসেছি। আমরা এতক্ষণ শুনছিলাম, আর আশা করেছিলাম আমাদের মধ্যে থেকে কেউ না কেউ একজন উঠে দাঁড়িয়ে বলবেন আজকে এই যে পঞ্চায়েত নিয়ে আলোচনা হচ্ছে, এই পঞ্চায়েতের জনক শ্রী সুব্রত মুখোপাধ্যায়। ওনাকে জনক বলেই অভিহিত করা উচিত। ১৯৭২-৭৭ সাল পর্যন্ত যে গভর্নমেন্টের উনি মন্ত্রী ছিলেন, সেই সময় উনি এই পঞ্চায়েত আইন তৈরি করেছিলেন এবং চেষ্টা করেছেন। আমি খুশী যে বন্ধুবর ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা এই কথাটা মেনশন করেছেন। আমি ওনাকে কৃতজ্ঞতা জানাব যে তারপর থেকে সুব্রতবাবু ধারাবাহিকভাবে চেষ্টা করেছেন পঞ্চায়েতকে কেমনভাবে আরও উন্নত করা যায়। নানা বিষয় কথা আছে। কিন্তু তার মধ্যে আমি দু-তিনটি কথা একটু মেনশন করে বলতে চাই ২০১২-১৩ সালের সমীক্ষা অনুযায়ী আমাদের পশ্চিমবঙ্গে ৫৮ লক্ষ পরিবারে শৌচাগার নেই। আমাদের মাননীয় বিরোধী দলনেতা এখানে নেই। তিনি ১৫ বছর পঞ্চায়েত মন্ত্রী ছিলেন। ১৫ বছর পঞ্চায়েত মন্ত্রী থেকে কেন এই গোটা ব্যাপারটা আবিষ্কার করতে পারলেন না এবং তা প্রতিকার করার জন্য উদ্যোগ নিলেন না, তা আমি জানি না। পশ্চিমবঙ্গে এক-পঞ্চমাংশ পরিবারে শৌচাগার নেই। এটা পশ্চিমবঙ্গে ৩৪ বছর ক্ষমতায় থাকা একদল মানুষের কাছে গর্বের বিষয় নয়। দায়িত্ব এসে পড়েছে মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের কাঁধে। তাঁকেই উদ্যোগ নিতে হবে। এই উদ্যোগ নেওয়ার মধ্যে দিয়ে সুব্রতবাবু আবারও প্রমাণ করেছেন যে পঞ্চায়েতের মধ্যে দিয়ে কতদূর এগনো যায়, তা তিনি করছেন এবং করেছেন। এর ফলে আমরা একটা অসাধারণ সাফল্যের দিকে ক্রমশ এগোচ্ছি। ওনার দ্বিতীয় সাফল্য, যেটা আমি মনে করি একটা অত্যন্ত

গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু এই ব্যাপারে আমি একটু বামপন্থীদের ধন্যবাদই দেব। আমি এই হাউসের পুরনো সদস্য বলে জানি। এস.এইচ.জি. গোষ্ঠী তৈরির ক্ষেত্রে ওরাই উদ্যোগ নিয়েছিলেন। এস.এইচ.জি. গোষ্ঠী ওদের সময় আস্তে আস্তে বাড়তে বাড়তে অনেক দূর পর্যন্ত পৌঁছেছিল। কিন্তু এস.এইচ.জি. গোষ্ঠী নিয়ে কি করা যাবে, কোথায় এগোব, কোনদিকে দিশা, তাদের ট্রেনিং যদি না দেওয়া হয়, তাহলে তারা কি করবে — এই নিয়ে কোনো নির্দিষ্ট রূপরেখা ছিল না। সুব্রত মুখোপাধ্যায়কে আমি ধন্যবাদ দেব উনি নানা ধরনের ট্রেনিংয়ের ব্যবস্থা করেছেন, নানাভাবে তাদের সবাইকে যুক্ত করেছেন। ক্রমাগত তাদেরকে নিয়ে এগোচ্ছেন, এই করতে করতে একটা জায়গায় নিয়ে এসে পৌঁছেছেন। আজকে আমি একটা তথ্য দিচ্ছি। ওরা এর মধ্যে প্রায় বিরাট সংখ্যক মহিলারা এগিয়ে এসেছেন এবং তারা ট্রেনিং নিয়েছেন, তারা আস্তে আস্তে তৈরি হচ্ছেন। এই স্বশক্তিকরণের মধ্য দিয়ে তারা ক্রমাগত এগোচ্ছেন। আস্তে আস্তে কিভাবে গ্রাম বাংলার তারা একটা শক্তি হিসাবে পরিণত হতে চায়। আমরা দেখেছি পঞ্চায়েতে, পঞ্চায়েতে মহিলা সদস্য এখন ৫০% নয়, কোনো কোনো পঞ্চায়েতে ৫৫%, ৫৬%, ৫৮% পর্যন্ত।

[4.00 - 4.10 p.m.]

সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব — সমস্ত কিছু রূপরেখা নিয়ে। এই যে মহিলারা, এই মহিলাদের মধ্যে বিরাট সংখ্যক তারা এখনও পর্যন্ত তৈরি হয়নি। কেমন করে পঞ্চায়েতকে পরিচালনা করতে হবে তার জন্য। তার জন্য যে ট্রেনিংগুলো হচ্ছে, সেই ট্রেনিংগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটা সময় শুরু হয়েছিল। কিন্তু যে গুরুত্ব দিয়ে এই ট্রেনিংগুলোকে একেবারে ঘরের মধ্যে পৌঁছে দিয়ে তাদেরকে তৈরি করে দেওয়া দরকার সেই গুরুত্বটা ছিল না। আজকে তৈরি হয়েছে। সেই গুরুত্ব তৈরি হওয়ার ফলে আমি আগে পঞ্চায়েতে দেখতাম, যে মহিলা পঞ্চায়েতে আছেন সেই মহিলার স্বামী বাইরে এসে দাঁড়িয়ে আছেন। অনেক সময় বাইরে দাঁড়িয়ে থেকে তার স্ত্রীকে বলছেন — এই কাজ করতে হবে, ওই কাজ করতে হবে, সেই কাজ করতে হবে। আজকে ঠিক এতটা দেখি না। মহিলারা তৈরি হয়ে যাচ্ছেন। এবং তারা নিজেরা উদ্যোগী হয়ে তারা নিজেরাই সামনে এসে বলছে, আমাদের এই কাজ করতে হবে। এই কাজ এমন করে করতে হবে। তারা ক্রমশ এগোচ্ছে। এটা একটা বিরাট সাফল্য, এটা বিরাট একটা সাফল্য। আমি শমীকবাবু, উনি বেরিয়ে গেছেন, উনি বলছিলেন, ওদের নাম নাকি চুরি করা হয়েছে। নাম চুরি করা নয়, আমি ধন্যবাদ দেব, দীনদয়াল উপাধ্যায় গ্রামকুশলতা যোজনা — আনন্দধারা প্রকল্পের আর একটি গুরুত্বপূর্ণ অংশ। অর্থাৎ ওদের নেতার নাম আছে। এবং সেই নাম নিয়ে আমরা কাজ করছি। কিন্তু নামে কিছু আসে যায় না, আসে যায়, আমরা কাজে কতটা সিরিয়াস হচ্ছি। কাজে কতটা যত্নবান হচ্ছি, কাজে কতটা এগোতে চাই সেটার জন্য। এবং সেই দিকে আমরা যে এগোচ্ছি তার প্রমাণ আছে আমাদের সাফল্যের মধ্য দিয়ে। আমি অন্যান্য কথার পাশাপাশি আমি মাননীয় সুব্রতবাবুকে বলব, এটা ঘটনা যে, এত বড় একটা রাজ্যে এই দশ কোটি মানুষের মধ্যে প্রায় সাড়ে ছ-কোটি মানুষের পঞ্চায়েত ব্যবস্থাকে চালাতে গেলে নানান ধরনের মানুষের মধ্যে কিছু কিছু কু-কর্মও আছে। এই ধরনের কু-কর্মগুলো মাঝে মাঝে সামনে আসছে। আমি

ওনাকে অনুরোধ করব, এই কু-কর্মের ব্যাপারে উনি শক্ত পদক্ষেপ নেবেন, দৃঢ় পদক্ষেপ নেবেন, আরও উদ্যোগ নেবেন। এটা আমি অনুরোধ করব। আর একটি অনুরোধ আমি করতে চাই যে, জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি সেখানে যে কাজগুলো হয় সেই কাজগুলো অনেক গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে। কিন্তু সেখানে যেন একটা নির্দিষ্ট নির্দেশিকা থাকে যে, এই সময়ের মধ্যে কাজ ধরতে হবে, এই সময়ের মধ্যেই কাজ শেষ করতে হবে — তা না হলে কিন্তু ফাইন হবে। এটা একটা। একটা ব্যাপার পঞ্চায়েতে পরিচালিত আছে, বিভিন্ন পঞ্চায়েত সমিতির মধ্যে একটা প্রতিযোগিতা আছে — কে বেশি ভালো কাজ করছে। কে কত ভালো কাজ করতে পারছে না। তার একটা প্রতিযোগিতা আছে। এবং এই প্রতিযোগিতার পুরস্কার আছে। এবং এই প্রতিযোগিতার পুরস্কার আছে। এই পুরস্কারগুলো আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, আপনি নিজে গিয়ে পুরস্কারগুলো দেবেন এবং সবাইকে উৎসাহিত করবেন। এই প্রতিযোগিতাগুলির মধ্যে ওই অফিসারদেরও এনে ফেলবেন। বলবেন — আপনার পঞ্চায়েত সমিতি যদি সফল না হয়, এই পঞ্চায়েত সমিতিকে প্রয়োজন হলে আইন করে দেব যাতে সেই পঞ্চায়েত সমিতি তৎপর হয়। তারা যেন বুঝতে পারে, আমাদের তিরস্কার করছে। তা না হলে, একটা গয়ং গচ্ছ মনোভাব চলে আসবে। এই গয়ং গচ্ছ মনোভাবকে প্রশ্রয় দেওয়া উচিৎ নয়। আমি মনে করি, যে বিপুল পরিমাণ কাজ আপনি করছেন সেই বিপুল পরিমাণ কাজে যে পরিমাণ সাফল্য আসছে — সাফল্য যথেষ্ট আসছে। কিন্তু সেটিকে সেভেনটি পার্সেন্ট ধরলে আত্মসন্তুষ্টি হবে। কিন্তু সেটিকে যদি নাইনটি পার্সেন্টে পৌঁছিয়ে দিতে পারি তাহলে পশ্চিমবঙ্গের আমূল পরিবর্তন হবে। তা আমি নির্দিষ্ট করে বলতে পারি। আমি কিছুদিন আগে ওনাকে বলছিলাম যে, প্রধানমন্ত্রীর পি.এম.জি.এস.ওয়াই. — একশোদিনের কাজের যে পরিকল্পনা ভারতীয় পার্লামেন্টে যে উদ্যোগ শুরু হয়েছিল সেই উদ্যোগে বলা হয়েছিল যে, কৃষকরা সারা ভারতবর্ষে প্রায় তিন মাস কাজ ছাড়া থাকে। তার ফলে বহু কৃষক হতাশ হতে বাধ্য হয়। এবং তারা অনাহারে চলে যেতে বাধ্য হয়। তাদেরকে কিভাবে কাজ দেওয়া যাবে এবং তার থেকেই এই একশো দিনের কাজের পরিকল্পনা করা হয়েছে। এই একশোদিনের কাজের পরিকল্পনায় আমি আমার অভিজ্ঞতায় দেখেছি যে, আস্তে আস্তে এটা একটা স্যাচুয়েটেড পয়েন্টে পৌঁছে যাচ্ছে। এই কাজ থেকে পুকুর কাটা, রাস্তা তৈরি করা — এই কাজ একটা স্যাচুয়েশন পয়েন্টে পৌঁছে যাচ্ছে। তার ফলে আস্তে আস্তে নতুন পরিকল্পনার দিকে এই দপ্তর এগোচ্ছে। তার ফলে মহিলাদের মধ্যে একটা জাগরণের সৃষ্টি হচ্ছে। কেমন করে তারা কিচেন-গার্ডেন আরও বেশি করে তৈরি করতে পারবে, অন্যান্য গার্ডেন বেশি করে তৈরি করতে পারবে, হর্টিকালচারে নিজেদের কিভাবে নিয়োগ করতে পারবে, অন্যান্য হর্টিকালচারে তারা কেমন করে নিজেদের নিয়োগ করতে পারবে। যত বেশি করে এই ভাবে ছড়িয়ে দেওয়া যাবে তত দেখা যাবে আরও বেশি করে কর্মসংস্থান হচ্ছে, তারা স্বনির্ভর হচ্ছে এবং তারা এগোতে পারছে। এবং এই স্বনির্ভর ভাবে এগোনোর জন্য তাদের যত উৎসাহ দেওয়া হবে তত দেখা যাবে এই দপ্তর আরও ভালো কাজ করতে পারছে। সেই কাজের মধ্য দিয়ে তারা নিজেদের রুটি-রুজির ব্যবস্থা করতে পারবে এবং তারা স্বনির্ভর হবে। আমি জানি, গোটা ব্যবস্থাটা একটা বিশাল পরিকল্পনা এবং সেই পরিকল্পনার

মধ্য দিয়ে আপনি ধারাবাহিক ভাবে এগোচ্ছেন, প্রতিনিয়ত নজর রাখছেন এবং নজরের মধ্য দিয়ে প্রকৃতপক্ষে পঞ্চায়েত হাঁটি হাঁটি পা পা করে এগোতে এগোতে স্বয়ম্ভর হচ্ছে। স্বাভাবিক হচ্ছে এবং আরও বেশি শক্তিশালী হচ্ছে। আপনার নেতৃত্বে তারা নিজেদের আরও বেশি করে স্বনির্ভর করে তুলতে পারছে। এই প্রার্থনা রেখে এবং এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই যে পঞ্চায়েতের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে আমি তার নীতিগত বিরোধিতা করে খুব সংক্ষেপে কয়েকটা কথা বলতে চাই।

প্রথম হচ্ছে, আপনারা একটা জিনিস ভুল করছেন, বার বারই ভুল করেন, আপনারা যে একসঙ্গে ছিলেন, সেখান থেকে আলাদা হয়েছেন সেটা ভুলে যান। দ্বিতীয়, এটাও ভুলে যান যে আমাদের আগেও সরকার ছিল। স্বাধীন দেশে, পরাধীন দেশে নয়। ৩০ বছর চালিয়েছে। আপনারা এবং ওঁরা তখন একসঙ্গে ছিলেন। পৃথক হয়েছেন অনেক পরে। এইটা ভুলে গেলেই খুব সমস্যা হয়।

একা কথা আছে, আমরা কংগ্রেসী আমলে বলতাম, "Congress is very efficient and dynamic to enact" — আইন করতে সিদ্ধহস্ত, "but not to act." কাজ করতে পারে না। ...(হৈ চৈ)... মাঝে মাঝে একটু শিখতে হয়তো। আপনারা আইন করতে খুব expert. কিন্তু আইন কার্যকরী করতে পারেন না। যেমন আপনি আইন করেছিলেন কিন্তু রোধ করতে পারেননি।

পঞ্চায়েতের সাফল্য, শুধু মাত্র রাস্তা-ঘাট কতটুকু হয়েছে, এই দিয়ে আমরা সাফল্য বিচার করি না। কোথায় কতখানি মাটি কাটলো, ইত্যাদি দিয়ে বিচার হয় না। পঞ্চায়েতের সাফল্যের মাপকাঠি আরো অনেক গভীরে। দুটো বিষয় ভাবা হয়েছিল। একটা হচ্ছে, আমাদের দেশটা হচ্ছে ডেমোক্রাটিক, আমরা বলি গণতান্ত্রিক দেশ। পৃথিবীর মধ্যে সবচেয়ে বড়। কিন্তু ডেমোক্রাটিক একটা সিস্টেম, তার জন্য ডেমোক্রাটিক মানুষ দরকার। আমরা এই যে ৬০, ৭০ বছর আগে স্বাধীন হলাম, কার্যত আমরা ডেমোক্রাটিক মানুষ তৈরি করতে পারিনি। Democracy — সত্যিকার অর্থে, always হবে একটা participatory democracy, অংশগ্রহণকারী জনতন্ত্র। আমাদের মাথায় ঢুকে আছে গণতন্ত্র মানে ভোট হয় কিনা। গণতন্ত্র মানে মেজরিটির কথা শোনা হয় কিনা। এটা একমাত্র মাপকাঠি হতে পারে না। তাই আমরা শুরু করেছিলাম এই ভাবে, কোনোদিন আমরা বলিনি, আমরা পঞ্চায়েত চালু করেছি। আমরা দুটো উদ্দেশ্য নিয়ে এগিয়েছিলাম। এক নম্বর হচ্ছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করতে হবে। আর দ্বিতীয়, মানুষকে গণতান্ত্রিক সিস্টেমের মধ্যে যুক্ত করতে হবে। নানা প্রক্রিয়ার মধ্যে দিয়ে আজকে একটা ম্যাচিওরিটির জায়গায় পৌঁছেছি এটা অস্বীকার করতে পারবেন না। আজকে খারাপ হতে পারে কিন্তু পঞ্চায়েত যে ভালো কাজ করেছে তা সারা পৃথিবীর অনেক দেশ থেকে এসে দেখে গেছে। সেটা আপনারা ভালো করে জানেন।

এখন এই পঞ্চায়েতী ব্যবস্থায় কাজ করতে গিয়ে সুব্রতবাবুরা কতগুলো অপরাধ করলেন। অপরাধ করলেন বৈশিষ্ট্যের কারণে। যেহেতু এঁরা গণতান্ত্রিক ব্যবস্থাকে রক্ষা করতে চান না, নির্বাচন চান না, এইসব কারণে কতগুলো problem তৈরি করলেন। প্রথম হচ্ছে, গণতান্ত্রিক ব্যবস্থায় যে অধিকারগুলো ছিল, যে পদ্ধতি ছিল, যা করা উচিত ছিল, সময় মত নির্বাচন করা এবং সরকার চাইবে ঠিকমত নির্বাচন হোক। কিন্তু আমরা এখানে অবাক হয়ে গেলাম, এক সময় সুব্রতবাবু ভোট করেননি? এবারে চাইলেন পঞ্চায়েতে যাতে ভোট না হয়। কাজেই কোথায় গেলেন? না, সুপ্রিম কোর্ট। আমাদের সংবিধান আছে, আমাদের আইন আছে, আমাদের সব আছে। সব অধিকার দেওয়া আছে। কিন্তু অমান্য করে চলে গেলেন সুপ্রিম কোর্টে। সেখানে গিয়ে হারলেন তার পরে ভোট হল। এই যে ভোট করতে না দেওয়ার মানসিকতা, আমাদের ৩৪ বছরে ৭-বার ভোট হয়েছে, সময় মত ভোট হয়েছে, কোনোদিন কোনো বিরোধ হয়নি। কে ক'টা দখল করেছে সেকথা আলাদা। কিন্তু ভোট হয়েছে সময় মতো। এটা অস্বীকার করতে পারবেন না।

আরেকটা বিষয় হচ্ছে, নিয়মের কতগুলো পরিবর্তন করলেন। কি লক্ষ্য? এর impact কি? আপনি বলে দিলেন যে, নিয়ম আছে দলত্যাগ করলে তার মেম্বারশিপ চলে যায়। দলত্যাগ কীভাবে হতে পারে? দল যা নির্দেশ দেবে তা না মানলে হবে। তার মধ্যে absent করাটাও পড়ে। এটাই ছিল। আপনি মাঝখানে হঠকারী সিদ্ধান্ত করলেন। আপনার মতো দায়িত্বশীল মানুষ, করলেন কি? Abtain করলে ওটা নিয়মের মধ্যে পড়বে না। আমার দল বলল, মিটিঙে যাও, ভোট দাও। কিন্তু আমি শুয়ে থাকলাম এবং বিরোধী পক্ষকে সুযোগ করে দিলাম। পরে কিছু টাকা-পয়সা নিলাম, সব ব্যবস্থা করে দিলাম, আমার মেম্বারশিপ যাবে না। এটা কখনই ভালো কাজ হতে পারে না। কিন্তু করেছেন। দ্বিতীয় আরেকটা অপরাধ করলেন। আড়াই বছর ধরে আর কোনো অনাস্থা আনা যাবে না। তার মানে কি? আমি এক মাস ধরে একটা জায়গায় প্রধান হয়ে আছি, সেখানে আমার মেজরিটি আছে কিন্তু এক মাস পরে মেজরিটি নেই।

[4.10 - 4.20 p.m.]

মেজরিটি নেই অথচ আমি প্রধান থাকবো, মেজরিটি নেই অথচ আমি সভাপতি থাকবো, মেজরিটি নেই অথচ আমি সভাধিপতি থাকবো মানে কি? এটাকে কি গণতন্ত্র বলে? হতে পারে কখনও? এখানে তৃণমূল মেজরিটি নেই তৃণমূল সরকার হতে পারে? সেই ব্যবস্থা আপনি পাকা করে দিলেন। আর একটা কি সংশোধনী আনছেন কি মতলব আছে আমি জানি না কিন্তু এটা অন্যায় করেছেন। এর ফল হবে মারাত্মক। দেখবেন আপনি লিখে রাখুন আগামীদিনে কয়েক মাসের মধ্যে অনেকগুলো প্রধান খুন হবে, অনেকগুলো সভাপতি খুন হবে, ইতিমধ্যে হয়েছে। এখন একজন প্রধানকে তাড়ানোর একমাত্র পথ তাকে খুন করতে হবে। তা না হলে তাকে তাড়ানো যাবে না। নদীয়ায় যেটা করেছেন। নদীয়ায় একটা প্রধানকে খুন করলো একটি মাত্র কারণে তাকে না খুন করলে ওখানে প্রধান চেঞ্জ করা যাবে না। সিপিএম প্রধানকে তাড়াতে হবে, তার একটা পথ খুন করতে হবে। এই টাকিতে হয়েছিল, সভাপতিকে খুন করা হল। একটি মাত্র

কারণে সভাপতিকে না খুন করলে ওখানে মেজরিটি পাওয়া যাবে না। এই যে আপনি পথ খুলে দিলেন, আজকে ভাল লাগবে ঠিকই, '৭২-এ ভালো লেগেছিল কিন্তু আখেরে গিয়ে লাভ হবে না সেটা ভালো করে বুঝে রাখবেন। আপনাদের সাফল্য নিয়ে কথা হচ্ছে। অনেক কথা হয়েছে, খুব সাফল্য, পুরস্কার পাচ্ছেন যদিও বইয়ে বলেননি। সুব্রতবাবুর একটা মুশকিল হচ্ছে, স্ট্যাটিসক্যাল জাগলারি যাকে বলে সেই ব্যাপারে এক্সপার্ট। সব অসত্য রিপোর্ট, অসত্য রিপোর্টে ভরা। আপনি এটা দেখুন শুধুমাত্র স্ট্যান্ডিং কমিটির বই তার রিপোর্ট আর আপনার রিপোর্ট কত গরমিল। ২০১৩-১৪ আর ২০১৪-১৫, ২০১৩-১৪-তে ২২ কোটি ২৯ লক্ষ শ্রমদিবস তৈরি হল। আপনি ২৩ কোটি না কত করে দিলেন। আপনি দেখলেন না বইয়ে কি লেখা আছে। আমার ছোট বোন বীণা অনেক কথা বলেছে, ভালো। কিন্তু জানে না, ২০১৩-১৪-তে একেবারে পিকে উঠলো ২২ কোটি সামথিং হল, তারপরের বছর ম্যানডেজ কত হল মাত্র ১৪ কোটি ৭৭ লক্ষ। কাজ দিলেন কত? না, ৩০ দিন। আমরা ২০০৯-১০ সালে দিয়েছিলাম ৪৫ দিন। আর আপনি দিলেন ৩০ দিন। এটা ভুলে গেলে যে, ৩৪ বছর ধরে আপনারা ১০০ দিনের কাজ করছেন, না? এর জন্ম হয়েছে কবে? যখন প্রথম ইউ.পি.এ. সরকার হয়। ২০০৪ সালে আলোচনা শুরু হয়, ২০০৬-০৭ সালে আইন হয়। ২০০৭-০৮ সালে কাজ শুরু হয় এবং সেটা মাত্র কয়েকটি জেলায় কাজ শুরু হয়। তারপরে কয়েক বছর পরে আমরা দেখলাম, পরিবর্তন কতখানি হয়েছে? কিন্তু এই কথা আমি বলছি না বেশি কাজ দিলে খুব ভালো হল তা নয়। মানুষ অন্য কাজ পেলে এই কাজ করবে কেন? এই কাজ যে পায় না তার জন্য। কোনো রাজ্য যদি কম করে আমি বলবো সে তো ভালো কাজ করেছে। কারণ অন্য কাজ পেলে এই কাজে আসছে না। এটা সাফল্য বা দুর্বলতার মাপকাঠি নয়। সেটা একটা বড় ভাবনা। এইরকম অসত্য রিপোর্ট থাকলে মুশকিল হয়ে যায় খুব। তারপরে যেটা হয়েছে, আপনাদের পারফর্মেন্স দেখে আরো কয়েকটি কথা বলার আছে। তারমধ্যে একটা আই.এস.জি.পি.। সুব্রতবাবু অন্যরকমের মানুষ রাজনীতি ভালো করে জানেন কারা এটা করেছে, কিভাবে করেছে। আমাদের এখানে একটা এস.আর.ডি. প্রোগ্রাম ছিল strengthening of rural decentralization এস.আর.ডি বলতো। তখন বেছে নেওয়া হয়েছিল তলার সবচেয়ে খারাপ ১ হাজার পঞ্চায়েতকে দিয়ে কাজ শুরু হল, সেই কাজে আমরা ভাল ফল পেলাম না। তখন ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাথে কথা আমরা একটা নতুন কায়দায় করবো সবচেয়ে ভালো, বাছাই করা যে ১ হাজার সেই ১ হাজার জি.পি. বেছে নেবো। ১ হাজার বেছে নেওয়া হয়েছে। আমার নিজের বাড়ি মুর্শিদাবাদ জেলায় একটি জি.পি.ও. নেই। যে ক্রাইটেরিয়া ওরা করে দিয়েছিল সেই ক্রাইটেরিয়া বেছে নিয়েছিলাম বেস্ট ১ হাজার জি.পি. সেই স্কীম যেটাকে আই.এস.আর. জি.পি. বলে Institutional strengthening of rural gram panchyat যেটাকে বলে সেই কাজটা আমরা শুরু করেছিলাম। হঠাৎ করে দেখলাম পুরস্কার পাচ্ছেন না কি শুনলাম, পুরস্কার নয়, জ্ঞান পাওয়ার কথা। ১ হাজার কোটি টাকা আমরা ঋণ করেছিলাম তখন প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে ১ কোটি করে দেওয়া হবে, তারা কাজ শুরু করবে। সেই তারা ভালো করে করেছে, আমাদের অফিসাররা ভালো কাজ করেছে। ভালো সাফল্য আমরা পেয়েছি। এটার মানে এই নয় যে আমরা জানতাম

না, বুঝতাম না। আমাদের মেদিনীপুরে হয়েছিল এই সরকার আসার পর দেখলাম মেদিনীপুরের পঞ্চায়েতের বাগানে আম ধরেছে অনেক। সুব্রতবাবু বলেছিলেন আমরা করে দিয়েছি। আরে, আম গাছে আম ধরতে তো কয়েক বছর লাগে। এখন তো একবছর হয়নি, আম লাগালেন কবে আর আম ধরে গেল কবে? এই সে রং করার মতো। সব ঘরে রং করে দাও, বললেন এই সময়ে হয়েছে। প্রত্যন্ত গ্রামের একটা কালভার্ট সেখানে দেখছি নীল রং। এটা নাকি এই আমলে হয়েছে। রং দিয়ে যদি হতে পরে তাহলে আমরা ভাবিনি কিন্তু সেই জিনিস করা হচ্ছে। আর সবথেকে একটা বড় ব্যাপার হচ্ছে যে, সুব্রতবাবু নিশ্চয় জানেন, আমি অন্তত ব্যক্তিগতভাবে একটা কথা বলি যে পঞ্চায়েত এমন একটা ব্যবস্থা, যেখানে সবাই বিরোধী, সবাই সরকারি পক্ষে আছে। এ কোনোদিন হয়নি, কোনোদিন হবেও না। যে একশো ভাগ গ্রাম পঞ্চায়েত তৃণমূল হয়ে গেল, এ কোনোদিন হবে না। একশো ভাগ গ্রাম পঞ্চায়েত সিপিএমের হয়ে গেল, এ কোনোদিন হবে না। যত রাজনৈতিক দল আছে সবাই হচ্ছে সরকারি পক্ষ, সবাই হচ্ছে বিরোধী পক্ষ। আর একে তাড়াতে গেলে মিনিমাম আমাদের একটা আন্ডারস্ট্যান্ডিং দরকার, অন্যগুলো যাই থাকুক। অন্য কোনো দেশে গিয়ে আমি দেখেছি, অন্যগুলো যাই থাক, নীতিগত ব্যাপারে সবাই কিন্তু একমত। আমরা যদি একমত না হতে পারি তাহলে ক্ষতি হবে। আমি দেড় বছরের জন্য এই দপ্তরে ছিলাম। তিনবার মিটিং করেছি, তিনবার। সমস্ত ভি.ডি.ও. রেকর্ড করা আছে। আমাদের তখন যিনি স্পীকার ছিলেন, তিনি উদ্বোধন করে দিয়েছিলেন। পার্থবাবুরা তিনটে মিটিংয়েই ছিলেন, বক্তৃতা করেছেন। মানসবাবু বক্তৃতা করেছেন, সবাই, যত পার্টি ছিল। তিনবার মিটিং করেছি এবং ফ্র্যাংকলি বলেছি আমরা যে পঞ্চায়েতে তিনটি রোগ দেখা যাচ্ছে যেগুলো খুব জটিল। একটা হচ্ছে যে হারে বা গতিতে কাজ হওয়া দরকার, সেটা হচ্ছে না। দুই নম্বর পার্টিবাজি হচ্ছে। তিন নম্বর দুর্নীতি হচ্ছে। স্পষ্টভাবে বলেছিলাম আমরা। ওয়ার্কশপ করেছিলাম, সেখানে আমরা বলেছিলাম এবং ওই কাটাবার ব্যাপারে বলেছিলাম যে প্রধান দায়িত্ব হচ্ছে পলিটিক্যাল পার্টির। পঞ্চায়েতের যে স্টেকহোল্ডার আছে, তারা কারা? এক—সরকারি কর্মচারী, পঞ্চায়েতের মেম্বার, জনগণ আর পলিটিক্যাল পার্টি। এই সবগুলোকে চালায় পলিটিক্যাল পার্টি। যদি পলিটিক্যাল পার্টিগুলো মনে করে দুর্নীতি হতে দেব না, একটাও দুর্নীতি হবে না। বি.ডি.ও. চুরি করবে আর সভাপতি জানবে না, এ কখনও হতে পারে না। সভাপতি চুরি করবে, বি.ডি.ও. জানবে না, এ কখনও হতে পারে না। এ আমাদের আন্তরিকতা থাকলে তবেই আমরা পারি। এর কোনো বিকল্প নাই। যদি আমরা না করি তাহলে আমরা আগামী প্রজন্মের জন্য অপরাধ করে যাব। কাজেই সেটাও অনেক বেশি দরকার। এই যে এস.এস.কে, এম.এস.কে নিয়ে একটা কথা হচ্ছিল, সুব্রতবাবু ভালো করেই জানেন যে একসময় আমাদের স্কুল আইনের কারণে বন্ধ হয়ে যাচ্ছিল, স্কুল করা যাচ্ছে না, তখন বাধ্য হয়ে করা হয়েছিল। আমরা যেটুকু করে গেলাম ওদের জন্য, নতুন করা তো দূরে থাক, আপনি বললেন যে হবে, হবে। তিনজন মন্ত্রীর সঙ্গে কথা হল, ব্রাত্যবাবু তখন ছিলেন মন্ত্রী, তিনিও বললেন যে হবে। স্টেটমেন্ট করলেন, কিন্তু হল না। এখন আবার অন্যায় যেটা হচ্ছে যে ওদের বলা ছিল যে বেতনের বাইরে তিনবছর পর পর ৫% ইনক্রিমেন্ট পাবে। বন্ধ হয়ে গেছে, ওরা যখন

রিটায়ার্ড করবে তখন এক লক্ষ না দু-লক্ষ টাকা পাবে, বন্ধ হয়ে গেছে। কেন হবে? এত পরিশ্রম করে তারা। এই যে প্রতীচির যে রিপোর্ট আছে, সেই রিপোর্টে বলা হয়েছিল সবথেকে ভালো কাজ করে। এখান থেকে স্কুলে পড়ে টেন পাশ, টুয়েলভ পাশ পর্যন্ত করা যেতে পারে। এত সুযোগ আছে এখানে। অথচ সেগুলোর ব্যবস্থা হচ্ছে না। এটা ভালো না। এটা ভালো করে দেখে করার চেষ্টা আপনারা করবেন। আর যেটা এখন হয়েছে, স্বীকার করুন বা না করুন, যেটা আপনারা আমরা করে যাচ্ছি বহু লড়াই করতে করতে এ একটা সিস্টেম গড়ে উঠেছিল। ভাবুন ব্লকের নাম ছিল বি.ডি.ও. অফিস। বি.ডি.ও. অফিসের নাম করতে হলে পঞ্চায়েত সমিতি। ওই সাইনবোর্ডটা নামিয়ে এই সাইনবোর্ড তুলতে অনেক সময় লেগেছিল। আর আজকে ঘুরিয়ে বি.ডি.ও. অফিস হচ্ছে অনেক সময় লেগেছিল। আর আজকে জায়গায়। আবার বি.ডি.ও. অফিস হয়ে গেল পঞ্চায়েত সমিতির বদলে। এটা হচ্ছে আমাদের চরমতম অপরাধ। এটা হল আমাদের পাপ। প্রায়শ্চিত্ত করতে হবে। আমি বলব এই জিনিস করবেন না সুব্রতবাবু। অন্য যা কিছু করুন আমাদের বিরুদ্ধে, কিন্তু ব্যবস্থাটা ভেঙে দেবেন না। পঞ্চায়েত সমিতির নাম হয়ে যাবে বি.ডি.ও. অফিস,এ মারাত্মক অপরাধ হবে। আর শেষে আমি একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে যে আমরা স্বীকার করি বা না করি ব্যাপকভাবে দুর্নীতি হচ্ছে। আমি এই কথা বলছি না যে আমাদের সব লোক কেউ দুর্নীতি করেনি। কিন্তু ব্যাপকভাবে হচ্ছে এবং তার রূপ পরিবর্তন হয়ে গেছে, আপনি কোথাও কাজ দেখতে পাবেন না। খরচ দেখতে পাবেন বিশাল। এই যে ব্লকে টাকা পড়ে আছে, প্রচুর কাজ হচ্ছে কাগজে কলমে। আপনি অবাক হয়ে যাবেন, আমি একটা ছোট ঘটনা দেখলাম, একটা পুকুর কাটবে, ২০ লক্ষ টাকা স্যাংশান হয়েছে। সেখানে করেছে কি? মালিককে বলেছে তোমাকে ২০ লক্ষ টাকার স্কীম করে দেব, তুমি আমাকে পাঁচ লাখ টাকা দাও, দিয়ে দিয়েছে। তারপর মাটি যে কাটা হয়েছে, সেই মাটিগুলো নিয়ে গিয়ে ইঁটের ভাঁড়ারে বিক্রি করে দিয়েছে। সেখান থেকে পেয়েছে। আমি শেষে একটা শুধু ঘটনা বলব এই রকম অদ্ভুত ধরনের যে দুর্নীতি যে গজিয়ে উঠতে পারে, সেটা আমারই জানা ছিল না। আমার কাছে দুটো কাগজ আছে। একজন লোকের নাম হচ্ছে মোজাক্কের আনসারি। তার নামে জব কার্ড ইস্যু হয়েছে, সে জানে না। তার নামে অ্যাকাউন্ট হয়েছে, সে জানে না। আর একজন লোকের নাম হচ্ছে মোজাক্কের আলি অনসারি, সেম পারসেন। তার এপিক নাম্বার হচ্ছে সেম, বাড়ি হচ্ছে সেম, বয়স হচ্ছে সেম, বাবার নাম হচ্ছে সেম, সব সেম। কিন্তু দুটো অ্যাকাউন্ট। দু-জনের নামে দুটি অ্যাকাউন্ট হয়েছে, কেউ জানে না। সে লোকটা জানে না। দু'জনের নামেই টাকা অ্যালট হয়েছে, তারা কাজ করেছে পুরো। আমি কার আমলে তো বলিনি। আমি বলেছি এই ঘটনা ঘটেছে। এবারে এই যে টাকা তুলেছে....

[4.20 - 4.30 p.m.]

মিঃ স্পীকার : আপনি কাগজটা দিয়ে দেবেন মাননীয় মন্ত্রীকে।

শ্রী আনিসুর রহমান : দিয়ে দিচ্ছি। কিন্তু অদ্ভুত ব্যাপার যে এইরকম একটা দুর্নীতি হতে পারে, এর সাথে ব্যাঙ্ক যুক্ত হচ্ছে, পোস্ট অফিস যুক্ত হচ্ছে। আমি আবেদন করব ভবিষ্যতের

জন্য, পশ্চিমবাংলার মানুষের জন্য এই ব্যবস্থাতে যেন খারাপ না হয়, তারজন্য কড়া ব্যবস্থা নেওয়া উচিত। আপনি জানেন যে, শুধু প্লেন অডিট না, এখন পারফরমেন্স অডিটের ব্যবস্থা করা হয়েছে। এটা কাজে লাগাতে পারেন। এটা কাজে লাগালে ভাল হতে পারে। আমি আবারও আবেদন করব যে পঞ্চায়েতকে পঞ্চায়েতের মতো দেখবেন। যাতে সবাই মিলে আমরা নতুনভাবে কাজ করতে পারি। এই কথা বলে আর একবার নীতিগতভাবে এটার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রায় ৩ ঘণ্টা ধরে বিরোধী দল এবং সরকারি দলের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। যারা এখানে অনেকে বক্তৃতা করেছেন বিরুদ্ধে বললেও ভালো লেগেছে এবং যারা আমাদের সমর্থন করেছেন তাদেরও ধন্যবাদ। কিন্তু কোনো কোনো জায়গায় আমার মনে হয় যে, তথ্য ঠিক ঠিক সংগ্রহ অনেকে করতে পারেননি। আমি নিজে মনে করি এই যে এবং এখনও কষ্ট পাই, যদি দেখি বিধানসভায় — যেটা আমাদের গণতন্ত্রের মন্দির, যেখান থেকে রাজ্য শাসিত হয়, তার অর্থনীতি, সমাজনীতি — সবকিছু পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়। এখন তো আর ধর্ম নিয়ন্ত্রণ করে না, এখন বিধানসভা, লোকসভা — তাদের দ্বারা সমাজ নিয়ন্ত্রিত হয়। এখানে যখন শুনছিলাম, কারোর-কারোর বক্তৃতা মনে হচ্ছিল যে, আমাদের সমাজকে তারা খুন করতে চায়, উচ্ছন্নে যাক — অন্য কিছু। কিন্তু তার আগে এটাকে উদ্ধার কোরো এবং এটাকে ডেস্ট্রয় কোরো পঞ্চায়েতীরাজ ব্যবস্থাকে। কার সম্পদ? না আমার, না আমাদের মুখ্যমন্ত্রীর, না আমাদের পার্টির — এই একটা জায়গায় কেন আমরা একমত হই না যে এই সম্পদটা রাজ্যের এবং অনেকগুলো রাজ্য মিলিয়ে সারা ভারতবর্ষ। আমাদের এটা এতো বড়ই সম্পদ যে, আমি দেশে — বিদেশে গিয়ে দেখেছি যে, অনেক জায়গায় যে রাজনৈতিক সমস্যা আছে, সেই রাজনৈতিক সমস্যা সমাধানের জন্য আমাদের পঞ্চায়েতীরাজ ব্যবস্থাকে অনেকে কপি করতে চায়। উদাহরণ দিয়ে বলি — আমি গিয়েছিলাম ওয়ার্ল্ড ব্যাঙ্কে, তারা আমাকে বললেন, আপনাদের নিয়ে যেতে চাই ইজিপ্টে — যেটা লম্বা একটা দেশ, সে দেশের তলা অবধি সম্পদ বণ্টন হয় না এবং একেবারে তলায় কায়রো তার সাথে মেম্বারদের সম্পর্ক থাকে না। ফলে রিজেন্টমেন্ট হয়, প্রতিদিন খুনোখুনি, মারামারি ইত্যাদি বাড়ে। শক্তিটাই পাচ্ছে না যে তারা এই দেশের মানুষ। চমৎকার একটা কল্পনা করেছিল গান্ধীজী এবং তার পরে পরে কংগ্রেস কিন্তু অনুভব করেননি দীর্ঘদিন। এটা আমি ইতিহাস থেকে বলছি — গ্রহণ করেননি। পরবর্তীকালে আমরা — কংগ্রেসের একটা রাজ্যশাখা — সিদ্ধার্থ রায় তখন মুখ্যমন্ত্রী, আমাদের আজকের এই আইনটা ১৯৭৩ সালে তৈরি হয় এবং এই আইনটাই কিন্তু ওরা যে অনেক কাজ বামপন্থীরা করেছেন ইত্যাদি বলেন — তার কিন্তু বেস এই আইন। ১৯৭৪ সালে যে অ্যামেন্ডমেন্ট করলেন তদানীন্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী — তার কিন্তু বেস এই আইন। এই আইনটাই আমাদের গলায় মুক্তোর মালা হয়ে ঝুলছে। সেটাকে রক্ষা করতে আজকেও অনুরোধ করব। আছে, চলার পথে অথবা অনেকসময় ইমপ্লিমেন্টিং যারা এজেন্সি — তাদের ত্রুটি বিচ্যুতি হয় — পৃথিবীর সর্বত্র হয়, এখানেও হয়। কিন্তু তার জন্য আমরা যেন মাতৃহত্যার মতো এই সিস্টেমটাকে, এই পঞ্চায়েতি রাজটাকে ধ্বংস না করি। যেটা

করেছিলেন বামপন্থীরা। আপনারা কিছু মনে করবেন না। আমি রাজনীতির উর্ধ্বে গিয়ে আপনাদের এই কথাটা বলি। তদানীন্তন কমিউনিস্ট নেতা সি.পি.এম-এর, তিনি প্রকাশ্যে বলতেন, যে আমরা একেবারে পার্টির রুল কান্ট্রি চাই, রাজ্য চাই। রেডিমেড পেয়ে গেলেন এই পঞ্চায়েতি রাজ। অর্থাৎ একেবারে গ্রামের ক্ষমতা দখল করো, আর সেই ক্ষমতা দিয়ে একেবারে দলতন্ত্র, যেটা পরবর্তীকালে দলদাস, তারও পরবর্তীকালে ক্রীতদাসে পর্যবসিত করেছিলেন। এটা একটা পরিকল্পিত ব্যবস্থা। এটা বিচ্ছিন্ন ঘটনা নয়। আপনারা আজকে যেসব কথা বলছেন, আপনারা যেসব কাজ করেছেন তাতে লজ্জায় মাথা হেঁট হয়ে যাওয়ার কথা। আমরা যেই বলব যে আমাদের সময় এই হয়েছে, তখনই আপনারা বলবেন এই তথ্য ঠিক নয়। এই তথ্যগুলো কি জানেন? এই তথ্য গুলো ...

...(গণ্ডগোল)...

মিঃ স্পীকার : আমি দেখে নেব। আমি সব শুনছি। আমার কাছে সব প্রসিডিংস আসে। যেগুলো এক্সপাঞ্জ করার আমি সব করে দিই। আপনাদের আশ্বস্ত করতে পারি আপনারা চিন্তা করবেন না, আমার কাছে আসলে আমি ঠিক পড়ে দেখে নেব, আনরিভাইজড আমি ঠিক করে দেব।

শ্রী সুব্রত মুখার্জী : আমি জানি স্যার, আমার একটু আবেগ আছে। আমাকে যেদিন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ডেকে দায়িত্ব দিলেন এই দপ্তরের, তখন একটা কথা বলেছিলেন। যে কথা আমি একদিন, এক মুহূর্তের জন্য বলি না। সেই কথাটা হল, এই বললেন, 'সুব্রতদা, যদি সত্যিকারের বাংলার উপকার করতে চান, তাহলে গ্রামে যান। গ্রামের মানুষগুলোর, যেখানে ৯ কোটি মানুষ বাস করে তাদের পাশে দাঁড়ান।" তাদের পাশে দাঁড়াতে গেলে সরকারের পক্ষ থেকে যে কাজ করার সুযোগ এবং করতে হবে তার মধ্যে পঞ্চায়েতিরাজ এবং রুরাল ডেভলাপমেন্ট। একেবারে এইটাই হল আসল সত্য। এটার ভুল ত্রুটি দেখিয়ে এটার ডেস্ট্রয় করা আমার মনে হয় ইটস এ ক্রাইম। শমীকবাবু বলছিলেন, রাজনৈতিক কথা বললেন। কিন্তু ঠিক বললেন না। এটা franchisee বলা, তাহলে হয়তো এর অর্থ বোঝেননি। তিনি বললেন যে টাকা আমাদের বেশি দেয় ইত্যাদি। না, বিহারকে আমাদের চেয়েও বেশি টাকা দেয়। আর একটা মস্তবড় ভুল সব জায়গায় হয়। কি করে আনিসুর সাহেব এই ভুল করলেন আমি জানি না, উনি মন্ত্রী ছিলেন। টাকা এখানে অগ্রিম দেয় না। কাজ করে হিসেব দিয়ে তারপরে টাকা পাওয়া যায়। এটা একটু বুঝতে হবে। অন্য কাজের সাথে যে fundamental difference, এটাই ডিফারেন্স। যেমন নারেগা, ১০০ দিনের কাজ যাকে আমরা বাংলায় বলি। ১০০ দিনের কাজে রেডিমেড বরাদ্দ হয় না, যে এত টাকা বরাদ্দ করলাম। আমরা যেরকম যেরকম কাজ করব, সেই কাজের হিসেব দেব, তলা থেকে চলে যাবে ওখানে, তারা মিলিয়ে নেবেন কাজের সঙ্গে অর্থের সঙ্গতি। এমনকি আমরা অর্থও দেখি না। আমরা হিসেব দেওয়ার পর — এখন তো যেখানে ব্যাঙ্ক আছে সেখানে সরাসরি ব্যাঙ্কে চলে যাচ্ছে। আমরা চেষ্টা করছি যাতে বায়োমেট্রিক সিস্টেম হয়। এক মাত্র অস্ত্র ছাড়া — বায়োমেট্রিক সিস্টেম করে দ্রুত দেওয়া, আরো বেশি স্বচ্ছতা রক্ষা

করা, আর কোনো সিস্টেমে এই জিনিস সম্ভব নয়। আপনারা ভাবেননি কেন? ৩৪ বছরের মধ্যে প্রায় ১৫ বছর এই সিস্টেম ছিল। কেন আপনাদের আমলে নারেগার টাকা তিন মাস, চার মাস, পাঁচ মাস পরে পেত? তাতে spirit of work কমে যেত। কারোর দয়ায় নয়। শমীকবাবু, ভালো করে শুনুন। নারেগা, it is our fundamental right, সাংবিধানিক অধিকার, কাজের অধিকার। অনেক সময় অনেক হুমকি দেওয়া হয় নারেগা বন্ধ হয়ে যাবে। কারোর চৌদ্দ পুরুষের ক্ষমতা নেই নারেগাকে স্পর্শ করে, জেনে রাখুন, হ্যাঁ, পারেন যেটা সেটা করছেন, যেটা দুঃখের কথা — কার ক্ষতি করছেন, দেশের ক্ষতি করছেন। আপনারা এখানে ভোট পান না। অতএব এখানে নারেগা বন্ধ করো, ১০০ দিনের কাজ কমিয়ে দাও।

[4.30 - 4.40 p.m.]

কি করে বললেন? যখন কাজের গতি বেড়ে গেছে, আমরা ২২ কোটি, ২৩ কোটি লেবার বাজেটের ম্যান ডেজ অনুযায়ী কাজ করেছি, সাড়ে ৪ হাজার কোটি, সাড়ে ৫ হাজার কোটি টাকার কাজ করে অল টাইম ইন্ডিয়া রেকর্ড করেছি। এই জিনিসটাকে উপহাস করে উড়িয়ে দেওয়ার নয়। এই টাকাটা তৃণমূল কংগ্রেস বা মমতা ব্যানার্জী বা আমি পাইনি, এটা গ্রামের দরিদ্র মানুষদের পকেটে গেছে।

মিঃ স্পীকার : ওনার সময় শেষ হয়ে গেছে, with the consent of the House আমি আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী সুব্রত মুখার্জী : তাদের সম্পদ হয়ে গেছে। আপনারা এতে গর্ব অনুভব করবেন না? আমি এই দপ্তরের দায়িত্ব নেওয়ার পর যখন মিটিংয়ে যেতাম, মিটিংয়ে গিয়ে শুনতাম NREGA তে আমরা ২০ নম্বর, কোনো জায়গায় ২২ নম্বর — এক একটা project অনুযায়ী আমাদের নম্বর ছিল — লজ্জায় মাথা হেঁট হয়ে যেত। তারপর যখন আমরা Pick up করা শুরু করলাম — মুখ্যমন্ত্রী এখন এখানে নেই, থাকলে ভালো হত, যেখানে যেখানে তিনি review meeting করতে যান, সবচেয়ে আগে rural development-এর একটা একটা করে BDO কে তুলে প্রশ্ন করেন। আমি এটুকু বুঝি যে এর গুরুত্ব দিলে আমরা বাঁচব কিনা জানি না, রাজ্যটা বাঁচবে, রাজ্যের গরীব মানুষগুলো দু-বেলা দু-মুঠো খেতে পাবে। একটা political party, সে কখনও ক্ষমতায় থাকে, কখনও ক্ষমতায় নাও থাকতে পারে, তাতে কিছু যায় আসে না, কিন্তু গরীব মানুষগুলোর স্বার্থ — সে ৫ বছর, ১০ বছর, ১৫ বছরের জন্য temporary, extra temporary নয়। সেই Fundamental স্বার্থকে আজকে রক্ষা করার জন্য, বিশেষ করে Rural development এবং পঞ্চায়েত যার মাধ্যম, একে রক্ষা করতে হবে এবং এই রক্ষা শুধু আমরা দায়িত্বে আছি বলে নয়, দায়িত্বে যারা নেই, বা অতীতে যারা ছিলেন সবাই এটাকে সামাজিক দায়িত্ব হিসাবে গ্রহণ করলে উপকার হবে। যদি কারো হয়, সেই উপকার মানুষেরই হবে। নেপাল মাহাত একটু ভুল বলেছেন, আমি কাগজে দেখলাম যে আপনারা জেলায় আর মাত্র ৬ কোটি টাকা পাবেন। এটা হয়েছে কি, আমরা টাকাটা অনেক পরে

পেয়েছি, যেটা অনেক আগেই পাবার কথা। প্রায় ৩ হাজার কোটি টাকা আসবার কথা, কিন্তু এই financial year শেষ হবার পর আমরা ১৮০০ কোটি টাকা পেয়েছি। মাঝখানে অনেক জেলা, বর্ধমান, হুগলী ইত্যাদি, সেখানে D.M., পঞ্চায়েত সভাপতিরা কাজ বন্ধ করে দিতে বাধ্য হলেন, কারণ টাকা নেই, already pending, আর কতদিন দেবেন? শমীকবাবু, আপনার ভাবতে লজ্জা করে না, আমাদের দেশের লোকেরা কাজ করে, আর আপনারা রাজ্যে কেন্দ্রে শুধু রাজনীতি করার জন্য টাকা বন্ধ করে দিলেন! এতে ক্ষতি কার হল, মমতা ব্যানার্জীর? ক্ষতি হল আপনার রাজ্যের গরীব মানুষগুলোর, যারা দু-বেলা দু-মুঠো খেতে পায় না। কাজ বন্ধ করে দিতে হয়েছে। দায়িত্ব নিয়ে বলছি, এই Financial year শেষ হবার পর ১৮০০ কোটি টাকা, তাও ২ হাজার কোটি নয়, আমাদের দিলেন। সেই টাকাটা আমরা দিতে শুরু করেছি। কিছু কিছু জায়গায় complete হয়ে গেছে, কিছু পুরনো বকেয়া আছে, আবার নতুন বকেয়া Pending হতে থাকবে। আমি Party এর ঊর্ধ্বে গিয়ে বলছি, আসুন, দিল্লির সঙ্গে যদি লড়াই করতে হয় তাহলে এই পয়েন্টে লড়াই করুন এবং একত্রিত হয়ে করুন। আমরা যখন target করছি Labour budget এ 25 crore man-days, তখন সেটাকে কমিয়ে Labour budget-এ — শমীকবাবু আপনি গিয়ে লড়াই করুন — ১৮ কোটিতে নামিয়ে দিয়েছেন। ক্ষতি কার, তৃণমূল কংগ্রেসের? আপনি তো নতুন মানুষ, তাই অনেক কিছু জানেন না। বাজেপেয়ীজী বড় রাস্তার পরিকল্পনা করছিলেন, ন্যাশানাল হাইওয়ে। কিন্তু গ্রামের এই ছোট রাস্তা, এই কালভার্টিজ রাস্তা এইগুলো পঞ্চায়েতী রাজের পরিকল্পনা। এই টাকা পি.এম.জি.এস.ওয়াই.-এর থ্রু দিয়ে কিছু টাকা আসছে। আর আমরা যখন সবে দায়িত্ব নিলাম পি.এম.জি.এস.ওয়াই. বন্ধ। আমি এটা বলবই স্যার, একটু। পি.এম.জি.এস.ওয়াই. বন্ধ। এই সি.পি.এমের নেতারা তারা লিখিতভাবে কেন্দ্রীয় সরকারকে জানাল আমাদের আর রাস্তার দরকার নেই। আমি রেকর্ড থেকে বলছি। আপনারা যারা এম এল এ তারা বলুন তো, আমাকে মন্ত্রী জয়রাম রমেশ আমাদের অফিসে, একদম অফিসে, আমাদের দপ্তরের অফিসে এসে বললেন আপনি কি কোর নেটওয়ার্কিং থেকে পাশ করাতে পারবেন? কোর নেটটা কি। না ওটা জেলাপরিষদের। সমস্ত জেলাপরিষদ সিপিএমের। উনি শঙ্কিত যে আমি পারব না। কিন্তু আলটিমেটলি অনেক কৌশল করে চক্রান্ত করে হলেও কিছু আমরা বার করতে পারলাম। সেইটা নিয়ে সঙ্গে সঙ্গে ডি.পি.আর তৈরি করে পাঠালাম। দেখুন আমরা যখন ৪১৫টি রাস্তা এবং ১৮৪০ কিলোমিটার রাস্তা পার ইয়ার করছি তখন আপনারা করেছেন ১৬৬ রাস্তা এবং ৯৭১ কিলোমিটার রাস্তা পার ইয়ার। এগুলো আমি বাড়ি থেকে তৈরি করে আসিনি। এগুলো আমাদের দপ্তরের যে তথ্য এবং কেন্দ্রীয় সরকারের যে দেওয়া সম্মিলিত যে তথ্য তার থেকে আমি এটা পাই। ছয় হাজার কিলোমিটার রাস্তা প্রায় কমপ্লিট এবং আমরা আরও করছি। সব জেলায় আপনারা জানেন। সব জেলায় আপনারা জানেন। এত ভালো কাজ হয়েছে যে পি.এম.জি.এস.ওয়াই-এর রাস্তা কমপ্লিট হলে তারপরে আবার নতুন করে অ্যাপ্রুভাল দেওয়া হয়। ওনলি স্টেট যেখানে সাড়ে আটশো কিলোমিটার আমাদের তৈরি শেষ হওয়ার আগেই আমাদের আবার স্যাংশন করে দিয়েছে। আনিসুর রহমানজি আপনি বললেন যে

আই.এস.জি.পি. নাকি আপনাদের সংস্করণ। দেখাতে হবে নাকি কাগজ আপনাকে দপ্তরে নিয়ে গিয়ে? আই.এস.জি.পি. আপনারা করেছেন, আই.এস.জি.পি ওয়ার্ল্ড ব্যাঙ্কে পরিকাঠামো তৈরি করার জন্য স্যাংশান হয়েছিল। তারপরে ভেবে দেখেছেন এর ব্যবহারটা কারা করেছে? আমরা করেছি এবং সেই ব্যবহারটার জন্য লিখিত সার্টিফিকেট যেটা অন লিস্টেড, যা ওয়ার্ল্ড ব্যাঙ্ক কোনো জায়গায় করে না। তারা লিখিতভাবে মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন প্রশংসা করে। শুধু তাই নয়, আপনার ইনফরমেশনের জন্য আমি নিজে গিয়েছিলাম ওদের আমন্ত্রণে এবং যাবার পরে আপনি মাত্র ওয়ান থার্ড করে গিয়েছিলেন, বাকি টু থার্ড স্যাংশন আমরা করে নিয়ে আসতে পেরেছি। আরও ফারদার ইনফরমেশন যে এখান থেকে পাশ হয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক পাশ হয়ে, পঞ্চায়েত দিল্লি পাশ হয়ে এখন সেটা মহামান্য জেটলির কাছে পড়ে আছে রাজনৈতিক কারণে। সেটা রাজনৈতিক কারণে ফেলে রেখে দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী চারখানা চিঠি দিয়েছেন এখনও ক্লিয়ার হয়নি। কি চান বিজেপি সরকার, মোদী সরকার? আমি জানি না। কিন্তু আমি এইটুকু জানি যে গরীব মানুষের পেটে হাত পড়ে তাহলে বিজেপি পার্টি তো দূরের কথা পশ্চিমবঙ্গে বিদ্রোহ হয়ে যাবে ওদের বিরুদ্ধে। বিদ্রোহ হয়ে যাবে। আমি কয়েকটা নাম বলে শেষ করব। নির্মল বাংলা মিশন অনেকে বলেছেন। আমাদের সভাধিপতি নবদ্বীপের এবং ডিএম সাহেব তারা যাচ্ছেন কলম্বিয়ায় পুরস্কার নিতে। এই গর্ব আপনার নয়? আমরা চাঁদে উপগ্রহ পাঠাচ্ছি। আমরা অ্যাটমিক এনার্জিতে শক্তিধর। এটা আমাদের গর্ব নয়। আমাদের গর্ব যে আমরা এখন আর মাঠ ব্যবহার করি না। আমরা শৌচালয় ব্যবহার করি। আমাদের বাড়িতে আমাদের ছেলেমেয়ে পরিবার সকলেরই শৌচালয় আছে।

[4.40 - 4.49 p.m.]

শৌচালয় একটা বড় নিদর্শন। এটা একটা জাতির লজ্জা ছিল। সেখান থেকে আমরা বেরিয়ে এসেছি। আপনাদের এটা ভালো লাগবে না। সারা ভারতের চারটি জেলা ফার্স্ট, সেকেন্ড, থার্ড ফোর্থ হল — সব কটি পশ্চিমবাংলার, আন্তর্জাতিক পুরস্কার নিতে যাচ্ছে এবং আমরা যেভাবে এগোচ্ছি তাতে আরও দুটি জেলা ফার্স্ট, সেকেন্ড, থার্ড, নিজেদের মধ্যেই কমপিটিশানে চলে এসেছে। এটা ছোট ব্যাপার নয়। এটা পরিধি অনেক অনেক বেশী বলে আমার নিজের ধারণা। আপনারা যখন করতেন তখন আটশো নয়শো টাকা দিতেন। আজকে আমরা বারো হাজার টাকা একটা শৌচালয়ের জন্য দিই। আমরা ব্যাপক প্রচার করছি সমস্ত জেলায় জেলায়। কেন না এটা আমাদের লজ্জার। কারণ এই জিনিস আমরা ব্যবহার করি না। ইন্দিরা আবাসন যোজনার ব্যাপারে অনেকে বলেছেন যে এখানে কাজগুলি একটুখানি শিথিল হচ্ছে আমি বলি ইন্দিরা আবাস যোজনা আরও বেশী গুরুত্ব দিয়ে দেখব। যাতে আর বেশী পরিমাণে ইন্দিরা আবাস যোজনা তৈরি হয়। তবে অধিকার নিয়ে কেউ কেউ বলেছেন। আমি সেই ব্যাপারে বলি একবার দুবার এই অধিকার আমরা পেয়েছি। আমরা কোনো পার্টিবাজি করিনি। ঠিক করেছিলাম যে প্রথমে কিছু এম.এল.এ-দের থ্রু দিয়ে দেব। তারপরে অন্য এম.এল.এ-দের দেব। কিন্তু তারপরে

আমাদের টাকা আর কুলায়নি। যদি টাকা আসে তাহলে আমরা ভেবে দেখব। বার্ধক্য ভাতা আমরা আঠারো কোটি ছিয়াশি লক্ষ সাতশো ঊনচল্লিশে পৌঁছাতে পেরেছি। অফ টাইম রেকর্ড। বিধবা ভাতা — আট কোটি উনত্রিশ লক্ষতে পৌঁছতে পেরেছি। অক্ষম এবং প্রতিবন্ধী ভাতা — ছিয়াশি হাজার সাতশো পঞ্চাশ হাজারে পৌঁছাতে পেরেছি। এটাও আপনারা ভেবে দেখবেন যে ভাতার টাকাটা আমরা বাড়াতে পেরেছি। আগে দুশো টাকা ছিল, এখন প্রায় চারশো টাকা হয়েছে। বার্ধক্য ভাতা — ষাট থেকে ঊনআশি বছর পর্যন্ত বয়স। আশি বছর বয়সীদের তিনশো থেকে এখন আটশো টাকা পর্যন্ত হয়েছে। সুতরাং আমরা এগোচ্ছি। আর যারা পিছনের দিকে টেনে নিয়ে গিয়েছিল, তারা আমাদের দেশকে কতটা পিছনে নিয়ে যেতে পারে তা কল্পনা পর্যন্ত করা যায় না। স্যার, সামাজিক সুরক্ষা আমরা করছি। এডুকেশনের জন্য এস.এস.কে, এম.এস.কে., ব্যাপকভাবে চলছে। হ্যাঁ, কেন্দ্রীয় সরকার গত কয়েকমাস অর্থ দেয়নি। এবং সেই অর্থ আমাদের দেওয়া সম্ভব নয়। আমাদের অপেক্ষা করতে হচ্ছে কনটিনিউয়াসলি প্রেসার দিতে হচ্ছে। যাতে যত দ্রুত এই টাকাটা আসে। কিন্তু আপনারা কি করে গেছেন? নিয়ম হল এক কিলোমিটারের মধ্যে কোনো ফর্মালি এডুকেশান সেন্টার থাকে, তাহলে সেখানে এস.এস.কে., এম.এস.কে হবে না। এই আনিসুর রহমানরা একেবারে আশেপাশে তাও পার্টির লোকদের শুধু চাকরি দেবার জন্য তারা বসিয়ে দিয়ে গেছেন। আমার কাছে ডেপুটেশন দিতে আসে। মেয়েদের দল ডেপুটেশন দিতে এসেছে। সব কটা মেয়েদের দেখি চুল সব সাদা। আমি বললাম আপনারা কি এখনও চাকরি করেন? বলল — ওই সাহেবদের দয়াতে এখনও চাকরি চালিয়ে যাচ্ছি। আমি তারপরে জিজ্ঞাসা করলাম কত বছর বয়সে ঢুকেছেন? বলল — কেউ ছেচল্লিশ, কেউ সাতচল্লিশ বছর বয়সে ঢুকেছে। পঁয়তাল্লিশ বছরের কম হলে নাকি ওনারা নিতেন না। একটা স্কুল চালায় একটা টিচার, একটা ছাত্র, আর একশোটা খাবারের প্যাকেট। একটা স্কুল একটা টিচার এই করে দিয়ে গেছে। সেই এস.এস.কে., এম.এস.কে. আমরা আবার নতুন করে করছি।

মিঃ স্পীকার : আমি হাউসের কনসেন্ট নিয়ে পাঁচ মিনিট সময় বাড়ালাম।

শ্রী সুব্রত মুখার্জী : কয়েকটা সংশোধনী আমরা এনেছিলাম। একটা আপনাদের মনে আছে চাকরির ব্যাপারে লিয়েনের ব্যবস্থা। সেটা ওনারা কেন করেননি জানি না। কিন্তু করা উচিত ছিল। কারণ অনেকে চাকরি করে। লিয়েন নিয়ে তাঁরা দায়িত্ব পালন করেন পঞ্চায়েতে। আর আড়াই বছরে নো কনফিডেন্স আমরা মনে করি যে এত ফ্রিকোয়েন্ট নানা রকম লোভ দেখিয়ে ইত্যাদি করে এই নো কনফিডেন্স হত যে সারা বছরই টেনশনে থাকত সব যে আমার বিরুদ্ধে নো কনফিডেন্স হবে। এই যে ঘোড়া কেনাবেচা, একে কমাবার জন্য যদি বলেন গণতন্ত্রকে একটু রেস্ট্রিক্ট করেছি, তাহলে হ্যাঁ তাও করেছি। কিন্তু ঘোড়া কেনাবেচা বন্ধ হোক। একটা লোক, সে অন্তত আড়াই বছর ভালো করে কাজ করুক, বিচার আপনারা করবেন। স্যার, আমি শেষ করছি এই বলে যে, আগামী দিন আমরা আরো বেশি করে এই দপ্তর দুটিতে কাজ করতে চাই। পঞ্চায়েতে চেষ্টা করেছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আমাদের ওখানে ইলেকশন কমিশনারকে নিয়ে যাতে ইলেকশন না হয়। মুখ্যমন্ত্রী চাইলেন ইলেকশন করবোই। আর ওরা

ঠিক করেছিলেন ইলেকশন কিছুতেই করতে দেবো না। অনেক আদালত ইত্যাদি হয়ে তারপর ইলেকশন আমরা করতে পেরেছি। এটাও আমাদের একটা গৌরবের দিক। এখন যেভাবে চলছে, যেভাবে পঞ্চায়েতিরাজ চলছে, সেটা একটা ইতিহাস এবং অন্য রাজ্যের, অন্য দেশের লোক আমাদের পঞ্চায়েতি ব্যবস্থা দেখতে আসে। আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মানসবাবু ভুল বলেছেন। এক তো হল, আপনি আমাকে একদম কর্তা বানিয়ে দিলেন। আমি রাজনীতিতে কর্তা হতে চাই না, আমি কর্মী হতে চাই। আরেকটা হল, আপনি একটা ভুল করলেন যে, দুর্নীতি একেবারে মুক্ত সমাজে — এই কথা বলার মত স্পর্ধা আমার নেই। কিন্তু দুর্নীতির সাথে মমতা ব্যানার্জী কোনো কম্প্রোমাইজ করে না, করবেও না এবং আমাদেরও করতে দেয় না। সুতরাং আমরা সেদিক থেকে হুঁশিয়ার আছি। আমরা আপনাকে আশ্বস্ত করতে পারি যে, কোনো পার্টিবাজী সঙ্কীর্ণ স্বার্থে আমরা করবো না এবং যাতে না হয় সেই ব্যাপারেও দৃষ্টি রেখে দিয়েছি। আপনার ওখানে আমরা কাজ অনেক বেশি করি, তখন আপনি আমাদের পক্ষে ছিলেন বিরোধী দলে হওয়া সত্ত্বেও। আপনার ওখানে জলের কাজ আমরা যা করেছি, অনেক এম.এল.এ.-দের ওখানে করিনি। সুতরাং ওইসব এখানে হয় না, কারণ আমাদের সরকার এবং তার নেত্রী মমতা ব্যানার্জী ডিটারমেন্ট যে একটা আদর্শ রাজ্য এই ৫ বছরে প্রতিষ্ঠা করার জন্য। তিনি এখানে কোনোরকম আপোস করবেন না। এই কথা বলে আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

Mr. Speaker : The question before the House is (cut motion Nos.1-3) that the Amount of the Demand be reduced by Rs.100/-

As many as are of that opinion will please say AYE; as many as are of the contrary opinion will please say NO.

Noes have it, noes have it.

The cut motions are lost.

Now the question before the House is the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs.10935,22,87,000 be granted for expenditure under Demand No.40, Major Heads : "2217-Urban Development, 2235-Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2501-Special Programmes for Rural Development 2505-Rural Employment, 2515-Other Rural Develoment Programmes, 2575-Other Special Areas Programmes, 3451-Secretariat-Economic Services, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4515-Capital Outlay on Other Rural Development Programmes" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs.3645,07,67,000 already voted on account).

As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, ayes have it.

Demand No.40 is passed. Demand No.40 is passed.

Adjournment

The House was then adjourned at 4.49 p.m. till 11.00 a.m. on Monday, the 1st June, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 1st June, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 24 Ministers, 4 Ministers of State, 13 Parliamentary Secretaries and 171 Members.

[11.00 - 11.10 a.m.]

(প্রশ্নোত্তর পর্ব)

মিঃ স্পীকার : *কোশ্চেন নং 133 এবং *কোশ্চেন নং 134, দুটোর Subject matter একই, আমি আগে দুটো একসঙ্গে নিয়ে নেব, তারপরে supplementary গুলো নেব।

Starred Questions
(to which oral answers were given)

দশম শ্রেণী পর্যন্ত মিড-ডে মিল চালুকরণ

*১৩৩। (অনুমোদিত প্রশ্ন *২০) **শ্রী অসিত মিত্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দশম শ্রেণী পর্যন্ত মিড-ডে মিল চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

মিড-ডে-মিল-এর আওতাভুক্ত ছাত্রছাত্রীর সংখ্যা

*১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে মোট কতজন ছাত্র-ছাত্রীকে মিড-ডে মিল-এর আওতায় আনা সম্ভব হয়েছে (জেলাওয়াড়ি হিসাবসহ)?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্রের প্রশ্নের উত্তরে জানাই — স্যার, অসিত মিত্র এবং বঙ্কিম হাজরা একই প্রশ্ন, একই উত্তর স্যার।

মিঃ স্পীকার : আপনি অসিত মিত্ররটা আগে জানান, তারপরে ওনারটা নেব। সাপ্লিমেন্টারী করার সুযোগ পাবেন তো দুজনে আলাদা আলাদা করে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দশম শ্রেণী পর্যন্ত mid day meal চালু

করার পরিকল্পনা সরকারের আছে কি না? আপনাকে জানাই যে এ বিষয়ে ইতিমধ্যেই আমাদের সরকার গঠিত হওয়ার পর ২০১১ সালের আগস্ট মাসে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী তিনি কেন্দ্রীয় সরকারকে চিঠি লিখেছিলেন। তখন শ্রী কপিল সিবালজী ছিলেন। 23rd August, 2011 সেই সময়ে চিঠি লেখার পরও আজ ৪ বছর অতিক্রান্ত হয়েছে, সরকারের বদল হয়েছে, মুখ্যমন্ত্রী অনুরোধ করেছিলেন যে দশম শ্রেণী পর্যন্ত mid day meal চালু করবার আমরা আগ্রহী, আপনারা দশম শ্রেণী পর্যন্ত, শুধু ওইটুকু বাদ দেবেন কেন, এটা দশম শ্রেণী পর্যন্ত টেনে নিয়ে যান। কিন্তু এখনও পর্যন্ত কোনো সদুত্তর পাওয়া যায়নি।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এটা ঠিকই যে, এই সরকার নতুন গঠিত হওয়ার পর মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন এবং বিদ্যালয়গুলোতে দেখলেই বোঝা যায় যে ক্লাস এইট পর্যন্ত যখন খাওয়া-দাওয়া করে তাদের সঙ্গে প্রায় একই বয়সের ছেলেরা নাইন-টেনের তাদের মধ্যে এটা বৈষম্য তৈরি হয়, তারা খেতে পায় না, তারা দূরে দাঁড়িয়ে থাকে। এটা ভীষণভাবে ক্ষতি করছে তাদের মানসিকতায় এবং লেখাপড়ার ক্ষেত্রে তার প্রতিফলন ঘটছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে আবার এই প্রসঙ্গটা তুলে বলি যে একটা চিঠি দিয়েছেন ঠিকই, মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ, তিনি বলেছেন যে আপনি ২০১১ সালের ২৩শে আগস্ট তিনি চিঠি দিয়েছিলেন, কিন্তু আমার মনে হয় এখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপনাদের আলোচনা হচ্ছে নানান বিষয়ে, এখন যখন আলোচনা হচ্ছে তখন এই বিষয়টাকে গুরুত্ব দিয়ে আগে এটাকে যদি করতে পারতেন বা এখনও যদি করা যায়, তাহলে সেটা অনেক ভালো হয়। এ ব্যাপারে আপনারা আরও একটু ভাববেন কি যে একদম প্রত্যক্ষ আলোচনা করে চিঠির উপর নির্ভর না করে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বশেষ চিঠি যেটা মুখ্যমন্ত্রী লিখেছিলেন, তার উত্তরে সিবালজী জানিয়েছিলেন যে "Extension of this scheme up to class X would require additional fund to the tune of Rs. fifteen thousand crore." ফলে এটা 12th Plan-এর কাছে যাওয়ার কথা এবং সকলেই জানেন যে আমাদের খরচা যা mid day meal-এর প্রাপ্য, সেখান থেকেও কিন্তু সঙ্কুচিত হচ্ছে। সেক্ষেত্রে আমরা আবার আপনার সঙ্গে বলি যে, আমরা একমত যে, ছাত্রছাত্রীদের মধ্যে একটা বৈষম্য — মনে হচ্ছে ওরা পাচ্ছে, আমরা দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখছি; যাই পাই না কেন। এই কথা চিন্তা করেই কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী আসা মাত্রই, সরকারে মুখ্যমন্ত্রী হওয়ার পরেই তিনি চিঠি লেখেন এবং এই বৈষম্য দূর করবার কথা বলেছেন। আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি এখনও। দেখা যাক কি হয়। কিন্তু এটা এককভাবে কোনো সিদ্ধান্ত হবে বলে মনে হয় না। এই সরকার শুধুমাত্র পশ্চিমবঙ্গ এটা — কিন্তু সমস্ত জায়গায়, অন্যান্য রাজ্যেও যেখানে যেখানে আছে, নিচ্ছে, তাদেরকেও একত্রিত করতে হবে। তবে আমরা মনে করি যে, আমরা যেহেতু প্রথম থেকে বৈষম্যটা

আমাদের কাছে দৃষ্টিকটু লাগছে, দৃষ্টিনন্দন নয়। তাই জন্য এটা আমরা আবার অনুরোধ করব, চেষ্টা চালিয়ে যাবো, যতক্ষণ না দশম শ্রেণী পর্যন্ত মিড ডে মিল চালু করা যায়।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট সাপ্লিমেন্টারি, সেটা হল যে, বর্তমানে যে অবস্থা চলছে এই যে, মিড ডে মিলটার সেখানে কতকগুলো সমস্যা দেখা দিচ্ছে। সেই সমস্যাগুলোর মধ্যে আগের থেকে খরচ কি বেড়েছে না বেড়েছে — হয়তো বেড়েছে কিছু। কিন্তু আমি আপনাকে বলছি সব থেকে যেটা বড় সমস্যা, আমি একদম বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি। আমি একটি স্কুলের সেক্রেটারি, আমি বলছি আপনাকে যে, বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি যে, ডাইনিং হল না থাকা অর্থাৎ খাবার ঘর না থাকা। সেই খাবার ঘর না থাকার ফলে ধুলোয় দাঁড়িয়ে, কাদায় দাঁড়িয়ে বর্ষাকালে তাদের খেতে হচ্ছে, ওই একটা ডিশ নিয়ে, খাবার নিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে খেতে হচ্ছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ করছি যে, অন্তত আপনারা শ্রেণীকক্ষের জন্য কখনও কখনও টাকা দিচ্ছেন। তবে অধিকাংশ কেন্দ্রীয় সরকার থেকে আসছে। কিন্তু আমি আপনাকে বলছি যে, একটা করে ডাইনিং হল অন্তত যেখানে ২৫০-৩০০ ছেলেমেয়ে খেতে পারবে, সেটা যদি অ্যাসবেসটাস শেডের চালও হয় তাতেও অসুবিধা নেই। এটা যদি করার বন্দোবস্ত করেন এবং সঙ্গে সঙ্গে কিচেন যেটা, সেটার জন্য টাকা দিয়েছেন। কিন্তু সেটাকে আরো একটু ভালো করে তৈরি করতে পারলে আমার মনে হয় ভালো হবে। এ ব্যাপারে কি আপনি কিছু ভাববেন?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, মাননীয় সদস্য আপনি ঠিকই বলেছেন। মাননীয় বিধায়ক যে বিষয়ে উদ্বিগ্ন আমরাও সেই বিষয়ে উদ্বিগ্ন। আমরা ইতিমধ্যেই সমস্ত জেলার তরফে যারা আমাদের সংশ্লিষ্ট আধিকারিক আছেন তাঁদেরকে একটা অ্যাসেস করতে বলেছি। তবে ইতিমধ্যেই কিছু কমিউনিটি কিচেন বিভিন্ন জায়গায় তৈরি হচ্ছে। একেবারে হচ্ছে না তা নয়। কিছু তৈরি হচ্ছে। আমি দু-তিনটে জায়গায় নিজেও গেছি। এই প্রক্রিয়াটা আরো চলবে এবং আপনি ঠিকই বলেছেন যে, অস্বাস্থ্যকর পরিবেশে যদি খাদ্যপ্রক্রিয়াটা চলে — সেটা যদি আবার ছাত্রছাত্রীদের দেয় তাহলে তার পরিণাম সম্পর্কে সবাই সচেতন আছে। আমরা লক্ষ্য রাখছি সেদিকটাতে এবং আমাদের আর্থিক দুর্বলতা আছে। তা সত্ত্বেও আমরা এখান থেকে ওখান থেকে করার চেষ্টা করছি — আমরা কিচেনের উপর জোর দিচ্ছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক বঙ্কিম চন্দ্র হাজরা মহাশয়ের উত্থাপিত প্রশ্ন ছিল—

৩০শে এপ্রিল, ২০১৫ পর্যন্ত মিড-ডে-মিল-এর আওতাভুক্ত ছাত্র-ছাত্রীদের মোট সংখ্যা : ১,২৭,৫৪,৪৬১ জন। (প্রাথমিক বিদ্যালয়ে ৭৮,৫৯,১২৯ জন এবং উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে ৪৮,৯৫,৩৩২ জন) ২১টি জেলাওয়াড়ি হিসাব সঙ্গে দেওয়া হল।

Coverage of Upper Primary Schools from 01.04.14 to 30.04.15

Sl. No.	Name of the Districts	Eligible		Covered	
		Schools	Enrolment	Schools	Enrolment
1	Alipurduar	298	117046	298	109277
2	Bankura	876	205079	876	205079
3	Birbhum	735	196140	735	193045
4	Burdwan	1064	353502	1064	353502
5	Coochbehar	611	198080	611	186529
6	D/Dinajpur	293	96284	293	89857
7	U/Dinajpur	482	185582	481	183991
8	GTA	200	34189	200	34189
9	Hooghly	829	328979	828	328979
10	Howrah	675	218304	675	218304
11	Jalpaiguri	402	174543	402	174543
12	Kolkata	565	181703	565	163795
13	Malda	583	243777	583	243777
14	Murshidabad	1124	446422	1124	446422
15	E/Midnapur	1075	284438	1075	284438
16	W/Midnapur	1371	331463	1371	331463
17	Nadia	766	256643	766	256643
18	N/24 Pgs.	1291	479272	1291	479272
19	S/24 Pgs.	1072	377190	1068	375777
20	Purulia	774	168768	774	168768
21	Siliguri	120	67632	120	67632
	Total	**15206**	**4945036**	**15200**	**4895332**

MID DAY MEAL PROGRAMME

Coverage of Primary Schools from 01.04.14 to 30.04.15

Sl. No.	Name of the Districts	Eligible		Covered	
		Schools	Enrolment	Schools	Enrolment
1	Alipurduar	1336	144935	1336	132118
2	Bankura	4046	330807	4045	329947
3	Birbhum	3136	379180	3134	379071
4	Burdwan	5288	623776	5288	623776
5	Coochbehar	2570	265564	2570	252771
6	D/Dinajpur	1885	117112	1885	108400
7	U/Dinajpur	2525	418496	2525	417496
8	GTA	1325	58870	1325	58870
9	Hooghly	3357	306397	3357	306397
10	Howrah	2452	372221	2452	372221
11	Jalpaiguri	1838	190808	1838	190808
12	Kolkata	1555	165671	1555	162396
13	Malda	2635	502231	2635	502231
14	Murshidabad	4910	745059	4910	745059
15	E/Midnapur	4760	431641	4760	431641
16	W/Midnapur	7242	600204	7242	600204
17	Nadia	3385	435725	3385	435725
18	N/24 Pgs.	4641	555204	4641	555294
19	S/24 Pgs.	5017	855801	5010	852862
20	Purulia	3514	325191	3514	325191
21	Siliguri	687	76741	687	76741
	Total	**68104**	**7901634**	**68094**	**7859129**

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এই যে মিড ডে মিল চালু হচ্ছে প্রতিটি বিদ্যালয়ে, সেক্ষেত্রে আমাদের কতজন কুক কাম হেল্পার নিযুক্ত আছেন? এবং তাঁদের মাসে কত করে ভাতা দেওয়া হয়, কতজন কুক কাম হেল্পার নিযুক্ত আছেন, দয়া করে কি জানাবেন?

[11.10 - 11.20 a.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : আমাদের কুক কাম হেল্পার-এর ব্যাপারে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, আমাদের ২৩,৬৯৪ জন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, ছাত্রপিছু প্রাইমারী এবং আপার প্রাইমারীতে কত টাকা করে মিল পিছু খরচ হয়, দয়া করে জানাবেন কি?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ছাত্রপিছু প্রাইমারীতে খরচ হয় ৩ টাকা ৬৯ পয়সা এবং আপার প্রাইমারীতে খরচ হয় ৫ টাকা ৩৮ পয়সা।

শ্রী বিরাম মান্ডি : ধন্যবাদ স্যার। কুক কাম হেল্পার নতুন কথা শুনলাম, জানি না এটা আছে কিনা। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন, মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক স্কুলগুলিতে আপার প্রাইমারীর ক্ষেত্রে, এম.এস.কে-র ক্ষেত্রে সবটা হচ্ছে না। বেশ কিছু প্রাইমারীতে যেখানে একদম কিচেনটা কাছাকাছি, এলাকা কম, স্কুল সংলগ্ন কিচেন, রান্না হচ্ছে টুংটাং, ছুংছাং আওয়াজ হচ্ছে, আর এদিকে ক্লাস হচ্ছে। এক্ষেত্রে অনেক জায়গাতেই আমরা লক্ষ্য করছি যে ছেলেমেয়েদের মনঃসংযোগ পড়ার ক্ষেত্রে একটু ব্যাঘাত ঘটছে, এটা বাস্তব ঘটনা। এটাকে কাটানোর জন্য নতুন কোনো আপনার পরিকল্পনা আছে কিনা বলবেন কি?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক তো কবিতার বই লিখতে পারতেন। কি সুন্দর টিংটাং, ছুংছাং বললেন। রান্নার সঙ্গে ওইটাও লিখতে পারতেন। প্রথম কথা হচ্ছে, এটা তো একটা খাওয়া দাওয়ার জায়গা নয়, এটা পড়াশুনার জায়গা। পেট এবং মাথা দুটোকেই একত্রিত করবার জায়গা। তা আপনারা ওইটা শুধু পেটই করবার চেষ্টা করেছিলেন, তারপর তো দেখা যাচ্ছে কি পরিমাণ দুর্নীতি হয়েছে, আপনি নিজেও জানেন। সুতরাং আপনারা এই দুর্নীতির থেকে আমরা যে মুক্ত করবার চেষ্টা করছি, সেই উক্ত হাওয়াতে আপনারা নিজেরাও সামিল হন এবং এই ধরনের কোথাও যদি কোনো সমস্যা থাকে সংশ্লিষ্ট জেলা দপ্তরে গিয়ে বলুন, আমরা নিশ্চয় ব্যবস্থা নেবো।

Dr. Harka Bahadur Chettri : Thank you, Hon'ble Speaker, Sir. Through you, I would like to draw the attention of the Hon'ble Education Minister. I don't know whether this question is proper or out of place. But in our place, in my constituency, there are far flung areas which are connected by road and there are no government schools. So, Missionaries have started schools in a very impoverished

manner. They don't take the fees, they don't do anything like that but they have large number of students. And some of these schools came to me asking whether they can be brought under the purview of this mid day meal or not. Because it's, I believe, meant for only government schools. So, these private institutions where with large number of students in very remote and far flung areas in the Hills - can they be brought under the purview of mid day meal or not. This is my question to Hon'ble Education Minister. Thank you, Sir.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় হরকাবাহাদুর ছেত্রীর প্রশ্নের উত্তরে জানাই যে, এটা এই মুহূর্তে স্কিমের অন্তর্গত নেই। যদি স্কিমের অন্তর্গত থাকত তাহলে the concern which you have expressed for the Hills we can extend. But there is no such provision in this scheme to extend for the private schools.

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করব। আমি যে সমস্যার কথা বলব মাননীয় মন্ত্রী নিশ্চয় ইতিমধ্যে সেই বিষয়ে অবগত আছেন। আমার কোচবিহার জেলায় এই মিড ডে মিলের বিষয় নিয়ে বারেবারেই একটা অভিযোগ উঠছে। মিড ডে মিলের জন্য যে চাল সরবরাহ করা হয়, সেই চাল নিয়ে বারেবারেই অভিযোগ আসছে। শুধু অভিযোগ নয়, আমরা গার্জেনের পক্ষ থেকে তার স্যাম্পল আমাদের স্থানীয় মহকুমা শাসকদের কাছে জমা দিয়েছি এবং তাঁরা বলেছেন যে ব্যাপারটা তাঁরা দেখবেন। কিন্তু পরবর্তীকালে যে চাল পাঠানো হয়েছে সেই চালেরও গুণগত মান একইরকম। এই ব্যাপারে আপনি কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা সেটা আমাদের কাছে একটু জানাবেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক যিনি প্রাক্তন খাদ্যমন্ত্রীও ছিলেন বটে। যেটা আমাদের কাছে পাঠানো হয় এবং যেটা পৌঁছায় তার মধ্যে কোথাও কোথাও অভিযোগ আমরা পেয়েছি। এমন নয় যে আমরা অভিযোগ পাইনি। কিন্তু সেই ব্যাপারে অভিযোগ পাওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী যখন জেলার সমস্ত আধিকারিকদের সঙ্গে মিটিং করেন এবং যেখানে বলেন যে আপনারা প্রতিটি জায়গায় যাবেন এবং মিড ডে মিলের খাবার নিজেরা একবার খেয়ে দেখবেন এবং যে ধরনের চাল দেওয়া হচ্ছে, যে ধরনের ব্যবস্থা আছে সেই ব্যবস্থার আরো উন্নতিকরণ করা, আরো উন্নতি করা যায় কিভাবে। আপনি যে প্রশ্নটি করেছেন এই প্রসঙ্গে আরো ২-১টি জেলা রয়েছে। এখান থেকে চাল যায়, চাল যেখানে স্টোর হয়, স্টোর থেকে আবার যেখানে যায়, এর মধ্যে একটা নিশ্চয় কোনো দুর্বলতা আছে যেটা আপনি নিজেও জানেন। আপনি নিজেও একটা সময় চেষ্টা করেও কিছু করতে পারেননি। আমরা চেষ্টা করছি খাদ্য দপ্তরের সঙ্গে কথা বলে এবং আমাদের আধিকারিকদের বলা আছে যে চাল জেলায় যাবে এবং জেলা থেকে যে চাল স্কুলগুলোতে যাবে তার ওপরে নজরদারি বাড়াতে। কলকাতার বুকে শুরু হয়েছে এবং অন্য জায়গাতেও আমরা চেষ্টা করছি যাতে যত শীঘ্র সম্ভব চালু করা যায়।

শ্রী দীপক কুমার হালদার : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ২০১১ সালের ২০শে মে পর্যন্ত কত স্কুলে বা শতকরা কত পারসেন্ট স্কুলে এই মিড ডে মিল চলত? আর আজ পর্যন্ত কত স্কুলে বা কত পারসেন্ট স্কুলে মিড ডে মিল চলছে? এটা যদি মাননীয় মন্ত্রী বলেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি বিধায়ককে বলি, 'ধূলির পাত্র ধূলিতে না দিলে জঞ্জাল হবে দেশটা'। আমাদের চেষ্টা হচ্ছে যে কি করে ১০০ শতাংশে আমরা পৌঁছাব। যারা পারেননি তারা এখানে ওইদিকে হয়ে গেছেন। আমাদের পারতে হবে এবং সেই নির্দেশিকাই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দিয়েছেন। আপনার জ্ঞাতার্থে জানাই, আমরা প্রাইমারি স্টুডেন্টস কভার করেছি, তার শতাংশ হচ্ছে ৯৯.৪৬, ছাত্রদের। যারা ওইদিকে বাঁদিকে উত্তেজিত হয়ে কথা বলছেন তারা বইপত্রগুলো ভালো করে পড়ুন। আপার প্রাইমারি স্টুডেন্টস কভার হয়েছে ৯৮.৯৯। প্রাইমারী স্কুলস কভার্ড হয়েছে ৯৯.৯৮, আপার প্রাইরমারী স্কুল কভার্ড হয়েছে ৯৯.৯৬।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। মিড ডে মিলে যে বাচ্চারা স্কুলে যায়, তারা সবার সঙ্গে বেশিরভাগ জায়গাতেই থালা নিয়ে যায়। আপনার অবগতির জন্য জানাই, আমার বিধানসভাতে এবারে যতগুলো প্রাইমারি স্কুল আছে, এম.এল.এ. কোটা থেকে সমস্ত জায়গাতে আমি থালা দিয়েছি। তার জন্য ডি.এম পারমিশান দিয়েছিলেন। সবাইকে থালা দেওয়া হয়েছিল। থালাগুলো স্কুলের অ্যাসেট হিসাবে বাক্স প্লাস থালা স্কুলের হেড মাস্টারের আন্ডারে রাখার কথা। বাচ্চারা আসবে, পড়াশুনা করবে, মিড ডে মিলের সময় খাবার খেয়ে আবার ফিরে যাবে। থালা যথারীতি বাক্সবন্দী হয়ে স্কুলের হেড মাস্টারমশাইরা রাখবেন। সমস্ত প্রাইমারি স্কুলে দেওয়া হয়েছে। গাইড লাইন খারাপ বলে বা গাইড লাইন অ্যালাউ করছে না বলে অন্যান্য এম.এল.এ.-রা যখন ডিমান্ড করছেন তখন ডি.এম সাহেব তাদের অনুমতি দিচ্ছেন না। আমি মাননীয় মন্ত্রীকে স্পেসিফিক প্রশ্ন করতে চাই, বিশেষ করে গ্রামে দেখেছি, দুই ভাই একটাই থালা নিয়ে যাচ্ছে। যখন ওই থালায় খাবারটা দেওয়া হয় তখন বড় ভাই খাবে নাকি ছোট ভাই খাবে, দুজনে তাকাতাকি করে।

[11.20 – 11.30 a.m.]

এই ধরনের একটা পরিস্থিতি তৈরি হয়। এই থালা দেওয়ার ব্যাপার বি.ই.ইউ.পি.-র গাইডলাইনটা যদি এই ব্যাপারে করে পরিষ্কার দেন তাহলে ভালো হয়। এই ধরনের থালা দিতে পারা যায় কিনা বা আপনার দপ্তর যদি এই বিষয়ে একটা ব্যবস্থা করার ভাবনা-চিন্তা করেন তাহলে কৃতজ্ঞ থাকব।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাই আপনি এটা করেছেন বলে। কিন্তু আপনার জন্য নিয়ম প্রযোজ্য সেটা অন্যদের বেলায় প্রযোজ্য হবে না কেন এটা আমি বুঝতে পারছি না, এটা আমি খবর নিয়ে জানাব। আমাদের দপ্তরের একটা

পরামর্শদাতা কমিটি আছে, তারা ঘুরে ঘুরে মিড ডে মিল এবং অন্যান্য ব্যাপারে সাজেশান দিয়েছে। তার মধ্যে থালা বা কোয়ালিটি অফ প্লেটস এটাও তারা জানিয়েছে। দপ্তরের পক্ষ থেকে এই বিষয়ে শীঘ্রই মুখ্যমন্ত্রীর পরামর্শক্রমে আমরা একটা সিদ্ধান্ত নেব।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার একটি প্রশ্ন, সরকার অনুমোদন দিয়েছে তিনশো কতটা খারিজি মাদ্রাসার। আমার প্রশ্ন সেখানে কি মিড ডে মিল দেওয়া হচ্ছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কাছে এই তথ্যটা এই মুহূর্তে নেই, থাকলে রিসেস টাইমের মধ্যে এটা আপনাকে জানিয়ে দেব।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র মহাশয়ের প্রশ্ন ছিল, দশম শ্রেণী পর্যন্ত মিড-ডে মিল চালু করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা। দেশে বা রাজ্যে নতুন সরকার এলে নতুন করে উদ্যোগ নিয়ে কিছু কিছু নতুন পরিকল্পনা করেন, সেইভাবে আপনারা করেছিলেন ধন্যবাদ। কিন্তু তখন যে সরকার ছিল সেই সরকার এখন নেই আমাদের দেশে, পরিবর্তন হয়েছে। আর রাজ্যে আগে যিনি শিক্ষামন্ত্রী ছিলেন তিনি এখন আর শিক্ষামন্ত্রী নেই, আপনি এখন শিক্ষামন্ত্রী হয়েছেন। চারবছর আগে একটা প্রস্তাব পাঠালেন, নেগেটিভ উত্তর এল, তারপরে কি আপনাদের উদ্যোগটা উৎসাহহীন হয়ে গেল। আর কোনো উদ্যোগ নিলেন না কেন? সরাসরি চিঠি দিলেন না কেন? ছাত্ররা খেতে পারছে না, বঞ্চিত হচ্ছে, দৃষ্টিকটু লাগছে। এই উদ্যোগটা আপনি আর গ্রহণ করলেন না কেন, এটাই আমার প্রশ্ন।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার জ্ঞাতার্থে জানাই, এই উদ্যোগটা শুধু গ্রহণ করা হয়নি, আমার দপ্তরের আধিকারিকরা যোগাযোগ রাখছেন, যাচ্ছেন। আর সবচেয়ে বড় কথা এটাতো এককভাবে সিদ্ধান্ত নয়, আমরা যখন গিয়েছিলাম অক্টোবর ২০১২-তে, তখন চিঠি লিখে জানিয়েছিলেন পনেরোশো হাজার কোটি টাকা লাগবে। এই বিরাট সংখ্যক টাকাটা শুধুমাত্র পশ্চিমবঙ্গের জন্য নয়, সারা ভারতবর্ষ জুড়ে। আমাদের এখানে মন্ত্রীমহাশয় যখন আসেন, অন্যান্য বিষয়ের সঙ্গে সঙ্গে আমরা এই বিষয়টা তুলেছি এবং আপনার জ্ঞাতার্থে বলি, শুধু এই বিষয় নয়, ছাত্র-ছাত্রীদের পরিকাঠামো নিয়ে যে সমস্ত বিষয় আছে সেগুলো নিয়ে আমরা তৎপরতার সাথে কেন্দ্রীয় সরকারের সাথে যেখানে যেখানে দরকার বা কেন্দ্রীয় সংস্থার সাথে যেখানে যেখানে দরকার আমরা কিন্তু চেষ্টা চালিয়ে যাচ্ছি।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার যেটা জানার গভর্নমেন্ট এইডেড স্কুলগুলো আছে, সেখানে কমিটির যে নামগুলো পাঠানো হচ্ছে, সেই কমিটির নামের...

মিঃ স্পীকার : মূল প্রশ্নের সঙ্গে এই প্রশ্নটার কোনো সম্পর্ক নেই। মূল প্রশ্নটা ছিল মিড-ডে মিল সংক্রান্ত প্রশ্ন, তার সঙ্গে এটার কোনো রিলেশান নেই। আমি শুধু শুধু সময় নষ্ট করবো না, অনেক প্রশ্ন আছে। আপনি আলাদাভাবে এই প্রশ্নটা দেবেন, তখন আলোচনা হবে।

হিমঘরের সংখ্যা

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী বিজয় বাগদী** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি হিমঘর নির্মিত হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, বীরভূম জেলায় এর সংখ্যা কত?

*135 : Not Responded

কুঋণ সংরক্ষিত তহবিল প্রদানের হার

*১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২০০) **শ্রী সমরেশ দাস** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক এবং কৃষি সমিতিগুলিকে যথাক্রমে ২ শতাংশ এবং ৪ শতাংশ হারে বিশেষ কুঋণ সংরক্ষিত তহবিল প্রদানের যে ব্যবস্থা আছে, তা পরিবর্তন করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, পরিবর্তিত হার কী হবে; এবং

(গ) উক্ত পরিবর্তিত হার কবে থেকে শুরু হতে পারে বলে আশা করা যায়?

শ্রী জ্যোতির্ময় কর :

(ক) না।
(খ) প্রশ্ন ওঠে না।
(গ) প্রশ্ন ওঠে না।

শ্রী সমরেশ দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে অনেক সমবায় সমিতি সমবায় ব্যাঙ্কের interest subsidy-র টাকা দীর্ঘকাল ধরে বাকী ছিল। এখন কতটা পরিমাণ প্রদান করা হয়েছে, কতটা বাকী আছে দয়া করে যদি জানান ভালো হয়।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সমরেশবাবুর প্রশ্নের উত্তরে জানাই, আপনি Central Cooperative Bank-এর Chairman, আপনি জানেন যে দীর্ঘদিন ধরে ওই Interest subsidy ঘুমোচ্ছে। বিগত সরকার এটাকে ঘুম পাড়িয়ে দিয়ে গেছে। এখন ওরা গভীর নিদ্রামগ্ন। প্রায় ৪০০ কোটির বেশী টাকা দিতে হবে। সুতরাং যেটা বন্ধ করে দিয়ে গেছে, স্বাভাবিক মৃত্যু হয়েছে স্যার, তাকে জাগানো যাবে কিনা সেটা ভেবে দেখতে হবে, কারণ এত টাকার ব্যাপার।

শ্রী সমরেশ দাস : এক হচ্ছে যে কৃষি বীমার টাকা — এখানে সমবায় মন্ত্রী মহোদয়

আছেন, কৃষিতে সাংঘাতিক ক্ষতি হয়েছিল। আগেকার দিনে কৃষি বীমা কৃষকরা দিতো। এই সরকার আসবার পরে আপনার দপ্তর এবং কৃষি দপ্তর premium-এর টাকা দিয়েছে। ক্ষতি হয়েছে ফসলের কিন্তু কৃষি বীমার টাকা এখনো পর্যন্ত পায়নি। এটা আপনার নজরে কিছু আছে কিনা দয়া করে জানাবেন?

শ্রী জ্যোতির্ময় কর : কৃষি বীমার টাকা যে প্রাইভেট কোম্পানী দেয় সেই প্রাইভেট কোম্পানীর সঙ্গে যে মৌ আছে তার ব্যাপারে আমাদের আলোচনা চলছে এবং কিছু জায়গায় বিতর্ক আছে। আমরা গভর্নমেন্ট সেই জায়গায় মানিনি। সেইজন্য আমরা ক্ষতি অনুযায়ী এটা কৃষি বিভাগ সহ — মূল দায়িত্ব, এখানে নোডাল এজেন্সী হচ্ছে কৃষি বিভাগ। তাদের সঙ্গে নিয়ে আমরা যথোপযুক্ত ক্ষতিপূরণ যাতে দেওয়া যায়, শস্যবীমার টাকা দেওয়া যায় সেই জন্য আমরা সচেষ্ট আছি।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইবো যে, হাওড়া রামকৃষ্ণপুর কো-অপারেটিভ ব্যাঙ্ক যার কারণে এলাকার বহু মানুষ সর্বস্বান্ত হয়েছে চরম সর্বনাশের মধ্যে পৌঁছে গেছে। এই মুহূর্তে তার অবস্থাটা কি?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নটি অসংশ্লিষ্ট হলেও আপনার মাধ্যমে বলি, যেহেতু এটা public related ব্যাপার। হাইকোর্টের দ্বারা নিযুক্ত সেখানে arbitrator আছেন এবং এটা তার বিচারাধীন আছে। হাইকোর্ট ম্যাটার দেখছেন — স্পেশাল অফিসার। সেই স্পেশাল অফিসার দেখছেন। এ ব্যাপারে আমার বিধানসভায় কোনো মন্তব্য করা ঠিক হবে না।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি অতিরিক্ত প্রশ্ন মাননীয় সমবায় মন্ত্রীকে। সমবায় মন্ত্রী নিজে দীর্ঘদিন সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান ছিলেন এবং সমবায় আন্দোলন থেকে উঠে আসা। আমার কেন্দ্রের অন্তর্গত একটি ব্যাঙ্ক, বরানগর কো-অপারেটিভ ব্যাঙ্ক। এই কিছুদিন আগে আর.বি.আই. তার লাইসেন্সটিকে ক্যানসেল করে। এবং দীর্ঘদিন ধরে কিছু স্বার্থান্বেষী মানুষের কারণে ব্যাঙ্কের এই অবস্থা হয়। সেখানে ১৮ হাজার মতো আমানতকারী আছে। এবং সেখানে কিছু আধিকারিক এবং কর্মীরাও রয়েছেন। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যে এদের Fate টা কি, এই আধিকারিক এবং কর্মচারীদের। পাশাপাশি সবচেয়ে যেটাতে আমি এমফ্যাসিস দিচ্ছি, সেখানে যারা গহনাগাটি এবং টাকা-পয়সা রেখেছিলেন তাদের ব্যাপারে কি ভাবনা চিন্তা করেছেন মাননীয় সমবায় মন্ত্রী।

শ্রী জ্যোতির্ময় কর : মননীয় অধ্যক্ষ মহোদয়, যদিও, এটিও মূল প্রশ্নের সঙ্গে অসংযুক্ত তাহলেও তাপসদার প্রশ্নের উত্তরে বলি, এ ব্যাপারে বিধানসভায় বিস্তারিত আলোচনা হয়েছে নির্দিষ্ট প্রশ্নের মাধ্যমে। আমরা যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছি যাতে ডিপোজিটার তাদের ডিপোজিট ফেরত পান। আমানতকারীদের স্বার্থকে রক্ষা করে আমরা আইন মোতাবেক ব্যবস্থা খুব সত্বর নিচ্ছি। যাতে স্থানীয় বিধায়ক হিসাবে তাপসবাবুও সংযুক্ত থাকবেন।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে একটি প্রশ্ন করছি। আপনার অবগতিতে আছে কিনা জানি না, মুর্শিদাবাদ জেলায় ভাগীরথী কো-অপারেটিভ সোসাইটি আছে। তারজন্যে ৬.১১.১২-তে nomination file, symbol allotment ধারাবাহিকভাবে Advertisement-এ Serial No. দেওয়া আছে। এবং সেখানে নির্বাচনের ভেনু পর্যন্ত দেওয়া আছে। তার পরে হঠাৎ কোনো অজ্ঞাত কারণে ৬.১১.১২ তারিখে, আমি ছোট্ট করে বলি Therefore, the BOD, election Bhagirathi Co-operative Milk Producers' Union Limited which is scheduled to be held 6.11.12 is hereby adjourned until further order. আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, নির্বাচনের দিনক্ষণ, তারিখ, ভেনু ঠিক হয়ে গেল। তারপরে adjourned করার কারণটা কি এবং দফায় দফায় অ্যাডমিনিস্ট্রেটর বসার কারণটা কি?

[11.30 - 11.40 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মনোজবাবু, ফ্র্যাঙ্কলি বলুন এই প্রশ্নের উত্তর দিলে আপনার পক্ষে ভালো হবে? ...(নয়েজ)...

শ্রী মনোজ চক্রবর্তী : কেন হবে না। অবশ্যই ভালো হবে। সিপিএম যা করছে, আপনিও তাই করছেন। ...(নয়েজ)... অগণতান্ত্রিক প্রক্রিয়ায় — ওরাও যা করছেন আপনারাও তাই করেছেন। আপনি বলছেন ভাল হবে — আমি বলছি হ্যাঁ, ভালো হবে, আপনি উত্তর দিন। আমার তো কাগজ আছে, আমি তো কথা বলব না, আমার কাগজ তো কথা বলবে। ...(নয়েজ)...

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, Bhagirathi Milk Co-operative, কথাটা Bhagirathi Co-operative নয়, ওটা Bhagirathi Milk Co-operative। ওদের সব ভুয়া সদস্য তালিকা, individual সদস্য তালিকা, গায়ের জোরে নির্বাচন করতে চান, আমরা সব দেখে নিয়েছি স্যার — দিনের পর দিন কোটি কোটি টাকার accumulated loss-ওরা ছিন্নভিন্ন করে গেছেন সমবায়টাকে। আমরা কোনো দলের লোককে বসাসনি। আমরা সেখানে DM-কে administrator করে special officer করে regularise করতে চাইছি। যাতে, শুনুন-শুনুন ...(নয়েজ)... আমি তো বলতে চাইছিলাম না, ওখানে District Magistrate হচ্ছে Special Officer. উনি কি আমার দলের লোক? আমরা চাইছি ওটাকে regularize করতে।

শ্রী জটু লাহিড়ী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, একটু আগেই মন্ত্রী মহাশয় বললেন, রামকৃষ্ণপুর কো-অপারেটিভ ব্যাঙ্কের ব্যাপারে হাইকোর্টে কেস চলছে। কিন্তু তার আগে বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক বন্ধ হয়ে গিয়েছে। পরে পরে কাসুন্দিয়া কো-অপারেটিভ ব্যাঙ্কও বন্ধ হয়ে গিয়েছে। আপনি একটা উদাহরণ দিতে পারবেন, যে ব্যাঙ্কগুলো বন্ধ হয়ে

গিয়েছে তার মধ্যে কটা ব্যাঙ্ক ফের খুলেছে — ওর একটা রেফারেন্স আপনার কাছে আছে কি? যে এই ব্যাঙ্কগুলো বন্ধ হয় গিয়েছে সারা পশ্চিমবাংলায়, একটাও খুলেছে বা কতগুলো খুলেছে — যদি দয়া করে বলেন।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, জটুদা হাওড়ার আপনি লোক — আপনার বালি কো-অপারেটিভ ব্যাঙ্ক যে ভগ্ন স্বাস্থ্য ছিল তাকে পুনরুদ্ধার করে, সরকারের টাকা দিয়ে আমরা একেবারে ভালো পজিশানে আনার চেষ্টা করছি। কাসুন্দিয়া কো-অপারেটিভ ব্যাঙ্কে আস্তে আস্তে করে রিভাইব করে আমরা সচল করেছি। আমি জানি না, এদের রক্তক্ষরণ বন্ধ হবে কিনা — তবে সমবায়ের রক্তক্ষরণটা বন্ধ হয়েছে। সে ব্যাপারে আপনি নিশ্চিন্ত থাকতে পারেন।

শ্রীমতী অপর্ণা সাহা : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে আমার বিভাগীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন যে, সমবায়ের মধ্য দিয়ে সেলফ হেল্প গ্রুপ গঠন করা হয়েছিল, বর্তমানে সমবায়ে এস.এইচ.জি. গ্রুপের এর সংখ্যা কত?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্ন অসংশ্লিষ্ট, তাই আমি একটু সময় নিচ্ছি, যে এখানে আমাদের এস.এইচ.জি.-এর সংখ্যা প্রায় ৪৫ লক্ষ, স্বয়ম্ভর গোষ্ঠী হচ্ছে ৫ লক্ষ ৬৬ হাজার ৪৭৪ — যার ৮০ ভাগ হচ্ছে মহিলা সদস্য এবং ১ লক্ষ ৮০ হাজারের বেশি স্বয়ম্ভর গোষ্ঠী তৈরি হয়েছে। বিগত অর্থবর্ষে আমরা ঋণ দিয়েছি দুই শত সাতচল্লিশ কোটি টাকা।

মিঃ স্পীকার : ওনারই একটা কোশ্চেন আছে, আমি নিয়ে নিচ্ছি শ্রী কল্লোল খাঁয়ের। আপনার ওর সাথে সাপ্লিমেন্টারি দেব।

শ্রী কল্লোল খাঁ : স্যার, অনুমোদিত প্রশ্ন নং ২০৫।

কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলিকে আর্থিক সাহায্য প্রদান

*১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *২০৫) **শ্রী কল্লোল খাঁ :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমান সরকার রাজ্যে রুগ্‌ণ কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির পুনরুজ্জীবনের জন্যে ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, কতগুলি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে গত আর্থিক বছরে কত টাকা আর্থিক সাহায্য দিয়েছে?

শ্রী জ্যোতির্ময় কর :

(ক) হ্যাঁ, ২০১৪-১৫ সাল থেকে দুর্বল কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির মূলধন ভিত্তি ও নেট ওয়ার্থ বাড়িয়ে পুনরুজ্জীবনের লক্ষ্যে রাজ্য সরকার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির সশক্তিকরণ নামে একটি প্রকল্প চালু করেছে।

(খ) ২০১৪-১৫ সালে এই প্রকল্পে রাজ্য সমবায় ব্যাঙ্ক এবং ৪টি দুর্বল সমবায় ব্যাঙ্কে ১০ কোটি টাকা অনুদান হিসাবে প্রদান করেছে।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলির সশক্তিকরণ এই যে নীতির কথা বলেছেন এর রূপরেখাটা জানাবেন কি?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সশক্তিকরণ সফলতার বিশদ বিবরণ আমরা ১৬.১২.২০১৪ সালে ১৯২৬ নম্বর কো-অপারেটিভ আদেশনামায় নির্দেশ উত্থাপিত করেছি। এই প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে মূলধনভিত্তিক নেট ওয়ার্থ শক্তিশালী করা। সেই জন্য যে সমস্ত কেন্দ্রীয় ব্যাঙ্ক দুর্বল হয়েছে তাদের কতকগুলো, NABARD, অডিট, ব্যাঙ্কের নিয়মিত সাধারণ সভা, ব্যাঙ্কের নির্বাচনমণ্ডলী এবং খেলাফি ঋণ মোট demand-এর ৭ শতাংশ কম হলে আমরা সেই অর্থ বরাদ্দ করে থাকি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বর্তমান বছরে কি কি ধরনের পরিকল্পনা আপনার দপ্তর গ্রহণ করেছেন জানাবেন কি?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সাধারণভাবে যেমন কেন্দ্রীয় ব্যাঙ্কের জন্য সশক্তিকরণ প্রকল্প তেমনি জটুবাবুরা শহরাঞ্চলে সমবায় ব্যাঙ্ক করেন, সেখানে সশক্তিকরণ করে যেমন বালি কাসুন্দিয়ায় টাকা দিয়েছি তেমনি মহিলাদের জন্য — আমরা techno, অর্থাৎ যাতে তাদের এই যে computer এবং আধুনিকীকরণ করা যায় তার জন্য টাকা দিচ্ছি, আমরা সাবর্জনীন সদস্যপদ দিচ্ছি এবং কতকগুলো নতুন জায়গায় অধিক ক্ষেত্রে আমরা প্রবেশ করছি, বিশেষ করে উত্তরবঙ্গে স্যার। বিশেষ কোশ্চেন আছে উত্তরবঙ্গের জন্য তখন আমি বলতে পারবো। মূলত আমরা এই সমস্ত scheme নিচ্ছি, students consumer cooperative আমরা তৈরি করছি সারা বাংলায়, স্কুল দপ্তরের মাননীয় মন্ত্রী আছেন যাতে সচেতনতা বৃদ্ধি পায় তার জন্য।

শ্রী দীপক চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, বীরভূম জেলায় Central Cooperative Bank, বামফ্রন্ট সরকার থাকাকালীন কিছু দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছিল, তাদের জেলও হয়েছিল। সরকার পরিবর্তনের পরে ৪ বছর হয়ে গেল সেই দোষী ব্যক্তিদের বিরুদ্ধে কোনোরকম ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা ৪ বছরের মধ্যে এবং Central Cooperative Bank কবে খুলবে, আর একটু নজর দিতে বলবো SQS একটা নতুন উদ্যোগ নিয়েছে, আপনাদের কাছে ইনফরমেশান থাকলে SQS—ব্যাপারে একটু নজর দেন।

শ্রী জ্যোতির্ময় কর : একই কথা বলি দীপকবাবু, অতীত ঘাঁটা কি ভাল হবে? স্যার, ২১ বছর ধরে বামফ্রন্টের চেয়ারম্যান ছিল, ৬ বছরের বেশী থাকা যায় না, একেবারে নিষিদ্ধ। টানা

২১ বছর ধরে কোটি কোটি টাকা তছনছ করেছে। শ্মশানে লোন দিয়েছে, কবরখানায় লোন দিয়েছে, এই করে সর্বনাশ করে গেছে। ৮০ কোটি টাকা দিতে হয়েছে আমাদের, আমরা ব্যাঙ্কটা খুলছি, হাইকোর্টের বিচারাধীন, হাইকোর্টকে আমি dictate করতে পারি না। আমরা যথাসাধ্য চেষ্টা করছি যাতে এটা খোলা যায়।

শ্রীমতী বাঁশরী মাইতি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীকে প্রশ্ন করি, আমাদের রাজ্যে মোট মহিলা সমবায় ব্যাঙ্ক কটি এবং কতগুলো লাভজনক অবস্থায় আছে যদি জানান উপকৃত হবো।

শ্রী জ্যোতির্ময় কর : এটা নির্দিষ্ট প্রশ্ন গত সপ্তাহে ছিল, ৪৫ এবং এর মধ্যে ৪০% লাভজনক অবস্থায় আছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি হয়ত জানেন সামসি সমবায় হিমঘর, সেই সমবায় হিমঘরে কিছুদিন আগে নির্বাচন হয়েছিল, সেই নির্বাচনে বামফ্রন্ট ৯টা আসন পেয়েছিল। তৃণমূল কংগ্রেস, কংগ্রেস মিলে ৬টা পেয়েছিল। তা সত্ত্বেও এখনও পর্যন্ত বোর্ড গঠন করা হয়নি। এখন ইনডিভিজুয়ালি সেখানে আবার একটা কেস করে দেওয়া হয়েছে। অথচ নির্বাচন যেদিন হয়, সেদিন আমরা এস.পি.-কে জানালাম যে আমরা একটা বোর্ড গঠন করব। সেটার বিষয় আপনার জানা আছে কিনা, এখানে বোর্ড গঠন হবে কিনা, একটু দয়া করে যদি জানান। এটা কি ধরনের ঘটনা, আমরা মেজোরিটি বা সংখ্যায় বেশি থাকা সত্ত্বেও এখনও পর্যন্ত বোর্ড গঠন করা হচ্ছে না।

[11.40 - 11.50 a.m]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য একটু বোধহয় ভুলে গেছেন যে এখন নির্বাচনের পদ্ধতিটাই পাল্টে গেছে। আপনাদের সময় সরকার করত, এখন কো-অপারেটিভ কমিশন নির্বাচন করে। কো-অপারেটিভ নির্বাচনের সভাপতি যিনি, তিনি একজন সিনিয়র রিটায়ার্ড আই.এ.এস. অফিসার এবং একজন বিচারপতি থাকেন। সেখানে আমাদের কোনো বক্তব্য থাকে না। আপনার যদি কোনো অভিযোগ থাকে, আপনি কো-অপারেটিভ ইলেকশান কমিশনে অবজেকশন দিন। নিশ্চয়ই বিহিত পাবেন। এখানে সরকারের কোনো ভূমিকা নেই।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই। আপনার কি জানা আছে, আপনি যে কথা বললেন যে ভাগীরথী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়নে ভুয়ো সদস্য রয়েছে। এটা কি জানা আছে যে শুধু ভুয়ো নয়, এমন অনেক সদস্য আছেন, যারা একটা কো-অপারেটিভ-এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে রয়ে গেছে। একটা গরু নেই, এক ফোঁটা দুধ উৎপাদন করেন না। তারা মিল্ক প্রোডিউসার্স ইউনিয়নের। ....(এই সময় মাননীয় সদস্য শ্রী মনোজ চক্রবর্তী মহাশয় নিজ আসন থেকে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)...

...(গোলমাল)...

আমার জানা আছে, আমি প্রত্যেকেরটা জানি। আমার সঙ্গে তর্ক করবেন না। আপনার জানা নেই। আপনি জেনে নিন ভালো করে। আপনি তো আমার কাছ থেকে জেনে নিয়ে বলেন। এটা কি জানা আছে আপনার?

...(গোলমাল)...

মিঃ স্পীকার : উনি আপনাকে উদ্দেশ্য করে কিছু বলেননি। উনি প্রশ্নটা করেছেন। মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, আমি তো আগেই বলেছিলাম পাগলা সাঁকো নাড়াবি না। পরেশদা যা বলেছেন খাঁটি কথা। আমরা এই জন্য সাঁকো নাড়াতে না বলছিলাম ওকে। কিন্তু ও নাড়িয়ে দিল।

...(গোলমাল)...

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আমাকে একটু সময় দিন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : না, মাইক দেওয়া যাবে না। আপনি বসুন।

...(গোলমাল)...

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — মাননীয় মন্ত্রী বোধহয় একমত হবেন যে মহাজনী ঋণের দাপট বাড়ছে আমাদের গ্রামবাংলায়। আমার নির্দিষ্ট প্রশ্ন হল মাইক্রো ফিনান্স নিয়ে। আমরা যখন যাচ্ছি এলাকাগুলোতে, তখন জানা যাচ্ছে কৃষকরা আত্মহত্যা করছে। খোঁজ নিয়ে জানা গেল মাইক্রো ফিনান্সের প্রভাব। মহাজনের খপ্পরে পড়ছে। আমার নির্দিষ্ট প্রশ্ন হল — রাজ্যে কৃষক পরিবারের সংখ্যা কত? এর মধ্যে কতজনকে আপনি সমবায়ে ব্যবহার করতে পেরেছেন? আর কত শতাংশকে তার মধ্যে ঋণ দেওয়া যায়? এটা মিলিয়ে যদি আপনি বলেন তাহলে ভালো হয়। আমার মূল কথা হল — সমবায়ের ঋণে বিনিয়োগ কমছে। ব্যাঙ্কের কৃষিতে বিনিয়োগের পরিমাণটা কমছে। আপনি মাননীয় মন্ত্রী, আপনি যদি বলেন যে মহাজনী ঋণ, মহাজনী শোষণ ঠেকাবার জন্য কত শতাংশ কৃষককে কৃষিঋণ দিতে পারছেন?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা খুব ভালো প্রশ্ন করেছেন। রামেশ্বরবাবু আপনাকে বলি, বিগত অর্থবর্ষে আমরা ২ হাজার ৪ শত কোটি টাকার মত শস্য ঋণ দিয়েছি। ২১ লক্ষ ৫১ হাজার ১১৫ জন কৃষককে আমরা কিষাণ ক্রেডিট কার্ড দিয়েছি। এ বছর আমরা খরিফ মরসুমে ১ হাজার ২০০ কোটি টাকা আমরা ঋণ দিয়েছি। আপনি শুনলে খুশি হবেন — এটা আপনার সঙ্গে একমত, সূর্য উঠলে যেমন চন্দ্র থাকে না, আবার চন্দ্র উঠলে যেমন, সূর্য থাকে না, তেমনি ভাবে সমবায় স্ট্রং থাকলে এই সমস্ত অবৈধ অর্থকরী সংস্থাগুলো প্রাধান্য পায় না। আমাদের সমবায় নিষ্প্রভ হয়ে গিয়েছিল স্যার, আমরা চেষ্টা করছি, প্রত্যেকটা সমবায়ের মাধ্যমে ২ শতাংশ কভারেজ দিতে এবং আপনি শুনলে আপনার ভালো লাগবে স্যার, ৮২ শতাংশ অফ দ্য শস্য বিমার টাকা কেবলমাত্র সমবায় থেকে দেওয়া হয়। এবং এই

ফিগারটি আপনার স্বার্থে দিলাম এবং তাতে আসবে অ্যাপ্রক্স ২৩ শতাংশ টোটাল পপুলেশনের মধ্যে আমরা পশ্চিমবঙ্গের সমবায় সদস্যের আওতার মধ্যে আনতে পেরেছি।

হিমঘরের সংখ্যা

*১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী বিজয় বাগদী :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি হিমঘর নির্মিত হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, বীরভূম জেলায় এর সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তর দিচ্ছি—

(ক) রাজ্যে মোট হিমঘরের সংখ্যা-৫৩৪।

(খ) বীরভূম জেলায় নির্মিত হিমঘরের সংখ্যা-১৯।

শ্রী বিজয় বাগদী : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে, রাজ্যে ৫৩৪টি হিমঘর নির্মিত হয়েছে, এই হিমঘরগুলিতে মোট কত হাজার মেট্রিক টন আলু মজুত থাকবে?

শ্রী অরূপ রায় : স্যার, এই ৫৩৪টি হিমঘরের মধ্যে ৪৩৫টি হল পটেটো কোল্ড-স্টোরেজ এবং এই ৪৩৫টি পটেটো কোল্ড-স্টোরেজের ধারণ ক্ষমতা ৬০ লক্ষ মেট্রিক টন এবং আরও আমাদের রাজ্যে ১৬টি কোল্ড স্টোরেজ আছে যেগুলি বহুমুখী যা পটেটো বং দুটোই কনসিউম করে। সেখানে ২ লক্ষ মেট্রিক টন আলু রাখা যায়।

শ্রী বিজয় বাগদী : স্যার, আমার শেষ অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন, আমাদের বীরভূম জেলায় নির্মিত হিমঘরের সংখ্যা ১৯। আমি যদ্দুর জানি স্যার, আমার ব্লক খয়রাশোল সেখানে কিন্তু নতুন হিমঘর তৈরির কোনো পরিকল্পনা এখনও পর্যন্ত গ্রহণ করা হয়নি। তাই মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে, খয়রাশোলে হিমঘর নির্মাণ করার পরিকল্পনা আছে কিনা।

শ্রী অরূপ রায় : আমাদের রাজ্যে কৃষক বাজারগুলি হয়েছে সেই কৃষক বাজার সংলগ্ন একটি করে কোল্ড-স্টোরেজ করার আমাদের পরিকল্পনায় আছে। ভবিষ্যতে এই পরিকল্পনার অগ্রগতি হলে আপনাদের নিশ্চয় জানাব।

শ্রী মহঃ সোহরাব : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এই ৫৩৪টি হিমঘর, এগুলি কি সরকার দ্বারা নির্মিত, না প্রাইভেট পার্সন দ্বারা নির্মিত?

শ্রী অরূপ রায় : না, এগুলির বেশিরভাগ প্রাইভেট মালিকানায় কোল্ড-স্টোরেজ। কিছু আছে আমাদের কো-অপারেটিভ ডিপার্টমেন্টের কোল্ড-স্টোরেজ। কিছু আর.আই. ডি.এফ-১৬-এ আমাদের পূর্ববর্তী সরকার কিছু কোল্ড-স্টোরেজ করেছিলেন। যেগুলি ডিফাঙ্কট হয়ে পড়ে আছে।

শ্রী শীতল সর্দার : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, স্যার, আগে আমরা দেখতাম, হিমঘরের অভাবে রাস্তায় আলু পচে যেত এবং নষ্ট হয়ে যেত। এখন সেটা হচ্ছে না। ধন্যবাদ জানাচ্ছি। আমার অতিরিক্ত প্রশ্ন যে, হাওড়া জেলায় কতগুলি হিমঘর তৈরি হয়েছে এবং সাঁকরাইলে হিমঘর তৈরি করার কোনো পরিকল্পনা আছে কিনা।

[11.50 a.m. - 12.00 noon]

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, এই মুহূর্তে সাঁকরাইলে কোনো হিমঘর তৈরির পরিকল্পনা সরকারের নেই।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য, পুরুলিয়া জেলায় হিমঘরের সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, পুরুলিয়া জেলায় বর্তমানে হিমঘরের সংখ্যা ২টি।

ডাঃ নির্মল মাজী : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রী মাননীয় অরূপ রায়ের উদ্যোগের প্রশংসা করি। মা-মাটি-মানুষের পরিবর্তনের সরকার প্রতিটি ব্লকে কৃষি-মাণ্ডি করেছে। হাওড়ার আমতা ব্লক ওয়ানে এবং উলুবেড়িয়া ব্লক টু-তে দক্ষিণবঙ্গের সবচেয়ে বড় যে কৃষি-মাণ্ডি হয়েছে তার সঙ্গে হিমঘরের প্রয়োজনীয়তার কথা এলাকার স্থানীয় কৃষিজীবী মানুষ বার বার বলছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী কী অদূরভবিষ্যতে কোনো উদ্যোগ নেবেন?

আমতা ব্লক ওয়ান এবং উলুবেড়িয়া ব্লক টু-তে দক্ষিণবঙ্গের বৃহত্তম কৃষি-মাণ্ডির কাজ প্রায় সম্পন্ন হওয়ার পথে। সেখানে স্থানীয় কৃষিজীবী মানুষ বার বার হিমঘরের প্রয়োজনীয়তার কথা বলছে। এ ব্যাপারে আপনি কিছু মূল্যায়ন করবেন?

শ্রী অরূপ রায় : হ্যাঁ, আমাদের উলুবেড়িয়া ব্লক টু-তে কৃষি-মাণ্ডির কাজ ইতিমধ্যে complete হয়ে গেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এর উদ্বোধনও করেছেন। আর, আমতা ব্লক ওয়ানে একটি কৃষক বাজারের কাজ প্রায় শেষ হওয়ার মুখে। দুটি কৃষক বাজারের মধ্যে বহুমুখী হিমঘর করার পরিকল্পনা ভাবনার মধ্যে আছে।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয়া অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী অরূপ রায় মহাশয় প্রশ্নের উত্তরে জানিয়েছেন, মোট হিমঘর ৫৩৪টি এব তার মধ্যে ৪৩৫টি ও ১৬টিতে আলু রাখা হয়। ৪৩৫টিতে ৬০ লাখ মেট্রিক টন এবং ১৬টিতে ২ লাখ মেট্রিক টন অর্থাৎ ৬২ লাখ মেট্রিক টন আলু সংরক্ষণ এবং রাখার ব্যবস্থা পশ্চিমবঙ্গে আছে। এ বছর আলু উৎপাদন হয়েছে ১ কোটি ২০ লক্ষ মেট্রিক টন। আর, আপনি রাখতে পারেন ৬২ লক্ষ মেট্রিক টন। Rest of আলুর বর্তমান এবং ভবিষ্যৎ কি?

শ্রী অরূপ রায় : আমাদের রাজ্যে যে আলু উৎপাদন হয় তার মধ্যে একটা অংশ কোল্ড স্টোরেজে থাকে, সংরক্ষিত হয়। বাকি আলু আমাদের রাজ্যে ব্যবহৃত হয় এবং অবশিষ্টটা অন্য রাজ্যে রপ্তানি হয়।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাইছি, এ বছর কিছু আলু চাষী দাম না পেয়ে আত্মহত্যা করেছেন। এই সংখ্যাটা কত? কতজন আত্মহত্যা করেছেন দাম না পেয়ে?

শ্রী অরূপ রায় : জেলা শাসকদের রিপোর্ট অনুযায়ী আমাদের রাজ্যে কোনো আলু চাষীর দাম না পেয়ে আত্মহত্যার ঘটনা ঘটেনি।

*প্রশ্ন ১৩৯। (not called)

*প্রশ্ন ১৪০। (not called)

*প্রশ্ন ১৪১। (not called)

"বৃহৎ কৃষক-বাজার" নির্মাণ

*১৪২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮) **শ্রী বনমালী হাজরা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত অর্থবর্ষে গৃহীত পি.পি.পি. মডেলের অধীনে "বৃহৎ কৃষক বাজার" নির্মাণের অগ্রগতি কীরূপ;

(খ) রাজ্যে কোন্ কোন্ জায়গায় এই "বৃহৎ কৃষক বাজার" নির্মিত হচ্ছে; এবং

(গ) এক একটি "বৃহৎ কৃষক বাজার" নির্মাণের জন্য ব্যয়-বরাদ্দ কত?

শ্রী অরূপ রায় :

(ক) বিগত অর্থবর্ষে পি.পি.পি. মডেলের অধীনে কোনো 'বৃহৎ কৃষক বাজার' নির্মাণ প্রকল্প গৃহীত হয়নি।

(খ) প্রযোজ্য নহে।

(গ) প্রযোজ্য নহে।

শ্রী বনমালী হাজরা : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আমার আর একটি প্রশ্ন, 'বৃহৎ কৃষক বাজার' আদৌ হবে না — এটা মন্ত্রী মহোদয়ের কাছে শুনলাম না। সুতরাং, এটা নিয়ে তো আমরা চিন্তা করতে পারি। এই বৃহৎ কৃষক বাজারের ব্যাপারে মন্ত্রী মহোদয় কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা 'বৃহৎ কৃষক বাজারের' জন্য কাগজে বিজ্ঞাপন দিয়েছিলাম। সেই বিজ্ঞাপন দেওয়ার পর এখন পর্যন্ত আমাদের কাছে কোনো প্রস্তাব আসেনি। এই নিয়ে ভাবনা-চিন্তা চলছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন আর.কে.ভি.ওয়াই. স্কিমে কতগুলো কিষাণ মান্ডি নির্মাণ হয়ছে এই বর্ষে?

শ্রী অরূপ রায় : এটা কিষাণ মান্ডি সম্পর্কিত প্রশ্ন নয়, এটা বৃহৎ কৃষক বাজার সম্পর্কিত প্রশ্ন।

বোরো ধানের চাষ

*১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৭) **শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, চলতি বছরে বোরো ধানের চাষ কম হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

শ্রী পূর্ণেন্দু বসু :

গত ২০১৩-১৪ অর্থবর্ষে রাজ্যে বোরো ধানচাষের এলাকা ছিল ১২,৮০,০৭৪ হেক্টর। ২০১৪-১৫ অর্থবর্ষে বোরো ধান চাষের এলাকার পরিমাণ ১২,৭০,০৩০ হেক্টর অর্থাৎ ১০,০৪৪ হেক্টর জমিতে কম বোরো ধানের চাষ হয়েছে, যেটা মোট বোরো চাষ এলাকার তুলনায় নিতান্তই নগণ্য।

শ্রী চৌধুরী মহঃ হেদায়তউল্লাহ : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, এই বোরো ধান চাষ কম হওয়ার কারণ কি?

শ্রী পূর্ণেন্দু বসু : আমি আমার উত্তরে আগেই বলেছি আপনি যদি বছরের পর বছর হিসাবটা দেখাই তাহলে দেখা যাবে কোনবার একটু বেশি, কোনবার একটু কম। এটা গত দশ বছরের হিসাব বলছি। স্বাভাবিকভাবে আমার উত্তর একটাই, যেটুকু কম হয়েছে এটা তেমন কিছু গুরুত্বপূর্ণ নয়।

শ্রী চৌধুরী মহঃ হেদায়তউল্লাহ : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন — মন্ত্রী মহোদয় প্রশ্নটা এড়িয়ে যাচ্ছেন। আপনি বলতে পারছেন না এই বছরে বিদ্যুতের দাম অস্বাভাবিক বেড়েছে, দেশি সারের দাম অস্বাভাবিক বেড়েছে। সার চোরাই পথে বিক্রি হচ্ছে। এইসব কারণে আপনার ধান চাষ কম হয়েছে। এখানে কালনার বিধায়ক আছেন, তিনি জানেন কিভাবে ধান চাষ কম হয়েছে।

শ্রী পূর্ণেন্দু বসু : আমি এতক্ষণ তথ্যটা পড়িনি, তথ্যটা পড়ে দিচ্ছি। ২০১১-১২ সালে ১২ লক্ষ ২১ হাজার হেক্টর,২০১২-১৩ সালে ১২ লক্ষ ২৮ হেক্টর এবং ২০১৩-১৪ সালে ১২ লক্ষ ৮০ হাজার হেক্টর। এটা যদি আপনি ১০ বছরের গড় হিসাব করেন তাহলে আবারও বলছি খুব বেশি গুরুত্বপূর্ণ নয়।

Mr. Speaker : Question hour is over. Hon'ble members, Hon'ble Minister of State, Uttar Pradesh Government, Mr. Arya — he has come to watch the proceedings of the House. He is a Minister of State of Youth and Sports Department. May I request you. Mr. Arya.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

এস.এস.সি.-এর মাধ্যমে নিয়োগ

*১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৬) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১৪ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে মোট কতজন শিক্ষককে এস.এস.সি.-র মাধ্যমে নিয়োগ করা হয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১লা জানুয়ারী ২০১৪ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়গুলিতে ১০০২ জন শিক্ষক/শিক্ষিকাকে এস.এস.সি.-এর মাধ্যমে নিয়োগের সুপারিশ করা হয়েছে। এছাড়া পি.এস.সি-র মাধ্যমে সরকারি বিদ্যালয়গুলিতে ২৫ জন শিক্ষক/শিক্ষিকাকে নিয়োগ করা হয়েছে।

নদীয়া জেলার নৌকাডুবির ঘটনা

*১৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৩১২) **শ্রী সমীর কুমার পোদ্দার :** বিপর্যয় ও ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় ২০১৪-১৫ অর্থবর্ষে মোট কতগুলি নৌকাডুবির ঘটনা ঘটেছে;

(খ) উক্ত ঘটনাগুলিতে কতজন মারা গিয়েছেন; এবং

(গ) মৃত ব্যক্তিদের পরিবার পিছু কত টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

বিপর্যয় ও ব্যবস্থাপনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) নদীয়া জেলায় ২০১৪-১৫ অর্থবর্ষে কোনো নৌকাডুবির ঘটনা ঘটে নাই।

(খ) ফলে জীবনহানির প্রশ্ন ওঠে না।

(গ) ফলে উক্ত অর্থবর্ষে এই বাবদ কোনো আর্থিক ক্ষতিপূরণ দেওয়ার প্রশ্ন ওঠে নাই।

ন্যায্য মূল্যে আলু বিক্রি

*১৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৬) **শ্রী অপূর্ব সরকার :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে উৎপাদিত আলু ন্যায্য মূল্যে বিক্রির জন্য কী ধরনের সরকারি উদ্যোগ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) পশ্চিমবঙ্গে উৎপাদিত আলু ন্যায্য মূল্যে বিক্রির জন্য রাজ্য সরকার ২০১৪ সালে রাজ্য সরকারের কৃষিজ বিপণন বিভাগ

"দি ওয়েস্ট বেঙ্গল রিটেল প্রাইস ইন্টারভেনশন স্কীম ফর এসেনশিয়াল ফুড আইটেম্স ২০১৪" নামে একটি প্রকল্প চালু করেছিল। ওই প্রকল্পের মাধ্যমে ভ্রাম্যমাণ বিক্রয় কেন্দ্র ও ন্যায্য মূল্যের বিক্রয় কেন্দ্র থেকে প্রথমে ১৪ টাকা ও পরে ১৫ টাকা কেজি দরে জ্যোতি আলু জনসাধারণকে বিক্রয় করা হয়েছিল।

(খ) "সুফল বাংলা" নামক প্রকল্পের আওতায় বর্তমানে মোট ১২টি ভ্রাম্যমাণ বিক্রয় যান এবং ৩টি ন্যায্য মূল্যের বিক্রয় কেন্দ্রের মাধ্যমে জনসাধারণকে আলু ন্যায্য মূল্যে বিক্রয় করা হচ্ছে।

(গ) সরকার কৃষকদের নিকট থেকে ন্যায্য মূল্যে আলু ক্রয় করছেন। মিড-ডে মিলে এবং আই.সি.ডি.এস. প্রকল্পে আলু সরবরাহের জন্য। এ যাবৎ ২২,৮৮৪.৫৫৪ মেট্রিক টন আলু ক্রয় ও সরবরাহ করা হয়েছে।

অগ্নিকাণ্ডের ঘটনা

*১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩২) **শ্রী তজমুল হোসেন :** বিগত ৮ই ডিসেম্বর, ২০১৪ তারিখে অ-তারকিত প্রশ্ন নং ১৭ (অনুমোদিত প্রশ্ন নং-৮)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে অগ্নিনির্বাপণ ও জরুরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

অক্টোবর, ২০১৪ থেকে এপ্রিল, ২০১৫ পর্যন্ত রাজ্যে কতকগুলি বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে (জেলাভিত্তিক তথ্যসহ)?

অগ্নিনির্বাপণ ও জরুরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : অক্টোবর ২০১৪ থেকে ২০১৫ এপ্রিল পর্যন্ত রাজ্যে মোট ২৭টি (সাতাশ) বড় ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।

জেলাভিত্তিক অগ্নিকাণ্ডের সংখ্যা নিম্নে বর্ণিত হল—

(১)	কলকাতা	—	১০টি (দশ)
(২)	দক্ষিণ ২৪-পরগনা	—	২টি (দুই)
(৩)	হুগলী	—	১টি (এক)
(৪)	বর্ধমান	—	৩টি (তিন)
(৫)	পুরুলিয়া	—	১টি (এক)
(৬)	বাঁকুড়া	—	১টি (এক)
(৭)	জলপাইগুড়ি	—	১টি (এক)
(৮)	কোচবিহার	—	২টি (দুই)
(৯)	হাওড়া	—	৬টি (ছয়)

উত্তর ২৪-পরগনা, নদীয়া, পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুর, মালদা, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুর, মুর্শিদাবাদ ও বীরভূম জেলায় উল্লিখিত সময়ে বড় ধরনের কোনো অগ্নিকাণ্ড ঘটেনি।

সমবায় প্রতিষ্ঠানগুলির ঋণ প্রদান

*১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৫) **ডঃ আবুল হাসেম মণ্ডল** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সমবায় প্রতিষ্ঠানগুলি কৃষি ক্ষেত্রে ঋণদানের সঙ্গে সঙ্গে বাণিজ্যিক শস্য উৎপাদনেও ঋণ প্রদান করে; এবং

(খ) সত্যি হলে, গত আর্থিক বছরে সমবায় প্রতিষ্ঠানগুলি—

(১) কৃষিক্ষেত্রে কত ঋণ দাদন দিয়েছে; ও

(২) বাণিজ্যিক শস্য উৎপাদনের ক্ষেত্রে কত ঋণ দাদন দিয়েছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) ২৭১৭.৫২ কোটি টাকা, ২১১.০০ কোটি টাকা।

বর্ধমান জেলায় সরকারিভাবে আলু ক্রয়ের পরিমাণ

*১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৭) **শ্রী বাসুদেব খাঁ** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১৫ থেকে ৩১শে মার্চ, ২০১৫ পর্যন্ত বর্ধমান জেলায় চাষীদের কাছ থেকে কত পরিমাণ আলু সরকারিভাবে ক্রয় করা হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১৫ সালের ১১ই মার্চ থেকে রাজ্য সরকার রাজ্যের কৃষকদের কাছ থেকে আলু কিনে তা মিড ডে-ডে মিল এবং আই.সি.ডি.এস. প্রকল্পের মাধ্যমে উপভোক্তাদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা শুরু করে। উক্ত প্রকল্পের আওতায় ৩১শে মার্চ ২০১৫ পর্যন্ত বর্ধমান জেলায় চাষীদের কাছ থেকে ক্রয় করা আলুর পরিমাণ হলো ২৪২৩.৪৪ মেট্রিক টন।

উত্তরবঙ্গে সমবায় ব্যবস্থার বিস্তার

*১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৩) **শ্রী স্বর্ণকমল সাহা** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গে সমবায় ব্যবস্থার বিস্তারের জন্য রাজ্য সরকার যত্নশীল; এবং

(খ) সত্যি হলে, উক্ত ক্ষেত্রে সরকার কী ধরনের কর্মসূচী গ্রহণ করেছে/করছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, এটা সত্যি যে উত্তরবঙ্গে সমবায় ব্যবস্থার বিস্তারের জন্য রাজ্য সরকার যত্নশীল।

(খ) বিগত আর্থিক বছরে উত্তরবঙ্গের জেলাগুলিতে বিভিন্ন প্রকল্পে মোট ১১১৫.১৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

[12.00 noon - 12.10 p.m.]

(At this stage Hon'ble Minister of State of Youth and Sports Department, Mr. Arya stood up in the seat in the gallery behind the Speaker's podium)

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Subhranshu Roy desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause(4) of Article 190 of the Constitution of India. I read out it.

To
Shri Biman Banerjee,
Hon'ble Speaker,
West Bengal Legislative Assembly,
Bidhansabha Bhawan,
Kolkata - 700001

Sub : **Intimation regarding not attending of Assembly House**

Respected Sir,

With due respect, I beg to inform you that on and from 1st June, 2015 to 4th June, 2015 I will not attend the Assembly House for my personal reason. After that day, I will continue attending the Assembly House.

Please do the needful.

Thanking you,

Yours sincerely,

(SUBHRANSHU ROY)

Mr. Speaker : I now ask whether Shri Subhranshu Roy has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Subhranshu Roy has the permission of the Assembly to remian absent from the sittings of the House for the period from 1st June to 4th June, 2015.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received three (3) notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Urge for setting up of a Pipeline Drinking Water Supply Scheme at Jamtala Bazar and Matiharania Bazar In Kultuli Assembly Constituency Area	: Shri Ram Sankar Haider
(ii)	Urge for reconstruction of 'Gola' Road from Jhalda to Brajapur under Jhalda Block-I in Purulia	: Shri Nepal Mahata
(iii)	Urge for repairing of Road from Bangrua Bridge to Bhawanipur in Harishchandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain

I have selected the notice of (i) Urge for setting up of a Pipeline Drinking Water Supply Scheme at Jamtala Bazar and Matiharania Bazar in Kultuli Assembly Constituency area. The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো যাতে এই অধিবেশন চলাকালীন যদি সম্ভব হয় তিনি উত্তর দেবেন।

MENTION CASES

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, চিট ফান্ডের বিষয় নিয়ে তো আলোচনা হবে কিন্তু এই প্রসঙ্গে বলতে চাইছি যে, এই চিট ফান্ডের ফাঁদে পড়ে অনেক লোক মারাও গেছে। অনেকের নামে মামলাও হচ্ছে। একজন ব্যক্তির তো জেলে থাকার কথা, তিনি জেলে না থেকে দীর্ঘদিন ধরে হাসপাতালে আছেন। তার যে কি অসুখ হয়েছে সেটাও বোঝা যাচ্ছে না। এই সরকারের এমন পরিস্থিতি যে তার কি অসুখ হয়েছে তা ধরতে পারছে না ছয় মাস ধরে। যদি না পারে, ছয় মাস ধরে ধরতে না পারে তাহলে তাকে বাইরে বা কোনো জায়গায় পাঠানো হোক। তা না হলে তো তার অসুখ, কি তার রোগ এমন একটা ব্যবস্থা আমার মনে হচ্ছে গোটা জিনিসটাকে ধামাচাপা দেওয়ার জন্য এই কাণ্ডটা করা হচ্ছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী খগেন মুর্মু : (অনুপস্থিত)

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : (নট রেসপন্ডেড)

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ৪ঠা জুন খড়্গপুরে বোর্ড তৈরি হবে। মিউনিসিপ্যালিটির বোর্ডে কারা থাকবে, সেটা তৈরি হবে। স্যার, অত্যন্ত দুঃখের কথা আমি আপনাকে বলছি যে এই ব্যাপারে ওখানে মানসবাবু গিয়েছিলেন। ওখান থেকে ফিরে এসে তিনি জানিয়েছেন এবং ওই জায়গাতে ১৩ নম্বর ওয়ার্ডে ভেঙ্কটরমন নামে কংগ্রেসের একজন নির্বাচিত কাউন্সিলর, রামনা যার ডাক নাম, তার বাড়িতে গিয়ে ৩০-৩৫ জন টি.এম.সি.র দুষ্কৃতকারী, তারা গুলি চালিয়েছে এবং হত্যার হুমকি দিয়েছে, বাড়ি-ঘর লুঠ করেছে। শুধু তাই নয় স্যার, অপর্ণা ঘোষ, আর একজন কাউন্সিলর, ১৩ নম্বর হচ্ছে ভেংকটরমনের, আর অপর্ণা ঘোষের হচ্ছে ২৩ নম্বর, এই ২৩ নম্বর ওয়ার্ডের যিনি কাউন্সিলর, তিনি কংগ্রেস নেতা মধুসূদন ঘোষের স্ত্রী। এই ২৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলারকেও একইভাবে ৩০-৩৫ জন লোক প্রকাশ্যে পুলিশের মদতে তারা তাঁর বাড়িতে গেছেন এবং তার বাড়িতে গিয়ে ঠিক একইভাবে—

...(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)...

...(গোলমাল)...

শ্রীমতী অপর্ণা সাহা : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী এবং নারী শিশু কল্যাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সময়কালে রাজ্যের শিশুরা শারীরিক এবং মানসিক দিক থেকে ভীষণভাবে অসুস্থ হয়ে পড়েছে। মানসিক চাপের ফলে তাদের বিকাশ নষ্ট হচ্ছে। স্যার, রাজ্যে প্রতিনিয়তই এই ঘটনা ঘটছে। তিন বছরের শিশুর মাথায় বন্দুক ঠেকিয়ে মাকে ধর্ষণ করা হয়েছে গত ২৭ তারিখে মধ্যমগ্রামের শাসনে। আবার ৩০ তারিখে আর.জি.কর হাসপাতালের লিফটের মধ্যে ধর্ষণ করা হয়েছে। স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে এইরকম ঘটনা, আইনশৃঙ্খলা ভেঙে পড়েছে বলে আমরা মনে করছি স্যার। এটা কড়া হস্তে দমন করা দরকার।

...(গোলমাল)...

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আলিপুরদুয়ার ২নং ব্লকের কোহিনুর জিপির চাকিপাড়া থেকে গদ্দিলাইন NREGS-এর এক কিমি গ্রেবিং রাস্তা ৬.৫০ লাখ টাকা পেমেন্ট হয়ে গেছে। কিন্তু কোনো কাজ হয়নি। ধলাঝরা (আলিপুরদুয়ার ২নং ব্লক) আশ্রমমাঠ থেকে যাদবচন্দ্র (ভাঙ্গি), এক কিমি NREGS এর কাজ সাত গাড়ি বালি পড়েছে, পেমেন্ট হয়েছে ১১.৫০ লাখ। কোহিনুর জিপির ডাঙ্গিচৌপথি থেকে শিলটংপুর এক কিমি রাস্তা। পেমেন্ট হয়ে ৭,৬৮,৭৩০ টাকা। একই রাস্তা তুরতরি জিপির ডাঙ্গি কালিবাড়ি থেকে ডাঙ্গাপাড়া ১২০০ মিটার। পেমেন্ট হয়েছে ৬,৭৬,৫৬০ টাকা। এই বিষয়গুলি দেখার জন্য আমি আবেদন জানাচ্ছি।

...(গোলমাল)...

(এই সময়ে বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন।)

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া

স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ ব্লকের বাঘন বটতলি এলাকার নবম শ্রেণীর ছাত্রী গত ৩০ মে তারিখে শনিবার আত্মঘাতী হয়েছেন। কারণ ২০১৩ সালের ১৪ই ডিসেম্বর এলাকার যুবক ধীমান সরকার কিশোরীর বাড়িতে ঢুকে ধর্ষণ করে। ১৬ই ডিসেম্বর ধর্ষিতার বাবা কালিয়াগঞ্জ থানায় অভিযোগ করেছিলেন। বেশ কিছুদিন জেল হেফাজত খেটে শনিবার রায়গঞ্জ আদালতে সাক্ষ্যের দিন, ওইদিন আদালতে যুবকটি যুবতীকে হেনস্থা করে এবং প্রাণনাশের হুমকি দেয় ধীমান সরকার এবং শনিবার রাতে কিশোরী ওড়না দিয়ে আত্মঘাতী হয়। আমি অবিলম্বে অভিযুক্তকে দ্রুত গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদেরে পার্লামেন্টারী মন্ত্রী এখানে আছেন। তাঁর দৃষ্টি আকর্ষণ করে আমি একটি বিষয় উল্লেখ করতে চাই। [***]।

মিঃ স্পীকার : এটা যাবে না। কোর্টের কি রায় হয়েছে না দেখে আমরা কিছু কমেন্ট করতে পারি না। আনিসুর রহমান সাহেব, এটা কোর্টের ব্যাপার। কোর্ট কি রায় দিয়েছে আমরা কেউ দেখিনি, আমরা জানি না।

শ্রী মনোজ চক্রবর্তী : অ্যাবসেন্ট।

[12.10 - 12.26 p.m.]

শ্রী রামশঙ্কর হালদার : স্যার আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০১১ সালে নতুন সদস্য হিসাবে বিষয়টি বলেছি এবং চিঠি দিয়েছি — দেখা করেছি — ফল হয়নি। কুলতলী বিধানসভার কিশোরীমোহনপুর (গঙ্গারঘাট) পর্যন্ত পাকা রাস্তা ৪ কিমি বাকী আছে। জায়গাটি মনী নদী, ঠাকুরাণ নদী ও ওরিয়েন নালা নদীর সংযোগ স্থল। আবার ব্লক, মথুরাপুর-২ ব্লক, কুলতলী ব্লক ও রিজার্ভ ফরেস্টের সংযোগস্থল। এখানে অনেক খাস জমি আছে এবং ওই জমিতে যুব আবাস ও পর্যটন কেন্দ্র গড়ে তোলা যায়। অবিলম্বে ৪ কিমি পাকার রাস্তার কাজ শেষ করে কিশোরীমোহনপুর পর্যন্ত পর্যটন কেন্দ্র গড়ে তোলার জন্য দাবী জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাত : Not Responded.

শ্রী বাসুদেব খাঁ : স্যার আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। রাজ্য সরকার নেপালে ভূমিকম্পের জন্য অর্থ পাঠাচ্ছে। কিন্তু বিপদ হচ্ছে যে আমাদের তরফ থেকে নেপালে ভূমিকম্পের জন্য অর্থ collection করা হচ্ছে এবং অর্থ যখন colletion হয়েছে ১৯ তারিখে। দুর্গাপুরে ভূমিকম্পের জন্য অর্থ collection করতে যায় তখন ১৯ থেকে ২০ জন লোককে তৃণমূলের লোকেরা সশস্ত্র আক্রমণ করে। এবং যারা আক্রান্ত হয়েছে তাদের মধ্যে একজন সুশান্ত ব্যানার্জী তাকে জামিন অযোগ্য ধারায় ধরা হয়েছে। আমি অবিলম্বে দাবি করছি যাতে এই তুঘলকি কাণ্ড বন্ধ করা যায় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি উপস্থিত আছেন। এইবারে higher secondary তে যত ছাত্রছাত্রী পাশ করেছেন আমরা খুব খুশি যে পাশের সংখ্যা, পাশের হার বেড়েছে। যা হিসেব তাতে আড়াই লক্ষের বেশী ছাত্রছাত্রী 60% বা তার above এই নম্বর পেয়েছে। কিন্তু যেটা পরিস্থিতি general collegeগুলি যা আছে, নতুন কলেজগুলি যা হয়েছে আপনাদের সময়ে ৪৮১টি কলেজে আড়াই লক্ষ থেকে তিন লক্ষ ছাত্রছাত্রী ভর্তি হতে পারে। ফলে এত ছাত্রছাত্রী পাশ করেছে প্রায় সাড়ে পাঁচ লক্ষ, ভর্তির ক্ষেত্রে একটা সমস্যা তৈরি হবে এটা আমার মনে হচ্ছে। আমি আপনাকে অনুরোধ করছি বিভিন্ন কলেজে সিট বাড়ানো, অনার্সের সিট বাড়ানো এবং infrastructure ensure করা হোক। সেটা যদি না করা হয় তাহলে এই ভর্তির সমস্যাটা একটা acute একটা জায়গায় দাঁড়াবে। মাননীয় মন্ত্রী আছেন উনি যদি কিছু বলেন আমরা অন্তত উপকৃত হব।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা আমি আগের দিনও বিধানসভার মধ্যে বলেছিলাম। আমাদের যে সিট আছে তাতে পাশের সংখ্যাটা এইবারে বৃদ্ধি পেয়েছে এবং ছাত্রছাত্রীরা ভালো রেজাল্ট করেছে। এটা খুবই সুখের বিষয়। আমাদের কলেজের সংখ্যা, বিশ্ববিদ্যালয়ের সংখ্যা এমনকি কোথায়ও কোথায়ও যে কলেজে যে সাবজেক্ট ছিল না সেই সাবজেক্টগুলি বাড়িয়েছি। এখন লক্ষণীয় আপনারা যেরকম একটা সরলীকরণ করছেন যে পাঁচ লক্ষ পাশ করল সবাই কাল থেকে কলেজগুলিতে ভর্তি হবে কেউ ডাক্তারিতে যাবে না, কেউ ইঞ্জিনিয়ারিং কলেজে যাবে না, কেউ পলিটেকনিকে যাবে না এগুলি আপনারা ভাবছেন। আমরা সমস্ত দিকটার উপরে নজর রাখছি। মুশকিলটা কোথায় হচ্ছে জানেন আমাদের কাছে লোকে আসে যে কলেজে বেশি ভিড় সেই কলেজে ছাত্ররা বলে এখানে ভর্তি হতে পারছি না। আপনি দেখবেন এখনো অনেক কলেজ আছে যা গতবারের পরীক্ষার রেজাল্ট তাতে অনেক সিট ছিল কিন্তু তারা সেখানে যায়নি। বেছে বেছে কতগুলি কলেজ আছে সেই কলেজে গিয়েই তারা ভিড়টা করেন। আমরা এইবার অনলাইন করার ফলে জানতে পারব কোথায় কি হচ্ছে। সুতরাং আমরা লক্ষ্য রেখেছি এবং আমাদের একটা আলাদা দপ্তরের একজন নির্দিষ্ট করে দায়িত্ব দেওয়া আছে। সমস্ত কলেজ থেকে খোঁজখবর তারা রাখছে। ছাত্ররা যাতে অসুবিধায় না পড়ে সেদিকে আমাদের নজর আছে।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে মাননীয় কারিগরি মন্ত্রী এবং প্রশিক্ষণ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত চার বছরে পশ্চিমবঙ্গ সরকার প্রায় ৪২টি আই.টি.আই. কলেজ এবং অন্যান্য কলেজ তৈরির প্রকল্প নিয়েছেন। আমার কেতুগ্রাম বিধানসভা শহর থেকে অনেক দূরে সেখানে যদি একটা আই.টি.আই. কলেজ সত্বর খোলা হয় সেই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সমীর কুমার জানা : Not responded.

শ্রী বনমালি হাজরা : মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে

আমার আবেদন আমার এলাকায় দেবপুরমাহিনগর একটা রাস্তা আছে। সেই রাস্তাটার মধ্যে সাড়ে আট কিলোমিটার রাস্তা আসানসোল ডিভিশানের অন্তর্ভুক্ত হয়। রাস্তাটি এখন খুব খারাপ অবস্থার মধ্যে রয়েছে। ফলে ছাত্র-ছাত্রীদের স্কুলে যেতে অসুবিধা হচ্ছে, রোগীদের হসপিটালে যেতে অসুবিধা হচ্ছে। এই রাস্তাটির যাতে সত্বর সংস্কার করা হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় স্পীকার স্যার, আপনি জানেন ১১৭ নম্বর যে জাতীয় সড়ক আছে, যেটা কোনা এক্সপ্রেস থেকে নামখানা পর্যন্ত গিয়েছে। দক্ষিণ ২৪-পরগনার জেলার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে এটা খুব গুরুত্বপূর্ণ রাস্তা। এর মধ্যবর্তী একটা স্থানে আছে — আমতলা চার মাথার মোড়। এখানে প্রচুর যানজট হয় এবং এতে মানুষের খুব সমস্যা হয়। এটা দীর্ঘদিন ধরে হচ্ছে এবং এটা এখন আরও বেড়েছে। পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, এখানে একটা বাইপাস রাস্তা করা যায় কিনা। সেই জন্য আপনাকে আবেদন করছি।

শ্রী ঈদ মহম্মদ : (অনুপস্থিত)।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি জানাতে চাই যে, এই মেনশান কেসগুলো আমা খুব কষ্ট করে দিই। কিন্তু বারবার এই মেনশান কেস দেওয়া সত্ত্বেও খুব একটা কিছু হচ্ছে না স্যার। আমি আপনাকে জানাতে চাই যে, এই বিষয়টা নিয়ে দীর্ঘদিন থেকে আমি বলে আসছি যে, আমার বিধানসভা হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত বাঙালিপাড়া থেকে কলুয়া পর্যন্ত একটা রাস্তা প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় দীর্ঘদিন আগেই হয়ে গেছে। কিন্তু সেখানে লখিয়াঘাটা একটা ব্রীজ না থাকার জন্য মানুষের আগে যা কষ্ট ছিল — এপাড়ের লোক ওপাড়ে, ওপাড়ের লোক এপাড়ে আসতে পারছে না। এই লখিয়াঘাটের ব্রীজের জন্য মানুষের স্বাভাবিকভাবে যে রাস্তাটা হয়েছে, সেটা অকেজো অবস্থায় পড়ে আছে। তাই বিনীতভাবে আপনার কাছে আমার অনুরোধ যে, এই লখিয়াঘাটের ব্রীজটা যে দীর্ঘদিন ধরে হচ্ছে না, এই ব্রীজটা অবিলম্বে করার জন্য আপনার কাছে আমি বিনীতভাবে অনুরোধ রাখছি।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রী এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার হাওড়ায় বাকসাড়ায় দক্ষিণ-পূর্ব রেলওয়ের যে রেলওয়ে ক্রসিং রয়েছে বাকসাড়া রোডের উপরে — এলাকার মানুষের দীর্ঘদিনের দাবি সেখানে উড়ালপুলের জন্য। নতুন করে এটা শুরু হয়েছে যে শালিমার স্টেশন থেকে বহু দূরপাল্লার ট্রেন ওখান থেকে ছাড়ছে। ফলে প্রতিদিন প্রায় ঘণ্টার পর ঘণ্টা ট্রেন আটকে থাকার জন্য এবং এই রেলওয়ে ক্রসিং কোনোভাবে খোলা হয় না। ফলে মানুষের দুর্ভোগ চরম বেড়ে গিয়েছে। এমনকি অ্যাম্বুলেন্সে রোগী নিয়ে গিয়েও মানুষ হয়রানি হচ্ছে। তাই পূর্তমন্ত্রী এবং পৌরমন্ত্রীর কাছে আমার বিশেষ আবেদন যে, বিস্তৃত বাকসাড়া অঞ্চলের মানুষ ভীষণ দুর্ভোগে রয়েছে এই উড়ালপুল না হওয়ার জন্য। যেহেতু গুড্‌স ট্রেন এবং মেল ট্রেন — এই ট্রেন যাওয়ার ফলে দীর্ঘ সময় ধরে ওই রেলের ক্রসিং বন্ধ থাকে। তাই অবিলম্বে এই উড়ালপুল করে মানুষের দুর্ভোগ

কমান এবং বর্তমানে প্রতি মুহূর্তে যেভাবে এলাকার পরিধি বাড়ছে, জনবসতি বাড়ছে এবং এই ঘনবসতির জন্য মানুষ কিন্তু এই দুর্ভোগের মধ্যে রয়েছে। অবিলম্বে এখানে যদি উড়ালপুল না করা হয় তাহলে মানুষের দুর্ভোগ আরও চরমে উঠবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বলি — মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে নেই এবং সংখ্যালঘু বিষয়ক আর একজন মন্ত্রী মাননীয় গিয়াসুদ্দিন সাহেবও নেই — মুখ্যমন্ত্রী কথা দিয়েছিলেন যে, সংখ্যালঘুদের জন্য ১০ হাজার মাদ্রাসা তিনি নির্মাণ করবেন। কিন্তু আমরা ১০ হাজার মাদ্রাসা দেখতে পাচ্ছি না। তিনি বলেছিলেন যে, ভাঙড়ে মুসলিমদের জন্য একটা হাসপাতাল করবেন। যদিও হাসপাতাল কোনো ধর্মের ভিত্তিতে হয় না কিন্তু মুখ্যমন্ত্রী চ্যাম্পিয়ন হবার জন্য বলেছিলেন যে ওখান হাসপাতাল করবেন। সেই হসপিটালের কি হল? ২২টা সুপার স্পেশালিস্ট হসপিটালের কি হল? তারপর অন্যান্য কাজগুলো — তিনি বলেছিলেন কমিশন তৈরি করবেন — তার কি হল?

ZERO HOUR

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : অনুপস্থিত।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, ২০১১ সালের মে পর্যন্ত বাংলার স্তব্ধ হয়ে যাওয়া বিপর্যস্ত স্বাস্থ্য ব্যবস্থাকে একটা সুন্দর জায়গায় পৌঁছে দেওয়ার ব্যবস্থা করছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমাদের ডায়মন্ড হারবার মহকুমা হাসপাতাল আজকে জেলা হসপিটালে উন্নীতকরণ হয়েছে। সেখানে এস.এন.সি.ইউ. থেকে শুরু করে ডায়ালিসিস সেন্টার থেকে শুরু করে অবজারভেশন রুমও চালু হয়েছে। এছাড়া এখানে আমাদের সুপার স্পেশালিস্ট হসপিটাল হচ্ছে। তার সঙ্গে সঙ্গে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে ডিজিটাল এক্সরে উদ্বোধন হতে চলেছে। তাই বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ডায়মন্ড হারবারবাসীর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে উত্তর ২৪-পরগনা এবং দক্ষিণ ২৪-পরগনায় পুজোর নাম করে, মেলার নাম করে ব্যাপক জুয়ার আসর চলছে গত দুই বছর ধরে। অতীতেও এটা ছিল এবং গত দুই বছরে এর ব্যাপকতা অনেক বৃদ্ধি পেয়েছে। স্থানীয় মহিলারা দলমতনির্বিশেষে সকলে মিলে থানায় গিয়েছিলেন এটাকে বন্ধ করবার জন্য। সর্বস্বান্ত হয়ে যাচ্ছে মানুষ। কিন্তু রাজনৈতিক কর্তাদের চাপে এবং এক শ্রেণীর পুলিশের সক্রিয় সহযোগিতায় এই মেলাগুলো চলছে। নামে মেলা, বিভিন্ন পুজোর নামে মেলা হচ্ছে। উদ্যোক্তা যারা, উদ্যোক্তারাও জুয়ার বোর্ড চালায়। আর দরিদ্র মানুষ সেখানে যাচ্ছে। বার বার পুলিশকে বলা হয়েছে, এস.ডি.পি.ও.-কে বলা হয়েছে, উত্তর ২৪-পরগনার এস.পি.-কে বলা হয়েছে কিন্তু কোনোরকম ব্যবস্থা নেওয়া হচ্ছে না। রাজনৈতিক হস্তক্ষেপে এতগুলো দরিদ্র প্রান্তিক পরিবারগুলো ধ্বংস হচ্ছে, এই ব্যাপারে কিছু পদক্ষেপ নেওয়া উচিত।

শ্রী হিতেন বর্মণ : স্যার, আপনার মাধ্যমে আইন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয়

উত্থাপন করতে চাই। উত্তরবঙ্গের মানুষের দীর্ঘদিনের দাবী হাইকোর্টের সার্কিট বেঞ্চ। জলপাইগুড়িতে অস্থায়ী বাংলো তৈরি হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে স্থায়ী পরিকাঠামা গড়ে তোলার জন্য জমি অধিগ্রহণ, উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের মাধ্যমে বাউন্ডারি ওয়াল তৈরি করা, সমস্ত পরিকাঠামোর দিকটা এগিয়ে চলেছে। আমাদের উত্তরবঙ্গের মানুষের আইনের স্বার্থে — কলকাতা ৭০০ কিলোমিটার দূরে — হাইকোর্টের সার্কিট বেঞ্চ জলপাইগুড়িতে কি অবস্থায় আছে এবং তাড়াতাড়ি যাতে হয় সেই উদ্যোগ গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি। পাশাপাশি মাননীয়া মন্ত্রী মহোদয়া এখানে উপস্থিত আছেন, যদি এই বিষয়ে একটু আলোকপাত করেন তাহলে আমরা জানতে পারব।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয় এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রসঙ্গ মাননীয় বিধায়ক তুলেছেন। এটা রাজ্য সরকারের দীর্ঘদিনের কমিটমেন্ট যে, উত্তরবঙ্গে সার্কিট বেঞ্চ হবে, হাইকোর্টের সার্কিট বেঞ্চ। সেই অনুসারে এখানে সবাই জানেন, উত্তরবঙ্গের বিধায়করা তো জানেনই। তৎকালীন আইন মন্ত্রী মলয় ঘটক মহাশয় তাঁর সময় মাননীয় মুখ্যমন্ত্রী এবং তৎকালীন যিনি হাইকোর্টের প্রধান বিচারপতি ছিলেন বিচারপতি জয়নারায়ণ প্যাটেল, তাঁর সময়েই সেখানে একটি ভিত্তিপ্রস্তর স্থাপন হয়, জমি চিহ্নিতকরণ হয়। আপনি বলেছেন জমি নেওয়াও হয়েছিল উত্তরবঙ্গ দপ্তরের মাধ্যমে এবং তারপরে সেখানে যখন কাজ এগোতে থাকে, এর পরবর্তীকালে যিনি মাননীয় প্রধান বিচারপতি হয়েছিলেন বিচারপতি অরুণ মিশ্র, তাঁর সময় একটি রিপোর্ট দেওয়া হয় এখানে যে জমি নেওয়া হয়েছে, সেই জমি আগামী ২৫ বছর তো দূরের কথা ৫০ বছরের কথা ভেবে নেওয়া হয়নি। সুতরাং সেখানে একটা জট তৈরি হয়। তার পরবর্তীকালে আমি এই দপ্তরে আসার পরে আমি মাননীয় বিচারপতিদের সঙ্গে কথা বলি এবং তারপরে তারা রাজি হন যে একটা রিভাইজ্ড এস্টিমেট এবং রিভাইজ্ড প্ল্যান দেওয়ার জন্য। অ্যাকর্ডিংলি তারা যেভাবে বলেছিলেন, সেইভাবে রিভাইজ্ড প্ল্যান এবং রিভাইজ্ড এস্টিমেট পি.ডব্লিউ.ডি-র পক্ষ দেওয়া হয়েছে। এটা মহামান্য হাইকোর্টের কাছে রয়েছে এবং যেভাবে বলেছেন সেইভাবে এস্টিমেট দেওয়া হয়েছে। পরবর্তীকালে আবার একটি প্রেজেনটেশন করতে বলা হয়েছিল, সেটাও করা হয়েছে। এই প্রেজেনটেশনটাও দুই মাস হয়ে গিয়েছে। মহামান্য হাইকোর্টের কাছে এটা পড়ে আছে। আমরা আশা করব যে মহামান্য হাইকোর্ট অত্যন্ত দ্রুততার সাথে এই কাজটা করবে এবং আমরা আশা করব তাদের উপর আস্থা আমাদের রয়েছে যাতে উত্তরবঙ্গের মানুষ মহামান্য হাইকোর্টের যে সার্কিট বেঞ্চ, তার সুযোগ সুবিধা ভোগ করতে পারে। এত দূরে তাদের না আসতে হয়, সেদিকে দৃষ্টিপাত করে মহামান্য হাইকোর্ট এই কাজটা অত্যন্ত দ্রুততার সঙ্গে করবেন। আমি আর একটু সংযোজন করি এই প্রসঙ্গে। গত ৫ই এপ্রিল দিল্লিতে সমস্ত হাইকোর্টের প্রধান বিচারপতি এবং চিফ মিনিস্টারদের একটা সভা হয়, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে আমি সেই সভায় অ্যাটেন্ড করি। সেখানে প্রধান বিচারপতি, Union Law Minister, তাদের সামনে এই প্রসঙ্গটা আমি তুলি এবং এখনকার যিনি প্রধান বিচারপতি মঞ্জুলা চেল্লুর, তিনি বলেন যে এটা process-এ আছে। সুতরাং আমরা আশা করছি অতি দ্রুততর সঙ্গে মহামান্য হাইকোর্ট-এর একটা নিষ্পত্তি করবেন।

(At this stage the House was in recess till 1.30 p.m.)

[1.30 - 1.40 p.m.]

(After Recess)

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 65th Report of The Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for the 2nd June, 2015 and the Programme of Business from 5th June to the 12th June, 2015 as follows :-

2.6.2015, Tuesday	:	(i) The West Bengal Panchayat (Amendment) Bill (Introduction, Consideration & Passing)	...1 hr.
		(ii) Demand No.10 : Consumer Affairs Department	...1 hr.
		(iii) Demand No.59 : Self-Help Group and Self Employment Department	...1 hr.
5.6.2015, Friday	:	Demand No.25 : Public Works Department	... 2 hrs.
8.6.2015, Monday	:	(i) Demand No.15 : School Education Department	... 2½ hrs.
		(ii) Demand No.14 : Mass Education Library Services Department	... 1 hr.
		(iii) Demand No.51 : Technical Education and Training Department	... 1 hr.
9.6.2015, Tuesday	:	(i) Demand No.9 : Commerce & Industries Department	
		(ii) Demand No.67 : Public Enterprises and Industrial Reconstruction Department	... 2½ hrs.
		(iii) Demand No.31 : Information Technology & Electronics Department	... 1 hr.

10.6.2015, Wednesday	:	(i) Demand No.43 : Power and Non-Conventional Energy Sources Department	... 2 hrs.
		(ii) Demand No.56 : Women Development & Social Welfare Department (iii) Demand No.64 : Child Development Department	... 1½ hrs.
11.6.2015, Thursday	:	(i) Demand No.13 : Higher Education Department	... 2½ hrs.
		(ii) Demand No.62 : North Bengal Development Department	...1 hr.
12.6.2015, Friday	:	Non-Official Business	

Hon'ble Members, the House will sit at 10.00 a.m. on Friday, the 5th June 2015. There will be no Questions for Oral Answer. New Calling Attention and Mention Case on that day. On that day, the souvenir which has been published after we completed our 75 years and there was a celebration as you know. It will be released by the Hon'ble Chief Minister at 2.00 p.m. in the Lobby. I request all the Hon'ble Members to attend the said function.

Now, the Hon'ble Minister, Shri Manish Gupta, may please move the Motion for acceptance.

MOTION

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৬৫তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : Now, the question before the House is that the Motion be adopted. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it. The Motion is adopted. The Motion is adopted.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS
Demand No. 5

Mr. Speaker : Demand No.5 relates to Agriculture Department. There are nineteen Cut Motions to Demand No.5. All the Cut Motions are in order and Hon'ble Members may now move their Cut Motions.

Shri Md. Sohrab : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion No.1) that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion No.2) that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Gouranga Chatterjee : Mr. Speaker Sir, I beg to move (Cut Motion No.3) that the amount of the Demand be reduced to Re.1/-.

Mr. Speaker : Sir, I beg to move (Cut Motion No.4) that the amount of the Demand be reduced by Rs.100/-.

Shri Sahajahan Choudhury : Sir, I beg to move (Cut Motion Nos. 5 to 19) that the amount of the Demand be reduced by Rs.100/-.

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শ্রী পূর্ণেন্দু বসু মহাশয় ব্যয়বরাদ্দের জন্য যে দাবি পেশ করেছেন সেই দাবির বিরোধিতা করে, বিরোধীদের আনা কাট মোশনের সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই বলি যে এই দপ্তর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর কিন্তু আমরা দেখছি যে এই গুরুত্বপূর্ণ দপ্তরকে আপনারা গুরুত্বহীন দপ্তরে পর্যবসিত করেছেন এই চার বছরের মধ্যে। এটা আপনাদের কার্যকারিতার মধ্যেই আমরা দেখছি। মন্ত্রীরা তাদের দপ্তর বুঝতে না বুঝতেই বদল হয়ে যাচ্ছেন। মাননীয়া রাজ্যের মুখ্যমন্ত্রী উনি ২০শে মে ২০১১ সালে এই রাজ্যের দায়িত্বভার নিয়েছিলেন। এই রাজ্যের দায়িত্বভার গ্রহণ করবার পরে ৭ই জুন পর্যন্ত নিজের কাছে উনি দপ্তর রেখেছিলেন। মুখ্যমন্ত্রীর কাছে এটা থাকতেই পারে কারণ উনি সমস্ত দলের, সমস্ত দপ্তরের মাথার উপরে মুখ্যমন্ত্রী, ওনার কাছে এটা থাকতেই পারে। উনি বর্তমানে অবশ্য আটটি দপ্তর নিয়ে উনি এখন কাজ চালাচ্ছেন। তারপরে এই দপ্তরের দায়িত্ব দেওয়া হল রবীন্দ্রনাথ ভট্টাচার্য মহাশয়কে। উনি কাজ শুরু করলেন। কিন্তু আমরা দেখলাম কাজ শুরু করার পরে উনি বেশীদিন থাকলেন না, ওনার কাছ থেকে দপ্তরটা চলে গেল মলয়বাবুর কাছে। তারপর আমরা দেখলাম মলয়বাবুর কাছে দপ্তরটা থাকল না, চলে গেল অরূপবাবুর কাছে। পূর্ণেন্দুবাবুর সঙ্গে আমি যোগাযোগ রাখছিলাম। উনি শ্রম দপ্তরে ছিলেন। উনি ভালোই কাজ করছিলেন শ্রমদপ্তরের। উনি গোটা উত্তরবঙ্গের চা-বাগিচার বিষয় নিয়ে যেটা আমাদের সময়েও হয়নি এই কথা আমি স্বীকার করছি — যে উনি গোটা উত্তরবঙ্গের চা-বাগিচা নিয়ে একটা অবজারভেশন একটা রিপোর্ট উনি তৈরি করেছিলেন সেই সময়ে, একটা সমীক্ষার কাজ শুরু করে দিয়েছিলেন। সেটা শ্রম দপ্তরের ভালো মন্দ সবকিছু নিয়েই চারিদিক দিয়ে কাজটা শুরু হয়েছিল। অথচ ওনাকে শ্রম দপ্তর থেকে তুলে নিয়ে এবার দায়িত্ব দেওয়া হয়েছে এই কৃষি দপ্তরের। মন্ত্রীরা দপ্তরের বিষয়ে বুঝে না উঠতেই দপ্তর বদল হয়ে যাচ্ছে। কি কাজ হবে এই অবস্থার মধ্যে? যে রাজ্যে আমাদের ৭০%-এর উপরে মানুষ কৃষির উপরে নির্ভর, কৃষির উপরে জীবনজীবিকা, কৃষির উপরে কাজকর্ম, যার উপরে গোটা রাজ্যের মানুষের জীবনজীবিকা নির্ভর করছে, সেই দপ্তরের অবস্থাটা আমাদের এই চার বছরে কি অবস্থা দেখুন। মন্ত্রীরা কিছু বুঝতে না বুঝতেই এই অবস্থা তৈরি

হচ্ছে। এই রাজ্যে এক সময় ষাট দশকে, সত্তর দশকে রাজ্যে চালের জন্য কি অবস্থা ছিল সেটা আপনারা কখনই অস্বীকার করতে পারবেন না। মানুষের চালের জন্য হাহাকার ছিল। আমরা এই কথা গর্বের সঙ্গে বলি বাম আমলে আমরা সেই চাল উৎপাদনের ঘাটতিকে কাটিয়ে আমরা চাল উৎপাদনে এক নাম্বার জায়গায় পৌঁছে গিয়েছিলাম। শুধু চাল উৎপাদনেই নয়, গোটা দেশের মধ্যে আমাদের রাজ্যে আলু উৎপাদনে আমরা দ্বিতীয় স্থানে পৌঁছে গিয়েছিলাম। সব্জী উৎপাদনে আমরা রেকর্ড স্থাপন করেছিলাম বাম আমলে এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। এই সরকারের আমলে শুধু কৃষকদের দুরবস্থার কাহিনী আমরা দেখছি। প্রতিদিনই মেনশনে আসছে। প্রতিদিনই বিধায়করা প্রশ্ন তুলছেন। হাটেবাজারে যেখানেই যাচ্ছেন, সেখানেই কৃষকদের কথা নিয়ে আলোচনা হলেই দেখছি কৃষকরা দাম পাচ্ছেন না। আমরা আজকেই বাজেটে কৃষি বিপণন দপ্তরের বাজেটের আলোচনার সময়ে নিশ্চয় আলোচনা করব। একদিকে যেমন কৃষকরা দাম পাচ্ছেন না, অন্যদিকে বীজ সারের দামের মূল্যবৃদ্ধি, ডিজেল, কীটনাশক এবং কৃষি সরঞ্জামের মূল্যবৃদ্ধির ফলে কৃষি খরচের বৃদ্ধি হয়েছে। আর একদিকে অভাবী বিক্রি চলছে। সরকার নির্ধারিত মূল্য, মিনিমাম সাপোর্ট প্রাইসও তারা পাচ্ছে না। আমরা নিশ্চয় বিপণন দপ্তরের বাজেটের সময়ে এই বিষয়ে আলোচনা করব। আলুচাষীদের অবস্থা কি করুণ। চাষীরা দিশেহারা। ঋণের বোঝাতে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। আজকেই প্রশ্নোত্তরে ছিল, বলা হয়েছে এই রাজ্যে নাকি একজনও কৃষক আত্মহত্যা করেনি। বাস্তবের সাথে এটার কোনো মিল নেই। আমরা নিজেরা জানি যে বাস্তব অবস্থাটা কি? আমাদের রাজ্যেই ২০ জন কৃষক আত্মহত্যা করলেন আলু চাষী। আজ শুধু আলু চাষী নয়, যারা শশা আবাদ করেছিলেন এক টাকাতে তিন কেজি, চার কেজি শশা, আবার কুচবিহার জেলাতে দেখলাম নিশিগঞ্জে রাস্তার উপরে মানুষ শশা ফেলে দিচ্ছে। হলদিবাড়িতে রাস্তার উপরে শশা ফেলে দিচ্ছে। এই অবস্থা হচ্ছে। দেখার কেউ নেই। আমরা জেলায় দেখছি যে এই অবস্থার মধ্যে মানুষ বাধ্য হচ্ছে, কৃষকরা বাধ্য হচ্ছে আত্মহত্যা করতে। ধূপগুড়িতে, বর্ধমান, জলপাইগুড়িতে আমরা দেখছি বিভিন্ন জায়গার কৃষকরা আত্মহত্যা করছে।

[1.40 - 1.50 p.m.]

..... বলছে আত্মহত্যা নয়, অসুখে মারা গেছেন, বলছে স্বাভাবিক মৃত্যু। নানারকম ভাবে ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে। কিন্তু এভাবে ধামাচাপা দিলেও গোটা রাজ্যের মানুষ বুঝছেন যে, আসল ঘটনাটা কোন জায়গায়। আমরা দেখছি, কৃষি দপ্তর জেলায় জেলায় আধিকারিক নেই। কৃষি দপ্তরে গেলে পরে বোঝা যায় যে, একজন আধিকারিক দুই জায়গায়, তিন জায়গায় দায়িত্ব নিয়ে বসে আছেন। বাম আমলে কে.পি.এস.—কৃষি প্রযুক্তি সহায়ক, যাদেরকে আমরা দেখতাম কৃষকদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে। আধুনিক প্রযুক্তি ব্যবহারের মধ্যে দিয়ে উন্নত মানের চাষীদের চাষ করার উপরে সাহায্য তারা করতেন। তাদের এই কাজে ব্যবহার করা হত। কিন্তু এখন দেখছি, কে.পি.এস.-দের মানুষ চেনেই না। তারা গ্রামে গেলে মানুষ জানেই না যে, কোন দপ্তরে কাজ করে। যোগাযোগ বিচ্ছিন্ন। তাদের ওপর কোনো দায়িত্ব দেওয়া হচ্ছে না — এই অবস্থা চলছে। আমি এই কথা গর্বের সাথে বলতে পারি যে, এই কৃষি

আধিকারিকরাই একদিন সবুজ বিপ্লব ঘটিয়েছিলেন। আমার নিজের জেলা হলদিবাড়িতে দেখতাম, সেই মান্ধাতার আমলের ধানচাষ, তামাক চাষ, পাট চাষ-এর ওপর মানুষের অর্থনীতি নির্ভর করতো। এই কৃষি দপ্তরেই সেখানে তারা পরীক্ষা করে, সেখানকার টমেটো পরীক্ষা করে টমেটোর বীজ এনে তারা সেখানে পরীক্ষা করলেন। সেই টমেটো ফলানোর পরে তার বাজার তারা দেখলেন। এখন হলদিবাড়িতে গোটা রাজ্যের মধ্যে সবুজ বিপ্লব ঘটে গেলো। সেখানকার টমেটো আজ আসছে এই পোস্তায়। চলে যাচ্ছে দিল্লিতে। সেখানে আমরা দেখছি হলদিবাড়ি থেকে পরিবহণ দপ্তরের পক্ষ থেকে প্রতিদিনই দেড়শো, দু-শো, আড়াইশো ট্রাক টমেটো আর লঙ্কা পাড়ি দিচ্ছে ভিন্ দেশে। সেই সবুজ বিপ্লব আজ কোথায় গেলো? কি উদ্যোগ নিয়েছেন? কোনো উদ্যোগই নিতে পারেননি। শুধু মেলা আর প্রচার সর্বস্ব — এই ২০১৩তে আমরা দেখছি যে, আমার এই রাজ্যে শুধু প্রচার। টিভিতে প্রচার, কাগজে প্রচার, কি হচ্ছে? কৃষি মেলা। ২০১২-তে আমরা দেখছি, শুধু উৎসব। মাটি উৎসব, আমার কৃষি মেলার উৎসব। শুধু উৎসবের বন্যা। ২০১৩-র ১৭ এবং ৩১শে জানুয়ারী কৃষি মেলার জন্য গোটা রাজ্যের কত টাকা খরচ হয়েছিল? আমরা কাগজে দেখলাম, ২০১৩-র ১৭ই জানুয়ারী থেকে ৩১শে জানুয়ারী কৃষি মেলার খরচ হয়েছিল ৩ কোটি ৬৬ লক্ষ টাকা। ব্লক এবং মহকুমাগুলিতে খরচ করা হয়েছিল এই অর্থ। এই টাকা আসলে সবুজ বিপ্লবের টাকা। এই অর্থ রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার অর্থ। আমাদের রাজ্যের সাথে আমার জেলাতেও এই উৎসব হয়েছিল, এই কৃষি মেলা হয়েছিল। আমরা কি দেখলাম সেখানে? আমরা দেখলাম, বড় বড় হোর্ডিং, যেখানে মুখ্যমন্ত্রীর ছবি। আর কি দেখলাম? কোনো কৃষক নেই, এই কৃষি মেলায় কোনো কৃষক নেই। বাইরে থেকে কিছু শিল্পী এনে সেখানে গান-বাজনা করানো হল। তাদেরকে অর্থ পাইয়ে দেওয়া হল। এটা আমাদের কৃষকদের কোন কাজে লাগলো, নিশ্চয়ই আপনার বক্তব্যের সময় বলবেন। কেন্দ্রীয় সরকারের প্রকল্প ও তার অর্থ শুধু নামটা পরিবর্তন করে এই সরকারের প্রকল্পগুলি চালানোর চেষ্টা ছাড়া এই বাজেটে নিজস্ব প্রকল্প বলে আর কোনো পরিকল্পনা আমি লক্ষ্য করতে পারছি না। রাজ্য সরকারের ফিন্যান্সিয়ার সাপোর্ট স্কিম ফর ফার্ম মেকানাইজেশন (এফ.এস.এস.এম.) প্রকল্পের মধ্যে ১০১ কোটি ৭৩ লক্ষ টাকার কৃষি সরঞ্জাম বিলি করা হয়েছিল। এটা বলা ছিল — যে ট্রাক্টর গ্রামাঞ্চলে দেওয়া হয়েছিল, সেগুলো ধনীরা পেয়েছিলেন, কিন্তু পাওয়ার কথা গরীব কৃষকদের। আমরা দেখছি, কেন্দ্রে ইউ.পি.এ. সরকার থাকার সময় তারা আমাদের বলেছিলেন যে, আমাদের রাজ্যে ঘাটতি তৈলবীজ, ডালশস্যে ঘাটতি। আমরা রাজস্থান, মহারাষ্ট্রের ওপর নির্ভর করি। তারা বারে বারে আমাদের অ্যালার্ম দিয়েছিলেন যে, এই ঘাটতি শুধু আমাদের পাঞ্জাব, হরিয়ানা থেকেই বার বার আনলে হবে না ...

(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, কৃষি দপ্তরের ৫ নম্বর দাবীতে ২০২৪ কোটি ৩৮ লক্ষ ৪৪ হাজার টাকা যা মাননীয় কৃষিমন্ত্রী দাবী করেছেন, সেটাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আর বিরোধী অনাবশ্যক কাটমোশানগুলিকে সম্পূর্ণ বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, আমার সময় অল্প। মানুষের জীবনে সবচেয়ে বেশী মৌলিক প্রয়োজন হচ্ছে খাদ্য, বস্ত্র

এবং বাসস্থান। স্যার, খাদ্য এবং বস্ত্র এই দুটোর বন্দোবস্তই এখন কৃষি দপ্তর করছেন, আর বাসস্থান অবশ্য হাউজিং করবেন মন্ত্রী অরূপ বিশ্বাস ব্যবস্থা করছেন এবং পঞ্চায়েত থেকেও কিছু কিছু করা হয়। আমাদের রাজ্যে তুলো চাষ ট্র্যাডিশনাল চাষ নয়, তুলো চাষ সকলেই বলতো কালোমাটির দেশ মহারাষ্ট্র, গুজরাটে তুলোর চাষ হয়। ওখানেই সমস্ত মিলগুলো আছে। কিন্তু আমাদের বামবন্ধুরা চাষের যে পরিবর্তন হয়, চাষে যে টেকনোলজি লাগিয়ে চাষকে মানুষের জীবনের উপযোগী করে তোলা যায় সে সম্পর্কে তাদের ধারণাই ছিল না। যেমন পিঁয়াজ চাষ নাসিকে হতো, পশ্চিমবাংলায় হতো না, এখন হয়। তুলোর চাষ মাননীয় কৃষিমন্ত্রী দক্ষিণ ২৪-পরগনায় তুলো চাষ শুরু করেছেন। এটা যে শুরু করা যায় এবং পুরো তুলো যতটুকু চাষ থেকে বেরোচ্ছে সবটাই সেন্ট্রাল গভর্নমেন্ট অফ ইন্ডিয়া নিয়ে নিচ্ছেন, কিনে নিচ্ছেন। এরপরে পূর্ব মেদিনীপুরেও হবে, পূর্ব মেদিনীপুরের উপকূলবর্তী অঞ্চলে তুলো চাষ হবে এবং সেই তুলো বিক্রি হবে। এতে আমাদের রাজ্যের স্পিনিং মিলগুলো বাঁচবে, এতে আমাদের রাজ্যের যে কাপড় উৎপাদন করার তন্তুজ, খাদি ইত্যাদি সংস্থা আছে সেখানে একটা বুস্ট হবে এবং তার ইনপুট কস্ট কমবে। স্যার, তার জন্য তুলো উন্নয়ন মিশন রাজ্য সরকারের অধীনে তৈরি হয়েছে। স্যার, পূর্বতন রাজ্য সরকার হঠাৎ করে ওই ২০০৪-০৫ থেকে বলতে শুরু করলেন যে কৃষিকার্য আর লাভজনক নয়। এই হাউসে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে দাঁড়িয়ে বলতে শুনেছি কৃষিকার্য আর লাভজনক নয়। কাজেই সিঙ্গুরের সমস্ত কৃষিজমি বিনাপয়সায় দিয়ে দাও। (নয়েজ) আপনারা করেছেন, লজ্জা থাকলে চিৎকার করবেন না, লজ্জা নেই বলে চিৎকার করছেন, করুন। স্যার, এর ফল কি হয়েছিল? এই যে কৃষির প্রতি সম্পূর্ণ নেগলেক্ট, এই নেগলেক্টের ফলে ২০০৭-০৮ সালে কৃষি বৃদ্ধির হার 3.26%, ২০০৮-০৯ সালে একটু উৎপাদন হয়েছিল — 2.74%, ২০০৯-১০ সালে অবস্থাটা একটু বেটার হয়েছিল +2.13%। আর আমরা আসার পর আপনারা বলছিলেন না অনেকে কৃষিমন্ত্রী হয়েছে, অনেক কৃষিমন্ত্রী হলেও কৃষি উৎপাদনের হার ২০১১-১২-তে বেড়েছে 2.61%। ২০১২-১৩-তে 23.18%, আর ২০১৩-১৪-তে 13.14% যা ভারতবর্ষের আর কোনো রাজ্যে হয়নি, যা আমাদের রাজ্যে হয়েছে। এগুলি জেনে রাখুন, শুধু বাজারি চিৎকার করলে এখানে চলে না। এটা কেন হয়েছিল? এর কারণ প্রথমত ঠিক সময়ে বর্ষা এসেছে এই তিন বছরে।

[1.50 - 2.00 p.m.]

দ্বিতীয়ত বাজার নির্মাণ করে কৃষিপণ্য বিক্রয়ের সুবন্দোবস্ত হয়েছিল। আমি স্যার ডিটেলে বলব না, কারণ আমার স্যার সময় খুব সংক্ষিপ্ত। এছাড়া আর একটা ঠিক সময়ে আর্থিক সুবিধা লোন গভর্নমেন্ট থেকে দেওয়া হয়েছিল। স্যার, সারের উৎপাদন, সারের উৎপাদনে গত চার বছরে পশ্চিমবঙ্গ এক বৈপ্লবিক পরিবর্তন এনেছে। শুধু রাসায়নিক সার নয়। জৈব সার, কেঁচো সার এগুলোর উৎপাদন ক্রমশ বাড়ছে এবং ব্যবহারও বাড়ছে। স্যার, কৃষি উৎপাদন এর ফলে কি ভাবে বেড়েছে, অনেক কথা তো বললেন পরেশবাবু, যে কৃষির নাকি সর্বনাশ হয়ে গেছে। কৃষির উৎপাদন ছিল, ২০১২-২০১৩ সালে ১ কোটি ৬৫ লক্ষ .২১ মেট্রিক টন। স্যার, '১৩-'১৪-তে ১ কোটি ৭১ লক্ষ .৫৬, '১৪-'১৫-তে প্রত্যাশিত পরিমাণ ১৭৩.৬১ লক্ষ মেট্রিক

টন। আর '১৫-'১৬-তে লক্ষ্যমাত্রা আছে ১৭৬.৮৬। বিগত চার বছরের ধারা যদি দেখেন তাহলে ডু ইউ থিঙ্ক 176 ইজ দি আনরিয়েলিস্টিক এস্টিমেট? কারণ মনে হয়, মনে হতেই পারে, আপনাদের মনে হতেই পারে, কারণ আপনাদের মাথা তো অন্যভাবে কাজ করে। স্যার, কৃষি গবেষণা, উন্নতমানের বীজ, কৃষি ঋণ, এই কৃষি ঋণ সম্পর্কে আর একটি কথা মাননীয় মন্ত্রীকে বলব যে প্রাকৃতিক দুর্যোগে আগে ফসল নষ্ট হলে কেউ দেখার থাকত না। গত দুই বছর ধরে প্রাকৃতিক দুর্যোগ মানে বড় আয়লার মতন দুর্যোগ না, ঝড় বৃষ্টিতে কৃষকরা কমপেনসেসান পাচ্ছে। আমি নিজে কিছু কমপেনসেসান দিয়েছি। স্যার, এই বিষয়ে বলব কিষাণ ক্রেডিট কার্ড কৃষকদের দেওয়া হয়, কিন্তু যারা ভাগচাষী তাদেরও দেওয়া হয়, কেবল একটি জিনিস...

(সময় শেষ হয়ে যাওয়ায় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী আবু তাহের খান : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী পূর্ণেন্দু বাবু ২০১৫-১৬ সালের জন্য ৫ নম্বর দাবীর ভিত্তিতে যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন, আমরা তার বিরোধিতা করছি এই কারণেই, কারণ এই দপ্তর বাংলার সবথেকে গুরুত্বপূর্ণ দপ্তর। সবথেকে গুরত্বপূর্ণ দপ্তর, কারণ শহরের মানুষ, গ্রামের মানুষ সকলে এই দপ্তরের উপরে সাংঘাতিকভাবে নির্ভরশীল। অথচ দুর্ভাগ্যের বিষয় আমাদের এখানেই যে এই দপ্তরে চার বছরের মধ্যেই চারজন মন্ত্রী প্রতি বছর একজন করে পাল্টে যাচ্ছে। সঠিকভাবে এই দপ্তর দেখভালের জন্য সময়ও পাচ্ছে না বাজেট পেশ করার সুযোগও পাচ্ছে না। সুতরাং এই দপ্তরকে এই মা-মাটি-মানুষের সরকার কতটুকু গুরুত্ব দিচ্ছে সহজেই আমরা অনুমান করতে পারি। যে কৃষি আমাদর ভিত্তি শিল্প আমাদের ভবিষ্যৎ। যে সিঙ্গুরের আন্দোলনের মধ্য দিয়ে এই সরকার ক্ষমতায় এসেছিল, সেই সিঙ্গুরের চাষীদের কি দুর্দশা আমরা সহজে অনুমান করতে পারি। কারণ এই সিঙ্গুরের কৃষকরা আজও তাদের সেই দু-ফসলা তিন ফসলা জমি ফেরত পায়নি। তাদের ফসলের ন্যায্য মূল্য পাওয়া তো দুরের কথা চাষীরা এখনও ঘুরছে। কোর্টে কবে ফয়সালা হবে জানি না। কিন্তু সিঙ্গুরের চাষীরা সাংঘাতিকভাবে আজও বিপন্ন। বাংলার সরকার নীরব। অথচ ক্ষমতায় আসার পরেই তাদের মূল স্লোগান ছিল কৃষকদের জমি আমরা ফিরিয়ে দেব। আজও সিঙ্গুরের কৃষকরা তাদের জমি ফেরত পায়নি। তারা তাদের ন্যায্য অধিকার থেকে আজও বঞ্চিত। মাননীয় মন্ত্রী আন্দোলন করেছিলেন। ভালো লেগেছিল সিঙ্গুরের আন্দোলনের সময় তিনিও তাদের সঙ্গে ছিলেন। কিন্তু সেই আন্দোলনে আজকে কি অবস্থায় আছে নিশ্চয় মন্ত্রী এখানে বলবেন যে সিঙ্গুরের চাষীরা কি অবস্থায় আছে। কবে তাদের সেই জমি ফেরত দেওয়া হবে অন্তত এটা দাঁড়িয়ে বলবেন। তাহলে আমরা অন্তত আশ্বস্ত হব। আমাদের গ্রামীণ এলাকায় প্রায় ৬ কোটি ১২ লক্ষ মানুষ প্রত্যক্ষভাবে এই কৃষিকাজের সঙ্গে জড়িয়ে আছে। আর মোট জমির পরিমাণ ১ কোটি ২০ লক্ষ একর কৃষিযোগ্য জমি। আর ৩০ লক্ষ পাট্টাদার, ১৬ লক্ষ বর্গাদার — আর ভারতবর্ষের মধ্যে সবথেকে বেশি প্রান্তিক চাষী, ক্ষুদ্র চাষী আছে এই পশ্চিমবাংলায়। আমরা অবশ্য চিরকালই ধান উৎপাদনে প্রথম। অথচ আজকে বাংলার ধান চাষীরা কিভাবে বিপন্ন আমরা নিশ্চই বুঝতে পারছি। কারণ ধান কেনার নামে যে কালোবাজারি চলছে, মিল মালিকরা যেভাবে কালোবাজারি করছে, আজ পর্যন্ত কোথাও একটিও মিল মালিকের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক

শাস্তির ব্যবস্থা হয়নি। অথচ বার বার বলা হচ্ছে রাজ্য সরকারের পক্ষ থেকে যে, সহায়ক মূল্যে সমস্ত ধান আমরা কিনে নেব। অথচ দুর্ভাগ্যের বিষয় আজকে মিল মালিকরা ফড়েদের সঙ্গে ধান কিনছে অথচ কোনো চাষীর কাছ থেকে ধান কিনছে না। চাষীর সঙ্গে বাস্তবে তাদের সঙ্গে কোনো যোগাযোগ নেই। অথচ এই সরকার বিশেষ করে মা-মাটি-মানুষের সরকার যারা কৃষকের সরকার, কৃষকের দরদী বলে আজকে ক্ষমতায় এসেছিল তাদের দেখভালের কেউই নেই। এই যে নেগোশিয়েট করা এরা প্রকৃতপক্ষে কৃষকের থেকে ধান কিনছে কি না এবং মিল মালিকরা আজকে ফড়েদের সঙ্গে যোগাযোগ করে যে দালালি করছে কি না এটা দেখভালের জন্য ব্লকস্তরে হোক, সাব ডিভিশনাল স্তরে হোক, কোনো কমিটি নেই। এদের রাজত্ব যেভাবে চলছে আজকে মিল মালিকদের ঠিক একইভাবে বকলমে সেই টাকা গভর্নমেন্টের সাবসিডির যে টাকা সেই টাকা তারা তুলে নিচ্ছে। কৃষকরা সেই ধান চাষীরা সাংঘাতিকভাবে বিপন্ন — তাদের ধান কেনার কোনো ব্যবস্থা রাজ্য সরকার আজও করতে পারেনি। পাট, পাট আমাদের রাজ্যে সবচেয়ে বেশি উৎপাদন হয়। অথচ পাট চাষীরা সাংঘাতিকভাবে বিপন্ন। আজকে সেন্ট্রাল গভর্নমেন্টেরও JCI আছে তাদের সহায়ক মূল্যে পাট কেনার কথা, কিন্তু তারা হাত গুটিয়ে বসে থাকে। অথচ রাজ্য সরকারের কোনো হেলদোল নেই। আজকে একের পর এক মিল বন্ধ প্রায় ৫০%। বাংলার চটকল বন্ধ হয়ে আছে। সেগুলো খোলার কোনো ব্যবস্থা নেই। আজকে পাট চাষীরা সাংঘাতিকভাবে বিপন্ন। তাদের রক্ষা করতে আজকে মহারাষ্ট্রে তুলা চাষ, সেখানে তুলা চাষীদেরকে গভর্নমেন্ট সাবসিডি দেয়, সহায়ক মূল্য দেয়। অথচ এই বাংলায় কৃষকদের স্বার্থে, পাট চাষীদের স্বার্থে সেই ধরনের কোনো পরিকল্পনা রাজ্য সরকারের নেই। এটা আমাদের অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। আমরা এই সরকার যখন কৃষক দরদী সরকার কৃষকদের নিয়ে চিন্তাভাবনা করেন, কৃষকের দুরবস্থার চিন্তাভাবনা করেন, তখন নিশ্চই কৃষি পণ্য অন্তত পক্ষে যাতে সহায়ক মূল্যে বাজারে বিক্রি হয় সেই চেষ্টাটা নিশ্চয়ই করবেন। আমরা বিভিন্ন সময়ে দেখছি কৃষি মান্ডিগুলো তৈরি হয়েছে। কৃষকদের ফসল যাতে ন্যায্য মূল্যে বিক্রি হয়, আমি মাননীয় মন্ত্রীকে বলব যে, একটা অন্তত এক্সপেরিমেন্টাল হবে গোটা বাংলায় — কোথাও হয়েছে কিনা এই ধরনের। কারণ যে জায়গায় এই মার্কেটগুলো তৈরি হয়েছে সেখানে কোনো ব্যবসায়ী যাবে কিনা আমাদের সন্দেহ আছে এবং এর ইনফ্রাস্ট্রাকচার কি হবে। কোন পদ্ধতিতে এগুলো চলবে। আজকে সরকারের জমি, বীজ খামারগুলো, গভর্নমেন্টের বীজ খামারগুলোতে যেখানে উন্নতমানের বীজ তৈরি হবে, চাষীরা যেখানে উন্নতমানের বীজ পাবে।

[2.00 - 2.10 p.m.]

সমস্ত বীজ খামারগুলো নিয়ে নেওয়া হল, বেশিরভাগ বীজ খামারগুলো। সেই বীজ খামারগুলো কোন পদ্ধতিতে, কোথায়, কিসে, কতটুকু নেবে কিছু ঠিক নেই। যেখানে ইচ্ছা হল সেখানে বীজ খামারগুলো নিয়ে এই কৃষি মান্ডিগুলো তৈরি হল। এর ভবিষ্যৎ কি? এগুলো কিভাবে চলবে? কৃষকরা এখানে আসবে কিনা? সত্যিকারের দৃষ্টান্তমূলকভাবে এগুলো চলবে কিনা? অন্তত পরীক্ষামূলকভাবে যদি বাংলার ২-৩-৪-৫টি ব্লকে চালু হত তাহলে বুঝতে পারতাম এগুলোর সুফল পাওয়া যাবে এবং কৃষকরা ন্যায্য মূল্য অন্তত পাবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, কৃষি

মান্ডিগুলো তৈরি হয়ে অলরেডি চালু হয়ে গেছে। সেখানে এখনো পর্যন্ত সেই ধরনের কোনো ফলপ্রসূ রেজাল্ট আমরা পাইনি। কোনো কৃষক সেই বাজারে গিয়ে ন্যায্যমূল্য পেয়েছে এইরকম কোনো উদাহরণ যদি থাকে মাননীয় মন্ত্রীর কাছে তাহলে নিশ্চয় দেবেন। আমরা সেটা জেনে উপকৃত হব। আজকে কৃষকদের বিভিন্ন সামগ্রী, যন্ত্রপাতি, ট্রাক্টর থেকে আরম্ভ করে বিভিন্ন ছোটখাটো যন্ত্রপাতি, মেশিন এগুলো সেন্ট্রাল গভর্নমেন্টের একটা স্কিমে দেওয়া হচ্ছে। পাঁচ হাজার টাকা থেকে দশ হাজার টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে এবং বড় যন্ত্রপাতি যেমন ট্রাক্টরের ক্ষেত্রে ৪৫ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি দেওয়া হচ্ছে। কিন্তু এগুলি কিভাবে দেওয়া হবে? তার পরিকল্পনা কি মাননীয় মন্ত্রীর কাছে আছে? আজকে এখানে থ্রি ম্যান্স কমিটি তৈরি করছেন। আপনারাই বলছেন যে আপনারা গণতন্ত্রের পূজারী। আপনারাই বলছেন যে আপনারা গণতন্ত্রের মর্যাদা দেবেন। ব্লক লেভেলে পঞ্চায়েত সমিতির একটা কমিটি আছে। এর কর্মাধ্যক্ষ আছে। পঞ্চায়েতে কমিটি আছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, এখানে তাদের কোনো গুরুত্ব দেওয়া হচ্ছে না। মাননীয় মন্ত্রী জানেন, ব্লক লেভেলে থ্রি ম্যানস কমিটি তৈরি করা হয়েছে। এই কমিটিতে আছে কে? একজন বি.ডি.ও. আধিকারিক, একজন এ.ডি.এম., একজন সাবডিভিশনাল অফিসার। তারা কোন চাষীকে চিনবেন? কিভাবে বেনিফিসিয়ারি ঠিক করবেন? কিভাবেই বা সেই যন্ত্রপাতি সেখানে সরবরাহ করা হবে? নির্বাচিত পঞ্চায়েত সমিতি, নির্বাচিত পঞ্চায়েত তাদেরকে কোনো ধরনের গুরুত্ব দেওয়া হচ্ছে না। এই কি গণতন্ত্র? আপনারা সমস্ত ক্ষমতাটা কুক্ষিগত করার চেষ্টা করছেন। আপনারা বলেছিলেন যে মানুষের হাতে ক্ষমতা দেওয়া হবে। পঞ্চায়েতে থ্রি টায়ার, পঞ্চায়েতের প্রধান, মেম্বার, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, তাদেরকে ক্ষমতা দেওয়া হবে। আর সেই ক্ষমতায় এসে আপনারা তাদের কাছ থেকে সেই ক্ষমতা কেড়ে নিয়ে বি.ডি.ও.-র হাতে ক্ষমতা দিচ্ছেন, এ.ডি.এম-এর হাতে ক্ষমতা দিচ্ছেন, সাব ডিভিশনাল অফিসারের হাতে ক্ষমতা দিচ্ছেন। তারাই নাকি সব গরীব বেনিফিসিয়ারি চয়েস করবে। তারাই সাবসিডিয়ারির ব্যবস্থা করবে। এটা দুর্ভাগ্য। কোন পদ্ধতিতে করবে? এটা নিশ্চয় আপনি বলবেন এই পদ্ধতিটা কি? তাহলে এরা কি কোনো মর্যাদা পাবে না? এই থ্রি-টায়ার পঞ্চায়েতের যারা নির্বাচিত প্রতিনিধি তাদের কি কোনো মর্যাদা থাকবে না? আজকে মিনিকিটগুলো দেওয়া হচ্ছে বিভিন্ন জায়গায়। শুধু মিনিকিট নয়, কোথাও কোথাও কিছু কিছু চাষীদের চাষ করার জন্য কিছু বীজ, কিছু সারও দেওয়া হচ্ছে। সেটাও চয়েস করবে এই থ্রি ম্যান্স কমিটি। সেখানেও পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষের কোনো ভূমিকা নেই। সেখানেও প্রধানদের কোনো ভূমিকা নেই। সেখানে জেলা পরিষদের কোনো ভূমিকা নেই। সেখানেও আপনারা ঠিক করবেন। এই পদ্ধতিটা কি হবে? কিভাবে তারা মাঠের কৃষকদের চিনবে? কোন এলাকায় কোন ফসল হয়? কোন এলাকায় দো ফসলা, তিন ফসলা জমি? কোন কৃষক ভালো? এই বেনিফিসিয়ারি চয়েসটা আপনা কিভাবে করবেন? এই ব্যাপারে মাননীয় মন্ত্রী বলবেন, কারণ ক্ষমতায় আসার পরে হয়তো বিগত দিনের কথাগুলো আপনাদের ভুল হয়ে যাচ্ছে। এগুলো নিশ্চয় আপনি আপনার বক্তব্য রাখার সময় বলবেন স্পেসিফিকভাবে। কেন থ্রি টায়ার পঞ্চায়েতকে গুরুত্ব দেওয়া হচ্ছে না, কেন তারা যোগ্য মর্যাদা পাচ্ছে না এগুলো নিশ্চয় আপনি বলবেন। আজকে সমবায় ব্যাঙ্ক, কৃষি ঋণ দেয় এবং কিছু কমার্শিয়াল ব্যাঙ্কও

দেয়। সেখানেও দেখছি, কিষাণ ক্রেডিট আসেনি। কার্ড আছে। তাদেরকে বিভিন্নভাবে হয়রানি করা হচ্ছে। সেখানে ঋণের পরিমাণও অত্যন্ত কম। এক বিঘা জমিতে হয়তো তিন থেকে পাঁচ হাজার টাকা দেওয়া হচ্ছে চাষ করার জন্য। অথচ বলা হচ্ছে, ৫০ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ দেওয়া হবে। কিন্তু বাস্তবে বেশির ভাগ কৃষকই এর আওতায় আসছে না। বেশির ভাগ কৃষককে কৃষি ঋণ দেওয়ার ক্ষেত্রে এই সমবায় ব্যাঙ্কগুলো এবং কমার্শিয়াল ব্যাঙ্কগুলো পিছিয়ে আসছে। কিছুতেই কৃষি ঋণ দিতে চাইছে না। এই সম্পর্কে আপনার যদি কিছু বক্তব্য থাকে তাহলে আপনি নিশ্চয় বলবেন। আজকে আলু চাষের ক্ষেত্রে বলছি। আমাদের যে পরিমাণ আলু উৎপাদন হয়েছে, সেই পরিমাণ কোল্ড স্টোরেজ আমাদের নেই। আমাদের আলু হয়েছে এবারে প্রায় ১ কোটি ২০ লক্ষ টন। আমাদের কোল্ড স্টোরেজে সবথেকে বেশি হলে ৬২-৬৫ লক্ষ টন আলু রাখার ব্যবস্থা হয়েছে। তাহলে বাকি আলু কিভাবে রাখা যাবে? আজকে আলু চাষীরা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত। আপনি নিশ্চয় বুঝতে পারছেন, আলু উৎপাদনে আমরা রেকর্ড পরিমাণ উৎপাদন করেছি। কিন্তু আমাদের বাস্তবে আলু সংরক্ষণ করার মতো সেই ধরনের পরিস্থিতি নেই। আমাদের আরো বেশি কোল্ড স্টোরেজ করতে হবে। আমাদের সহায়ক মূল্যে কিনে বাজারে বিক্রি করতে হবে। সেই ধরনের কোনো পরিকল্পনা আপনার আছে কিনা জানাবেন। আজকে এই করতে করতে প্রায় ২০ জন আলুচাষী দাম না পেয়ে আত্মহত্যা করল। এটা ভেবে দেখতে পারেন। আজকে যখন দিল্লিতে একটা চাষী আত্মহত্যা করে তখন সারা ভারতবর্ষের মানুষের টনক নড়ে, আর এই বাংলায় কুড়িজন আলুচাষী যখন ঋণের বোঝা মাথায় পেতে নিয়ে আত্মহত্যা করল, তাদের উৎপাদিত ফসলের দাম পেল না, তখন এই সরকার নির্বাক। তারা বলছে পারিবারিক কারণে বা কোথাও নিজেদের অশান্তির জন্য এই চাষীরা আত্মহত্যা করেছে, কেউ ঋণের দায়ে আত্মহত্যা করেনি। কিন্তু যখন দিল্লিতে একজন চাষী আত্মহত্যা করল, তখন গোটা ভারতবর্ষের মানুষ রুখে দাঁড়াচ্ছে, আন্দোলন করছে। এই বাংলায় আলুচাষীরা যখন আত্মহত্যা করছে তখন আপনি ও আপনার সরকার নীরব। না আছে তাদের ক্ষতিপূরণ, না আছে তাদের ভর্তুকির কোনো ব্যবস্থা। এই ব্যাপারে আপনার কোনো ব্যবস্থাপনাই নেই। একজন মানুষ যখন বিষ মদ খেয়ে মারা যায় সে যদি দু-লক্ষ টাকা পতে পারে, তাহলে এই আলুচাষীরা কেন সরকারি কোনো সুযোগ-সুবিধা পাবে না। নিশ্চয় জবাবি ভাষণ দেওয়ার সময় এই ব্যাপারটা আপনি বলবেন। আজকে বিভিন্ন জায়গায় মেলা চলছে। সেই মেলাগুলো কিভাবে হচ্ছে, নিশ্চয় আপনি জানেন। একজন পঞ্চায়েত সমিতির সভাপতির হেড কোয়ার্টার্সে কৃষিমেলা হচ্ছে, অথচ সে আমন্ত্রিত নয়। দুর্ভাগ্য আমাদের, এম.এল.এ-রাও এর সাথে যুক্ত নেই। যুক্ত কে? এখানে পার্টির নেতারা যুক্ত। এই কি পরিবর্তন! এই কি দলতন্ত্র! জবাবি ভাষণ দেওয়ার সময় এইগুলো আপনি বলবেন। যখন আলোচনা হত তখন আপনারা বলতেন দলতন্ত্র থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। আজকে প্রতিটি ক্ষেত্রে বি.ডি.ও.-দের হাতে সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে। পঞ্চায়েত সমিতির সভাপতির কোনো আমন্ত্রণ নেই। গোটা বিষয়টা পরিচালনা করছেন দলের নেতারা। দুর্ভাগ্য হচ্ছে আমাদের এই মেলাগুলোর চেয়ারম্যান হচ্ছে দলের নেতারা। এ.ডি.ও, বি.ডি.ও.-রাই সমস্ত ব্যবস্থাপনা করছেন। নিশ্চয় এ সম্পর্কে আপনি বলবেন। চাষের ক্ষেত্রে বিদ্যুৎ আমাদের অপরিহার্য। সেই বিদ্যুৎ আজকে

আমরা পাচ্ছি না। সরকারি ক্ষেত্রেও আমরা দেখছি বিদ্যুতের বকেয়া বিলের জন্য পাম্পগুলো বন্ধ হয়ে যাচ্ছে। আজকে অন্যান্য রাজ্যে চাষের ক্ষেত্রে বিদ্যুতে ভর্তুকি দেওয়া হয়। কোথাও কোথাও বিনা পয়সায় চাষীদেরকে বিদ্যুৎ দেওয়া হয়। কিন্তু এই বাংলায় বিদ্যুতের জন্য চাষীদেরকে বেশী পয়সা দিতে হচ্ছে। বাংলার কৃষকদের কবে আর সুদিন আসবে? দীর্ঘ চৌত্রিশ বছর বাদে একটা নতুন সরকার ক্ষমতায় এসেছে, বাংলার চাষীরা তাদের দিকে তাকিয়ে আছে। মা-মাটি-মানুষের সরকার আন্দোলনের মাধ্যমে ক্ষমতায় এসেছে, বাংলার কৃষকরা তাদের কাছ থেকে অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আশায় বুক বেঁধে আছে, কিন্তু বাংলার চাষীরা সমস্ত ক্ষেত্রে আজকে বিপন্ন। আজকে বিদ্যুতের অভাবে বেশীর ভাগ জায়গায় রিভার লিফ্‌ট থেকে আরম্ভ করে, ইরিগেশান থেকে আরম্ভ করে, ছোট ছোট পাম্প সবই বন্ধ হয়ে যাচ্ছে। অথচ চাষীরা বিদ্যুতের বকেয়া বিলের জন্য জল পাচ্ছে না। তাই কৃষিক্ষেত্রে তাদের যে সুযোগ-সুবিধা পাওয়ার কথা সেটা তারা পাচ্ছে না। এই বিষয়ে নিশ্চয় আপনি বলবেন। আমি শুধু আমাদের জেলার কথায় বলি, আমাদের মুর্শিদাবাদ জেলায় ২১টা কৃষক মান্ডির কাজ শুরু হয়েছে। কয়েকটির কাজ শেষ হয়ে গেছে। কিন্তু সেইসব কৃষক মান্ডিতে কোনো লোকজন নেই। আমাদের জেলায় কৃষি ফার্মের ৪২৪ হেক্টর জমি ছিল। সেখানে উন্নত মানের বীজ তৈরি হত। কিন্তু কোথাও গো-ডাউন করার জন্য, কৃষক বাজার তৈরি করার জন্য, বিভিন্ন কলেজ তৈরি করার জন্য প্রায় ২২০ হেক্টর মতো জমি নিয়ে নেওয়া হয়েছে অলরেডি। সেই জমিগুলোতে কিছু হয় না। আজকে কৃষি ফার্মগুলোতে কোনো লেবার নেই, কোনো উন্নত মানের বীজ হয় না। এই কৃষি ফার্মগুলো নিয়ে আপনার কি পরিকল্পনা আছে, সেটা আপনি বলবেন। এই জমিগুলো এক লপ্তে নিয়ে নেওয়া হল, বাংলার কৃষকরা কোথায় যাবে, উন্নত মানের বীজ, ফসল কোথায় তৈরি হবে? চাষীরা উন্নত মানের বীজ কোথায় পাবে? এই ব্যাপারটা নিশ্চয় আপনি বলবেন। আমাদের রাজ্যে দুটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে। এই সরকার ক্ষমতায় আসার পরে আমরা আশা করেছিলাম এই রাজ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়বে। বাংলার কৃষকদের ছেলেরা এই কৃষি বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ-সুবিধা পাবে। কিন্তু সেটাও হচ্ছে না।

[2.10 - 2.20 p.m.]

কে.পি.এস. প্রত্যেকটা অঞ্চলে একটা করে থাকার কথা। আমাদের জেলার কথা বলছি। শুধু একটা জেলার চিত্র দিই। শুধু মুর্শিদাবাদ জেলায় ৩৪৮ জন কে.পি.এস. থাকার কথা, কৃষিপ্রযুক্তি সহায়ক। যাদের সাহায্যে কৃষি কার্যে সম্যক ধারণা জন্মাবে, তারা তাদেরকে সাহায্য করবে, মাটি পরীক্ষা থেকে অন্যান্য কাজে সাহায্য করবে। অথচ দুর্ভাগ্যের বিষয় সেখানে কে.পি.এস. আছে মাত্র ১০৭ জন। খালি কত? ২৪১ জনের পদ খালি। তাহলে এগুলো কি করে হবে? কি গুরুত্ব পাবে তাহলে এই দপ্তর। অথচ বাংলর সবথেকে গুরুত্বপূর্ণ দপ্তর এটা। আপনি বলবেন এই পদগুলো কিভাবে পূরণ হবে, যাতে সারা বাংলার কৃষকরা উপকৃত হবে। কিভাবে তারা পরামর্শ পাবে, কিভাবে এর সুফল পেতে পারে এই কৃষিপ্রযুক্তি সহায়কদের মাধ্যমে। সেটা নিশ্চয় বলবেন। আমাদর এ.ডি.ও. পোস্ট ৫৪টা। এই মুহূর্তে খালি আছে ১৬টা। এটাও নিশ্চয় আপনি বলবেন। যদি ব্লকে এ.ডি.ও., না থাকে বি.ডি.ও. না থাকে, তাহলে চালাবে কে? এমনিতে

কর্মচারী নেই। কর্মচারী শূন্য। আজকে বেশীর ভাগ ব্লকেই কর্মচারী নেই। যেখানে ২০ জন করে কর্মচারী ছিল, সেখানে ২ জন ৩ জন, তারা অফিসের অন্যান্য কাজে ব্যস্ত। আর সমস্তগুলো শূন্য পদ। এগুলো কিভাবে পূরণ হবে নিশ্চয় বলবেন। এগুলো যদি পূরণ না হয়, তাহলে আপনার দপ্তরে কি করে কাজ হবে? কিভাবে কৃষকরা সুবিধা পাবে? সুযোগ পাবে? আর এমনিতে সরকারি কর্মচারী আপনার নেই। এটা আপনার বেশীর ভাগ ব্লকে। শুধু একটা জেলার চিত্র দিলাম। তাহলে? একটা জেলায় ৩৪৮ জন কে.পি.এস. পদ, অথচ মাত্র আছে যেখানে ১০৭ জন। সেখানে ২৪১ জন নেই। তাহলে গোটা রাজ্যজুড়ে যদি এই ধরনের অবস্থা হয় তাহলে কিভাবে আপনার দপ্তরের কাজ হবে? নিশ্চয় আপনি বুঝতে পারছেন। আর আপনার যা বাজেট সঠিকভাবে আপনার রিপোর্ট থেকে বলছি, আপনার রিপোর্ট দেখছিলাম, যে আপনি সঠিক সময়ে টাকা পান না। সঠিক সময়ে আপনার খরচ হচ্ছে না। স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট বলছে সঠিক সময়ে আপনার খরচ হচ্ছে না। তাহলে আপনি যদি আপনার অর্থমন্ত্রীর কাছ থেকে সাহায্য সহযোগিতা না পান, তাহলে কিভাবে কাজ হবে? আর সহযোগিতা পাবেনই বা কিভাবে? কারণ দপ্তর বুঝতে বুঝতে আপনার সময় চলে যাচ্ছে। কারণ প্রতি বছর ৬ মাস অন্তর যদি এই দপ্তরের মন্ত্রী পরিবর্তন হয়, তাহলে কি কাজ হবে নিশ্চয় আমরা বুঝতে পারছি। অথচ বাংলায় সবথেকে আমরা বড় বড় কথা বলি, কৃষকদের কথা, কৃষকদের চিন্তাভাবনা কৃষকদের বিভিন্ন সমস্যা এইটা নিয়ে আপনাদের ভাবনা। কিন্তু বাস্তবে এর যে কি করুণ পরিণতি আজকে গ্রাম বাংলায় গেলেই আমরা সহজে বুঝতে পারি। তাই আমি মাননীয় মন্ত্রীকে বলবো, এই বিষয়গুলো যেগুলো বললাম, খুব বাস্তব পরিস্থিতি। আমরা গ্রাম বাংলার এম.এল.এ., আমরা দেখছি কি অসহায় গ্রামের কৃষকরা। আজকে পেঁয়াজ চাষ — আমার জেলায় সবথেকে বেশি পেঁয়াজ হয়েছে। আমার ব্লকে, শুধু আমার ব্লকেই এবার ৬ হাজার হেক্টর জমিতে পেঁয়াজ চাষ হয়েছে। মুর্শিদাবাদের নওদা ব্লকে। একটা ক্লোড স্টোরেজ নেই। (এই সময় মাইক অফ হয়ে যায়।)...

শ্রী রফিকুর রহমান : সম্মানীয় চেয়ারম্যান সাহেব, রাজ্যের কৃষিমন্ত্রী শ্রী পূর্ণেন্দু বসু মহাশয় আনীত ২০১৫-২০১৬ সালের জন্য ২ হাজার ২৪ কোটি ৩৮ লক্ষ টাকার যে বাজেট এই সভাতে তিনি পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা সমস্ত অযৌক্তিক কাট মোশানের বিরোধিতা করছি। রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের ধারাকে অব্যাহত রেখে যে বাজেট পেশ করা হয়েছে, সেই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য আমি শুরু করছি। পরেশবাবু বলছিলেন। উনি এখন নেই। উনি বলছিলেন এই চার বছরে বাংলার কৃষিক্ষেত্রে কোনো উন্নয়ন হয়নি। উনি বলছিলেন যে, আমরা যখন ক্ষমতায় ছিলাম বাংলা নাকি কৃষিতে এগিয়ে গিয়েছিল, বাংলায় নাকি ঢালাও উৎপাদন বেড়েছিল। আমি পরেশবাবুকে বলি, কৃষির উন্নয়ন করতে গেলে যেগুলি দরকার সেগুলি ক'টা করেছিলেন, তার উদাহরণ দিলে বোধহয় ভালো হত। পরেশবাবু আপনি জানেন কিনা জানি না, আমরা ছোটবেলা থেকে শুনে আসছি পশ্চিমবাংলায় কৃষি বিশ্ববিদ্যালয় দুটি — বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। তৃতীয় বিশ্ববিদ্যালয় একটাও হয়নি, একটাও

বিশ্ববিদ্যালয় হয়নি। পরেশবাবু বলছিলেন, বাংলায় মা-মাটি-মানুষের সরকারের চার বছরে আরও একটি কৃষি বিশ্ববিদ্যালয় হবে। উনি বোধহয় ঠিকমতো খোঁজ খবর রাখেন না, উনি বোধহয় জানেন না — বাংলার মুখ্যমন্ত্রী, প্রগতিশীলা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস করেছেন বর্ধমান এবং বাঁকুড়ার শুশুনিয়াতে। সেখানে পঠন-পাঠন শুরু হয়ে গেছে। আপনি খোঁজ রাখলে নিশ্চয় বলতেন না, এ কথা। এটা মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, মা-মাটি-মানুষের সরকার, এরা কাজ করে, কাজ করতে জানে। পরেশবাবু ভুল বলেছেন, পরেশবাবু বলেছিলেন, আমরা ধানের উৎপাদন বৃদ্ধি করেছি। একটা লোককে আমরা শ্রদ্ধা করি, তৃণমূল কংগ্রেস করি — কংগ্রেস তো করি না, ইন্দিরা গান্ধীকে স্মরণ করি — ভারতবর্ষের কৃষির উন্নয়নের জন্য যে মানুষটি করেছেন, সেই মানুষটির নাম ইন্দিরা গান্ধী। স্লোগান দিয়েছিল, লাল বাহাদুর শাস্ত্রী। আমরা তখন ক্লাস ওয়ানে পড়তাম, খাতা কিনতাম, খাতায় লেখা থাকত — 'জয় জোয়ান, জয় কিষাণ'। ইন্দিরা গান্ধী ক্ষমতায় আসার পর বলেছিলেন ভারতবর্ষের মানুষ আর আমেরিকার গম খাবে না, ভারতবর্ষের মানুষ আর ইংল্যান্ডের গম খাবে না। তাই ইন্দিরা গান্ধী কৃষিতে নতুন প্রযুক্তি আনলেন, সেই প্রযুক্তি পশ্চিমবাংলায় এনেছিল, পাঁচ বছর ধরে — ইন্দিরা গান্ধীর সরকার, পশ্চিমবাংলায় শাসন করেছিল, গোটা পশ্চিমবাংলায় উন্নয়ন সংঘটিত হয়েছিল, পশ্চিমবঙ্গে কৃষিক্ষেত্রে গমের উৎপাদন বেড়েছিল। আপনাদের ৩৪ বছরে পশ্চিমবাংলা পিছিয়ে গেছে, আমি রেকর্ড দিয়ে বলতে পারি। বলুন পশ্চিমবাংলায় ৩৪ বছরে কৃষিক্ষেত্রে ক-টা বিদ্যুৎ পৌঁছে দিয়েছিলেন? ...(নয়েজ)... সেদিনের সরকার বলেছিলেন, এক হাজার টাকায় আমরা কৃষকের ঘরে বিদ্যুৎ পৌঁছে দেব। এক হাজার টাকায়, কৃষকের সামান্য টাকায় ঘরে বিদ্যুৎ পৌঁছে দেব। আপনারা বললেন, আমরা কৃষকের সরকার। আপনাদের প্রতীক কি? কাস্তে-হাতুড়ি-তারা, কৃষক আমার বন্ধু। আসেননি কোনো রাজ্যের বিদ্যুৎমন্ত্রী? উনি হেরে গিয়ে আর আসতে পারেননি, অনেক শেষ করে গেছে। বলুন তো মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার আগে বলুন তো কৃষিক্ষেত্রে বিদ্যুৎ নিতে গেলে কত টাকা লাগত? আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, এক লক্ষ টাকা থেকে আড়াই লক্ষ টাকা দিলে — আপনার আমলে কৃষিক্ষেত্রে বিদ্যুৎ পৌঁছাত, না হলে বিদ্যুৎ পৌঁছাত না। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, বাংলার মা-মাটি-মানুষের সরকার মাত্র ৬ থেকে ৮ হাজার টাকায় রাজ্যের কৃষিক্ষেত্রে বিদ্যুৎ পৌঁছে দিচ্ছে। তারপরে পরেশবাবু বললেন, পশ্চিমবঙ্গের কৃষকদের জন্য এই সরকার কিছু করেনি। এর থেকে পরিতাপের বিষয় কিছু হতে পারে না। ...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)... বলুন তো কমরেড, যারা ৩৪ বছর ক্ষমতায় ছিল, বাংলার কৃষকদের জন্য কি করেছেন? যে ৩৪ বছর ক্ষমতায় ছিলেন, বাংলায় কৃষকদের পাশে কিভাবে দাঁড়িয়েছিলেন? এটা বাস্তব, এটা কোনো গল্প নয়। শিলাবৃষ্টিতে ঝড়ে-বন্যায় ক্ষতিগ্রস্ত হলে আপনাদের সরকার কিভাবে পাশে দাঁড়াত — মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, বাংলার প্রগতিশীলা মুখ্যমন্ত্রীর সরকার — সরাসরি কৃষকদের পাশে দাঁড়িয়ে বলে তোমরা কাজ কর, আমি তোমাদের সাথে আছি। আমার এলাকায় গত মাসে শিলাবৃষ্টিতে নষ্ট হয়েছিল...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

[2.20 - 2.30 p.m.]

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০১৫-১৬ সালের ব্যয়-বরাদ্দের জন্য ৫ নম্বর দাবি সম্পর্কে যে রিপোর্ট রেখেছেন, সেই বিষয়ের উপর কয়েকটি কথা বলতে চাই। বইয়ের প্রথম পাতাতে যেটা লিখেছেন সেটা হচ্ছে এই, "রাজ্যের সমৃদ্ধির ক্ষেত্রে কৃষির প্রধান ভূমিকা রয়েছে, রাজ্য সরকার একনিষ্ঠভাবে স্বীকার করে কৃষিকার্য আমাদের সম্পদ, কৃষকরা আমাদের গর্ব"। এই কথার সঙ্গে বাস্তবের কোনো সামঞ্জস্য আছে? বইয়ে যা লিখেছেন, প্রতারিত করেছেন আপনারা। কৃষক তাদের উৎপাদনের জন্য আকাশচুম্বী খরচ করে চাষ করেও ধান, আলু, পাট কম দামে কৃষক বিক্রি করতে বাধ্য হচ্ছে। ধান কেনার নামে এই ৪ বছর ধরে সরাসরি ধানচাষীদের সঙ্গে প্রতারণা করছে এই মা-মাটি-মানুষের সরকার। পরিবর্তনের আমলে গ্রামবাংলায় আজ হাহাকার উঠেছে কৃষকদের ঘরে ঘরে। কৃষকদের সঙ্কটকালে কৃষকদের জন্য বরাদ্দ টাকা নিয়ে মচ্ছব চলছে, উৎসব চলছে। কোথায় মাটি উৎসব, কৃষিমেলা, মাটিতীর্থ, কৃষির কথা। আরো মাটিতীর্থ করার জন্য মুখ্যমন্ত্রী ১০ কোটি টাকা খরচ করেছেন। দরকার ছিল? এর জন্য ব্লকে ব্লকে তো কৃষি আধিকারিক আছে। কৃষকের ফসল কিভাবে উৎপাদন হবে, সে কথা বোঝাবার জন্য তারা আছে। মুখ্যমন্ত্রী সেখানে গেছেন, মাটি উৎসব, মাটিতীর্থ করার জন্য, সেখানে বক্তৃতা করছেন ভালো ফসল ফলাবার জন্য। রাজ্যের কৃষক ধান অভাবী বিক্রিতে বাধ্য হচ্ছে। কোথাও নেই সরকারি উদ্যোগে ধান কেনা শিবির। ধানের দাম নাই, চালের দাম আকাশছোঁয়া। অদ্ভুত ব্যাপার। কোন রাজত্বে বাস করছি? তাহলে কি সত্যি সত্যি ধান উৎপাদন কমে গেছে? ধানের উৎপাদন যদি না কমে, তাহলে চালের দাম এতো কেন বাড়বে? তার জন্য সরকার কি ভূমিকা পালন করছেন? সরকারের পক্ষ থেকে ১৬৫ ব্লকে ধান কেনার জন্য স্থায়ী শিবির হবে। এর কোনো অস্তিত্ব আমরা আজও দেখতে পাচ্ছি না। বেনফেড, কনফেড, ন্যাবার্ড এদেরকে নামানো হয়নি ধান কেনার জন্য। ন্যাবার্ড সরাসরি সরকারের কাছে বলেছিল ১০ কোটি টাকা দেবার জন্য, তারা ধান সংগ্রহ করবে। রাজ্য সরকার বলেছিলেন তাদের টাকা নাই, ন্যাবার্ডকে টাকা দেয়নি, ন্যাবার্ড ধান কিনতে পারেনি। ফসলের এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি। কৃষকদের আর্থিক নিরাপত্তার কোনো উদ্যোগ নেই সরকারের। ঋণের ভারে জর্জরিত আমাদের রাজ্যের কৃষক। আত্মহত্যার মিছিল চলছে। এই ৪ বছরে ১২৩ জন কৃষক আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। গত পরশু দিন একজন কৃষক আত্মহত্যা করতে বাধ্য হয়েছে। ১২২ জন কৃষকের নামের তালিকা রাজ্য সরকারের কাছে দেওয়া হয়েছে, বিভিন্ন পত্র-পত্রিকায় আপনারা পেয়েছেন। কি করেছেন? আপনারা শুধু বলেছেন তারা নিজেদের মধ্যে ঝগড়া করে মারা গেছে। একবারও খোঁজ নিয়েছেন? আমি এই বিধানসভাতে বলেছিলাম যে একটা সর্বদলীয় কমিটি করা হোক, যে কমিটি ওই সমস্ত নামের কৃষকদের কাছে যাবে, তারা কি জন্য আত্মহত্যা করেছে তা দেখতে। তা পর্যন্ত করা আপনাদের সাহস হয়নি। আপনারা জানেন কৃষক আত্মহত্যা করেছে। মদ খেলে তাদের ২ লক্ষ টাকা করে দেওয়া হয়। আর কৃষক আত্মহত্যা করছে তার জন্য একটা পয়সা আপনাদের নেই। অথচ মা-মাটি-মানুষের সরকার, আপনারা বলছেন। বামফ্রন্ট সরকারের

আমলে কৃষকের দাম না পাওয়ার জন্য, আমাদের গর্ব এটাই, বামফ্রন্টের ৩৪ বছরে একটাও আত্মহত্যা করেনি। এটা আপনারা কেউ বলতে পারবেন না, এটাই আমাদের গর্ব। কৃষকদের বরাদ্দ টাকা দিয়ে কোটি কোটি টাকা খরচ করে ইচ্ছা পূরণ করা হচ্ছে। মুখ্যমন্ত্রীর মুখের ছবি বিভিন্ন জায়গায় প্রচার করা হচ্ছে, মেলা, খেলার নামে মুখ্যমন্ত্রীর মুখের ছবি দেখানো হচ্ছে। সরকারের নির্দেশনামায় এইসব কথা বলে দেওয়া হচ্ছে। সম্প্রতি সি.এ.জি. রিপোর্টে, এটা আমার কথা নয়, সি.এ.জি. রিপোর্টে এই কথা বলেছে, কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল রিপোর্ট, সেই রিপোর্ট বলেছে, এই টাকা থেকে মুখ্যমন্ত্রীর ছবি ছাপা হয়েছে কোটি কোটি টাকা খরচা করে। চলতি মাসের গোড়ায় সি.এ.জি.-র রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা সংক্রান্ত রিপোর্ট পেশ করেছেন। রিপোর্টের কাঠগড়ায় উঠেছে কৃষিমেলা। এই কৃষিমেলা অবৈধ। আপনি সেই কৃষিমেলা করার জন্য কেন অনুমতি দিলেন? এর উত্তর আজকে হাউসে বলতে হবে। এ বছর মেলা থেকে ৩ কোটি ৬৬ লক্ষ টাকা খরচা হয়েছে। এই টাকা কার টাকা? কোথা থেকে এই টাকা এল? কৃষিমেলার নাম করে তৃণমূলের উৎসবে পরিণত হয়েছে, এর জবাবটা কৃষিমন্ত্রীকেই দিতে হবে। সি.এ.জি. সমালোচনা করেছেন রাজ্য সরকারের। স্কীম ফর্ম মেকানাইজেশন, যাকে সংক্ষেপে এস.এফ.এম. বলছে। এই পরিকল্পনার মধ্যে ১০১ কোটি ৭৩ লক্ষ টাকার যন্ত্রপাতি বিলি করেছেন মুখ্যমন্ত্রী। পুরো টাকাটাই কেন্দ্রীয় প্রকল্পের। এই টাকা সবুজ বিপ্লবের টাকা। এই টাকা এইভাবে বিলি করা যায় না। কতগুলো নতুন নতুন ট্রাক্টর কিনে বড়লোক চাষীদের দেওয়া হয়েছে। এই টাকা ছোট প্রান্তিক চাষীদের জন্য খরচ করার কথা বলা হয়েছিল। আপনি কি করেছেন এই জায়গায় দাঁড়িয়ে মাননীয় কৃষিমন্ত্রী? কৃষকদের বীজ সরবরাহের জন্য কেন্দ্র ২০১২-১৩ সালে পশ্চিমবঙ্গের বীজ উন্নয়ন নিগমকে ১৩৪ কোটি ৫০ লক্ষ টাকা দিয়েছিল। সি.এ.জি.-র প্রতিনিধিরা রিপোর্ট খতিয়ে দেখে জানতে পেরেছে ওই বীজের জন্য ওই টাকা বিলি হয়নি। এই সরকারের আমাদের আগের যে মন্ত্রী ছিলেন রবীনবাবু, তিনি জানেন, তিনি বলেছিলেন বিধানসভাতে, তদন্ত করবেন ন্যাকামারা বলে কোনো সংস্থা নেই। সে বীজ কিনেছে কোথা থেকে? সে কোন জায়গা থেকে গমের বীজ কিনে প্যাকেটে পুরে কৃষকদের সরবরাহ করা হয়েছিল, যার জারমিনেশন হয়নি। তিনি বলেছিলেন, আমি খতিয়ে দেখব। খতিয়ে দেখে ব্যবস্থা নেব। এই কথা বলার জন্য তাঁর চাকরি চলে গেছে। তিনি মন্ত্রী থেকে অন্য জায়গায় চলে গেছেন। কেন এমন হল তা জানি না। আপনি তো শ্রমিক আন্দোলনের নেতা ছিলেন। আমার আগের বক্তারা বলেছেন যে, আপনি শ্রমিক আন্দোলনের নেতা ছিলেন। শ্রমিক জিনিসটা আপনি ভালো করে বুঝতেন। আপনি তো কৃষক আন্দোলন কোনোদিন করেছেন বলে আমি জানি না। হঠাৎ কৃষিমন্ত্রী। কৃষকদের কথা আপনি বুঝবেন কি করে? কৃষকদের সম্পর্কে কোনোদিন ভেবেছেন যে কৃষকরা কিভাবে চলছে? শ্রমিক আন্দোলনের নেতা কোনোদিন কৃষি আন্দোলন সম্পর্কে বুঝতে পারে না। যতই বোঝার চেষ্টা করুন না কেন? তার পক্ষে সম্ভব হবে না। সমস্ত বিষয়ের উপরে অস্বচ্ছতা থেকে যাচ্ছে। তারপর হচ্ছে কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এই প্রকল্পে ১০ বছর ধরে যে সমস্ত বীজ চাষ করবে, সেই বীজকে বাতিল করতে হবে। সেই বীজ বাতিল করে ১০ বছর পর নতুন বীজ আনতে হবে। না, সেই "আত্মা" প্রকল্পে টাকা খরচ করা হয়নি। এই তো সরকারের ভূমিকা আমরা দেখতে পাচ্ছি। পূর্ব ভারতে সবুজ বিপ্লবের জন্য,

জিঙ্ক সালফেট সার কেনার জন্য কেন্দ্রীয় সরকার ২৫৪ কোটি টাকা বরাদ্দ করেছিল। অভিযোগ, মুখ্যমন্ত্রীর কৃষি উপদেষ্টার অর্থে সার কেনা বন্ধ হয়ে গেছে। কারণ তিনি এক্তিয়ার-বহির্ভূতভাবে সার ব্যবহার করছেন। দালালের কাছ থেকে এমন সব সার কিনছে যে, সারে ভেজাল মেশানো। একথা আমরা আগেও বলেছিলাম। কিন্তু এই বিষয়ে আপনারা কোনো কর্ণপাত করেননি। আমাদের রাজ্যে সারের গুণমানের জন্য তিনটি পরীক্ষাগার কেন্দ্র আছে। একটি সার পরীক্ষার কেন্দ্র আছে। এই পরীক্ষাগারের রিপোর্ট যে কথা বলছে, সে কথা হচ্ছে — আমাদের রাজ্যে যে ১৩ হাজার কোটি টাকা সার বিক্রি হয়, সেই সমস্ত সার কেন্দ্রে যাচ্ছে না। কিছুটা যাচ্ছে, কিছুটা যাচ্ছে না। সেই সমস্ত সার বাজারে আসছে, কৃষকরা সর্বস্বান্ত হচ্ছে। এবারই ভেজাল সার বাজারে বিক্রি হয়েছে। যার কথা এই পবিত্র হাউসে তোলা হয়েছিল। প্রতি বছরই সরকার এসব জানা সত্ত্বেও কোনো ব্যবস্থা নেননি। ফলে বাজারে ভেজাল সারের রমরমা। চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সরকার এসব জানা সত্ত্বেও কোনো ব্যবস্থা নিচ্ছেন না। সারের কৃত্রিম সঙ্কট তৈরি করে তারা সার কিনতে বাধ্য করছেন। কেন্দ্রীয় সরকারের কাজের মূল্যায়নের ভিত্তিতে ২০টা রাজ্যকে 'কৃষি কর্মণ' পুরস্কার দিয়ে থাকেন। প্রতি বছর এটা দিয়ে থাকেন। আমাদের সময়েও আমরা অনেকবার পেয়েছি। এবারও রাজ্য সরকার পেয়েছে। কিন্তু এবার রাজ্য সরকার 'কৃষি কর্মণ' পুরস্কার পেয়েছে, মন্ত্রী বুকে হাত দিয়ে বলবেন তো এটা কি সঠিক তথ্য? একজন জুনিয়র অফিসর যার কোনো অভিজ্ঞতা নেই, সিনিয়র অফিসারদের বাদ দিয়ে তাকে সামনে এনেছেন। তাকে দিয়ে এই মিথ্যা রিপোর্ট তৈরি করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে, সেই দপ্তরে পাঠানো হয়েছে ''কৃষি কর্মণ'' পুরস্কারের জন্য। আগামীদিনে আমাদের রাজ্যকে আপনারা যে জায়গায় নিয়ে যাচ্ছেন, একটা কঠিন জায়গায় নিয়ে যাচ্ছেন। আগামীদিনে একটা কঠিন পরিস্থিতির মধ্যে আমাদের পড়তে হবে। এইসব আপনি জানেন। কিন্তু জানার পরেও কিছু করছেন না।

[2.30 - 2.40 p.m.]

রিপোর্টে বলা হয়েছে, ২০১৪-১৫ সালে খাদ্যশস্য উৎপাদনের পরিমাণ ১৭৩ লক্ষ মেট্রিক টন। ২০১০-১১ সালে উৎপাদনের পরিমাণ ছিল ১৭০ লক্ষ মেট্রিক টন। উৎপাদনের অগ্রগতি সম্ভব হয়েছিল ভূমিসংস্কারের জন্য। এক মন্ত্রীকে বলছিলেন এখনই। ভূমিসংস্কার আমরা করেছি। অন্য কেউ করেনি। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পর জোতদার, জমিদারদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে কৃষকদের মধ্যে আমরাই বিলি করেছিলাম। যার পরিমাণ হচ্ছে, ১১ লক্ষ ২৭ হাজার। ৩৩ হাজার পরিবারের মধ্যে এই জমি বিলি করা হয়েছিল। এর মধ্যে ছিল, তপশিলি জাতি, গরিব মানুষ। গরিব মুসলমানদের মধ্যে এই জমি বিলি করা হয়েছিল। নারী-পুরুষের যৌথ পাট্টা আমরাই দিয়েছিলাম ৬ লক্ষ ১৮ হাজার। শুধুমাত্র মহিলাদের মধ্যে পাট্টা দেওয়া হয়েছিল ১ লক্ষ ৬১ হাজার। এই সরকারের সময়ে সামন্ততান্ত্রিক, আধা-সামন্ততান্ত্রিক ব্যবস্থার ওপর চরম আঘাত আনা সম্ভব হয়েছিল। ১৯৭৭ সালে আমাদের রাজ্য ছিল খাদ্যে ঘাটতি। আগেও বলেছি। প্রতি বছর খাদ্যের দাবীতে মিছিল হত, আন্দোলন হত। এর জন্য ৮০ জন কৃষককে প্রাণ দিতে হয়েছিল কলকাতার বুকে। পুলিশ ২২ জনকে

পিটিয়ে মেরে দিয়েছে, খুন করে দিয়েছে। পশ্চিমবাংলায় আমাদের বামফ্রন্ট সরকার আসার পর রাজনীতির দুর্বৃত্তরা চলে গিয়েছিল। ২০০৯-১০ সালে জাতীয় ক্ষেত্রে কৃষি বৃদ্ধির হার যখন ২ শতাংশ ছিল তখন আমাদের রাজ্যে ৪.২ শতাংশ। অস্বীকার করতে পারেন মাননীয় মন্ত্রী? তখন ছিল জাতীয় ক্ষেত্রে .২ শতাংশ। আর আমাদের সময়ে ৪.২ শতাংশ। আমাদের উৎপাদন করা সম্ভব হয়েছে। সেচব্যবস্থা — কত ছিল? উৎপাদনের জন্য সেচ দরকার। সেচের কি ব্যবস্থা ছিল? বিশভাগ জমিতে সেচের ব্যবস্থা ছিল। এই জায়গায় দাঁড়িয়ে আমরা ৭৩ ভাগ জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছি। যা এক কথায় অকল্পনীয়। ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয় চেয়ারম্যান সাহেব, ২০১৫-১৬ আর্থিক বর্ষে ৫ নম্বর দাবীর সমর্থনে মাননীয় ভারপ্রপ্ত মন্ত্রী কৃষি দপ্তরের পূর্ণেন্দু বসু মহাশয় ২০২৪,৩৮,৪৪,০০০ টাকার যে দাবী পেশ করেছেন, এটাকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, যা বলছে তা সম্পূর্ণ মিথ্যা কথা। সব মিথ্যা কথা। মিথ্যা কথা স্যার। ওরা কৃষকের বন্ধু নয়, স্যার। ওরা কৃষকের শত্রু, স্যার। কৃষকের শত্রু। কৃষকের বন্ধু যদি থাকে তিনি হলেন, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় ...(নয়েজ)... পশ্চিমবঙ্গ সরকার কৃষিক্ষেত্রকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। সেই কথা রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী স্বীকার করে গেছেন এই পবিত্র সদনে এবং এই পুস্তিকার মধ্য দিয়ে। আমার কাছে রাজ্যপালেরও একটা পুস্তিকা আছে এবং আমাদের মাননীয় মন্ত্রীর বাজেটেরও পুস্তিকা আছে। রাজ্যপাল যেটা বলেছেন এবং মন্ত্রী যেটা বলেছেন — দুটোই সমান। পশ্চিমবাংলার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের রাজ্যে সর্বাধিক সংখ্যক মানুষের জীবিকা অর্জনের জন্য কর্মসংস্থান হয়েছে। বর্তমান সরকারের আমলে আমাদের কৃষকরা কঠোর পরিশ্রমী। কিন্তু এই বামপন্থীদের আমলে কৃষকরা অলস হয়ে গিয়েছিল। লালঝান্ডা ধরেছিল। গরিব কৃষকদের পেটে লাথি মেরেছিল। কৃষককে হত্যা করেছিল। আমাদের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় পরিশ্রমী কৃষকদের প্রয়াসে এবং সরকারের প্রচেষ্টায় খাদ্যশস্য উৎপাদনে রেকর্ড পরিমাণ বৃদ্ধি করেছে, সর্বকালীন রেকর্ড ছাড়িয়ে গেছে ২০১৪-১৫ সালে। আপনারা এটা জানেন না? খাদ্যশস্য উৎপাদনে রেকর্ড পরিমাণে পৌঁছে গেছে। আপনারা নন্দীগ্রামে কৃষক হত্যা করেছেন। তাপসী মালিকের মতো একজন যুবতী মহিলাকে হত্যা করেছেন। আপনাদের কমরেডরা হত্যা করেছে। হত্যা করেছে নানুরের সুঁচপুরে ১৩ জন কৃষককে প্রকাশ্য দিবালোকে। আপনাদের লজ্জা করে না! আমাদের সরকার, মমতা ব্যানার্জীর সরকার ৬৫ লক্ষ কৃষককে 'কৃষাণ ক্রেডিট কার্ড' প্রদান করেছে। 'পশ্চিমবঙ্গ ঋণ মিশন' কর্মসূচির মাধ্যমে উচ্চক্ষমতাসম্পন্ন কমিটি তৈরি হয়েছে দেখভাল করবার জন্য। পশ্চিমবঙ্গ সরকার পরপর তিনবার ভারত সরকারের কৃষি সমবায় মন্ত্রকের দ্বারা কৃষিতে পুরস্কার বিজয়ী হয়েছে। আপনাদের আমলে কী হয়েছে বলুন? আপনারা জোরজার মুলুক তার করে কৃষকের পেটে লাথি মেরে, গরীব কৃষকের জমিতে লালঝান্ডা দিয়ে মানুষের ক্ষতি করেছেন। আপনাদের লজ্জা করে না? ২,৩৩৯ কোটি টাকা ধার্য লক্ষ্যমাত্রার পরিপ্রেক্ষিতে আড়াই হাজার কোটি টাকারও বেশী 'শস্য ঋণ' বণ্টন করা হয়েছে। রাজ্য সমবায় আজকে নতুন

পথের দিশারী। অরণ্য, মাটি উৎসব করা হয়েছে। এবং তার মধ্যে দিয়ে কৃষকদের উপযুক্ত শিক্ষা দেওয়া হয়েছে। আমি আরো বলতে চাই, কৃষি উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে। এটা কংগ্রেস এবং বামপন্থীদের জানা দরকার। ভারতবর্ষের সরকার বলছে, ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলোও বলছে মমতা ব্যানার্জীর সরকার কৃষিতে ভালো উৎপাদন করেছে। অন্য রাজ্যের মুখ্যমন্ত্রীরাও বলছেন। আর, আপনারা তো কোনোদিন জমিতে যান না, প্রায় ৬৯ শতাংশ গ্রামীণ কৃষিজমি, যে জমিতে বারো মাসের জন্য সবুজ ফসল থাকে তা আপনাদের চোখে পড়ে না। আমরা গ্রামের মানুষ, আমরা মাঠে যাই, কৃষি খেতে যাই। অভূতপূর্ব উন্নতি ঘটেছে বিভিন্ন খাদ্যশস্য উৎপাদনে। সবুজ বিপ্লব ঘটেছে। পূর্ব ভারতে যে সবুজ বিপ্লব ঘটেছে তার জন্য আমাদের পশ্চিমবাংলার সরকার যথোপযুক্তভাবে সেটাকে স্থায়ী করবার চেষ্টা করেছে। বিভিন্ন কর্মপ্রকল্পে প্রায় ৫ হাজার খামার, পুকুর, ৭৫ হাজার আর.এম.টি. নির্মাণ করার প্রস্তাব দেওয়া হয়েছে। আপনারা যেটা করতে পারেননি। প্রতি মাসে কৃষকদের বার্ধক্যভাতা দেওয়া হচ্ছে। ৬৬,৬৪০ জনকে দেওয়া হয়েছে। আপনারা আত্মসাৎ করেছেন, কৃষকদের পেটে লাথি মেরেছেন। আপনারা কৃষকের বন্ধু নন। কৃষকের বন্ধু যদি কেউ থাকেন তাহলে তিনি হলেন শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। আমাদের নেত্রী, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন 'ধ্বংস নয়, সৃষ্টি চাই, কৃষি বাঁচিয়ে শিল্প চাই'। আপনারা শিল্পের নামে অযথা হাজার হাজার একর জমিতে জোর করে, অত্যাচারের স্টিমার চালিয়ে গ্রহণ করার চেষ্টা করেছিলেন। আপনাদের লজ্জা করে না! 'শস্যবীমা' প্রকল্প চালু হয়েছে। ২০১৪-১৫ সালের কৃষকদের মধ্যে আধুনিক কৃষি যন্ত্রপাতির প্রসার ঘটানোর জন্য পশ্চিমবঙ্গ জুড়ে ১ লক্ষ ৬৫ হাজার ৩০০ হেক্টরব্যাপী অঞ্চলে ধান ও গম প্রদর্শনী কেন্দ্র স্থাপন করা হয়েছে মমতা ব্যানার্জীর নেতৃত্বে। আমি তাই এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে কংগ্রেস এবং বামপন্থীদের যে চিৎকার, সেই চিৎকারকে থামিয়ে দিয়ে বলতে চাই, মমতা ব্যানার্জীর উন্নয়নকে কোনোভাবেই স্তব্ধ করতে পারবেন না।

শ্রী আব্দুর রহিম বক্সি : স্পীকার স্যার, মাননীয় কৃষিমন্ত্রী ৫ নম্বর দাবির পক্ষে যে বাজেট ভাষণ রেখেছেন সে সম্পর্কে কিছু আলোচনা করছি বাজেটকে সমর্থন না করে।

প্রথমে স্যার বলি, মাথায় ঢুকলো না, এর আগের, '১৪-১৫ সালের বাজেট বই ছিল, তার পাতার সংখ্যা ছিল ৩৬।

[2.40 - 2.50 p.m.]

আর ২০১৫-১৬ সালের যে বাজেট বই তার পাতার সংখ্যা হচ্ছে ৪৮। মনে হচ্ছিল যে বিশাল কিছু এক বছরের মধ্যে আপনাদের এই সরকার কৃষকদের স্বার্থে, কৃষি স্বার্থে এমন কাজ করেছেন যা ১০ গুণ বৃদ্ধি পেয়েছে। কিন্তু আমরা লক্ষ করে দেখছি এখানে বলা হয়েছে, কৃষিকার্য আমাদের সম্পদ ও কৃষি আমাদের গর্ব। কিন্তু আমরা দেখতে পাচ্ছি উৎপাদিত ফসলের দাম না পেয়ে কৃষকের মৃত্যুর মিছিল গোটা পশ্চিমবঙ্গে। শুধু পাতা বাড়িয়ে গেছেন। কিন্তু কাজ কতটুকু হয়েছে সেটা বিচার করে মাননীয় মন্ত্রিমহোদয় বলবেন। সময় খুব কম, দু-একটি

পয়েন্টের উপর শুধু আমি বলতে চাই। আমরা বামফ্রন্ট সরকারের সময় যখন লোকসংখ্যা ছিল ৬ কোটি, ৭ কোটি ছিল পশ্চিমবঙ্গে, তখন কিষান ক্রেডিট কার্ড হয়েছিল ২০১০ সালে ৬ লক্ষ। আর ২০১২ সালে আপনারা ক্ষমতায় আসার পরে ৫ লক্ষ করলেন। ২০১৪-১৫ সালে সেটা হল ৭ লক্ষ ৭৭ হাজার ৯০২ ভালো। কিন্তু কৃষি ঋণ দেওয়ার ক্ষেত্রে যখন ২০০৭-০৮ সালে এবং ২০১০-১১-তে ৯০ শতাংশ এমন কি ৯৩ শতাংশ পর্যন্ত কৃষককে ঋণ দেওয়া হয়েছিল। আর আপনাদের সময়ে এসে আমরা লক্ষ করে দেখলাম ২০১২-১৩-তে ৬৭ এবং ২০১৩-১৪-তে ৩৯.৭৪-এ পৌঁছে গেলেন। এই হিসাবে হিসেব করে দেখেছি কৃষি ঋণের ক্ষেত্রে আপনারা কিষান কার্ডের ভিত্তিতে যে ঋণ দেওয়ার কথা ছিল কৃষকদের, সেই ঋণ দিতে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছেন। বইয়ের পাতা বাড়িয়েছেন, আমার আপত্তি নেই। কিন্তু প্রথমে দেখতে পাচ্ছি কিষান ক্রেডিট কার্ডের সাথে সামঞ্জস্য রেখে কৃষকদের যে ঋণ দেওয়ার কথা, সেই ঋণ দিতে সম্পূর্ণরূপে আপনি এবং আপনার সরকার ব্যর্থ হয়েছেন। দ্বিতীয় কথা বলি — কৃষক পেনশান বা ভাতা। অনুমোদিত কৃষক পেনশান প্রাপক ৬৯,৪৪০ জন। পাচ্ছেন কত? ৬৬,৩৪২ জন। কবে থেকে পাচ্ছেন? বইয়ের পাতা পড়েছি বলে বলছি সেখানে আপনার, একটা লাইনও বাড়েনি। ৬৬,৩৪২ জন যেটা বলছেন আজ পর্যন্ত, সেটা কিন্তু ৬৭ হাজারে পৌঁছয়নি। চারবছর অতিবাহিত। বামফ্রন্ট আমলে যেটা হয়েছিল সেটাই আপনি ধরে রেখেছেন। পাতা কি করে বাড়ল? ৩৬ থেকে ৪৮ পাতা কি করে করলেন? পাশাপাশি জনসংখ্যা বাড়ছে, এখন প্রায় ১০ কোটির কাছাকাছি। বামফ্রন্ট সরকারের সময় ৬ কোটি বা ৭ কোটি ছিল। জনসংখ্যা বেড়ে গেল, মানুষ বাড়ল, কিন্তু তার সাথে সাথে আপনি এটা বাড়াতে পারলেন না? আজকে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন শূন্য পদের সংখ্যা। সরকারি খামারগুলির আবাসযোগ্য এলাকা শর্তাধীনে ব্যবহারের জন্য যে চুক্তিভিত্তিক দৈনিক বা আংশিক পারিশ্রমিকের কর্মী নিয়োগের কথা আপনি বলেছেন। সেই কর্মী কিভাবে আপনি নিয়োগ করবেন? কে.পি.এস. নেই, এ.ডি.ও. নেই। গতকাল ৪৭ জনকে সার্ভিস কমিশন ছাড়া, কোনো বিজ্ঞপ্তি ছাড়া নিয়োগের কথা বলে দিয়েছিলেন। তার কি এসে দাঁড়াল, সেই জায়গা কোথায় গিয়ে পৌঁছেছে? সেই কথাগুলো কিন্তু আপনি এখানে পরিষ্কারভাবে বলেননি। সেই কারণে আমরা আশ্চর্যজনকভাবে লক্ষ করে দেখেছি একটি সরকারের মুখ্যমন্ত্রী, তিনি দুটো মুখ নিয়ে চলেছেন। একটা মুখ হচ্ছে অরিজিন্যাল, একটা হচ্ছে মুখোশধারী মুখ। আমরা এটা লক্ষ করে দেখছি। কারণ দেখছি যে সর্বনাশা জমি অধিগ্রহণ বিল তাকে সমর্থনের জন্য তিনি ঘুরপথে চেষ্টা করছেন। মোদী সরকারের সঙ্গে হাত মেলানোর চেষ্টা করছেন। সেই জায়গায় দাঁড়িয়ে সরকার সম্পূর্ণরূপে একটা ভেকের মধ্য দিয়ে চলার চেষ্টা করছেন। তাই একটা হিন্দি প্রবাদ আমার মনে পড়ে গেল।

যেতনা ভি বাদাল লো
আপনি রং
আসলিয়াত ছুপতা নাহি
আগার পুছ লাগালে

কাউওয়া ময়ূরকা
কাউওয়া ময়ূর বানতা নাহি।

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয়, রাজ্য সরকারের মাননীয় কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তার যে ৫ নং দাবি উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন জানিয়ে এবং সঙ্গে সঙ্গে বিরোধীদের আনীত কাটমোশনের বিরোধিতা করে কিছু কথা এই পবিত্র সদনে উপস্থাপিত করতে চাই। পশ্চিমবঙ্গে সমগ্র জনসংখ্যার প্রায় ৭০ শতাংশেরও অধিক কৃষির সঙ্গে প্রত্যক্ষভাবে বা পরোক্ষভাবে যুক্ত। কৃষির উন্নতি না হলে গ্রামের সামাজিক মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে না। এটা আমরা জানা সত্ত্বেও নির্দিষ্ট লক্ষ্যে আমরা পৌঁছাতে পারিনি, এই কথা অস্বীকার করবার উপায় নেই। কেন পারিনি, তার কারণ বিশ্লেষণের প্রয়োজন আছে। চাইলেই সব সময় কাজ করা যায় না। সাধ আছে, সাধ্য নেই। বিগত দিনে রাজ্য সরকারের অর্থনৈতিক অবস্থা যে জায়গায় পৌঁছে গিয়েছিল তার উপরে করতে গেলে অনেক সময়ের প্রয়োজন এই কথা অস্বীকার করবার উপায় নেই। ২০১১ সালে যখন নতুন রাজ্য সরকার ক্ষমতায় আসে পশ্চিমবঙ্গের অবস্থা তখন মহোঞ্জদাড়ো-হরপ্পার মতো ছিল। সেই জায়গায় দাঁড়িয়ে পুনর্গঠনের কাজ এই সরকার সাংঘাতিকভাবে শুরু করেছে এটা অস্বীকার করবার উপায় নেই। কৃষিক্ষেত্রে বৈচিত্র্য আনয়নের প্রয়োজন আমরা প্রত্যেকেই স্বীকার করি। কাজটা শুরু হয়েছে, আরো ব্যাপকভাবে এই কাজটা করা দরকার, এটা মেনে নিচ্ছি। বিরোধীরা যে কথা বলেছেন, পদের যে ঘাটতির কথা উল্লেখ করেছেন সে তো বহু আগে থেকেই চলে আসছে। তাই স্বাভাবিকভাবেই যে কর্মচারীর সংখ্যা আছে সেই কর্মচারীদের নিয়ে যত বেশি পরিমাণে কাজ করানো যায়, সেই কাজের সঙ্গে রাজ্য সরকার ব্রতী রয়েছেন, এটা অস্বীকার করবার উপায় নেই। যে কারণের জন্য অনেকের ভুল বোঝাবুঝি আছে। বিরোধীরা বলছিলেন, ধান কেনার জন্য নাবার্ড ১০ কোটি টাকা চেয়েছে। তাদের ধারণা নেই নাবার্ড কোনোদিন ধান কেনে না। আর ধান কেনবার জন্য যদি টাকার প্রয়োজন হয় সে রাজ্য সরকারকে টাকা দেবে, কোনো ব্যক্তি বা কোনো প্রতিষ্ঠানকে সে টাকা দেয় না। এই বাস্তব ধারণাগুলি থাকার দরকার রয়েছে। তা সত্ত্বেও আমাদের রাজ্য সরকার অনেক চেষ্টা করেছেন। একটু আগে প্রথম পর্বে আলোচনায় উঠে এসেছিল যে ধান কেনা হয় রাখার জায়গা নেই। বর্তমান সরকারের যিনি কৃষিমন্ত্রী তাকে কিন্তু জবাব দিতে হবে। উৎপাদন তো অনেক আগে থেকে ছিল, অনেক বেশি উৎপাদন হতো। তার রক্ষণাবেক্ষণের জন্য কোনো গুদামঘর নির্মাণ করা হয়নি। এই সময়কালের মধ্যে তুলনামূলকভাবে অনেক বেশি গুদামঘর নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। আবার কিছু কিছু জায়গায় গুদামঘর নির্মাণ হওয়া সত্ত্বেও তার প্রয়োজনীয় অনুমোদন রাজ্য সরকারের হাতে নেই। কোনোটা এফ.সি.আই.-এর হাতে, কোনোটা সেন্ট্রাল ওয়ারহাউস কর্পোরেশনের সঙ্গে আছে। যার জন্য বিলম্বিত হচ্ছে। উদ্যোগটা আছে কিনা আজকে আমাদের এই পবিত্র সভায় বিচার-বিশ্লেষণ করার দরকার। এরা বলছেন যে, ঋণের পরিমাণ কমে গেছে। ঋণের পরিমাণ মোটেই কমেনি, বিগত দিনের চাইতে ঋণের পরিমাণ অনেক বেড়েছে। আমরা এখানে ধরে

নিচ্ছি, কৃষিক্ষেত্রে যে সেটা কেবলমাত্র স্বল্পমেয়াদী ঋণ, এইভাবে দেখানো হচ্ছে। তাছাড়াও আমাদের রাজ্যে সমবায় ব্যাঙ্ক আছে — একটু আগে সমবায়মন্ত্রী বলছিলেন, ২ হাজার ৪০০ কোটি টাকা স্বল্পমেয়াদী কৃষিক্ষেত্রে সমবায় ব্যাঙ্কগুলি ঋণ দাদন করেছে। এছাড়াও বাণিজ্যিক ব্যাঙ্ক আছে, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক আছে, গ্রামীণ ব্যাঙ্ক আছে। কিষান ক্রেডিট কার্ডের মাধ্যমে তারা লোন দেয়, কিন্তু সর্বাধিক লোন দাদন কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলি তার 'প্যাক্সে'-এর মাধ্যমে করে। পাশাপাশি যেগুলো মধ্যমেয়াদী ঋণ আমাদের রাজ্যে যে সমস্ত কার্ড ব্যাঙ্ক আছে তারা কিন্তু দাদন করে, কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি দাদন করে। তার পরিমাণ যদি ধরা হয়, ১৪ হাজার ৪০০ কোটির কাছাকাছি, মধ্যমেয়াদী ঋণও দাদন করে কৃষিক্ষেত্রের উন্নয়নের জন্য সেটা কিন্তু বন্ধুরা কেউই আলোচনার মাধ্যমে নিচ্ছেন না। আমাদের যতগুলি ব্লক আছে প্রত্যেকটি ব্লকে যদি আগে থেকে — ব্লকের সংখ্যা তো বাড়েনি। কৃষির প্রতি যদি এতই আগ্রহ ছিল তাহলে কেন মাটি পরীক্ষা কেন্দ্র আগে থেকে স্থাপন করা হল না। নিশ্চয় আমরা আপনাদের সাথে একমত। প্রত্যেকটি ব্লকে ব্লকে মাটি পরীক্ষা কেন্দ্রের দরকার। সারের দাম বেড়েছে বলছেন, কম করার ক্ষমতা তো রাজ্য সরকারের নেই, এটাও বোঝা দরকার। তা সত্ত্বেও রাজ্য সরকার কৃষকের যাতে সুবিধা হয়, তার যাতে খরচটা কমে সেইজন্য কৃষি দপ্তরের মাধ্যমে প্রকৃত যারা কৃষক তাদের কম মূল্যে, ভর্তুকি দিয়ে কৃষি যন্ত্রপাতি দেওয়ার ব্যবস্থা করেছেন। এই ব্যবস্থাপনা ২০১১ সালের আগে আমাদের এই রাজ্যে অন্তত ছিল না।

[2.50 - 3.00 p.m.]

সেই কারণের জন্য আমরা বলতে চাই, আরও অনেক ব্যবস্থাই বাজেট বক্তৃতায় আমাদের মাননীয় অর্থমন্ত্রী যা করেছেন, তাতে তিনি বলেছেন অনেক স্যালো বসবে। এই স্যালো বসা মানে কৃষিক্ষেত্রে সেচসেবিত জায়গার পরিমাণ বাড়বে। যাদের স্যালোর বিদ্যুৎ কানেকশান নেই, তাদের প্রত্যেককে দশ হাজার করে টাকা ছাড় দেওয়ার যে ব্যবস্থা হয়েছে, এই ব্যবস্থাপনা তো আগে ছিল না। বুঝতে হবে সাধ আছে এই সরকারের, সাধ্যে কুলোচ্ছে না। যে কারণের জন্য হয়তো সময়টা লেগে যাচ্ছে। তাই আমরা বলতে চাই কৃষকদের প্রতি দরদ আছে, মমত্ববোধ আছে বলেই আগেকার দিনের কৃষকদের নিজেদের গাঁট থেকে কৃষিবীমার টাকা দিতে হত। এই সরকার আসবার পরে কৃষিবীমার টাকা দেওয়ার আর প্রয়োজন হচ্ছে না কৃষকদের। রাজ্য সরকার তার তহবিল থেকে কৃষিবীমার টাকাটা দিয়ে দেন। সেই বীমার টাকা পাওয়াতে বিলম্ব হচ্ছে বলেই আমাদের কৃষিমন্ত্রী কয়েকদিন আগে বিধানসভায় প্রশ্নোত্তরে বলেছেন যে সরকার প্রথম দফায় ৬৮ কোটি টাকা এবং পরবর্তীকালে ১৬২ কোটি টাকা কৃষকদের ভর্তুকি দেওয়ার ব্যবস্থা করেছে। যে কারণের জন্য এই আনীত যে পাঁচ নম্বর দাবি, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৫-১৬ সালের জন্য পাঁচ নম্বর দাবি সম্পর্কে মাননীয় কৃষিমন্ত্রী পূর্ণেন্দু বসু মহাশয় যে ব্যয়বরাদ্দের জন্য দাবি পেশ করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে এবং বিরোধীদের আনা যে কাট মোশান, তার তীব্র বিরোধিতা করে দু-একটি বিষয় উপস্থাপন করবার চেষ্টা করছি। আমরা দেখছি যে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যেভাবে

কৃষির অগ্রগতির জন্য মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর প্রত্যেকটি দপ্তরের প্রতি যেমন যত্নশীল হয়ে কাজকর্ম করছেন, এই দপ্তরকেও তিনি যথেষ্ট গুরুত্ব দিয়ে দেখেন। প্রত্যেকটি দপ্তরের মন্ত্রী মহোদয় তাদের সদিচ্ছা নিয়ে, আন্তরিকতার সঙ্গে কাজগুলো করেন বলে প্রতিটি দপ্তর যে দক্ষতার সঙ্গে কাজগুলোকে তুলে ধরতে পারে, বাংলার মানুষ তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে এবং সেই সমর্থনের নিরিখেই আমরা বুঝতে পারি যে যতদিন যাচ্ছে, মানুষের সমর্থনটা এমন একটা জায়গায় যাচ্ছে, তাতে বিরোধীরা এখানে যত চেঁচামেচিই করুন না কেন, তাকে উপেক্ষা করতে পারেন না। যারা আজকে এখানে বসে থেকে বিভিন্ন বিষয় নিয়ে আলাপ-আলোচনা করবার চেষ্টা করছেন, যারা কৃষিক্ষেত্রে ব্যর্থতায় পর্যবসিত হয়েছে, আমাদের বামপন্থী বন্ধুরা বলছিলেন। তাদের সেই '০৭-০৮ সাল থেকে যদি দেখেন, তাদের যে পরিসংখ্যান, উন্নয়নের যে সীমারেখা, সেখানে তাদের মাইনাস ৩.২৬, ২.৭৪, ২.১৩ এই জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে মা-মাটি-মানুষের সরকার আসার পরে, সেই নিষ্ঠা আছে বলে, কাজ করতে পারেন বলে সেখানে ২.৬, ৩.১১, ১৩.১৪ এই যে উন্নয়নের নিরিখটা, এটাকে অস্বীকার করবার উপায় থাকে না। আর আপনারা বলছেন যে আজকে কিছুই করতে পারেনি। যদি কিছুই করতে পারেনি তাহলে পরপর করে তিন-তিনটে বছর ধরে ভারত সরকারের পক্ষ থেকে 'কৃষি কর্মণ' উপাধিতে ভূষিত করা হয়েছে বাংলাকে। বাংলার এই বাস্তব সত্যটাকে যদি অস্বীকার করেন তাহল বাংলার প্রতি কি আপনাদের সমর্থনটা ভালো থাকল? মানুষ কি আপনাদের এই ব্যাপারটাকে নিয়ে ভালো চোখে দেখবেন বলে মনে করেন? আপনারা বলছিলেন আজকে অনেক আধিকারিক নেই, কে.পি.এস. নেই, এটা তো অস্বাভাবিক কিছু নেই। যতদিন গেছে এগুলো ক্ষেত্রে অভাব নিশ্চয় সৃষ্টি হয়েছে। চার বছরের একটা সরকার, এই জায়গা পূরণ করতে হলে তাকে নিশ্চয় একটা সময় দিতে হবে। তার জন্য এটা যাতে বিঘ্নিত না হয়, কাজটা যাতে গতিমুখ থেকে পিছিয়ে যেতে না পারে, তার জন্য মা-মাটি-মানুষের সরকার বিভিন্নভাবে প্রশিক্ষণের মাধ্যমে গোটা গ্রামাঞ্চলে যেমন এ.ডি.ও. রয়েছেন, অন্যান্য কৃষি সংক্রান্ত ক্ষেত্রে প্রশিক্ষণ দিয়ে যথেষ্ট অগ্রগতির পথে এগিয়ে যেতে সক্ষম হয়েছে। চাল বা ধান উৎপাদনের ক্ষেত্রে আজকে যেমন আমরা এগিয়ে চলেছি, সেই সঙ্গে সঙ্গে এটাও আমরা দেখতে পাচ্ছি যে সুগন্ধী চাল গোবিন্দভোগ থেকে তুলাইপাঞ্জি, এটা যদি আরও বেশি করে চাষ হয়, তাহলে ব্যাপক অর্থ আমরা এখান থেকে পেতে পারি। বিশেষ করে বাজারে বিক্রি করে অর্থ আমরা পেতে পারি। নতুন মা-মাটি-মানুষের সরকারের গতিমুখটা পরিবর্তিত হওয়ার ফলে এই কাজে কিন্তু আমরা অনেকটা সাফল্য আনতে পেরেছি। এটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। আজকে যেখানে রাসায়নিক সারের দামটা প্রচণ্ড পরিমাণে বেড়ে গেছে, সেই রাসায়নিক সারের ক্ষেত্রে চাষিরা যাতে ক্ষতিগ্রস্ত না হতে পারে, সেই কারণের জন্য মা-মাটি-মানুষের সরকার সেখানে RPF এবং PF এটা নিয়ে নতুন করে MRP অথবা RP একেবারে রেটটা ঠিক করে চাষিরা যাতে ক্ষতিগ্রস্ত না হতে পারে, ন্যায্য মূল্যে তারা রাসায়নিক সার পেতে পারে, তার জন্য ব্যবস্থা করেছে। রাসায়নিক কীটনাশক যে সমস্ত ঔষধ ব্যবহার করা হচ্ছে, সেই জায়গাতে দেখা গেছে তাতে যেভাবে করে যে সমস্যা তৈরি হচ্ছে পরিবেশটা দূষিত হয়ে গেছে। তার পরিবর্তে মা-মাটি-মানুষের সরকার সেখানে বিশেষভাবে উদ্যোগ গ্রহণ

করেছে। জৈব সার এবং জৈব নিয়ন্ত্রক, এর উপর জৈব সার তৈরি করে আজকে একটা বিশেষ জায়গায় তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করেছি। আজকে আমরা KCC-এর কথা বলতে পারি। '৯৮ সাল থেকে আপনারা KCC শুরু করে দিয়েছিলেন। আমরা এই পর্যন্ত ৬৫ লক্ষ KCC দেওয়া সম্ভব হয়ে থাকে, তাহলে আপনাদের প্রায় ১৪ বছরে ২৭ লক্ষ KCC দিতে পেরেছেন। আজকে মা-মাটি-মানুষের সরকার এই চার বছরে ৩৮ লক্ষ থেকে ৪০ লক্ষ KCC দিতে পেরেছি। এটা নিশ্চয়ই একটা discreditable matter নয়। এটার তথ্যই বলে দিচ্ছে কাজের গতিমুখ ভালো। আজকে কৃষকদের ক্ষেত্রে কৃষি যন্ত্রপাতি — আপনাদের সময় কৃষি যন্ত্রপাতি গ্রামাঞ্চলের মানুষ কোনোদিনও দেখতে পেত না। আজকে প্রত্যেকটা গ্রামাঞ্চলের মানুষ কৃষি যন্ত্রপাতি দেখতে পাচ্ছে। তাদের আজকে ট্রাক্টার থেকে আরম্ভ করে আজকে pump set থেকে আরম্ভ করে প্রত্যেকটি জায়গা কৃষকদের যথেষ্ট পরিমাণে প্রভূত পরিমাণে উপকার সাধিত হচ্ছে। সেই জায়গায় দেখতে পাচ্ছি প্রায় ৩০ হাজারের মতন কৃষক উপকৃত হচ্ছেন। ছোটখাটো কৃষি উপকরণ সেখানেও আমরা দেখতে পাচ্ছি ৪৯ হাজার ৪৪৮ জন এর দ্বারা উপকৃত হতে পেরেছেন। আজকে আমরা দেখতে পাচ্ছি খামার সংক্রান্ত যে আমদানিকৃত যন্ত্রপাতি ভাড়া করার জন্য Custom Hiring Centre যেটা অভিনব পদ্ধতিতে করবার চেষ্টা করেছে। অনেক গরীব কৃষকের আজকে বেশি পয়সা দিয়ে যন্ত্রপাতি কিনবার সামর্থ্য নেই। সেই জায়গায় এই Custom Hiring Centre-এর মাধ্যমে তারা কম ভাড়ায় তাদের কাজগুলিকে সুন্দরভাবে করতে পারছে। এটাতে অস্বীকার করার কোনো কারণ দেখতে পারছি না। আজকে কৃষি প্রশিক্ষণের উপর যে গুরুত্ব দেওয়া হয়েছে। রাজ্য যোজনার অধীনে আমরা ভ্রাম্যমাণ যে প্রশিক্ষণ কেন্দ্র যেখানে SC মহিলাদের জন্য ৯৯০ জন, ST-এর জন্য ১৫০০, জেনারেলের ৪৮০ জন এবং আত্মা প্রকল্পের মাধ্যমে প্রায় প্রত্যেকটি ব্লকে ৩ হাজার ১২৩ জনকে প্রশিক্ষণের মধ্যে দিয়ে তাদের কৃষিকাজে বিশেষভাবে উপযুক্ত গড়ে তোলার চেষ্টা করা হয়েছে। এটা একটা গুরুত্বপূর্ণ অধ্যায়। যদিও কেন্দ্রীয় সরকার National Mission for Sustainable Agriculture এই জায়গার ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি প্রায় আটটি জেলাতে ৩০টি অগ্রণী Block-কে বেছে নেওয়া হয়েছে। এবং সেই জায়গাতে যেভাবে আমরা প্রত্যেকটা চাষীর ক্ষেত্রে কিছুটা ভর্তুকি দেওয়ার চেষ্টা করছি। প্রায় ৪০% ভর্তুকি দেওয়ার চেষ্টা করা হয়েছে। এই ভর্তুকির মধ্যে দিয়ে সেখানে তৈলবীজের কাজ করা হয়েছে, বস্ত্রশিল্প করা হচ্ছে। সেখানে ছাগল চাষ থেকে আরম্ভ করে, মৎস্য চাষ এগুলি করে গ্রামাঞ্চলে একটা নতুন দিগন্তের সূচনা করা হয়েছে। আজকে মৃত্তিকা সর্বোপরি '১৩-১৪ সালে ১৭৮ হেক্টর পতিত জমিগুলিকে উদ্ধার করার চেষ্টা করা হয়েছে একের পর এক। সরকারি খামারগুলি যেগুলি আপনাদের সময় একেবারে নিস্তেজ হয়ে গেছে। সেখানে কাজকর্ম কিছু ছিল না। আজকে মা-মাটি-মানুষের সরকার আসার পরে সেই জায়গায় NREGA-এর মাধ্যমে কাজকর্ম করার চেষ্টা করা হয়েছে। বিভিন্ন যন্ত্রপাতি সেখানে সাপ্লাই করা হয়েছে। পুকুরগুলিকে সংস্কার করে মাছ চাষ করা হয়েছে এবং ডিম উৎপাদন করা হয়েছে। এই ডিম উৎপাদনের মধ্যে দিয়ে একটা বিশেষ জায়গাতে পৌঁছে যাওয়ার জন্য চেষ্টা করা হয়েছে। এই কারণের জন্য আমরা মনে করি

মা-মাটি-মানুষের সরকার যে দাবিগুলি তুলে ধরেছে, সেগুলিকে আমি পূর্ণ সমর্থন করি। আমার বক্তব্য শেষ করার আগে রবীন্দ্রনাথ ঠাকুরের একটা কবিতা আবৃত্তি করে বলবার চেষ্টা করছি—

চাষী ক্ষেতে চালাইতেছে হাল,
তাঁতি বসে তাঁত বোনে,
জেলে ফেলে জাল।
বহুদূর প্রসারিত ওদের বিচিত্র কর্মধারা,
তারিপরে ভর দিয়ে চলিতেছে সমস্ত সংসার।

মা-মাটি-মানুষ-এর সরকার এইভাবে উন্নয়ন করে বাংলার বুকে আজকে ...

(এই সময় মাইক অফ হয়ে যায়)

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই ডিমান্ড নম্বর ফাইভ-এর উপর বলতে গিয়ে আমার প্রথম যেটা বলতে ইচ্ছা করছে সেটা হল এই সরকার যখন ক্ষমতায় এসেছিল তখন প্রথম বছরের যে election manifesto সেখানে লেখা ছিল কৃষি আমাদের প্রেরণা, শিল্প আমাদের চেতনা। জমি অধিগ্রহণের বিরুদ্ধে আন্দোলনের মধ্যে দিয়েই সরকার ক্ষমতায় এসেছিল এটা আমরা জানি।

[3.00 - 3.10 p.m.]

একটা সরকারে যদি কৃষি প্রেরণা হয়, তাহলে সেই দপ্তরকে সরকার গুরুত্ব বেশি দেবে এটা স্বাভাবিক, কিন্তু আমরা দেখেছি ৪ বছরে চারজন মন্ত্রী এসেছেন। রবীন্দ্রনাথ ভট্টাচার্য শুরু করেছিলেন, মাঝখানে মুখ্যমন্ত্রী, তারপরে মলয়বাবু, তারপরে আপনি — পূর্ণেন্দুবাবু বসে আছেন এই দপ্তরে। আপনার এটা পেনাল্টি ট্রান্সফার, না প্রাইজ ট্রান্সফার আমি জানি না। কারণ আপনি তো ট্রেড ইউনিয়নের নেতা। ট্রেড ইউনিয়ন করেন তাই সেখানেই স্বাভাবিক আমি জানতাম। ফলে এই দপ্তরের প্রতি আপনার অনুভূতি কতটা কি থাকবে, সেই ব্যাপারে আমার সন্দেহই আছে। কারণ আপনি দেখুন আপনার গোটা বাজেট বক্তৃতায় যে ১৩৩ জন আলুচাষী এবং ধানচাষী আত্মহত্যা করলেন — সে সম্পর্কে কোথাও কোনো সমবেদনা জানানোর চেষ্টাই করলেন না — দাম না পেয়েই তারা করেছেন। বরং কষ্ট করে বিভিন্ন জায়গায় — সংবাদমাধ্যমে আমি দেখি যে আপনি বলার চেষ্টা করছেন তারা অন্য কি কারণে আত্মহত্যা করেছেন, সেটা নানাভাবে খবর জোগাড় করে সেটাই মানুষকে ফিট করানোর চেষ্টা করছেন। এটা অত্যন্ত দুঃখজনক আপনার কাছ থেকে। দালালদের হাত থেকে এই কৃষকদের জমি বাঁচানোর কথা আপনি আপনার বাজেট বক্তৃতায় লিখিতভাবে বলেছেন। দালালরা তো অনেক ছোটখাটো—সিন্ডিকেট বসে আছে দিল্লিতে। তারাই সেখান থেকে গোটা বাজার কন্ট্রোল করে। আপনারা বলছেন যে, এই কৃষক মান্ডি, কৃষকবাজার — এইসব আপনারা কৃষকদের জন্য করে দিয়েছেন। এগুলো কন্ট্রোল করে কারা? এগুলো সিন্ডিকেটেরা কন্ট্রোল করে। তাদের সম্পর্কে কোথাও কি কোনো উচ্চবাচ্য এখানে আছে? ধানের সাপোর্ট প্রাইস আছে, কিন্তু আলুর তো কোনো সাপোর্ট প্রাইসই নেই। সেই ধান চাষীদেরও আপনারা বাঁচাতে পারছেন না। মৃত্যুর

মিছিল তো প্রত্যেক বছরই হচ্ছে — এই রাজ্যে হচ্ছে, গোটা দেশে হচ্ছে — এ রাজ্য সেখান থেকে যে কোথাও ব্যতিক্রম হল, সেটা দেখতে পেলাম না। ফলে পুরো বাজারটা তো আপনারা কর্পোরেট সেক্টরের হাতে আইন করে এখানে তাদের হাতে তুলে দিয়েছেন। ফলে এই বাজার থেকে এখানে কৃষকদের আপনারা বাঁচাবেন কি করে? আপনার দরকার ছিল যে, কৃষি বিপণন দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেট করেই চাষীদের যাতে বাঁচানো যায়, তারা যাতে সাপোর্ট প্রাইস পায়। অদ্ভুত একটা সিচুয়েশন — যে বছর বেশি চাষ হবে, সে বছর গলায় দড়ি দিয়ে আর ওই বিষ খেয়ে আত্মহত্যা করবে। অদ্ভুত একটা দেশে আমরা বাস করছি, অদ্ভুত একটা রাজ্যে বাস করছি। এটা সম্পর্কে আপনার কোনো ফিলিং এই গোটা বাজেট বক্তৃতায় কিন্তু আমি দেখতে পাইনি। আমি দেখতে পাইনি পাটচাষিদের বাঁচানো সম্পর্কে কোনো কথাবার্তা। আপনার এখানে এটা ওয়েস্ট বেঙ্গল স্পেসিফিক এই পাটচাষিরা — এটা ইন্ডাস্ট্রির একটা র'মেটিরিয়ালস এবং সেই ইন্ডাস্ট্রির র'মেটিরিয়ালস একটা শিল্প — আপনি তো একটা সময়ে লেবার দপ্তরে ছিলেন। সেখানে জুট পলিসি আপনারা ঘোষণা করেছেন। আপনি সেই পাটচাষিদের বাঁচানো, তাদের সাপোর্ট প্রাইস পাওয়া, কৃষি বিপণন দপ্তরের সঙ্গে কো-অর্ডিনেট করে তাদের বাঁচানোর চেষ্টা — এটা কিন্তু আপনার বাজেট বক্তৃতায় কোথাও নেই। সেচের খরচ কমানোর ব্যাপারে আপনি জানেন যে এই দেশের একটি-দুটি রাজ্য আছে, যেখানে চাষীরা সেচের জন্য বিনা পয়সায় বিদ্যুৎ পায়। আপনি বিদ্যুৎমন্ত্রীর সাথে কো-অর্ডিনেট করে বিনা পয়সায় বিদ্যুৎ দিয়ে অন্তত সেচের জন্য তাদের বাঁচানোর চেষ্টা করলেন না কেন, যাতে কম খরচে তারা সেচের ব্যবস্থা করতে পারে? আপনার বাজেট বক্তৃতায় তার কিন্তু কোনো ছাপ আমি দেখিনি। যেমন দেখিনি লিজ চাষীদের ব্যাপারটা। এই লিজ চাষীরা একটা অদ্ভুত — তারা যখন অন্য কোনো মালিকের সঙ্গে কনট্র্যাক্টে আছেন সেটা অফিসিয়াল কনট্র্যাক্ট নয়। ফলে তাদের চাষ যখন ক্ষতিগ্রস্ত হয়, সেই ক্ষতিপূরণের ব্যবস্থা সরকারের কোথাও নেই। ফলে এই লিজ চাষীদের বাঁচানোর ব্যবস্থা আপনি কোথায় কিভাবে করছেন — এটা তো একটা ফেনোমেনন — এই সমস্যার সমাধান কিভাবে করবেন তার কোনো প্রস্তাব এখানে নেই। যেমন নেই সারের দাম — যেটা প্রতিনিয়ত বাড়ছে। কেন্দ্রীয় সরকার তার জন্য দায়ী। কয়েকগুণ সারের দাম বাড়িয়েছে এই বর্তমানে যারা 'আচ্ছে দিনওয়ালা'-রা যারা ক্ষমতায় এসছে। ফলে তার বিরুদ্ধে রাজ্যস্তরে আন্দোলন, সমস্ত দলকে নিয়ে আন্দোলন — সেটা যেমন করা দরকার, তেমনি আমি মনে করি যে, রাজ্য সরকারের এই সারের ক্ষেত্রে ভর্তুকি দেওয়া দরকার। এটা রাজ্য সরকার কেন সেই নীতি গ্রহণ করছে না, সেটা কিন্তু আমি জানি না। এটা করা উচিত বলে আমার মনে হয়। কীটনাশক—একটা অদ্ভুত একটা ব্যবস্থা। কীটনাশক চাষিদেরকে চাষের জন্য ব্যবহার করতেই হয়, কিন্তু এটার গুণগত মান এবং দামের উপরে কোনো নিয়ন্ত্রণ রাজ্য সরকারের নেই, কেন্দ্রীয় সরকারেরও নেই। আপনি রাজ্য সরকারে বসে কীটনাশক পলিসি কেন তৈরি করছেন না এই গুণগতমান এবং দামের উপরে সেটাকে একটা নীতি নির্ধারণ করার জন্য। সেটা কিন্তু আপনার বাজেট বক্তৃতায় নেই। হিমঘর মালিকরা — তারা ছোট চাষিদের ঢুকতেই দেয় না হিমঘরে। বড়-বড় চাষিরা বা ওই সিন্ডিকেটরা — তারা হিমঘর দখল করে রাখে, তারা হিমঘর বুক করে রাখে। ছোট চাষীদের বাঁচাবেন কি করে — তারা তো সেখানে ঢুকতেই পারে না তাদের সামান্য

ফসল নিয়ে। ফলে এমন একটা পরিস্থিতি এই রাজ্যে তৈরি হয়ে আছে। বীজ — এই বীজের দামও কন্ট্রোল করে কর্পোরেট সেক্টর এবং বড় বড় মালিকরা। এই ওয়েস্ট বেঙ্গলে সীড কর্পোরেশন অফ ওয়েস্ট বেঙ্গল বলে একটা জিনিস ছিল — যারা সস্তায় এই চাষীদের বীজ দেওয়ার একটা ব্যবস্থা করত। আমি জানি না, সেই সীড কর্পোরেশন অফ ওয়েস্ট বেঙ্গলের আজকে কি ভূমিকা আছে। মনে হয় না কোনো ভূমিকা আছে। ফলে এই হচ্ছে অবস্থা। আরো একটা জিনিস আপনি আপনার বাজেট বক্তৃতায় মৃত্তিকা সংরক্ষণ এবং গবেষণার কথা বলেছেন। মাননীয় মন্ত্রী, আপনি জানেন এখানে শমীকবাবু বললেন মৃত্তিকা সংরক্ষণের ব্যাপারে। উনি যে জেলায় থাকেন, সেই জেলায় কত টন টন টপ সয়েল, মাটির ওপরের অংশ টন টন ইটভাঁটার মালিকেরা লোভ দেখিয়ে টাকা দিয়ে ছোট ছোট চাষিদের কাছ থেকে কিনে নিয়ে চলে যাচ্ছে। এই টপ সয়েল তৈরি হতে হাজার হাজার বছর সময় লাগে এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গে টপ সয়েল হচ্ছে সবথেকে উর্বর। মাটির যে living organism, সেই মাটির living organism থাকে top soil-এ। সেই টপ সয়েলটা ইটভাঁটার মালিকেরা লোভ দেখিয়ে টাকা দিয়ে নিয়ে চলে যাচ্ছে। সেগুলো নিয়ন্ত্রণের আপনি কোনো ব্যবস্থা করেছেন? আপনি মৃত্তিকা সংরক্ষণ এবং মৃত্তিকা গবেষণার কথা বলেছেন। এগুলো গোল গোল কথা। এরা প্রত্যেকে জানেন। গ্রামের প্রত্যেক বিধায়ক জানেন যে কিভাবে ইটভাঁটার মালিকেরা এই টপ সয়েলটা কিনে নিয়ে চলে যাচ্ছে। ফলে চাষ ক্ষতিগ্রস্ত হচ্ছে, অনুর্বর হচ্ছে। আপনি লিখেছেন অনুর্বরতার কারণ হচ্ছে জমির টপ সয়েল নষ্ট হয়ে যাওয়া। কিন্তু সেটা কিভাবে নষ্ট হচ্ছে, তার নিয়ন্ত্রণ এই গোটা বাজেট বক্তৃতাতে কোথাও কিন্তু নেই। ফলে সামগ্রিকভাবে আপনার এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কৃষিমন্ত্রী মাননীয় পূর্ণেন্দু বসু মহাশয় এই পবিত্র কক্ষে ৫নং দাবীর ভিত্তিতে মোট ২ হাজার ২৪ কোটি ৩৮ লক্ষ ৪৪ হাজার টাকার ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তা আমি অনুমোদনের জন্য এবং তার সপক্ষে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। স্যার, ২০১১-১২ সালে যখন মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসে তখন প্রথম যে বাজেট হয়েছিল, সেই বাজেটে আমি বক্তব্য রেখেছিলাম। তাতে ব্যয়বরাদ্দ রাখা হয়েছিল ৯৫৪ কোটি ১০ লক্ষ ১৪ হাজার ৯১৫ টাকা। আর এই বছর যে বাজেট বরাদ্দ রাখা হয়েছে সেটা তার তুলনায় ১ হাজার ৭০ কোটি ২৮ লক্ষ ২৯ হাজার ৮৫ টাকা বেশি। এর থেকে বোঝা যাচ্ছে যে পশ্চিমবঙ্গে মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন মা-মাটি-মানুষের সরকার কৃষিকে কতটা গুরুত্ব দিয়েছে। বিভিন্ন বক্তা বক্তব্য রেখেছেন এবং বলেছেন যে আমরা পশ্চিমবাংলা পরপর তিন বছর যে 'কৃষি কর্মণ' পুরস্কার পেয়েছি সেটা না কি জালিয়াতি। আমি তাকে পরিষ্কার ভাষায় বলতে চাই যদি কোনো তথ্য বিকৃত করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়, সেগুলোর একটা থরোলি ইনভেসটিগেশন হয়। সেই ইনভেসটিগেশনের উপর ভিত্তি করে কেন্দ্রীয় যে দপ্তর আছে এবং কৃষি দপ্তরের বিভিন্ন যে সংস্থাগুলি আছে তারা সেগুলোকে পর্যালোচনা করে দেখেন। পর্যালোচনা করার পরে এগুলো সিলেকশান হয়। সেই সিলেকশানে পরপর তিন বছর ধরে যখন পাচ্ছে রাজ্য

সরকার, সেই রাজ্যকে ছোট করে দেখবার মানসিকতা ঠিক নয়। অতএব তিন বছর ধরে কেন্দ্রীয় সরকার এবং যে কেন্দ্রীয় সরকার আছে, যারা পশ্চিমবাংলাকে অর্থনৈতিক দিক থেকে পঙ্গু করবার একটা চেষ্টা করছে, পশ্চিমবঙ্গ সরকারকে নানা দিক দিয়ে, অর্থনৈতিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত করবার চেষ্টা করছে, সেই কেন্দ্রীয় সরকার পশ্চিমবাংলাকে সহজে এই পুরস্কারটা মুখ দেখে দেয়নি। সুতরাং আমরা এই বছর যে পুরস্কারটা পেয়েছি সেটা হচ্ছে ভুট্টা প্রোডাকশান, সেটা বাঁকুড়া, পুরুলিয়া, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর সহ উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতে যে পরিমাণ বৃদ্ধি পেয়েছে, শুধুমাত্র তা নয়, যে বেসিসে এই পুরস্কার দেওয়া হয় সেটা হচ্ছে এক নম্বর প্রোডাকটিভিটি, দুই নম্বর হচ্ছে প্রোডাকশান এবং এরিয়া অপারেশান। আমরা পশ্চিমবঙ্গ সরকার, ব্যাখ্যা করেছিলাম এর ফলে ফার্মার্সদের যে ইনকাম জেনারেট হয়েছে, সেই ইনকাম জেনারেটের উপর বেস করে আমাদেরকে পুরস্কারটা দিয়েছে। আমাদের মুখ দেখে নয়। সুতরাং এই জিনিসটা জেনে রাখা দরকার আছে। কৃষি দপ্তর কৃষককুলের উন্নয়নের জন্য একটি দীর্ঘমেয়াদী কার্যকরী ভূমিকা এবং পরিকল্পনা গ্রহণ করেছে। সেইমতোভাবে আমরা ঠিক করেছি, কৃষি দপ্তর ঠিক করেছে যে পশ্চিমবাংলার ভৌগোলিক অবস্থান, জলবায়ু, মাটির গুণগত মান এবং সেচব্যবস্থার সুযোগ-সুবিধার উপর বেস করে ক্রপ সিলেকশানগুলো করছি। শুধু একটামাত্র ক্রপ নয়, সারা বছরের শস্য পর্যায়ক্রমে সিলেকশান করা হচ্ছে।

[3.10 - 3.20 p.m.]

এবং সেইভাবে আমাদের কৃষি দপ্তর পর্যালোচনা করে দেখছে যে কোন কোন crops-এ আমরা উদ্বৃত্ত, কোন কোন crops-এ ঘাটতি আছে, সেই ঘাটতি পূরণের জন্য intensive চাষের দিকে যাওয়ার চেষ্টা করছে। যেমন ধান, আলু, শাকসবজি অতিরিক্ত উৎপাদন হচ্ছে, সেসব জায়গায় আমরা crop diversification করে বিকল্প চাষের চেষ্টা করছি। একটা জিনিস মানতে হবে যে, হরিয়ানা, পাঞ্জাব, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশের মতো পরিস্থিতি আমাদের রাজ্যে নেই। এখানে বেশির ভাগই small farmer, marginal farmer, এখানে crop diversification-এর বিষয়টা একটু জটিল হয়ে যায়। এখানে সেই crops-এর উপর নানারকম demonstration দিতে হয়, তারপর acceptance to the farmers ব্যাপারটা থাকে। তারা নতুন শস্য করতে গিয়ে একটু সংশয়ে থাকে। যদি দেখে সেটা লাভজনক হবে তাহলেই crop diversification-এ যাবে, নাহলে traditional crops-ই চাষ করবে। কতগুলো crops-এর demonstration দেওয়া হয়েছে, তারপর spot spider net-এর মাধ্যমে দেওয়ার চেষ্টা করছে। যেগুলো অতিরিক্ত উৎপাদন হচ্ছে, সেইগুলোর চাষ কমিয়ে আনতে চাইছে। যেহেতু এখানে marginal farmer, হরিয়ানা, পাঞ্জাবের মতো নয়, সেইজন্য আমাদের আস্তে আস্তে এগোতে হবে। crops diversification আমরা করছি। Agriculture-এর allied যে সমস্ত দপ্তর আছে, তাদের সঙ্গে আলাপ-আলোচনা করে, তাদের মধ্যে সমন্বয়সাধন করে কৃষির উন্নতি করার চেষ্টা আমরা করছি। আমাদের এখানে কৃষি বিশ্ববিদ্যালয় আছে, আরও কতগুলো কেন্দ্র খোলার চেষ্টা হচ্ছে। গত বছর বর্ধমানে agriculture college হয়েছে, শুশুনিয়াতে করছি, উত্তরবঙ্গে শুরু হয়েছে। উদ্দেশ্য, কৃষির

মানোন্নয়ন করে যাতে কৃষি উৎপাদন বাড়িয়ে নেওয়া যায়। কেউ কেউ agriculture বাদ দিয়ে horticulture-এর উপর বক্তব্য রেখে কথা বললেন। (সময় শেষ হয়ে যাওয়ায় এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৫ নং দাবীর অধীনে বাজেট এখানে পেশ করা হয়েছে। কাট মোশানের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, কৃষি বাজেটে বলা হয়েছে, 'রাজ্যের সমৃদ্ধির ক্ষেত্রে কৃষির প্রধান ভূমিকা রয়েছে। কৃষি আমাদের সম্পদ এবং কৃষকরা আমাদের গর্ব।' কথাটা ঠিক হলেও বাস্তবের সঙ্গে যথেষ্ট গরমিল আমরা লক্ষ করছি। কারণ এই কৃষি বাজেটের মধ্যে কৃষকদের যে সমস্ত সমস্যা আছে তার মধ্যে আমরা প্রবেশ করতে পারিনি বা ধরতে পারিনি। বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় আসে তখন রাজ্যে প্রচণ্ড খাদ্যাভাব ছিল। সেই সময় ভূমিসংস্কার করে কয়েক লক্ষ কৃষককে পাট্টা দেওয়া হয়েছিল, কয়েক লক্ষকে বর্গাদার করা হয়েছিল, ফলে ফসলের একটা অংশ তারা ঘরে তুলতে পেরেছিল। আবার সেচসেবিত এলাকা ৩২% থেকে ৭২/৭৩%-এ নিয়ে যাওয়ার ফলে খাদ্য উৎপাদনও বেড়েছিল। বর্তমানে শুধু রাজ্যের নয়, দেশের জনসংখ্যাও বাড়ছে এবং সেই সাথে জমির পরিমাণ কমছে। একই পরিবার বহু পরিবারে বিভক্ত হচ্ছে, আবাসন তৈরি হচ্ছে, জমি কমছে। এইরকম পরিস্থিতিতে খাদ্যের নিরাপত্তা সুনিশ্চিত করতে হলে খাদ্যোৎপাদন বাড়াতে হবে। আর খাদ্যের উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে কৃষকদের উৎপাদনের কাজে উৎসাহ বাড়াতে হবে। কিন্তু আমরা দেখছি এ পর্যন্ত একশোয় বত্রিশ-তেত্রিশজন কৃষক আমাদের রাজ্যে আত্মহত্যা করেছেন এবং কুড়ি থেকে বাইশ জন আলুচাষী আত্মহত্যা করেছেন। আত্মহত্যার কারণ কি? আমরা বহুবার বলেছি, এটা খতিয়ে দেখা দরকার। সরকার স্বীকার করতে চাইছেন না। এখানেই একটা বড় রকমের ঘাটতি। এই আত্মহত্যার কারণ হচ্ছে কৃষক ঋণগ্রস্ত হচ্ছেন। উৎপাদনের খরচ বেড়ে যাচ্ছে এবং বাজারের ফড়েরা তাদের কাছ থেকে আলু বলুন, পাট বলুন, ধান বলুন কম পয়সায় কিনছে এবং তারা বিক্রি করে লাভবান হচ্ছে। মার খাচ্ছে চাষী। ফলে ঋণের দায়ে অভাবী বিক্রি করে চাষী আত্মহত্যার পথ গ্রহণ করতে বাধ্য হচ্ছে। উৎপাদনের খরচ বাড়ছে। কারণ ডিজেলের দাম বাড়ছে, পেট্রোলের দাম বাড়ছে। সার কারখানাগুলো রাজ্যে বন্ধ। সারের দাম হুহু করে বাড়ছে। সারে কোনো ভর্তুকি নেই। বিদ্যুতের ক্ষেত্রে কোনো ভর্তুকি নেই। ফলে উৎপাদনের খরচ বেড়ে চলেছে। অপরদিকে কৃষকরা যে পেনশান পায়, এর বহুকাল আগে বর্তমান বাজার অনুসারে তাদের যে পেনশন বৃদ্ধি হওয়া প্রয়োজন, সেটা হচ্ছে না। সে পেনশন কিন্তু বৃদ্ধি হয়নি। তার জন্য রাজ্য সরকার কোনোভাবে কেন্দ্রের কাছে চাপ সৃষ্টি করা বা তাদের নিজেদের অংশ বাড়াবার চেষ্টা করছেন না। মাটি পরীক্ষা, সার বীজ পরীক্ষা করা হচ্ছে। কিন্তু আমরা অতীতে দেখেছি যে বীজ কেলেঙ্কারি হয়েছে। বীজ অঙ্কুরোদ্গম হয়নি, এইরকম বীজ দেওয়া হয়েছে। ফলে এই হচ্ছে অবস্থা। সবথেকে আশ্চর্য হয়ে যাবেন যে ধান ১৩৬০ টাকা কুইন্টাল। সরকার নির্ধারিত এই যে দাম, কিন্তু আমরা দেখেছি যে সাড়ে আটশো থেকে নশো, হাজার টাকায় ধান বিক্রি হয়েছে। অনেক হিমঘর বন্ধ রয়েছে। এটা ঠিক যে বড় চাষীরা ছাড়া ছোট আলুচাষী সেখানে তারা স্থান পাচ্ছে

না। যেতে পারছে না। যারা বৃহৎ চাষী আলু চাষ করেছেন, তারা হিমঘরগুলো আগে থেকে কনট্যাক্ট করে নিচ্ছেন। শুধু খাদ্যাভাব নয়, অসাধু ব্যবসায়ীরা কম পয়সায় আলু কিনে তারা লাভবান হচ্ছে। এইভাবে আমরা দেখেছি যে আমাদের রাজ্যে ৪০ লক্ষ পাটচাষী রয়েছে। জে.সি.আই. সময়মতো পাট কিনতে না নামায় বা পাটজাত দ্রব্যের বরাত বৃদ্ধি না হওয়ার কারণে আজকে ৪০ লক্ষ পাটচাষী সামনে বড় ধরনের একটা সঙ্কট। সুতরাং কৃষকের সামনে যে সমস্যা তা হচ্ছে উৎপাদনের খরচ কমানো, তা হচ্ছে মৃত কৃষক পরিবারকে সাহায্য করা। খেলার মেলায় টাকা উড়ছে, মদ খেয়ে মরে গেল দু-লাখ টাকা দেওয়ার ঘোষণা হচ্ছে। আশ্চর্য যে সব কৃষক মারা যাচ্ছে তাদের পরিবারের কথা ভেবে সরকার একবারও তাদের পরিবারের অভাব দূর করার জন্য কোনো বক্তব্য রাখছেন না। এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বেচারাম মান্না : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘক্ষণ ধরে বক্তব্য শুনছি, বিরোধীদের এবং আমাদের শাসকদলের বিধায়কদের। ওঁরা বলছেন যে আমরা কিছুই করছি না। এটা ওঁরা নিজেরাও বুঝতে পারছেন স্যার যে বিগত চার বছর আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে কৃষকদের জন্য যে কি করা হচ্ছে। সেটা ওঁরাও বুঝতে পারছেন। যেমন গত লোকসভায় দেখা গেছে যে ওঁদের মধ্যে অনেকেরই আর সামনের বিধানসভা ভোটে জেতার কোনো আশা নেই। সেটা ওঁরা ভালভাবেই জানেন। এর কারণ হচ্ছে যে কৃষককে আমরা উজ্জীবিত করছি এই কারণেই, আমাদের সরকারের যেটা মূল লক্ষ্য, এক হচ্ছে উৎপাদন বাড়ানো, দুই হচ্ছে উৎপাদিত ফসলের যাতে মূল্য পায় তার ব্যবস্থা করা এবং কৃষকের খরচ কমানো। এই কাজটা নিরবচ্ছিন্নভাবে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আমরা করে চলেছি। ওঁরা বলছেন যে কিষান ক্রেডিট কার্ড। আমরা মনে করি কিষান ক্রেডিট কার্ড কৃষকদের একটা বড় সাফল্য। কেননা '৯৮ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত মাত্র ২৬ লক্ষ ৫০ হাজার ৫১৭ জনকে কিষান ক্রেডিট কার্ড দিয়েছেন। আর আমরা মাত্র চার বছরে স্যার, ৩৮ লক্ষ ২৯ হাজার ২২৯ জনকে কিষান ক্রেডিট কার্ড দিয়েছি।

[3.20 - 3.30 p.m.]

তার কারণ আপনারা জানবেন আমাদের গ্রামে মহাজন প্রথা ছিল। মহাজন প্রথায় বেশী সুদে কৃষকদের ঋণ নিতে হত। এই মহাজনদের বেশীর ভাগই ছিল ওই বামপন্থী লোকেরা, যারা কৃষকদের শোষণ করত। আজকে কিষান ক্রেডিট কার্ডের মধ্য দিয়ে চাষের মরশুমে ঋণের ব্যবস্থা করা হয়েছে। ৫০,০০০ টাকা পর্যন্ত কৃষকদের ঋণের ব্যবস্থা হয়েছে। এতে কৃষকরা স্বাবলম্বী হচ্ছে এবং কৃষকরাও যে একজন ভারতীয় নাগরিক, তাদের যে অধিকার রয়েছে এবং সেই অধিকার প্রতিষ্ঠিত করতে পেরেছেন আমাদের এই মা-মাটি-মানুষের সরকারের যিনি মুখ্য ভূমিকাতে রয়েছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজকে জানলে খুশি হবেন আমাদের পশ্চিমবঙ্গে আবহাওয়াভিত্তিক কৃষি অঞ্চল ভাগ করা রয়েছে। ছটি অঞ্চলের ভাগ রয়েছে। পার্বত্য অঞ্চল, তরাই অঞ্চল, পুরানো পলিমাটি অঞ্চল, নতুন পলিমাটি অঞ্চল,

লাল ও কাঁকুড়ে মাটি অঞ্চল, উপকূলবর্তী ও লবণাক্ত মৃত্তিকা অঞ্চল। এই ছটি অঞ্চলে ভাগ করেছি। আমাদের গবেষকরা চেষ্টা করেছেন নিরবচ্ছিন্নভাবে তাদের গবেষণার মধ্য দিয়ে আজকে যে স্থানে যেরকম আবহাওয়া, ঠিক সেই স্থানে কি ধরনের ফসল ফলানো যাবে। নিরবচ্ছিন্ন গবেষণাগার মধ্য দিয়ে সাফল্য আমরা পাচ্ছি। তার পরিসংখ্যান দেখলে বুঝতে পারবেন যে আমরা ২০১২-১৩-তে আমাদের খাদ্যশস্য উৎপাদনে ১৬৫.২১ লক্ষ মেট্রিক টন ছিলাম। পরের বছরে আমরা এলাম ১৭১.৫৬ লক্ষ মেট্রিক টনে, ২০১৪-১৫-তে আমরা গেলাম ১৭৩.৫১ লক্ষ মেট্রিক টনে এবং '১৫-'১৬-তে লক্ষ্যমাত্রা আছে ১৭৬.২৬ লক্ষ মেট্রিক টনে। যা ২০১০ এবং '১১ সালের থেকে প্রায় আঠারো শতাংশ বেশী। আজকে ভালো লাগবে এইকথা শুনে যে আমাদের কৃষি বিজ্ঞানীদের যে প্রচেষ্টা, সেই প্রচেষ্টা অনেকখানি। ধরুন আজকে যে বন্যা হচ্ছে, এর ফলে ধানগাছ অনেকদিন জলের মধ্যে পড়ে রয়েছে। আমরা দেখেছি সেই গাছ সাধারণত নষ্ট হয়ে যায়। এটা আমরা জানি। কিন্তু আমাদের বিজ্ঞানীদের প্রচেষ্টাতে সেই গাছ নষ্ট হবে না, এমন ধান গবেষণার মধ্য দিয়ে আমাদের নতুন ধান চালু হয়েছে রাজদীপ এবং স্বর্ণ সাবওয়ান। এবং গোসাবা অঞ্চলে ক্যানিং সাব-ডিভিশানে লবণাক্ত অঞ্চলের জন্য যে ধান গবেষণার মধ্য দিয়ে বার করা হয়েছে, সেটা হল গোসাবা ফাইভ। এই ব্যাপারে ওদের মাথাতে কোনোদিন আসেনি। তার কারণ এরা কৃষকের কোনোদিন ভালো চায়নি। আজকে এদের কুম্ভীরাশ্রু দেখতে পাচ্ছি। এরা কাঁদছে। ৩৪ বছরে ৩১০০ কৃষক আত্মহত্যা করেছে। কোনো বামপন্থী লিডারদের চোখের জল দেখতে পাওয়া যায়নি। সবথেকে করুণ অবস্থা ফরোয়ার্ড ব্লকের। ওরা সিংহ সিম্বল নিয়ে জেতে। সিংহের রঙ হলুদ। মানুষের শরীর হলুদ হলেই আমরা জানি জন্ডিস হয়েছে। ওই ফরোয়ার্ড ব্লকের জন্ডিস হয়েছে। আর বাঁচার কোনো রাস্তা নেই। কোনো বাঁচার রাস্তা নেই। তার কারণ এই ৩৪ বছরে ওই দলেরই এই দপ্তর ছিল। অনেক কেলেঙ্কারি হয়েছে। বীজ কেলেঙ্কারি হয়েছে। এই বীজ কেলেঙ্কারিতে যিনি মেম্বার, আমি নাম বলছি না। তদন্ত চলছে। এবং অনেকরকম কাণ্ড ঘটিয়েছে। সবথেকে বড় সাফল্য হচ্ছে আমরা ১৪৫টি স্বয়ংক্রিয় আবহাওয়া যন্ত্র আমরা কিনছি, যা দিয়ে আবহাওয়ার পূর্বাভাস জানানো যাবে। এবং কৃষি যন্ত্রপাতি পাঁচ থেকে দশ হাজার ছোট এবং পঁয়তাল্লিশ হাজার টাকা পর্যন্ত কৃষি যন্ত্রপাতি কেনা হয়েছে। আগে কমরেডদের যন্ত্র দিত। একবছর পরে কেজি দরে কালোয়ারদের কাছে বিক্রি করতে হত। আর এখন ব্যাঙ্কের মধ্য দিয়ে আমাদের উন্নতমানের যন্ত্রপাতি দেওয়া হচ্ছে। ওরা দেয়নি। বীজ—বীজ কেলেঙ্কারির কথা সবাই জানেন। আগে কি বীজ পেত? যখন বীজ বসানো হয়ে যেত তারপরে বীজ যেত। তারফলে সেই বীজ বসাতো না। গমবীজ দেরীতে গেলে আমাদের বাড়ির মায়েরা ওঁনাদের আমলে দেরীতে গমবীজ গেলে সেই বীজ ধুয়ে রোদে শুকিয়ে আটা করে খেয়ে ফেলত। আর সরষে বীজ — যখন ওদের আমলে সরষে কৃষক নিজের পয়সায় ছড়িয়ে দেয় হলুদ ফুল ফোটে, তখন সর্ষে বীজ যেত। ওই বীজ কেউ বসাতো না। ওই বীজ আমাদের বাড়ির মায়েরা শিলনোড়ায় বেটে কইঝাল করে খেয়ে ফেলত। এমন অবস্থা ছিল স্যার। আজকে আরেকটা যেটা বলা হল — উৎসবের কথা। এই যে চৌধুরী সাহেব বললেন, আগে তো মানুষকে জানাতো না, কৃষকদের জানাতো না কি পাওয়া যায়, কিভাবে বসানো হয় — জানাতো না। সেইজন্য উৎসব আমরা করবো স্যার, মানুষ

সচেতন হচ্ছে। আরেকটা স্যার দায়িত্বপূর্ণ — আমাদের আবু তাহের সাহেব বলেছেন, সিঙ্গুরের জমির ব্যাপার। এখানে সদিচ্ছা ছিল মুখ্যমন্ত্রীর, আইন পাশ করেছেন। কিন্তু দুর্ভাগ্য আমাদের, আইনের বিচারাধীন আছে দিল্লিতে, সুপ্রিম কোর্টে। যার ফলে আমরা কিছু করতে পারিনি। ...(নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের গণতন্ত্রের এই সর্বোচ্চ পীঠস্থানে দাঁড়িয়ে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের যারা ৫ নম্বর দাবী, অর্থাৎ কৃষি দপ্তর সম্পর্কে বাজেট বিবৃতির ওপর আলোচনা করলেন — সরকারপক্ষের যারা করেছেন তাদের ধন্যবাদ জানাই, বিরোধী পক্ষ থেকে যারা বলেছেন তাদেরও ধন্যবাদ জানাই। সাথে সাথে বিভিন্ন দিক থেকে গত ৪ বছরে আমাদের রাজ্যের যে অগ্রগতি ঘটেছে, আমি আমাদের সমস্ত বিরোধী বন্ধুদের বলব, আমাদের সকলের উচিৎ রাজ্যের জন্য গর্ব করা। রাজ্যের খারাপ দিকগুলো নিয়ে সবথেকে বেশি আলোচনা করে রাজ্যের যে লাঞ্ছনা, আমি আশা করবো দয়া করে করবেন না। সমালোচনা গঠনমূলক হোক। আপনাদের, বিরোধী পক্ষের সবাইকে আমি অনুরোধ করবো, কৃষি বিষয়ে আপনাদের মধ্যে যারা বিশেষজ্ঞ আছেন, তারা দয়া করে আমাকে কিছু পরামর্শ দিন, যে পরামর্শ নিয়ে চললে আগামী দিনে রাজ্যের আরো ভালো হবে। আমি এই সদনে কথা দিচ্ছি, আপনাদের বিশেষজ্ঞ পরামর্শ যদি আমি পাই, তাতে যদি রাজ্যের অনেক উন্নতি হয়, তাহলে সেই পথ নিতেও মা-মাটি-মানুষের সরকারের কোনোরকম অসুবিধা হবে না। আমি সাথে সাথে আপনাদের যেটা বলতে চাই, আপনারা রাজ্যের বেশিরভাগ মানুষ সম্পর্কে কনসার্ন, তাদের ব্যাপারে ভাবছেন — এটা সত্যি আমার ক্ষেত্রে খুবই আনন্দের বিষয়। আমি চাই, বিরোধীরা রাজ্যের সমস্যাগুলি নিয়ে ভাবুন এবং কিভাবে এই রাজ্যের সমস্যাগুলো থেকে আমরা এগোতে পারি, সেই ব্যাপারে এগিয়ে আসুন। আমি আপনাদের কাছে প্রথম যে কথা বলতে চাই, ১০ হাজার বছর আগে যখন প্রথম কর্ষণ হল এবং তার থেকে মাটি দেখালো যে কি হতে পারে, মাটি কি দিতে পারে। তখন থেকেই সমস্যা, সম্ভাবনা এবং উত্তরণ — এই তিনটে বিষয়কেই আমাদের দেখতে হবে। আমি সেই ধরনের মানুষ নই যে বলব, কোনো সমস্যা নেই, সমস্যা আছে। সম্ভাবনা আছে প্রচুর এবং আমরা উত্তরণের রাস্তায় হাঁটছি। এটাই হচ্ছে বাস্তব। এই বাস্তবকে স্বীকার করতে হবে। আমি ২-১টি বিষয়ে আপনাদের কাছে উল্লেখ করবো, দয়া করে যদি আপনারা একটু মনোযোগ দিয়ে শোনেন, আমি তাতে উপকৃত হবো ব্যক্তিগত ভাবে এবং সরকারের দিক থেকেও।

[3.30 - 3.40 p.m.]

প্রথম বিষয় যেটা, সেটা দেখুন পশ্চিমবাংলার জমি হচ্ছে গোটা ভারতবর্ষের 2.7%। আর পশ্চিমবাংলা গোটা দেশের জন্য যে খাদ্য সম্পদ উৎপাদন করে দেয় সেটা হলো 8%। গোটা দেশে যা উৎপাদন হয় তার 8%। কোনও একটা ক্ষেত্রে আপনারা দেখাতে পারবেন না যে গত চারবছরে এই এই ক্ষেত্রে উৎপাদন কমেছে। বরং আমি দেখাতে পারবো যে প্রত্যেকটি ক্ষেত্রে শুধু উৎপাদন নয়, উৎপাদিকাও বেড়েছে অর্থাৎ ইল্ড যাকে বলে। ইল্ড পার হেক্টর জমিতে কত

চাষ হতে পারে তার মাত্রাও বেড়েছে। এবার আপনাদের বলবো আমি এখানে দাঁড়িয়ে আবার বলছি, শপথ করে বলছি, আমার কাছে যে তথ্য আছে বহু কষ্ট করে এই তথ্য জোগাড় করা, এই তথ্য জোগাড় করা, এই তথ্য মিথ্যা কথা বলছে না। ২০১৩-১৪ সালে আমাদের এই রাজ্যে ১৫৩ লক্ষ মেট্রিক টন চাল উৎপাদন হয়েছিল, ক্লিন রাইস। এটা ২০১৪-১৫ সালে ১৫৮ এবং এটা আরও বাড়ছে। আমি শুধু আপনাদের কাছে একটা তথ্য বলবো, আপনারাই বিচারক, আপনারাই বিচার করবেন যে, ২০১০-১১-তে এটা ছিল ১৩৪ লক্ষ মেট্রিক টন, সেখান থেকে আমরা নিয়ে এসেছি ১৫৮ লক্ষ মেট্রিক টন। এটা কি অগ্রগতি, না অধোগতি? এটা আপনারা বলবেন। আপনারা বিচারক, আপনারা বলবেন তথ্য দেখে। আপনাদের তথ্য থাকলে দেখাবেন। আমি এই তথ্য দিয়ে দেব স্পীকার সাহেবকে। আমি আপনাদের কাছে আবারও বলছি যে গোটা ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ধান এবং তার সাথে অন্যান্য যে ক্রপ অর্থাৎ শস্য উৎপাদন করে তাতে এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ লীডারশিপে আছে, অর্থাৎ পশ্চিমবঙ্গ সারা দেশকে নেতৃত্ব দিচ্ছে। আমি আপনাদের কাছে বলতে চাই, আমরা এটা করতে পারছি তার কারণ গুড এগ্রিকালচারাল প্র্যাকটিস। অর্থাৎ মাটি, জল, হাওয়া, বীজ সবগুলোর ক্ষেত্রে সুসামঞ্জস্যপূর্ণ একটা নীতি গ্রহণ করা, একটা ব্যবস্থা গ্রহণ করা। তা না হলে উৎপাদন এবং উৎপাদিকা কখনোই বাড়বে না। এই জায়গা থেকে আমরা এগোতে চাইছি। আপনাদের কাছে বলি, আমরা বলেছি একথা যে রাজ্যের সমৃদ্ধির ক্ষেত্রে কৃষিব গুরুত্বপূর্ণ ভূমিকা। এটা আমরা বলেছি, এটা মনে-প্রাণে বিশ্বাস করি এবং মনে প্রাণে বিশ্বাস করি বলেই মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই কৃষিক্ষেত্রে আমরা এগোবার জায়গায় যেতে পারছি। সাথে সাথে একথাও বলবো আমরা একেবারে হৃদয় থেকে বিশ্বাস করি যে, কৃষি আমাদের সম্পদ, অর্থাৎ সামগ্রিকভাবে কৃষির যে গোটা ব্যাপারটা আছে এটা রাজ্যের সম্পদ, আমাদের রাজ্যকে এগিয়ে যেতে সাহায্য করছে, আর কৃষকরা হলেন আমাদের গৌরব। আর এই কৃষকদের গৌরবান্বিত করার জন্য তাদের নানা ধরনের কাজের ভিত্তিতে তাদের আমরা পুরস্কৃত পর্যন্ত করছি। যাতে এটা বোঝা যায় যে আসল সময় তাদের মধ্যে যারা এগিয়ে আসছে সরকার তাদের স্বীকৃতি দিচ্ছেন তাদের পরিশ্রমের জন্য এবং তাদের কাজের জন্য।

মিঃ স্পীকার : With the consent of the House, time is extended for ten (10) minutes.

শ্রী পূর্ণেন্দু বসু : আমি আপনাদের কাছে এর পরেই যেটা বলবো যেটা আমার সহকারী মন্ত্রী বলেছেন কিষাণ ক্রেডিট কার্ড বা অন্যান্য বিষয়, এগুলোতে আমি যাচ্ছি না। আমি একটা কথা শুধু আপনাদের বলতে চাই যে, আপনারা একটু সংযত হয়ে রাজ্যের অগ্রগতির কথা ভাবুন, রাজ্যের স্বার্থ দেখুন, কৃষকের স্বার্থ দেখুন এবং সরকারের সাথে এসে আলাপ-আলোচনা করে কাজে অংশগ্রহণ করুন। আমাদের এখানে আমি যে বিশ্বাস থেকে কাজ করছি যে মাটি এককভাবে আপনারা জানেন যে গোটা বিশ্বকে ধারণ করে আছে। জীবন ধারণের প্রতিটি পর্বে এই মাটিকে কেন্দ্র করেই গড়ে উঠেছে সভ্যতা এবং সংস্কৃতি। জৈব বৈচিত্র্যের অন্যতম ধাত্রী এই মাটি। তাই আমরা মা-মাটি এই কথা বলি। আমরা একথা বলতে চাই যে, আপনারা যে

মেলা উৎসব নিয়ে ব্যঙ্গ করছেন, গোটা বিশ্ব যখন ভাবতে পারেনি তখন মমতা বন্দ্যোপাধ্যায় ভেবেছিলেন, মাটি উৎসবের কথা। ২০১৫ সাল, আজকে ২০১৫ সালে আন্তর্জাতিক মৃত্তিকা দিবস হিসাবে চিহ্নিত করা হয়েছে। আগে আমরা ভেবেছি, তারপরেই বিশ্বে এসেছে ৫ই ডিসেম্বর মৃত্তিকা দিবস হিসাবে গ্রহণ করা হয়েছে এই দিনটিকে। আপনারা খেয়াল রাখবেন দিনটিকে পালন করলে তখন বুঝতে পারবেন ওই মেলা উৎসবের প্রয়োজনটা কোথায়।

আপনাদের প্রশ্নের উত্তরে আর একটা গুরুত্বপূর্ণ বিষয় জানাবো। আমি আপনাদের কাছে একথা স্পষ্ট ভাষায় বলছি যে, যেকোনো আত্মহত্যা দুর্ভাগ্যজনক। কিন্তু তার থেকে দুর্ভাগ্যজনক সেই আত্মহত্যা নিয়ে রাজনীতি করা — সমস্যার গভীরে না যাওয়া। আপনাদের কাছে একটা তথ্য তুলে ধরব যে, ...(গোলমাল)... আগে আপনাদের আমল থেকে দেখুন যেখানে ২০১০-১১ এই সময়ে কৃষকের পরিবার পিছু আয় ছিল ১,০৩,১৮৪ টাকা, কৃষির নানারকম উন্নতি এবং বৈচিত্র্যকরণের মাধ্যমে সেই আয়টা এসে দাঁড়িয়েছে ১,৫৩,০২৯ (কোটি) টাকা '১৩-'১৪ সালে। এটা প্রায় ৫৪% বেড়েছে। এই হিসেব আমাদের করা নয়। আমরা এটা বলতে চাই যে, পরপর তিনবার 'কৃষি কর্মণ' পুরস্কারকে যদি আপনারা অবজ্ঞা করেন তাহলে আসলে আপনারা কৃষককেই অবজ্ঞা করছেন। তার কারণ কৃষকরাই উৎপাদনের জায়গা তৈরি করে এবং এই 'কৃষি কর্মণ' পুরস্কার পাওয়ার জায়গা তৈরি করেছে। এখানে দেখুন, কৃষিক্ষেত্রে আমি আপনাদের আবারও অনুরোধ করে বলব যে, গণতান্ত্রিক জায়গায় প্রত্যেকের তার মতো বলার অধিকার আছে। কিন্তু তার সাথে এইটা খেয়াল রাখবেন যে, যখন একটা আলোচনা ব্যক্তি ছাড়িয়ে সাধারণ জায়গায় যেতে পারে সেই আলোচনার গুরুত্ব অনেক বেশি। তার মান অনেক উঁচু। আর যখন আলোচনা ব্যক্তিকেন্দ্রিক জায়গায় দাঁড়িয়ে যায় সেটা গণতন্ত্রের অপমান। যে অপমান আপনারা এই সদনে দাঁড়িয়ে করছেন। সাথে সাথে আপনাদের বলব, যে আপনারা যারা ...(গোলমাল)... আপনারা যারা কৃষক দরদের কথা বলছেন, সেই কৃষকরা আপনাদের ছুঁড়ে ফেলে দিল কেন? ওই প্রশ্নটা নিজের বুকে হাত দিয়ে চিন্তা করুন। যে গ্রামে কৃষকরা কেন আপনাদের দূরে ছুঁড়ে ফেলে দিল। মাননীয় আবু তাহেরবাবু আপনি তো অনেক কথা বলেছেন,

...(গোলমাল)...

মিঃ স্পীকার : বসুন, বসুন, মাননীয় মন্ত্রীকে আপনারা disturb করবেন না। Please, ওনাকে বলতে দিন। আপনি যদি না চান উনি বলবেন না। উনি উত্তর দিচ্ছেন। আপনারা ওনাকে disturb করবেন না।

শ্রী পূর্ণেন্দু বসু : স্যার, আমি আবু তাহেরকে বলব যে, আপনার জেলায় যে পেঁয়াজের চাষ এতো বাড়তে পারলো তার জন্য আপনি তো একবারও বললেন না যে, সরকার পক্ষ থেকে আপনাদের ওখানে বীজ সরবরাহ করা হয়েছে। এই কথাতো একবারও বললেন না।

[3.40 - 3.50 p.m.]

সাধারণভাবে দেখুন, আপনি আজ পর্যন্ত কোনো আলোচনায় অংশগ্রহণ করেননি। পিঁয়াজের চাষে যে উন্নতিটা তার জন্য আমাদের সরকারই আছে। আমি শেষ করবো, মাননীয় অধ্যক্ষ

মহোদয়, আমি একটি তথ্য দিয়ে আমার আবেদন জানিয়ে শেষ করবো যে গত তিন বছরে গড় উৎপাদিকা বৃদ্ধির হার ২০০৮-০৯, ২০১০-১১-তে গড় উৎপাদিকা যেটা হয়েছিল সেটা হচ্ছে এক হেক্টরে চাল ২৫৯৬ কেজি। ২০১১-১২, '১৩-'১৪-তে এটা হয়েছে ২৭৪০ কেজি পার হেক্টর। এটা বেড়েছে ৫.৫ পারসেন্ট। আমি দ্বিতীয় যেটা জানাব ডালশস্য, ৮০৮ কেজি হেক্টরে ছিল '০৮-'০৯ থেকে '১০-'১১—এটা '১১-'১২, '১৩-'১৪তে এটা বেড়ে হয়েছে ২৬৯৭ কেজি, ৫.৩৯ পারসেন্ট বেড়েছে। বাদাম ১৭১৩ কেজি ছিল '০৮-'০৯, '১০-'১১ সালে, এটা বেড়ে হয়েছে ২২৬৮ কেজি; একটু বলুন, সরকার ভালো কাজ করছে, বেড়েছে থাট্টি থ্রি পারসেন্ট পয়েন্ট ওয়ান ওয়ান। ৯৮০ কেজি ছিল তৈলবীজ, এটা বেড়ে হয়েছে ১১০১ কেজি, ১২.৩৪ পারসেন্ট বেড়েছে। আমি এই কথাগুলো এই কারণে বললাম আপনাদের কাছে যে আপনারা প্রকৃত সত্য জানুন এবং এই সত্য জেনে আপনারা সত্য কথা বলুন, রাজ্যের অপমান করবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষি পরিস্থিতি, কৃষি কৌশল, উৎপাদনের লক্ষ্যমাত্রা এবং ২০১৫-১৬ সালে কৃষি উন্নয়ন সংক্রান্ত যে সমস্ত কর্ম প্রকল্প, কর্মসূচি রূপায়ণের কথা চিন্তা ভাবনা করা হয়েছে এবং যেগুলির জন্য বাজেট সংস্থান চাওয়া হয়েছে সেগুলির সম্পর্কে আমার সংক্ষিপ্ত বক্তব্য পেশ করলাম—এই কথা বলে আমি কর্মপ্রকল্পের রূপায়ণের জন্য প্রস্তাবিত বাজেট বরাদ্দ এই সভায় বিবেচনা ও অনুমোদনের জন্য পেশ করছি।

Mr. Speaker : Now the question before the House is the cut motion (Nos. 1-3) that the Amount of the Demand be reduced to Re.1/- and the cut motion (Nos. 4-19) that the Amount of the Demand be reduced by Rs.100/-.

As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion, will please say Noe.

Noes have it, noes have it.

The motions are lost.

Now the question before the House is the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs.2024,38,44,000 be granted for expenditure under Demand No.5, Major Heads : "2235-Social Security and Welfare, 2236-Nutrition, 2401-Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 2415-Agricultural Research and Education, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry and 4415-Capital Outlay on Agricultural Research and Education" during the year 2015-2016.

(This is inclusive of total sum of Rs.674,79,51,000 already voted on account.)

As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion, will please say Noe.

Ayes, have it, ayes have it.

Demand No. 5 is passed, Demand No. 5 is passed.

Demand No. 4

Mr. Speaker : Now the business before the House is Demand No.4. Demand No.4 relates to Agricultural Marketing Deptt.

There are four cut motions to Demand No.4. The cut motions are in order.

Shri Asit Mita } : Sir, I beg to move that the Amount of
Shri Gouranga Chatterjee } : the Demand be reduced to Re.1/-

Shri Sahajahan Choudhury : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs.100/-

(Hon'ble Members of Left Front gathered near Mr. Speaker's chair.)

Shri Sahjahan Chowdhury : Not responded.

শ্রী বিপ্লব রায় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৫-২০১৬ সালের জন্য পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অরূপ রায় ৪ নং দাবি সম্পর্কে যে বক্তব্য রেখেছেন তার সপক্ষে আমি আবার বক্তব্য নিবেদন করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সবাই জানি আমাদের দেশের ৭০ শতাংশ মানুষ কৃষির ওপর নির্ভরশীল। কৃষির ওপর নির্ভরশীল সেই মানুষরা তারা তাদের বেঁচে থাকার জন্য তারা যে কৃষিজ সম্পদ উৎপন্ন করে সেই সম্পদ তারা সবাই মিলে বাজারে নিয়ে যায়। বাজারে নিয়ে গিয়ে সেই সম্পদ বিক্রি করবে, তার জন্য কি পরিকাঠামো হবে ইত্যাদি নিয়ে ১৯৭২ সালে মাননীয় সিদ্ধার্থ শঙ্কর রায়ের আমলে একটা বিধান তৈরি হয়। ...(তুমুল হট্টগোল)... সেই বিধান তৈরি করে সেই বিধানের মধ্য দিয়ে একটি নতুন দপ্তর তৈরি হয়েছিল। সেই দপ্তরের মধ্য দিয়ে সেই কাজকর্মগুলো চলছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পরবর্তী পর্যায়ে বিভিন্ন সংশোধনের মধ্য দিয়ে ১৯৭৩ সালের শেষের দিকে সেই কাজকর্ম শুরু হয়। সেই কাজকর্মগুলো কৃষকদের শান্তির পরিবেশ তৈরি করেছিল এবং কৃষকদের এগিয়ে নিয়ে যাওয়ার পরিবেশ তৈরি করে দিয়েছিল। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে দেখলাম, পরবর্তী পর্যায়ের নির্বাচনে বামফ্রন্ট যখন ক্ষমতায় আসে তখন বামপন্থী সরকার এই দপ্তরটিকে ফরোয়ার্ড ব্লককে জিম্মা দিয়ে দেন, ফরোয়ার্ড ব্লককে লিজ দিয়ে দেন। ...(তুমুল হট্টগোল)... ফরোয়ার্ড ব্লকের লোকেরা সেই লিজপ্রাপ্ত দপ্তর তারা তাদের যথেচ্ছাচার করতে শুরু করেন। যা যা টাকা পয়সা আদায় হচ্ছিল এই দপ্তরের মাধ্যমে, সেই সমস্ত টাকা পয়সা নিয়ে তারা ছিনিমিনি খেলতে শুরু করেন। আমরা দেখলাম যে মার্কেটিং বোর্ড তৈরি হয়েছিল সেই মার্কেটিং বোর্ডের মধ্য দিয়ে এই সমস্ত টাকা পয়সা নিয়ে তারা ছিনিমিনি খেলতে খেলতে এমন একটা পর্যায় নিয়ে আসেন, যখন আমরা দেখলাম বহু আধিকারিক এই কাজের সঙ্গে যুক্ত হয়ে গেলেন এবং তারা সবাই টাকা-পয়সা তছনছ করতে

আরম্ভ করলেন। টাকা-পয়সা নয়ছয় করতে করতে অনেক অ্যাকাউন্টেন্ট, অনেক আধিকারিক, অনেক বিভাগীয় অফিসার যুক্ত হয়ে গেলেন। পরবর্তী পর্যায়ে আমরা দেখলাম তাদের বিরুদ্ধে মামলা হল এব বেশ কিছু আধিকারিকের জেলও হল। তারা সেই জেলে বাস করতে আরম্ভ করলেন। এই অবস্থা হল। এর পরবর্তী পর্যায়ে সরকার পরিবর্তন হওয়ার পরে, মাননীয় অরূপ রায় মন্ত্রী হওয়ার পরে তিনি আস্তে আস্তে একটা পরিবর্তনের সূচনা করলেন।

...(এই সময় বিরোধী বামফ্রন্ট দলের মাননীয় সদস্যরা ওয়েলে নেমে বসে পড়েন এবং স্লোগান দিতে থাকেন।)...

তিনি বললেন আমি এই সরকারের পরিবর্তনের মধ্য দিয়ে মানুষের কল্যাণ করতে চাই। কৃষকদের কল্যাণ করতে চাই। কেমন করে কৃষকদের কল্যাণ করবেন? অরূপবাবু বললেন, কৃষকের কল্যাণ হবে মানুষের আরো অগ্রগতির মধ্য দিয়ে, কৃষক বাজারের মধ্য দিয়ে। কিভাবে এই কাজগুলি করা যাবে, তার জন্য সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করেছেন তিনি। ১০৯টি চেক পোস্টের মাধ্যমে এই কালেকশানগুলি হচ্ছিল। ...(তুমুল গণ্ডগোল)... সেই ১০৯টি চেক পোস্টের মাধ্যমে সেই কালেকশানগুলি করতে করতে তারা এগোচ্ছিলেন। মাননীয় মন্ত্রী অরূপ রায় বললেন এই যে কালেকশানগুলি হচ্ছে এর মধ্য দিয়ে আমাদের আরো সংঘবদ্ধভাবে কাজ করতে হবে। সেই কাজ করার জন্য তারা প্রস্তুতি নিয়েছেন। সেই প্রস্তুতি নিয়ে তারা যে কাজ করছেন সেই কাজের মধ্য দিয়ে তারা আস্তে আস্তে এগোচ্ছিলেন। ...(তুমুল হট্টগোল)... মাননীয় মন্ত্রী অরূপবাবু বললেন, আমি এটাকে আরো সংগঠিত রূপ দিতে চাই। সংগঠিত রূপ দিয়ে এটাকে আরো এগিয়ে নিয়ে যেতে চাই। সুনির্দিষ্টভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তিনি আস্তে আস্তে ১০৯টি চেক পোস্টের মধ্য দিয়ে যে কালেকশানগুলো হচ্ছিল, যে ৪৮টি পয়েন্টের মধ্য দিয়ে কাজকর্মগুলো হচ্ছিল,

[3.50 - 4.00 p.m.]

সেগুলোকে তুলে দিয়ে তিনি বললেন যে আঠারোটি জেলা আছে, সেখানে এক একটা করে আমি জেলা কমিটি করব। সেখান থেকে যে কালেকশানগুলো থাকবে তার মধ্যে দিয়ে আমি আস্তে আস্তে করে তিনি কাজকর্ম এগিয়ে নিয়ে যাচ্ছিলেন। ওনার এই প্রস্তাবকে আমরা সমর্থন করি এই জন্য, এই ক্লাস্টারের মধ্যে দিয়ে একটা বিজ্ঞানভিত্তিক মনোভাব প্রকাশ পেয়েছে। এই কাজের মধ্যে দিয়ে একটা সুনির্দিষ্ট পথ প্রকাশ পেয়েছে। তাই মাননীয় মন্ত্রীমহাশয়, যে পথের মধ্যে দিয়ে এগোচ্ছিলেন তা অত্যন্ত সঠিক পথ। আমরা পরবর্তী পর্যায়ে দেখলাম, মাননীয় মন্ত্রী মহাশয় আস্তে আস্তে করে কৃষক বাজার তৈরি করার প্রস্তাব করেছেন। ২০১৪-১৫ আর্থিক বর্ষে প্রথম পর্যায়ে ৯৫টি নির্মীয়মাণ কৃষক বাজারের মধ্যে ৭৬টি কৃষক বাজারের কাজ তিনি শেষ করে ফেলেছেন। এটা একটা অসাধারণ সাফল্যের কাজ। এর আগে আমরা এই দপ্তরে এতবড় সাফল্য দেখিনি। আজকে যখন এই ৭৬টি কৃষক বাজারের কাজ সম্পূর্ণ হয়েছে জেনেছি তখন আনন্দে আমরা আপ্লুত হয়েছি এবং আশা করছি পরবর্তী পর্যায়ের বাজারগুলোর নির্মাণের কাজও শেষ হয়ে যাবে। কৃষক নিয়ন্ত্রিত বাজার সমিতিগুলোর কাছে তা হস্তান্তর করা হয়েছে।

এর ফলে কৃষকদের মধ্যে একটা ব্যাপক সাড়া পড়ে গেছে। দ্বিতীয় পর্যায়ে ৮১টি কৃষক বাজারের নির্মাণের কাজ তিনি হাতে নিয়েছেন এবং সেই কাজের অগ্রগতিও সন্তোষজনক। তিনি ক্রমাগত সেই কাজের দিকে এগোচ্ছেন। তিনি বলছেন কৃষকরা যাতে ভোগ্যপণ্য বাজারে নিয়ে এসে তারা যাতে বাজারে সেইসব জিনিসপত্র বিক্রি করতে পারে তার জন্য পরিকাঠামো তৈরি করা প্রয়োজন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আবারও ধন্যবাদ দেব, তিনি অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ সময়ে কৃষকদের কাছ থেকে আলু কিনে সেই আলু কিভাবে মিড-ডে মিলে পাঠিয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করেছেন। তিনি যে অসাধারণ উদ্যোগ গ্রহণ করেছেন তার মধ্যে দিয়ে তার দপ্তর হাসিমুখে এগিয়ে চলেছে আরও অগ্রগতির দিকে। আমি মনে করি এই যে মার্কেটিং বোর্ড তিনি তৈরি করেছেন এবং মার্কেটিং বোর্ডের যে আইন তৈরি করেছেন তার মধ্যে দিয়ে তিনি কৃষকদের মধ্যে নিজেকে কৃষক বন্ধু হিসাবে নিজেকে প্রমাণ করতে পেরেছেন। এই সরকার কৃষকদের পাশে দাঁড়িয়ে তাদের জন্য উপযুক্ত পরিকাঠামো তৈরি করে তিনি গোটা কৃষক সমাজের মুখে হাসি ফোটাবার চেষ্টা করেছেন তার জন্য তাকে ধন্যবাদ জানিয়ে এই চার নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(নয়েজ)

(বিরোধী বামফ্রন্টের সদস্যরা ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন।)

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীমহাশয় চার নম্বর দাবির অধীন যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশানগুলোকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আজকে আমরা সকলেই জানি সারা পশ্চিমবাংলার কৃষকদের অবস্থাটা কি। সবথেকে গুরুত্বপূর্ণ বিষয় হল কৃষকরা যে ফসল উৎপাদন করে সেই ফসলের মূল্য সঠিকভাবে তারা পাবে কিনা, কৃষকরা তাদের পরিশ্রমের মূল্য পাবে কিনা, সেটা সঠিকভাবে দেখভাল করা বা তাদের মূল্য পাইয়ে দেওয়াটাই হচ্ছে এই দপ্তরের কাজ।

(এই সময় বিরোধী বামফ্রন্টের সদস্যরা হাউস থেকে ওয়াক আউট করেন।)

(নয়েজ)

স্যার, আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে কয়েকটি প্রশ্ন করতে চাই, আজকে যে পরিস্থিতি তৈরি হয়েছে, কৃষকরা যে ফসল উৎপাদন করছে এবং তাদের উৎপাদিত ফসলের মূল্য সঠিকভাবে যাতে পাওয়া যায় তার কোনো স্পেসিফিক নীতি বা পরিকাঠামো বা চিন্তা-ভাবনা আজকে আপনার আছে কি। আমি এটা আপনার কাছে প্রশ্ন করছি। আজকে এই বিধানসভাতে দাঁড়িয়ে আপনি বলতে পারবেন যে, কৃষকরা ফসল উৎপন্ন করছে তারা এই মূল্যটা পাবে। আগামীদিনে এটা আপনি জোর গলায় বলতে পারবেন? আপনি বলতে পারবেন না কারণ আপনার সেরকম কোনো পরিকাঠামো নেই। আপনার কোনো কন্ট্রোল নেই। স্যার, আমি শুধু দুটো কথা বলে শেষ করছি। আজকে দেখলাম যে বিভিন্ন জেলাতে বিশেষ করে পুরুলিয়া

জেলাতেও অনেকগুলো ব্লকে কিষাণ মান্ডি বলে বড় বড় বিল্ডিং হয়েছে। এবং আমার কাছে যা খবর ওটায় ভালো টাকাও বরাদ্দ আছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করতে চাই, যে কিষাণ মান্ডিগুলো বলে যে বড় বড় বিল্ডিং করা হল সেই বিল্ডিংগুলোতে কোনোদিন শাকসবজি করার মার্কেট বিশেষ করে পুরুলিয়াতে আপনি বসাতে পারবেন? আজ আপনি বিধানসভায় জোর গলায় বলতে পারবেন? কিচ্ছু ইউজ হবে না ওগুলো। ওগুলোতে শুধুমাত্র ইট পাটকেল বিক্রি হবে, পরবর্তীকালে ওখানে কিছু অসামাজিক লোকের বাসস্থান ছাড়া কিচ্ছু করতে পারবেন না ওখানে। আর যদি করতে না পারেন তাহলে এই যে টাকা অপচয় করা হল without any planning কিভাবে সেটা চলবে, কি তার মাথা মুণ্ডু কিছুই আপনার জানা নেই। আপনি বড় বড় বিল্ডিং সব করে দিলেন। যারা অফিসাররা আছে তাদেরকে আমরা জিজ্ঞেস করি স্যার এইটাতে কি হবে? তাঁরা বলেন, মন্ত্রী বলেছেন, টাকা এসেছে, ঠিকাদার এসেছে, তারা বিল্ডিং করবে — এত পর্যন্ত আমরা জানি। এরপরে ওখানে সব্জী বিক্রি হবে, এটা যে কেউ শুনলে হাসতে শুরু করছে। কিভাবে হবে ওটা আপনারাও জানেন সেটা ভালো করে। বাস্তব জিনিসটাকে আপনাকে তুলে আনতে হবে। আমি পুরুলিয়া জেলার কথা বলছি। এখানে এই ধরনের একটা পরিস্থিতি তৈরি হয়েছে। আজকে আলু চাষের কথা বলা হয়েছে। আজকে আলু চাষের ক্ষেত্রে, অতিরিক্ত ফসল উৎপন্ন হয়েছে। একটু আগেই আপনি মানসদার একটা প্রশ্নের উত্তরে বলেছেন। আপনার রাখার ক্যাপাসিটি ৬২ থেকে ৬৭ লক্ষ টন এবং এই ডিসেম্বর পর্যন্ত লোকালি আমাদের যে চাহিদা আছে সেটা ৩০ থেকে ৩৫ লক্ষ টন। বাকী মাল আপনাকে বাইরে নিয়ে যেতে হবে, বাইরের রাজ্যে বিক্রি করতে হবে। বাইরের রাজ্যে বিক্রি হবার কোনো সম্ভাবনা আছে? আপনি কি মনে করেন সেটা আছে? যদি না থাকে তার কারণ কি? কারণটা আপনি যদি বিশ্লেষণ করেন — স্যার, আমি আপনার মাধ্যমে বলতে চাই, কিছুদিন আগে হঠাৎ করে একটা নিষেধাজ্ঞা জারী হয়ে গেল যে এখানের আলু বাইরের কোনো রাজ্যে নিয়ে যাওয়া যাবে না। এটা কি সঠিক? এটা কি কখনো হওয়া উচিত? এটার প্রতিক্রিয়া কি দেখা গেল? আলু বাইরে গেল ঠিকই, মাঝে মাঝে লাভ হল কিছু পুলিস অফিসারের, কিছু লাভ হল পুলিস অফিসারের সাথে যারা ব্যবসায়ীদের নিগোসিয়েট করে সেইসব নেতা-নেত্রীদের, তাদের লাভ হল। আলুও গেল এবং ব্যাপকভাবে আলু চাষিরা মার খেলো। পরবর্তীকালে আপনারা চাপ বুঝে আশপাশের যেসব রাজ্য আছে সেইসব রাজ্যে আলু পাঠানোর ব্যাপারটা ক্লিয়ার করেছেন যে ওখানে যেতে পারে। আমি আপনার কাছে প্রশ্ন করি, আজ সেইসব রাজ্য কোনো মতেই এই আলু আর কিনতে চাইছে না। তারা নিজের থেকে উৎপাদন বাড়াবে। এবং আলু কিনবে না। আজকে আমরা, দেখছি, এই এত লক্ষ টন যে এক্সট্রা আলু আপনি মজুত করে রেখেছেন তার বিক্রি হওয়ার কোনো সম্ভাবনা আমর দেখছি না। এখানে বলি, হিমঘরের কথা। আমি একটু আগে এই যে কিষাণ মান্ডির কথা বলেছিলাম, সেখানে আমাদের পুরুলিয়া জেলাতে সম্ভবত এইরকম ১২টা হয়েছে। তাহলে যদি ৬ কোটি টাকা করে হয়, তাহলে ১২ গুণিতক ৬ সেক্ষেত্রে এই এত কোটি টাকা আপনি কিষাণ মান্ডিতে নষ্ট করলেন। সেটাতে আপনি পুরুলিয়াতে হিমঘর করতে পারতেন। আজকে পুরুলিয়াতে আমরা দেখেছি ভেজিটেবিল খুব হাই কোয়ালিটির হয়। সেখানে টমেটো চাষ করে চাষীরা মার্কেটে নিয়ে যাওয়ার সময় রাস্তাতে

ফেলে দেয়। কারণ তারা তার মূল্য পায় হয়তো ২৫, ৩০ বা ৫০ পয়সা কেজি। আজকে এই ধরনের একটা পরিস্থিতি। ওই টমেটোগুলো চাষীরা ফেলে দিচ্ছে, কই, অর পাঁচতারা হোটেলে যখন টমেটোর স্যালাড দেওয়া হচ্ছে তার দামটা তো একবারও কম হয় না? তখন তার দাম সঠিক জায়গাতেই থাকে। কারণ টমেটো হচ্ছে সবথেকে একটা ইউজফুল ভেজিটেবল, যাতে সমস্ত রোগের প্রতিরোধক শক্তি আছে।

[4.00 - 4.10 p.m.]

আজকে সেই টমেটো চাষ করে market নিয়ে যাচ্ছে — রাস্তায় ফেলে দিতে হচ্ছে, কোনোরকম কোনো cold storage-এর ব্যবস্থা নেই। আজকে এই টাকাটা দিয়ে সেইটা আপনি করতে পারতেন। কোনো training নেই, কোনো link নেই — আর যেখানে আপনি কিষাণ মান্ডি করেছেন — ঘর থেকে যদি ওই লোকটা সবজি রাখতে যায় তার বদলে নিজের গ্রামে বিক্রি করলে বেশি লাভ। তাহলে এই যে gapগুলো, এগুলো একটু চিন্তা-ভাবনা করে করা উচিত ছিল। আপনার কাছে নিশ্চয় Karnatak model আছে। সেখানে এই যে মান্ডিগুলো করেছে তার একটা comprehensive link system আছে এবং এই link system-এর মাধ্যমে সবজিগুলো একটা জায়গা থেকে collect হয়ে — সেখানে আর চাষীকে আর বেশিদূর যেতে হবে এবং chain system-এ, সেই সবজি যথারীতি কিষাণ মান্ডিতে আসবে বা cold storage-এ আসবে এবং সেখান থেকে মূল্যটা সে পাবে। আপনি এই ব্যাপারটাকে না দেখে, এই ধরনের একটা পরিস্থিতি তৈরি করে — আজকে চাষীরা, সবাই চাষ করার আগে চিন্তা-ভাবনা করছে, যে আমাদের মূল্য আমরা সঠিক ভাবে পাব কি না। এই বিষয়টাকে আপনার গুরুত্ব দিয়ে চিন্তা করতে হবে। স্যার, আমি আপনার মাধ্যমে বলি, যে Assurance Committee যে report দিয়েছে — আপনার বাজেট বক্তৃতা একরকম আর Government Assurance কমিটি তারা যে কথা বলছে সেটা আরো একটু অন্যরকম। এই যে একটা ব্যাপক তফাৎ, এই তফাৎটা কেন হচ্ছে? এটা একটা ছিনিমিনি খেলা হচ্ছে সব চাষীদের সঙ্গে। আমি আপনাকে এই কথাটা বলতে চাই, Government Assurance কমিটি বলছে, বর্তমানে রাজ্যে প্রতিটি কৃষক যাতে তার উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পান, তার জন্য সারা রাজ্যে সুসংহত কৃষিজ বিপণন ব্যবস্থা গড়ে তোলার কার্যকরী পদক্ষেপ গ্রহণ করলেও প্রথম পর্যায়ে ৯৫টি ব্লকের মধ্যে, মাত্র ৯টি কৃষক বাজার আরম্ভ হয়েছে, মাত্র ৯টি। আপনি অনেক জায়গায় - অনেকরকম ভাবে - মাত্র ৯টি। যত বেশি কৃষক মান্ডি করার প্রস্তাব নিশ্চয় ভালো, কিন্তু এটা ফাংশান করবে কিসে? এটা চালু হবে কিভাবে? তার একটা যে ব্যাপক পরিকল্পনা — কারণ পুরোপুরি আপনার দপ্তরের উপর নির্ভর করছে আগামীদিনের চাষিদের ভবিষ্যৎ। আজকে আত্মহত্যার কথা বলা হচ্ছে। আজকে আলু চাষিরা রাস্তায় আলু ফেলে দিচ্ছে। এর থেকে বদনাম আর কিছু হতে পারে। তাই আমি এই বিষয়গুলো দেখার অনুরোধ করছি, যে আজকে কৃষক মান্ডির কোনো ইউজ নেই, কোনো ইউজ আপনি করতে পারবেন না। এটা আমি জোর গলায় এখানে বলছি; দুই-একটা জেলায় যদি পারেন পারবেন, যেখানে যেখানে প্রচুর সবজি বা কাছাকাছি main point-এ সেগুলো তৈরি হয়েছে, বাকি কোনো

জায়গাতে হবে না...(এই সময় লালবাতি জ্বলে ওঠে)... এটা টাকাটা যদি অন্যভাবে খরচ করতেন, cold storage করতেন। কারণ কোনো কোটিপতি লোক যেখানে সবজি হবে না, সেখানে cold storage খুলতে যাবে না। কারণ তাতে সুদ যোগ হবে, অথচ লাভ হবে না। তাহলে সরকারকে এগিয়ে আসতে হবে — সেইসব জায়গাতে cold storage করার, পুরুলিয়ার মতো জায়গাতে, বাঁকুড়ার মতো জায়গাতে। এই বিষয়গুলো কিষাণ মান্ডি করার আগে আপনার ভাবা উচিত ছিল। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী যোগরঞ্জন হালদার : ২০১৫-১৬ সালের চার নম্বর দাবির সম্পর্কে শ্রী অরূপ রায় কৃষি বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ভাষণ পেশ করেছেন, তাকে আমি পূর্ণ সমর্থন করে এবং কাট মোশানের বিরোধিতা করে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য রাখছি। কৃষির সঙ্গে যেহেতু এটা সম্পর্কযুক্ত, সেই জন্য আমি একটা কথা আগে বলছি, যে আমাদের দুর্ভাগ্য যখন কৃষিতে কর্মণ যাচ্ছে সারা ভারতবর্ষের মধ্যে। তখন তাকে সমালোচনা করছে, আমাদের বিরোধীপক্ষের সিপিএম পার্টি। এরা তো কি করে কৃষকের বন্ধু হতে পারে, এরা কি করে পশ্চিমবাংলার বন্ধু হতে পারে — সারা ভারতবর্ষের মানুষ এদের কি ভালোবাসতে পারে? যে দেশের কাউকে ভালোবাসে না, যে রাজ্যকে ভালোবাসে না যারা। তাই আমি তাদের প্রথমে ধিক্কার জানাচ্ছি এবং সেই সঙ্গে সঙ্গে আমি কৃষির সঙ্গে যুক্ত বলে কিছু কিছু কথা একইরকম হয়ে যাবে। কৃষি বিপণন একটা গুরুত্বপূর্ণ বিষয়। সেখানে পশ্চিমবাংলায় ৭০ শতাংশের বেশি মানুষ এই কৃষির উপর নির্ভরশীল — জীবন জীবিকার। উৎপাদন করার পরে তারা যদি বিপণন করতে না পারে, বিপণন ব্যবস্থার উপর নির্ভর করে কৃষিজীবী মানুষ, কৃষিজাত দ্রব্য উৎপাদনের আগ্রহ। আগ্রহ যদি সৃষ্টি না হয়, তাহলে কৃষির উন্নয়ন ব্যাহত হবে। তাহলে কৃষি উন্নয়ন ব্যাহত হবে। কৃষকদের আগ্রহ সৃষ্টি করতে হবে। সেই জন্য কৃষকের আগ্রহ সৃষ্টি হলে উৎপাদন বৃদ্ধি হবে। কৃষির উন্নয়ন ঘটবে, ফসলের জোগান বাড়বে, কৃষিতে কর্মসংস্থান বৃদ্ধি হবে, উৎপাদনের সঙ্গে সঙ্গে অর্থনৈতিক উন্নয়ন হবে কৃষকদের। পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ আইন, ১৯৭২ সাল থেকে শুরু হয়েছে, যাকে পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ বলে। মাননীয় মন্ত্রী শ্রী অরূপ রায় ২০১৫-১৬ আর্থিক বছরে কেন্দ্রীয় মূলধন ১০০ কোটি সহ পরিকল্পনা খাতে ২৫০ কোটি টাকা এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে ১৮ কোটি ১৬ লক্ষ টাকা, মোট ২৬৮ কোটি ১৬ লক্ষ টাকা অনুমোদনের জন্য এখানে প্রস্তাব রেখেছে। যেখানে গত বছর ২০১৪-১৫ সালে তিনি প্রস্তাব রেখেছিলেন ২৪৫ কোটি তিনি বাড়িয়েছেন। আর বামফ্রন্টের শেষ সময়ে আমরা যদি ধরি তাহলে ২০১০-১১ বামফ্রন্টের শেষ বছরে, তাঁরা থাকলে কষ্ট পেতেন তারা কি করে কৃষকের বন্ধু হয়? ২৫ কোটি টাকা মাত্র প্রস্তাব রেখেছিলেন। ২০১০-১১ সালে তারা ২৫ কোটি টাকা প্রস্তাব রেখেছিলেন এই বিপণন খাতে। অথচ ওনারা বলছেন আমরা কৃষকের বন্ধু। বাম সরকার প্রকৃত অর্থে কৃষকের জন্য উপকার করেননি। কোনো সুচিন্তিত পরিকল্পনা কৃষকদের জন্য তাঁরা করেননি। সবচেয়ে যেটা খারাপ করেছে জমিকে খণ্ড খণ্ড করে দিয়েছে, জোর করে জমি দখল করে নিয়েছে। জমি খণ্ড খণ্ড করে দেবার ফলে কৃষি কাজ ব্যাহত হয়েছে, কৃষির উৎপাদন কমেছে। তার ফলে কৃষকদের অর্থনৈতিক অবস্থা আরো খারাপ হয়েছে। যার ফল স্বরূপ ৩৪

বছরে প্রায় ৭৪ লক্ষ কৃষক কৃষি কাজ ছেড়ে শহরে চলে এসেছে তারা ডেলি লেবার হিসাবে কাজ পাওয়ার জন্য। কৃষি কাজে তাদের কোনো উপকার হচ্ছে না, লাভ হচ্ছে না, সেই জন্য তারা ডে-লেবার হবার জন্য সারা শহরের বিভিন্ন এলাকায় ছড়িয়ে পড়েছে। কাজ না পেয়ে বাম আমলে রেকর্ড সংখ্যক কৃষকের অনাহারে মৃত্যু হয়েছে। ওনারা অনাহারে মৃত্যুর কথা বলছিলেন, ওনাদের বোধোদয় হয়নি, এখনও তাই কৃষকদের নিয়ে শুধু রাজনীতিই করতে চায়। ওরা কৃষকের প্রকৃত উপকার করতে চায় না। প্রকৃত কৃষকের উপকারের জন্য বাম সরকারের কোনো পরিকল্পনা ছিল না। আমি পরিসংখ্যান দিচ্ছি ন্যাশানাল ক্রাইম রিপোর্ট থেকে কৃষকের অনাহারে মৃত্যু ওয়েস্টবেঙ্গল বলছে যে ১৯৯৫ থেকে ২০০২ সালে ২৬ জনের অনাহারে মৃত্যু হয়েছে। ২০০৩ থেকে ২০১০ সাল ৯৯০ জনের মৃত্যু হয়েছে। ২০১০-১১ তে ৮০৭ জনের মৃত্যু হয়েছে। ২০১১-১২-তে এসে কিন্তু শূন্য হয়ে গেছে। কোনো কৃষকের কিন্তু অনাহারে মৃত্যু হয়নি। তার পরে ২০১২-১৩-তে অনাহারে মৃত্যু হয়নি। ২০১৩-১৪-তে অনাহারে মৃত্যু হয়নি। কিন্তু সেখানে বলা হচ্ছে ২০১৫-তে কিছু আলুচাষি আত্মহত্যা করেছে এখানে লেখা আছে। সেটা কতটা সঠিক, কতটা ঠিক আমি জানি না। আমি তো পরিসংখ্যান দেখে বলছি, আমি তো মিথ্যা কথা বলছি না, এখানে বলেছে যে ২০১৫-তে কিছু আলুচাষি আত্মহত্যা করেছে। কিন্তু আমি সত্যি কথা বললাম না, না মিথ্যা কথা বললাম। আমি যেটা পেয়েছি তার থেকে বলছি, সেটা সঠিক, কি বেঠিক সেটা আপনারা দেখবেন। আমি যেটা বলছি সেটা ন্যাশানাল ক্রাইম রিপোর্ট থেকে, আপনারা দেখে নেবেন। কৃষিপণ্যের যে বহু ধরনের ব্যাপার আছে সেই ব্যবহারের উপর গ্রামীণ কৃষকদের অর্থনৈতিক ভাবে লাভবান করতে সক্ষম হয়। সেই কারণে পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ ও বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অরূপ রায় প্রতিটি ব্লকে কৃষক বাজার নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছেন। এর মধ্যে ২০১৪-১৫ আর্থিক বছরে রাজ্যে প্রথম পর্বে প্রস্তাবিত ৯৪টির মধ্যে ৭৬টি কিষাণ বাজার নির্মাণ করতে পেরেছেন। এটা তাঁকে ধন্যবাদ দেওয়ারই কথা। যেখানে পূর্বতন সরকার ৩৪ বছরের মধ্যে মাত্র ৪৫টি বিপণন কেন্দ্র স্থাপন করতে সক্ষম হয়েছিল। পশ্চিমবঙ্গ এগ্রি মার্কেটিং বাঁকুড়ার কৃষক বাজারগুলিকে ২২৫৯ জন চাষীকে ১৫ টাকা বর্ধিত মূল্য দিয়ে ৭ কোটি ৯১ লক্ষ টাকার ধান ক্রয় করেছে। পশ্চিমবঙ্গে আলুচাষিদের পাশে থেকে কুইন্টাল প্রতি ৫৫০ টাকা দামে আলু তারা কিনেছে।

[4.10 - 4.20 p.m.]

...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)...

ধান, গম, পাট-সহ এবং যারা লিচু সংরক্ষণ করেন, ফুল চাষ করেন, ফল চাষ করেন, ধান চাষ করেন, লেবু চাষ করেন, তাদের সবাইকে নিয়ে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করেছেন আমাদের মাননীয় মন্ত্রী, আমাদের মা-মাটি-মানুষের সরকার। স্বনির্ভর গোষ্ঠীকে প্রশিক্ষণ দিয়েছেন এবং তাদের স্বনির্ভর করার জন্য ২ লক্ষ টাকা করে তাদেরকে সাহায্য করা হয়েছে। তাতেও আপনাদের ভালো লাগছে না। তাতেও আপনারা সমালোচনা করবেন? সংরক্ষণ করার জন্য হিমঘর করা হয়েছে। কতকগুলো হিমঘর করা হয়েছে শুনে নিন। বর্তমানে রাজ্যে ৯৯টি বহুমুখী হিমঘর-সহ মোট হিমঘরের সংখ্যা ৫৩৪টি। ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : ...(অনুপস্থিত)

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় চেয়ারম্যান স্যার, ২০১৫-১৬ সালে ৪ নং দাবি সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অরূপ রায় মহাশয় যে বাজেট ভাষণ পেশ করেছেন আমি সেই বিষয়ে আমাদের আনা কাট মোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমরা জানি, কৃষি আমাদের রাজ্যে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্ষেত্র। যেহেতু ভারতবর্ষে অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যে শিল্প খুব কম থাকায় গ্রামগঞ্জে বেশীর ভাগ মানুষ কিন্তু কৃষির উপর নির্ভর করে থাকে। তাই একটা কথা আছে — কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ। কৃষি বিপণন বিভাগের মূল কাজ হল — রাজ্য বিপণন পর্ষদ নিয়ন্ত্রিত বাজার সমিতির কার্যক্রম সমন্বয় সাধন, তত্ত্বাবধান, দিক নির্দেশনা এবং নিয়ন্ত্রণের মাধ্যমে রাজ্যে চাষিদের উৎপাদিত শস্য পণ্য সামগ্রী ন্যায্য মূল্যে বাজারে বিক্রির যাবতীয় ব্যবস্থা করা। সত্যি কি সরকার চাষীদের ফসল ন্যায্য মূল্যে বিক্রি করতে পারছে? কিনতে পারছে? না। দল পরিবর্তন হয়েছে, সরকারের পরিবর্তন হয়েছে। কিন্তু কৃষকের অবস্থার পরিবর্তন হল না। আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকার নিজস্ব তহবিল থেকে অতিরিক্ত কোনো ব্যবস্থা বা অর্থ প্রদান ধান চাষীদের জন্য করে না। আলু চাষীদের ক্ষেত্রেও কোনো মূল্য নির্ধারিত নাই। ফলে চাষিরা আত্মহত্যা করছে। দক্ষ বিপণন ব্যবস্থা — দক্ষ বিপণন ব্যবস্থার কোনো চিহ্ন আমরা দেখতে পাচ্ছি না। কর্পোরেশান বিভিন্ন মেলা, উৎসব ইত্যাদি করছে কৃষকদের স্বার্থে। সত্যি কি তাই? মেলাতে কৃষকদের নিয়ে যাওয়া হচ্ছে। কিসের জন্য? তাদেরকে সুপরামর্শ দেওয়া হবে তারা কি করে চাষ করবে এবং সেই ফসল তারা বিক্রি করবে। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি, মেলাতে নিয়ে যাওয়া হচ্ছে, টিফিন খাইয়ে তাদেরকে বাড়ি পাঠিয়ে দেওয়া হচ্ছে। কোনো সুপরামর্শ কিন্তু তাদেরকে দেওয়া হচ্ছে না। আমরা দেখলাম, আমার ব্লকে মাননীয় মন্ত্রী গিয়েছিলেন বেচারাম মান্না মহাশয়। ব্লক কৃষি আধিকারিক আমাকে একদিন ফোন করলেন যে, কৃষি মেলা তাঁরা প্রত্যেকটা ব্লকে করছেন। উনি বললেন যে, কৃষি মেলাটা আপনাকে উদ্বোধন করতে হবে। তার দু-দিন পর বলছে ম্যাডাম, মেলা তো আপনাকে দিয়ে উদ্বোধন করানো যাবে না, সরকারের নির্দেশ আছে। আমরা দেখতে পেলাম, কৃষি মেলা প্রথমদিন উদ্বোধন হল, তার পরের দিন মন্ত্রী বেচারাম মান্না মহাশয় সেখানে গেলেন মেলা দেখতে। আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি বড় বড় কথা বলেন। মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনারা বলেন বিরোধী দলকে সম্মান দিতে হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি একটা ব্লকের সেখানকার এলাকার বিধায়কদের ডাকা হচ্ছে না। সেখানে মেলা করা হচ্ছে পার্টির ক্যাডারদের দিয়ে। সেখানে মেলা উদ্বোধন করছে পার্টির ক্যাডাররা। তাই আমি বলব, এই সরকারকে বলুন তাদের মানসিকতাটা একটু চেঞ্জ করতে। বলুন, বিরোধীদেরকে একটু সম্মান দিতে। কারণ মুখ্যমন্ত্রী যেমন একজন বিধায়ক, আমরাও সেই রকম একজন বিধায়ক। তিনি শুধু একটা পদে আছেন। তাই তাঁর যেমন ক্ষমতা আছে, সেই রকম আমাদেরও ক্ষমতা আছে। আমরাও জনগণের ভোটে জিতে এসেছি, উনিও জিতে এসেছেন। তাই আমার মতে বিরোধীদের একটু সম্মান দেওয়া

উচিত। আমরা কান্দী সাব-ডিভিশানের মানুষ। আমাদের এলাকায় ধান ও আলু চাষ বিপুল পরিমাণে হয়। আপনারা জানেন যে, আমার এলাকায় ধান চাষ হয়েছে প্রচুর পরিমাণে। আমরা দেখেছি, আগে খাদ্যমন্ত্রী মিটিং করে বলেছিলেন যে, বিডিও-দের মাধ্যমে ধান কেনা হবে। কিন্তু এবারে কোনো মিটিং হল না। ডি.এম অফিসে একটি মিটিং হল। মিটিং-এ বলে দেওয়া হল, মিল মালিকেরা ধান কিনবে। অথচ আমরা দেখতে পাচ্ছি না যে, কি ভাবে চাষিরা ধান বিক্রি করবে। মিল-মালিকেরা তাদের নিজেদের মতো করে ধান কিনছে। কোনো জন-প্রতিনিধিকে জানাার প্রয়োজন মনে করছে না। ফলে বাধ্য হয়ে কৃষকরা ধান বিক্রি করতে পারছে না। মিল-মালিকরা নিজের মতো করে প্রধানদের কয়েকটা করে কুপন ধরিয়ে দিচ্ছে। এবার প্রধানরা তাদের দলের ক্যাডারদের সেই কুপন দিয়ে দিচ্ছে। ছ-শো, সাতশো টাকায় ধান বিক্রি করছে। অথচ কেন্দ্রীয় সরকারের যে মূল্য ধার্য করা ছিল, ১৩৬০, ১৪০০ টাকায় ধান কিনতে হবে। এখনকার সরকার সেই ধান কিনতে পারল না। পাশাপাশি আলুচাষিরা এবার ব্যাপক পরিমাণে আলু চাষ করেছে। আমার Burwan বিধানসভা, আমার এলাকায় বিশাল পরিমাণে আলু চাষ হয়েছে। কিন্তু আমরা আলুচাষিদের জন্য কোনো সরকারি সহায়ক মূল্য দেখতে পেলাম না। সরকার কিভাবে আলু কিনবে সেটাও এখন ঠিক করতে পারল না। দেখুন, আজকের পেপারে বেরিয়েছে, আজকের বর্তমান পেপারে — লোকসানে আলু বেচছে চাষিরা, ফায়দা তুলছে কিছু ব্যবসায়ী, নির্বিকার সরকার। আমরা বলছি না, এটা পেপারে বর্তমান পেপারে বলছে। এখানে বলা হচ্ছে, এই সরকার এই বছর কোনো মিটিং করেনি। মাননীয়া মুখ্যমন্ত্রী টাস্কফোর্স গঠন করেছিলেন। কিন্তু সেই বোর্ড কোনো মিটিং করল না। তারা কত টাকা দামে আলু কিনবে চাষিদের কাছ থেকে? সেইরকম কোনো সিদ্ধান্ত গ্রহণ হল না। অথচ আমরা দেখতে পাচ্ছি, খাতায়-কলমে অনেক কমিটি গঠন করা হচ্ছে। কিন্তু সেই কমিটি কৃষকদের স্বার্থে কোনো কাজ করতে পারছে না। তাই আমরা বলতে চাই, এই সরকার আলুর চাষিদের প্রতি লক্ষ্য রাখার জন্য। আপনাদের মন্ত্রী বলছিলেন যে, এ রাজ্যে আলু চাষিদের কোনো মৃত্যু হয়নি। অথচ আপনাদেরই এক মেম্বার বলল যে, না এ রাজ্যে চাষিরা মারা গেছে। তাহলে আপনার মন্ত্রী এক কথা বলছে। আবার মেম্বার এক কথা বলছে। আপনাদের কথার মধ্যে কোনো মিল নেই। এখানেই বোঝা যাচ্ছে যে, মন্ত্রী হচ্ছে শহরের মানুষ আর বিধায়ক হচ্ছে গ্রামের মানুষ। গ্রামের মানুষ জানে, সেখানকার চাষিরা কিভাবে চাষ করে। আমরা গ্রামের মানুষ, আমরা জানি, চাষিরা কি করে চাষ করে। তাই মাননীয় মন্ত্রীকে বলব, আপনারা চাষিদের দিকে একটু লক্ষ্য রাখুন। তাদের কথা ভাবুন। কৃষক বাজার — মাননীয় মন্ত্রী ২০১৪-১৫ আর্থিক বর্ষে ৯৫টি কৃষক বাজারের মধ্যে ৭৬টি হয়েছে। এবং দ্বিতীয় পর্যায়ে ৮১টির মধ্যে কাজ চলছে — বলা হচ্ছে। মাননীয় মন্ত্রীকে বলব, আমার এলাকায় একটা কৃষক বাজার রয়েছে। আমাদের যে ডাকবাংলা ঘাট আছে সেখানেই আপনারা কৃষক বাজার তৈরি করেছেন। অথচ প্রতি সপ্তাহে আমাদের হাট হয়। প্রত্যেকদিন সেখানে বাজার বসে। আপনার মাননীয় মন্ত্রী সেই কৃষক বাজারে গিয়েছিলেন। আপনি বলুন, সেখানে কি চাষিরা কোনো ফসল বিক্রি করতে পারবে? না, সেখানে আপনাদের ক্যাডারদের দিয়ে বোমা তৈরি করবেন? সেটা আপনারা বলবেন। আমার ফসল, আমার গোলা,

কৃষকদের উন্নত মানের গোলা তৈরি করার জন্য পাঁচ-দশ হাজার টাকা করে দিচ্ছেন। আপনারা বলছেন, আমার ধান, আমার ফসল, আমার গোলা, আমার বাড়ি — এগুলি আপনারা কোন কোন জেলায় করছেন? আমার ব্লকে আমি দেখতে পাইনি। মাননীয় মন্ত্রী আছেন, আপনি বলবেন যে, আমার ফসল, আমার গোলাতে যে টাকা চাষীরা পাচ্ছে তা কোন কোন জেলা পাচ্ছে সেটা আপনাদেরকে বলতে হবে। আই.ডি.এফ.-২০১৪-১৫ ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী বনমালী হাজরা : মাননীয় চেয়ারম্যান সাহেব, ২০১৫-১৬ আর্থিক বর্ষে ৪ নম্বর দাবী সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী অরূপ রায় মহাশয় যে বাজেট বরাদ্দ প্রস্তাব করেছেন তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলছি। আমরা দীর্ঘক্ষণ ধরে এই পবিত্র সদনে বসে কৃষি এবং কৃষিজ বিপণনের বিভিন্ন বক্তাদের বক্তব্য আমরা শুনছি এবং শুনতে শুনতে অবাকও হয়ে যাচ্ছি। মনে হচ্ছে বাস্তবের মাটিতে নেই।

[4.20 - 4.30 p.m.]

বাস্তব বলে শব্দ মনে হয় অচল হয়ে গেছে। আমাদের রাজ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে সমস্ত বিভাগগুলো আছে তার মধ্যে কৃষি হচ্ছে অত্যন্ত প্রধান। কারণ কৃষির সঙ্গে যুক্ত আছে রাজ্যের ২/৩ অংশ মানুষ। সুতরাং এদের কল্যাণ কামনা যে কোনো সরকারেরই লক্ষ্য থাকা উচিত বলে আমি ব্যক্তিগতভাবে মনে করি। আর সবথেকে বড় কথা হল, এই কৃষিকে যদি সমৃদ্ধ করতে হয় তাহলে তার বিপণন ব্যবস্থাকে আরো সুন্দর করে গড়ে তুলতে হবে। এটা আমাদের জানা। আমরা এর আগে একটা সরকারকে দেখেছি পশ্চিমবাংলার বুকে তারা রাজ করেছে। আমরা এটাও দেখেছি আস্তে আস্তে তারা কৃষকদের দিকে ধ্যান না দিয়ে অনেক বেশী মনোযোগী হয়ে পড়েছিল গোলাগুলো কীভাবে পুড়িয়ে দেওয়া যায়, কৃষকের ঘর-বাড়ি কীভাবে ধ্বংস করা যায়। গ্রামের পুকুরের মাছ কীভাবে নষ্ট করা যায়। আমরা আস্তে আস্তে দেখতে পেলাম সমৃদ্ধশালী কৃষকেরা গ্রাম ছেড়ে শহরের দিকে পালিয়ে গেলেন। দীর্ঘ ৩৪ বছর ধরে আমরা এই চিত্র দেখে এসেছি। আর, আজকে যখন মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় এল তখন তাদের মধ্যে এই চিন্তা-ভাবনাই সবথেকে বেশী কাজ করতে লাগল যে, যে রাজ্যের ৭০ ভাগ মানুষ এই বৃত্তির সঙ্গে যুক্ত তাদের যদি অর্থনৈতিক মান উন্নয়ন ঘটানো না যায় তাহলে সেটা নিশ্চয় একটা অন্যায় কাজ হবে। সেই চিন্তা-ভাবনা হেতু আমাদের কৃষি বিপণন মন্ত্রী মহোদয় মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে অত্যন্ত সুচারুভাবে এই চিন্তা-ভাবনা কীভাবে বাস্তবে রূপ দেওয়া যায় তার জন্য তিনি চিন্তা-ভাবনা শুরু করেছেন। যেমন ভাবনা তেমনি। কৃষি বিপণন ব্যবস্থাকে কত সুন্দরভাবে কৃষকদের সামনে উপস্থাপিত করা যায়, কৃষকদের অর্থনৈতিক দিক, আর্থ-সামাজিক কাঠামোকে কীভাবে সুদৃঢ় করা যায় সেই চিন্তা-ভাবনায় তিনি কিন্তু এগিয়ে চললেন। যে কাঠামোটা পুরোপুরি নষ্ট হয়ে গিয়েছিল সেই কাঠামো পরিপূর্ণ ভাবে তৈরি করতে একটা সময় লাগে। সেই সময়টা অবশ্যই আমাদের দিতে হবে। অথচ আমরা দেখেছি, আমাদের

দু-পাশের দুটো বেঞ্চ যাঁরা রয়েছেন তারা অনেক বেশী আগ্রহী বা মনোযোগী ছিলেন FDI-এ। সেই সর্বনাশী জিনিসকে যারা সমর্থন করতে পারে তাঁদের সম্পর্কে আর কী বলব! তাই আমাদের সম্পূর্ণ দেশজ চিন্তা-ভাবনা, কৃষকের জন্য কল্যাণকামী চিন্তা-ভাবনা, যেটা আমাদের মন্ত্রী মহোদয় অরূপ রায় করে চলেছেন তাকে সমর্থন করা তাদের পক্ষে কখনোই সম্ভব নয় সেটা আমরা বুঝতে পারি। আমরা দেখতে পাচ্ছি যখনই একটা বিষয় নিয়ে আলোচনা হচ্ছে তখনই ওই বেঞ্চগুলো থেকে উঠে আসছে 'ওটা তো কেন্দ্রীয় সরকারের টাকা'। তাঁরা যে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আছে তা কিন্তু তাঁরা ভুলে গেছেন। সেই ভাবনা-চিন্তা কিন্তু তাঁদের মধ্যে নেই। আর, কেন্দ্রের কোনো পৈতৃক সম্পত্তি আছে কিনা আমি জানি না, সেখান থেকে দেয় কী না তাও বলতে পারব না। কিন্তু আমাদের ওই বন্ধুদের জানিয়ে দিচ্ছি, এই রাজ্য থেকে যে 'সেস' কেন্দ্র নিয়ে যায় তাতে কিন্তু কেন্দ্র এই রাজ্যকে টাকা দিতে বাধ্য। এটা কিন্তু তাঁরা আমাদের ভিক্ষা দেয় না। দিতে বাধ্য। সুতরাং, এই ধরনের প্রশ্ন করে আসরকে তাতিয়ে রেখে লাভ কি? তার থেকে আসুন না আমরা একটু সুন্দর চিন্তা-ভাবনা করি, কৃষকদের কথা চিন্তা করি। আমি নিজে একজন কৃষক। আমরা তো চাইব, আমাদের মা-মাটি-মানুষের সরকার একটা সুন্দর চিন্তা-ভাবনা করুক যাতে কৃষককুল এবং তাদের পরিবারবর্গকে একটা ভালো জায়গায় পৌঁছে দেওয়র জন্য। এই জিনিস চিন্তা করতে আপনাদের কী অসুবিধা হচ্ছে আমরা তো বুঝতে পারছি না। আর, এতে সায় দিতেই বা কী অসুবিধা আছে? যদি ভাবেন আপনারা দেশের কথা চিন্তা করেন, কৃষককুলের কথা চিন্তা করেন, কৃষক পরিবারগুলোর কথা চিন্তা করেন তাহলে আপনারাও এগিয়ে আসুন। সেই এগিয়ে আসাতে আপনাদের কী অসুবিধা আছে?

সেই সঙ্গে বলছি, শুধু মাত্র কৃষক নয়, উপভোক্তা যারা আছে তাদের কথাও চিন্তা করতে হবে। আর, এই উপভোক্তাদের কথা চিন্তা করতে গিয়ে আমাদের মন্ত্রী মহাশয় যথেষ্ট সজাগ রয়েছেন। তাঁর কৃষি বিপণন বিভাগ বিভিন্ন কার্যাবলীর মধ্যে দিয়ে অত্যন্ত সুন্দরভাবে কাজ করে যাচ্ছে। আমরা দেখতে পাচ্ছি কৃষি বিপণন বিভাগের প্রশাসনের নিয়ন্ত্রণে আছে পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ এবং পশ্চিমবঙ্গ এগ্রি মার্কেট কর্পোরেশন লিমিটেড। আমরা এটাও দেখতে পাচ্ছি, ১৯৭২ সালে রাজ্যে একটা কৃষি বিপণন আইন তৈরি হয়েছিল। ২০১৪ সালে এই আইনটাই আবার সংশোধন করে লাগু করা হয়। সবথেকে বড় কথা যাতে বিপণন ব্যবস্থাটাকে আরো সুন্দর করা যায়। ইতিমধ্যে ১৮টা জেলাভিত্তিক নিয়ন্ত্রিত বাজার সমিতিও গঠন করা হয়েছে। সেই সঙ্গে বাজার তৈরির কথা, বাজারে লাইসেন্স দেওয়ার ব্যাপার, প্রান্তিক বাজার এবং নতুন বাজার তৈরির কথা ভেবেছেন আমাদের মন্ত্রী মহোদয়। সবথেকে বড় কথা যেটা হচ্ছে এই সরকারি এবং বেসরকারি উদ্যোগে কৃষি বিপণনের ক্ষেত্রে লগ্নি, কর্মসংস্থান এবং উৎপাদিত স্থলে ফসলের দাম কিন্তু বৃদ্ধি পাবে। যেটা কৃষকের ভীষণ প্রয়োজন বলে আমি মনে করি। আর এগ্রি মার্কেটিং কর্পোরেশন তারাও কিন্তু এগিয়ে চলেছে। আমরা গতবছর থেকে দেখতে পাচ্ছি এই কর্পোরেশন বিধান (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রকের আনা চার নং বিল সম্পর্কে কিছু আলোচনা আমি এই সদনের সামনে তুলে ধরতে চাই। দু-হাজার সালে কেন্দ্রীয় সরকার একটি ম্যাক্রো মোড প্রোজেক্ট নিয়ে এসেছিল। সেখানে বলা হয়েছিল কৃষককে ফসলের লাভজনক মূল্য পাইয়ে দেবার জন্য এবং বাজারের মূল্যমানের মধ্যে একটি স্থিতিশীল অবস্থা রক্ষা করবার জন্য ২০০ কোটি টাকা বছরে কেন্দ্রীয় সরকার দেবে। একশো একর জমির মধ্যে যদি বৃহৎ কৃষক বাজার তৈরি করা যায় এবং সরকার যদি তার নিয়ন্ত্রণকে শিথিল করে তাহলে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য ২০০ কোটি টাকা প্রতি বছর আসবে। ২০০০ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত ১৫ বছরে আমাদের বর্তমান সরকার এই অবস্থান নিতে, এই সুযোগ নিতে ব্যর্থ হয়েছে। অতীতে ফরওয়ার্ড ব্লক এই মন্ত্রকের পরিচালনার দায়িত্বে ছিল। তাদের রাজনৈতিক অবস্থান প্রত্যেকের জানা। কিন্তু তথাকথিত পরিবর্তনের পরে ক্ষমতায় যে সরকার এসেছে তারাও নীতিগতভাবে ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট ইন রিটেল-এর বিরোধী। আমার দল এবং আমরাও এর বিরোধী, কিন্তু বিভিন্ন রাজ্য, বিভিন্ন প্রয়োগ একটু নতুন করে, ভিন্ন মতে চিন্তার পরিকল্পনা করে বিভিন্ন রাজ্য আজকে তার সুযোগ-সুবিধা নিচ্ছে। বর্তমান রাজ্য সরকার যে বৃহৎ কৃষক বাজারের পরিকল্পনা নিয়েছিলেন, একদিকে বৃহৎ কৃষক বাজারের পরিকল্পনা থাকবে, যেখানে সরাসরি মাল্টি ন্যাশনাল কোম্পানি, সরাসরি বিগ বিজনেস হাউস পৌঁছে যেতে পারবে ক্রেতার কাছে, মানে উপভোক্তাদের কাছে। আবার আমরা এফ.বি.আই. ইন রিটেলের বিরোধিতা করবো। এই দ্বিচারী অবস্থার থেকে আমাদের বেরিয়ে যাওয়ার সময় এসেছে। ৩৪১টা ব্লকে যে কিষান মান্ডি তৈরি করবার কথা বলা হয়েছে, সেখানে মূলত অবস্থান কি দেখা যাচ্ছে? ইনফ্রাস্ট্রাকচারের অভাব। যাবতীয় কিষান মান্ডি তৈরি হয়েছে সেই কৃষকরা কিষান মান্ডিতে পৌঁছতে পারছেন না। যে ফড়ে, যে দালাল যে মধ্যস্বত্বভোগীদের বিরোধিতা করে দিনের পর দিন আমরা একটার পর একটা আইন নিয়ে আসছি কেন্দ্রীয় থেকে রাজ্য সরকার পর্যন্ত আজকে কিন্তু আমাদের রাজ্যে দেখা যাচ্ছে পণ্যকে সংগৃহীত করবার জন্য তারা উপযুক্ত জায়গায় পৌঁছতে পারছেন না এবং দুর্ভাগ্যজনকভাবে সেই একই, কিছু রাজনৈতিক ব্যক্তিত্ব, কিছু রাজনৈতিক সুবিধাভোগী, কিছু ক্ষমতার দালাল, কিছু প্রশাসনকে সাহায্য নিয়ে আজকে কৃষকরা সেই অবস্থার মধ্যেই পড়ে যাচ্ছে। আজকে এগ্রিকালচার মার্কেটিং যে দপ্তর আছে, আজকে বহু চর্চিত বিষয় হচ্ছে আমাদের সিঙ্গুরের কিষান মান্ডি — কিষান ভিশান প্রোজেক্ট। কিষান ভিশান প্রোজেক্টের বর্তমান স্থিতি কি? ১৩ থেকে ১৪টা দোকান তৈরির কথা হয়েছিল। বলা হয়েছিল উৎপাদিত পণ্য কিষান ভিশান দোকানগুলিতে, রেলের সঙ্গে যৌথভাবে সেই জমির মধ্যে দোকানগুলি থাকবে এবং স্থানীয় মানুষ, স্থানীয় কৃষকরা কম দামে সেখান থেকে সবজি সংগ্রহ করতে পারবেন। পরিস্থিতি কি? তিনটে দোকান বর্তমানে খোলা। দুটি দোকানে চা, কেক, ঝালমুড়ি বিক্রি হচ্ছে। আর একটি দোকানে কিছু প্রসাধনী সামগ্রী বিক্রি হচ্ছে। সেখানে কোথাও কোনো সবজির দেখা নেই। স্যার, আলু নিয়ে দিনের পর দিন পশ্চিমবঙ্গের রাজনীতি উত্তপ্ত হয়েছে, চাপান-উতোর হয়েছে। মাননীয় মন্ত্রী তার প্রশ্নোত্তর সময়কালে বলেছেন একজনও আলুচাষী তার ফসলের মূল্য না পেয়ে আত্মহত্যা করেননি।

[4.30 - 4.40 p.m.]

আমি একটু অন্য ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আলু চাষ অত্যন্ত বেশি হবে। এই ফসলের বাম্পার প্রোডাকশন হবে, এটা ধরে নিয়ে ইন অ্যান্টিশিপেশান কেন্দ্রীয় সরকারের যে মিনিমাম এক্সপোর্ট প্রাইস আছে, সেই মিনিমাম এক্সপোর্ট প্রাইসকে "অ্যাপেটা"-র মধ্যে দিয়ে তারা শিথিল করে দিয়েছিল, ২০শে ফেব্রুয়ারী এই নির্দেশিকা জারি হয়েছিল। এই নির্দেশিকার সুযোগ পাঞ্জাব নিয়েছে, সেই নির্দেশিকার সুযোগ উত্তরপ্রদেশ নিয়েছে এটাকে শিথিল করে দেওয়ার পর কিন্তু সেটা পশ্চিমবঙ্গ পায়নি। আজকে এই ডিপার্টমেন্টের কাজ কি? আমি মন্ত্রীর সীমাবদ্ধতা বুঝতে পারি। কারণ আলুর যখন দাম বাড়ে তখন আলু দপ্তরটা মন্ত্রীর হাতে থাকে না, আলু দপ্তরটা তখন মুখ্যমন্ত্রীর কাছে চলে যায়। এই দপ্তরের ইন্টারভেনশান শুধু হচ্ছে, ঢোকানোর সময় আর আলু বার করার সময়। এই পরিস্থিতি আজকে তৈরি হয়েছে। সামগ্রিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি, ফোড়ে দালাল এবং সিন্ডিকেটদের কারণে দিনের পর দিন আমাদের কৃষকরা বঞ্চিত হচ্ছেন। অসহায় কৃষক আত্মহত্যা করতে বাধ্য হচ্ছে। একটি কথা বলে আমি আমার কথা শেষ করবো। আমি আপনার কাছে একটা তালিকা জমা দিতে চাই, মাননীয় অধ্যক্ষ মহোদয় ২৬ জন কৃষক আত্মহত্যা করেছে। সেই তালিকা আপনার কাছে জমা দিচ্ছি।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী সুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষি বিপণন মন্ত্রী অরূপ রায় মহাশয় এই পবিত্র কক্ষে ২০১৫-১৬ সালের ৪ নম্বর দাবির ভিত্তিতে যে সর্বমোট ২৬৮ কোটি ১৬ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ অনুমোদনের জন্য পেশ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। স্যার, বিভিন্ন বক্তা এগ্রিকালচার মার্কেটিংয়ের ব্যাপার নিয়ে, কৃষি বিপণনের ব্যাপার নিয়ে বক্তব্য রাখলেন। আমার স্যার, একটা বক্তব্য আছে কৃষি দপ্তর কৃষি পণ্য উৎপাদন করে। সেই উৎপাদিত দ্রব্যগুলো যখন আমাদের ব্যালেন্স প্রোডাকশান হয়, তখন কোনো প্রবলেম থাকে না। বা যদি শর্টেজ থাকে সেখানে যে প্রবলেম থাকে, সেই শর্টেজের ডিস্ট্রিবিউশান এবং তার প্রাইসটা বাড়ে। আবার অতিরিক্ত উৎপাদন হলে সেই অতিরিক্ত উৎপাদনের জোগান বাড়ার সঙ্গে সঙ্গে তার দামটা কমতে পারে, এটাই হচ্ছে অর্থনীতির তত্ত্ব। সুতরাং আমরা দেখেছি আমাদের এগ্রিকালচারের ক্ষেত্রে ধান, শাকসবজি, আলু এই তিনটি ক্ষেত্রে আমাদের এক্সেস প্রোডাকশান আছে। আপনারা জানেন, আমরা ধানের ক্ষেত্রে এক নম্বর জায়গায় আছি, কিন্তু ধান নিত্যপ্রয়োজনীয় জিনিস। আমাদের যে পরিমাণ অভ্যন্তরীণ চাহিদা, তার থেকে এই বছর প্রায় ৩৭% প্রোডাকশান বেশি হয়েছে। এই অতিরিক্ত উৎপাদন শুধুমাত্র যদি আমরা অন্য রাজ্যে এলিমিনেট না করতে পারি বা ভারতবর্ষের বাইরে যদি পাঠাতে না পারি, তাহলে সেটা রাজ্যের মধ্যে ডাম্পিং অবস্থা হয়ে যায়। কারণ অভ্যন্তরীণ চাহিদার অতিরিক্ত উৎপাদনগুলো যদি আমি এলিমিনেট করতে না পারি, প্রাইস ফ্লপ করতে পারে এটা অর্থনীতির তত্ত্ব। এই তত্ত্ব জেনেও অনেকে নানারকমের বক্তব্য করছেন, কটূক্তি করছেন, নানারকমের কথাবার্তা বলছেন। সেই জায়গায় সরকারের ভূমিকা আছে। কেন্দ্রীয় সরকার এখানে একটা মূল্য ঠিক করে দিয়েছেন। সেই মূল্যের উপরে কেনা হয়, কিন্তু এবারে

ক্লাইমেটিক কন্ডিশান যেভাবে হয়েছে, তার জন্য এত বেশি প্রোডাকশান হয়েছে বা পাশাপাশি রাজ্যগুলোতে আমাদের ধান যেত বা বিদেশে যেখানে আমরা পাঠাতে পারতাম, সেখানে না গিয়ে জোয়ারের জলের মতো অন্যান্য জায়গা থেকে ঢোকবার চেষ্টা করছে, ঢুকে যাচ্ছে। সুতরাং এই জায়গায় প্রাইস ফ্লপ করছে। এটা একটা ক্রিটিক্যাল কন্ডিশান।

দ্বিতীয়ত হচ্ছে, আলুর ক্ষেত্রে আমি ব্যাপারটা বলি। কম্পেনসেটিং ভেরিয়েশান বলে একটা অর্থনীতির কথা আছে। আমার যেমন এই বছর একই জমিতে ক্লাইমেটিক কন্ডিশান ভালো হওয়ার জন্য উৎপাদন বেশি পরিমাণে বেড়ে গেছে। গত বছর একই জমিতে যে পরিমাণ খরচায় যে পরিমাণ উৎপাদিত হয়েছিল এই বছর ২০-৩০% এক্সেস প্রোডাকশান হয়েছে। সুতরাং সেখানে কস্ট অফ প্রোডাকশান বাড়েনি। কোয়ানটিটি বেড়েছে, প্রাইস ফ্লপ করেছে। সেই জায়গায় বলে কম্পেনসেটিং ভেরিয়েশান। এক জায়গায় দাম কমেছে, কিন্তু কোয়ানটিটি বেড়েছে। এই জায়গায় চাষীদের বিশাল কিছু ক্ষতি হয়েছে, বিরাট কিছু ব্যাপার হয়ে গেছে তা নয়। গত বছর আমরা চাষীর জমিতে আলুর দাম পেয়েছি ৭ টাকা ৩০ পয়সা পার কেজি। সুতরাং সেই বছর আমরা লাভ করেছি। পরপর তিন বছর লাভ করেছি। পরপর ধানের ক্ষেত্রে লাভ হয়েছে। এই বছর এক্সেস প্রোডাকশানের জন্য ঘটনাটা ঘটেছে। তার মানে এই নয়, একমাত্র কারণের জন্য চাষীরা গলায় দড়ি দিচ্ছে বা মারা যাচ্ছে। শুধুমাত্র আলুর উৎপাদন, আলুর দামের জন্যই গলায় দড়ি নেবে, অন্যান্য যে সমস্ত কৃষিপণ্য, যেমন এবছর ডালশস্যের উৎপাদন আমাদের বেড়েছে। যেখানে আমরা '১১ সালে প্রোডাকশান করতাম মাত্র total domestic demand-এর মাত্র ১৫%। সেখানে ২৭% আমরা বাড়িয়েছি। Oil seeds-এ আমাদের ৭৫% ডেফিসিট ছিল। মাত্র ২৫% উৎপাদন করতাম। এখন আমরা ৫৫% চলে গেছি। ভুট্টার ক্ষেত্রে আমাদের প্রোডাকশান ছিল total domestic demand-এর অনলি ৩%। সেখানে আমরা উৎপাদন বাড়িয়েছি। সেখানে আমরা ১৯% -এ গেছি। এই জায়গাতে আমরা বাড়াতে পেরেছি আমাদের যেগুলো ছিল। সুতরাং আমরা এই জায়গাতে প্রাইস কন্ট্রোল হচ্ছে না। বিকল্প চাষ যতক্ষণ না পর্যন্ত ঠিকমতো আমরা করতে পারছি, সেইরকম অবস্থাতে আমাদের এইরকম কতকগুলো প্রবলেম আমাদের দেখা দেবে। আরও কয়েকটা প্রশ্ন আমরা করতে চাই। যদি কোনো একটা প্রোডাকশান, কোনো একটা উৎপাদিত দ্রব্য কয়েকটা রাজ্যে উৎপাদিত হয় এবং সারা দেশকে যদি খাওয়ায় তার কন্ট্রোলটা সেন্ট্রাল গভর্নমেন্টের নেওয়া উচিত। আলু প্রোডাকশান তিনটে মাত্র রাজ্যে হয়। একটা হয় উত্তরপ্রদেশে, দু-নম্বর পশ্চিমবাংলা, তিন নম্বর পাঞ্জাব। এই তিনটে রাজ্যের টোটাল প্রোডাকশান গোটা ভারতবর্ষকে খাওয়ায়। অতিরিক্ত উদ্বৃত্তটা পাশাপাশি রাষ্ট্রে যায়। সুতরাং এর প্রাইসটা, সাপোর্ট প্রাইসটা দেওয়া উচিত ছিল কেন্দ্রীয় সরকারের। এটা রাজ্য সরকারের ঘাড়ে চাপিয়ে দেওয়া হয়েছে। সুতরাং আজকে কেন্দ্রীয় সরকার চুপ করে বসে থাকতে পারে না। যেমন পেঁয়াজ, পেঁয়াজ নাসিকে উৎপাদন হয়। বিহারে কিছুটা হয়, কর্নাটকে কিছু হচ্ছে, অন্ধ্রপ্রদেশে কিছু হচ্ছে। পশ্চিমবাংলায় আমরা টোটাল ডোমেসটিক ডিমান্ডের অনলি ২০% উৎপাদন করতাম। তার ফলে আমরা এখানে প্রাইসটা কন্ট্রোল করতে পারতাম না। এক বছর আমরা ৪৯% উৎপাদন করেছি।

আমাদের আবু তাহের সাহেব জানেন। মুর্শিদাবাদে যা প্রোডাকশান হয়েছে, বাম্পার প্রোডাকশান হয়েছে। আমরা ৪৯% প্রোডাকশান করেছি। তার জন্য আমরা প্রাইসটা কন্ট্রোল করতে পারছি। ধানের ক্ষেত্রে আমাদের অতিরিক্ত ৩৭% উৎপাদন হয় এবং আলুর ক্ষেত্রে আমাদের অতিরিক্ত উৎপাদন বেশি হওয়ায় এবং আমাদের প্রিজারভেশান ক্যাপাসিটি না থাকার জন্য আমাদের প্রাইসটা ফ্লপ করে গেছে। এটা একটা টোটাল অর্থনীতির প্রবলেম, অর্থনীতির সঙ্কট। এই জায়গাতে যে পরিমাণ সাবসিডি দেওয়া দরকার, যে পরিমাণ হস্তক্ষেপ করা দরকার, কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ করা দরকার ছিল। কারণ পরিষ্কার ভাষায় এটা আমরা বলতে চাই, যে পয়েন্টটা আপনারা বারবার ধরে তুলছেন, সেই জিনিসগুলো আমরা বলি। যে জায়গাগুলোতে আমাদের অতিরিক্ত উৎপাদন হয়েছে, যতক্ষণ না পর্যন্ত আমরা crop diversification-এর মাধ্যমে কমাতে পারি, আমাদের রাজ্য সরকার, কৃষি দপ্তর থেকে আমরা ব্যবস্থা নিয়েছি। আমরা crop diversification করছি। আমরা বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর জেলায় এবং বীরভূম জেলায় যে জায়গাগুলোতে বর্ষার উপর নির্ভর করা হয়, সেই rain fed এরিয়াগুলোতে আমরা ধানের পরিবর্তে বিকল্প হিসাবে ভুট্টা চাষকে বাড়াচ্ছি। সেখানে কড়াই চাষ, ডাল চাষের এলাকা বাড়াচ্ছি যাতে করে আমরা crop diversification-এর মাধ্যমে যে প্রোডাকশানগুলো বেশি হয়ে গেছে, সেই প্রোডাকশানগুলোকে কমিয়ে এনে আমরা পয়েন্টটা রাখতাম। আপনারা নিশ্চয় জানেন, পড়াশোনা করেছেন। আমেরিকাতে যখন অতিরিক্ত উৎপাদন হত, তারা কি করত? তারা বিদেশে বিভিন্ন জায়গায় না পাঠাতে পারলে তারা কি করত? তখন তারা জাহাজে করে নিয়ে গিয়ে সমুদ্রের জলে ফেলে দিত। কেন? না, টু স্টেবিলাইজ দি প্রাইস, প্রাইসটাকে স্টেবেল করা। আমরা third world country-তে বাস করি। আপনারা FDI-এর কথা বলছেন। আমরা third world country-তে বাস করি, আমাদের এই বিলাসিতা চলে না। সুতরাং একজন বক্তা বললেন ৩৪১টি বাজার তৈরি হলে তা মাল্টি ন্যাশানালদের হাতে চলে যাবে। কেন ভাবছেন মাল্টি ন্যাশানালদের হাতে যাবে? আমরা FDI-এর বিরোধিতা করছি। আমরা মাল্টি ন্যাশানালকে আনতে দেব কেন? আপনাদের এলাকায় কি বড় চাষিরা নেই? আমাদের এলাকায় বড় বড় চাষিরা চাষ করে না? সেই চাষিরা একসঙ্গে একতাবদ্ধ হয়ে কো-অপারেটিভের মাধ্যমে তারা মালগুলো কিনে নিয়ে সাপ্লাই দিতে পারে। কেন আপনি দ্বিচারিতার কথা ভাবতে বলছেন? আপনারা পরিষ্কার ভাষায় শুনে রাখুন, আমরা FDI-এর বিরোধিতা করেছি, FDI-এর বিরোধিতা করব। আমাদের পশ্চিমবঙ্গটা হচ্ছে ক্ষুদ্র রাজ্য। ক্ষুদ্র — marginal farmer-দের স্টেট, এই জায়গাতে FDI-এর কোনো স্থান নেই। আমাদের এখানে বেকার যারা আছে, তাদের কর্মসংস্থান আমরা দিতে পারি না। আমরা ছোট ছোট ব্যবসায়ীদের মুখে লাথি মারতে পারি না, তাদের পেটে লাথি মারতে পারি না। আর একজন প্রশ্ন করেছেন যে উৎপাদিত দ্রব্যের দাম পাওয়া যাবে কি? নিশ্চয় পাওয়া যাবে। যেগুলো অতিরিক্ত উৎপাদন না হবে, সেই সমস্ত জিনিসের দাম নিশ্চয় পাওয়া যাবে। কড়াইয়ের দাম পাওয়া যায় না? ডালের দাম পাওয়া যায় না? ভুট্টার দাম পাওয়া যাচ্ছে না? তিলের দাম পাওয়া যাচ্ছে না? সরষের দাম পাওয়া যাচ্ছে না? বাদামের দাম পাওয়া যাচ্ছে না? নিশ্চয় পাওয়া যাচ্ছে। কেবল এক্সেস প্রোডাকশানটাকে এলিমিনেট করার জন্য আমাদের ব্যবস্থা

গ্রহণ করতে হবে। তার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করেছি ক্রপ ডাইভারসিফিকেশান। ওই পরিমাণ উৎপাদন কমিয়ে আমাদের যেটা ডেফিসিট আছে, সেই ডেফিসিটগুলোকে সেই জায়গাতে আমরা প্রতিস্থাপন করে আমরা উৎপাদন বাড়াব এবং একটা ব্যালেন্সড প্রোডাকশানে আসব। আমাদের অসুবিধা যেন না হয়। আপনারা জানেন আমরা মার্জিনাল ফার্মারদের স্টেটে বাস করি। আমি বিজেপি-র নেতাকে বলছি, আমি এম.এল.এ. সাহেবকে বলছি, আপনারা মহারাষ্ট্রের সঙ্গে মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশের সঙ্গে গুলিয়ে দেবেন না পশ্চিমবঙ্গ রাজ্যটাকে। এটা মার্জিনাল ফার্মারদের স্টেট। এখানে একটা যদি ফসল নষ্ট হয়ে যায়, সেখানে চাষীদের ইনকাম কমে যায়। তার জন্য বলছেন চাষীদের অবস্থা খারাপ হয়। Only that cause, সেই কারণেই হয়। আপনারা কখনোই উত্তরপ্রদেশের সঙ্গে, পাঞ্জাবের সঙ্গে, হরিয়ানার সঙ্গে, মহারাষ্ট্রের সঙ্গে আপনারা মেলাতে পারেন না। আলুর দামের কথা বললাম। আলুর দামের ব্যাপারটা — উনি যে বাইরে পাচারের কথা বললেন, আলু আমাদের উৎপাদন হয়েছে বেশি। আমার সময় কম সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী ঈদ মহম্মদ : (অনুপস্থিত)।

[4.40 - 4.50 p.m.]

শ্রী বেচারাম মান্না : স্যর বাজেটের চার নম্বর দাবীর সমর্থনে দুই-চারটি কথা বলছি। কৃষি বিপণন দপ্তর আমি আগেই বলেছি আমাদের কৃষকদের আর্থিকভাবে স্বাবলম্বী করাই হচ্ছে আমাদের মূল কাজ। সেই কাজে আমরা অনেকটা এগিয়ে গেছি। আপনারা জেনে রাখবেন যে কিষান বাজার—৮৮টি কিষা বাজার সম্পূর্ণ হয়েছে। ৮৪টির কাজ দ্রুতগতিতে চলছে। এবং এই কিষান বাজার - অনেকেই কিষান বাজারে কি থাকবে না বুঝেই বিভিন্ন রকম বিভ্রান্তিকর বক্তব্য রাখছে। কিন্তু স্যার আমার সিঙ্গুরে পশ্চিমবঙ্গের মধ্যে সিঙ্গুর, ধনিয়াখালি এবং বহরমপুর — এই তিনটি কিষান মান্ডি প্রথম কাজ শেষ হয়েছিল। আমাদের সিঙ্গুর থেকে যেহেতু কলকাতা খুব কাছে, সেখানে একজন প্রাইভেট এজেন্সিকে দিয়ে সবজি আমরা কলকাতায় পাঠাচ্ছি এবং সুফল বাংলা যে প্রকল্পটা আমরা নিয়েছি — গাড়ি কিনে গাড়ির মধ্যে দিয়ে পাঠানো হচ্ছে। সেই ২৫টি গাড়ি রোজ যাতায়াত করছে। এখানে শুধু কৃষকের ফসল নয়, কৃষকের বীজ, রাসায়নিক সার, কীটনাশক, ঔষধ যে কোনো প্রয়োজনীয় কৃষি যন্ত্রপাতি সমস্ত কিছুর স্টল থাকবে। এবং যারা বলছে যে কিষান মান্ডি বন্ধ হয়ে যাবে, চালাতে পারবে না, তারা ভুল বলছে। আসলে তারা বিষয়টায় ঠিক মতন অবগত নয়। আবার পি.পি.পি. মডেলে সেখানে একটা কুলেন চেম্বার তৈরি হবে। এই যে বলছেন যে ৫০ পয়সা কেজি টমেটো, আমাদের মাহাতোদা বলছিলেন টমেটোর দাম নেই। টমেটে একটা টাইমে সেটা ২ টাকা কেজি, সেটা যদি তিন মাস রাখেন সেখানে সেটা ২৫ টাকা পর্যন্ত কেজি হয়ে যাবে স্যার। আমরা ঈদ, বকরি-ঈদ বা দুর্গাপূজায় দেখেছি ৩৫ টাকা পর্যন্ত টমেটো কিনে খেয়েছি। এই যে সংরক্ষণের ব্যবস্থাটা বামপন্থীরা স্যার করেনি। এই যে বাঁধাকপি, ফুলকপি স্যার একটা টাইম শীতকালে পাঁচ টাকায় বাঁধাকপি পাই। কিন্তু ওটাকে স্টোরে রাখুন, কুলেন চেম্বারে দুই মাস রাখুন ওটার ২৫ টাকা দাম হয়ে যাবে। এই যে কৃষকেরা

যে দুটো দাম বা পয়সা পাবে ফসল বিক্রি করে, সেই চেষ্টা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই দপ্তরের মধ্যে দিয়ে করেছেন। এবং 'আমার ফসল আমার গোলা'—আমরা পেঁয়াজ চাষে ঘাটতি ছিলাম। আমাদের বিভিন্ন বিভাগীয় দপ্তর থেকে পেঁয়াজ চাষিদের উদ্বুদ্ধ করা হচ্ছে এবং সাফল্য আসছে স্যার। কিন্তু পেঁয়াজ সংরক্ষণের জন্য আলুর কোল্ডস্টোরের মতন ব্যবস্থা নয়। এটা অন্য ধরনের করতে হয়, তার জন্য আমরা করেছি স্যার। ৫ হাজার ৯৮২টি আমরা এই রকম গোলা তৈরি করেছি, যে প্রকল্পের নাম হচ্ছে 'আমার ফসল আমার গোলা'। 'আমার ফসল আমার গাড়ি' এই যে কৃষক তার উৎপাদিত ফসল বাজারে নিয়ে আসবে, তার জন্য তার নিজের গাড়ি, তার জন্য সরকার সহযোগিতা করছে। ৫ হাজার ৫০টি গাড়ি ইতিমধ্যে আমরা দিতে পেরেছি। এবং আমার ধান আমার চাতাল। এইজন্য এই ধান তুলে চাতালে ঝাড়াই ও বাছাইয়ের জন্য এবং ধানের খোলা ছাড়ানোর জন্য এগুলির জন্য আমরা চাতাল করার জন্য ৭ হাজার ৪৩০ জন কৃষককে সহযোগিতা করা হয়েছে। এবং গ্রাইন্ডার যেটা খোসা ছাড়াবার জন্য সেটাও ৭ হাজার ৪৩০ জন কৃষককে সহযোগিতা করেছি। ধানের গোলা — বাঙালিরা যেটা মরাই বলি, এটার জন্য ৭ হাজার ৪৮২টি আমরা দিয়েছি। এখন ঘটনা হচ্ছে, অনেকে কৃষকদের জন্য খুব কান্নাকাটি করছে। আমার জানা ছিল না আমাদের পশ্চিমবঙ্গে মার্কসবাদী কংগ্রেস বলে একটা দল তৈরি হয়েছে। কিন্তু এখানে এসে বুঝলাম তৈরি হয়েছে। কংগ্রেসীরাও যে বামপন্থীদের স্লোগান ধার করে বিধানসভায় বলছে তাজ্জব বনে যাচ্ছি আমরা। একজন বললেন যে কৃষি আমার ভিত্তি আর শিল্প আমার ভবিষ্যৎ — জানি না মনোজবাবু কেমন ট্রেনিং দিলেন। আবার এইদিকে শমীকবাবু বক্তব্য রেখেই চলে গেলেন। সিঙ্গুরে 'কিষান মিশন' স্যার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন রেলমন্ত্রী ছিলেন, তখন 'কিষান মিশন' তৈরি করেছিলেন। কিন্তু দুর্ভাগ্য, তিনি যখন রেলমন্ত্রী থেকে চলে এলেন, তারপরে এই কংগ্রেসীরাও চালাতে পারল না, বিজেপি-রাও চালাতে পারল না — এটা আমাদের দুর্ভাগ্য। শমীকবাবু থাকলে আমি বলতাম যে, আপনি একটু কেন্দ্রীয় সরকারকে বলুন যে, রেলের দপ্তরকে বলুন, যাতে ওটা চালু হয়। কিন্তু দুর্ভাগ্য, আজকে চলে গেলেন শমীকবাবু। শমীকবাবু কৃষকদরদী, আমার কাছে লিস্ট দিলেন ২৬ জন কৃষক মারা গেছে। আমি শমীকবাবুকে বলব যে, যদি কৃষকদের প্রতি এতো দরদ থাকে — বিশেষ করে পেট্রোল, ডিজেলের দামটা ওনারা কমান। কেননা, আমাদের কৃষকদের সেচের কাজে, পরিবহণের কাজে, বিভিন্ন কাজে তা ব্যবহার হয় — সেই তেলের দাম বারবার বাড়িয়ে দিচ্ছে, দফায় - দফায় বাড়িয়ে দিচ্ছে। আমি আরও শমীকবাবুকে বলব যদি পাশে থাকেন, যদি শোনেন আমি বলব যে, রাসায়নিক সারের দামটা কমানোর জন্য শমীকবাবুর মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে বলব। তার কারণ আমি আগেই বলেছি স্যার — আমাদের লক্ষ্য যে, কৃষকের খরচ কমানো। স্যার আলুতে গত বছর বিঘেতে ৮০ প্যাকেট করে আলু হয়েছে — ৫০ কেজিতে প্যাকেট। আজকে সেখানে ১২০ কেজিতে প্যাকেট পর্যন্ত বিঘাপ্রতি আলু হয়েছে। গতবছর ছিল ২৫০ টাকা, এবারে ২০০ টাকা। আলুর দাম কমছে কেন? অনেক উৎপাদন হওয়ার জন্য এটা হচ্ছে। আমি আগেই বলেছি স্যার এটা সাফল্য। আমরা বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে কৃষিবিজ্ঞানীদের সহায়তায় আমাদের উৎপাদন বাড়ছে। সেটা আলু

চাষের ক্ষেত্রে আপনারা দেখেছেন এবং সবথেকে বড় কথা স্যার আমাদের যেটা দুর্ভাগ্য যে, যেটা ৩৪ বছরে বামফ্রন্ট সরকার করেনি, সেটা হচ্ছে আলুর বীজ উৎপাদনের কোনো ব্যবস্থাই তারা করেনি। পাঞ্জাব থেকে অধিক চড়া মূল্যে আমাদের আলুর বীজ আনতে হত। তার কারণ কি জানেন? তারা আলুর বীজ উৎপাদন করত না, কৃষকদের কাছে কম রেটে দিত না। তার কারণ সেখানে কমিশনের ব্যবস্থা ছিল। বেশ কিছু জেলায় বামপন্থী নেতারা এই আলুর বীজের ক্ষেত্রে পাঞ্জাবে খামার মালিকদের থেকে কমিশনের ব্যবস্থা হত। সেইজন্য আলুবীজ তারা উৎপাদন করেনি। আমরা করেছি। জেনে রাখুন আলুবীজ উৎপাদনের উপরে আমরা জোর দিয়েছি। কৃষককে কম মূল্যে আমরা আলু দিতে শুরু করেছি ইতিমধ্যে। স্যার সাফল্য তো আসছে। আজকে ভর্তুকি — কোনো সরকার ভেবেছে কৃষকদের আলুর ভর্তুকির ব্যাপারে? আমরা স্যার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় — তিনি পরিবহণ খাতে আলুর ভর্তুকি দিয়েছেন। ভেবেছিলেন কোনোদিন? আমাদের দুর্ভাগ্য। এরা বলছেন অনেকেই, বামপন্থীদের সমর্থন করছেন। একটা ঘটনা দেখে আমার খুব দুঃখ লাগছে যে, আমি দেখলাম যে ওনাদেরই একজন নেতা ধানখেত দিয়ে ধুতি খুলে ছুটছেন ....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে যারা আজকের অংশগ্রহণ করেছেন ৪ নম্বর দাবীর আলোচনায় — তাদের মধ্যে বিপ্লব রায়চৌধুরী, নেপাল মাহাত, যোগরঞ্জন হালদার, প্রতিমা রজক, বনমালী হাজরা, শমীক ভট্টাচার্য, শুভাশীষ বটব্যাল, বেচারাম মান্না — এদের সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই। স্যার আমরা দীর্ঘ ৩৪ বছরের শাসন দেখেছি। ৩৪ বছরের শাসনে কৃষকদের কি পরিস্থিতি ছিল? রাজ্যে বিপণনের কোনো পরিকাঠামো ছিল না। কারণ আমাদের রাজ্যের প্রায় ৭৫ ভাগ মানুষ কৃষিনির্ভর, কৃষিকাজের সাথে যুক্ত। কৃষির উন্নতিই তখনই সম্ভব যদি বিপণন পরিকাঠামো শক্তিশালী থাকে। কারণ কৃষকরা তাদের বিক্রীর বিষয়টা যদি নিশ্চিত হন, তবেই তারা উৎপাদন বৃদ্ধিতে উৎসাহিত হন। কিন্তু পূর্ববর্তী সরকারের আমলে বিপণন ব্যবস্থা অত্যন্ত দুর্বল থাকার কারণে রাজ্যে কৃষি ব্যবস্থায় কোনো অগ্রগতি হয়নি, কৃষির কোনো উন্নতি হয়নি। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী দায়িত্ব নেওয়ার পর পশ্চিমবাংলার কৃষিক্ষেত্রে তিনি বিশেষ গুরুত্ব দিয়ে বিপণন ব্যবস্থাকে শক্তিশালী করার জন্য তার উদ্যোগ শুরু করেছিলেন।

[4.50 - 5.00 p.m.]

এবং আমাদের লক্ষ লক্ষ কৃষকদের এবং ক্রেতাদের স্বার্থে বিশেষ গুরুত্ব দিয়ে বিগত আমলের একেবারে দুর্বলতম পরিকাঠামোকে শক্তিশালী করে দুষ্ট বাণিজ্য চক্র থেকে কৃষি ও বিপণনকে মুক্ত করতে চলেছি। এই উদ্যোগের সঙ্গে সঙ্গতি রেখে অভীষ্ট লক্ষ্যে পৌঁছনোর জন্য কৃষি ও বিপণন কর্মকাণ্ড পরিচালিত হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ কৃষি ও পণ্য বিপণন প্রনিয়ন্ত্রণ আইন, ১৯৭২ অনুযায়ী প্রতিষ্ঠিত হয় পশ্চিমবঙ্গ রাজ্য কৃষিজ বিপণন পর্ষদ। পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন প্রনিয়ন্ত্রণ আইন, ১৯৭২-এ সংশোধন করা হয়েছে এবং পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্য বিপণন

প্রনিয়ন্ত্রণ সংশোধনী আইন, ২০১৪ হিসেবে প্রজ্ঞাপিত হয়েছে। এর ফলে রাজ্যে কৃষক-ক্রেতা সরাসরি বিপণন, নতুন বাজার স্থাপন, প্রান্তিক বাজার স্থাপন এবং বাজার তৈরির জন্য লাইসেন্সপ্রাপ্তির পথ সুগম হবে। ফলত সরকারি ও বেসরকারি উদ্যোগে কৃষি বিপণন ক্ষেত্রে লগ্নী, কর্মসংস্থান ও উৎপাদক স্তরে ফসলের দাম বৃদ্ধি পাবে। ১৮টি জেলায় জেলাভিত্তিক নিয়ন্ত্রণ বাজার সমিতি গঠন করা হয়েছে। ২০১৪-১৫ আর্থিক বছরে রাজ্যে প্রথম পর্যায়ে ৯৫টি নির্মীয়মাণ কৃষক বাজারের মধ্যে ৭৬টি নির্মাণের কাজ শেষ হয়েছে, যখন এই বাজেট লেখা হয়, তখন পর্যন্ত এটা ছিল, গতকালের হিসেব হচ্ছে ৮৮টি কৃষক বাজার নির্মাণের কাজ শেষ হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ৮১টি কৃষক বাজার নির্মাণের কাজ, অগ্রগতি অত্যন্ত সন্তোষজনক। পশ্চিমবঙ্গ এগ্রি মার্কেটিং কর্পোরেশন লিমিটেড ভারতীয় কোম্পানী আইনের অধীনে একটি কোম্পানী হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষকদের গোষ্ঠীসমূহের সাহায্যে ''বঙ্গকৃষিশ্রী' নামে ব্র্যান্ডের অধীনে গোবিন্দভোগ ও তোলাইপাঞ্জি চালের বিপণন করা হয়েছে। ফলে সুগন্ধী চালের আগের থেকে অনেক বেশি দাম পেয়েছে। এছাড়া কর্পোরেশন এই বছর বাঁকুড়া জেলার কৃষক বাজারগুলোতে ২ হাজার ২৫৯ জন চাষির কাছ থেকে নির্ধারিত সহায়ক মূল্যে ৭ কোটি ৯১ লক্ষ টাকার ধান ক্রয় করা হয়েছে। এই হিসেবটা যখন এই বাজেট বই লেখা হয়েছিল তখনকার। গতকালের হিসেব হচ্ছে ৬ হাজার ৯৬.২৭ মেট্রিক টন আমরা ধান প্রকিওর করেছি বাঁকুড়ার চারটি কৃষক বাজার থেকে। যার মূল্য হচ্ছে ৮ কোটি ৩৭ লক্ষ ৯৪ হাজার ২৫২ টাকা। কেন্দ্রীয় সরকারের যে মিনিমাম সাপোর্ট প্রাইস ১৩৬০ এবং তার সঙ্গে কুইন্টালপ্রতি ১৫ টাকা উৎসাহ ভাতা অতিরিক্ত দিয়ে ধান ক্রয় করেছি। এছাড়াও বিগত তিন বছরে এই রাজ্যের আলু উৎপাদকরা সর্বকালীন সন্তোষজনক দাম পাবার পর বর্তমান বছরে দেশের সর্বকালীন অধিক ফলনের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গ সরকার কৃষি ও বিপণনদপ্তর আলুচাষীদের পাশে দাঁড়াতে কতগুলি পদক্ষেপ গ্রহণ করেছে। তার মধ্যে উল্লেখযোগ্য হল আমরা আমাদের চাষীদের কাছ থেকে সরাসরি কুইন্টালপ্রতি ৫৫০ টাকা দামে আলু কিনে তা মিড-ডে মিল-এর মাধ্যমে স্কুলের ছাত্রছাত্রীদের খাওয়ানোর ব্যবস্থা করা হয়েছে। কৃষি দপ্তরের বাজেটের সময় আমাদের পূর্ববর্তী সরকারের বা বামফ্রন্টের সদস্যদের বক্তব্য শুনছিলাম। আমরা লক্ষ করছিলাম তারা চিৎকার করে সভার কাজকে পণ্ড করবার চেষ্টা করছিলেন। আমাদের মনে আছে স্যার ২০১০ সালে যখন আলুর দাম অত্যন্ত কম, আলুর ফলন বেশি, তখন পূর্ববর্তী সরকার চাষিদের কাছ থেকে আলু কেনার জন্য ৪০০ কোটি টাকা ধার্য করেছিলেন, বরাদ্দ হয়েছিল। এবং সেই ৪০০ কোটি টাকার মধ্যে বামপন্থী ইঁদুরে প্রায় ১৮০ কোটি টাকা খেয়ে নিয়েছিল, সেই নিয়ে মামলা চলছে,সি.আই.ডি. তদন্ত হয়েছে, কয়েকজন জেলে গেছে, সেই কেস এখনও পেন্ডিং, বিচারাধীন আছে। সুতরাং কৃষক দরদের কথা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সদস্যদের মানায় না। আমরা ভুলিনি কৃষকদের উপর কি ভয়ানক অত্যাচার হয়েছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আমলে। আমরা সিঙ্গুর, নন্দীগ্রাম ভুলে যাইনি। কৃষক হত্যার মধ্যে দিয়ে বাংলার পবিত্র মাটি রক্তাক্ত করেছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং বামপন্থীরা। আলুর উৎপাদন বৃদ্ধির জন্য যে ব্যবস্থাগুলো আমরা নিয়েছি তার মধ্যে আছে,

কলকাতা বন্দর থেকে আলু অন্য দেশে রপ্তানির জন্য পরিবহণ ভর্তুকি হিসাবে পরিবহণ ভাড়া অথবা কুইন্টালপ্রতি ১০০ টাকার মধ্যে যেটা কম সেটা প্রদান করা যাবে। এই রাজ্য থেকে অন্য রাজ্যে রেল পরিবহণের মাধ্যমে আলু পরিবহণের জন্য রেল ভাড়া বা কুইন্টাল প্রতি ৫০ টাকা, এর মধ্যে যেটা কম, সেটা পরিবহণ ভর্তুকি হিসাবে প্রদান করা। ২০১৪ সালে আলুর ভোক্তা মূল্যবৃদ্ধির পরিপ্রেক্ষিতে উপভোক্তাদের সুলভ মূল্যে আলু সরবরাহের জন্য কৃষিজ বিপণন বিভাগ প্রায় ২৩৫৭ মেট্রিক টন আলু প্রথমে ১৪ টাকা এবং পরে ১৫ টাকা প্রতি কেজি দরে বিভাগের নিজস্ব চলমান যানের মাধ্যমে সরাসরি ক্রেতাদের বিক্রয় করেছে। বর্তমানে এই রাজ্যে ৯৯টি বহুমুখী হিমঘর-সহ মোট হিমঘরের সংখ্যা ৫৩৪টি এবং মোট ধারণ ক্ষমতা ৬৬.২৭ লক্ষ মেট্রিক টন। বিগত ৩ বছরে বহু হিমঘর চালু হয়েছে। এই বছরে নতুন ১০টি হিমঘর স্থাপনের প্রস্তাব এসেছে। রাজ্যের কৃষকদের নিয়ে Farmers Producers Organization গঠনের মাধ্যমে কৃষকদের স্বাবলম্বী করার প্রচেষ্টা অতি আধুনিক এবং উল্লেখযোগ্য পদক্ষেপ। RKVY প্রকল্পের অধীনে ডাল, তৈলবীজ এবং সবজির জন্য কৃষি উৎপাদকদের সংগঠনের প্রক্রিয়া চলছে। এই প্রকল্পের অধীনে পশ্চিমবঙ্গের ১১টি জেলায় ৫০,০০০ কৃষককে নিয়ে ৫০টি FPO গঠিত হচ্ছে। ইতিমধ্যেই ২০টি FPO নিবন্ধীকরণ করা হয়েছে। বিভাগের নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত কৃষক পরিবারের সদস্যদের কৃষি বাণিজ্যের সঙ্গে যুক্ত করার প্রক্রিয়া চলছে। 'সুফল বাংলা' প্রকল্পের মাধ্যমে কৃষকের কাছে লাভজনক মূল্য, কৃষিজাত পণ্য কিনে চলমান গাড়ি এবং স্থায়ী বিক্রয় কেন্দ্রের মাধ্যমে ভোক্তাদের কাছে বাজারমূল্য থেকে কম দামে বিক্রি করা হচ্ছে। FPO এবং স্বয়ম্ভর দলগুলোকে এই কাজে যুক্ত করা হচ্ছে। ফসল উৎপাদনোত্তর পরিকাঠামোর দুর্বলতার ফলে এবং ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের ক্ষতি প্রশমিত করার জন্য কৃষিজ বিপণন বিভাগের একটি প্রকল্প 'আমার ফসল আমার গোলা' বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের অধীনে, যোগ্য কৃষকদের উন্নত মানের গোলা গঠনের জন্য এককালীন সহায়তা প্রদান করা হয়েছে। কৃষকদের প্রথাগত গোলা গঠনের জন্য ৫,০০০ টাকা, পাকা কুঠি গঠনের জন্য ১২,০০০ টাকা ও পেঁয়াজের গোলা গঠনের জন্য ২৫,০০০ টাকা এককালীন সহায়তা প্রদান করা হয়েছে। সহায়তা সুবিধাভোগীর Bank A/c বা KCC A/c-এ জমা করা হয়েছে। মোট ৫৯৫২ জন কৃষক এই সুবিধা ইতিমধ্যেই পেয়েছে। কৃষিজ পণ্য সুষ্ঠুভাবে পরিবহণের জন্য এই বিভাগের আর একটি নতুন প্রকল্প 'আমার ফসল আমার গাড়ি' বাস্তবায়িত হয়েছে। এই প্রকল্পের অধীনে একটি রিকশা Van বা Vending Cart এবং ৬টি Poly Crate কেনার জন্য এককালীন সহায়তা ১০,০০০ টাকা প্রদান করা হয়েছে। সহায়তা সুবিধাভোগীর Bank A/c বা KCC A/c-এ জমা করা হয়েছে। ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, কৃষক গোষ্ঠীসমূহ, স্বনির্ভর গোষ্ঠী ইত্যাদির মধ্যে থেকে নির্বাচিত উপভোক্তাদের সেদ্ধ ধান শুকানোর চাতাল, ভিজে ধান শুকানোর যন্ত্র এবং স্বল্প মূল্যে উন্নত ধান ও শস্য সংরক্ষণ গোলা বানানোর জন্য যথাক্রমে ১০,০০০ টাকা, ৮,০০০ টাকা এবং ৫,০০০ টাকা এককালীন সহায়তা উপভোক্তাদের KCC বা Bank A/c-এ সরাসরি প্রদান করার ব্যবস্থা করা হয়েছে। ২০১৪-১৫ সালে এই খাতে তহবিলের মুক্তির পরিমাণ ছিল ১৭.১ কোটি টাকা।

[5.00 - 5.08 p.m.]

স্যার, নেপাল মাহাত মহাশয় আমাদের সিনিয়র মেম্বার অব দিস হাউস, তিনি আমাকে কয়েকটি প্রশ্ন করেছেন। কৃষকদের লাভজনক মূল্য পাবার জন্য নিশ্চিত কোনো পরিকল্পনা আছে কিনা? কৃষিজ বিপণন পরিকল্পনার অন্তর্গত বিষয়গুলি হল পরিকাঠামো। হিমঘর বিপণন, তথ্য সংকলন। কৃষকদের স্বনির্ভর দলের মাধ্যমে সরাসরি বিপণন এবং বিপণন আইনের সংস্কার। বাজেটে সেই সমস্ত বিষয়কেই পরিকল্পনার অন্তর্গত করা হয়েছে। দ্বিতীয় হল কিষান মান্ডিগুলি চালু করা যাবে কি? টাকার অপচয় হবে। এটা উনি বলেছেন। কৃষক বাজারগুলি প্রতিটি ব্লকে সরকারের নিয়ন্ত্রণাধীন প্রাথমিক বাজার। শুধু শাকসব্জি নয়, সমস্ত ফসলের বিপণনে সুসঙ্গত আধুনিক পরিকাঠামো কৃষকের নিয়ন্ত্রণে থাকা উচিত। এই ৩৫টি কৃষক মান্ডিতে ধান কেনা হচ্ছে। তা কি কৃষক স্বার্থবাহী ব্যবহার নয়? তিনি আর একটি প্রশ্ন করেছেন। বাড়তি আলুর বাজার আছে কি? দেশ এবং দেশের বাইরে আলুর রপ্তানি ত্বরান্বিত করতে সরকার পরিবহণ ভর্তুকি ঘোষণা করেছেন। বাইরের রাজ্যে এই রাজ্যের আলুর চাহিদা না থাকলে ৭২টি রেল রেক ভর্তি আলু অন্য রাজ্যে গেল কি করে? আলুর ক্ষেত্রে কি নিষেধাজ্ঞা উচিত? মাননীয় মুখ্যমন্ত্রী তখন আমাদের রাজ্যে যে আলু মজুত ছিল, সেই আলু আমাদের রাজ্যের মানুষের পক্ষে, যেটুকু রাজ্যের মানুষের প্রয়োজন সেইটুকুই ছিল। যদি সেই আলু বাইরে চলে যায় তাহলে আমাদের রাজ্যে ঘাটতি হত। রাজ্যের মানুষ খেতে পেত না। সুতরাং রাজ্যের মানুষের স্বার্থে তিনি নিয়ন্ত্রণ করেছিলেন। বন্ধ করেননি বাইরে যাওয়া। যখন উড়িষ্যাতে বিপর্যয় হল তখন উড়িষ্যায় তিনি নিজে উদ্যোগ নিয়ে আলু পাঠিয়েছেন। নিষেধাজ্ঞা নয় রাজ্যে। আলুর জোগান নিশ্চিত করার জন্যে নিয়ন্ত্রণ এবং সঠিক তথ্য সংকলন রাজ্য সরকারের দায়িত্বের মধ্যে পড়ে। সেই কাজই রাজ্য সরকার করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী করেছেন। কিষান মান্ডির পরিবর্তে হিমঘর নির্মাণ করতে পারতেন। এটা উনি বলেছেন যে হিমঘর নির্মাণের কথা। উনি জানেন না, এটা প্রথম থেকেই আমাদের পরিকল্পনা আছে যে, প্রতিটি কিষান মান্ডিতে ভবিষ্যতে হিমঘরের সুযোগ রাখা রয়েছে। জমি রাখা রয়েছে এবং সেই হিমঘরের চিন্তা বাস্তবায়িত করার জন্য চিন্তাভাবনা শুরু করা হয়েছে। স্যার, আমাদের অ্যাসিওরেন্স কমিটির রিপোর্টে আছে ৯টি বাজার তৈরির কাজ শুরু হয়েছে। এই তথ্যটা বিভ্রান্তিমূলক। রাজ্যে কৃষক বাজারের কাজ অতি দ্রুত গতিতে এগিয়ে চলেছে। সুতরাং সময়ের ব্যবধানে সঙ্গে সঙ্গে নির্মিত নির্মীয়মাণ কৃষক বাজারের সংখ্যা বাড়বে। এটাই স্বাভাবিক। সর্বশেষ তথ্য হল ৮৮টি কৃষক বাজার নির্মিত হয়ে গেছে এবং ৮৪টি কৃষক বাজারের কাজ চলছে। স্যার, আমরা বিগত চার বছর আগে আমাদের এই সরকার দায়িত্ব নিয়েছিল। অত্যন্ত কঠিন অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী রাজ্যে শান্তি প্রতিষ্ঠা করে রাজ্যের সর্বক্ষেত্রে উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করেছিলেন এবং আমরা রাজ্যের এই বিপণন ব্যবস্থাকে বিপণন পরিকাঠামোকে শক্তিশালী করার জন্য তিনি উদ্যোগ গ্রহণ করলেন। পূর্ববর্তী সরকার ৩৪ বছর ক্ষমতায় ছিলেন। তারা রাজ্যে কটি সরকারি বাজার তৈরি করেছেন, আমার জানা নেই। আমরা দেখেছি রাজ্যের অধিকাংশ বাজার হচ্ছে প্রাইভেট মালিকানাধীন। কিন্তু আমরা যেটা করেছি আমরা যেমন বাজার তৈরি করেছি, যাতে

কৃষকক্রেতা সরাসরি এই বাজার থেকে তাদের উৎপাদিত ফসল, কৃষকরা বিক্রি করতে পারে। তাদের ন্যায্য মূল্য পায় এবং সাধারণ মানুষ যারা, যারা ক্রেতা, যারা উপভোক্তা তারা যাতে কৃষকদের কাছ থেকে সরাসরি অর্থাৎ ফার্মার্স টু কনজিউমার, সরাসরি ক্রেতা কৃষকদের কাছ থেকে ফসল কিনতে পারে, সেই পরিকল্পনা নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষক বাজার করার পরিকল্পনা নিয়েছেন। এবং সেই সঙ্গে পরিকল্পনা আছে আরও একটি ব্যাপারে। আমাদের রাজ্যে প্রায় ৩০-৩৫ শতাংশ ফসল পচে নষ্ট হয়ে যায়। কারণ আগের সরকার কোনো হিমঘর করার কোনো পরিকল্পনা করেনি। তারা ভাবেনি। আমরা সেই কারণে এই প্রত্যেকটি কৃষক বাজারে একটি করে হিমঘর তৈরির পরিকল্পনা করেছি। স্যার, আমি মাননীয় রাজ্যপালের সুপারিশক্রমে দাবি নাম্বার ৪-এর অধীন মুখ্যখাত ২৪০১-এ শস্যপালন, ২৪০৮ খাদ্য সংরক্ষণ ও গুদাম ২৪৩৫ অন্যান্য কৃষি কর্মসূচী, ৩৪৫১ সচিবালয়ের অর্থনৈতিক পরিষেবা, ৪৪০১ শস্যপালন ও মূলধন ব্যয় এবং ৪৪৩৫ কৃষি ও বিপণন বিভাগের অন্যান্য কৃষি কর্মসূচীর জন্য সর্বমোট ২৬১ কোটি ১৬ লক্ষ টাকা, যার মধ্যে পরিকল্পনা-বহির্ভূত খাতে ১৮ কোটি ১৬ লক্ষ টাকা এবং পরিকল্পনা খাতের অধীন রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার অধীন মূলধন মোট ১০০ কোটি সহ মোট ২৫০ কোটি টাকার অনুদান বরাদ্দ করার জন্য প্রার্থনা করছি এবং সমস্ত সদস্যদের আমার এই প্রস্তাবকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now I put to vote all the Cut Motions moved.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say No.
NOES have it, Noes have it.
All the Cut Motions are lost.

Now I put to vote the main Motion of Dr. Amit Mitra that a sum of Rs.268,16,00,000 be granted for expenditure under Demand No.4 Major Heads : 2401-Crop Husbandry, 2408-Food, Storage and Warehousing, 2435-Other Agricultural Programmes, 3451-Secretariat - Economic Services, 4401-Capital Outlay on Crop Husbandry and 4435-Capital Outlay on Other Agriculture Programmes during the year 2015-2016.

(This is inclusive of a sum of Rs. 89,38,69,000 already voted on account.)

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Adjournment

The House was then adjournment at 5.08 p.m. till 11 a.m. on Tuesday, the 2nd June, 2015.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 2nd June, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 31 Ministers, 7 Ministers of State, 17 Parliamentary Secretaries and 151 Members.

[11.00 - 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

মালদা জেলার নবনির্মিত রাস্তা

*১৪৭। (অনুমোদিত প্রশ্ন *১০) **শ্রী তজমুল হোসেন** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-২০১৫ অর্থ বছরে মালদা জেলায় কত কিলোমিটার নতুন রাস্তা তৈরি হয়েছে?

...(গোলমাল)...

শ্রী শঙ্কর চক্রবর্তী :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী তজমুল হোসেন মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই— ২০১৪-২০১৫ অর্থ বছরে মালদা জেলায় ৩৩.৯৪ কিমি নতুন রাস্তা তৈরি হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার উনি উত্তর দিয়েছেন ৩৩.৯৪ কিলোমিটার নতুন রাস্তা করেছেন। নতুন রাস্তা বলতে কি বোঝাচ্ছে? আপনি মালদা জেলায় ৩৪ কিলোমিটার রাস্তা যে করেছেন — আপনি নির্দিষ্ট করে কি বলতে পারবেন যে, কোথায় কোথায় ৩৪ কিলোমিটার রাস্তা হয়েছে? আপনাকে নির্দিষ্ট করে বলতে হবে — নতুন রাস্তা।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি শুনুন, আমি আপনার প্রশ্নটা শুনেছি। আপনি একটু উত্তরটা শুনুন। মালদা জেলার মানিকচক থেকে মানিকচক ঘাট রোড যেটা, সেটা জিরো জিরো থেকে ২.৫০ কিলোমিটার পর্যন্ত রাস্তা তৈরি করা হয়েছে প্রশস্তিকরণ করে। মালদা থেকে সামসি, এস.এইচ-১০, ৩০ কিলোমিটার থেকে ৩৫ কিলোমিটার দীর্ঘিকরণ এবং প্রশস্তিকরণ করা হয়েছে। এছাড়া বুলবুলচণ্ডি কাতলাপুকুর ০.৫০ থেকে ৭.৫০ এটা প্রশস্তিকরণ এবং দীর্ঘিকরণ করা হয়েছে। ভালুকা হেল্‌থ সেন্টার থেকে রতুয়া ভালুকা রোড পর্যন্ত এটা করা হয়েছে। এরপরে কালিয়াচক নিয়ামতপুর রোড — এটা করা হয়েছে। কালিয়াচক গোপালগঞ্জ রোড করা হয়েছে এবং একলাখি রেলওয়ে স্টেশন থেকে রসিকপুর রোড করা হয়েছে।

শ্রী তজমুল হোসেন : আপনি যেটা বললেন সেটা ঠিক আছে, কিন্তু কোথায় কত কিলোমিটার করলেন, সেটা তো বললেন না।

মিঃ স্পীকার : আপনি একটা তালিকা দিয়ে দেবেন। উনি যেটা উত্তর দেওয়ার দিয়েছেন।

শ্রী তজমুল হোসেন : যেগুলো আপনি বললেন, সেগুলো তো পুরোনো রাস্তা। আপনি নতুন কোথায় করলেন? স্যার, নতুনের তো কোনো কথা নেই। আমি যেটা বলছি, গাজোল থেকে নিয়ে ৮১ যেটা সামসি হয়ে গাজর হয়ে তুলসিহাট্টা হয়ে বাঙ্গুরাম থেকে লাভা পর্যন্ত রাস্তাটা, যে রাস্তাটা এখনো বিহারের সাথে মাত্র ১১ কিলোমিটারের জন্য যোগাযোগ করা যাচ্ছে না। আজকে চারবছর ধরে আপনাকে বলে আসছি। জমি অধিগ্রহণ হয়ে গেছে। তা সত্ত্বেও যারা জমি দিয়েছে, তারা কত বিঘা করে জমি পাবে, কত টাকা ক্ষতিপূরণ পাবে এবং কতদিনে কাজ আরম্ভ হবে, সেটা আপনি দয়া করে বলুন। আপনি চার বছর ধরে বলছেন, হবে, হবে। কত দিনে হবে?

শ্রী শঙ্কর চক্রবর্তী : এন.এইচ-৮১ থেকে হরিশচন্দ্রপুর রেলওয়ে স্টেশন পর্যন্ত যে রাস্তাটা, সেই রাস্তাটার আমরা দীর্ঘিকরণ এবং সম্প্রসারণ করার কাজ এর মধ্যেই শুরু করবো।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ হাসনাবাদ-কাঁটাখালি ব্রীজের বর্তমান অবস্থানটা যদি আপনি দয়া করে বলেন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, কাঁটাখালি ব্রীজের শুরুটা হয়েছিল ওনাদের সময়ে ২০০৬ সালে। ২০০৬ সালে ২৬ কোটি টাকার estimate করে এই ব্রীজের সূচনা করা হয়েছিল। ২০০৯ সালে এই ব্রীজ সম্পূর্ণ হওয়ার নির্দিষ্ট সময়সীমা ছিল। ২০০৬-এ এই কাজটা শুরু হওয়ার পরে তারপরে দুটো মাত্র পিলার অর্ধসমাপ্ত অবস্থায় থেকে যায় এবং ওনারা তখন সরকারে দায়িত্বে ছিলেন। পরবর্তীকালে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। আমরা যখন সরকারে আসি, আমরা দায়িত্বে এসে দেখতে পাই যে ওই ব্রীজের দুটো পিলার অর্ধসমাপ্ত অবস্থায় আছে। এবং সেই সঙ্গে সঙ্গে এটাও দেখা যায় যে, ১৪ কোটি টাকা ইতিমধ্যেই কন্ট্রাক্টরকে দিয়ে দেওয়া হয়েছে। এই অর্ধসমাপ্ত থাকার কারণ অনুসন্ধান করতে গিয়ে দেখা যায় যে, যে দুটো পিলার উঠেছিল দুটো অত্যন্ত নিম্নমানের পিলার এবং সে দুটির মধ্যে অনেক ত্রুটি বিচ্যুতি আছে। তখন এই বিষয়টা সম্পূর্ণভাবে, পূর্ণাঙ্গভাবে দেখে একটা report নেওয়ার জন্য ITI, খড়্গপুরকে আমরা নিযুক্ত করেছিলাম। তারা বিভিন্নভাবে পরীক্ষানিরীক্ষা করে আমাদের কাছে যে পূর্ণাঙ্গ report দিয়েছিলেন তাতে আমরা দেখতে পাই যে, যে দুটো পিলার উঠেছে পিলার দুটো অর্ধসমাপ্ত অবস্থায় আছে এবং সেগুলো অত্যন্ত নিম্নমানের এবং তারাও মতামত দেন যে এর উপরে কোনো ব্রীজ করা যাবে না। তখন সিদ্ধান্ত নেওয়া হয় যে, নতুন করে ব্রীজ করতে হবে এবং এই দুটো পিলার অর্ধসমাপ্ত অবস্থায় আছে সেই দুটো পিলারকে একেবারে ভেঙে ফেলে দিতে হবে। সেই অনুযায়ী আমাদের Plan Estimate তৈরি হয়। বর্তমানে এই Plan Estimate অনুযায়ী আমাদের এই খরচটা এখন গিয়ে দাঁড়িয়েছে, যেটা ২৬ কোটি টাকা দিয়ে শুরু হয়েছিল, কোনোরকমভাবে ওইভাবে একটা

জোড়াতালি দিয়ে ওরা পিলার তৈরি করে দিয়েছিলেন এই অবস্থায় এখন সেটার খরচ গিয়ে দাঁড়িয়েছে ৮১ কোটি টাকার উপরে। সেই খরচের জন্যে আমরা ইতিমধ্যেই এটার টেন্ডার আহ্বান করেছি এবং এর কাজ প্রক্রিয়া শুরু করবার জন্য আমরা ব্যবস্থা নিয়ে নিয়েছি। এবং তদানীন্তনকালে যারা এর দায়িত্বে ছিলেন সেই ঠিকাদারি সংস্থার বিরুদ্ধে আমরা ক্ষতিপূরণের মোকদ্দমা করেছি এবং আমাদের আধিকারিক যাঁরা দায়িত্বে ছিলেন তাদের বিরুদ্ধে আমরা ফৌজদারী মামলা এবং ঠিকাদারি সংস্থার বিরুদ্ধেও আমরা ফৌজদারী মামলা রুজু করেছি। ২০০৬ সালে এটা শুরু হল সেটা ২০০৯ সালে কেন এটা complete হল না। আমরা এসে এটার সমস্ত ব্যবস্থা নিয়ে এটাকে এখন নতুনভাবে তৈরি করবার জন্য সমস্তরকম পদক্ষেপ নিয়ে নেওয়া হয়েছে।

শ্রী সুভাষ নস্কর : স্যার, আমি আপনাকে একটু বিশেষভাবে অনুরোধ করছি, আমরা যারা প্রশ্নকর্তা, আমাদের ভুলটা আপনি ধরেন। কিন্তু যিনি উত্তরদাতা তিনি একটু উত্তরটা দেখেশুনে দেন না। PWD-তে একটা কথা চালু আছে strengthening and widening, widening মানে প্রশস্তিকরণ এবং strengthening মানে মজবুতিকরণ। মাননীয় সদস্যের প্রশ্নটা ছিল সম্পূর্ণ কত কিলোমিটার নতুন রাস্তা তৈরি হবে। উনি প্রশস্তিকরণের উত্তরটা দিয়েছেন স্যার। নতুন রাস্তা মানে যে রাস্তাটা আদৌ পূর্তদপ্তর ...(গোলমাল)... উত্তরটা বিভ্রান্তি হয়ে যাচ্ছে। এটাই তো প্রশ্ন। যে প্রশ্নটা হল তার উত্তরটা দেবেন না? এটা আপনার দেখার দায়িত্ব স্যার।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : ওনার প্রশ্নের উত্তর হয়ে গেছে। আপনার আলাদা প্রশ্ন কিছু আছে? আপনার আলাদা প্রশ্ন আছে? আপনার অন্য কোনো প্রশ্ন আছে? উনি প্রশ্নের উত্তর দিয়েছেন।

[11.10 - 11.20 a.m.]

শ্রীমতী দেবলীনা হেমব্রম : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে আমাদের বাঁকুড়া জেলায় নতুন কোনো রাস্তার পরিকল্পনা আছে কিনা যদি বলেন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : বাঁকুড়া জেলায় আমরা এখন সেই প্ল্যানিংগুলি করছি, কোন কোন জায়গায়, কোন কোন রাস্তা আমরা হাতে নেবো বা করবো। আপনি পরবর্তীকালে এসে জানতে পারবেন, এখন সেই কাজটা আমাদের চলছে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার প্রশ্ন যে নদীয়া জেলায় কৃষ্ণনগর থেকে করিমপুর, স্টেট হাইওয়ে অত্যন্ত দুরবস্থার মধ্যে এই রাস্তাটি, এই রাস্তাটি সংস্কার করবার কোনো পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা জানাবেন কি?

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, বিভিন্ন যে রাজ্য সড়কগুলি আছে, সেইগুলি আমরা নির্দিষ্ট করে চিহ্নিত করছি যেগুলিতে আশু কাজ করা দরকার এবং আপনার এটার স্ট্যাটাস রিপোর্ট অনুযায়ী আমরা নিশ্চয় এ সম্বন্ধে পদক্ষেপ নেব।

শ্রী আবু তাহের খান : মাননীয় মন্ত্রীর কাছে আমার একদম স্পেসিফিক প্রশ্ন, এই দীর্ঘ চার বছর মা-মাটি-মানুষ শেষ সরকার ক্ষমতায় আসার পরে বাংলার সব থেকে পিছিয়ে পড়া জেলা, মাইনরিটি অধ্যুষিত জেলা, ভারতবর্ষের সবথেকে বেশী মাইনরিটি বাস করে মুর্শিদাবাদ জেলায়, সেই জেলায় কোনো রাস্তা হয়েছে কিনা, হলে কত কিমি?

শ্রী শঙ্কর চক্রবর্তী : আপনি যে প্রশ্নটা করেছেন, আপনাকে এর উত্তর আমি পরে জানিয়ে দেব। কারণ ১৫ হাজার কিমি. এর মতন রাস্তা আমাদের আছে, সুতরাং এটা তাৎক্ষণিকভাবে বলা সম্ভব নয়, আপনাকে আমি জানিয়ে দেব।

শ্রী গোকুল রায় : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন যে মাননীয় মন্ত্রী মহাশয় জানেন উনি দক্ষিণ দিনাজপুরের — আমাদের উত্তর দিনাজপুরের ডালখোলা যে বাইপাস, এটায় যানজট প্রচণ্ড হয়। কোনোদিন সারাদিন থেকে যায়, ছয় সাত ঘণ্টা ধরেও হয়, তার বিকল্প হিসাবে যে রাস্তা একটা আছে, করণদিঘী ব্লকের ভুলকি থেকে গোয়ালপুকুর টু ব্লকের জনতাহাট থেকে জনতাহাট চাকুরিয়া, সেই রাস্তাটা যাতায়াতের সম্পূর্ণ অযোগ্য। ওই রাস্তা রিপেয়ারের কোনো পরিকল্পনা আছে কি?

শ্রী শঙ্কর চক্রবর্তী : বেঙ্গল টু বেঙ্গল যে রাস্তাটা আছে, সেটা তো আপনিও জানেন, যে দোমহানা থেকে বেরিয়ে গেছে ইসলামপুর পর্যন্ত, তার সংস্কারের কাজ ইতিমধ্যেই আমরা কিন্তু শুরু করে দিয়েছি। সেই রাস্তাটার কাজ আমরা আগে করে দেবো, তারপরে অন্য রাস্তা নিয়ে আমরা অগ্রসর হবো।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় মন্ত্রীকে অসংখ্য ধন্যবাদ পূর্ত দপ্তরের তিনি অনেক কাজ করেছেন আমাদের এলাকায় ৩৪ বছর ধরে একটা রাস্তা সমরবাবু এখানে আছেন, তিনি বিশেষ করে জানেন, বালিঘাই-দোবান্ধি থেকে কুদি-দোবান্ধি কোনো রাস্তা বলে ছিল না, পি ডাবলিউ ডি রাস্তা ছিল, তিনি সেটা সংস্কার করে দিয়েছেন। একেবারে নতুন করেছেন। পি ডাবলিউ ডি নতুন করে কোনো রাস্তা করতে পারবে না যদি পি ডাবলিউ ডি-র রাস্তা না হয়, রাস্তা থাকলে ভাঙাচোরা রাস্তা হয়। স্বাভাবিকভাবে ২০০৭ থেকে ২০১১-র মধ্যে সে ওয়াইডেনিং হোক, স্ট্রেনদেনিং হোক মালদা জেলায় কত রাস্তা হয়েছিল, আপনার এই চার বছরে, আমাদের এই চার বছরে কত রাস্তা হয়েছে সেটা যদি বলেন তাহলে বাধিত হবো।

শ্রী শঙ্কর চক্রবর্তী : আমি আপনাকে সার্বিকভাবে এই ফিগারটা দিতে পারি যে এই পিরিয়ডে আমরা কত কিমি রাস্তা এইভাবে তৈরি করেছি আর তার আগের পিরিয়ডে ঠিক ওই সময়ে কতখানি রাস্তা তৈরি হয়েছিল সার্বিকভাবে আমি আপনাকে সেই ফিগারটা দিতে পারি। ২০০৭ থেকে ২০১১ সার্বিকভাবে তৈরি হয়েছিল ৪,০৮৭.৬৩ কিমি., আর ২০১১ থেকে ২০১৫ মার্চ পর্যন্ত তৈরি হয়েছে ৭,২৪১.৩৬ কিমি. রাস্তা। আপনি মালদা জেলার যেটা আলাদাভাবে জানতে চেয়েছেন আমি এর থেকে আপনাকে সেটা পরে জানিয়ে দেব।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—মুশকিলটা হচ্ছে এখন সবই মুখ্যমন্ত্রী জানেন—মুর্শিদাবাদ-নদীয়া জেলার সীমান্তবর্তী করিমপুর শহরের কাছে একটা ব্রীজ আধখানা অবস্থায় হয়ে পড়ে আছে। চার বছর ধরে এই ব্যাপারে চেষ্টা হচ্ছে, কিন্তু সেই ব্রীজটার দু'পাশে অ্যাপ্রোচ রোড হয়নি। আপনি গতবারে বলেছিলেন আমি নিজে গিয়ে আলোচনা করে ব্যাপারটার সমাধান করব। জলঙ্গী নদীর উপরে বক্সীপুর ব্রীজটার কাজ হবে কিনা সেটা আপনি দয়া করে জানাবেন।

শ্রী শঙ্কর চক্রবর্তী : এটা আমি দেখে আপনাকে পরে বলে দিচ্ছি।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি প্রথমেই একটা জিনিস বলি, পি.ডবলু.ডি. ডিপার্টমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট। আমরা প্রায়ই দেখি মাননীয় মন্ত্রীরা উত্তর দেওয়ার সময় বলেন এত দশমিক ৬১, এত দশমিক ৩৬, এটা কিন্তু ঠিক নয়। .৬১, .৩৬ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের মন্ত্রীরা যদি এইরকম বলেন তাহলে বোধহয় ভালো হয়। আমি স্যার যে প্রশ্নটা করতে চাই, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় কাজ ভালোই করছেন, সেই বিষয়ে কোনো সন্দেহ নেই। আমাদের ওখানে কিছু ব্রীজ, যেগুলোর এস্টিমেট ইঞ্জিনিয়াররা করছে সেই এস্টিমেট এমনভাবে তারা করছে, কলকাতা বা তার আশেপাশে যে সিস্টেমে তারা কাজ করে, সেই সিস্টেমে পুরুলিয়ার ঝালদায় লাঘু করেছে। তার ফলে ওয়ালিঙ সিস্টেম যেটা তাতে রাস্তাতে আটকে যাছে মরা পাথরে। সেই পাথরের এগজিসটেন্স যখন ড্রিল করছে ইঞ্জিনিয়াররা তখন পাচ্ছে না। এইভাবে প্রায় চার-পাঁচটা ব্রীজের কাজ আটকে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে স্পেসিফিক প্রশ্ন করতে চাই, ওই পাথুরে এলাকায় যেখানে এস্টিমেট করতে যাচ্ছে, এই ভুল এস্টিমেটের জন্য প্রতিটি ব্রীজের কাজ শেষ করতে চার থেকে ছয় বছর সময় লাগছে। এই বিষয়ে আপনি কি ইঞ্জিনিয়ারদের ট্রেনিং দিয়ে সেখানে এই এস্টিমেটের ব্যাপারটা দেখবেন। না হলে ভুল এস্টিমেটের জন্য প্রতিটি কাজ দেরী হয়ে যাচ্ছে। যখন তারা ড্রিল করছে তখন তারা পাথরটা খুঁজে পাচ্ছে না। মরা পাথরের এগজিসটেন্স সেটা কিন্তু আমাদের এলাকাতেই আছে।

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, উনি ইতিপূর্বে এইরকম একটা ব্রীজ সম্বন্ধে নির্দিষ্ট একটা প্রশ্ন করেছিলেন, তখন আমি ওনাকে ইঞ্জিনিয়ারিং দিকটা জেনে নিয়ে সম্পূর্ণভাবে ব্যাখ্যা করেছিলাম। পুরুলিয়া জেলার নদীগুলোর একটা বিশেষত্ব আছে তার নীচের দিকে কোথায় পাথর আছে, কোথায় পাথর থাকে না, সেটা সবসময় ঠিক বুঝতে পারা যায় না। যখন আমরা সার্ভে করি তখন এই বিষয়টা মাথায় রেখেই সার্ভে করা হয়। কিন্তু এখানকার কিছু অদ্ভুত বৈশিষ্ট্য আছে, অনেক সময় সার্ভে করার সময় সেটা ধরতে পারা যায় না। বিশেষ বিশেষ ক্ষেত্রে যখন এই অবস্থা হয়ে যায় তখন আমরা তাৎক্ষণিকভাবে ব্যবস্থা নিই। যাতে ওই পাথরটাকে অন্য কোনোভাবে সরিয়ে দিয়ে অথবা ওই পাথরটাকে রেখে দিয়ে যদি ওখানে একটা ওয়েল তৈরি করা যায়। সেইভাবেই কিন্তু আমরা প্লান এবং এস্টিমেট করি। এটা যেহেতু আগে থেকে বুঝতে পারা যায় না, সেইজন্য

অনেক সময় ওয়েল নামাতে গিয়ে এই আটকে যাওয়ার একটা ঘটনা ঘটে। অনেক সময় পুরুলিয়া জেলার নদীগুলোর ক্ষেত্রেই এইরকম ব্যাপার হয়। এটা ওই জেলার নদীগুলোর একটা বিশেষ বৈচিত্র্য।

[11.20 - 11.30 a.m.]

সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় অসংগঠিত শ্রমিক

*১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মে, ২০১১ থেকে মার্চ, ২০১৫ পর্যন্ত সময়কালে রাজ্যে মোট কতজন অসংগঠিত শ্রমিককে বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের আওতায় আনা হয়েছে?

শ্রী মলয় ঘটক :

স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী বঙ্কিম চন্দ্র হাজরার প্রশ্নের উত্তরে জানাই—

স্যার রাজ্য সরকারের সাহায্য প্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প যেটাকে আমরা (SASPFUW) বলি, তাতে ২৭,২৩,৪৬৯ জন এই চার বছরের মধ্যে তারা নথিভুক্ত হয়েছেন।

(২) ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্পতে নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ২০,১৮,১০৬। ২০১১ থেকে ২০১৫ পর্যন্ত।

(৩) এবং পরিবহণ কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পতে নথিভুক্ত শ্রমিকের সংখ্যা ২,০৫,৭৬৮।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে ২০১১ সালের আগে ভবিষ্যনিধি প্রকল্প ভবন ও অন্যান্য নির্মাণ কর্মী এবং পরিবহণ কর্মীদের সংখ্যা কত ছিল? এবং মা-মাটি-মানুষের সরকার আসার পর তা কত বৃদ্ধি পেয়েছে দয়া করে জানাবেন কি?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, যে ২০১১ সাল পর্যন্ত (SASPFUW) ছিল ২৩,৬৮,৫৬৯। এবং এই চার বছরে আরও অ্যাডিশান হয়েছে ২৭,২৩,৪৬৯। মোট সংখ্যা হচ্ছে ৫০,৯২,০৩৮। স্যার নির্মাণ কর্মীদের জন্য ২০১১ সাল পর্যন্ত সংখ্যা ছিল ২,৭১,৮৭০। এই চার বছরে মা-মাটি-মানুষের সরকারের সময়ে স্যার আরও যোগ হয়েছে ২০,১৮,১০৬। বর্তমানে মোট সংখ্যা ২২,৮৯,৯৭৬। ট্রান্সপোর্ট কর্মীদের ক্ষেত্রে স্যার মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠা হবার আগে এই সংখ্যাটা ছিল ৪৫,৬৯৬। এই চার বছরে ২,৫৭,০৬৮ আরও নথিভুক্ত হয়েছেন। বর্তমানে মোট সংখ্যা ২,৫১,৪৬৫।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে ২০১১-এর মে'র আগে মোট অনুদান কত টাকা ছিল? বর্তমানে এই চার বছরের অনুদানের পরিমাণ কত দয়া করে জানাবেন কি?

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, যে এই তিনটে মানে SASPFUW, নির্মাণ কর্মী এবং ট্রান্সপোর্ট কর্মী এগুলো চালু হবার পর থেকে এপ্রিল ২০১১ পর্যন্ত অর্থাৎ বামফ্রন্ট সরকারের সময়ে মোট ৯ কোটি ২৫ লক্ষ ২০ হাজার ২৭৫ টাকা বিভিন্ন ক্ষেত্রে অনুদান হিসেবে দেওয়া হয়েছিল। এবং এই চার বছরে মে ২০১১ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত এই সংখ্যাটা হল ৪২৬ কোটি ৪৫ লক্ষ ৭৬ হাজার ৮০৬। ৯ কোটি ছিল, সেটা ৪২৬ কোটি হয়েছে।

শ্রী এস. এম. সাদি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে যে ব্লকগুলো আছে, সেখানে কতগুলো ব্লকে এই মুহূর্তে মিনিমাম ওয়েজেস ইন্সপেক্টর নেই। এটা দয়া করে জানাবেন?

শ্রী মলয় ঘটক : দেখুন, এটা মিনিমাম ওয়েজেসের ইন্সপেক্টরের প্রশ্ন নয়। এর আগে একদিন প্রশ্নটা এসেছিল সেদিন আমি উত্তরও দিয়েছিলাম। আপনাকে আমি এই উত্তরটা পাঠিয়ে দেবো।

শ্রী ধীরেন বাগদী : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, যে অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে নির্মাণ কর্মী—এই নির্মাণ কর্মীদের রেজিস্ট্রেশানের ক্ষেত্রে আমরা দেখছি যে, প্রকৃত নির্মাণ কর্মী যারা সেই জায়গায় তাদের রেজিস্ট্রেশানের সঙ্গে সঙ্গে, যারা প্রকৃত নির্মাণ কর্মী নয় এইরকম মানুষেরও রেজিস্ট্রেশান হয়ে যাচ্ছে। আমার স্পেসিফিক প্রশ্ন যে নির্মাণ কর্মীদের প্রকৃত সংজ্ঞাটা কি? যদি এটা দয়া করে বলেন।

শ্রী মলয় ঘটক : স্যার, নির্মাণ কর্মীদের ক্ষেত্রে একটা সার্টিফিকেট লাগে যে তিনি নির্মাণ কর্মী হিসাবে কাজ করছেন, এটা স্থানীয় প্রতিনিধিরা দেন। এছাড়াও এর এনরোলমেন্ট করেন এস.এল.ও.-রা। যত এস.এল.ও. নিয়োগ হয়েছিল, সব আপনাদের সরকারের সময় নিয়োগ হয়েছিল। আপনারাই নিয়োগ করে গিয়েছিলেন, তারাই কিন্তু এনরোলমেন্টটা করেন। ...(নয়েজ)... যদি ভুয়ো কিছু হয়ে থাকে, তাহলে আপনি আমাদের দপ্তরে কমপ্লেন পাঠাবেন, আমরা সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেব।

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে শ্রম বিভাগের মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, সামাজিক সুরক্ষা প্রকল্পে পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী কি নতুন কোনো স্কীম ঘোষণা করেছেন? এবং যদি কোনো স্কীম ঘোষণা করে থাকেন, তাতে কি সুযোগ-সুবিধা আছে যদি কাইন্ডলি জানান।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে, নতুন কোনো

স্কীম ঘোষণা না করলে ট্রান্সপোর্ট কর্মী অর্থাৎ যারা পরিবহণ কর্মী, পরিবহণ কর্মীদের যে স্কীম ছিল — এটা কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন তাতে আরও বেশি যাতে সেই সমস্ত ট্রান্সপোর্ট কর্মীরা অনুদান পান — যেমন আমি বলি, ট্রান্সপোর্ট কর্মীরা আগে চিকিৎসার জন্য দশ হাজার টাকা পেতেন এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ হাজার টাকা পেতেন। বর্তমানে ট্রান্সপোর্ট কর্মীরা চিকিৎসার জন্য ক্যাশ লেস ৩০ হাজার টাকা এবং মোট একলক্ষ টাকা এবং পরিবারের চিকিৎসার জন্য দেড় লক্ষ টাকা করে পাবেন। এটা মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন। এছাড়াও পরিবারের দুই জন মেয়ের বিয়ের জন্য আগে ১০ হাজার টাকা করে ছিল, তা তিনি ২৫ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করেছেন। দুর্ঘটনা জনিত মৃত্যুর ক্ষেত্রে আগে দেড়লক্ষ টাকা ছিল, যা বর্তমানে তিনি দুই লক্ষ টাকা করে তিনি ঘোষণা করেছেন। আর পেনশান আগে যেটা ছিল ৭৫০ টাকা এবং মারা গেলে তার পরিবারের ক্ষেত্রে ৩৭৫ টাকা — বর্তমানে তিনি দেড় হাজার টাকা এবং ৭৫০ টাকা ঘোষণা করেছেন এবং তার ঘোষণা অনুযায়ী আমরা ইতিমধ্যে নোটিফিকেশান করে দিয়েছি।

শ্রী বাসুদেব মেটে : ধন্যবাদ, স্যার, আমি এখনই বসে বসে বলছিলাম যে বিধানসভার শেষ হতে গেল, মেয়াদ শেষ হয়ে গেল আমি একবারও হাত তুলে পেলাম না — তা যাইহোক, ট্রান্সপোর্ট আর অসংগঠিত শ্রমিকদের দশ টাকা করে ক্ষেতমজুরদের ভবিষ্যনিধি — এটা বাম আমলেই চালু হয়েছিল। আপনারা সেটাকে মেরে-কেটে খানিকটা চালাচ্ছেন, কি হচ্ছে জানি না। আমি যে কথাটা বলতে চাইছি, যে এই উপভোক্তাদের ক্ষেত্রে একটা বীমা সংযুক্তিকরণ হল, যে সেই পরিবারের দুইজন ছাত্রছাত্রী এর আওতায় আসবে এবং ক্লাস নাইন থেকে টুয়েলভ পর্যন্ত মাসে ২০০ টাকা করে সাহায্য দেওয়া হবে। এইটা কোন পর্যায়ে রয়েছে যদি দয়া করে বলেন, তাহলে খুব উপকৃত হব।

শ্রী মলয় ঘটক : আমি আপনার প্রশ্নের উত্তরে জানাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে যে এতে মাসের কোনো ব্যাপার নেই। নির্মাণ কর্মী ও পরিবহণ কর্মীদের ক্ষেত্রে — যে সমস্ত ছাত্রছাত্রীরা বা তাদের পোষ্যরা পড়াশোনা করেন তারা স্কুলে পড়লে ৪ হাজার টাকা, কলেজে পড়লে ৬ হাজার টাকা, এম.এ., এম.এস.সি. পড়লে ৮ হাজার টাকা, ইঞ্জিনিয়ারিং এবং ডাক্তারি পড়লে বছরে ৩০ হাজার টাকা করে তারা অনুদান পাওয়ার যোগ্য।

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই মধ্যে গতিধারা বলে একটা নতুন প্রকল্প আপনার দপ্তর থেকে শুরু হয়েছে। আমি আপনার কাছে জানতে চাইছি যে এই গতিধারা প্রকল্পে কতজন এই প্রকল্পের আওতায় এসেছেন বা কতজন সুবিধা পেয়েছেন? যদি আপনার কাছে তথ্য থাকে জানাবেন।

[11.30 - 11.40 a.m.]

শ্রী মলয় ঘটক : গতিধারা হচ্ছে এমপ্লয়মেন্টের আন্ডারে, এরপরের প্রশ্নটাই এমপ্লয়মেন্টের, তখন বলবেন আমি উত্তরটা দিয়ে দেব।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন, স্ট্যান্ডিং কমিটি থেকে মালদা এবং মুর্শিদাবাদ এই দুটো জেলায় নমুনা হিসাবে আমরা গিয়েছিলাম এই জন্য যে, শ্রম দপ্তরের অরগানাইজ সেক্টরে যা কিছু সামাজিক সুরক্ষা আছে তার ইন্সপেকশানে। সেখানে গিয়ে যা দেখলাম, জেলায় আপনার আধিকারিকদের যা হাল তারা নিজেরাই অ্যাওয়ার নয় এইগুলো সম্পর্কে। অন্যদের অ্যাওয়ার করার কথা ছেড়ে দিন তারা নিজেরাই অ্যাওয়ার নয় এইগুলো সম্পর্কে। বিশেষ করে মালদা এবং মুর্শিদাবাদ সেখানে ট্রান্সপোর্টে যারা আছে, বিশেষ করে ড্রাইভার এবং ক্লিনার তাদের এই নীতির আওতায় আনার জন্য কি উদ্যোগ গ্রহণ করেছেন এবং আপনি কতজনকে আওতায় আনতে পেরেছেন সেটা যদি জানান?

শ্রী মলয় ঘটক : আপনার অবগতির জন্য জানাই, ট্রান্সপোর্ট ওয়ারকারদের একটা হিসাবে দিলাম। ২০১১ সাল পর্যন্ত যে সংখ্যাটা ৪৫ হাজার ছিল বর্তমানে সেই সংখ্যাটা দাঁড়িয়েছে ২ লক্ষ ৫৭ হাজার ৬৮। সুতরাং অলরেডি সারা পশ্চিমবাংলায় ৪ গুণ এটা বেড়েছে এবং মালদা এবং মুর্শিদাবাদের ক্ষেত্রে সম পরিমাণ বেড়েছে। স্পেসিফিক্যালি মালদা এবং মুর্শিদাবাদে কত বেড়েছে আজকেই আপনাকে একটু পরে পাঠিয়ে দেব।

রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা

*১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী অসিত মিত্র :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত রেজিস্ট্রিকৃত বেকার যুবক-যুবতীদের সংখ্যা কত?

শ্রী মলয় ঘটক :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অসিত মিত্রের প্রশ্নের উত্তরে জানাই, রাজ্যে ২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত নথিভুক্ত কর্মপ্রার্থীদের সংখ্যা ৭৭,৮৮,০৮২ জন।

শ্রী অসিত মিত্র : আমার প্রথম সাপ্লিমেন্টারি। উনি জানিয়েছেন যে রাজ্যে ২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত নথিভুক্ত কর্মপ্রার্থীদের সংখ্যা ৭৭,৮৮,০৮২ জন। আমি আপনার কাছে শুধু একটা কথা জানতে চাইছি যে আপনারা সরকারে আসার পর থেকে আজ পর্যন্ত এই সংখ্যা থেকে, এই রেজিস্ট্রিকৃত বেকারদের মধ্যে থেকে কতজন চাকুরী পেয়েছে বা ভাতা পেয়েছে।

শ্রী মলয় ঘটক : স্যার আমি ওনার প্রশ্নের উত্তরে জানাই, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ গঠন হয়েছিল একটা আইনে Compulsory Registration of Employment Seekers-দের সেখানে নাম পাঠানোর জন্য। যে পরবর্তীকালে ২২শে August ১৯৯৬ একটা মামলা হয় এবং তাতে Supreme Court judgement দেয় employment exchange ছাড়া সাধারণ ছাত্রছাত্রী যারা যোগ্য তারাও সেখানে apply করতে পারবে। Equality of opportunity in the matter of emloyment would be

available to all eligible candidates. এই বলে সুপ্রীম কোর্ট একটা জাজমেন্ট দেয়। জাজমেন্ট দেয় ২২শে আগস্ট ১৯৯৬। তারপরের থেকে রাজ্যে কত চাকরি হয় বা কত লোক চাকরি পাচ্ছে, তার কোনো হিসাব রাখার ব্যবস্থা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের থাকে না।

শ্রী অসিত মিত্র : স্যার, উনি যেটা বললেন, আমার যা মনে হল এখন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আর কোথাও কোনো নাম যাচ্ছে কিনা ওনার কাছে সেই তথ্যটা নেই বোধহয়, তথ্য থাকলে তাহলে উনি বলতে পারতেন। আমার সেকেন্ড সাপ্লিমেন্টারি হল, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক হয়েছে, এই এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে এপ্রিল মাসের শেষ তারিখ পর্যন্ত রেজিস্ট্রিকৃত বেকার যুবক-যুবতীর সংখ্যা কত, তাদের মধ্যে কতজন চাকরি পেয়েছে?

শ্রী মলয় ঘটক : স্যার, ওনার প্রশ্নের উত্তরে জানাই যে, ৩১শে মার্চ পর্যন্ত এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ১৮ লক্ষ ২৫ হাজার ৮৮৪ জন এবং এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের ক্ষেত্রেও আপনাকে জানাই, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আমরা নাম পাঠাই। কিন্তু সেখানে কে চাকরি পেল না পেল আগে যেমন আইন অনুযায়ী আমাদেরকে জানাতে বাধ্য ছিল, এখন সেই সমস্ত আইন অনুযায়ী বাধ্য নয়। এছাড়াও বিভিন্ন ভাবে পাবলিক সার্ভিস কমিশন কিংবা এস.এস.সি. হোক বা পুলিশ সার্ভিস কমিশন হোক বা অন্যান্য হেল্‌থ সার্ভিস কমিশন হোক, এইভাবে রাজ্যে লক্ষ লক্ষ বেকার চাকরি পায়, সেটারও কোনো নথিভুক্ত করার ব্যবস্থা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নেই।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে মিঃ সাদিও প্রশ্ন করেছিলেন যে, মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নেই, এইরকম কতকগুলো ব্লক আমাদের পশ্চিমবাংলায় আছে। স্যার, উনি আগের দিন যে উত্তরটা দিয়েছিলেন যে মিনিমাম কতজন ওয়েজ ইন্সপেক্টরকে নিয়োগ করা হয়েছে এবং কতজন আছে। আজকে আমরা যেটা জানতে চাইছি যে, পশ্চিমবাংলাতে কোন্ কোন্ ব্লকে মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নেই এবং কতকগুলো জায়গা ফাঁকা আছে? এটা যদি নির্দিষ্টভাবে উনি বলেন তাহলে খুব ভালো হয়। কারণ মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর নিয়ে বিভিন্ন জায়গায় অনেক প্রবলেম হচ্ছে।

শ্রী মলয় ঘটক : স্যার, মিনিমাম ওয়েজ ইন্সপেক্টর সেপারেট চ্যাপ্টার, সেপারেট ম্যাটার। উনি স্পেসিফিক আমাকে প্রশ্ন করুন, আমি ওনাকে উত্তর দিয়ে দেব।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার যে প্রশ্ন, সেটা ঠিক আগের প্রশ্নের পরিপ্রেক্ষিতে সাপ্লিমেন্টারি। পরিবহণ শ্রমিকদের সামাজিক সুরক্ষা প্রকল্পের মধ্যে আনছেন এবং অটো, ট্যাক্সি চালকদেরও সেই প্রকল্পের মধ্যে আনবেন বলে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন। কিন্তু তিন লক্ষ মোটর ভ্যান চালক আছে, যারা কিন্তু সমাজের আরও প্রান্তিক অংশের, তাদেরকে নথিভুক্ত করে সামাজিক সুরক্ষা প্রকল্পের মধ্যে আনা, এই সম্পর্কে আপনি কোনো ব্যবস্থা নিয়েছেন কিনা, তা আপনি যদি বিস্তারিতভাবে জানান।

শ্রী মলয় ঘটক : মাননীয় সদস্যের উত্তরে জানাই, বিভিন্ন সংগঠন থেকে এবং বিভিন্ন

ভাবে মাস পিটিশান করে তাদেরকে এই আওতাভুক্ত করার জন্য আমাদের দপ্তরে জমা পড়েছে। সেগুলো আমরা গুরুত্ব সহকারে বিবেচনা করছি। বর্তমানে তা রাজ্য সরকারের বিবেচনাধীন রয়েছে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই দপ্তরের মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাইছি, যখন এই সরকারের এক বছর হয়, তখন শ্রম দপ্তরে মাননীয় মন্ত্রী শ্রী পূর্ণেন্দু বাবু ছিলেন। তিনি তখন বলেছিলেন যে, বিড়ি শ্রমিকদের যদি আমরা একবছরের মধ্যে মিনিমাম ওয়েজে না দেওয়াতে পারি, তাহলে এই বিড়ি শিল্পকে আমরা শিল্প রাখব কিনা সেই বিষয়ে চিন্তা-ভাবনা করব। এখনও পর্যন্ত বিড়ি শ্রমিকরা মিনিমাম ওয়েজ পাচ্ছে না। তাহলে বর্তমানে এই সরকার কি সিদ্ধান্ত বা কি পদক্ষেপ নেবেন সেটা আমি জানতে চাই।

শ্রী মলয় ঘটক : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, বিড়ি শ্রমিকদের একটা নির্দিষ্ট মিনিমাম ওয়েজ থাকলেও ওনার অভিযোগ যে অনেকেই সেটা পাচ্ছে না। এর মূল দায়িত্ব হচ্ছে সেই সংগঠনগুলির। যারা আমাদের দপ্তরে অভিযোগ করবেন বা যারা পাচ্ছেন না, তাদের থেকে অভিযোগ করা প্রয়োজন। ওনার উত্তরে আরও জানাই স্যার, যে বিড়ি শ্রমিকদের জন্য যে সমস্ত বেনিফিসিয়ারি স্কীম আছে এগুলো স্যার, মূলত সেন্ট্রাল গভর্নমেন্টের। যদিও রাজ্য সরকারের তরফ থেকে বিড়ি শ্রমিকদের ঘর করার জন্য, ইলেকট্রিফিকেশানের জন্য টাকা দেওয়া হয়।

[11.40 - 11.50 a.m.]

শ্রী তোয়াব আলি : ধন্যবাদ স্যার। কোশ্চেন নম্বর ১৪৮-এটা আগের প্রশ্ন। অনুমোদিত ৩৭। মাননীয় মন্ত্রী মহাশয় এটার একটু উত্তর দেবেন। অন্য কথা নয়, বিড়ি শ্রমিকদের ব্যাপারে। আপনি চট শিল্পে, এমনকি চা-শিল্পেও ত্রিপাক্ষিক চুক্তি করেছেন, মিটিং করেছেন। অনেকের মজুরি বৃদ্ধি হয়েছে। আপনি সেটা করেছেন। এটা ভালো। কিন্তু বিড়ি শিল্পে ১৫ লক্ষ-এর ওপরে শ্রমিক, বিশেষ করে মুর্শিদাবাদ জেলায় ১০ লক্ষের ওপরে বিড়ি শ্রমিক আছে। আপনার দপ্তর উদ্যোগ নিয়ে ত্রিপাক্ষিক মিটিং ডেকে, যে সরকারি নির্ধারিত মজুরি অথবা তাদের মজুরি বৃদ্ধির বিষয়টি আলোচনা করা প্রয়োজন। কেননা মজুরির চুক্তি পার হয়ে গেছে। আপনি জানেন, বর্তমানে জিনিসপত্রের মূল্য বৃদ্ধি হয়েছে। শ্রমিকরা আজকে রাস্তায় নেমে এসেছে। শ্রমিকরা আন্দোলন করছেন। তারপরে বড় আন্দোলনে চলে যাবে। সেই জন্য আপনার কাছে আমার জানার যে, আপনার দপ্তর এবং আপনি নিজে — অনেকগুলিতে যেটা করেছেন, উদ্যোগ নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক ডেকে ওদের অন্তত মজুরি বৃদ্ধির ক্ষেত্রে একটা চুক্তি করার উদ্যোগ আপনি নেবেন কিনা। এটাই শুধু আপনার কাছে জানার।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, বিড়ি শ্রমিকদের জন্য একটি কমিটি আছে। সেই কমিটিকে অ্যাপ্রুভ করে কেন্দ্রীয় সরকার। সেই কমিটির টাইম পিরিয়ড যেটা ছিল সেটা অলরেডি পার হয়ে গেছে। পরবর্তীকালে প্রায় একবছর

আগে আবার নতুন কমিটি অ্যাপ্রুভ করার জন্য পাঠানো হয়েছে। কিন্তু সেই কমিটি যদিও অ্যাপ্রুভ বা তার কোনো নোটিফিকেশান বা গেজেট নোটিফিকেশান আজ পর্যন্ত হয়নি। ...(নয়েজ)... আমি যেটা বলছি যে, এবারে বিড়ি শ্রমিকদের ত্রিপাক্ষিক বৈঠক আমাদের রাজ্যে কোনো দিনই হয়নি। বিড়ি শ্রমিকদের ক্ষেত্রে যে অ্যাভাইজারি কমিটি আছে সেই অ্যাডভাইজারি কমিটির মাধ্যমে বিড়ি শ্রমিকদের সমস্ত কিছু সুযোগ-সুবিধা আমরা দেখে থাকি। এই অ্যাডভাইজারি কমিটির পুরনো অ্যাডভাইজারি কমিটির মিটিং আমরা কয়েকদিন আগে করেছি। ...(নয়েজ)... আমি বললাম তো যে, বিড়ি শ্রমিকদের একটা মিনিমাম ওয়েজেস আছে। সেই মিনিমাম ওয়েজেস যদি কেউ না দেয় তখন আমাদের ব্লকে এবং আমাদের সাব-ডিভিশনে যেখানে এ.এল.সি বা ডি.এল.সি-রা বসেন সেখানে যদি অভিযোগ জানান, আমাদের দপ্তর সঙ্গে সঙ্গে পদক্ষেপ নেবে।

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, আগের সরকারের আমলে এই অসংগঠিত শ্রমিকদের ক্ষেত্রে যে সুরক্ষার ব্যাপারটা গোপনে গোপনে হয়ে যেত। কিছু কিছু লোক নিজেরা নিজেদের মধ্যে বণ্টন করত। এই সরকার আসার পর অনেক অসংগঠিত শ্রমিক তারা তাদের সুযোগ-সুবিধা পাচ্ছে। আমার যেটা প্রশ্ন, এই যে আর্থিক ব্যয় হচ্ছে এই আর্থিক ব্যয়ে কেন্দ্রীয় সরকারের কোনো সাহায্য আছে কি?

শ্রী মলয় ঘটক : স্যার, এই আর্থিক ব্যয় মূলত রাজ্য সরকারের থেকে হয়ে থাকে।

Dr. Harka Bahadur Chhetri : Thank you very much Hon'ble Speaker Sir. Through you I would like to draw the attention of the Hon'ble Labour minister that around 10 years back there used to be a lot of crowd in the Employment Exchange office because people had the hope that they would get a job if they get themselves registered in the employment exchange office. But for the last ten years or so nobody is going to register their names in the employment exchange office - absolutely a deserted office now Sir. So I would like to know from the Hon'ble Minister what is the number of registered unemployed youth in Darjeeling Hills now beacuse nobody goes to the employment exchange office? I would like to know the status of the registered unemployed in Darjeeling Sir.

Shri Malay Ghatak : Sir, there are 73 employment exchanges in our state. The number of registered unemployed is 1,95,039 in Darjeeling district.

ক্রেতা সুরক্ষা আদালতে নথিভুক্ত অভিযোগ

*১৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪) **শ্রী সমীর কুমার জানা :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত ক্রেতা সুরক্ষা আদালতে মোট কতগুলি অভিযোগ জমা পড়েছে; এবং

(খ) কতগুলি অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে (জেলাওয়াড়ি তথ্যসহ)?

শ্রী সাধন পান্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) এই সময় পর্যন্ত ২২টি জেলা ফোরামে মোট ১,০০,১৪৩টি এবং রাজ্য কমিশনে মোট ২৩,৫০৯টি অভিযোগ জমা পড়েছে।

(খ) জেলা ফোরামে মোট ৯৩,৮০৪টি এবং রাজ্য কমিশনে মোট ১৯,৭০০টি অভিযোগের নিষ্পত্তি হয়েছে। যাহার জেলাওয়াড়ি তথ্য নিম্নে সংযোজিত হল:-

মার্চ ২০১৫ পর্যন্ত জমা/নিষ্পত্তি/বকেয়া অভিযোগ সম্পর্কিত বিবৃতি :

ক্রমিক সংখ্যা	ফোরামের নাম	মোট অভিযোগ জমা	মোট অভিযোগ নিষ্পত্তি	মোট অভিযোগ বকেয়া
১	পশ্চিমবঙ্গ রাজ্য আয়োগ	২৩,৫০৯	১৯,৭০০	৩,৮০৯
২	কলকাতা ইউনিট - ১	৩১,৮৪৪	৩০,৩৮০	১,৪৬৪
৩	কলকাতা ইউনিট - ২	১২,৪৩৯	১২,০৯১	৩৪৮
৪	বাঁকুড়া	১,০২৭	৮৪৩	১৮৪
৫	বীরভূম	২,৫৮৯	২,৪১০	১৭৯
৬	বর্ধমান	৪,৪৪৭	৪,১২৪	৩২৩
৭	কোচবিহার	১,৭০০	১,৬১০	৯০
৮	সার্কিট বেঞ্চ আলিপুরদুয়ার	৩৫২	৩২৪	২৮
৯	দক্ষিণ দিনাজপুর	৫৮৫	৫৪৯	৩৬
১০	দার্জিলিং	৭৫৯	৭৪৩	১৬
১১	হুগলি	৩,৯১৩	৩,৫৮২	৩৩১
১২	হাওড়া	৬,১১০	৫,৩৩০	৭৮০
১৩	জলপাইগুড়ি	১,২৫৩	১,১৭২	৮১
১৪	মালদা	১,৯৪৮	১,৮৩৯	১০৯
১৫	মুর্শিদাবাদ	৪,৪১০	৪,০৮৬	৩২৪
১৬	নদীয়া	২,০৪৩	১,৮৮৩	১৬০
১৭	উত্তর ২৪-পরগনা	৬,৭৫২	৫,৬০৪	১,১৪৮

ক্রমিক সংখ্যা	ফোরামের নাম	মোট অভিযোগ জমা	মোট অভিযোগ নিষ্পত্তি	মোট অভিযোগ বকেয়া
১৮	পূর্ব মেদিনীপুর	৮৭৩	৮৪২	৩১
১৯	পশ্চিম মেদিনীপুর	৩,৩৪৫	৩,২০৬	১৩৯
২০	পুরুলিয়া	১,২৬৬	১,২৪৫	২১
২১	শিলিগুড়ি	২,৬৫৭	২,৩৬৮	২৮৯
২২	দক্ষিণ ২৪-পরগনা	৮,৫৩৫	৮,৩৬৯	১৬৬
২৩	উত্তর দিনাজপুর	১,২৯৬	১,২০৪	৯২
	সর্বমোট—	**১,২৩,৬৫২**	**১,১৩,৫০৪**	**১০,১৪৮**

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রী মহোদয় যে টোট্যাল ফোরাম এবং রাজ্য কমিশনের পক্ষ থেকে ১ লক্ষ ২৩ হাজার ৬৫২টি যে অভিযোগ জমা পড়েছিল তার মধ্যে ১ লক্ষ ১৩ হাজার ৫০৪টির নিষ্পত্তি হয়েছে। মাত্র ১০ হাজার ১৪৮টি বাকি আছে। এর কাজ চলছে। এর জন্য অশেষ ধন্যবাদ।

আমার পরবর্তী সাপ্লিমেন্টারী। মামলা বৃদ্ধির কথা চিন্তা করে রাজ্য কমিশনের পক্ষ থেকে দুটি সার্কিট বেঞ্চ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং রাজ্য সরকার তা অনুমোদন করেছেন। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জিজ্ঞাস্য, এই সার্কিট বেঞ্চ দুটি কোথায় তৈরী হচ্ছে?

শ্রী সাধন পান্ডে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, যাতে উত্তরবঙ্গের মানুষকে কলকাতায় এসে মামলা করতে না হয় সেই জন্য আমরা উত্তরবঙ্গের শিলিগুড়িতে একটা সার্কিট বেঞ্চ করব। আর, দক্ষিণবঙ্গের মানুষের সুবিধার জন্য আমরা আসানসোলেও একটি সার্কিট বেঞ্চ করব। এগুলো অনুমোদিত হয়ে গেছে। যাঁরা ওখানে জাজ হবেন, প্রেসিডেন্ট হবেন এখন তাঁদের ইন্টারভিউ চলছে। আমার মনে হয় দিন ১৫/২০-র মধ্যে আমরা চালু করতে পারব।

এছাড়া, স্যার, কলকাতায়ও একটা সার্কিট বেঞ্চ হচ্ছে। কলকাতায় যেহেতু মামলা বেশী হচ্ছে, অনেক মামলা জমে যাচ্ছে, তাই কলকাতার জন্যও একটা সার্কিট বেঞ্চের অ্যাপ্রুভাল পাওয়া গেছে। সেটাও আমরা তাড়াতাড়ি শুরু করব।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারী। উপভোক্তাদের বিভিন্ন সমস্যার সমাধানের জন্য বেশ কিছু 'সহায়তা ব্যুরো' গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বেশ কয়েকটা 'ব্যুরো' তৈরীও হয়েছে। এই ব্যুরো সংগঠনের দ্বারা আমরা, সাধারণ মানুষ, যারা উপভোক্তা, তাদের কী কী উপকার সাধিত হতে পারে? এই যে ব্যুরো সংগঠন তৈরী করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এর উদ্দেশ্য কি? কীভাবে সাধারণ মানুষের উপকারে লাগতে পারে?

[11.50 a.m. - 12.00 noon]

শ্রী সাধন পাণ্ডে : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্য এবং হাউজকেও জানাচ্ছি, আমরা, 'কনজিউমার অ্যাসিস্ট্যান্স ব্যুরো' করছি। কনজিউমার অ্যাসিস্ট্যান্স ব্যুরো ভারতবর্ষে এই প্রথম। কনজিউমার কোর্টে যখন গরীব মানুষরা যায় তখন তারা হয়তো পিটিশন লিখতে পারে না। তারা আইনজ্ঞের সাহায্য ছাড়া কোনরকম কিছু কেস ফাইল করতে পারছে না। সেই সব লোকেদের সাহায্য করার জন্যই কনজিউমার অ্যাসিস্ট্যান্স ব্যুরো। প্রত্যেকটা জেলা ফোরামে, প্রত্যেকটা জায়গায় আমরা ১০টা দিয়ে start করেছিলাম। আমরা দেখেছি, রিভিউ করেছি ১০টার থেকে দু-তিনটেকে বাদ দিয়েছি। এখন প্রত্যেকটা জেলা ফোরামে আমরা একটা করে কনজিউমার অ্যাসিস্ট্যান্স ব্যুরো করবো। তাদেরকে কম্পিউটার দেব, সমস্ত ফেসিলিটি দেব। যাতে গরীব মানুষ, গরীব উপভোক্তারা তারা গিয়ে মামলা করতে পারে। সেই রকম একটা ব্যবস্থা আমরা করেছি। সেটা কিছুদিনের মধ্যে সব চালু হয়ে যাবে।

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহোদয়কে একটি সাপ্লিমেন্টারি প্রশ্ন করতে চাই। উত্তর ২৪-পরগনার সংগ্রামপুরে বিষ মদ খেয়ে ১৭৪ জন মারা গিয়েছিলেন। এখনও বিভিন্ন জায়গায় এইরকম ধরনের কারবার চলছে। অনেক জায়গায় রমরমিয়ে চলছে। ওই ঘটনার পর আমরা শিক্ষা নিয়ে ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তর আগামী দিনে যাতে এই ধরনের দুর্ঘটনা না ঘটে, তার জন্য কি ব্যবস্থা গ্রহণের জন্য এগিয়ে আসছেন বা সেই সংগ্রামপুরের ঘটনায় ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তর কি পদক্ষেপ করেছেন বা করছেন এই বিষয়ে যদি মাননীয় মন্ত্রিমহোদয় বলেন?

শ্রী সাধন পাণ্ডে : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি, এই ধরনের ঘটনা ঘটলে যদি আমাদের কাছে আবেদনপত্র আসে তাহলে নিশ্চিতভাবে ব্যবস্থা করতে পারবো এবং কমপেনসেন দেওয়াতে পারবো। দক্ষিণ কলকাতার একটি হাসপাতালে আগুন লেগে গিয়েছিল, বহু লোক মারা গিয়েছিল। কিন্তু কোনো আবেদন পাইনি যাতে তারা উপযুক্ত কমপেনসেন পায়। এই ধরনের ঘটনা ঘটলে মাননীয় সদস্যদের বলবো নিশ্চিতভাবে আপনারা আবেদন করাবেন। আবেদন করলে নিশ্চিত তার প্রতিকারের ব্যবস্থা করবো।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন, এখানে যা অভিযোগ আপনি দেখিয়েছেন তাতে কলকাতার মধ্যেই সবথেকে বেশি অভিযোগ আছে — ৩১,৮৪৪, ১২,৪৩৯। আমার প্রশ্ন হচ্ছে যে, এই এক লক্ষ ২৩ হাজার ৬৫২-র মতো অভিযোগ জমা পড়েছে, এই অভিযোগের মধ্যে কোন বিষয়ে অভিযোগ বেশি এসেছে এই তথ্য কি আপনার কাছে আছে, যদি থাকে তাহলে জানালে উপকৃত হবো?

শ্রী সাধন পান্ডে : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি আজকে আমার ডিপার্টমেন্টের বাজেট আছে। আমি একটু বিশদভাবে সেখানে বলবো। কিন্তু আপনাকে জানাচ্ছি বিভিন্ন রকম মামলা — প্রোমোটারদের বিরুদ্ধে মামলা, হাসপাতালে চিকিৎসার গাফিলতির মামলা, এ.টি.এম. থেকে টাকা তুলে নেওয়ার মামলা, সঠিকভাবে জিনিসের ওজন পাচ্ছেন না

সেই মামলা, লোকের ট্রেনের টিকিট আছে, তাকে নামিয়ে দেওয়া হল তার কমপেনসেশানের মামলা, এইরকম বহু ধরনের মামলা আছে। সাধারণ মানুষ উপভোক্তা দপ্তরে গেলে তারা একটু রিলিফ পাওয়ার চেষ্টা করে। এটা তো কলকাতা পুলিশ বা পশ্চিমবঙ্গের পুলিশ করতে পারে না বা অন্য কোনো দপ্তরও করতে পারে না। ইনডিভিজ্যুয়াল প্রবলেমগুলো নিয়ে ক্রেতা সুরক্ষা দপ্তরে মানুষ আসছেন। আমরা বহু প্রচার করছি। প্রচারের মাধ্যমে বহু লোক আসছে। আপনারা তো দেখতে পাচ্ছেন কেসের সংখ্যা বেড়ে যাচ্ছে। অতএব এই ধরনের মামলায় কোর্টের যারা প্রেসিডেন্ট বা জাজরা আছেন তারা সেইসব মামলার নিষ্পত্তি করছেন। আমি সব ডিটেলসে বলছি না, কিন্তু আপনাকে একটা আউট লাইন বললাম।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আজকে ডিসকাসান আছে এই ডিমান্ডের উপর। সেকেন্ড হাফে এটা নিয়ে আপনারা অনেকে বলতে পারবেন। তখন এই প্রশ্নগুলি উত্থাপন করবেন।

বন্ধ চা-বাগান ও কর্মচ্যুত শ্রমিক

*১৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২২৬) **শ্রী শাহাজাহান চৌধুরী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট চা-বাগানের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে বন্ধ চা-বাগানের সংখ্যা কত;

(গ) বন্ধের ফলে কর্মচ্যুত শ্রমিকের সংখ্যা কত; এবং

(ঘ) কর্মচ্যুত শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদানের কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী মলয় ঘটক :

(ক) ৩১শে মার্চ, ২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট চা-বাগানের সংখ্যা—২৮৩টি।

(খ) ২৮৩টি চা-বাগানের মধ্যে বন্ধ চা-বাগানের সংখ্যা হল ৭।

(গ) যেহেতু সাসপেনশান অফ ওয়ার্ক আছে, তাই তাদেরকে কর্মচ্যুত বলা যাবে না।

(ঘ) স্যার, কর্মচ্যুত না হলেও ইতিমধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী যে সমস্ত চা-বাগানগুলিতে ৩ মাসের বেশি বন্ধ হয় তার জন্য ''ফাউলাই'' যেটা এতদিন এক বছর সময় ছিল সেটা কমিয়ে তিনি ''ফাউলাই''-এর আওতাভুক্ত করেছেন। যার ফলে আমরা বেশ কয়েকটি চা-বাগানকে আমরা সেই স্কীমের আওতায় এনেছি। এই চা-বাগানগুলো হচ্ছে — রেডব্যাঙ্ক, সুরেন্দ্রনগর, ধরণীপুর, বান্দাপানী এবং ঢেকলাপাড়া। এই চা-বাগানগুলো ''ফাউলাই''-এর আওতায় এসেছে। এছাড়াও যেখানে চা-বাগান বন্ধ আছে সেখানে ২ টাকা কিলো চাল এবং ৩ টাকা কিলো গম AAY-এর আন্ডারে তাদেরকে আনা হয়েছে এবং তাদের বিলি বণ্টনেরও ব্যবস্থা করা হয়েছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। ৭টি চা-বাগান বন্ধ বলেছেন, সেগুলি কতদিন বন্ধ আছে? কতজন শ্রমিক কাজ পাচ্ছেন না এবং খোলার কি পরিকল্পনা সরকার নিয়েছে?

শ্রী মলয় ঘটক : স্যার, আপনাদের সময় যত চা-বাগান বন্ধ ছিল তার অধিকাংশ আমরা খুলতে পেরেছি কিন্তু এখনও ঢেকলাপাড়া খুলতে পারিনি। যেটা ১১.৩.২০০৬ থেকে বন্ধ আছে। এছাড়া বান্দাপানী, রেডব্যাঙ্ক এবং সুরেন্দ্রনগর ও ধরণীপাড়া এগুলি ২০০৩ সালের ১০ মাসে এবং একটি ৭ মাস থেকে বন্ধ আছে। বাকি যে দুটি মধু এবং সোনালী সেখানে সাসপেনশান অফ ওয়ার্ক জারি আছে যা ২৪.৯.২০১৪ এবং ২৩.১১.২০১৪-তে জারি করা হয়েছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : স্যার, আমার আর একটি অতিরিক্ত প্রশ্ন। যখন থেকে চা-বাগান বন্ধ আছে, ফলে শ্রমিকদের চা-বাগান যখন খুলবে তখন পর্যন্ত শ্রমিকদের ভাতা দেওয়ার কোনো পরিকল্পনা নেওয়া হয়েছে কিনা? আপনি যেটা বললেন, "ফাউলাই" তারা অ্যাপ্লিকেশান করলে — সেটা তো একটা ফিক্সড্ স্কীম কিন্তু ad-interim period-এ বন্ধ যে পিরিওডটা থাকছে, সেই বন্ধ পিরিওডে তাদেরকে কোনো ভাতা দেওয়ার বা কোনো অ্যাসিস্টেন্স দেওয়ার পরিকল্পনা সরকার নিয়েছে কি না? কারণ, অনেকেই অনাহারে মারা যাচ্ছে, কয়েকজন শ্রমিক আত্মহত্যা করেছে।

শ্রী মলয় ঘটক : স্যার, আপনার মাধ্যমে জানাই স্যার, এই বন্ধের সময় রিলিফ দেওয়ার জন্যই "ফাউলাই" স্কীম। যাতে মাসে ১৫০০ টাকা করে দেওয়া হয়। বছরে একমাস বেশি টাকা দেওয়া হয় অর্থাৎ বোনাস। বছরে ১৩ মাসের টাকা "ফাউলাই" স্কীমে দেওয়া হয়। এছাড়া স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী বন্ধ চা-বাগানগুলির জন্য ২ টাকা কিলো চাল এবং ৩ টাকা কিলো গমের ব্যবস্থা করেছেন। এছাড়া নতুন একটা স্কীম তিনি করেছেন, আপনি জানেন তিনি বিধানসভায় ইতিমধ্যে বলেছেন যে আমাদের "Tea Planters Workers Relief Fund" বলে। সেই ফান্ড তিনি তৈরি করেছেন। আগামীদিনে বিধানসভায় যদি এটা পাশ করেন, তাহলে সেই স্কীমটাও চালু হয়ে যাবে।

গোসাবা, গদখালীর ব্রীজ নির্মাণ

*১৫২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯) **শ্রী জয়ন্ত নস্কর :** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সুন্দরবন অঞ্চলের গোসাবা, গদখালীর ব্রীজ নির্মাণের কাজ কবে নাগাদ শুরু হতে পারে বলে আশা করা যায়?

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সুন্দরবন অঞ্চলের প্রত্যন্ত বিধানসভা কেন্দ্রের গোসাবা বিধানসভা কেন্দ্রের মাননীয় বিধায়ক যে প্রশ্নটি করেছেন — সুন্দরবন অঞ্চলের গোসাবার গদখালি থেকে গোসাবা পর্যন্ত যে ব্রীজটি নির্মাণের জন্য আমাদের

রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে এবং পরামর্শে উল্লেখিত ব্রীজটির নির্মাণের জন্য অলরেডি আমাদের ডি.পি.আর. তৈরি হয়ে গেছে এবং সেই ব্রীজটি নির্মাণের জন্য আমার দপ্তর থেকে বরাদ্দকৃত অর্থে পি.ডব্লিউ.ডি. ডিপার্টমেন্ট থেকে ডি.পি.আর. তৈরি করে সরকারের কাছে পাঠিয়েছি।

[12.00 noon - 12.10 p.m.]

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — সুভাষবাবুও চিৎকার করছেন, তিন বছর হয়ে গেছে। ২০১২ সালে মাননীয়া মুখ্যমন্ত্রী ওখানে ঘোষণা করেছিলেন এবং আপনাকে ধন্যবাদ যে আপনি ডি.পি.আর. অলরেডি করে ফেলেছেন। এর আগে ২০০৮ সালে মাননীয় সুভাষবাবুরা চুনোখালি—গোসাবা এবং রামপুর-পিপড়েখালি দুটি ব্রীজ উদ্বোধন করেছিলেন। দু-জন মন্ত্রী ছিলেন, একজন রেজ্জাক সাহেব, আর একজন ক্ষিতি গোস্বামী গিয়ে চুনোখালি ব্রীজের উদ্বোধন করেছিলেন। আপনি সেই উদ্বোধনে ছিলেন না। ২০০৮ সালে পঞ্চায়েত নির্বাচনের আগে উদ্বোধন করেছিলেন। তারপরে ২০১১ সালে আপনারা সরে গেছেন, কিছুই করেননি, খোঁজ পাওয়া যায়নি। আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। উনি DPR করেছেন। আমার প্রথম সাপ্লিমেন্টারী এই DPR করতে কত টাকা লাগবে, এর জন্য কত টাকা বরাদ্দ হয়েছে?

শ্রী মন্টুরাম পাখিরা : এই ব্রীজটি নির্মাণের জন্য DPR-এর প্রাথমিক ব্যয় হিসাবে আমাদের DPR প্রস্তুত করতে ব্যয় হয়েছে, ধরা হয়েছে ২৬০ কোটি ৮০ লক্ষ ২১ হাজার ২৫৮ টাকা। এই ব্রীজটি নির্মাণ হবে গদখালি টু গোসাবা। এটাই সুন্দরবনের বৃহত্তম ব্রীজ হতে চলেছে। এই ব্রীজটির জন্য এই অর্থ বরাদ্দ করা হয়েছে DPR কস্ট অনুযায়ী।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই। ২৬০ কোটি টাকা যে বরাদ্দ হয়েছে, DPR হয়েছে, আমার দ্বিতীয় সাপ্লিমেন্টারী যেটা, এই অর্থবর্ষে ব্রীজের নির্মাণকাজ শুরু করা যাবে কি? কাজ শুরু করার কোনো সম্ভাবনা আছে কি?

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় বিধায়ক মহাশয়কে আশ্বস্ত করতে পারি ব্রীজটি নির্মাণের পরবর্তী পদক্ষেপ সংক্রান্ত যা কিছু সমস্ত রকমের প্রক্রিয়া শুরু হয়েছে এবং কেবলমাত্র আমরা অপেক্ষায় রয়েছি যে ডিপার্টমেন্টের কথা, পি.ডব্লু.ডি. ডিপার্টমেন্ট এবং সুন্দরবন বিষয়ক দপ্তর, দুটো দপ্তরের মধ্যে রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং সরকার যে দপ্তরকে করবার নির্দেশ দেবেন, এই ২০১৫-১৬ অর্থবর্ষে, সেই দপ্তর নির্মাণের কাজটি হাতে নেবেন।

Mr. Speaker : The Questions Hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

কান্দী ব্লকে সেচ এলাকা বৃদ্ধির পরিকল্পনা

*১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩১৯) **শ্রী অপূর্ব সরকার :** জলসম্পদ অনুসন্ধান ও

উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী ব্লকে আর.এল.আই. বা গভীর নলকূপ বসিয়ে সেচ এলাকা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর দ্বারা ২০১৫-১৬ আর্থিক বছরে মুর্শিদাবাদ জেলার কান্দী ব্লকে Light Duty Tube Wells (LDTW) ও অকেজো R.L.I. পুনর্গঠন করে সেচ এলাকা বৃদ্ধির পরিকল্পনা আছে।

(খ) ২০১৫-১৬ আর্থিক বছরে RIDF প্রোগ্রামে ৫৪টি LDTW ও Core Sector প্রোগামে ২টি R.L.I. পুনর্গঠন সর্বমোট ৫৬টি ক্ষুদ্র সেচ প্রকল্পের কাজ চলছে। আনুমানিক ব্যয় ৩.৩৯ কোটি টাকা। সম্পূর্ণ হলে ৮৮৮ হেক্টর সেচ সম্ভাবনা (Irrigation Potential) সৃষ্টি/ পুনরুদ্ধার হবে।

শিল্প তালুক

*১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৪) **শ্রী নির্মল ঘোষ :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে কোন্ কোন্ জেলাকে প্রাধান্য দেওয়া হয়েছে;
(খ) কতগুলি শিল্প-তালুক গঠনের কাজ চলছে; এবং
(গ) কতগুলি শিল্প-তালুক গঠনের কাজ সম্পন্ন হয়েছে?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ওয়েস্ট বেঙ্গল স্টেট সাপোর্ট ফর ইন্ডাস্ট্রিস স্কিম (WBSSIS) - ২০১৩ (১২.০৯.২০১৪ পর্যন্ত সংশোধনকৃত) অনুসারে রাজ্যের সবকটি জেলাকেই নথিভুক্ত করা হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম (WBIDC)-এর উদ্যোগে ৭ (সাত)টি শিল্প-তালুক তৈরির কাজ চলছে এবং পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম (WBIIDC)-এর উদ্যোগে ২(দুই)টি শিল্প-তালুক গঠনের কাজ চলছে।

(গ) বিগত তিন বছরে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম (WBIDC) ৭ (সাত)টি শিল্প-তালুক তৈরির কাজ এবং পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম (WBIDC) ১(এক)টি শিল্প-তালুক তৈরির কাজ সম্পন্ন করেছে।

ধর্মঘটের ফলে নষ্ট শ্রমদিবস

*১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৯) **শ্রী বাসুদেব খাঁ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ তারিখের ধর্মঘটের ফলে রাজ্যে কত শ্রমদিবস নষ্ট হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে এপ্রিল, ২০১৫ তারিখে ধর্মঘটের ফলে রাজ্যে নষ্ট শ্রম দিবসের হিসাব সঙ্কলনের কাজ চলছে।

ডায়মন্ডহারবারে রাস্তা ও ব্রীজ নির্মাণ

*১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৫) **শ্রী দীপক কুমার হালদার :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ডায়মন্ডহারবার বিধানসভা এলাকায় বুনোরহাট হটুগঞ্জে রাস্তা নির্মাণ ও নূতনহাট খালের উপর ব্রীজ নির্মাণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কাজ কোন্ পর্যায়ে আছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উক্ত রাস্তাটি দপ্তরের অন্তর্ভুক্ত নয়, কিন্তু প্রথম চার কিমি এই দপ্তর রক্ষণাবেক্ষণ করে। রাস্তাটি ও উক্ত খালের উপর সেতু নির্মাণের জন্য জরিপের কাজ শুরু হয়েছে।

(খ) জমি জরীপের পর্যায়ে আছে।

গুসকরা ক্যানেল ও খড়ি নদীর উপর সেতু নির্মাণ

*১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৪) **শ্রী বনমালী হাজরা :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান-বোলপুর ভায়া গুসকরা রোডের (এন এইচ ২বি) ডি.বি.সি. ও পি.বি.সি. এই দুটি ক্যানেলের উপর সেতু নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

(খ) বর্ধমান-কাটোয়া রোডের খড়ি নদীর উপর ভেঙে পড়া সেতুর জায়গায় নতুন সেতু নির্মাণের ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরের কোনো চিন্তা-ভাবনা আছে কি; এবং

(গ) থাকলে, তা বাস্তবায়নের অগ্রগতি কীরূপ?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সেতু দুটির নির্মাণকাজ ২০১৫ সালের জুন মাসের মধ্যে শেষ হবে।

(খ) উক্ত সেতুটির পুনর্নির্মাণের ব্যাপারে এই দপ্তর উদ্যোগ নিয়েছে।

(গ) বর্তমানে দরপত্র আহ্বান করা হয়েছে।

ময়নাগুড়ির রাস্তা সংস্কার

*১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮২) **শ্রী অনন্ত দেব অধিকারী :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ময়নাগুড়ির আসাম মোড় থেকে ৩১ নং জাতীয় সড়ক সংযোগকারী রাস্তাটি ২০১৫-২০১৬ অর্থবর্ষে পাকা হওয়ার সম্ভাবনা আছে কি; এবং

(খ) ময়নাগুড়ির দুর্গাবাড়ি (ইন্দিরা মোড়) থেকে সার্ক রোড সংযোগকারী রাস্তাটি সম্প্রসারণের কোনো পরিকল্পনা আছে কি?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উক্ত রাস্তাটি এই দপ্তরের অন্তর্ভুক্ত নয়।

(খ) এই রাস্তাটির সম্প্রসারণের পরিকল্পনা এই মুহূর্তে নেই।

স্বনির্ভর সমবায় গোষ্ঠীর উন্নয়ন

*১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯২) **শ্রী স্বর্ণকমল সাহা :** স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, স্বনির্ভর সমবায় গোষ্ঠীর উন্নয়নের রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে; এবং

(খ) সত্যি হলে, সেগুলি কীরূপ?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ। স্বনির্ভর গোষ্ঠীর উন্নয়নে স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে।

(খ) ব্যবস্থাগুলি নিম্নরূপ —

(১) পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্পের (ডব্লিউ.বি.এস.এস.পি.) মাধ্যমে ব্যাঙ্ক থেকে ঋণ নেওয়া স্বনির্ভর গোষ্ঠীগুলির সুদের বোঝা লাঘব করার জন্য দেয় সুদের হারের ৯ শতাংশ পর্যন্ত টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে।

(২) স্বনির্ভর গোষ্ঠীগুলির সদস্যদের কর্মসংস্থানের সুযোগ, দক্ষতা বৃদ্ধি এবং তৈরি সামগ্রীর গুণগত মান বৃদ্ধির জন্য দপ্তরের পক্ষ থেকে জেলা পর্যায়ের কর্তৃপক্ষের মাধ্যমে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

(৩) রাজ্যস্তর এবং জেলাস্তরে 'সবলা মেলা'র আয়োজনের মাধ্যমে স্বনির্ভর দলগুলির এবং উদ্যোগপতিদের সঙ্গে ব্যবসায়ী এবং বিপণন দুনিয়ার গুরুত্বপূর্ণ ব্যক্তিদের যোগসূত্র স্থাপন এবং স্বনির্ভর দল ও উদ্যোগপতিদের প্রস্তুত দ্রব্যসামগ্রীর গুণগত মান উন্নয়নের লক্ষ্যে উদ্যোগ নেওয়া হয়েছে।

(৪) স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি দপ্তরের উদ্যোগে স্বনির্ভর গোষ্ঠীগুলির স্থায়ী উন্নত জীবিকা নির্বাহ, দারিদ্র্য দূরীকরণ ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলায় 'মুক্তিধারা' প্রকল্প শুরু হয়েছে।

(৫) স্বনির্ভর গোষ্ঠীগুলির পারদর্শিতা বৃদ্ধি এবং তাদের তৈরি সামগ্রী বিপণনের উদ্দেশ্যে স্বনির্ভর গোষ্ঠী এবং স্বনিযুক্তি দপ্তর রাজ্যের বিভিন্ন জায়গায় আর.আই.ডি.এফ. এবং রাজ্য পরিকল্পনা প্রকল্পের অধীন প্রশিক্ষণ এবং বিপণন কেন্দ্র তৈরি করছে।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার একটি বিষয় বলার আছে। মাননীয় অর্থমন্ত্রী আছেন এবং মাননীয়া আইনমন্ত্রীও আছেন। আমি একটি বিষয় জানতে চাইছি, সেদিন আপনি একটা বুলেটিনে লিখেছেন যে এই চিটফান্ডের বিল, এটা অ্যাসেন্ট পেয়েছে রাষ্ট্রপতির।

মিঃ স্পীকার : এটা নিয়ে পরে আলোচনা করব। আমি তো বি.এ. কমিটিতে আলোচনা করব বলেছি। এটা যাবে না। এটা নিয়ে তো আমরা আলোচনা করব বলেছি।

NOTICE OF ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today I have received one notice of adjournment motion from Shri Anisur Rahaman, Shri Prabodh Chandra Sinha, Shri Paresh Chandra Adhikary, Shri Id Mohammad, Shri Anandamay Mandal, Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan on the subject of deplorable condition of the farmers in the State.

The Notice of adjournment motion on the subject similar to the present motion was received on 19.05.2015 and consent to it was withheld by me.

The notice is, thus, out of order and I reject it.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received six (6) notices of Calling Attention on the following subjects, namely:-

	Subject		**Name**
(i)	Reported judgement of the Hon'ble High Court at Calcutta regarding the creation of the post of 'Parliamentary Secretary'	:	Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan
(ii)	Deplorable condition of farmers in the State	:	Shri Nirapada Sardar and Shri Rameswar Dolai
(iii)	Urge for construction of a Guest House at Kandra under Ketugram Block-I, the birth place of Baishnab Kabi Gyandas	:	Shri Sekh Sahonawez

(iv) Urge for observance of 'Saontail Bidroho Shahid Dibas' and declaration of Public Holiday on 30th June : Shri Khagen Murmu

(v) Progress of establishment and functioning of Circuit Bench of High Court at North Bengal : Shri Kallol Khan

(vi) Urge for reconstruction of Gola Road from Jhalda to Brajapur under Jhalda Block-1 in Purulia : Shri Nepal Mahata

I have selected the notice of Shri Kallol Khan on the subject of Progress of establishment and functioning of Circuit Bench of High Court at North Bengal.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

...(তুমুল গণ্ডগোল)...

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ক শ্রী কল্লোল খাঁ মহাশয়ের যে Calling Attention-এর প্রশ্ন তার উত্তরে বলি গতকাল আমি জিরো আওয়ারে তোলা মাননীয় বিধায়ক শ্রী হিতেন বর্মণের একটি প্রশ্নের উত্তরে এর জবাব দিয়েছিলাম। সেই জবাবেরই পুনরাবৃত্তি করে আমি বলতে চাই ২০১২ সালে তৎকালীন যিনি প্রধান বিচারপতি ছিলেন, বিচারপতি জয় নারায়ণ প্যাটেল এবং তৎকালীন আইনমন্ত্রী শ্রী মলয় ঘটক মহাশয় এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী হাইকোর্টের অনুমোদন লাভ করে জমি চিহ্নিতকরণ করে সেখানে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। ২০১২ সালের পরে আর একজন মাননীয় প্রধান বিচারপতি এলেন, বিচারপতি শ্রী অরুণ মিশ্র তিনি বললেন যে, এই জায়গাটা আগামী ৫০ বছরের কথা ভাবা তো দূরে থাক, ২৫ বছরের কথা ভেবে করা হয়নি। ...(তুমুল গণ্ডগোল)... ফলে সেখানে বাধাপ্রাপ্ত হল উত্তরবঙ্গের এই Circuit Bench। পরবর্তীকালে আমি এই দপ্তরে আসার পরে আমি আবার বিচারপতিদের সাথে কথা বলে সেখানে জট খোলা হয়। এবং রিভাইসড একটা এস্টিমেট দেওয়ার কথা বলা হয়। সেই রিভাইসড এস্টিমেট আমরা দিয়েছি। রিভাইসড প্ল্যান আমরা দিয়েছি। সেটি এখনো হাইকোর্টের কাছে বিবেচনাধীন। একটা presentation দেওয়ার কথা বলা হয়েছিল। সেটা নিয়েও আমরা রেডি আছি। সবচেয়ে বড় কথা হচ্ছে যে, মাননীয় বিচারপতিরা বিভিন্ন মামলা বিচার করার সময় তাদের জুডিশিয়াল পাওয়ার এক্সারসাইজ করে — তারা কোথায় কত খরচ হচ্ছে, খরচ কম, না বেশি সেটা তারা নির্ধারণ করেন। এবং বিচারব্যবস্থার মধ্যে দিয়ে তাদের

যে রায় দেওয়ার সেটা দেন। তাই নিয়ে আমরা কোনো প্রশ্ন করছি না। কিন্তু administrative power exercise করতে আমরা নিশ্চয়ই আশা করব যে মাননীয় বিচারপতিরা এই কথা মনে রাখবেন। কারণ ২০১২ সালে এই বিল্ডিং করতে ৫৮ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। ...(এই সময় বিরোধী বেঞ্চের বিধায়করা উঠে দাঁড়ান এবং স্লোগান দিতে থাকেন)... এবং ২০১৪ সাল শুধু বিল্ডিং করতে এতটা দেরি হওয়ার কারণে ১৫২ কোটি হয়ে গেল। এবং সার্বিকভাবে ২৯৭ কোটি টাকা full fledged এই সার্কিট বেঞ্চ করার জন্য এখনো অবধি যে এস্টিমেট আমাদের অফিসিয়ালি আছে, সেটাই রয়েছে। এবং মাননীয় বিধায়ককে বলি এটাও আবার বেড়ে যাওয়ার একটা সম্ভাবনা আছে। সেই তথ্য আমাদের কাছে স্পেসিফিক নেই বলে আমি আপনাকে সেই তথ্য এই মুহূর্তে দিতে পারছি না। আমরা আশা করব মাননীয় বিচারপতিরা তাদের এই যে administrative power, সেই পাওয়ার এক্সারসাইজ করে রাজ্য সরকারের এই ডিলের জন্য যে ধরনের খরচ বেড়ে যাচ্ছে সেই কথা মনে রেখে যতদূর সম্ভব তাড়াতাড়ি এই কাজটা করার জন্য অনুমোদন দেন। উত্তরবঙ্গের মানুষের জন্য সরকারের যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি আর যেন বিলম্বিত না হয় এটা আমরা আশা করব। আস্থা রাখি যে হাইকোর্টের বিচারপতিরা সেটা নিশ্চিতভাবে মনে রাখবেন। ...(তুমুল গণ্ডগোল)...

LAYING OF REPORTS

The Annual Reports containing Annual Accounts along with Audit Reports thereon, of the West Bengal Industrial Development Corporation Limited for the years 2011-2012 and 2012-2013.

Dr. Amit Mitra : Sir, I beg to lay The Annual Reports containing Annual Accounts along with Audit Reports thereon, of the West Bengal Industrial Development Corporation Limited for the years 2011-2012 and 2012-2013.

[12.10 - 12.20 p.m.]

MENTION CASES

Shri Basudeb Khan : Not responded.

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Mr. Speaker, Sir, through you, I would like to draw the kind attention of Hon'ble Agricultural Marketing Minister that there was a old structure in Kalimpong in my constituency which was just lying unused. Later on after coming up this Government they have done the necessary repairing but the electrification is still wanting. Meanwhile what has happened was some security personnel are being housed in the structure because of which the repair work is suffering they are using the unfinished toilet because of that the toilet work has also stopped and by now the structure should have become already functional and given to the

beneficiary for whom it was made but that has not happened because of the occupation of it by the security personnel. So I would like to request Hon'ble Minister to take initiative and kindly to shift them other place so that the necessary work can be done. Thank you, Sir.

...(গণ্ডগোল)...

(এই সময় বামফ্রন্টের মাননীয় বিধায়কগণ ওয়েলে নেমে স্লোগান দিতে থাকেন)

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, গোসাবা ব্লকে কুমীরমারি, ছোটমোল্লাখালি, রাইরিপুর, বালি, সজনেখালি প্রভৃতি অঞ্চলে প্রায় ৪০০ অসহায় বিধবা মহিলা গত ১০ই এপ্রিল গোসাবা বি.ডি.ও অফিসের সামনে আইন অমান্য করে। বেশির ভাগই পঞ্চাশের বেশি বয়স, তাদের স্বামীরা বহুদিন ধরে মাছ ধরতে গিয়ে বা মধু আনতে গিয়ে তাদের জীবন চলে গেছে এবং তারা সেখানে বিধবা অবস্থায় রয়েছে, তাদের উপার্জনক্ষম ব্যক্তি নেই। ফলে তাদের পরিবারগুলো অসহায় হয়ে পড়েছে। তাদের এমন অবস্থা হয়ে দাঁড়িয়েছে যে গোসাবা ব্লকে বিধবা পল্লী পর্যন্ত গড়ে উঠেছে। নাম থেকেই পরিষ্কার যে সেখানে কেবল বিধবারাই থাকেন। কি করুণ এই পরিণতি। এই নিঃস্ব বিধবারা বহুদিন ধরে বিধবা ভাতা, বি.পি.এল কার্ডের দাবি করে আসছেন। গতবারে ফেব্রুয়ারীতে তারা একইভাবে আইন অমান্য করেছিলেন। মন্টুরামবাবু লোকসভা ভোটের আগে অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন্ কিন্তু কোনো কিছুই হয়নি। এমন পরিবারগুলির তালিকা প্রস্তুত করে তাদের গৃহ নির্মাণ, শিশুদের পড়াশুনা এবং কাজের ব্যবস্থা করার দাবি আমি মুখ্যমন্ত্রীর কাছে করছি।

...(গণ্ডগোল)...

শ্রী নেপাল মাহাত : অনারেবেল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার মধ্যে যে ঝালদা নামক অঞ্চল রয়েছে, সেটাকে মহকুমা শহর করার জন্য দীর্ঘদিন থেকে সমস্তরকম প্রক্রিয়া কমপ্লিট হওয়া সত্ত্বেও সেটা করা হচ্ছে না। ৫টা থানা নিয়ে এই মহকুমা হওয়ার কথা। ঝালদা, বাগমুন্ডি, খুরশিরা, আশা এবং জয়ীপুর। সমস্তরকম জায়গাজমি থেকে শুরু করে হাইকোর্টের ক্লিয়ারেন্স থেকে শুরু করে সমস্ত বিষয়ই সেখানে কমপ্লিট হয়ে আছে। দীর্ঘদিন থেকে সেই বাম আমল থেকে সেটা ঝুলে আছে। এখনও পর্যন্ত এই সরকার সেই সাবডিভিশানটা ঘোষণা করছে না। তার ফলে প্রায় ৮০ কিলোমিটার — ৯০ কিলোমিটার থেকে সাধারণ মানুষরা কুলিয়া সদরে আসছেন এবং কোর্টের কাজ থেকে শুরু করে এবং এস.ডি.ও. অফিস থেকে সাধারণ কাস্ট সার্টিফিকেট সংগ্রহের জন্য বহুদূর থেকে বাসে করে কষ্ট করে এসে কাজ করতে হচ্ছে। আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করছি জোরালোভাবে স্যার যে, এই বিষয়টা যাতে দেখা হয় এবং অবিলম্বে ওই ঝালদাকে একটা মহকুমা শহর হিসাবে ঘোষণা করা হোক — এই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর সমীপে করছি।

(গণ্ডগোল)

শ্রী এস.এম. সাদি : (নট রেসপন্ডেড)

শ্রী নিরাপদ সর্দার : (নট রেসপন্ডেড)

শ্রী রামেশ্বর দলুই : (নট রেসপন্ডেড)

শ্রী ইনসার আলি বিশ্বাস : (নট রেসপন্ডেড)

শ্রী খগেন মুর্মু : (নট রেসপন্ডেড)

(তুমুল গণ্ডগোল)

শ্রী শেখ শাহনদ্ধওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভায় কান্দরায় জ্ঞানদাস বালিকা বিদ্যালয় আছে। ওখানে প্রায় ১ হাজারের মতো ছাত্রী পড়াশোনা করে। তার মধ্যে ৪৫ পার্সেন্ট মাইনরিটি কমিউনিটির এবং ২০ পার্সেন্ট সিডউলকাস্ট কমিউনিটির ছাত্রী পড়াশোনা করে। আপনার মাধ্যমে জানাচ্ছি এই হাইস্কুলটি যাতে হায়ার সেকেন্ডারি স্কুলে আপগ্রেড করা হয় তার জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

(তুমুল গণ্ডগোল)

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে মাননীয় স্বাস্থ্য রাষ্ট্রমন্ত্রী আছেন। বিষয়টি আমাদের জেলার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা জানি স্যার, মা-মাটি-মানুষের সরকারের চার বছরে স্বাস্থ্য দপ্তরের যে আমূল একটা পরিবর্তন হয়েছে, এটা শুধু কথার কথা নয়, সব হসপিটালগুলো ঘুরলে তা বোঝা যায়। কিন্তু একটা জায়গাতে আমরা একটু পিছিয়ে আছি সেটা হল মূলত ডাক্তার এবং নার্সিং স্টাফের ক্ষেত্রে। সেই জায়গায় দাঁড়িয়ে আমি মাননীয়া স্বাস্থ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি যে আমাদের জেলায় কল্যাণীতে নেতাজী স্যানেটোরিয়াম টিবি হসপিটাল আছে, সেখানে নার্সিং স্টাফ আছে ৩৩ জন, জি.ডি.এ আছে ৩৫ জন এবং ডাক্তার ও আদার্স নিয়ে ১৯ জন আছে। ডট ট্রিটমেন্টের মাধ্যমে টিবি পেসেন্ট এখন অনেক কমে গিয়েছে। এটা আমাদের সরকারের নিশ্চিতভাবে একটা সাফল্য। বর্তমানে ওখানে পেসেন্টের সংখ্যা ১৪—২০। তাই খুব স্বাভাবিক কারণে ওখানে স্টাফ সারপ্লাস হচ্ছে। এই নেতাজী স্যানেটোরিয়াম টিবি হসপিটালটি সি.এম.ও.এইচ বা ডিস্ট্রিক্ট লেভেলের আন্ডারে নেই। যার ফলে ওখান থেকে স্টাফগুলোকে তুলে অন্যত্র দেওয়া যাচ্ছে না। আমি তাই আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি আমাদের জেলাতে যেসমস্ত হসপিটালে ডেফিসিট আছে নার্সিং স্টাফ এবং জি.ডি.এ বা ডাক্তারের ক্ষেত্রে, সেটা যদি আপনি আপনার মাধ্যমে ব্যবস্থা করে দেন তাহলে নিশ্চিতভাবে সার্বিকভাবে আমাদের জেলা উপকৃত হবে।

(তুমুল গণ্ডগোল)

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার সাঁকরাইল কেন্দ্রে নিউ কোরলা থেকে

কোরলা পর্যন্ত রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। এই রাস্তার ওপরে দুটি হাইস্কুল আছে, একটি প্রাইমারি স্কুল আছে এবং একটি স্বাস্থ্যকেন্দ্র আছে। এছাড়াও বহু মানুষ এই রাস্তা দিয়ে তাদের নিজেদের গন্তব্যস্থলে যায়। এই রাস্তাটি যুদ্ধকালীন ভিত্তিতে রিপেয়ার করা হলে এই এলাকার মানুষ খুব উপকৃত হবে। তাই আমার অনুরোধ এই রাস্তাটি যত তাড়াতাড়ি সম্ভব রিপেয়ার করার জন্য আবেদন জানাচ্ছি।

...(তুমুল গণ্ডগোল)...

শ্রী হিতেন বর্মণ : স্যার, কোচবিহার জেলার মাথাভাঙ্গা এক নম্বর ব্লক আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত। কোচবিহার জেলার ১২টি ব্লকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থাকলেও মাথাভাঙ্গা এক নম্বর ব্লকে নেই। এখানে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য ইতিমধ্যে বড়গোপালপুর এলাকায় ৬ বিঘা জমি গ্রাম পঞ্চায়েত থেকে দানপত্র করা হয়েছে এবং স্বাস্থ্য দপ্তর কর্তৃপক্ষ প্ল্যান এস্টিমেট তৈরি করে স্বাস্থ্য ভবনে পাঠিয়েছেন। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই মাথাভাঙ্গা এক নম্বর ব্লকের গোপালপুরে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণ করা এবং এই আর্থিক বছরের মধ্যে যাতে সুপারিশ করা হয় তার জন্য আবেদন জানাচ্ছি।

...(তুমুল গণ্ডগোল)...

(এই সময় বামফ্রন্টের মাননীয় বিধায়কগণ ওয়াক-আউট করেন)

[12.20 - 12.28 p.m.]

ZERO HOUR

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভারপ্রাপ্ত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় ৪টে রাস্তা আছে, যার সামনের এবং পিছনের অংশ পি.ডব্লু.ডি.র এবং মাঝখানের এক, দেড়, দুই কিলোমিটার রাস্তা আছে যেটা জেলা পরিষদের আন্ডারে ছিল, যা ৩০/৩৫ বছর আগে তৈরি হয়েছিল, সেই রাস্তাগুলোর অবস্থা খুবই খারাপ। মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে অনুরোধ করছি যদি কোনোভাবে এইগুলোর সংস্কার করা যায় অথবা এটা যদি পি.ডব্লু.ডি.কে দেওয়া যায় তাহলে অনেক মানুষের উপকার হবে। রাস্তাগুলো হচ্ছে (১) বুনোর হাট থেকে ONGC হয়ে আগ্নেশ্বর, (২) গুরুদাসনগর থেকে বারদ্রোণ (৩) মায়ারোড থেকে মৎস্যবন্দর হয়ে রত্নেশ্বরপুর, (৪) নূতনহাট থেকে ভগবানপুর।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি এই পবিত্র সদনে আপনার, রাজ্যের মুখ্যমন্ত্রীর তথা মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের সংবিধান এই দেশকে, এই দেশের মানুষকে অধিকার দিয়েছে জনপ্রতিনিধিত্ব আইন। Panchayati Raj Institution, নাগরপালিকা, বিধানসভা, লোকসভা অধিকার দিয়েছে জনপ্রতিনিধিত্ব বুঝে নিতে, জনগণকে সেই অধিকার দিয়েছে। শাসকদল থাকবে, বিরোধীদল থাকবে, এটাই Parliamentary Democracy-র essence। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে

বলতে বাধ্য হচ্ছি চলতি বিধানসভা অধিবেশনে — সারা বাংলাতে মার্কসবাদী Communist Party'র সময়ে অত্যাচার তুঙ্গে উঠেছিল, বিরোধী রাজনৈতিক দলগুলোর অস্তিত্ব সংকট দেখা দিয়েছিল। বর্তমানে যিনি মুখ্যমন্ত্রী তিনি সংগ্রাম করেছেন, আমরাও করেছি, যৌথভাবে এই নতুন মন্ত্রিসভা তৈরি হয়েছে। যারা slogan তুলেছিলাম একসঙ্গে যে, 'দলতন্ত্র নয়, গণতন্ত্র চাই, বদলা নয় বদল চাই' — আজকে দেখছি কি Panchayati Raj Institution, কি নগরপালিকা, কি বিধানসভা, সর্বত্রই বিরোধী দল থাকবে না, তাকে অস্তিত্ব সংকটে ফেলে দাও, এই পরিবেশ তৈরি করা হচ্ছে। I seek your protection. Sir, I seek you protection. (noise) স্যার, খড়্গপুরে একটা জেলার SP, পুলিশকে নিয়ে ...(noise)... আপনার ruling চাইছি।

মিঃ স্পীকার : এটা হয়ে গেছে। আপনাদের অনেক সদস্য already এটা raise করেছেন। (noise) Please take your seat, আমাকে বলতে দিন।

Dr. Manas Ranjan Bhunia : (noise) Sir, we seek your protection and ruling. You are the custodian of the House.

মিঃ স্পীকার : আপনি বসুন, আপনি বসুন। আপনি একটা প্রসঙ্গ উত্থাপন করেছেন, আমার কাছে জানতে চেয়েছেন, আমাকে বলতে দিন। প্লিজ, আপনি বসুন, আমি বলছি। (noise) আপনি যে প্রসঙ্গ উত্থাপন করেছেন বিধানসভা সংক্রান্ত ব্যাপারে, আমি আপনাকে বলতে পারি, আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভাতে যতগুলো Standing Committee বা Assembly Committees আছে, সেখানে আপনাদের প্রতিনিধিত্ব রয়েছে। (noise) You referred to West Bengal Legislative Assembly. আপনি বলেছেন এই বিধানসভাতেও আমাদের প্রতিনিধিত্ব নেই। (noise) প্লিজ বসুন। আপনি উল্লেখ করেছেন, আমাকে বলতে দিন। (noise) Mr. Sohrab, আপনি আপনার সদস্যদের control করুন। Dr. Bhunia, আপনি যে প্রসঙ্গটা উত্থাপন করেছেন, আপনার দলের সদস্যরা ইতিমধ্যেই সেই প্রসঙ্গটা অনেকবার উল্লেখ করেছেন এবং সেটা লিপিবদ্ধ করা হয়েছে, সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এই ব্যাপারে সরকার চিন্তাভাবনা করার করবেন। আর বিধানসভায় আপনাদের প্রতিনিধিত্ব সম্বন্ধে আপনি বলেছেন, প্রত্যেকটা কমিটিতে আপনাদের স্থান দেওয়া হয়েছে। আপনাদের বক্তব্য রাখার যথেষ্ট সময় দেওয়া হয়।

...(গোলমাল)...

(এই সময় বিরোধী দলের মাননীয় কংগ্রেস সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন)

শ্রী শমীক ভট্টাচার্য্য : স্যার, আপনার এবং গোটা হাউসের দৃষ্টি আকর্ষণের জন্য বলছি। গত ২২ তারিখ হোম মিনিস্ট্রির জবাবী ভাষণ দিতে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বীরভূমের একটি বিশেষ অঞ্চলের ঘটনার কথা উল্লেখ করেন এবং [***]

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

মিঃ স্পীকার : মন্ত্রীর বিবৃতির উপরে আলোচনা হয় না। এইটুকু বাদ যাবে। দিস পোরশন উইল নট গো। উনি মন্ত্রীর সম্বন্ধে যেটা বলছেন, মন্ত্রীর বিবৃতি উল্লেখ করে যেটা বলছেন ওই পোরশনটা বাদ যাবে। বাকিটা বলুন।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয়া মুখ্যমন্ত্রী আপনাকে একটা রিপোর্ট দিয়েছেন এসপি'র রিপোর্ট বলে। আমি একজন সদস্য হিসাবে সেই রিপোর্টটি আপনার কাছ থেকে চাইছি এবং আবেদন করছি সমস্ত সদস্যকে বীরভূমের ঘটনা সম্পর্কিত যে রিপোর্ট মুখ্যমন্ত্রী স্পীকারের কাছে পেশ করেছেন সর্বসমক্ষে সেটা সকলের পাওয়া উচিত। কারণ আমরা মনে করছি যে মুখ্যমন্ত্রীকে মিসগাইডেড করা হয়েছে। মুখ্যমন্ত্রীকে ভুল তথ্য পরিবেশন করা হয়েছে। গতকালও পাড়ুইয়ে গোলাবাজি চলেছে। গতকালও গুলি চলেছে, বোমা চলেছে। পুলিশ সেখানে ঢুকতে পারছে না। পুলিশ বিবৃতি দিচ্ছে। একই সঙ্গে এসপি রিপোর্ট দিচ্ছে যে সেখানে কোনো ধরনের ঘটনা ঘটেনি। এর থেকে অযৌক্তিক, দ্বিচারিতা কিছু হতে পারে না। এসপি বলছে কিছু হয়নি। আর পুলিশ বলছে আমরা গ্রামে ঢুকতে পারছি না। (মাইক অফ)

মিঃ স্পীকার : আমি আপনাকে বলি মাননীয়া মুখ্যমন্ত্রী যে রিপোর্টটা হাউসে দিয়েছেন সেদিন দ্যাট হ্যাজ অলরেডি গন অন রেকর্ড। আপনাদের অনেক সদস্য যারা কপির জন্য আবেদন করেছেন, অনেকেই এর মধ্যে কপি পেয়ে গেছেন। আপনি হয়তো প্রসিডিওর সম্বন্ধে ওয়াকিবহাল নন। আপনি আন রিভাইসড প্রসিডিংস যদি চান আপনিও পেয়ে যাবেন। যে সমস্ত সদস্য চেয়েছেন, আপনার পাশে তরুণবাবু বসে রয়েছেন জিজ্ঞেস করুন ওঁকে আনরিভাইসড কপি আমাদের দপ্তর থেকে যারা চান সবাইকে দেওয়া হয়।

শ্রী অসিত মিত্র : (নট প্রেজেন্ট)

মিঃ স্পীকার : এখন সভার বিরতি। আমরা আবার মিলিত হব বেলা ১-৩০ মিনিটে।

[1.30 - 1.40 p.m.]

After recess

...(গোলমাল)...

(এরপরে বিরোধী কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ সভাকক্ষ পরিত্যাগ করেন)

LEGISLATION

The West Bengal Panchayat (Amendment) Bill, 2015

Shri Subrata Mukherjee : Sir, I beg to introduce The West Bengal Panchayat (Amendment) Bill, 2015.

(Secretary then read the Title of the Bill)

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 2015 be taken into consideration.

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী মহাশয় শ্রী সুব্রত মুখার্জী যে অ্যামেন্ডমেন্ট বিলটি এনেছেন সেই সম্পর্কে বলতে গিয়ে বলি যে বিলটা খুবই ছোট। উদ্দেশ্য খুব বেশী বৃহৎ নয়। কিন্তু নীতিগত দিক থেকে এর মধ্যে কিছু বৃহৎ জিনিস লুকিয়ে আছে। তবে আমি প্রথমে মাননীয় মন্ত্রীর কাছে যে জিনিসটা বলতে চাইছি তা হল আপনি যে স্টেটমেন্টস অব অবজেকটস অ্যান্ড রিজনস দিয়েছেন, সেই স্টেটমেন্টস অব অবজেকটস অ্যান্ড রিজনস বলতে বোঝায় যে এই যে অ্যামেন্ডমেন্ট আনছেন এর প্রেক্ষাপট কি, কেন এটা আনছেন, আপনি এই অ্যামেন্ডমেন্ট না আনলে আপনার কাজকর্ম পরিচালনা করতে কি অসুবিধা হচ্ছে এবং সেই কারণের জন্য অ্যামেন্ডমেন্টটা আনছেন এটা বোঝায়। কিন্তু আপনার স্টেটমেন্টস অব অবজেকটস অ্যান্ড রিজনসে সেই রকম কিছু নেই। আপনি বিলে যা অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই অ্যামেন্ডমেন্টের কথাগুলি একটু এদিক-ওদিক করে স্টেটমেন্টস অব অবজেকটস অ্যান্ড রিজনসের মধ্যে সন্নিবেশিত করেছেন। যার ফলে এটা বোঝা গেল না যে কেন আপনার কি অসুবিধা হচ্ছে। প্রয়োজনটা কোথায় সেটা ঠিক বোঝা গেল না। অতএব এটা একটা অস্বস্তিকর অবস্থা আমাদের কাছে হয়েছে বলে আমি মনে করছি। দ্বিতীয় কথা হল যে পঞ্চায়েত অ্যাক্ট যেটা ১৯৭৩ সালের অ্যাক্ট, সেই '৭৩ সালের অ্যাক্টের শরিক আমি। অ্যাক্টের প্রথম সূচনা হয়েছিল যখন ১৯৭১ সালে আমি পঞ্চায়েতমন্ত্রী ছিলাম, তখন ওই আইনটির রচনা শুরু হয়েছিল। তারপরে '৭৩ সালে পরবর্তী সরকারের সময়ে সেটা পাশ হয়ে আইনে পরিণত হয়েছে। তার মূল যে টেনিওরটা ছিল সেটা হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন অফ পাওয়ার। এবং পঞ্চায়েতের যে স্বাধিকার তার নিজের যে অধিকার সেটাকে রক্ষা করা। এখন এটা আপনি এই যে ২৩ নম্বর সেক্শনের ২ নম্বর ক্লজে অ্যামেন্ডমেন্টটা আনতে চেয়েছেন, সেই অ্যামেন্ডমেন্টের মধ্যে খানিকটা পঞ্চায়েতের জুরিসডিকশনের ওপরে আপনার হস্তক্ষেপ হয়েছে বলে মনে করছি। ২ নম্বর কথা যেটা বলছি, আমার মনে হয়, এই অ্যামেন্ডমেন্টটা আনার কোনো প্রয়োজন ছিল না। কারণ, অলরেডি অ্যাক্টে যে ধারা আছে, সেখানে সরকারকে এই জাতীয় একটা ক্ষমতা দেওয়া আছে, আপনি অ্যাডমিনিস্ট্রেটিভ্ অর্ডারের মাধ্যমে এই ২৩-এর করতে পারতেন। এই যে আপনার আছে, ২৩ নম্বর সেকশনের ২ নম্বর সাবসেকশনে একটা প্রোভাইসো আছে। "Provided further that the State Government may by order exempt any structure or building or any class of structure or buildings from the operation of the provision of sub-clause (1) and of this sub-section." এই সাব-সেকশন ১-এর পরে আপনি যে প্রোভাইসোটা অ্যাড্ করতে চাইছেন, সেই প্রোভাইসোর মাধ্যমে আপনি বলতে চাইছেন যে, সরকার কিংবা তার কোনো এজেন্সি বা কোনো ডেভেলপমেন্ট অথরিটি — সে যদি কোনো পঞ্চায়েত এলাকায় কোনো ইন্ডাস্ট্রিয়াল পার্ক বা অন্য কোনো শিল্প ইত্যাদি করতে চায়, তাহলে সেখানে পঞ্চায়েতের পার্মিশন দরকার হবে না, সেখানে সরকার নির্ধারিত একটা অথরিটির কাছ থেকে পার্মিশন নিতে হবে। তা সেই ক্ষমতাটা তো আপনাকে এই প্রোভাইসোর মধ্যে দেওয়াই আছে খানিকটা। আপনি একটা অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার উপযুক্ত করলে আপনার এই অ্যামেন্ডমেন্টটা আনার প্রয়োজন হত বলে আমার মনে হচ্ছে না। দ্বিতীয়ত, ক্লজ-৩এ আপনি ১১৪(এ)-তে যেটা

এনেছেন, পঞ্চায়েত সমিতি—একই কথা যে, পঞ্চায়েত সমিতির যেটা জুরিসডিকশন ছিল, তার জুরিসডিকশনটাকে কার্টেল করে আপনারা নিচ্ছেন। কিন্তু আমি মনে করছি যে, কি অসুবিধাটা হচ্ছে সেটা নিশ্চয়ই আপনি আপনার জবাবী ভাষণে বলবেন। আমার যে বর্তমান কনস্টিটিউয়েন্সি সেখানে ইন্ডাস্ট্রি হচ্ছে। সেটা পঞ্চায়েত এলাকা। সেখানে ইন্ডাস্ট্রি হচ্ছে — বড় বড় ইন্ডাস্ট্রি আছে, মাঝারি ইন্ডাস্ট্রিও আছে। কোনো অসুবিধা হচ্ছে বলে আমার মনে হচ্ছে না। ফলে হঠাৎ এটার প্রয়োজনীয়তা দেখা দিল কেন, সেটা আপনি নিশ্চয়ই বলবেন। তারপরে যে ১১৬ সেকশনে প্রিন্সিপ্যাল অ্যাক্টে যেখানে যেখানে আপনি এনেছেন যে, অফেনসিভ্ অ্যান্ড ডেনজারাস ট্রেড্ করার ক্ষেত্রে রেস্ট্রিকশন ছিল, সেই 'অফেনসিভ অ্যান্ড ডেনজারাস' কথার বদলে আপনি বলছেন 'অফ স্পেশাল নেচার' ট্রেডস অফ স্পেশ্যাল নেচার। স্পেশাল নেচারের ট্রেড কি কি হতে পারে, এক, দুই, তিন, চার করে যদি বলতেন বা এটা অ্যাজ মে বি প্রেসক্রাইব যদি বলা হত, তাহলে ঠিক আছে, কিন্তু শুধু 'অফেনসিভ অ্যান্ড ডেনজারস' বলে স্পেশ্যাল নেচার আপনি সাবস্টিটিউট করে দিলেন ...(নয়েজ)... হ্যাঁ, সেই কথাটাই বলছি যে, অ্যাজ্ মে বি প্রেসক্রাইব যদি থাকতো, তাহলে কোনো অসুবিধা ছিল না। কিন্তু যেভাবে আছে, মনে হচ্ছে যে ফাইনালাইজ। তাহলে অফ স্পেশ্যাল নেচারের ট্রেড যেটাকে পার্মিশন দেবে, সেটাকে কিভাবে ধরা যাবে? সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশনে বলার কিছু নেই। আপনি অ্যানুয়াল কিংবা তিন বছর অন্তর রিনিউয়ালের যে ব্যাপার বলেছেন, সেটা সম্পর্কেও আমার বলার কিছু নেই। যাই হোক, এই যে আইনটা, ছোটো একটা অ্যামেন্ডমেন্ট আপনি এনেছেন, এই অ্যামেন্ডমেন্টের মাধ্যমে আপনি যেটা করতে চাইছেন, মানে পঞ্চায়েতের যে আপনি বেসিক প্রিন্সিপ্যাল, আপনি আইনটা কমপ্লিট করেছেন, যেটা আমার সময় হয়েছিল বলছি। এই যে বেসিক প্রিন্সিপ্যাল, সেই বেসিক প্রিন্সিপ্যাল সেখানে একটা ভায়োলেশন হচ্ছে, হস্তক্ষেপ হচ্ছে বলে মনে হচ্ছে। ওটাকে রেখে কেনো কাজ করা গেল না, এখন তো কাজ হয়েছে, এতদিন তো আপনি যদি এইখানটায় বলে দিতেন, স্টেটমেন্ট অফ অবজেকশন রিজিন্স্-এ, যে এখন পঞ্চায়েত এলাকায় এই সমস্ত শিল্প, কল-কারখানা, ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদি করতে গিয়ে এই অসুবিধা হচ্ছে, পঞ্চায়েত বাধা দিচ্ছে, পঞ্চায়েত সহযোগিতা করছে না, অথবা পঞ্চায়েতের টেকনিক্যাল নো-হাউ নেই, টেকনিক্যাল নেই, এই সমস্ত জিনিসগুলোকে প্রসেস করে পার্মিশন দিতে পারে, এই কথাগুলো যদি বলতেন, তাহলে এর প্রেক্ষাপটটা আমাদের কাছে পরিষ্কার হত। সেটা আপনি পারেননি। যাই হোক, আমি আশা করবো আপনি এই জিনিসগুলো আপনার বক্তব্যে ক্লিয়ার করবেন, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1.40 - 1.50 p.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় যে ১৪ নম্বর পঞ্চায়েত Amendment Bill, ২০১৫ সংশোধন করার যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। তিনি যে বিলটা এখানে উপস্থাপনা করেছেন, এটা পঞ্চায়েতের ক্ষেত্রে আমরা যে ১৭৩ নম্বর বিল যেটা বিগত দিনে সরকারে তখন মাননীয় মন্ত্রী ছিলেন সুব্রত মুখোপাধ্যায়, তাঁর আমলে এই আইনটি তৈরি হয়। পরবর্তী পর্যায়ে

মানুষের স্বার্থে পুনরায় আবার এই amendment আনা হয়েছে ২৩ নম্বর ধারা এবং ১১৪-(A) ধারাকে পরিবর্তন করে। আমরা যেটা অনুভব করলাম যে সরকার ক্ষমতার বিকেন্দ্রীকরণ করবার জন্যে পঞ্চায়েতের যে ইন্ডাস্ট্রিয়াল পার্ক বা বিভিন্ন সেক্টারের যে উন্নয়ন, সেই উন্নয়নের ক্ষেত্রে আজকে তার সীমিত ক্ষমতা। আমরা অনুভব করেছি যে পঞ্চায়েতে আরো ক্ষমতা বাড়ানো দরকার। সেই কারণে এই বিলটি আনা হয়েছে। এটার একটা শুভ দিক যে ইন্ডাস্ট্রিয়াল পার্ক যেরকম শহরে হয়। বিভিন্ন যে শহরাঞ্চলগুলো তৈরি হচ্ছে গ্রামে, এখনও পঞ্চায়েত এলাকা সেই পঞ্চায়েত এলাকাগুলোতেও বিভিন্ন ক্ষুদ্র শিল্প, বিভিন্ন বড় ধরনের ঘরবাড়ি তৈরি হচ্ছে। উন্নয়নের ক্ষেত্রও বিস্তৃত হচ্ছে। সেই কারণে পঞ্চায়েত যে তাদের নিজস্ব ধারাবাহিকতায় আইন অনুযায়ী বিলে যে আইন আছে তার মধ্য দিয়েই সেই উন্নয়নকে ত্বরান্বিত করবার যে প্রয়াস গ্রহণ করে আজকের ক্ষেত্রে যে বিলটি আজকে প্লেস হয়েছে আমি মনে করি যে, এটা নিশ্চই উন্নয়নের ধারাকে আরো সহজ সরল পন্থায়—ক্ষমতাকে বিকেন্দ্রীকরণের একটা রূপরেখা এই বিলের ভেতর করবে তা আমরা দেখতে পাচ্ছি। আমরা আবেদন করব মাননীয় মন্ত্রীর কাছে যে, বিভিন্ন গ্রাম পঞ্চায়েতগুলোতে যেরকম ক্ষমতা দেওয়া আছে, বিভিন্ন ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচীর ভেতর দিয়ে এরকম ইন্ডাস্ট্রিয়াল পার্ক এবং যে ইন্ডাস্ট্রিগুলো ওখানে ক্ষুদ্র কুটিরশিল্প যেমন, আমাদের এলাকাতেই জুটের সুতো তৈরির কারখানা আছে একটা পঞ্চায়েতে। তারা তাদের নিয়মের ভেতর দিয়েই সেখানে তারা তৈরি করে, শ্রমিকরা কাজ করে। বড় বড় সেখানে মাল্টিস্টোরিড বিল্ডিংও আজকে পঞ্চায়েতগুলোতে তৈরি হচ্ছে। অনেক ক্ষুদ্র কুটিরশিল্পের ভেতর দিয়ে তাঁতশিল্প পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে, ব্লকে এবং গ্রাম পঞ্চায়েতে আছে। সেরকম ক্ষুদ্রশিল্পের ভেতরে মুড়ি ভাজা, মশলা তৈরি, কারখানা এগুলোর ইন্ডাস্ট্রির ভেতরে গ্রাম পঞ্চায়েতগুলোতে শ্রীবৃদ্ধি ঘটেছে আমরা দেখতে পাচ্ছি, চার বছরের ভেতরে এবং যে বিশেষত বর্তমান পঞ্চায়েতমন্ত্রীর উদ্যোগে। আমরা নিশ্চয়ই আশা করবো যে পঞ্চায়েত দপ্তর ক্ষমতার যেরকম বিকেন্দ্রীকরণ করেছেন, সেরকমভাবে যাতে সুযোগ সুবিধা এই ইন্ডাস্ট্রিয়াল পার্ক-এর ভেতর দিয়ে যাতে কর্মসংস্থান হয়, বিভিন্ন ক্ষুদ্র কুটিরশিল্পের ভেতর দিয়ে নিয়মের মধ্য দিয়ে যে সার্টিফিকেট রেজিস্ট্রেশানের যে পদ্ধতিগত দিক তিনি দেখিয়েছেন তাকে আরো সরলীকরণ করে যাতে সেই রেজিস্ট্রেশান সার্টিফিকেটটা পায়, তার ব্যবস্থা যদি গ্রহণ করা হয় আরো সুবিধা হবে। আমি মনে করি যথার্থ সময়ে এই বিলটা আনায় গ্রামীণ এলাকায় ইন্ডাস্ট্রিয়াল পার্ক এবং বিভিন্ন যে মাল্টি স্টোরিড বিল্ডিংগুলো হচ্ছে তার ক্ষেত্রে অনেক সুবিধাজনক হবে। আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : (অ্যাবসেন্ট)

ডঃ আবুল হাসেম মণ্ডল : ধন্যবাদ স্যার, মাননীয় পঞ্চায়েতমন্ত্রী আনীত পঞ্চায়েত যে amendment পঞ্চায়েত Act, ১৯৭৩ সালে মাননীয় মন্ত্রী মহাশয় খুব minor amendment নিয়ে এসেছেন, একটা Section 23, Section 114(A) এবং আপনার কতকগুলো concept এবং যে concept-গুলোকে আরো ব্রডলি দেখা হয়েছে। কারণ দীর্ঘদিন পঞ্চায়েতের যে কাজকর্ম হচ্ছে, কাজকর্মের পরিধি ক্রমশ বেড়ে যাচ্ছে, এটা যেমন

একটা দিক আছে; অন্য একটা দিক হচ্ছে, পঞ্চায়েতের যাতে নিজস্ব ইনকাম বাড়ে, স্বাবলম্বী হতে পারে, সেদিকেও মাননীয় মন্ত্রী মহাশয় লক্ষ রেখেছেন। দ্বিতীয় হচ্ছে, যে শহর আছে, মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশান তার উপকণ্ঠে যে সব পঞ্চায়েত আছে, সেই পঞ্চায়েতগুলো ক্রমশ আর্বানাইজেশান হচ্ছে। সেখানে মাল্টিস্টোরিড বিল্ডিং হচ্ছে — স্যার, আপনি জানেন, জি প্লাস টু ব্যতীত কোনো বাড়ি যদি পঞ্চায়েত এলাকাতে তৈরি হয় তাহলে তার পারমিশান কিন্তু পঞ্চায়েত দিতে পারে না। সেই ক্ষেত্রে অনেক সময় পঞ্চায়েতকে নির্ভর করতে হয় অন্য কোনো প্রতিষ্ঠানের উপর, বিশেষ করে জেলা পরিষদের কাছে তার পারমিশান নিতে হয়, তবেই তারা করতে পারে। ঠিক একইভাবে যেসব শিল্প কারখানা গড়ে ওঠে বা সেইগুলোকে যদি ভবিষ্যতে আরো বড় করা যায়, তার কারণ হচ্ছে, আমাদের যে পরিবর্তন হচ্ছে, যে সময়ের পরিবর্তন, তা খুব দ্রুত পরিবর্তন হচ্ছে, সামাজিকভাবে সমাজের নিজেরও পরিবর্তন হচ্ছে। এখন সেই পরিবর্তনের সাথে আমাদের পঞ্চায়েতিরাজ যে কাজকর্ম করছে, তার সাথে এক রাখতে গেলে এই অ্যামেন্ডগুলো খুব জরুরী হয়ে পড়েছে। এই কারণেই মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডগুলো নিয়ে এসেছেন ২৩ এবং ১১৪-তে এ আর কিছুই নয়, যে একটা এজেন্সি থাকবে বা একটা প্রতিষ্ঠান থাকবে, সেই প্রতিষ্ঠানের মাধ্যমে, ওইসব প্রতিষ্ঠান একজিসটিং প্রতিষ্ঠান যেগুলো আছে, সেইগুলো ইনডাস্ট্রি হোক বা পার্ক হোক বা বিল্ডিং হোক, যাইহোক না কেন, সেইগুলো যদি আরো বড় করা হয় বা নতুন করে তৈরি করা হয়, তারা সেই অনুমোদন দেবে এবং সেইদিক থেকে আমাদের পঞ্চায়েতের একটা আর্থিক উন্নয়ন ঘটবে। আর পারফেকশান হানড্রেড ফিফটিনের ক্ষেত্রে বলা আছে, আগে বলা ছিল, যে অফেন্সিভ অ্যান্ড ডেনজারাস। এখানে অ্যামেন্ডমেন্টের স্পেশাল নেচার করা হয়েছে, কারণ স্পেশাল নেচার এই কারণেই যে আমরা যখন বলছি, অফেন্সিভ অ্যান্ড ডেনজারাস, এখন সেই কাজটা, সেই প্রতিষ্ঠানগুলো সেখানে করতে চায়, তার কার্যকারিতা কিরকম। আমাদের সমাজে বা সেই সমাজে যেখানে হবে, যেখানে প্রতিষ্ঠিত হবে যে পঞ্চায়েত এলাকা কতটা মানুষের ক্ষতি করবে, সেটা সমাজের হোক, স্বাস্থ্যের হোক, এখন সেটা একটা রিলেটিভ ব্যাপার। যে কারণে সিম্পলি যেমন অফেন্সিভ আমরা বলছি বা ডেনজারাস বলছি, সেই ক্ষেত্রে দেখা যায় যে আইনের অনেক ইনটারপ্রিটেশান আসতে পারে। সেইগুলোকে অ্যাভয়েড করার জন্য যা স্পেশাল নেচার যেগুলো বা পঞ্চায়েতে একটা বলা আছে যেগুলো করা যাবে, যেগুলো করা যাবে না। ঠিক একইভাবে লাইসেন্সের ক্ষেত্রে এটা আমাদের সকলের অভিজ্ঞতা আছে যে লাইসেন্স পেতে গেলে অনেক রকম অসুবিধা ভোগ করতে হয়, সেখানে দেখা যাচ্ছে, শুধু একটা সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশান সাফিসিয়েন্ট। কারণ আমরা জানি, আমাদের পশ্চিমবাংলায় যারা শিল্প করতে আসে তারা অনেক সময় অভিযোগ করে যে এই পশ্চিমবাংলাতে এত বেশী আইনকানুন আছে, যে কারণে আমরা লাইসেন্স পাই না, আমরা পারমিশান পাই না, আমরা ইনডাস্ট্রি করতে পারছি না, আমরা কোনো উন্নয়ন ঘটাতে সাহায্য করতে পারছি না, আর এখানে যদি দেখা যায় যে সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশান যেটা নাকি লাইসেন্স থেকে অনেক পার্থক্য আছে, সেই ক্ষেত্রে কিন্তু সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশান পাওয়াটা সহজ হবে এবং তাদের কাজটাও করা সহজ হবে। এবং যে অপবাদটা আছে যে ইনডাস্ট্রি করতে গেলে আইনের বেড়াজাল পশ্চিমবাংলাতে আছে,

সেইগুলো অন্তত অপসারিত হবে। আর যেটা আছে অ্যানুয়ালি যেটা খুব সিম্পিল স্যার, এটা বলেছেন বছরে তখন একবার হত, প্রতি বছরে বছরে তাকে যদি লাইসেন্স ফি জমা দিতে হয় তাহলে অসুবিধা হয়, এটা তিন বছর অন্তর করেছেন, এটা ঠিকই আছে। এই কারণে যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় সদনে নিয়ে এসেছেন, আমি সেটাকে সমর্থন করছি। ধন্যবাদ।

[1.50 - 2.00 p.m.]

ডঃ রমেন্দ্র নাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ১৯৭৩ সালের ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্টের কিছু কিছু ক্ষেত্রে সংশোধনী এনে পশ্চিমবঙ্গের পঞ্চায়েতমন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় এই পবিত্র সদনে যে সংশোধনী এনেছেন, আমি সেই সংশোধনীর সমর্থনে দু-চারটি কথা বলছি। এই সংশোধনীর নাম হচ্ছে 'The West Bengal Panchayat (Amendment) Bill, 2015। অ্যামেন্ডমেন্ড এই ক্ষেত্রটিকে বিশেষ করে এক নং সাব-সেকশানের তেইশ নম্বর সেকশানে কোনো শিল্প বা শিল্পতালুক, যদি গ্রাম পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতিতে গড়ে উঠতে চায়, তাহলে তাকে বিশেষ বিশেষ নিয়মের মধ্যে দিয়ে, নির্মাণের ক্ষেত্রে তার বৃদ্ধির ক্ষেত্রে, গ্রাম পঞ্চায়েত বা রাজ্য সরকারের অনুমতি গ্রহণের ব্যবস্থা এতে রাখা হয়েছে। যদি গ্রাম পঞ্চায়েত এরিয়ায় হয়, তাহলে গ্রাম পঞ্চায়েতের কাছে দরখাস্ত করতে হবে এবং তাদের কাছ থেকে রিটিন পারমিশান নিতে হবে। তেমনি করে পঞ্চায়েত সমিতিতে যদি কোনো প্রতিষ্ঠান গড়ে উঠতে চায়, কোনো বিল্ডিং তৈরি করতে হয়, তাহলে তাকে পারমিশান নিতে হবে পঞ্চায়েত সমিতির, ঠিক তেমনি করে স্টেট গভর্নমেন্টের কাছ থেকেও পারমিশান নিতে হবে। এমন এমন প্রতিষ্ঠান গ্রামে গড়ে উঠতে পারে, যেটা গ্রাম পঞ্চায়েতের পক্ষে অনুকূল নয়, এমন এমন সংস্থা গড়ে উঠতে পারে যেটা পঞ্চায়েত সমিতির পক্ষে ঠিকমতো কার্যকরী হবে না বলে মনে করেই এই সম্ভাবনার কথা মাথায় রেখেই মাননীয় মন্ত্রী সংশোধনী এনেছেন। সেই সংশোধনীর ফলে গ্রামেগঞ্জে এবং পঞ্চায়েত সমিতির বিভিন্ন জায়গায় দুর্নীতি বা অন্য রকম কিছু চলতে না পারে, আর যদি চলে সেটা গভর্নমেন্টের একদম ডাইরেক্ট পরিচালনার মধ্যে দিয়ে হবে, নোটিশের মধ্যে দিয়ে হবে। এতে করে এমন একটা জায়গা আসবে যাতে করে সুশু ভাবে দেশকে উন্নত করার কারণে, পশ্চিমবঙ্গের উন্নতি বিধানের কারণে সরকারের ডাইরেক্ট নোটিশের মধ্যে দিয়ে এটা গড়ে উঠবে। এতে করে মন্ত্রিমহাশয় যে সুদূর পরিকল্পনা করে সূক্ষ্ম চিন্তাভাবনা করে এই বিলটি এনেছেন, আমি এই বিলকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। কিছু কিছু ক্ষেত্র আছে যেটা গ্রামেই গড়ে উঠুক বা অন্য কোনো জায়গাতেই গড়ে উঠুক, যেমন 'জল ধরো' এই জল ধরার জন্য রুফের উপরে যদি জল ধারণের ব্যবস্থা করা হয়, তাহলে স্টেট গভর্নমেন্টের পারমিশান না নিলেও চলবে। অর্থাৎ সরকারের উন্নয়নের অনুকূলে যদি কোনো কাজ হয়, সেখানে সরকারের দিক থেকে কোনো বাধা-বিপত্তি থাকবে না। আর মন্দ হবার সম্ভাবনার কথা চিন্তা করেই সরকার নিজের নোটিশে এটা রেখে এগিয়ে যেতে চাইছেন। এর ফলে যে সুফল দেশ পাবে, পশ্চিমবঙ্গ সরকার পাবে, সেটিই বড় কথা। আমরা চাই উন্নয়ন, আমরা চাই উন্নতি, আমরা চাই শ্রীবৃদ্ধি সাধন, আমরা চাই দুর্নীতির বিরুদ্ধে অভিযান। তাই আমি এই বিলকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে অ্যামেন্ডমেন্ড বিলটি এনেছেন, এই বিলের মধ্যে দিয়ে তিনি আসলে যেটা করতে চাইছেন, যেটা ডি-সেন্ট্রালাইজেশান অফ পাওয়ার হয়েছিল পঞ্চায়েতের মধ্যে দিয়ে, সেটাকে আবার সেন্ট্রালাইজড করতে চাইছেন। স্টেট গভর্নমেন্টের কন্ট্রোলের মধ্যে এটা আনতে চাইছেন যেটা পঞ্চায়েতের এক্তিয়ারের মধ্যে ছিল। এটা করার পেছনে তার কি যুক্তি সেটা কিন্তু পরিষ্কার নয় এবং সেটা তিনি কোথাও বলেননি। তার পক্ষে যারা বললেন তারাও পরিষ্কার করে বলতে পারেননি কেন এটা কিসের জন্য করা দরকার। কল্লোলবাবু বলেছেন, মুড়ি ভাজা হচ্ছে, মশলা তৈরি হচ্ছে তার জন্য কারখানা তৈরি হচ্ছে, তার জন্য এই ইন্ডাস্ট্রিয়াল পার্ক হওয়া দরকার। আমার মনে হয় না যে তার জন্য এগুলো হওয়া দরকার কিন্তু সেটা তো অন্য প্রশ্ন। যদি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হয়, ইন্ডাস্ট্রিয়াল পার্ক তৈরি হয় সেটা হবে। এবং সেটা যদি কোনো একটা পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতির কাছ থেকে তার অনুমতি নেওয়ার দরকার থাকে, সে অনুমতি তাকে নিতেই হবে। সেই অধিকারটা তাদের খর্ব করা হবে কেন? প্রথমত কোনো একটা এরিয়াতে কোনো একটা বিশেষ জায়গায় কি ধরনের ইন্ডাস্ট্রি হতে পারে, কি ধরনের বিল্ডিং হতে পারে, কি ধরনের স্ট্রাকচার হতে পারে, তার কি ধরনের এক্সটেনশান হতে পারে সেটা তো সেখানকার পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি যার জুরিসডিকশানের মধ্যে যে এরিয়া আছে, তারাই সবথেকে ভালো করে বলতে পারবে। সেটা যদি বাইরে থেকে স্টেট গভর্নমেন্ট ইমপোজ করে দেয় যে এখানে এটাই করতে হবে এবং সেটা কন্ট্রোল করবো আমি, তাহলে যে উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েত তৈরি হয়েছে — পঞ্চায়েত তো আসলে লোকাল গভর্নমেন্ট, তাহলে সেই লোকাল গভর্নমেন্টের যে ক্ষমতা সেই ক্ষমতাকে দেবেন না কেন? সেই ক্ষমতার ওপরে হস্তক্ষেপ করা হবে কেন? এই জিনিসটা কিন্তু একেবারেই আমার কাছে পরিষ্কার হচ্ছে না। এবং এর মধ্যে দিয়ে ওই একটাই কথা যে, সেন্ট্রালিজিম, সেন্ট্রালাইজ কন্ট্রোল অ্যান্ড সেন্ট্রালাইজ কন্ট্রোল বাই দ্য স্টেট গভর্নমেন্ট। এই জায়গাটায় চলে যাচ্ছে। বিষয়টা যদি এইরকম হতো প্রচুর ইন্ডাস্ট্রি হচ্ছে। তাহলে তার একটা মানে বোঝা যেতো। সেখানে ওই অধিকার খর্ব করতে দেওয়া হবে কিনা সেটা তো অন্য প্রশ্ন। কিন্তু সত্যিই কি খুব ইন্ডাস্ট্রি হচ্ছে? ইন্ডাস্ট্রিয়াল পার্ক যেগুলো আছে, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট যেগুলো আছে, সেগুলোই তো খালি পড়ে আছে। আমি স্মরণ করতে পারি, মাননীয়া মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে এসে এই মনোজবাবুকে এখানে, মনোজবাবু নেই এখন। মনোজবাবু যখন একটা জমি সম্পর্কে বলেছিলেন যে এখানে ইন্ডাস্ট্রি হচ্ছে না, উনি ওখান থেকে তাঁকে বললেন আপনি আসুন না, এখানে ইনভেস্ট করুন না, আপনার জন্যে আমরা খুলে দেবো। এটা যদি ইন্ডাস্ট্রির অবস্থা হয়, তাহলে নতুন করে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ইন্ডাস্ট্রিয়াল পার্ক তৈরি করতে হবে এবং সেখানে পঞ্চায়েতের যতটুকু ক্ষমতা আছে, সেই ক্ষমতার ওপরে হস্তক্ষেপ করা হবে, এটা কিন্তু একেবারেই মেনে নেওয়া যেতে পারে না। যেমন ধরুন ফলতা। ফলতা আগের আমলে তৈরি হয়েছিল। সেখানে বহু জমি দখল করা হয়েছিল এবং মাননীয় মন্ত্রী নিশ্চয় খবর রাখেন সেখানে বহু জমি — হাজার হাজার একর জমি কিন্তু সেখানে খালি পড়ে আছে। তাহলে সেগুলোতে তো ইন্ডাস্ট্রি হচ্ছে না। ফলে নতুন করে ইন্ডাস্ট্রির যে একটা প্রয়োজন দেখা দিয়েছে, সেটা যদি যুক্তিসঙ্গতভাবে আপনি এখানে প্লেস করতে পারতেন,

অবজেক্টস অ্যান্ড রিজনসে যদি বলতে পারতেন তাহলে আমরা মানে বুঝতে পারতাম। আপনিও সেটা বলেননি, আপনার পক্ষে যারা বললেন তারাও কিন্তু সে কথাটা বলে যেতে পারলেন না। ফলে আমার মনে হয়েছে যে এই আইন অপ্রয়োজনীয় এবং একটা অপ্রয়োজনীয় আইন আনতে গিয়ে, অ্যামেন্ডমেন্ট আনতে গিয়ে আপনি যে কাজটা করলেন সেটা হল লোকাল গভর্নমেন্টগুলোর অধিকারের ওপর হস্তক্ষেপ করলেন। এইটা একেবারে মেনে নেওয়া যেতে পারে না। আপনি নিজে পঞ্চায়েত তৈরি করেছিলেন — পঞ্চায়েত আইন আমাদের রাজ্যে তৈরি করেছিলেন, সেখানে আপনার একটা আর্কিটেক্টের ভূমিকা আছে। এবং সেই আপনি এসে পঞ্চায়েতের অধিকার খর্ব করছেন, এটা আপনি নিজে ভেবে দেখুন আপনি সেল্ফ সার্চ করুন যে এটা সত্যিই করার দরকার আছে কিনা। ফলে আমি এই কথাগুলো বলে এবং এই বিলকে অপোজ করে আমার বক্তব্য এখানে শেষ করছি। মাননীয় মন্ত্রীকে আবার অনুরোধ করছি, আপনি রি থিংকিং করুন এই বিলটা সত্যিই আনবেন কিনা এবং সেই রিথিংকিং করে — আমি আশা করবো আপনি এটা প্রত্যাহার করে নেবেন। ধন্যবাদ।

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী দ্য ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল ২০১৫ — যেটি আজকে নিয়ে এসেছেন, অত্যন্ত সংক্ষিপ্ত বিল কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। এখন এই যে তিনি সংশোধনীগুলো এনেছেন তার কিছু উদ্দেশ্য নিশ্চয় আছে। তার উদ্দেশ্য হল যে পঞ্চায়েত আইনে কিছু ফাঁকফোকর ছিল। এবং সেই ফাঁকফোকর দিয়ে কিছু অসাধু লোকেরা ব্যবসা করে নিত। সেই ফাঁকফোকরকে বন্ধ করার উদ্দেশ্যে এবং পঞ্চায়েতে কিছু অসহযোগিতা ছিল ইন্ডাস্ট্রি করার ক্ষেত্রে। পঞ্চায়েতে বহুবিধ কাজ হাজির হয়েছে। ফলে তাদের সময়েরও সমস্যা। এছাড়াও তাদের একটা লিমিটেশান আছে যে কত দূর পর্যন্ত তারা অনুমতি দিতে পারে। এই সমস্ত বিষয়গুলো থাকার জন্যে ইন্ডাস্ট্রি আঘাতপ্রাপ্ত হচ্ছে, বাধাপ্রাপ্ত হচ্ছে। তাই স্মুদলি ইন্ডাস্ট্রিকে এগিয়ে নিয়ে যাওয়ার উদ্দেশ্য নিয়ে মাননীয় মন্ত্রী এই বিলটি পেশ করেছেন। যে সংশোধনীগুলো এনেছেন তা অত্যন্ত বাস্তবসম্মত, যুক্তিযুক্ত এবং গ্রহণযোগ্য। তাই এই বিলকে আমি সমর্থন করছি এবং এই যে ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যামেন্ডমেন্ট বিল ২০১৫, এখানে ২৩-এর ১-এ বলা আছে যে পঞ্চায়েতের অধীনে নতুন নির্মাণকাজ করতে গেলে ওই পঞ্চায়েতের অনুমতি প্রয়োজন।

[2.00 - 2.10 p.m.]

কিন্তু ব্যক্তির প্রয়োজন। কিন্তু industry-র ক্ষেত্রে সেটা বলা নেই। এটা বোধহয় আপনারা দেখেননি, industry-র, ক্ষেত্রে সেখানে কিছু বলা নেই। এই section-এ Forst proviso-এ বলা আছে যে, রাজ্য সরকার মনে করলে তিনি নতুন বিধি প্রয়োগ করতে পারেন। কখন মনে করবেন যখন পঞ্চায়েতের এক্তিয়ারের বাইরে চলে যাচ্ছে তখন তিনি মনে করছেন। সেই কারণে তিনি এই billটি এনেছেন। যদি রাজ্য সরকার নিজে অথবা সরকারের অধীন কোন সংস্থা যদি এই নির্মাণ কাজ করতে চাই industry-র, তাহলে কি হবে? এই আইনে কিছু বলা আছে, বিশ্লেষণ করা আছে, বিস্তৃত করা আছে, আপনারা কোথাও কি দেখেছেন? তাহলে সরকার যখন করতে যাবে বা সরকারের নির্দেশিত কোনো সংস্থা যখন

করতে যাবে, তাকে কে permission দেবে? পঞ্চায়েত তো পারমিশান দিতে পারছে না, সেখানে পরিষ্কার করে বলা নেই। সেই জন্যেই এই বিলটি আনতে হয়েছে। এই বিলটি যদি না আনা হয়, তাহলে পঞ্চায়েত এলাকায় industry তৈরি হতে খুবই অসুবিধা হবে। সেই কারণে এই বিলটা আনা হয়েছে। সেইখানে আমাদের কি করণীয় — নতুন amendment যেটা, সেখানে বলা হয়েছে — রাজ্য সরকার — কোনো Corporation যদি নির্মাণকাজ করতে চায়, তাহলে রাজ্য সরকারের কর্তৃক প্রত্যয়িত বিজ্ঞায়িত বিধিবদ্ধ অনুমতি নিতে হবে, বিষয়টি গুরুত্বপূর্ণ। রাজ্য সরকারের থেকে বিধিবদ্ধ অনুমতি নিতে হবে। কারণ, কে অনুমতি দেবে, সেটা যদি পরিষ্কার করে বলা থাকে, তাহলে কি করে তারা কাজ করবে — সেই জন্য তিনি এই বিলটি এনেছেন এবং তিনি বলছেন রাজ্য সরকারের থেকে অনুমতি নিয়ে তোমার industry করো। তাতে কি অসুবিধা হয়েছে। আমার মনে হয় তিনি industry-কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, পঞ্চায়েতকে এগিয়ে দেওয়ার জন্য এবং মানুষ যাতে কাজ পায়, বেকার যুবকরা যাতে কাজ পায়, সেই জন্য—সার্বিক একটা দৃষ্টিভঙ্গি এর মধ্যে প্রকাশ পেয়েছে। দ্বিতীয় তিনি section 114(1)(1), একটি proviso সংযুক্ত করেছেন, সেখানে কি হল? এই যে 114(1)(1), development plan in respect of any area of Panchayat Samiti — সেখানে রাজ্য সরকার বা সরকারের অধীন কোনো সংস্থা যদি কোনো industrial park তৈরি করে — সেখানে কি পঞ্চায়েত সমিতি অনুমতি দিতে পারে? এটা পরিষ্কার করে বলা নেই। একটা limitation আছে, সেই limita-এর বাইরে গেলে কারা তাকে permission দেবে — সেই জন্য তিনি এই আইনটি এনেছেন। এই যে মাঝখানে gapটা থেকে গেছে, সেই গ্যাপটা পূর্ণ করার জন্যে। সেই industrial development authority-র কাছ থেকে, অথবা কোনো Corporation-এর কাছ থেকে নিশ্চয় অনুমতি নিতে হবে — এই কথা তিনি বলছেন। আর তৃতীয়ত, তিনি বলছেন, section 116(1)(2)(3)(4) তিনি বলছেন, offensive and dangerous — ব্যবসা যেগুলো, যদি offensive and dangerous হয়, তাহলে সেই ব্যবসা কি করা উচিত, সেই ব্যবসার কি অনুমোদন দেওয়া উচিত। সেই কারণে তিনি এর নামটা পাল্টে দিয়েছেন, offensive and dangerous-এর বদলে তিনি পরিবর্তন করেছেন—special nature এবং তিনি licenceটাকে বলেছেন certificate of registration। এটা নিশ্চয় সঠিক করেছেন বলে আমার মনে হয় এবং আপনারা কেউ বিরোধিতাও করেননি এবং তিনি বলেছেন প্রতি বছর renew করতে হবে কি? তিন বছর অন্তর রিনিউ করতে হবে। তিনি বলছেন, কি করতে হবে — না ব্যবসা করতে হবে। সেই ব্যবসার ধরন হিসাবে নির্ভর করতে তিনি এক বছর পরে রিনিউ করবে না, তিনি বছর পর রিনিউ করবে। ফলে এই যে ছোট্ট একটা বিষয়, অথচ কিন্তু খুবই গুরুত্বপূর্ণ বিষয় তিনি এখানে এনেছেন, এটা অত্যন্ত জরুরি। তাই মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জীর আনা যে amendment, amendmentকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শ্রী সুব্রত মুখোপাধ্যায় The West Bengal Panchayat (Amendment) Bill, 2015 যে এখানে নিয়ে

এসেছেন — ইতিমধ্যেই আমাদের অধ্যাপক প্রবোধ সিনহা আলোচনায় অংশ নিয়েছেন এবং বিরোধী পক্ষের আরও একজন মাননীয় সদস্য ডঃ নস্কর তিনিও আলোচনায় অংশ নিয়েছেন। যে বিষয়গুলো ওনারা উত্থাপন করেছেন আমি তার সঙ্গে সহমত পোষণ করছি। মাননীয় পঞ্চায়েতমন্ত্রী তিনি যখন কনক্লুড করবেন তিনি তখন ব্যাখ্যা দেবেন, যে বিষয়গুলো এখানে উত্থাপিত হয়েছে। একটা ব্যাপারে আমি বিলে যাওয়ার আগে বলি, আজকে পঞ্চায়েত এলাকায় গ্রাম বাংলায় লক্ষ লক্ষ মানুষ বিভিন্ন দাবি নিয়ে কৃষকরা রাস্তা অবরোধ করেছেন, আমি আপনার মাধ্যমে তাদেরকে অভিনন্দন জানাচ্ছি। কৃষি-কৃষক এবং ১০০ দিনের কাজ — তাদের অধিকার ইত্যাদি এইসব প্রশ্নগুলো ছিল। আমি বিলে যাওয়ার আগে একটু বলে নিই — জমি নিয়েও একটা বিল এখানে উত্থাপিত হয়েছিল। আমি মাননীয় সুব্রতবাবুকে বলব, আপনি যখন বিল নিয়ে আসছেন তখন আমাদেরও একটু ভাবতে হবে। অনেক বিতর্কিত ব্যাপার রয়েছে। আপনি নিজেও বিতর্কিত অনেক গ্রুপ, কখন কি নিয়ে আসবেন। জমির ঊর্ধ্বসীমা রোধ করার জন্য এই হাউসেই ১ বছর আগে একটা বিল এসেছে। তাতে প্রোমোটারী, জমির দালালি যারা করবে তারা খুব উৎসাহিত, কোনো নিয়ন্ত্রণ-টিয়ন্ত্রণ নেই, এইরকম সব ব্যাপার আছে। এখন উদ্দেশ্য হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদি এই সব করা। আমার মনে হচ্ছে যেন শহরে সমস্ত পার্ক হয়ে গেছে, ইন্ডাস্ট্রিয়াল পার্ক বা শিল্পতালুক ইত্যাদি হয়ে গেছে। শুধু গ্রামবাংলায় ৩৪১টা ব্লকে ওটা বাকি আছে। আপনারা বলেছিলেন যে প্রতি ব্লকে দুটো করে শিল্প হবে। ৪ বছর অতিক্রান্ত, দেখা যায়নি। আমি কেশপুর ব্লক এলাকার বিধানসভার সদস্য, আমি শিল্পের দেখা পাইনি। যে উদ্দেশ্যে বলছেন পার্ক করবেন, শিল্পতালুক করবেন পঞ্চায়েতে কি অসুবিধা? অধিকাংশ পঞ্চায়েতে, আপনাদের দল ক্ষমতায় রয়েছে গত নির্বাচনে রিগিং অথবা অন্য পদ্ধতিতে আপনারা কব্জা করে নিয়েছেন। তাহলে বাধা দিচ্ছে কে? এখানে মৌলিক বিষয়গুলো, কেন্দ্র-রাজ্য সম্পর্ক নিয়ে আমরা বামপন্থীরা বারবার বলেছি, রাজ্যের অধিকারে হস্তক্ষেপ হলে আমরা তখনও বলেছি এখনও বলছি, কিন্তু সুব্রতবাবু আপনি কি করছেন? পঞ্চায়েতের অধিকার, পঞ্চায়েতের আয়, তাতে আপনি হাত দিচ্ছেন। পঞ্চায়েতগুলো কি করে চলবে। স্থানীয় যে সরকার তাদের যদি আয় কমে যায়? ধরুন বামফ্রন্টের সময়, আমাদের সরকারের সময় ছিল পঞ্চায়েত যেভাবে আয় করতো, যেমন পার্ক, বিল ফিসারী, ট্যাঙ্ক ফিসারী তারপর গৃহকর, ভূমিকর, বনসৃজন ইত্যাদি, তার থেকে যে পরিমাণ টাকা তারা সংগ্রহ করতে পারতো তার সমপরিমাণ টাকা আমরা রাজ্য সরকার দিতাম, আমরা যখন সরকার চালাতাম। সেইগুলোর কি হবে? সেইগুলোকে তো বাঁচাতে হবে। এখন যদি বোলডার মোরাম তারপর এই সমস্ত লাইসেন্স ফি পেত, সেইগুলো যদি আপনি নিয়ে নেন, তাহলে তো খুব অসুবিধা হবে। আমরা সেই জন্য পঞ্চায়েতের অধিকারের প্রশ্নে ব্যাখ্যা দাবি করছি। এলাকার মানুষের মর্যাদার প্রশ্ন অধিকারের প্রশ্ন। সেই স্থানীয় সরকারের অধিকার যাতে আপনি কোনোভাবে কেড়ে না নেন তার জন্য পুনরায় আমি আপনাকে ভাবতে অনুরোধ করবো। কি, কেন এটা করা যায় না? জমির অনুমতিপত্র নেওয়ার ব্যাপারে বলা হয়েছে আধিকারিকদের কাছ থেকে নিতে হবে। অফিসারদের যদি বলা হয়, কি হবে? বি.এল.আর.ও, আর.ও., আর.আই অফিস, ডি.এল.আর.ও, অভিজ্ঞতা কি আমাদের? অভিজ্ঞতা তো ভালো নয়। আমলাতন্ত্রের হাতে

ক্ষমতা দিয়ে দেওয়া। জনপ্রতিনিধিদের ক্ষমতা খর্ব করে দেওয়া, জনগণের অধিকার খর্ব করে দেওয়া। আর একটা আছে যে অফেনসিভ এবং ডেনজারাস, এই জায়গায় আমি বলবো স্পেশাল নেচার, এটা স্বাভাবিক, এই সব কথা বলছেন। এই ক্ষেত্রে দেখা যায় খাগড়াগড়, পিংলায় যা হলো এইরকম না তো? তারা সব ঢুকে যাবে ভেতরেতে এই ধরনের শিল্পগুটিক্স ইত্যাদিতে, এই রকম কোনো সংকেত আছে কিনা? লাইসেন্সের পরিবর্তে যে সার্টিফিকেট বা রেজিস্ট্রেশান ইত্যাদি, এই ব্যাপারটা আপনি দেখুন। ভাল করে দেখুন কেন ৮ বছরের জায়গায় তিন বছর করতে হবে কেনগ্ধ তিন বছর অন্তর অন্তর কেন এটা করা দরকার। আমি বলবো যে গতকালও মাননীয়া মুখ্যমন্ত্রীদ্দ বক্তব্য প্রেস মাধ্যমে যা জানলাম তাতে এই রকম বলা আছে যে — শিল্প বা শিল্পতালুক যাই করুন না কেন শিল্পের পরিবেশ আছে কিনা, শ্রমিকদের সঙ্গে মালিকের সম্পর্কটা কেমন, কাজের পরিবেশ আছে কিন্া বাজার আছে কিনা, শিল্পতালুকই হোক বা অন্য যাই বলুন না কেন? বড় শিল্প? আমি আপনাকে বলি আমাদের পশ্চিম মেদিনীপুর জেলায় জিন্দালের এত বড় ইস্পাত কারখানা, এশিয়ার বৃহত্তম ইস্পাত প্রকল্প করার জন্য জমির প্রয়োজন হয়েছিল। কোনো অসুবিধা হয়েছিল? জেলা পরিষদ, ভূমি দপ্তর তো দিয়ে দিয়েছিলেন। কি উত্তর দেবেন? শালবনীতে জিন্দাল কয়েক বছর হলো, অগ্রগতি কি? এই যে পাশেই টাউন হলে বড় মিটিং হলো শিল্পপতিদের নিয়ে। শিল্পপতিদের নিয়ে আবার লন্ডন যাবেন, যান, শুভেচ্ছা আমরা জানাচ্ছি। লন্ডন যান শিল্পপতিদের ধরে নিয়ে আসুন। কিন্তু এই ক্ষেত্রে বলা হচ্ছে — সুব্রতবাবু, আপনি শ্রমিক আন্দোলন করতেন দীর্ঘ দিন, ট্রেড ইউনিয়নের নেতা হিসাবে আমরা আপনাকে জানি, বিশ্বজুড়ে আট ঘণ্টা কাজের অধিকার স্বীকৃত, এখানে শুনলাম মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন শ্রমিকদের ১০ ঘণ্টা কাজ করতে হবে। এ তো ভয়ঙ্কর ব্যাপার। আর তা যদি না হয় ভালো কথা। দোকান ১০ ঘণ্টা খুলে রাখতে হবে। যারা দোকান কর্মচারী, তারা ১০ ঘণ্টা কাজ করবে তাহলে? খুব দুশ্চিন্তা, সিঁদুরে মেঘ দেখছি কি অবস্থা হবে। ধর্মঘটের অধিকার যদি কেড়ে নেওয়া হয় ৮ ঘণ্টার জায়গায় যদি ১০ ঘণ্টা কাজ করতে বলা হয়, দোকান খুলে রাখার কথা ৮ ঘণ্টার জায়গায় যদি ১০ ঘণ্টা বলা হয়, এটা আমাদের খুব দুশ্চিন্তার মধ্যে ফেলে দেয়। পঞ্চায়েত আইনের ১১৩ এবং ১১৪(এ), যে সংশোধন করা ইত্যাদি এই ব্যাপারগুলো নিয়ে আমাদের বক্তব্য ইতিমধ্যেই এখানে উপস্থিত করা হয়েছে, সেইগুলো নিশ্চয়ই গুরুত্ব সহকারে দেখবেন।

[2.10 - 2.20 p.m.]

পঞ্চায়েত এলাকায় বালি, ইট, ইটভাঁটা, বোল্ডার, মোরাম — গতকাল কৃষি বাজেটের উপর আলোচনা হয়, মাননীয় কৃষিমন্ত্রী আছেন — ইটভাঁটা করার জন্য উর্বর জমির মাটি নিয়ে চলে যাওয়া হচ্ছে। ভয়ঙ্কর ব্যাপার। এখানে পঞ্চায়েতের কোনো সতর্কতা বা নজরদারী নেই। অফিসাররা দুর্নীতির সঙ্গে যুক্ত হচ্ছেন। পশ্চিমবাংলার বালি, খাদানের ব্যাপারে আমরা মাঝে মাঝেই শুনি। মিডিয়ার মাধ্যমে খবর পাই গোলাগুলি চলছে। কে সেখানে দাদাগিরি করবেন। কোন্ দাদার নিয়ন্ত্রণে বালি তোলার অধিকার থাকবে। কোন্ বোল্ডার খাদান, কোন্ মোরাম খাদান কে নিয়ন্ত্রণ করবে। তাই নিয়ে গোলাগুলি চলছে। আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিচ্ছে। এই

যে ইটভাঁটা বলুন, উর্বর জমি থেকে মাটি তুলে নেওয়া বলুন, এই মূল যে স্পিরিটটা, আপনি হয়ত বলবেন শিল্পতালুক বা ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদি করার জন্য, কিন্তু এটাতে কোনো আপত্তি নেই, বহু তো জায়গা আছে সেখানে করুন। কিন্তু পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির যে অধিকার, তাদের যে মর্যাদা, তাদের যে আয়ের জায়গা, এই আয়গুলোর কি হবে? আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সময় বহু সামাজিক বনসৃজন হয়েছিল। এমন কিছু স্কুল, পঞ্চায়েত, প্রতিষ্ঠান, সেখান থেকে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ইনকাম করতেন। ভালো করে খতিয়ে দেখবেন। তারপর আপনি বলবেন যে প্রচুর বনসৃজন হয়েছে। পঞ্চায়েতগুলো আর্থিক দিক থেকে অনেকটাই স্বয়ংসম্পূর্ণ, তাদের অনেক টাকা, তারা নিজস্ব বাজেট করতে পারতেন। এই চার বছরে কোথাও গাছ লাগিয়েছেন গাছ বলে আমার জানা নেই। কিন্তু আমাদের সময় লাগানো গাছ পাইকারি হারে কাটছে। এই টাকা আপনি দেখুন টাকাগুলো কোষাগারে জমা পড়ছে কিনা। কোথায় যাচ্ছে, কি হচ্ছে? একটা গাছ কাটলে দশটা গাছ লাগাতে হয়। গাছ লাগাচ্ছে কিনা দেখুন। সেই জন্য আমি বলব যে, শিল্পতালুক বা ইন্ডাস্ট্রিয়াল পার্ক যাই হোক না কেন, তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু পঞ্চায়েতের অধিকার, পঞ্চায়েতের আয়, স্থানীয় পঞ্চায়েতের মর্যাদাকে ক্ষুণ্ণ না করে আপনি করুন। ভাল কাজে নিশ্চয়ই আমরা আছি। বিগত দিনে ছিলাম, আগামী দিনেও থাকব। বিলের পুরোপুরি ব্যাখ্যা নিশ্চয়ই আপনি শেষে দেবেন। এই বিলের ব্যাখ্যা করুন, এই আবেদনটুকু আপনার কাছে রেখে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা প্রায় এক ঘণ্টার কাছাকাছি বক্তব্য শুনলাম একটা পঞ্চায়েতের অ্যামেন্ডমেন্টকে কেন্দ্র করে। প্রবোধবাবু বললেন, কল্লোল খাঁ, ডঃ আবুল হাসেম মণ্ডল, রমেন্দ্রনাথ বিশ্বাস, তরুণ কান্তি নস্কর, যোগরঞ্জন হালদার এবং সবশেষে রামেশ্বর দলুই বললেন। আমি রামেশ্বরবাবুকে দিয়ে শুরু করি। খুব বিস্তারিত সময় নেওয়ার কোনো কারণ নেই। মোটামুটি এটাই যে রামেশ্বরবাবু বেসিক জিনিসটা ভুল করেছেন। সেটা হল — কোনো জায়গায় এই অ্যামেন্ডমেন্টে আমরা পঞ্চায়েতের টাকা বা আয় কমাচ্ছি না। উনি প্রথম থেকে শেষ পর্যন্ত আদ্যপ্রান্ত এটাই জেনে বসে আছেন যে আমরা আয় কমিয়ে দিচ্ছি। একটা ফোঁটা পয়সাও আয় কমাচ্ছি না। পরন্তু এই পদ্ধতির মধ্যে যে সরলীকরণ হচ্ছে, তার ফলে বহু এলাকায় ছোট, বড়, মাঝারি শিল্পতালুক গড়ে উঠবে এবং অনেক বেশি অন্য ধরনের সামাজিক এবং আর্থিক সঙ্গতি বাড়বে। এটা আমরা সবাই জানি যদি একটা পঞ্চায়েত এলাকায় ছোট ছোট অনেকগুলো কারখানা হয় তাহলে তার বেনিফিসিয়ারীরা, সেই গ্রাম পঞ্চায়েতের সাথে যুক্ত মানুষেরাই পাবেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী গতকাল অনেকগুলো দপ্তরের সবকটা দপ্তরই প্রায় সরলীকরণ করবার একটা ব্যবস্থা করেছেন এবং সেটা শিল্পতালুকের সঙ্গে যুক্ত যে সমস্ত মালিক পক্ষ, তাদের ক্ষেত্রেও বর্ণনা দিয়েছেন। আমরা তাই সূত্র ধরে পঞ্চায়েতের কিছু কিছু জায়গায় যেমন পঞ্চায়েতীরাজ অনেক ভাল ব্যবস্থা, কিন্তু কোথাও কোথাও আমরা একটু ত্রুটি-বিচ্যুতি দেখি। যেমন—কোনো কোনো জায়গায় অনেকগুলো বিষয় দীর্ঘসূত্রিতা, অনেকদিন সময় নেয়। আমাদের সরকার চেষ্টা করছেন যে, এই যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বা

ইন্ডাস্ট্রিয়াল পার্ক করে তার ভেতরে বাড়ি হবে। এগুলি যেন দ্রুত থেকে দ্রুততর পদ্ধতিতে শেষ হয়। তার benefit পঞ্চায়েত নেবে। আপনাদের ইনফরমেশানের জন্য জানাই, যারা বিরোধিতা করছিলেন, এটা অনুমতি দেব যেমন, WBITC, WBISTC, WBHDC, WEBEL-এই রকম ধরনের যারা সরকারি প্রতিষ্ঠান আছে তারা। তাদের অনেক ক্যাপাসিটিও আছে। নতুন করে ক্যাপাসিটি বিল্ড করতে হবে না। তারা অনুমতি দেবে। কিন্তু মজার ব্যাপার হল, পয়সাটা কিন্তু পঞ্চায়েত পাবে। কাজেই একটা পয়সাও কিন্তু যেটা পঞ্চায়েতের আয় সেটা কমল না। অথচ শিল্প হওয়া, শিল্পতালুক হওয়া বা আধুনিক অন্য কোনো বাড়ি ইত্যাদি হওয়া তার সুযোগ অনেক বৃদ্ধি হবে। একটা ছোট্ট অ্যামেন্ডমেন্ট-এ, একটা গ্রামের এককথায় আধুনিকীকরণ হওয়ার সম্ভব এটার মধ্য দিয়ে। এবং যে ক'টা বিষয়ে এই শিল্পের সঙ্গে যুক্ত শিল্প মালিকরা মুখ্যমন্ত্রীকে বলেছেন যে, এই সরলীকরণ হলে আরও দ্রুত শিল্প হবে। তার মধ্যে এটি একটি। মূল যে — fundamental right of the panchayati Raj তাকে ক্ষতিগ্রস্ত না করে, তার আয়কে ক্ষতিগ্রস্ত না করে যদি নিয়মের একটু পরিবর্তন করা যায় তাও বেসরকারি উদ্যোগে নয়, সরকারি উদ্যোগে যদি করা যায়, তাহলে আমার মনে হয়, এটা সবারই — আমি আশা করেছিলাম, সবাই হয়তো সমর্থন করবেন। দুটো দেখার জিনিস। এক হল, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট এবং ইন্ডাস্ট্রিয়াল পার্ক ঘোষণা হবে। সেটা হবে সরকারিভাবে। আর বাড়ি করা, কারখানা করার জন্য অনুমতিটা তাদের এক্সপার্টরা কাদের দেবে? WBITC, WBISTC, WBHDC —এই সমস্ত সরকারি প্রতিষ্ঠানগুলিকে দেবে। তার যে আয় হবে, এই অনুমতির যে আয় হবে, সেই আয়টা চলে যাবে উক্ত পঞ্চায়েতের তহবিলে। স্বভাবতই আমি আশা করব, আপনাদের এটা বুঝতে অসুবিধা হওয়ার কারণ নেই। Jurisdiction-এরও ওপর আমরা কোনো হস্তক্ষেপ এই অ্যামেন্ডমেন্ট করিনি। Jurisdiction-এ কখনও কখনও পরিবর্তন করতে হয়। কিন্তু মূল যে Jurisdiction তার কোনো পরিবর্তন হয়নি। এবং বেসরকারিকরণ করা — এটাও আমরা করেনি। আমরা intact রেখে এটা করতে পেরেছি। এবার ১১৪ ধারা পঞ্চায়েত সমিতি যেমন, সেখানে যে ব্যবস্থা আছে, যে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট এবং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, তাদের শিল্পের উদ্দেশ্যে যে বাড়ি হবে, একই ধরনের সেখানেও এই ধরনের প্রতিষ্ঠান অনুমতি দেবে এবং তার টাকা চলে যাবে সমিতির কাছে। আর কিছু যে সমস্ত অথরিটি ডেভলপমেন্ট আছে, তারাও আর এটা করতে পারবে না। তাদেরও ওই ওদের হাতে চলে যাবে যে সরকারি প্রতিষ্ঠানগুলির আমি নাম করলাম। আর একটি ১১৬ ধারার পরিবর্তন করা হয়েছে। যেখানে ইটভাঁটা, টালিভাটা, কেরোসিন, পেট্রোলিয়াম, ন্যাপথা প্রক্রিয়াকরণ ইত্যাদিগুলিকে চিহ্নিত করা হচ্ছিল ঝুঁকিবহুল এবং ক্ষতিসাধক, এই দুটি শব্দের মধ্য দিয়ে। আমরা সেটা পরিবর্তন করে সরলীকরণ করে এটাকে ঝুঁকিবহুল, ক্ষতিসাধক — এটা বললে, এর প্রচার এবং প্রসার বাড়বে না। সেই জন্য বিশেষ ধরনের ব্যবসা — এই হিসাবে চিহ্নিত আমরা করতে বলছি এই অ্যামেন্ডমেন্টে আমরা এই তিনটি অ্যামেন্ডমেন্ট এনেছি। আমরা অনেকভাবে পঞ্চায়েতের আয় বাড়াবার কথা বলেছি। এখনও বলছি। এখন অনেক নতুন নতুন পথ বেরিয়েছে। কিছু কিছু মানুষ এখানকার বক্তারা বললেন—গাছ লাগিয়ে বন সৃজন করা ইত্যাদি।

[2.20 - 2.30 p.m.]

আমরা কিন্তু ওনাদের ৩৪ বছরে দেখেছি, ২০ লক্ষ বন বা গাছ লাগানো হল, কিন্তু ৬ মাস পরে দেখা গেল শুধু সেই ঘেরা জায়গাটাই পড়ে রয়েছে, একটাও গাছ নেই। যখন জিজ্ঞাসা করল আমাদের লোকেরা 'গাছ গেল কোথায়?' বললো, 'ছাগলে খেয়ে ফেলেছে। প্রোটেকশন দিতে পারিনি।' আপনাদের যত বন-সৃজন আমি দেখেছি, বহু জেলাতে গিয়ে নিজেও দেখেছি, সব ছাগলে খেয়েছে। আর, শেষ আপনাদের MLA কোটা-টাও খেয়ে মুড়িয়ে চল্লিশে নামিয়ে দিয়েছে। ওটাও ছাগলে খেয়েছে।

কাজেই আমি দীর্ঘ বক্তৃতা করছি না। এই সহজ-সরল ব্যাপারটা অনুধাবন করুন। অনেক অনেক বেশী স্বপ্ন আজকে নতুন করে তৈরি হয়েছে। কেউ কেউ কটূক্তি করছেন মুখ্যমন্ত্রী সিঙ্গাপুর গিয়েছিলেন, মুখ্যমন্ত্রী লন্ডন গিয়েছিলেন বলে। হ্যাঁ, গিয়েছিলেন বলে আজকে একটা নতুন দিক উন্মোচিত হয়েছে। আমি গতকালও নিজে ছিলাম, সেখানে সমস্ত শিল্পপতিরা আশার আলো দেখছেন এবং প্রকাশ্যে বলছেন, এখানে বিনিয়োগ করার মতো একটা পরিস্থিতি তৈরি হয়েছে। আমাদের স্কীল লেবার আছে। আমাদের সারপ্লাস ইলেকট্রিসিটি আছে। আমাদের জায়গা আছে। আমাদের ল্যান্ড ব্যাঙ্ক আছে। তাহলে আমাদের এখানে ইন্ডাস্ট্রি হবে না কেন? শুধু আমাদের লালফিতের বাঁধনে যাতে শিল্পতালুক গড়ে না ওঠে, যাতে দ্রুত শিল্প হতে পারে তার ব্যবস্থা এই বিলে, অ্যামেন্ডমেন্টে করা হয়েছে। আমি সকলের সমর্থন আশা করি।

Mr. Speaker : The question before the House is that the Motion of Shri Subrata Mukherjee that the West Bengal Panchayat (Amendment) Bill, 2015 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.
AYES have it, AYES have it.

Clause-2

Mr. Speaker : There is one amendment to Clause 2 by Shri Nepal Mahato. Now I call upon Shri Mahato to move his amendment.

As Shri Mahato is not present the amendment is not moved.

I put Clause 2 do stand part of the Bill.
As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.
AYES have it. AYES have it.

Clause – 3

Mr. Speaker : There is one amendment to Clause 3 by Shri Nepal Mahato. Now I call upon Shri Mahato to move his amendment.

Since Shri Mahato is not present in the House the amendment is not moved.

Now I put Clause 3 do stand part of the Bill.
As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.
AYES have it. AYES have it.

Clause – 4

Mr. Speaker : Now I put Clause 4 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill

Mr. Speaker : Now I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Shri Subrata Mukherjee : Sir, I beg to move that the West Bengal Panchayat (amendment) Bill, 2015 as settled in the assembly be passed.

On this Motion division was taken with the following result.

(At this stage voting slips were distributed amongst the Hon'ble Members.)

[2.30 - 2.40 p.m.]

Mr. Speaker : The result of the Division is – Ayes : 94 and Noes : 35.

Now, the question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it, 'Ayes' have it. Therefore, the Bill is passed. The Bill is passed.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS
Demand No. 10

Mr. Speaker : Demand No.10 relates to Consumer Affairs Department. There are three Cut Motions to Demand No.10. All the Cut Motions are in order. Cut Motion No.1 is from Shri Asit Mitra and Cut Motion Nos. 2 & 3 are from Shri Gouranga Chatterjee. As Shri Asit Mitra is not present in the House. Cut Motion No.1 is not taken as moved. Now, I call upon Shri Gouranga Chatterjee to move his Cut Motions.

Shri Gouranga Chatterjee : Sir, I beg to move (Cut Motion Nos.2&3) that the amount of the Demand be reduced by Rs.100/-

Mr. Speaker : Smt. Jahanara Khan.

Smt. Jahanara Khan : Not responding.

...(Pause)...

মিঃ স্পীকার : ঠিক আছে, এখন সমীর কুমার জানা বলুন, পরে উনি বলবেন।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, উপভোক্তা বিষয়ক দপ্তরের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী শ্রী সাধন পাণ্ডে মহাশয় দশ নম্বর দাবির উপরে এই সভায় ৭৩ কোটি, ৩৯ লক্ষ ২৯ হাজার টাকা ব্যয় বরাদ্দের জন্য যে অনুমতি চেয়েছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে গুটিকয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। স্যার, এটা আমরা সকলেই জানি যে ২০১১ সালের ২০শে মে মাননীয়া মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালনের আগে পর্যন্ত, বামফ্রন্ট সরকারের আমল পর্যন্ত যেভাবে এলাকায় দুর্নীতি, অত্যাচার, অবিচার চলছিল এবং গোটা পশ্চিমবঙ্গে মরুভূমির যে মরীচিকা সৃষ্টি হয়েছিল, মানুষ বাঁচবার জন্য যেভাবে ত্রাহি রব করছিলেন, সেই জায়গায় মাননীয়া মুখ্যমন্ত্রীর আবির্ভাবের সঙ্গে সঙ্গে গোটা বাংলার বুকে একদিকে যেমন এই আশঙ্কাটা দূরীভূত হয়েছে, উন্নয়নের দিগন্তটা প্রসারিত হয়েছে। সেটাকে কেন্দ্র করে নিয়ে প্রত্যেকটি দপ্তর মাননীয়া মুখ্যমন্ত্রীর আদেশ বা নির্দেশটাকে সামনে রেখে মাননীয় মন্ত্রী মহোদয় যেভাবে কাজেকর্মে প্রেরণার মধ্য দিয়ে তাদের দপ্তরের কাজটাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন, তা অভিনন্দিত অবস্থায় রয়েছে। এটাকে নতুন করে বলার অপেক্ষা থাকে না। আমরা যদিও জানি যে যেখানে ১৯৯৯ সালের উপভোক্তা বিষয়ক দপ্তর নামে একটি আলাদা বিভাগ খোলা হয়েছিল। কিন্তু তারপরে বামফ্রন্ট সরকার থাকাকালীন এই দপ্তরের কি উন্নয়ন করেছে, মানুষের সামনে তা প্রতিভাত হয়নি। যে কারণের জন্য আজকে আমরা দেখতে পাচ্ছি যে সেদিনের সেই দপ্তরটা যেটা একেবারে কয়েকশো ফুট নীচে সুনামির ঢেউয়ের জন্য বোধহয় একেবারে তলানিতে চলে গেছিল, তার উপরে রাশিকৃত বালি রাশি জমা হয়ে গেছিল। উপরে উঠে আসার যেখানে সম্ভাবনা ছিল না, সেখানে সুদৃঢ় চিন্তার মধ্য দিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী যে চিন্তাভাবনাকে বাস্তবায়িত করার জন্য মাননীয় মন্ত্রী সেই দপ্তরটাকে একটা সুন্দর, সুনিবিড়ভাবে একটা বিশেষ

জায়গাতে পৌঁছতে পেরেছে বলে, ওদের আমলে যে যে বিষয়গুলো ছিল, সেই দপ্তরটাকে আজকে নতুনভাবে সাজিয়েগুছিয়ে বাংলার বুকে একটি উন্নয়নের দিগন্ত সূচিত হয়েছে এবং সুন্দর একটা পরিবেশ তৈরি করা সম্ভব হয়েছে। আমরা জানি এই দপ্তরের অন্তর্গত তিনটি শাখা, রাজ্য কমিশন ও জেলা ফোরাম, বৈধ পরিমাপ অধিকার, উপভোক্তা বিষয়ক ও ন্যায্য বাণিজ্য অনুশীলন অধিকার। প্রথম যে শাখা রাজ্য কমিশন ও জেলা ফোরাম-এর মাধ্যম দিয়ে আমরা দেখেছি যে, রাজ্য কমিশন এবং জেলা ফোরামে মোট ২৩টি বিভাগে ১ লক্ষ ২৩ হাজার ৬৫২টি যে অভিযোগ জমা পড়েছিল, তার নিষ্পত্তি হয়েছে ১ লক্ষ ১৩ হাজার ৫০৪। এটার দ্বারাই প্রমাণিত হয় যে এই সরকারের অভিমুখটা কোথায় আছে। এই দপ্তরটাকে একটা বিশেষ জায়গায় নিয়ে যাওয়ার জন্য বিশেষভাবে উদ্যোগ তিনি গ্রহণ করতে পেরেছেন। এটা নূতন করে বলার অপেক্ষা থাকে না। আমরা দেখতে পাচ্ছি এই বিভাগের মধ্য দিয়ে ভারত সরকারের একটি প্রকল্প আছে, যার মাধ্যমে সারা দেশে সমস্ত উপভোক্তা ফোরাম কম্পিউটার চালিত হওয়ায় এবং এক জায়গায় সেগুলোকে মিলিত করবার জন্য একটি সুযোগ নেওয়া হয়েছে। সেজন্য রাজ্য কমিশনের প্রতিদিনকার যে কজলিস্ট এবং রাজ্যসভার রায়দান এখন কমফোনেটে সহজলভ্য। এই গভর্নমেন্টের এটা একটা মাইল ফলক যেটা আমরা মনে করছি নতুন সরকারের পক্ষে এটা একটা গুরুত্বপূর্ণ অধ্যায়ের সূচনা করেছে। আমরা দেখেছি মামলার সংখ্যা যখন ব্যাপক পরিমাণে বেড়ে যাচ্ছে, সেজন্য রাজ্য কমিশনের দুটি সার্কিট বেঞ্চ, যেটা আসানসোল এবং অন্যটি শিলিগুড়িতে করার প্রস্তাব করে দেওয়া হয়েছিল, রাজ্য সরকার সেটা অনুমোদন দেওয়ার ফলে এই কাজটাকে অনেকটা বেশি ত্বরান্বিত করা সম্ভব হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি উপভোক্তা বিষয়ক শিক্ষা আদান প্রদান এবং প্রশিক্ষণ গবেষণার বিষয়টা নিয়ে একটি মউ স্বাক্ষরিত হয়েছিল ১৪ই মে ২০১৩ সালে।

[2.40 - 2.50 p.m.]

সেখানে আমরা দেখতে পাচ্ছি যে উপভোক্তা বিষয়ক দপ্তর এবং পশ্চিমবঙ্গ জাতীয় বিচার বিজ্ঞান বিষয়ক বিশ্ববিদ্যালয়, এই বিশ্ববিদ্যালয়ে এখানকার অন্তর্ভুক্ত সমস্ত সভাপতি এবং সদস্যদের তাদের যাতে প্রশিক্ষণ দেওয়া যায় তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আরো বিশেষ করে আমরা দেখতে পারছি কেন আজকে জনপ্রিয়তা তুঙ্গে পৌঁছে গিয়েছে — অভিযোগগুলি যেখানে করার ব্যাপার থেকে যায় অনলাইনের মাধ্যমে। যাতে অভিযোগগুলি করা যায় তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করার ফলে আজকে প্রচুর পরিমাণে অভিযোগ আসছে। সেই অভিযোগগুলি দপ্তরের মাধ্যমে পৌঁছে যাচ্ছে। দপ্তরের ওয়েবসাইট সেখানে আজকে প্রকাশিত হচ্ছে, এর মধ্যে দিয়েই এই সরকারের যে অভিমুখ সেটা সকলের সামনে প্রতিভাত হচ্ছে। এই পরিমাপের মধ্যে দিয়ে যেগুলি অসঙ্গতি থেকে গেছে, অসাধু ব্যবসায়ীরা যে সমস্ত কাজকর্ম করে তাকে প্রতিরোধ করার জন্য বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ওজন এবং পরিমাপক যন্ত্র, এগুলি যাতে রেগুলার আমরা একটা পরীক্ষা করতে পারি, তার জন্য বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ হয়েছে। অরাজস্ব কর সংগ্রহ বৃদ্ধি করা গেছে। এটা একটা অভিনব উদ্যোগ। এই উদ্যোগের মধ্যে দিয়ে আমরা দেখতে পাচ্ছি ২০১৪-১৫ সালের ফেব্রুয়ারী মাস

পর্যন্ত এই অধিকার ১৪ কোটি ৬৪ লক্ষ ২৬ হাজার ৫৯৫ টাকা যে অরাজস্ব কর আদায় করেছে, এটা একটা অভিনব এবং এই পর্যন্ত ৩ লক্ষ ৮০ হাজার ৫৪৮ জন ব্যবসায়ী এবং ৪ হাজার ২১৫টি বাজারকে নিরীক্ষণের আওতায় আনা সম্ভব হয়েছে। এই কারণের জন্য আমরা মনে করি যে এই দপ্তর সঠিক দায়িত্ব পালন করে চলেছে। আচমকা যে কোনো জায়গাতে অসাধু ব্যবসায়ীদের ধরার জন্য সেখানে এখানকার যারা দায়িত্বে রয়েছেন তারা সেই কাজগুলিকে ত্বরান্বিত করবার জন্য চেষ্টা করেছে। আজকে আমরা দেখতে পাচ্ছি প্যাকেটের গায়ে ওজন এবং পরিমাপ এবং দামটা সুন্দর করে তুলে ধরার চেষ্টা করা হয়েছে। এবং এই নিয়মটাকে এমনভাবে তৈরি করা হয়েছে, যারা নতুন করে প্যাকেট করছেন সেটা তারা জেনে নিচ্ছে। সেই সুযোগটা আজকে এই দপ্তরের মাধ্যমে সকল মানুষের কাছে পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। আমরা দেখেছি এখানে যে সমস্ত শাক-সবজি, মাংস বা ফল, উদ্বৃত্ত ব্যবহার পণ্য আগে যেটা প্যাকেটজাত করা যেত সেইগুলিকে আরো নতুন করে কোনো নিয়মের ভিত্তিতে করা যায় তা সুন্দর করে এখানে তুলে ধরা হয়েছে। বিস্কুট, ভোজ্যতেল, আটা, মশলা এবং সিমেন্ট, সার, পেট্রোলিয়াম, গ্যাস এগুলির প্রত্যেকটার ক্ষেত্রে নির্ধারিত ওজন থেকে পণ্য সরবরাহের জন্য প্যাকেটের বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমরা দেখতে পাচ্ছি যে এই দপ্তরটাকে একটা গুরুত্বপূর্ণ জায়গায় পৌঁছে দেওয়ার জন্য নানান আলোচনাচক্র, discussion থেকে আরম্ভ করে কর্মশালা tableau এগুলি ব্যাপকভাবে মানুষের কাছে প্রতিফলিত হচ্ছে। যেটা বামফ্রন্ট সরকার বারবার করে বলতে চায় এগুলিতে বহু টাকা খরচ করে কি হবে? এগুলির মধ্যে দিয়ে জনসচেতনতা গড়ে তোলা না যায় তাহলে এই দপ্তর আজকে অল্প সময়ের মধ্যে যে জায়গায় পৌঁছে গেছে এটা কোনমতে সম্ভব নয়। গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে এটা, আমরা দেখতে পাচ্ছি আগামী দিনে আমরা সিক্স-সেভেন-এইটের সিলেবাসের সঙ্গে সঙ্গে এই উপভোক্তা বিষয়টাকে inclusion করা হয়েছে। সেটা রাজ্য সরকার অনুমোদন দিয়েছে। এর ফলে একেবারে grass root level থেকে যারা ভবিষ্যতে দায়িত্ব পালন করবে, তাদেরকে এই উপভোক্তা বিষয় সম্বন্ধে তাদের মধ্যে সচেতনতা, বিষয়টাকে তুলে ধরার সুযোগ আমাদের কাছে থেকে গেছে। বিভিন্ন ছাত্রছাত্রীদের মধ্যে প্রতিযোগিতা চলছে সেখানে পোস্টার, স্লোগান এগুলিকে সুন্দর করে গড়ে তোলার জন্য উপভোক্তা দিবসকে উদযাপনের একটি বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। আমরা দেখতে পেয়েছি এই অর্থবর্ষে এই দপ্তর নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে ২৪.১১.২০১৪ থেকে ২৭.১১.২০১৪ এই জায়গাতে দীর্ঘ কয়েকদিন ধরে এই বিষয়গুলিকে নিয়ে নানা discussion হয়েছে। মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন পদ্ধতি নিয়ে আলাপ-আলোচনা সেখানে তৈরি করা সম্ভব হয়েছে। উপভোক্তা সুরক্ষা বিষয়ে আলোচনাচক্র বিভিন্ন চ্যানেলে discussion হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক, Hindustan এল.পি.জি., যেমন ভারত পেট্রোলিয়াম, Hindustan Petroleum, মেডিক্যাল কাউন্সিলে রেজিস্টার ইত্যাদি বিভিন্ন ক্ষেত্রের আধিকারিকরা এখানে অংশগ্রহণ করতে পেরেছেন। ফলে যে মূল উদ্দেশ্য, সেই উদ্দেশ্যটা আজ সব জায়গায় প্রতিফলিত হয়েছে এই বিষয়ে নতুন করে বলার অপেক্ষা থাকে না। আমরা আজকে দেখতে পাচ্ছি এই দপ্তরের পক্ষ থেকে আজকে ৪০০টা consumers - club-কে ১০ হাজার টাকা দিয়ে নতুনভাবে উৎসাহিত করার চেষ্টা করা হচ্ছে। আজকে রেডিও এফ.এম, রেনবো, গোল্ড থেকে আরম্ভ করে আকাশবাণী, সব জায়গায় প্রচারের মধ্যে দিয়ে এই দপ্তরের গুরুত্বকে মানুষের কাছে তুলে ধরা সম্ভব হয়েছে। আর একটা বিষয়ে সমাধান সরকার

নামে একটি কাল্পনিক চরিত্রের মাধ্যমে এফ.এম চ্যানেলে শ্রোতাদের উপভোক্তা সম্পর্কিত সমস্ত বিষয়ে উত্তরগুলি সেখানে উপস্থাপন করা হয়েছে। বিভিন্ন নাটকের মধ্য দিয়ে, বিভিন্ন অবস্থার মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি এই দপ্তর তার নিজের বিষয়গুলিকে মানুষের কাছে পৌঁছে দিতে পেরেছে। আমরা আজকে দেখতে পাচ্ছি যে, মেসার্স রেমন্ডস্ শপ এবং মেসার্স রেমন্ডাস্ লি.-এর এই বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রদানের বিরুদ্ধে ১২(১)(ডি) ধারায় করা রাজ্যের মামলাটির রায় রাজ্যের পক্ষে গেছে এবং বিবাদী পক্ষ রাজ্যের উপভোক্তা কল্যাণ তহবিলে ১১ হাজার ৫০০ টাকা করে জমা দিতে সক্ষম হয়েছে। অতএব এমনিভাবে অনলাইনের মধ্যে দিয়ে, আপস আলোচনার মধ্য দিয়ে আজকে যেভাবে গণ্ডগোল নিষ্পত্তি করবার জন্য চেষ্টা করেছে, যা আমরা মনে করি একটা অভিনব প্রয়াসের মধ্য দিয়ে করা হয়েছে। আমরা আজকে উপভোক্তা সহায়তা ব্যুরো তৈরি করেছি। এর মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি যাতে সাধারণ মানুষের মধ্যে তাদের চিন্তা-চেতনাকে সুন্দর করে গড়ে তোলা যায়, তার জন্য ১০টা উপভোক্তা সহায়তা ব্যুরো গঠন করা হয়েছে এবং প্রতিটি জেলায় এগুলো আরও সুন্দর করে গড়ে তুলবার জন্য চেষ্টা করেছে। পরবর্তীকালে আরও যাতে ইয়ং ছেলেগুলোকে এই 'ক্যাচ দেম ইয়ং'—এই স্লোগানটিকে কার্যকরী করবার জন্য কনজিউমার ক্লাব গঠন করা হচ্ছে এবং এর মধ্য দিয়ে সকলের মধ্যে জনসচেতনতা গড়ে উঠবে...(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৫-১৬ বর্ষের জন্য ১০ নম্বর দাবির উপরে ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সাধন পাণ্ডে মহাশয় বাজেট বরাদ্দের যে দাবি পেশ করেছেন, আমি সেই সম্পর্কে দু-চারটি কথা এখানে তুলে ধরছি। স্যার, আমাদের বামফ্রন্ট সরকার বিগত ১৯৯৯ সনে এই দপ্তর প্রথম খোলেন। আমরা লক্ষ করছি গত এই যে ৩ বছরে — ২০১৩-১৪তে এই দপ্তরের বাজেট ছিল ৬৪ কোটি ৮৮ লক্ষ ৬৪ হাজার টাকা, ২০১৪-১৫-তে ৭১ কোটি ৯০ লক্ষ ১২ হাজার টাকা, আর বর্তমান আর্থিক বছরে সেখানে ৭৩ কোটি ৩৯ লক্ষ ২৯ হাজার টাকা। যা বিগত আর্থিক বছরের তুলনায় মাত্র দেড় কোটি টাকা অতিরিক্ত দেখানো হয়েছে। এটা প্রয়োজনের তুলনায় খুব কম। আমি এই যে বাজেট এটাকে সমর্থন করতে পারছি না। স্যার এই যে আমরা দেখছি যে গোটা ভারতবর্ষের মধ্যে যতগুলি রাজ্য আছে, তার মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গেই এই দপ্তরের কর্মচারীর সংখ্যা এবং আধিকারিকদের সংখ্যা খুব নগণ্য। বিশেষ করে বিভিন্ন জেলায় এবং আমার জেলায় আমি লক্ষ্য করছি যে এই দপ্তরের কোনো আধিকারিক বা কর্মচারী আছেন কিনা। কারণ হাটে-বাজারে একটা সময়ে—আমাদের সময়ে এগুলো পরীক্ষা করার একটা ব্যবস্থা ছিল। আমি কিন্তু এই বিগত ৪ বছরের মধ্যে কোথাও দেখিনি কোনো হাটে বা বাজারে। এটা মাননীয় মন্ত্রী একটু দেখবেন। এখানে যে বাজেট নিয়ে আসা হয়েছে, এটার মধ্যে মানুষের জীবন-মরণের সম্পর্কে রয়েছে। বিশেষ করে আমরা যেটা লক্ষ করি যে, ইদানীং যে সমস্ত শাক-সবজি আমরা খাচ্ছি বাজার থেকে কিনে এনে, তার মধ্যে এত বেশি ভেজাল এবং সার প্রয়োগ করা হচ্ছে যে সেটা মানুষের জীবনে সঙ্কট ঘনিয়ে নিয়ে আসছে এবং অতিরিক্ত এই যে শাকসবজি ভেজাল, আমার মনে হয় যে একমাত্র এখনও যেটা প্রাকৃতিক নিয়মে হয় — ওই কলার মোচা আর ঢেঁকি ছাঁটা চাল ছাড়া

আর বাদবাকি যেগুলো আছে, সেগুলো খাওয়া এখন বিপজ্জনক। তার কারণ আমরা লক্ষ করি যে, এই যে পটল, ঝিঙে—এই সমস্ত আগেকার দিনে ঘরে আমরা দেখতাম যে এক সপ্তাহ ঘরে রেখে খাওয়া যেত কিন্তু এখন এই সমস্ত সবজি এক-দু'দিনের পরে আর খাওয়ার উপযুক্ত থাকে না।

[2.50 - 3.00 p.m.]

এগুলো আপনি দেখবেন। আপনার দপ্তর দেখছে না। দপ্তর আছে কি নেই সেটা আমরা বুঝতে পারছি না। লেজ বলে একটা জিনিস আছে, আমি এখানে উল্লেখ করছি লেজ, Lays যখন আমরা ১০ টাকা দিয়ে কিনি তার মধ্যে ৫ টাকার বাতাস থাকে আর ৫ টাকার বস্তু থাকে। এই জিনিসটাতে মানুষকে ঠকানো হচ্ছে। যাতে ১০ টাকারই বস্তু থাকে সেটা একটু দেখবেন। বিশেষ করে হাসপাতালে যে চিকিৎসা, নার্সিংহোমে সাধারণ গরিব মানুষ প্রতারিত হচ্ছে। আই.সি.সি.ইউ.তে রেখে হাজার হাজার টাকা বিল ধরানো হচ্ছে, এই সমস্ত আপনাদের দেখতে হবে। আর পেট্রোল পাম্পে যে ডিজেল, পেট্রোল বিক্রি করা হচ্ছে তাতে আমরা দেখছি মানুষকে প্রতারিত করা হচ্ছে, কম দেওয়া হচ্ছে। আর হোটেল এবং রেস্তরাঁগুলোতে যে তালিকা দেওয়া আছে, আমরা লক্ষ করছি তার থেকে বেশি দাম নেওয়া হচ্ছে। নিত্যপ্রয়োজনীয় জিনিস হলুদ, আটা, ময়দা, সরষের তেল ইত্যাদিতে আমরা লক্ষ করছি যে ওজনে কম দেওয়া হচ্ছে। এক কেজি কিনলে তা বাড়িতে গিয়ে ওজন করলে ৯০০ গ্রাম থেকে ৯৫০ গ্রাম হয়। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, যাতে প্রতিটি হাটে গিয়ে এগুলো লক্ষ করা হয়। বিশেষ করে একটা জিনিস লক্ষ্য করছি বাটখারা, যেটা দিয়ে ওজন করা হয়, তার পেছনে সিসা লাগাতে হয় প্রত্যেক বছর। সেই সিসা আর এখন লাগানো হয় না। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী মনোজ চক্রবর্তী : অনুপস্থিত।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, আমাদের উপভোক্তা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী সাধন পাণ্ডে মহাশয় ১০ নম্বর দাবীর সমর্থনে যে বাজেট পেশ করেছেন, আমি তার সমর্থনে দু-একটি কথা বলব। স্যার, এই দপ্তরের প্রয়োজনীয়তা যে কত ব্যাপক সেটা আজকের মানুষ আস্তে আস্তে বুঝতে পারছেন। এই দপ্তরের ক্রেতা সুরক্ষা আইন যেটা সেটা নিশ্চিতভাবে বামফ্রন্ট আমলে হয়েছিল ১৯৮৬ সালে। একটু আগে বামফ্রন্টের বন্ধু বলছিলেন যে তারা কত গুরুত্ব দিয়েছিলেন, ৬৮ কোটি টাকা বাজেট অ্যালকেশান করেছেন। কিন্তু এটাকে একটা দপ্তরের রূপ দিতে ১৯৮৬ সালের যেটা আইন পাশ হল, সেটা যে কাজ করবে একটা দপ্তরের রূপ দিতে সময় লাগল ১৩ বছর। অর্থাৎ ১৯৯৯ সালে গিয়ে এটা একটা দপ্তরের রূপ পেল। তাহলে এখান থেকে বোঝা যায় যে উপভোক্তা বিষয়ক ব্যাপারটাতে বামফ্রন্টের আমলে বিশেষ কোনো গুরুত্ব পায়নি। কত টাকা বাজেট অ্যালকেশান তা দিয়ে প্রমাণিত হয় না। কি কি কাজ হয়েছে, কতটা মানুষ সজাগ হয়েছে, মানুষ কতটা সচেতন হয়েছে এই বিষয়ে—আমি মনে করি যে বাংলার ১০ কোটি মানুষের মধ্যে প্রায় ৪ কোটি মানুষ সরাসরি

এই সমাজের সঙ্গে এমনভাবে যুক্ত তার প্রত্যেকটি বাড়ির লোককে কোনো না কোনো জিনিস কিনতে হয়, কোনো না কোনো হাসপাতালে যেতে হয়, কোনো না কোনো নার্সিংহোমে যেতে হয়, কাউকে না কাউকে বাড়ি কিনতে হয়, দোকান থেকে মশলা কিনতে হয়, ওষুধ কিনতে হয়। এই জায়গাগুলোতে যেভাবে অসাধু ব্যবসায়ীরা মানুষকে ঠকায়, এক্ষেত্রে মানুষকে সজাগ করে তোলা এবং সেই সজাগ হয়ে যাওয়ার পরে তারা যখন সেটাকে অভিযোগ আকারে নিয়ে আসবে, তার দ্রুত নিষ্পত্তি করে মানুষকে সুযোগ দেওয়া, রিড্রিয়েসাল দেওয়া, এটাই হচ্ছে মূলত দপ্তরের কাজ। আজকে এই মুহূর্তে আমাদের এই দপ্তরের যোগ্য মন্ত্রী সাধন পাণ্ডের নেতৃত্বে এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর সরাসরি দেখভালের মধ্যে দিয়ে এই দপ্তর খুব দ্রুত কাজ করছে এবং বিষয়টা বহুল প্রচারিত হয়েছে, মানুষের কাছে পৌঁছে দেওয়া গেছে। এই দপ্তর কতগুলো নতুন আইডিয়া নিয়ে এগোচ্ছে। তবে এই বিষয়টা সম্বন্ধে গ্রামের মানুষ এখনও অতটা সজাগ নয়। Cheated হলে কোথায় যাবে, কার কাছে গেলে উপকার পাবে, এই সম্পর্কে অতটা সজাগ নয়। একটু আগে আমাদের জানা সাহেব বললেন catch them young যারা নতুন প্রজন্ম, যারা স্কুলে কলেজে পড়ছে তাদের কাছে বিষয়টা নিয়ে যাওয়া। এই জন্য বিভিন্ন স্কুলে, কলেজে তৈরি করা হচ্ছে উপভোক্তা বিষয়ক ক্লাব, তারা বিভিন্ন জায়গায় গিয়ে বিষয়টা সম্বন্ধে মানুষকে সচেতন করবে। আরও একটা জিনিস করেছেন মাননীয় মন্ত্রী, তিনি এই উপভোক্তা বিষয়টিকে পাঠ্যসূচীর মধ্যে আনতে পেরেছেন। Class-VI, VII and VIII-এর প্রায় ৩০/৪০ লক্ষ ছাত্রছাত্রীদের মধ্যে আনতে পেরেছেন, এতে আরও বেশী মানুষ বিষয়টি সম্পর্কে ওয়াকিবহাল হতে পারবে। এই সমাজে অনেক মানুষ আছে যারা পরিকল্পিতভাবে মানুষকে ঠকায়। আমার বাড়িতে একজনের জ্বর হয়েছিল, তাকে দোকান থেকে ক্রোসিন সিরাপ এনে বারবার খাওয়ানো হলেও জ্বর কিছুতেই কমছিল না। পরে একটা বড় দোকান থেকে ক্রোসিন সিরাপ এনে খাওয়ানোর সঙ্গে সঙ্গেই জ্বর কমে গেল। তখন আমি নিশ্চিত হয়েছিলাম যে ওই ক্রোসিন সিরাপটা ভেজাল ছিল, সেইজন্য জ্বর কমছিল না। এই সমাজের মধ্যে ভেজাল ওষুধ আছে, বাটখারাতে কারচুপি আছে, packet food-এ ওজন কম থাকে, এসব দেখাই যায়। ক্রেতা সুরক্ষা দপ্তরের মূল দুটো দায়িত্ব—মানুষকে সজাগ করে তোলা এবং সজাগ মানুষ complain করলে তার redress হওয়া, অর্থাৎ বিচার হওয়া। আপনি জানেন এর সঙ্গে আমাদের আমলে পশ্চিমবঙ্গ জনসেবা আইন তৈরি হয়েছে ২০১৩ সালে। এটাও এই দপ্তর দেখছে। এবং পশ্চিমবঙ্গ সরকারের ২২টা department-কে include করা হয়েছে। কোনো মানুষ সরকারি কোনো দপ্তরে কোনো কাজ চেয়ে গেলে সেই দপ্তর থেকে যদি কাজ না পান তাহলে একটা complain করে যাবেন। বিচার করে দেখা হবে সেই complain-টা ঠিক কিনা। যদি দেখা যায় সেই কর্মচারী কাজটি করেনি, তখন তাকে fine করা যাবে, তার personal file-এ noting করা যাবে যে সে মানুষকে অকারণে harass করে। তবে এই সম্বন্ধে ধ্যানধারণা খুব কম মানুষেরই আছে, এর মধ্যে শহরের অনেক মানুষও পড়ে। সেদিক থেকে দেখতে গেলে আমাদের মন্ত্রী মহাশয় এটাকে নিয়ে একটা ব্যাপক প্রচারের জায়গায় গেছেন। সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় এটা নিয়ে প্রচার চলছে। যেমন দুর্গাপুজো,

কালীপুজো, সরস্বতী পুজো, ঈদ, বিভিন্ন অনুষ্ঠানের সময় department থেকে এইগুলো প্রচার করা হয়। বিভিন্ন পুজোতে festoon, flex টাঙানো হয়, leaflet বিলি করা হয়। এছাড়া বসে আঁকো প্রতিযোগিতা, quiz কনটেস্ট ইত্যাদিতেও বিভিন্নভাবে প্রচার করা হয়। এই সম্পর্কে লোকসঙ্গীত, ছৌনৃত্য, গম্ভীরা গান, পথনাটিকা তৈরি করা হচ্ছে, যাতে আমাদের শহর ও গ্রামের মানুষ এই বিষয়ে আরও বেশী সচেতন হতে পারে। এই জন্য রাস্তার মোড়ে মোড়ে বড় বড় poster, hoarding দেওয়া হচ্ছে।

[3.00 - 3.10 p.m.]

এবং বিভিন্ন হাসপাতালে, থানায়, বিভিন্ন স্টেশনে এ ব্যাপারে আমি দেখেছি তারা পোস্টার এবং হোর্ডিং করছেন। সবথেকে ভাল যেটা করেছেন বললাম একটু আগে মধ্য শিক্ষা পর্ষদের ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম শ্রেণির ছাত্রদের পাঠ্যসূচীর মধ্যে এই উপভোক্তা বিষয়টাকে তারা ইনক্লুড করতে পেরেছেন অর্থাৎ বেশ কয়েক লক্ষ ছাত্রছাত্রী ছোটবেলা থেকেই তারা এই বিষয়টা সম্পর্কে সজাগ হতে পারবে। আর একটি কাজ তিনি করেছেন, সেটি হচ্ছে রাঁচীর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব লিগাল মেট্রোলজিতে আমাদের এখানকার যারা বিভিন্ন রসায়নাগারে কাজ করছেন, আমি সেদিনই কাগজে পড়ছিলাম যে মাছের কানকোতে এমন একটা জিনিস দেওয়া হচ্ছে, এমন একটা কেমিকেল দেওয়া হচ্ছে, আমরা অনেকেই মাছ কানকো দেখে কিনি, সেই কানকোতে এমন একটা কেমিকেল দেওয়া হচ্ছে, যেটা দেখে মানুষ বুঝতেও পারবে না যে এটা টাটকা মাছ, না খারাপ মাছ। অথচ এই বিষাক্ত মাছ মানুষকে খাওয়ানো হচ্ছে। এটা জানতে গেলে যে বৈজ্ঞানিক আইডিয়া থাকা দরকার বিজ্ঞানের ভিত্তি থাকা দরকার সেখানে মন্ত্রিমহাশয় অলরেডি বোধহয় চোদ্দজনকে পাঠিয়েছেন, এই রসায়নাগারের পরিদর্শক যারা তাদের পাঠিয়েছেন ইন্ডিয়ান ইন্সটিটিউট অব লিগাল মেট্রোলজি রাঁচীতে যেটা, সেখানে পাঠিয়েছেন। এছাড়াও, ক্রেতা সুরক্ষা মেলার আয়োজন করেছেন অনেক জায়গায়। মেলার আয়োজন করেছেন এবং আমি জানি ইন্ডোর স্টেডিয়ামে এর আগেও প্রত্যেক বছরই তিনি মেলার আয়োজন করেন। বিভিন্ন কোম্পানীজ আসে। বহু মানুষ আসে। প্রতিদিন আলোচনাসভা হয়। অর্থাৎ জিনিসটাকে কত বেশি করে পিপলের মধ্যে নিয়ে যাওয়া যায়, তার চেষ্টা তিনি করছেন। আর একটা বিষয় তিনি করেছেন, সেটা হচ্ছে এই ভারত সরকারের কনফোনেট বলে একটা ব্যবস্থা আছে, প্রকল্প আছে। সেটা হচ্ছে এই যে ই-গভর্নেন্সের মাধ্যমে কতগুলো জিনিস কজ লিস্ট তৈরি করা। আদেশ তৈরি করা এবং রায়দান। কোথাও কোনো মানুষ যদি ই-গভর্নেন্সের মাধ্যমে জানতে চান যে তিনি অ্যাপিল করেছেন সেটা লিস্টেড হয়েছে কিনা এবং তার উপরে কি আদেশ হল এবং কি রায়দান হল, এটা সম্পর্কে ই-গভর্নেন্সের মাধ্যমে তারা জানতে পারবেন। স্যার, আর একটা অ্যাচিভমেন্ট হল এই দপ্তরের খুব বড় অ্যাচিভমেন্ট। সেটা হচ্ছে রাজ্য কমিশন। আপনি জানেন যে আমাদের তিনটে অধিকার আছে। সেটা হচ্ছে রাজ্য কমিশন ও জেলা ফোরাম, বৈধ পরিমাণ অধিকার এবং উপভোক্তা বিষয়ক ন্যায্য বাণিজ্য অনুশীলন অধিকার। এই তিনটে অধিকারের মধ্যে রাজ্য কমিশন যেটা, সেটা এবং বিভিন্ন ফোরামে ১ লক্ষ

২১ হাজার ৮৭১টা মামলা হয়েছিল। আমি জানি না এখানে সমালোচনার জায়গা কোথায় আছে। তার মধ্যে নিষ্পত্তি হয়েছে ১ লক্ষ ১২ হাজার ১০৮টা। অসাধারণ অ্যাচিভমেন্ট। যেখানে আমাদের দেশে বিভিন্ন কোর্টে হাজার হাজার কেস পড়ে আছে। হাইকোর্টে হাজার হাজার কেস পড়ে আছে। বিচার পাচ্ছে না মানুষ। দিনের পর দিন ডেট পড়ছে। হয় জজ সাহেব নেই, না হলে কোনো কারণ নেই। আপনি স্যার আপনি আইনজ্ঞ আপনি জানেন যে কত হাজার হাজার কেস পড়ে আছে। সেখানে আমরা সকলে ধন্যবাদ দিতে চাই সাধন পাণ্ডে মহাশয়কে এবং আমাদের মুখ্যমন্ত্রী যাঁর নিজস্ব ইনটারফিয়ারেন্স আছে এই ব্যাপারটার মধ্যে। যিনি সব সময়ে সজাগ দৃষ্টিতে দেখেন যে একটা রাজ্যে ৩১-১-১৫ পর্যন্ত এক লক্ষ একুশ হাজার আটশো একাত্তরটি কেসের মধ্যে এক লক্ষ বারো হাজার একশো আটটা কেসের নিষ্পত্তি হয়েছে। অ্যাচিভমেন্ট কত পারসেন্ট ৯১.৯৯%। স্যার, আর একটা বিষয় বলতে চাই যে ২০১৫-র ফেব্রুয়ারী পর্যন্ত বৈধ পরিমাপ অধিকার যেটা সেখানে আমরা অরাজস্ব কর অর্থাৎ ফাইন করে যেটা আদায় করেছেন, তারও পরিমাণ বিরাট। চোদ্দ কোটি চৌষট্টি লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশো ছিয়ানব্বই টাকা। এই দপ্তর আয় করেছেন। অর্থাৎ মানুষ অন্যায় করলে তার ফাইন করেছেন, ফাইন করে এই টাকা আমাদের সরকার আদায় করেছেন। আর একটা জিনিস উনি করেছেন যে সারা রাজ্য জুড়ে চারশো কনজিউমার ক্লাব তৈরি করেছেন। অর্থাৎ একটা বিষয়কে সামগ্রিকভাবে সমস্ত মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য এবং এই দপ্তরের মাধ্যমে যাতে প্রত্যেকটি মামলায় মানুষ বিচার পায় তার জন্য তিনি সামগ্রিকভাবে চেষ্টা করেছেন। তাই এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমরা যে কাটমোশান এনেছি তার সপক্ষে এই বাজেটের পরিপ্রেক্ষিতে যেটা বলতে চাই তা হল যে মূলত স্যার, আমরা গ্রামের মানুষ। মোটা বাংলায় যার মানে করলে দাঁড়ায় তা হল ক্রেতা সহায়তা দপ্তর। ক্রেতাদের সবরকমের সাহায্য করার দপ্তর। ক্রেতাদের মূল বিষয় যেটা — গোটা ভারত এখন উদ্বেলিত হচ্ছে টু মিনিটস ম্যাগি নিয়ে। কে তৈরি করছে, কে বিপণন করছে, কে অ্যাডভার্টাইজমেন্ট করছে সবাইকেই এখন টানাটানি করা হচ্ছে। গোটা দেশ এখন উদ্বেলিত এই ম্যাগি নিয়ে। ছোটখাট কোনো কোম্পানী এটা তৈরি করে না। নেসলে তৈরি করে। সেখানে দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন, আমি জানি উনি একজন ব্যক্তিগতভাবে একজন সৎ মানুষ। ওনার অনেক কিছু করার চেষ্টা আছে। দীর্ঘদিন ধরে এই হাউসে উনি আছেন। অভিজ্ঞতা ওনার অনেক। আমাদের এখানে ভেজাল মেশানোর যা ব্যবস্থা খাদ্যদ্রব্য থেকে সবজি বলুন, দুধ, মাছ, চিংড়ি মাছ থেকে ফল পর্যন্ত সবেতেই ভেজাল দেওয়া হচ্ছে। এটা শোভনদেববাবুও বলেছেন। কোনটা বাদ আছে। আপনি যদি যেতে যেতে জানালার কাচের বাইরের দিকে তাকান তাহলে দেখবেন লিচুর রং দেখতে পাবেন না। লিচুগুলিকে পর্যন্ত এখন রং-এ রঙিন করে দেওয়া হয়েছে। চিংড়ি মাছ আড়াইশো টাকা কেজি দরে পাওয়া যায়? আপনারা বলেছিলেন যে আলু নাকি জলাতে চাষ করা হয়েছে। তেমন এক্ষেত্রেও বলবেন যে ওইরকম। আমি বলি চিংড়িমাছ কোথায় চাষ করা হয়েছে যে চিংড়ি মাছ

আড়াইশো টাকা কেজি? কবেকার চিংড়িমাছ জানি না। পচা চিংড়ি মাছ কেমিক্যালস মিশিয়ে আড়াইশো টাকা কেজি দরে বিক্রি করা হচ্ছে। দুধে লিকুইড কেমিক্যাল মেশানো হচ্ছে। এইরকম অবস্থা যেখানে, সেখানে এই ভেজাল ধরার, একে চিহ্নিত করার, এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া কি সহজ কথা? কি ব্যবস্থা গ্রহণ করবেন মাননীয় মন্ত্রী? সম্ভব নয় ওনার পক্ষে। ওনার চেষ্টা থাকলেও সম্ভব নয়। এই কারণে সম্ভব নয়, কারণ একে যদি প্রতিরোধ করতে হয় তাহলে কত পরিমাণ কর্মী লাগবে আন্দাজ করা যাচ্ছে। কত পুলিশ কর্মীর প্রয়োজন হতে পারে এর জন্য? সেক্ষেত্রে ওনার দপ্তর কোথায় কি কর্মী নিয়োগ করলেন? আর আমার রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী কতজন বাড়তি পুলিশ নিয়োগ করলেন যে যাতে করে এই ভেজাল প্রতিরোধ করতে পারেন, ওদেরকে চিহ্নিত করতে পারেন, এদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন। আসল কথা, মন্ত্রী নিজেই কি করবেন। ওনার চেষ্টা আছে প্রথমেই বলেছি। প্রতিরোধ করবেন কি দিয়ে? আমি শুধু আপনার বিবেকের কাছে একবার মনে করিয়ে দিই আপনাকে যে দলে নাম লিখিয়েছি ন্যায় স্বত্ব সব পকেটে পুরে রাখতে হয়েছে। স্যার প্রতিরোধ—প্রতিরোধ করার সময়ে করা যায়, প্রতিরোধ করার পরে কি হয় সেটা তো সামলাতে হবে। এইকথা আমার নয়। মাননীয়া মন্ত্রীর ওনার বিবেকের দংশন থেকে। ওনার বিবেক হি ইজ কনসার্ন, বিবেকের দংশনের কথা বলছেন। যে প্রতিরোধ করতে গেলে কি হতে পারে এটা মাননীয় মন্ত্রীর চাইতে আর ভালো কেউ বুঝতে পারছেন না। সেক্ষেত্রে দাঁড়িয়ে এই ভেজাল প্রতিরোধের জন্য সরকার ব্যবস্থা নেবে এটা বিশ্বাস করতে হবে! স্যার, এই দপ্তরের বরাদ্দ দেখেই মনে হচ্ছে মাননীয় মন্ত্রী শোভনদেববাবুও বলেছেন যে এর জন্য উনি কোথায় ট্রেনিং করতে পাঠাচ্ছেন আটজনকে। দশজনকে। উনি বলেছিলেন অনেক নাটক করবেন, অনেক কিছু করবেন মানুষের অ্যাওয়ারনেস বাড়ানোর জন্য। স্যার, বরাদ্দ কি তাই বলছে? এতবড় দপ্তরের এত কাজ, এই দপ্তর তো বলছে না স্যার।

[3.10 - 3.20 p.m.]

আসলে মন্ত্রীর কাজ করার ইচ্ছা আছে, আগ্রহ আছে, চেষ্টা আছে। কাজ করার সুযোগ কি পাচ্ছেন উনি? স্যার, ওয়েস্ট অ্যান্ড মেজারমেন্ট — ওই বাটখারা স্যার। আমরা বাচ্চা থেকেই দেখে আসছি স্যার, যতই এখন বলুন, এসব শুধু রাজনীতির কথা — এটা বলে কোনো লাভ নেই ক্রেতা সহায়ক দপ্তর। বাজারে শুধু আমরা বাজার করতে যাই না, আপনারাও যান। সেখানে ক্রেতা সহায়ক দপ্তর ক্রেতার স্বার্থ যদি বিঘ্নিত হয়, সেখানে রাজনৈতিক রং দেখে স্বার্থ বিঘ্নিত হবে না। আমাদেরও যেমন হবে, আপনাদেরও তেমন স্বার্থ বিঘ্নিত হবে। স্যার, বাচ্চা বয়স থেকে দেখেছি — গাঁয়ের ছেলে — বাড়ির উল্টো দিকে একটা ধানকল আছে রাস্তার ওপারে। তার পাশে একটা স্যার মুদিখানার দোকান ছিল। ঠিকমতো প্যান্ট পরতে শিখিনি, তখন থেকে দেখেছি যে, বাটখারা স্যার মাপতে আসতো, আর তার পেছনে সিসা দিতো স্যার বাটখারার পরিমাণ বেড়ে যাচ্ছে, কমে যাচ্ছে দেখে। স্যার, আগ্রহের কারণে পরপর চার-পাঁচটা দোকানে জিজ্ঞাসা করলাম — যে একটা বাটখারা দেখে সন্দেহ হল যে, দেখে মনে হচ্ছে দু-তিন বছরে একবারও মাপজোক হয়নি। বলছে, আমাদের আর কি দোষ, মাপতেই আসে না, তো

আমরা কোথায় যাবো স্যার? এই হচ্ছে ওয়েট অ্যান্ড মেজারমেন্ট দপ্তরের অবস্থা স্যার। না গিয়ে যদি শুধু মাপ নেওয়া হয়, তাহলে কোনো বক্তব্য থাকে না স্যার। ...(গোলমাল)... আরে এতে আপনাদেরও ভালো হচ্ছে যা বলছি। আপনাদেরও ভালো হচ্ছে। স্যার, এখানেও যদি থেমে যেত যে, মাপতে আসেনি, তাহলেও হত। বলছে, মাপতে তো আসেইনি, বলেছে আপনারা পিছনে একটু সিসা-টিসা গালিয়ে করে নেবেন, আর কি পয়সা-কড়ি, আর তার জন্য কি বোঝা-পড়া? এটা কি হবে স্যার? মাননীয় মন্ত্রীর প্রতি আমার প্রচুর আস্থা আছে। উনি স্যার করতে চান, ওনার আগ্রহ আছে, ইচ্ছা আছে। তাই ওনার বিবেকের কাছে আমার আবেদন, উনি ভালো করে এই দপ্তরটাকে দেখুন যে, কোন জায়গায় যেতে চাইছে। স্যার, সম্প্রতি পুলিশের ভূমিকা দেখে উনিও বিরক্ত। শুধু ওনার দপ্তর বলে নয় — পুলিশ যা করছে। সেখানে দাঁড়িয়ে ওনার কাছে আমার আবেদন স্যার, আপনি সৎ লোক জানি আমরা। আপনার কি সৎভাবে দপ্তরে কাজ করতে কোনো অসুবিধা হচ্ছে? আপনি কি বাধা পাচ্ছেন? বলুন কারা বাধা দিচ্ছে? আমরা সবাই একযোগে আপনাকে সাহায্য করবো—এই দপ্তরের স্বার্থে, গোটা বাংলার মানুষের স্বার্থে। যে কথা বলে শেষ করবো স্যার, মাননীয় মন্ত্রীরও দোষ নেই খুব একটা। আসলে স্যার, নিজের দপ্তর সামলাবেন, না অন্য আরেকটা দপ্তরের আরেকজন মন্ত্রীকে সামলাবেন? এই ব্যাপারে বেশি ব্যস্ত হয়ে পড়ছেন মাঝে মাঝে। স্যার, এই জায়গায় দাঁড়িয়ে এই বাজেট গোটা বাংলার মানুষের স্বার্থ রক্ষা করার বাজেট, যাতে করে মানুষের স্বার্থ রক্ষিত হয় তার কি ব্যবস্থা গ্রহণ করছেন মাননীয় মন্ত্রী, সেই কথা বলবেন উনি কনক্লুড করার সময়। এই আশা রেখে শেষ করলাম, ধন্যবাদ।

শ্রী সাধন পাণ্ডে : স্যার, কনজিউমার অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের আজকে যে বাজেট প্লেসড্ হয়েছে, আমি আবেদন করব সবাইকে — দলমত নির্বিশেষে, আপনারা সেটা অ্যাপ্রুভ করবেন, আপনারা সমর্থন করবেন। আমি শোভনদেব চট্টোপাধ্যায় এবং মিঃ জানাকে ধন্যবাদ জানাবো। আমাদের যারা বিরোধী দল আছে, তারা অনেক রাজনৈতিক প্রসঙ্গ এনেছেন, বাজেটে রাজনৈতিক প্রসঙ্গের কোনো মূল্য নেই। তারা যে কথাবার্তা বলেছেন, তারা হয়তো জানেন না আমার দপ্তরের সীমাবদ্ধতা কোথায় এবং আমার দপ্তরের ব্যাপার নয়, অন্য দপ্তরের ব্যাপারে ওনারা বক্তব্য রেখেছেন। ফুড সেফ্‌টি অ্যাক্ট, মানে যেটা ভেজাল রোধ করার ব্যাপার, ওটা আমার দপ্তর নয়, ওটা হেল্‌থ ডিপার্টমেন্টের। অতএব সেটা জেনে আপনারা প্রশ্ন করলে আমি নিশ্চয়ই উত্তর দিতে পারতাম। স্যার, এখন কনজিউমার্স অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টে — আপনারা সবাই শুনলেন, মিঃ জানা, শোভনদেব চট্টোপাধ্যায় আপনাদেরকে সমস্ত তথ্য দিলেন, আর বইয়ের মধ্যেও তথ্য আছে। আমি সেটা রিপিট করতে চাই না। এখন কনজিউমার ডিপার্টমেন্ট আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিশ্চয়ই চিন্তা করেছিলেন যে, এই দপ্তরটাকে ফুড ডিপার্টমেন্ট থেকে আলাদা করে দিলে অনেক বেশি কাজ হবে। তাই সেটাই হয়েছে এবং চার বছর পর আমরা এই পরিস্থিতিতে এসেছি যে, ভারত সরকার, তাদের যে কনজিউমার অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট আছে, তাদেরকে আমরা অনেক কিছু বুদ্ধি দিচ্ছি, আমরা অনেক চিন্তাশক্তি দিচ্ছি। যার ফলে, Consumer Protection Act, 1986 তার একটা

amendment হতে চলেছে। আমি সম্প্রতি last week-এ দিল্লিতে ছিলাম, সারা দেশের বিভিন্ন প্রদেশের Consumer Affairs Department-এর মন্ত্রীরা ছিলেন, আধিকারিকেরা ছিলেন এবং সেখানে আমার পশ্চিমবঙ্গের বক্তব্যটা accepted হয়েছে। ১৯৮৬-এ অনেকদিন হয়ে গেল সেই Act-এর একটা পরিবর্তন দরকার। প্রথম পরিবর্তন যে আমাদের কোর্টগুলো আছে, যে আদালত ফোরাম আছে এবং স্টেট ফোরাম আছে, আপনারা নিশ্চয়ই জানেন যে, আমাদের আদালতে একমাত্র ২০ লক্ষ টাকা ফোরামে, জেলা ফোরামের jurisdiction হল ২০ লক্ষ টাকা। সেটাকে বাড়িয়ে এক কোটি টাকার জন্য অনুরোধ করেছি, মন্ত্রী সেটা accept করেছেন। সেইভাবেই Central Cabinet-এ যাবে এটার approval হওয়ার জন্য এবং ৮৬-এর যে amendment এই amendment-টাও কিছুদিনের মধ্যে আসবে। তেমনি আমাদের স্টেট ফোরাম যেটা এক কোটি টাকা অবধি করতে পারত এবং সেটা তারপর National Commission-এ যেতে হত। স্টেট কমিশন যেটা National Commission-এ যেতে হত। স্টেট কমিশনে আমি suggest করেছি ১০ কোটি টাকা, accept করেছে মন্ত্রী এবং অন্যান্য প্রদেশের মন্ত্রীরা তারাও accept করেছেন। এবং সেটা accepted হয়ে গেছে। দশ কোটি টাকা এই jurisdiction হবে। তার মানে ধরুন, চার-পাঁচটা লোক একটা ফ্ল্যাটের একটা বাড়ির ব্যাপারে complain করছে, তার jurisdiction এক কোটি টাকা হতে পারে না। তার জন্য দশ কোটি টাকা আমরা করতে বলেছি। আর দশ কোটি টাকার উপর গেলে National Commission। আমি আমাদের দপ্তর এই সিদ্ধান্ত নিয়েছে এবং বলেছি যে, National Commission দিল্লিতে বসে আছে, যাদের বড় বড় স্টেট আছে তারা দিল্লিতে কেন যাবে। আমি যেমন, আসানসোল এবং শিলিগুড়ি দুটো সার্কিট বেঞ্চ করলাম। যাতে আসানসোলের লোকজনকে কলকাতায় না আসতে হয়, শিলিগুড়ির লোকজনকে কলকাতায় না আসতে হয়, সেখানেই তারা বিচার পেতে পারবে। তাহলে আপনারা কেন National Commission-কে কলকাতায় আনবেন না? ওরা রাজি হয়েছে। কলকাতায় দু-তিন মাসের মধ্যে ওরা আসবে এবং আমি বিজ্ঞাপন দিয়ে মানুষকে জানাবো যে, National Commission-এ যাদের কেস আছে তারা কলকাতায় বসেই হেয়ারিং করতে পারবে। এটা আমাদের বিরোধী সদস্য তিনি বললেন যে, আমাকে বোধহয় কেউ রুখে দিচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী কাউকে রুখে দেয় না। আমাদের মুখ্যমন্ত্রী সবসময় চায় encouraging করে কাজটা আরো বেশি করে করো। আর উনি আবার কোথা থেকে আবিষ্কার করলেন যে, পুলিশের উপর আমার আস্থা নেই। পুলিশের উপর আমার যথেষ্ট আস্থা আছে। উনি কোথা থেকে এসব আবিষ্কার করলেন জানি না। যাই হোক, একটা-দুটো ঘটনা ঘটতে পারে সেটা আলাদা ব্যাপার। কিন্তু পুলিশের উপর আস্থা নেই, পুলিশের উপর যথেষ্ট আস্থা এবং পুলিশ ভালো কাজ করছে। তো এখন আমার বক্তব্য হল যে, আপনারা নিশ্চই জানেন যে, আমাদের একটা অধিকার আছে, আমি মাঝেমধ্যে ৬ মাস অন্তর সমস্ত জাজেদের ডাকি, প্রেসিডেন্টদেরকে ডাকি এবং তাঁদেরকে উৎসাহ দিই যে, আপনাদের Act-এ যে ক্ষমতা আছে সেই ক্ষমতা প্রয়োগ করুন। ক্ষমতা ভুলে যাবেন না যে আপনি ক্ষমতা প্রয়োগ করছেন

না। তার জন্য আমাদের জাজেরা যাঁরা প্রেসিডেন্ট তারা বিভিন্ন জায়গায় রায় দিচ্ছে। প্রোমোটারের বিরুদ্ধে রায় দিচ্ছে, প্রোমোটারকে arrest করতে বলছে। যখন arrest করতে বলছে, তখন সে সোজা চলে যাচ্ছে হাইকোর্টে। হাইকোর্টে গিয়ে সে একটা রিলিফ পাচ্ছে। সুপ্রিম কোর্টের দুটো ruling আছে অতীতে। সেই ruling দুটো High Court should not interfere into the consumer affair court, after the National Commission declared, National Commission যদি কোনো রায় দেয়, তারপরে সে সুপ্রিম কোর্টে যেতে পারে। কিন্তু হাইকোর্টের অনেক জাজেরা তারা হয়তো বুঝতে পারেননি বা যাই হোক আমার কোর্টের জাজকে ডেকে বলেছে অবমাননা হবে, আপনি ক্ষমা চান। এটা আমি সহ্য করতে পারবো না। সেইজন্য আমি একটা SLP file করছি সুপ্রিম কোর্টে, এবং আমার সঙ্গে ভারত সরকার একমত। তারাও আমার সঙ্গে যুক্ত হবে। SLP file করছি যে, স্টেটের কোর্টের কি অধিকার। এই অধিকারে হাইকোর্ট যাতে কোনো interfere না করে। Consumer Court যে রায় দেবে, State Commission যে রায় দেবে, তার মধ্যে High Court-এর কোনো interference চলবে না।

[3.20 - 3.30 p.m.]

এবং সেটা আর্টিকেল যেটা আমাদের ওয়ানে, যেটা Consumer Protection Act, সেটা লিখে দেওয়া সম্ভব কিনা তারা সেটাও কাজ করছে। অতএব এদিক থেকে দেখতে গেলে, আন্ডার 12(1)(d) একটা সেকশান আছে, সেই সেকশানের আন্ডারে যে কোনো সমষ্টিগত বড় কোম্পানী তারা যদি অসৎ কাজ করে, অসাধু কাজ করে, বা আমাদের প্যাকেজিং প্রোডাক্ট যেগুলি আছে, প্যাকেজিং প্রোডাক্ট দেখবার, চেক আপ করবার ব্যাপার আছে, তাতে যদি কিছু পাই তাহলে তাদের বিরুদ্ধে আমরা কেস করতে পারব। আমরা দু-তিনটি কেস অলরেডি করেছি, বড় বড় কোম্পানীর বিরুদ্ধে। এখন সম্প্রতি কয়েকটা প্রোডাক্ট আপনাদের জানিয়ে দিই আমি, আমার দপ্তরের থেকে — কেন্দ্রীয় সরকারের যে দপ্তর আছে এখানে, তাদের দপ্তর আছে ন্যাশনাল টেস্ট হাউস — আমি সেখানে কয়েকটা প্রোডাক্ট পাঠাচ্ছি। কয়েকটা প্রোডাক্ট মানে, কয়েকটা কোম্পানীর প্রোডাক্ট, যেগুলো লোকে সন্দেহ করছে, এইটা খেলে মানুষের অসুবিধা হবে, রোগ হবে, সেইজন্য পানীয় জল কতকগুলো বটল ওয়াটার আর কতকগুলো প্রোডাক্ট নাম বলব না, সেই প্রোডাক্টগুলোকে পাঠাচ্ছি, যাতে তাদের টেস্টিং-এর রিপোর্টটা আমাদের কাছে আসে। And we will take very very strong action against these companies। মনে রাখবেন 12(1)(d), আমাকে ক্ষমতা দিয়েছে তাদের বিরুদ্ধে অ্যাকশান নেওয়ার। কিন্তু অ্যাকশান নেওয়ার আগে, আমি তাদের সমস্ত প্রোডাক্টটাকে চেক আপ করে নিতে চাই। সেই চেক আপটা আমি নিশ্চয় করতে পারব। আমি জানি যে সেই পাওয়ার আমাদের আছে। অতএব আপনি যেটা বলেছেন, ওই ম্যাগী কোম্পানী, ওইটা কোনো ভাববেন না, Nobody will be spared, if somebody does wrong। ভেজাল যদি ধরবার দায়িত্ব আমার থাকে, if that is transferred to me, I have the power and I will

act। কিন্তু সেই পাওয়ারটা আমার নয়, হেল্‌থ ডিপার্টমেন্টের পাওয়ার। তো আমি কোনো কাজে ঘাবড়াই না। আর একটা কথা আমি আপনাদের বলি যে আমাদের '১৩ সালে আমাদের আয় ছিল, legal metrology-র, এই যে আমাদের ইন্সপেক্টাররা আছেন, এই ইন্সপেক্টররা তারা বিভিন্ন বাজারে সার্ভে করে, ওয়েট অ্যান্ড মেজারস সার্ভে করে, তারপর কম্পাউন্ডিং করে, যারা ঠিকমতোন করে ওজন রাখে না, গত '১৩ সালে আমাদের আয় ছিল ১২ কোটি টাকা, এখন হয়েছে '১৪-১৫তে ১৬ কোটি ৫৩ লক্ষ টাকা। মনে রাখবেন, ১৬ কোটি ৫৩ লক্ষ টাকা আমার দপ্তর, আমাদের স্টেট এক্সচেকারে জমা দিয়েছে, আমাদের অফিসাররা কাজ করছে। তারা বসে থাকে না। আপনি যদি বলেন যে কোনো লোক কোনো বাজারে ঘুরছে না আমি মানতে রাজি নই। হ্যাঁ, আমার স্টাফ দরকার, তার জন্য আমাকে পি.এস.সি.-তে যেতে হচ্ছে। কোনোরকম সরকারি বাধানিষেধ কিচ্ছু নেই। I can at, আমাকে গিয়ে পাবলিক সার্ভিস কমিশন থেকে নামগুলোকে নিতে হচ্ছে। That can take lot of time। এবং ওইসব অফিসারদেরকে রাঁচিতে পাঠাই, ট্রেনিংয়ের জন্য। ফার্দার ট্রেনিংয়ের জন্য। সবাইকে ট্রেন্ড করতে হবে। ট্রেন্ড করা ছাড়া কোনো অফিসার এই অপারেট করতে পারবে না। অতএব রাঁচিতে রেগুলার পাঠাই, এক বছর নয়, প্রত্যেক বছর পাঠাই ব্যাচ বাই ব্যাচ। যাতে তারা ট্রেনিংপ্রাপ্ত হয়। এবং আমাদের লিগ্যাল এইড দিচ্ছি, আপনারা শুনে রাখুন, সুন্দর একটা প্রোগ্রাম নিয়েছি, সারা ভারতবর্ষের মধ্যে প্রথম। যে কোর্টে গেলে গরীব মানুষ, কোর্টে গেলে, আমাদের ফোরামে গেলে, state forum গেলে গরীব মানুষ তারা জানে না কি করে একটা পিটিশান লিখতে হয়। তারা জানে না, কি করতে হয়। তাদেরকে গাইড করবার জন্য একটা কনজিউমার অ্যাসিসটেন্স ব্যুরো করছি। যাতে তারা — আমার দপ্তর থেকে তাদের কম্পিউটার দিচ্ছি, টাকা-পয়সা দিচ্ছি, তাদেরকে একটা লইয়ার রাখতে বলছি, যাতে সাধারণ গরীব মানুষ তারা গেলে তাদের পিটিশানটা লিখে দেবে president-এর কাছে জাজের কাছে। এটা আমরা করছি প্রথম। Consumer assistance bureau প্রত্যেকটি জেলাতে এন.জি.ও.র মাধ্যমে করছি। এন.জি.ও.গুলো আমরা প্রত্যেকটা জেলায় করছি। এবারে অ্যাডভার্টাইজমেন্ট দিচ্ছি, প্রত্যেকটা জেলায়। ১০টা করেছিলাম। ১০টা করার পরে এক্সপেরিমেন্ট করে দেখেছি, কি কি হয়েছে, তারপর এখন আমরা পশ্চিমবঙ্গের প্রত্যেকটা জেলাতে যেখানে আমাদের ফোরাম আছে, সেখানে একটা করে কনজিউমার অ্যাসিসটেন্স ব্যুরো করছি, তাদেরকে ফাইনান্স করছে আমার দপ্তর, যাতে তারা গরীব মানুষকে সাহায্য করতে পারে। এটা হল আরেকটা কাজ যেটা আমি করতে পেরেছি। এছাড়া সমস্ত স্তরের কনজিউমারদের আমরা অ্যাওয়ার করতে পেরেছি। অ্যাওয়ারনেস প্রোগ্রামটা খুব বড় প্রোগ্রাম। তাদের অ্যাওয়ারনেস না করলে কোর্টে কেস যাবে না। কোর্টে যে কেস বাড়ছে তার কারণ হল কনজিউমাররা অ্যাওয়ার হচ্ছে। কনজিউমাররা জানছে যে আমি এখানে গেলে রিলিফ পেতে পারি। সেইজন্য কনজিউমার্স অ্যাওয়ারনেসের ব্যাপারে মানুষের উৎসাহ বাড়ছে। আমার একটা ব্রেক আপ ছিল বাজেটে, আপনারা বললেন এক কোটি সামথিং বাড়িয়েছে, that is not the fact। আমি নন-প্লানের কথা বলছি না, প্লানের বাজেটে কিন্তু আমাদের অনেক টাকা বেড়েছে। যাতে আমি কনজিউমার

অ্যাওয়ারনেসটা করতে পারি, অন্যান্য অ্যাকটিভিটি আমি বাড়াতে পারি। তবে আপনি যেটা বললেন এক কোটি টাকা বেড়েছে, সেটার সঙ্গে আমি একমত নয়। আমার কথা হল, আপনারা সবাই মিলে চেষ্টা করুন আপনার নিজের নিজের এলাকায়। আমি কনজিউমার ক্লাবগুলোকে সমর্থন করি। কনজিউমার ক্লাবের টাকা আমি দিল্লি থেকে পাচ্ছি না। পেয়েছিলাম দশ হাজার টাকা করে, আমরা ওদের বলেছি কুড়ি হাজার টাকা করে করো। দশ হাজার টাকা পেয়েছিলাম ১৯৮৬ সালে is nothing now; it has to be twenty thousand; they have accepted our idea কিন্তু আমি বুঝতে পারছি না কেন্দ্রীয় সরকার—আপনি বললেন আমাদের রাজ্যে অনেক ভ্যাকান্সি আছে। আরে ভারতবর্ষে বিভিন্ন জায়গায় কোর্টে কোনো লোক নেই। কনজিউমার্স সম্বন্ধে তারা বুঝছেই না। এসব দেখে এলাম, বিভিন্ন স্টেটের লোকেদের সঙ্গে কথা বলে এলাম লাস্ট উইকে। সেখানে কোনো কাজই হয় না। ১২০ কোটি লোকের দেশ, তাদেরকে যদি আপনি অধিকার না দেন, সুযোগ না দেন, তাহলে কি করে সাধারণ একটা মানুষ উপকার চাইতে যাবে। তারা কি পুলিশের কাছে যাবে, নাকি সে অন্য দপ্তরে যাবে। এই দপ্তরটা এমনভাবে তৈরি ইমাজিনেশান খরচ করে আপনারা যদি সবাই সমর্থন করেন আমরা কনজিউমার্স মুভমেন্টটাকে সমর্থন করি। কনজিউমার্স মুভমেন্টটা আরও বেশী করে এই রাজ্যে চালু হোক। যাতে লোকে কনাশাস হয়, আর আপনাদের বিরোধিতা করতে হচ্ছে এই কারণে, আপনারা বিরোধী বেঞ্চে বসে আছেন, সেইজন্য আপনাদের বিরোধিতা করতে হচ্ছে। কিন্তু মনে মনে আপনারা আমার ডিপার্টমেন্ট সম্বন্ধে অ্যাপ্রিসিয়েট করছেন। এই ডিপার্টমেন্ট যথেষ্ট ভালো কাজ করছে। আপনি যখন গ্রামের দিকে যাবেন, আপনি নিশ্চয় বুঝতে পারবেন সেখানকার মানুষ এই ব্যাপারে উৎসাহ পাচ্ছে। আমার টাকা কম, আমি আরও লোক নিতে পারি। কিন্তু গভর্নমেন্টকে তো ভাবতে হবে, তার তো অনেক দপ্তর আছে, তার বাজেটারি constraints আছে, অতএব সেইদিক থেকে দেখতে গেলে এই ডিপার্টমেন্ট চেষ্টা করছে মানুষের জন্য কাজ করার। আপনাদের আশীর্বাদ নিয়ে আশা করি সকলের সম্মতি পাব এই ব্যয়-বরাদ্দের ব্যাপারে। মনে রাখবেন শুধু বাজারের ওজনের ব্যাপারটা নয়, মেডিকেল লাইন এবং এ.টি.এম. থেকে শুরু করে সব ধরনের কেস আমাদের এখানে আসে। কুড়ি বছর আপনারা এই ব্যাপারে কোনো কাজ করেননি। এক-একজন ইন্সপেক্টারদের আমরা ইন্সট্রুমেন্ট দিয়েছি, আপনারা সেটাকে কোনোরকম calibrate করেননি। আমি calibration করছি, প্রত্যেকটা মেশিনকে calibration করছি। তার জন্য টাইম লাগছে। আমাকে বিভিন্ন ইনস্ট্রুমেন্ট বোম্বে থেকে নিয়ে আসতে হচ্ছে। আপনারা বুঝছেন না আপনারা কি ক্ষতিটা করে গেছেন। ইন্সপেক্টাররা কিসের ভিত্তিতে কাজ করবে, কিসের ভিত্তিতে মেজারমেন্ট করবে। কুড়ি বছর আপনারা কোনো কাজ করেননি। আমি সেটাকে এখন চালু করেছি, অর্ধেক জেলাতে হয়েছে, আর অর্ধেক জেলাতে কাজ বাকি আছে। আপনারা করেননি বলেই আমাদেরকে এই কাজগুলো করতে হচ্ছে। আন-নেসেসারিলি আপনারা এটা নিয়ে তর্ক-বিতর্ক করবেন না, ফ্যাকটস অ্যান্ড ফিগারস দিয়ে আমি আপনাদের দেখিয়ে দেব আপনারা কিছুই করেননি। এটা আপনাদের ফুড ডিপার্টমেন্টের সঙ্গে অ্যাটাচড ছিল, আপনারা তখন ফুড নিয়ে খুব চিন্তিত ছিলেন। আমাদের

মুখ্যমন্ত্রী ডিসিশান নিয়েছেন এটাকে আলাদা একটা দপ্তর করা হবে। অনেকে ভেবেছিল সাধনবাবুকে কি দপ্তর দিল, এটা কোনো দপ্তরই নয়। আমি চার বছরে কাজ করে দেখিয়েছি এই দপ্তরে কিছু আছে, এই দপ্তর কিছু করতে পারে। আমি সবার সমর্থন চাইছি আমার বাজেটারি অ্যালেকশানের ব্যাপারে, সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now the question before the House is the cut motion (Nos. 1-3) that the Amount of the Demand be reduced by Rs.100/-.

As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion, will please say Noe.

Noes have it, noes have it.

The motions are lost.

[3.30 - 3.40 p.m.]

Demand No. 59

Mr. Speaker : There is no Cut Motion to Demand No. 59.

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৮ তারিখ থেকে বিভাগীয় বাজেট এবং বিল নিয়ে আলোচনা হচ্ছে। আজকে সেল্ফ হেল্প গ্রুপ অ্যান্ড এমপ্লয়মেন্ট ডিমান্ড নাম্বার ৫৯, ২০১৫-২০১৬ যা মাননীয় মন্ত্রী শ্রী সাধন পাণ্ডে পেশ করেছেন তার বিপক্ষে এই মহতী সভায় আমি কিছু আলোচনা করছি। মাননীয় মন্ত্রী প্রথম পৃষ্ঠাতেই বলেছেন — রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সুযোগ্য নেতৃত্বে সরকারের গৃহীত কর্মসূচী বিগত ২০১১-২০১২, ২০১২-২০১৩ এবং ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ বছরে অত্যন্ত গুরুত্ব সহকারে এবং আন্তরিক প্রচেষ্টায় সার্থক রূপায়ণের প্রেক্ষিতে এই মহতী সভায় ওনার দপ্তরের বাজেট পেশ করতে গিয়ে উনি গর্ব অনুভব করেছেন। মাননীয় মন্ত্রী এমন ভাব দেখিয়েছেন, যেন এই দপ্তরের সৃষ্টিকর্তা মাননীয়া মুখ্যমন্ত্রী। মাননীয় মন্ত্রী কি জানেন, নিশ্চয় জানেন কত সালে স্বনির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি প্রকল্প চালু হয়েছে, আর এই দপ্তরের ব্যয়বরাদ্দ ধরাও হচ্ছে। অবশ্য উনি নাই জানতে পারেন। কারণ এই সরকারের মন্ত্রী বদলের ধারা তো অব্যাহতই রয়েছে। আগে শান্তিরাম মাহাতো এই দপ্তরের মন্ত্রী ছিলেন। যিনি ২০১৩-২০১৪ সালের বাজেট পেশ করেছিলেন। বার বার মন্ত্রী বদল হলে না জানাটাই স্বাভাবিক। তাই মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই, বিগত বামফ্রন্ট সরকারের আমলে নাবার্ডের সহযোগিতায় ১৯৯২ সালে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার মথুরাপুরের খাড়ি সমবায় সমিতিতে, সমবায়ের মধ্যে সমবায় এই চিন্তাভাবনা নিয়ে সেল্ফ হেল্প গ্রুপ গঠন হয়। আর কেবলমাত্র সমবায়ের মধ্যে দিয়েই সেই সময় দল গঠন হয়েছিল ১ লক্ষ ৮০ হাজার। বিগত সরকার ভেবেছিলেন সমাজের অর্ধেক অংশ মহিলা, সেই মহিলাদের সামাজিক-মানসিক এবং অর্থনৈতিক স্বাধীনতার প্রয়োজন আছে। অন্যদিকে সংসার নির্বাহ করতে নারী-পুরুষ উভয়েরই ন্যূনতম রোজগারও দরকার।

তাই, সমাজের পিছিয়ে পড়া অর্থাৎ গরীব পরিবারের ছেলেমেয়েদের নিয়ে দল গঠন করার কথা বিগত বামফ্রন্ট সরকারই ভেবেছিলেন এবং কিভাবে এরা সমাজে প্রতিষ্ঠিত হতে পারে ও স্বাবলম্বী হতে পারে সেই চেষ্টাতেই দল গঠন করেছিল। কারণ বিগত সরকারের চিন্তাভাবনা ছিল আলাদা। তারা বুঝেছিলেন, এই পিছিয়ে পড়া পরিবারের মেয়েরা একা কিছু করার সাহস হয়তো পাবে না। তাদের কয়েকজনকে নিয়ে দল গঠন করলে সমাজের এবং সংসারের তারা সম্পদ হয়ে উঠবে এবং ন্যূনতম হলেও কিছু রোজগারের মনোভাব তৈরি হবে এবং একটা সঞ্চয়ী মনোভাবও তৈরি হবে। প্রায় ৭০ পার্সেন্ট বি.পি.এল. এবং ৩০ পার্সেন্ট বি.পি.এল. নয় এমন গরীব মানুষদের নিয়ে এই দল হয়। কেন্দ্রীয় সরকারের বারোটি ক্রাইটেরিয়াকে মাথায় রেখে যারা বি.পি.এল. তাদেরকে ৭০ ভাগ আর যারা বি.পি.এল. নয় অথচ গরীব এরকম ৩০ ভাগকে নিয়ে এই দল গঠন করেছিল। ২০১১ সালের আগেই এরকম দলের সংখ্যা দাঁড়িয়েছিল ৬ লক্ষ ৮৮ হাজার। এই দলের প্রত্যেক সদস্যরা দিতে পারবে এরকম একটা ক্ষমতা অনুযায়ী মাসে মাসে একটা টাকা ধার্য হয়েছিল যে গ্রুপের দশ জন মিলে কত টাকা করে দিতে পারবে, সেরকম তারা ব্যাঙ্কে জমা করতো আর ৬ মাস জমা দেওয়ার পরই একটা রিভলবিং ফান্ড পেত এবং সেইটা দিয়ে অল্প করে কিছু কিছু কাজ শুরু করেছিল। এই কাজের মধ্যে দিয়ে তারা ব্যাঙ্কের লেনদেন অভ্যাস গড়ে তুলেছিল। যাতে করে তারা ছোট ছোট কাজ করে এটা করতে পারে। এই দেখে ব্যাঙ্কও দ্বিতীয় গ্রেডিং অর্থাৎ সেকেন্ড গ্রেডিংয়ের মাধ্যমে তাদের স্কীমের ওপরে লোন দিতে পারতো এবং সেই লোন তারা নিয়ে স্কীম করে কাজ করে ফোর পার্সেন্ট সুদে শোধ করতো। এইভাবে বাড়ির মেয়েরা একটা উপার্জন করতে শিখেছিল। এটা মাননীয় মন্ত্রীর জানার জন্যই ব্যাখ্যা করলাম। এইবার আসি মাননীয় মন্ত্রীর মূল বাজেটে। মাননীয় মন্ত্রী পরিকল্পনা খাতে চারশো কোটি টাকা এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে ১০ কোটি টাকা ১৩ লক্ষ ৫৪ হাজার টাকা— সর্বমোট ৪১০ কোটি ১৩ লক্ষ ৫৪ হাজার টাকা ব্যয়-বরাদ্দ ধরেছেন। আর মাননীয় মন্ত্রী যা খরচের হিসাব দেখিয়েছেন তাতে বোঝা গেল না কোনো বছরের টাকায় খরচ দেখাচ্ছেন। কারণ উনি গত বছরের আয়টি বাজেটে দেখাননি। অথচ যে স্কীমগুলি আলাদাভাবে দেখিয়েছেন, যেমন — মালদা, পুরুলিয়া, দক্ষিণ দিনাজপুর, বাঁকুড়া চলছে যেগুলি — আর.আই.ডি.এফ. ১৯-এ ১৩টির মধ্যে ৯টির কাজ চলছে এবং চারটি দরপত্র আহ্বান করা হয়েছে, তিনি বলেছে। তার সব কয়টি কিন্তু ২০১৩-১৪ এবং ২০১৪-১৫-র টাকায়। মাননীয় মন্ত্রী গত বছর ৩০৫ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ ধরেছিলেন, কিন্তু খরচ করলেন ২৫৭ কোটি টাকা, বাকি টাকা খরচ করতে পারলেন না। এবার আবার ৪১০ কোটি টাকা ধরেছেন অথচ খরচ করতে পারবেন তো? মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য। কারণ আপনি কেবলমাত্র সবলা মেলায় ১ কোটি ২৯ লক্ষ ৪ হাজার ৬৪২ টাকা খরচ গত বছরের মতো এবারেও করবেন বলেছেন। বাকি টাকায় যা খাতওয়াড়ি দেখিয়েছেন পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত খাতে, তাতে করে সন্দেহ জাগছে। তবে একটা বিষয়ে মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানায় যা আগের মন্ত্রী শান্তিরাম মাহাতোবাবু বলেননি, আপনি বলেছেন। বাজেট বইয়ের ২য় পৃষ্ঠায় পূর্বতন সরকারের বি.এস.কে.পি.-র পরিবর্তে এস.ভি.এস.কে.পি. করা

হয়েছে, এটা স্বীকার করেছেন। আর ৭তম পৃষ্ঠায় পশ্চিমবঙ্গ সরকার স্বনির্ভর সহায়ক প্রকল্প ২০০৯ সালে চালু হয়েছে, এটাও বলেছেন। এই সময়টা ছিল বামফ্রন্ট সরকারের আমলে, তাই আপনাকে ধন্যবাদ। আগের সরকার গ্রুপগুলিকে দিয়ে এন.জি.এন.আর.ওয়াই.এর টাকায় পুকুর খনন হয়েছিল, তাতে মাছ চাষ করতে দিয়েছিলেন এবং বিভিন্ন স্থানে যেখানে কোনো দিন চাষ-আবাদ হত না — সে সব জায়গায় চাষ শুরু করেছিল। বিগত সরকারের একটা উৎপাদনশীল চিন্তা-ভাবনা ছিল। যে গাছগুলি গ্রুপের মেয়েরা লাগিয়েছিল এবং তারা সেই গাছের ফুল-ফল বিক্রি করবে এবং কিছু উপার্জন করবেন — আর ঠিক দেখা গেল, ২০১১ সালের পর পরেই সরকার পক্ষের দলবল সেই ফল লুঠে খাচ্ছে এবং মেয়েরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। আর একটা কথা উল্লেখ না করলেই নয়, আমার বিধানসভা এলাকায় রায়ান মালিরবাগান ডাঙ্গাপাড়ায় যে স্কুলে সংখ্যালঘু পরিবারের মেয়েরা রান্না করত — বিধানসভা নির্বাচনের পরে পরেই তাদেরকে তাড়িয়ে দিয়ে সরকার মনোনীত দলকে নির্বাচিত করা হল। অথচ মুখ্যমন্ত্রী সংখ্যালঘু উন্নয়ন বললেন। তবে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি— যারা গ্রুপগুলিতে দেখভাল করে যেমন— পঞ্চায়েতে আর.পি. বলে একটি পদ আছে তাদের ৬ মাস সাম্মানিক দেওয়া হয়নি। অথচ মাননীয় মন্ত্রী আবার সি.এস.টি.পদ সৃষ্টি করেছেন। আগের ওদেরকে পয়সা দিতে পারছেন না, তবে আবার কেন বাহাদুরি? তাছাড়া ব্লকে ব্লকে তো গ্রুপগুলিকে দেখার জন্য ডব্লু.ডি.ও. আছেনই। মজা কি জানেন! আপনাদের তো যুবশ্রী নামক একটা বেকার ভাতা দিয়ে কর্মঠ যুবক-যুবতীদের চাকরীর কথা ভুলিয়ে রাখার চেষ্টা। কিন্তু আগে বেকার ছেলেমেয়েদের কিভাবে কর্মসংস্থান হবে, সে কথা ভুলে অন্য চিন্তাভাবনা করছেন। যেমন সরকার পক্ষের একজন মাননীয় সাংসদ নিজেকে চন্দনগরের 'মাল' বলে আস্ফলন করেন। প্রতিনিয়ত রাজ্যের মহিলারা অপমানিত হয়। এই সরকারের কাছে কি আর আশা করবে রাজ্যবাসী। তবে হ্যাঁ, একটা উন্নতির কথা না বললেই নয়, সরকার পক্ষের দুই পাশ থেকে দুই জন মাননীয়া মহিলা সদস্যার চিৎকারের উন্নতি আপনারা ঘটিয়েছেন। আর সরকার পক্ষের মাননীয় বিধায়কদের রোজগার বাড়ানোর জন্য পদ সৃষ্টি করতে পেরেছেন। এইসব কথা ভুলে গিয়ে মাননীয় মন্ত্রীকে আবেদন করব কবি-সাহিত্যিকদের কথা মনে করতে—

"আপনার লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনি পরে
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে"

মাননীয় মন্ত্রীকে বলতে চাইছি, যে আপনার বাজেট বই মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বই এবং মাননীয় অর্থমন্ত্রীর বাজেট স্ক্রুটিনি এই তিনটির মধ্যে ফারাক একটুখানি দেখে নেবেন। কারণ, কয়েকটি দপ্তরের বাজেটে একরকম ফারাক দেখা যাচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন এইরকম একটি গুরুত্বপূর্ণ দপ্তরের বাজেট যেখানে অসংখ্য যুবক-যুবতীর রুটি-রোজগারের বিষয় লুকিয়ে আছে—এখানে কোনো রাজনীতি না করে চিন্তা-ভাবনা করে উৎপাদনশীল বাজেট তৈরি করুন।

[3.40 - 3.50 p.m.]

বাজেটে যা ধরবেন, যা পরিকল্পনা করবেন রূপায়ণের জন্য তা ব্যয় করুন। এটা কোনো উপদেশ নয়, মানুষের স্বার্থে এটা আমি বলছি। মাননীয় মন্ত্রীর এই বাজেটে আয় এবং ব্যয়ের একটা ভারসাম্য না থাকার জন্য যেটা দেখা যাচ্ছে যে একটা বাজেটে টাকা ধরা হচ্ছে এবং সেই বাজেট অনুযায়ী ব্যয় করতে না পারার জন্য গ্রুপগুলো ক্ষতিগ্রস্ত হচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করবো, এটা একটু দেখে নিয়ে যাতে করে গরীব মা-বোনেরা এবং বেকার যুবক-যুবতীরা একটা উৎপাদনশীল ক্ষমতা সৃষ্টি করতে পারে সেইরকম একটা বাজেট আপনি তৈরি করুন। এই বাজেটে আয়ব্যয়ের পরিপূর্ণতা না থাকার জন্য আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। নমস্কার।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় চেয়ারম্যান স্যার, একইদিনে পাশাপাশি সময়ে একই মঞ্চে দুটি দপ্তর নিয়ে আলোচনা হচ্ছে, এটা একটা খুব উল্লেখযোগ্য বিষয়। সাধারণভাবে এটা হয় না, আমার ভালো লাগছে এই ভেবে যে একটু আগে মাননীয় মন্ত্রী সাধন পাণ্ডে তাঁর কনজিউমার্স অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের বাজেট পেশ করেছেন এবং সেই নিয়ে বিরোধী পক্ষ যখন বলছিলেন এবং তাঁরা প্রায় সকলেই বললেন মন্ত্রীর সততা, দক্ষতা তাঁর অগ্রগতির চেষ্টা এটা নিয়ে ভূয়সী প্রশংসা করলেন, আমরা শুনে বেশ মজা পাচ্ছিলাম। কারণ, ওরা একটা কথা মুখস্থ করে আসে, আমরা বিরোধী পক্ষে বসেছি, বিরোধিতাই করতে হবে। আবার বিরোধিতা করার সময় মাঝে মাঝে থমকে যায় ওরা। থমকে গিয়ে বলে, না, এই দপ্তরটা ভালো কাজ করছে, এখানে কিছু বলবো না, তাহলে লোকে কিন্তু বাইরে গালাগলি দেবে। যাক ওদের মধ্যে যে এই জ্ঞানটা হয়েছে, এটা ভালো। ওরা একটু আগে বলছিলেন সেই কথা। এখন আবার মাননীয় মন্ত্রী সেল্ফ গ্রুপ এবং সেল্ফ এমপ্লয়মেন্ট ডিপার্টমেন্টের এই যে বাজেট পেশ করেছেন এটা নিয়ে আলোচনা হচ্ছে, ভালো লাগছে। আমি আমার পূর্ববর্তী বক্তাকে ধন্যবাদ জানাচ্ছি, উনি মনে করিয়ে দিয়েছেন যে সেল্ফ হেল্ফ গ্রুপ তৈরির ক্ষেত্রে ওনাদের উদ্যোগ ছিল। নিশ্চয়ই ছিল। সরকার যে একটা ক্রমাগত চলমান পরম্পরা এই কথাটা আমরা সবাই জানি। আপনারা কিছু কাজ করেছেন, পরবর্তীকালে আমরা কিছু কাজ করছি। কিন্তু দেখতে হবে কাজের দৃষ্টিভঙ্গী কি। একটু আগে আপনারা নিজেরা স্বীকার করেছেন কনজিউমার্স অ্যাফেয়ার্স ডিপার্টমেন্টের আপনাদের সময় কিছু ছিল না। মাননীয় মন্ত্রী নিজেই বললেন যে আপনাদের সময় কিছুই ছিল না, উনি সেটাকে প্রাণ সঞ্চার করেছেন, নানা জায়গায় দৌড়দৌড়ি করেছেন, পরিবর্তন এনেছেন এবং এনে আস্তে আস্তে করে এই দপ্তরটাকে দাঁড় করিয়েছেন। এটাতেও ঠিক তাই, সেল্ফ হেল্ফ গ্রুপ আমাদের হয়েছে, গত বছর সেল্ফ হেল্ফ গ্রুপের সংখ্যা ছিল ৪ লক্ষ ১৬ হাজার। এটা একটা বিশাল দপ্তর, বিশাল ব্যাপার। কিন্তু মাননীয় মন্ত্রীকে যে কারণে ধন্যবাদ দেব সেটা হচ্ছে, এই দপ্তরে যুবক-যুবতীরা সংখ্যায় আছে, অর্ধমৃত না মৃত কে জানে এইরকমভাবে ফেলে রাখেননি, উনি তাদেরকে বাঁচিয়ে রাখবার, সচল রাখবার এবং ওদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য নানাভাবে চেষ্টা করছেন। সেই চেষ্টার উল্লেখ তিনি এখানে করেছেন। নানাভাবে তাঁর যে ট্রেনিং

করার দরকার, তাদের সবাইকে বলা দরকার, তোমরা এই কাজগুলো করো, এইভাবে করো, এবং তার জন্য যে চেষ্টা করা দরকার, সেই চেষ্টাগুলো তিনি করেছেন। তাঁর বাজেটের মধ্যে তিনি সেইগুলো বলেছেন। আগে একটা ছিল বাংলা স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প, এটাতে তিনি নামটা একটু পরিবর্তন করে তাতে বিবেকানন্দ যোগ করেছেন, যাতে সবাই আমরা উৎসাহ পাই, কারণ বিবেকানন্দকে সবাই আমরা জানি। উনি তা নিয়ে চেষ্টা করছেন, সেইভাবে তারা যাতে ট্রেনিং নিতে পারে। ট্রেনিং না নেওয়া মানে কতকগুলো এমনি রাস্তায় হেঁটে যাওয়া, কিন্তু ট্রেনিং নেওয়া মানে কেমন করে হাঁটতে হবে কেমন করে বলতে হবে, সেটা জানা। এই ট্রেনিং নিয়ে কি হবে তার যে অসাধারণ উদ্যোগ তিনি শুরু করেছেন তা আমরা দেখতে পাই। প্রশিক্ষণের মধ্যে পোশাক তৈরি, মাসরুম, সূচীশিল্প, কম্পিউটার প্রশিক্ষণ, বৈদ্যুতিক সরঞ্জাম সারাই, খাদ্য প্রক্রিয়াকরণ, মোবাইল সারাই, পাটের বিভিন্ন সামগ্রী তৈরি, জৈব সার, টেরাকোটা, কাচের উপর চিত্রশিল্প, চটজলদি খাবার তৈরি করা ইত্যাদি নানা ধরনের বিষয় আছে যা দিয়ে ক্রমাগত ট্রেনিংয়ের ব্যবস্থা করছেন এবং নানা জায়গাতে এবং যেটা সত্যই উল্লেখযোগ্য তা হচ্ছে পিছিয়ে পড়া জেলাগুলোতে এই ট্রেনিংগুলো করছেন। অপেক্ষাকৃত অগ্রসর জেলাগুলোতে তিনি করছেন না। পিছিয়ে পড়া জেলায় করার সুবিধা হচ্ছে যে, সেই এলাকার মানুষেরা জানেই না যে এই কাজগুলো কিভাবে করতে হয়, কেমন করে করতে হয়, সেই জন্য তিনি সেই এলাকায় উদ্যোগ গ্রহণ করেছেন। তার সঙ্গে সঙ্গে তিনি আস্তে আস্তে এগিয়ে আসছেন অন্যান্য জায়গাগুলোতে সেইগুলো কি করে করা যেতে পারে। উনি 'পশ্চিমবঙ্গ স্বরোজগার নিগম লিমিটেড' নামে একটা পরিকল্পনা করেছেন। তার মধ্যে দিয়ে একটা অসাধারণ উদ্যোগ গ্রহণ করেছেন। একটা বিমা প্রকল্প উনি চালু করতে চলেছেন। এই বিমা প্রকল্পের মধ্যে উনি একটি কোম্পানী তৈরি করছেন এবং সেই বিমা প্রকল্প চালু করছেন। যাতে এই এস.এইচ.জি. গোষ্ঠীর মধ্যে যারা থাকবে তারা দুর্ঘটনাজনিত মৃত্যু বা স্থায়ীভাবে পঙ্গুত্ব, আংশিক পঙ্গুত্ব বা সাময়িকভাবে সম্পূর্ণ পঙ্গুত্ব হলে বীমার সুবিধা বাবদ ১ লক্ষ টাকা পাওয়া যাবে। এছাড়া স্বাভাবিক মৃত্যু হলেও বীমার সুবিধা বাবদ ৪০ হাজার টাকা পাওয়া যাবে। ১৬ বছর থেকে ৬০ বছর বয়সী স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা এই বীমা প্রকল্পের আওতাধীন হবেন। এটা উনি নদীয়া এবং পুরুলিয়া জেলায় চালু করার উদ্যোগ গ্রহণ করেছেন। উনি 'পশ্চিমবঙ্গে স্বনির্ভর সহায়ক প্রকল্প' করছেন (ডব্লিউ.বি.এস.এস.পি.)। এর মধ্যে দিয়ে উনি ক্রমাগত চেষ্টা করছেন, যাতে সবচেয়ে কম সুদে ছেলেরা ভালো করে ট্রেনিং নিতে পারে এবং তারা যাতে এগোতে পারে, মাথার উপরে একটা আচ্ছাদন তৈরি করতে পারে।' সোসাইটি ফর সেল্ফ এমপ্লয়মেন্ট অফ আনএমপ্লয়েড ইয়ুথ'—একটা উদ্যোগ তৈরি করেছেন। অর্থাৎ ভিন্ন ভিন্ন সংস্থা তৈরি করছেন এবং তার মধ্যে নানাভাবে ট্রেনিং দিয়ে কিভাবে ছেলেদেরকে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় তার চেষ্টা উনি করছেন এবং তার একটা উদ্যোগও তিনি দিয়েছেন যে এক থেকে চারজন তারা যদি দলগতভাবে চেষ্টা করে, তাহলে তারা আত্মমর্যাদা অথবা আত্মসম্মানের যেকোনো একটা গোষ্ঠীর অন্তর্ভুক্ত হতে পারে। ১০ লক্ষ টাকা পেতে পারে। ১০ লক্ষ টাকা অথবা ২৫ লক্ষ টাকা — এর মধ্যে যেতে পারবে। এর যে ব্যাঙ্কের ইন্টারেস্ট, সেই ইন্টারেস্টটা যাতে কম হয়, তার

জন্য উনি ক্রমাগত ব্যাঙ্ককে বুঝিয়ে চেষ্টা করে যাচ্ছেন। যাতে তারা আরও বেশী করে গিয়ে আসতে পারে, তারা যাতে আরও বেশী করে এই কাজে যুক্ত হয়। নানা মেলার প্রদর্শনী করছেন। উনি একটা বড় কাজ করছেন, প্রত্যেকটা জেলায় একটা করে 'সবলা' মেলা করছেন, আর রাজ্য স্তরে 'সবলা' মেলা করছেন কলকাতায় সল্টলেকের সেন্ট্রাল পার্কে। এই যে মেলাগুলো হচ্ছে, এই মেলাগুলোতে, একটা মেলায় আমি গিয়ে দেখেছি, মেলাগুলোতে এত স্টল, নানা জেলা থেকে এসেছে এবং তারা বিভিন্ন অনেক জিনিসপত্র নিয়ে এসেছে যে দেখে লোভ হচ্ছিল যে কোনটা কিনব আর কোনটা কিনব না। অর্থাৎ কত মানুষ আসবেন, তারা সেখান থেকে জিনিসপত্র কিনবেন এবং যারা এগুলো তৈরি করছেন, তারা নিজেরাই নিজেদের বাড়িতে ক্রমাগত পরিশ্রম করে করে তৈরি করেছেন। মেলার মধ্যে দিয়ে তারা বিক্রির সুবিধা পাচ্ছেন। সেই সুবিধা উনি তৈরি করে দিয়েছেন। এইভাবে 'সবলা' মেলাতে উদ্যোগ নিয়েছেন, সেই উদ্যোগের ফলে, আমি দেখেছি এখানে আড়াইশোটার বেশি স্টল আছে। তার মধ্যে কুড়িটা খাবার স্টলও আছে। আমি গিয়ে দেখেছি বহু মানুষ সেই জায়গায় রোজগার করছেন। যে যেখানে যে পেশায় যুক্ত আছেন, সেই পেশায় কিভাবে তারা পেশাভিত্তিক ট্রেনিংয়ে উদ্যোগী হতে পারে। তার জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ দেওয়ার জন্য একটা উদ্যোগ গ্রহণ করেছেন। এমনকি জঙ্গলমহল পর্যন্ত ৩১টি পেশাভিত্তিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রায় হাজার জন ছেলেকে প্রশিক্ষিত করেছেন। যারা নতুনভাবে জীবন শুরু করতে পারবে, এগিয়ে যেতে পারবে। 'মুক্তিধারা' বলে উনি একটা নতুন উদ্যোগ নিয়েছেন। সাসটেনেবেল্ লাইভলিহুড্ প্রোগ্রাম। এই 'মুক্তিধারা'-র মধ্যে দিয়ে ন্যাবার্ডের সহযোগিতায় পশ্চিম মেদিনীপুর জেলায় একটা পাইলট প্রোজেক্ট করছেন। তার জন্য উনি নিজে নানাভাবে টাকা জোগাড় করছেন। কোথায় চার কোটি, কোথায় আড়াই কোটির মতো টাকার ব্যবস্থা করছেন, যাতে এগুলো এগিয়ে যেতে পারে। পুরুলিয়া জেলায় তিনটি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ছ'টি ব্লকে এটা করছেন। আমি আশা রাখব যে উনি আরও অন্যান্য পিছিয়ে পড়া জেলাগুলোর ক্ষেত্রে এগুলো বাড়িয়ে যাবেন, ক্রমাগত এগিয়ে যাবেন। এইভাবে তিনি চেষ্টা করছেন। এই চেষ্টার মধ্যে দিয়ে ক্রমাগত দেখা যাচ্ছে যে এই দপ্তরটা, যে দপ্তরটা প্রকৃতপক্ষে আমরা কেউ কখনও বড় দপ্তর বলে মনে করি না, একটা ছোট এস.এইচ.জি. গোষ্ঠী, তার আবার কি দপ্তর ইত্যাদি। কিন্তু দেখা গেল যারা কাজ করতে জানে, তারা যদি কাজের গুরুত্বটাকে ঠিকমতো ছড়িয়ে দিতে পারে, বুঝতে পারে এবং সেটা নিয়ে যদি অগ্রণী হয় তাহলে দেখা যাবে সেই কাজটা কত সুন্দরভাবে, ভালোভাবে করা যেতে পারে, তার উদ্যোগ নিয়েছেন। একটু আগে বাজেট নিয়ে যে আলোচনা হচ্ছিল, কনজিউমার্স অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট, তাতে উনি যেমন প্রাণ সঞ্চার করেছেন, এই দপ্তরের মধ্যেও একটা প্রবল প্রাণ সঞ্চার করে আত্মসম্মান, আত্মসমৃদ্ধি এবং নতুন করে 'জাগো বাংলায়' আস্তে আস্তে প্রাণ সঞ্চার করে যুবকদের কেমনভাবে টেনে আনা যায় তার জন্য এই যে চেষ্টা করছেন, আমি আশাবাদী যে উনি সবার সমর্থন পাবেন এবং আপনারা সবাই যারা একসময় এই ব্যাপারে উদ্যোগী হয়েছিলেন, আজকে বিরোধী পক্ষে যারা আছেন এবং আমরা যারা আছি, প্রত্যেকটা ব্লকে তিনি এই উদ্যোগকে ছড়িয়ে দিয়ে যাতে বাংলার তরুণ যুবকরা বেকার না থাকে,

তারা যাতে নিজেরা নিজেরা কিছু কাজ করতে শেখে, তারা সবাই মিলে আবার গ্রামবাংলায় প্রাণ সঞ্চার করতে পারে, তার উদ্যোগ নিয়ে আমরা যাতে এগিয়ে আসতে পারি তার জন্য সবাইকে আহ্বান জানিয়ে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.50 - 4.00 p.m.]

Mr. Pratima Rajak : (Not called)

শ্রীমতী নমিতা সাহা : মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে সম্পূর্ণ সমর্থন জানিয়ে ২০১৫-১৬ সালের দাবী নম্বর ৫৯ যে বাজেট বক্তব্য পেশ করেছেন তা সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার প্রতিবেদন পেশ করছি। এখানে বিরোধী বন্ধুরা অনেকরকম কথা বলছিলেন। তারা বলছিলেন যে, পুরনো এই ভি.এস.কে.পি.-র কথা। আমরা কোনোদিন অতীতকে অস্বীকার করিনি। আমরা জানি, ইতিহাস সত্যি কথা বলে। অতীতের আলোকে বর্তমান এবং ভবিষ্যৎ নির্ভর করে। তাই বর্তমান মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী এই সেল্ফ হেল্প গ্রুপকে এবং এই স্বনির্ভর গোষ্ঠীকে যেভাবে উৎসাহ দিয়ে আন্তরিক প্রচেষ্টার মধ্য দিয়ে এগিয়ে নিয়ে চলেছেন। আমরা তার জন্য গর্ব অনুভব করি। কারণ আপনারা জানেন, আগে যে সেল্ফ-হেল্প গ্রুপ ছিল তারা নির্জীব হয়ে পড়েছিল। তারা সাহায্য পেত না। গ্রামের মানুষ বিভিন্নভাবে তারা পিছিয়ে পড়েছিল। তাই বর্তমানে মা-মাটি-মানুষের সরকার চেষ্টা করেছেন যে, গ্রামের মানুষ যাতে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে না পড়ে তার জন্য এই প্রচেষ্টা। তাই এই ভি.এস.কে.পি.-র স্বামী বিবেকানন্দ স্বনির্ভর — যে প্রচেষ্টা সেই প্রচেষ্টার মধ্য দিয়ে এগিয়ে চলছে। আমরা দেখেছি শুধু তাই নয়, আমরা দেখেছি যে, এই স্বনির্ভর গ্রুপকে আরও সুন্দরভাবে গঠন করার জন্য বিভিন্নভাবে বিভিন্ন গ্রুপ এগিয়ে আসছে। তাদের ট্রেনিং-এরও ব্যবস্থা করা হচ্ছে। তাদের ট্রেনিং বিনা পয়সায় তাদের ট্রেনিং, তাদের যাতায়াতের খরচ এবং তাদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখেছি, তিন হাজার পাঁচশোটি গ্রুপ এগিয়ে এসেছে। এই গ্রুপের মধ্যে ৪৮৯২ জন প্রশিক্ষণ নেওয়ার জন্য এগিয়ে এসেছে। প্রশিক্ষণ নেওয়ার পর তারা তাদের হস্তশিল্পের মধ্য দিয়ে এগিয়ে চলেছে। আমরা দেখেছি, প্রশিক্ষণ কেবলমাত্র ৯০ শতাংশ মহিলারা এগিয়ে এসেছে। শুধু ৯০ শতাংশ মহিলাই এগিয়ে আসেনি, অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষ যারা আছেন তারাও এগিয়ে এসেছে। সংখ্যালঘু মানুষ তারাও এগিয়ে এসেছে। আর এই এগিয়ে আসার ফলে আমরা দেখছি, পিছিয়ে পড়া যারা মানুষ ছিলেন তারা আর পিছিয়ে নেই। তারা অর্থনৈতিক দিক থেকে স্বনির্ভর হয়ে উঠে এসেছে। তাই আমরা দেখেছি, ২০১৪-১৫ আর্থিক বর্ষে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেটের কথা এখানে উল্লেখ করেছেন তিনি সেখানে ১৭৯ কোটি এবং সেই সঙ্গে আরও বেশি, ৮৫ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল। তার মধ্যে খরচ করতে পেরেছেন ১৭৯ কোটি ৮৪ লক্ষ ২৫ হাজার টাকা। সেই জন্য আমি আমাদের মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব। তিনি সুদক্ষ মন নিয়ে এগিয়ে চলেছেন এই স্বনির্ভর গ্রুপকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। এবং বিভিন্নভাবে প্রশিক্ষণ দেওয়ার পর আমরা দেখেছি যে, বেকার যুবক-যুবতী থেকে শুরু করে গ্রামের পিছিয়ে পড়া মানুষ তারা হস্তশিল্প,

বিশেষ করে তাদের আমরা দেখেছি সূচিশিল্প—সূচিশিল্প ছাড়া আরও অনেক কাজ করছে। তারা আরও করছে যেমন, জৈব সার, জৈব চাষ, মাশরুম থেকে শুরু করে বিভিন্ন জিনিসপত্র যা আমরা আবর্জনা হিসাবে ফেলে দিই এবং জ্বালানি হিসাবে ব্যবহার করি সেই সব জিনিসপত্রকে নিয়ে তারা মনের মাধুরী দিয়ে রং-তুলি দিয়ে এঁকে বিভিন্ন ঘর সাজানোর জিনিস থেকে শুরু করে অনেক কিছু তারা তৈরি করছে। সেইসব জিনিস আমাদের বিভিন্ন বাজারে বিক্রি হচ্ছে এবং মানুষ তা কিনে ঘর সাজাচ্ছে। এইভাবে এগিয়ে যাচ্ছে।

আমরা আরও দেখেছি 'Society for Employment of Unemployed Youth, Paschimbanga' বলে একটা সংস্থা আছে। তারাও দেখছি পিছিয়ে পড়া এইসব গ্রুপের মানুষদের পেছনে সময় দিচ্ছে, তাদের বোঝাচ্ছে, তাদের সহযোগিতা করছে।

এছাড়া, আমরা দেখছি 'স্ব-রোজগার নিগম' বলে একটা সরকারি সংস্থা আছে। আমরা দেখছি তারাও এইসব স্ব-নির্ভর গ্রুপের মানুষের তৈরি জিনিসপত্র কীভাবে বাজারে বিক্রি হবে তার দায়িত্ব নিয়েছে। বিশেষ করে আমরা দেখছি তাদের দ্বারা তৈরি পোশাক-পরিচ্ছদ, বিশেষ করে স্কুল ইউনিফর্ম, স্কুল অধিকর্তাদের সঙ্গে কথা বলে, তাদের তৈরি জিনিস কীভাবে মার্কেটে বিক্রি হয়, সেই চেষ্টা করছে।

শুধু এই নিগম নয়, আমরা আরও জানি, এই স্বনির্ভর গ্রুপের মধ্যে যারা আছে তাদের ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এই ঋণটা যাতে 4% থেকে 2% হয় সেই চেষ্টা করছে। এছাড়া আমরা দেখছি তাদের উন্নয়নের জন্য, বিশেষ করে পঙ্গু, আংশিকভাবে পঙ্গু এবং স্বাভাবিক মৃত্যু হয়েছে বেশ কিছু মানুষের। তাদেরও অর্থনৈতিক দিক থেকে সাহায্য করছে।

বলার অনেক কিছু ছিল। যাই হোক, মাননীয় চেয়ারম্যান সাহেব আমার বক্তব্য রাখলাম। আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং এই হাউজের সব সদস্য, সদস্যাও এই বাজেটকে পূর্ণভাবে সমর্থন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Chairman Sir, I have gone through the budget speech, 12 pages budget speech of the Hon'ble Minister. He has forwarded 410,13,54,000 for 2015-2016. I was finding it difficult to place myself inside the budget because desperately I was looking for what are the plans he has undertaken so far as my area is concerned. He has given a table of 13 districts where on going projects under RIDF are there. I could not find my district is there. Darjeeling is absent there. Even in the annual action plan of 2015-2016, 9 projects were taken and this 9 projects including projects undertaken by the Department 13, 22 projects you have. Darjeeling is missing there also. You have taken projects to organize Mela which is a very good thing. You have trained people for self-help groups not less than 43,327 trainees spending 8,45 lakh on it. Then you have

Swarojgar Corporation whose main activity is to promote these self-help groups. To my surprise, I found that not only Darjeeling but the entire North Bengal is missing. You are concentrating more on South Bengal Sir. Sir, how is it going to further the interest of the people who are located far more away from the centre of power. I do not understand this. You have taken very good initiative-skill development training which is very much important since Government is in no position to provide employment to everyone. I think skill is very important area where you have spent 5,31,74,551. But here I think the same districts of Purulia, Birbhum, Bankura, Burdwan, 24-Parganas, Hooghly, Howrah are there but towards the North Bengal you have not taken that much interest, it seems. I do not know what are the reasons for that. Sir, one thing always troubles me is that when you start any institute or training institute which can generate employment you start in the name of Darjeeling but the location has always been in Siliguri.

[4.00 - 4.10 p.m.]

It has always been, the location has always been in Siliguri. You have started a zonal office for WBSCL. The district is Darjeeling but the location is Siliguri. I don't mean to slander here in this August House but anything that happens in Siliguri will never percolate above to Darjeeling Sir. So it would be very nice if such zonal offices could be started somewhere in Darjeeling in any district Sir. Sir, you have invested this Vivekananda Swarojgar Karma Sangsthan Prokolpa you have started that which is very appropriate if you want to work and help these Self Help groups in the Hills like your projects are agro based industries, horticulture, floriculture, animal resources. What better place you can imagine rather than the Hills to start these projects? But I couldn't see Darjeeling is featuring here also. So, on the whole Sir, in the year 2014-15 it was 179 crore 84 lakh 25 thousand was released in favour of the generation of employment for the Self Help Group. I would like to hear from the Hon'ble Minister when he makes his speech at the end of our presentation that what projects he had undertaken that time or what projects he intends to take in the new budget of 2015-16 because it's like pacific ocean. I couldn't find anything in relation to Darjeeling. All the projects, all the schemes that are there to foster and to encourage the Self Help Group, these are scattered all over the districts – eighteen districts but so far Darjeeling is concerned I cannot find even a single drop of the project from the hon'ble Minister's budget speech so that I could feel

that it's a very good thing, it's a very good budget. I support it. I am in no position to say that. Nevertheless I hope that the Hon'ble Minister will definitely try to please us by at least giving one or two projects in Darjeeling so that we feel that this project has not discriminated us or deprived us. Thank you, very much Sir.

শ্রী স্বপন বাউড়ি : সম্মানীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সেল্ফ হেল্প গ্রুপ এবং সেল্ফ এমপ্লয়মেন্ট ডিপার্টমেন্টের ডিমান্ড নং ৫৯-এর যে বাজেট পেশ করতে চলেছেন আমাদের সম্মানীয় মন্ত্রী শ্রী সাধন পাণ্ডে মহাশয়, তার সমর্থনে কয়েকটি কথা এই মহতী সদনে আমি তুলে ধরতে চাইছি। স্যার, উন্নয়নের হাত ধরে সার্থক হয়ে ওঠে স্বনির্ভরতার স্বপ্ন। রাজ্যের আর্থিক অবস্থায় প্রমাণ করে রাজ্যবাসীর আর্থিক সঙ্কট ও সমস্যা কত গভীর। বেকারের সংখ্যা ভয়াবহভাবে বেড়ে চলেছিল। শিক্ষিত, উচ্চশিক্ষিত বেকার তারা তো আছেনই, অল্প শিক্ষিত, প্রান্তিক বেকারের সমস্যাও অত্যন্ত প্রকট। এই সমস্যার সার্বিক মোকাবিলায় সরকারি স্তরে গৃহীত ও রূপায়িত হচ্ছে নানা প্রকল্প, নানা কর্মসূচি। অন্যদিকে শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি প্রয়াসের পাশাপাশি ব্যক্তিগতস্তরেও আর্থিক উন্নয়নের উদ্যোগ আমাদের এই সরকার নিচ্ছেন। গ্রামীণ অর্থনীতিতে ব্যাপক প্রভাব ফেলেছে পারিবারিক যে কুটীরশিল্প, সেই কুটীরশিল্পের বৃত্ত থেকে বেরিয়ে আসতে চাওয়া নতুন প্রজন্মের ইচ্ছে, অনিচ্ছে, শিক্ষার প্রসারের ফলে আমাদের শিক্ষিতের হার বাড়ছে। কারিগরী ও বৃত্তিমূলক শিক্ষার প্রসারের ফলে দক্ষ কর্মীর সংখ্যাও বাড়ছে। সরকারের নানা ঋণদান প্রকল্পের মাধ্যমে শিক্ষিত এবং দক্ষ প্রশিক্ষক বেকারদের স্বনির্ভর করে তোলার জন্য নেওয়া হচ্ছে নানা উদ্যোগ। সংশ্লিষ্ট বিভাগের উদ্যোগে স্বনিযুক্ত রেখে সরকারের যে সামগ্রিক উন্নয়ন তারই কিছু দিক আমাদের এই বাজেটে তুলে ধরা হয়েছে। আমাদের এখানে অনেকে বলছিলেন যে এই প্রকল্প অনেকদিন আগে নেওয়া হয়েছিল। সত্যি, ১৯৯২ সালে প্রথম এটা শুরু হয়েছিল। তারপরে বেশ কিছুদিন কেটে যাওয়ার পরে আমরা কি দেখলাম, আমি তখন স্যার প্রধান ছিলাম, আমাকে বাদ দিয়ে সেই এলাকায় তারা নিজেরা গ্রুপ তৈরি করতে লাগলো। তাদেরকে এমনভাবে ভুল বোঝানো হল যে দল তৈরি করার যে উদ্দেশ্য ছিল আগামীদিনে স্ব-নির্ভর হওয়া, নিজের পায়ে দাঁড়ানো, সংসারের আর্থিক অনটন সেখানে কিছু সহযোগিতা, সাহায্য করবে। আগামী দিনে তারা কিছু শিখতে পারবে সেই যে লক্ষ্য, সেটা কিন্তু তারা করেনি। প্রথমে রাজনৈতিকভাবে রাজনীতি করার জন্য কিছু মহিলাদের নিয়ে একটা গ্রুপ তৈরি করা হল। সেই গ্রুপ তৈরি করে তাদের নানারকম ভুল বোঝানো হল। তারা যখন দেখতে পেলো গ্রুপ করে কিছু হল না শুধু টাকা জমা দেওয়া হচ্ছে, আমাদের কাজের কাজ কিছুই হচ্ছে না, তারপরে মাঝখানে সমস্ত মহিলা সেই গ্রুপ থেকে মুখ ফিরিয়ে নিলেন। আর গ্রুপে টাকা জমা দিলেন না। মাঝখান থেকে এই গ্রুপগুলোর কোমর ভেঙে পড়ে গেল, আর গ্রাম বাংলার মহিলারা সেই গ্রুপের দিকে আর পা বাড়ালেন না। সেই জায়গায় দাঁড়িয়ে তারা হতাশাগ্রস্ত। তারা কি করবেন বুঝতে পারছেন না। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে নতুন করে নতুন উদ্যমে আমাদের মা-মাটি-মানুষের সরকারের উদ্যোগে মাননীয়া

মুখ্যমন্ত্রী যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছেন আমাদের মাননীয় যোগ্য উত্তরসূরি হিসাবে আমাদের সম্মানীয় মন্ত্রী তিনি যে প্রকল্পগুলি গ্রহণ করেছেন সেই উদ্যোগে আজকে গ্রামবাংলার প্রতিটি মহিলারা দেখবেন বিভিন্ন জায়গায় — আমাদের পশ্চিমবাংলায় এখন গ্রুপ হয়েছে ৫ লক্ষেরও বেশি। আমাদের বাঁকুড়া জেলাতে প্রায় ২২ হাজারের বেশি গ্রুপ তৈরি হয়ে গেছে। শুধু গ্রুপ নয়, তাদের যে একটা লক্ষ্য, তাদের একটা দিশা তারা আজকে বুঝতে পারছে। তার কারণ এই গ্রুপরা কি করবে — তাদের একটা প্রশিক্ষণের ব্যবস্থা করা। আমার গ্রামবাংলায় কোনটা স্যুটেবেল। আমি মুড়ি ভাজতে ভালবাসি, তাই আজকে মুড়ি ভাজার প্রকল্পে লোন দেওয়া হচ্ছে। আমি শিল্পে পারদর্শী, আমি বেল-মালা কাটি, আমাকে সেই বেলমালার জন্য লোন দেওয়া হচ্ছে। আমি অন্য কিছু শিল্প ভালো করতে পারি। আমি বিড়ি বাঁধি, আমাকে সেইদিকে লোন দেওয়া হচ্ছে। আমি কুটিরশিল্প ভাল পারি, আমাকে কুটিরশিল্পে লোন দেওয়া হচ্ছে। এই যে দিকটা এটা আগে ছিল না। আগে নাম লেখালে লোন দিয়ে দেওয়া হত, কে কি করে সেই সব জানার দরকার ছিল না। মাঝখানে সেগুলি বন্ধ হয়ে যেত। লোন নিয়েও তারা শোধ করতে পারেনি। গ্রুপগুলি মাঝখানে বন্ধ হয়ে গিয়েছিল। আজকে আমাদের সরকার সেই সব জিনিসপত্র যারা তৈরি করছেন সেগুলি বিক্রয় করার জন্য বিভিন্ন জায়গায় বিপণন কেন্দ্র তৈরি করেছে। আমাদের বাঁকুড়াতে তৈরি হয়েছে, পুরুলিয়াতে তৈরি হয়েছে। দুর্গাপুরে একটা পারমানেন্ট আছে, কলকাতাতেও আছে। এই যে বিভিন্ন জায়গায় একটা লক্ষ্য শুধু তৈরি করলে হবে না, সেটাকে নিয়ে এসে বাজারে বিক্রয় করা এটা একটা দারুণ সাফল্য আমাদের সরকারের বলে আমরা মনে করি। সেই জিনিসগুলো তারা বিভিন্নভাবে বিক্রি করতে পারছেন। সেগুলো বিক্রি করে সংসারে কিছু লাভ আসছে। স্ব-নির্ভর দলগুলো আস্তে আস্তে এগিয়ে চলেছে। আমরা জানি বিভিন্ন জায়গায় যেমন সবলা মেলা থেকে শুরু করে অনেক রকম তাদের ঋণ দেওয়া হচ্ছে। ঋণ নিয়ে তাদের দলটাকে স্ব-নির্ভর করে আবার তারা লোন নিচ্ছে, শোধ করছে, ব্যাঙ্কে জমা দিচ্ছে। গ্রেডেশান ফার্স্ট, সেকেন্ড, থার্ড একটা ধারাবাহিকভাবে স্ব-নির্ভরতার যে লক্ষ্য, মূল উদ্দেশ্য সংসারে কিছু সহযোগিতা করবে, সংসারের পাশে দাঁড়াবে আজকে তারা হাসিমুখে সেইগুলো করে স্ব-নির্ভর হওয়ার লক্ষ্যে এগিয়ে চলেছেন। যে উদ্দেশ্যটা আমাদের সরকার নিয়েছেন সত্যি তাকে সাধুবাদ জানাতে হবে এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের যে ৫০% রিজারভেশান করেছেন তার সুবাদে আমাদের অনেক মহিলারা পঞ্চায়েতের প্রধান হয়েছেন, সমিতির সভাপতি হয়েছেন, গ্রাম পঞ্চায়েতের মেম্বার হয়েছেন। তারা স্ব-নির্ভর গোষ্ঠী একসাথে মিলেমিশে গ্রাম বাংলার মহিলারা কাঁধে কাঁধ মিলিয়ে, কোমর দুলিয়ে বাংলা উত্তাল করে দিচ্ছে। স্ব-নির্ভর গোষ্ঠীগুলো আগামীদিনে এগিয়ে যাবে, আপনাদের চিন্তার কোনো কারণ নেই। আপনারা যতই ভাবুন আপনারা যে জায়গায় আছেন, সেই জায়গা থেকে আরো নিচে নেমে যাবেন। যেভাবে মহিলারা মমতা ব্যানার্জীর ডাকে সাড়া দিয়ে এগিয়ে এসেছেন আমাদের সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে চলছে তাতে স্ব-নির্ভর দল গ্রাম বাংলায়...

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[4.10 - 4.20 p.m.]

শ্রীমতী দেবলীনা হেমব্রম : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী ৪৯ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি তাকে সমর্থন করতে পারছি না। স্যার, বিগত বামফ্রন্ট সরকার চিন্তাভাবনা, আমাদের সমাজের অনেক মহিলারা আছেন বিশেষ করে আমাদের গ্রামবাংলায়। বিগত দিনে আপনাদের যে সরকার ছিল, মানে কংগ্রেস সরকারের কথা বলছি। তখনকার দিনে শিক্ষার থেকে আমরা বঞ্চিত ছিলাম। সেইজন্য অনেক সময় দেখবেন আদিবাসী, অ-আদিবাসী গ্রাম এলাকার মানুষ চাকরি-বাকরি পায়নি। সেইজন্য আমাদের বামফ্রন্ট সরকারের চিন্তা-ভাবনা এবং এখন যারা শিক্ষিত বেকার, তাদের নিজের পায়ে দাঁড়াবার জন্য একটা উপায় বের করতে হবে। সেইজন্য এই দপ্তরটা তৈরি করা হয়েছিল। আপনারা স্বীকার করেছিলেন বিগত বামফ্রন্ট সরকারই তৈরি করেছিল। তার পরবর্তী সময়ে এখন আমরা যা দেখছি ২০১১ সাল থেকে ভালই কাজ হচ্ছিল, বিভিন্ন রকমের কর্মসূচি নেওয়া হচ্ছিল এই দপ্তরের মাধ্যমে। আমাদের মেয়েরা — কিছু কথা বলা আছে যে আজকে যা দেখা যাচ্ছে যেমন আদিবাসীদের, আমাদের জঙ্গল এলাকার কথা বলছি, আমাদের মন্ত্রী সাহেব আছেন। এই এলাকায় আদিবাসী মেয়েরা, যারা গ্রুপ ছিল, আদিবাসী, অ-আদিবাসী মিলিয়ে ছিল, সেখানে এই সময়টা কিন্তু ভয়ঙ্কর ব্যাপার জঙ্গল এলাকার মধ্যে। এই সময়ে কেন্দুপাতা সংগ্রহ করতে চলে গেছে। আমাদের মেয়েরা তুলত, তারা সহযোগিতা পেত সরকারের কাছ থেকে। আজকে দেখা যাচ্ছে সেটা কিন্তু হচ্ছে না, আগামী দিনে এটা নিয়ে ভাববেন। আদিবাসীদের জন্য আপনারা নাকি খুব ভাবছেন। আপনারা মাঝে মাঝেই বলেন, কিন্তু ভাবতে বলছি। যে দলগুলো ছিল, সেগুলোতে আপনারা মারামারি, গণ্ডগোল লাগিয়ে দিচ্ছেন। আমরা তো বেছে বেছে এগুলো করি নাই। কোনো দলের লোক যে তারা গ্রুপ করেছে। আর আপনারা কিন্তু বেছে দিচ্ছেন, ভাগ করে দিচ্ছেন। এই যে মিড-ডে মিল আমাদের আন্দোলনের ফলে যেটা চালু হয়েছিল, সেখানে মেয়েরা রান্না করত নিজের পায়ে দাঁড়াবার জন্য। একটা উপায় বের করে আনা হয়েছিল মেয়েদের ক্ষেত্রে। আজকে কিন্তু সেক্ষেত্রে ঝগড়া লাগিয়ে দিচ্ছেন এই বাড়ি, ওই বাড়ি, এ পাড়া, ওই পাড়ার মধ্যে মানে বিচ্ছিন্ন করে দিচ্ছেন। যেমন ব্যাঙ্কের সহযোগিতা নেই। আপনারা বলছেন আমরা সহযোগিতা করছি ব্যাঙ্কের মাধ্যমে, কিন্তু ব্যাঙ্কের সহযোগিতা পাচ্ছে না। আমি মাননীয় মন্ত্রীকে ভাবতে বলব। আপনি যদি আমাদের গ্রামের মানুষের কথা না ভাবেন, গ্রামের মানুষ অর্থনীতিতে স্বাবলম্বী না হলে শহরে কিছুই হবে না। আগে গ্রামকে অর্থনৈতিক দিক দিয়ে দাঁড় করাতে হবে, সেই এলাকার মানুষকে, তারপরে তো শহর। সেইজন্য আপনাকে ভাবতে বলছি। আপনারা বলছেন বিভিন্ন জায়গায় মেলা করছি, গাছ লাগিয়ে দিচ্ছি। কিছুক্ষণ আগে বলছিলেন গাছ লাগিয়ে দিচ্ছি। কিন্তু আমরা কি দেখেছি? আমাদের ভাবনা ছিল। আমাদের মেয়েরা — এই যে আমবাগান, আমাদের ফলের অভাব হত। বিভিন্ন জায়গাতে আমরা আম লাগিয়েছিলাম, পেয়ারা লাগিয়েছিলাম। বিভিন্ন রকমের ফসল, সব্জি, এই যে কোনো চিন্তা-ভাবনা নেই। এই যে ফসলের দাম বা ফলের ন্যায্য দাম, সেটা

পাচ্ছে না। আমাদের কৃষক সংগঠন, যেটা বামপন্থী গণসংগঠন, এই যে বিভিন্ন দাবি-দাওয়ার মতো, আপনারা বলছেন যে আমরা অনেক কাজ করছি। আমরা স্বীকার করব যে আপনারা অনেক কাজ করছেন। কিন্তু কিসের দাবিতে আমাদের আজকে গোটা রাজ্যে আন্দোলন করতে হচ্ছে? এই যে বার্ধক্য ভাতা, আদিবাসী ভাতা মহিলাদের দিয়েছিল, সেটা কিন্তু আজকে পাচ্ছে না। এই যে একশোদিনের কাজ, কাজ করেছে, এক বছর, দেড় বছর হচ্ছে, পাচ্ছে না। চাষীরা আত্মহত্যা করছে। আলু যখন চাষীরা উৎপাদন করছে, তখন তারা ন্যায্য দাম পাচ্ছে না। আমাদের বেশি দামে নিতে হচ্ছে। আপনারা বলছেন আমরা অনেক কিছু করছি, অনেক কাজ করছি। প্রত্যেকটা জেলাতে আজকে সেই দাবিতে আমাদের ডি.এম সাহেবের কাছে অবরোধ করেছে, ধরনা দিচ্ছে। সেখানে আপনাদের লোক গোলমাল বাধাচ্ছে, আমাদের লোককে মারপিট করে তাড়িয়ে দিচ্ছে। এটা কি উন্নয়নের লক্ষ্য? আমরা বলব না? আমাদের কথা আমরা বলব না? আমরা আন্দোলন করব না? সেটাতেও আপনাদের আপত্তি হচ্ছে। সেটাও আপনারা বাধা দিচ্ছেন। আমাদের লোককে মেরে তাড়িয়ে দিচ্ছে। বলছেন, আপনারা পশ্চিমবাংলায় উন্নয়ন করবেন। এটা কখনও করতে পারবেন না। আমাদের সহযোগিতা না নিলে আপনারা কিছুতেই পারবেন না। কিছুতেই উন্নয়ন করতে পারবেন না। সেইজন্য আমি মন্ত্রীকে বলব আগামীদিনে আপনি চিন্তাভাবনা করবেন এই যে মেয়েদের গ্রুপগুলিতে আপনারা ঝগড়া লাগিয়ে দিচ্ছেন, ব্যাঙ্ক অসহযোগিতা করছে, তাদের সহযোগিতা করছেন না। আপনি বলছেন বিভিন্ন জায়গায় মেয়েরা যাচ্ছেন এটা তো আমাদের অবদান। এটা আপনাদের অবদান নয়। এটা আমরা করে এসেছিলাম আজকে সেটা আপনারা বলছেন — দিল্লিতে মেলা করছেন, আম নিয়ে যাচ্ছে, বেলের মালা করছে আবার অন্যান্য কথাও বলছেন। এটা তো আমাদের অবদান সেটা তো স্বীকার করতে হবে। আমরা বলছি আপনারা এগিয়ে নিয়ে চলুন। আরো নতুন নতুন চিন্তাভাবনা করুন। সেই কথা আমি বলতে চাইছি মন্ত্রীকে, সেই বিষয়ে আপনি চিন্তাভাবনা করবেন এবং এগিয়ে নিয়ে যাবেন। এই কয়েকটি কথা বলে আপনাদের মন্ত্রীর বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সাধন পাণ্ডে : স্যার Self-help Group & Self-Employment এই বাজেটে যারা অংশগ্রহণ করেছেন আমি সবাইকে ধন্যবাদ জানাই। এটা অত্যন্ত একটা গুরুত্বপূর্ণ দপ্তর। মুখ্যমন্ত্রী আমাকে এই দপ্তরের charge কয়েক মাস আগে দিয়েছেন। আমি চেষ্টা করছি এই দপ্তরটাকে নতুন করে সাজাতে। এই দপ্তরটা যাতে আরো dynamic হয়ে চলে সেই জন্য আমার চেষ্টা। প্রথম আপনাদের জানাই যে আমরা একটা insurance scheme চালু করেছি। ১৮ বছর থেকে ৬০ বছরের সমস্ত এই যে group — মহিলাদের গ্রুপ। মহিলারা আমাদের মা-বোন। আমাদের ঘরের মহিলারা দায়িত্বশীল, তারা যা রোজগার করে গোটাটাই পরিবারের জন্য খরচ করে। তাদের উন্নতি, তাদের হাতে কিছুটা রোজগার বাড়িয়ে দেওয়াই হল এই সরকারের বড় কাজ। আমরা এদের জন্য একটা পরিকল্পনা করেছি। এক লক্ষ টাকার আমরা তাদের একটা card করে দিচ্ছি। কার্ড তৈরি হয়ে গেছে। নদীয়া এবং পুরুলিয়াতে আগামী ১৫ দিনের মধ্যে সেটা distribute হবে। প্রত্যেক self-help group-এর মহিলার হাতে একটা

করে smart card আমরা পৌঁছে দিচ্ছি। যাতে ১ লক্ষ টাকা তার Accident benefit। Accident benefit বললেও এটা জেনে রাখবেন ৪০ হাজার টাকা যদি কোনো injury হয়, তার benefit পাবেন এবং ১ লক্ষ টাকার মধ্যে তার অন্যান্য benefit হবে। Additional benefit for the beneficiaries includes funeral। যদি কেউ মারা যায় তার জন্য এক্সপেনসেস দেব আমরা ২৫০০ টাকা। আর যদি কেউ কাজ করতে করতে আর কাজ করতে না পারে একমাসের জন্য আমরা ১০০ টাকা করে দেওয়া হবে। এইরকম অনেকগুলি পরিকল্পনা ওই কার্ডের মধ্যে আছে যেটা আমরা দেব। আমাদের এখন সংখ্যা আমি বলতে পারছি না। আপনারা বলেছেন Last সংখ্যা ৬ লক্ষ something। আমার কাছে সমস্ত দপ্তর থেকে report আসছে। NABARD এবং বিভিন্ন bank তার থেকে যে information আসছে যে কত groups আছে। সেই groups X ten (10) করলে ৫০ লক্ষ - ৬০ লক্ষ মহিলা এর মধ্যে যুক্ত আছে। এটাকে আমি এক কোটিতে নিয়ে যাওয়ার চেষ্টা করব। যেটা ৫০ লক্ষ - ৬০ লক্ষ রয়েছে, সেটাকে এক কোটিতে নিয়ে যাওয়া যায় আগামী এক-দুই বছরে সেটা চেষ্টা করব। এটা একটা insurance scheme আপনাদের বললাম। দ্বিতীয় কথা স্বামী বিবেকানন্দ স্বরোজগার কর্মপ্রকল্প — এটা আপনারা নিশ্চয়ই জানেন যে অনেক বেকার ছেলে আছে। যারা হয়ত পড়াশুনা ঠিকমতোন করেনি। কিন্তু আমরা চাই তারা নিজেদের পায়ে দাঁড়াক। নিজেদের পায়ে দাঁড়াবার জন্য আমরা তাদের ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দিতে পরিকল্পনা করেছি। আপনাদের বলা মানে আপনাদের কনস্টিটিউয়েন্সির সবাইকে আপনারা সবাইকে বলবেন যে ১০ লক্ষ টাকা অবধি ঋণ দেওয়া হবে। এবং সেই ঋণে ৩০% রাজ্য সরকার subsidy দেবে।

[4.20 - 4.34 p.m.]

রাজ্য সরকার সাবসিডি দেবে-৫% নিজে দেবে, বাদবাকিটা ব্যাঙ্ক দেবে। ব্যাঙ্ক যাতে দেয়, তার জন্য সমস্ত ব্যাঙ্কার নিয়ে আমি মিটিং করেছি, তাদেরকে একটা ডেট লাইন দিয়েছি যে, আমি সাবসিডির টাকা যদি আপনাকে দিই, তাহলে আপনাকে আপনার তরফের টাকা আপনাকে দিতে হবে এবং আই ওয়ান্ট টু সি ব্যালেন্স জিরো একটা ইয়ারে। এটা ওরা আমাকে প্রমিস করেছে যে ওরা করবে। অনেক সময় ব্রাঞ্চ ম্যানেজাররা অবহেলা করে এবং সেইজন্য জেনারেল ম্যানেজারদেরকে বলেছি যে, আপনারা ইন্সট্রাকশানটা প্রপার দেন। আপনারা তো জানেন যে অনেক গ্রামে একজন মেম্বার ব্যাঙ্ক চালাচ্ছেন। সেখানেও কিন্তু আমাদের এটা পৌঁছনো দরকার। স্বামী বিবেকানন্দ রোজগার যোজনা আপনাদের বললাম। যাদের মাসে ১৫ হাজার টাকার নিচে ইনকাম তারাই কিন্তু অ্যাপ্লাই করতে পারবেন। অতএব এটার সম্পর্কে আপনারা দয়া করে ইন্টারেস্ট নিন, যাতে আপনারা সুযোগ পেতে পারেন, যাতে আপনাদের এলাকার বেকার ছেলেরা এটা করতে পারেন। এটা খবরের কাগজেও অ্যাডভার্টাইজমেন্ট হয়েছে আপনারা দেখেছেন। আমি আমার দপ্তরকে বলেছিলাম আমি জানি না আপনারা পেয়েছেন কিনা — যে একটা করে করে এই প্রকল্পের কপি আপনাদের দিয়ে দেওয়ার ব্যাপারে। আর একটা হল, আমরা এই প্রকল্পে প্রায় ৪ বছরে প্রায় ১৭শত কোটি টাকা — মানে আমরা

যা দিয়েছি, ব্যাঙ্ক যা দিয়েছে আর নিজেরা যা দিয়েছে — এই ১৭শত কোটি টাকা সারা বাংলায় এই প্রকল্পের জন্য খরচ হয়েছে। আমরা এটা খরচ করার পর এর যে কি রেজাল্ট হচ্ছে, তার জন্য যাদবপুর ইউনিভার্সিটিকে একটা ভার দিচ্ছি যাতে ওরা আমাদেরকে একটা রিপোর্ট দিক আপনাদের ৪-৫ বছরের একটা অন্য নামে ছিল, আর আমাদের ৪ বছর — এই সমস্ত ব্যাপারটা যাদবপুর ইউনিভার্সিটিকে ভার দিয়েছি যে এই প্রকল্প কিভাবে চলছে, এর ইমপ্লিমেনটেশান কেমন হয়েছে, এর জন্য কোন্ কোন্ ছেলেরা ১০ লক্ষ টাকা থেকে ২০ লক্ষ টাকা ব্যবসা করতে পারছে, তার জন্য একটা সার্ভে রিপোর্ট আমি চেয়েছি এবং আমি সেটা নিশ্চয়ই পাব এবং আপনাদেরকে জানাব। আমরা চাইছি যে কাজগুলো হোক। আমাদের স্বনির্ভর সহায়ক প্রকল্প — এটা আপনারা নিশ্চয়ই জানেন যে, আপনারা বলেছেন যে ৪% আপনারা মহিলাদের কাছ থেকে ইন্টারেস্ট নিতেন। প্রত্যেক মহিলারা যে ব্যাংক থেকে লোন নিত গ্রুপ করে তা ৪% ইন্টারেস্ট নিত। সেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ২% করে দিয়েছে। এখন ব্যাংক থেকে যদি সেই সেল্ফ হেল্প গ্রুপ লোন নেয়, ১১% যদি ইন্টারেস্ট হয়, তাহলে ৯% সাবসিডি রাজ্য সরকার দেবে। আপনাদের খালি ২% দিতে হবে। তার মানে ২% আপনি ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছেন। অতএব যদি কিছু ভালো করা যায় নিশ্চিতভাবে করবার জন্য সাহায্য করবেন এবং আপনাদের জানাই 57.72 crores has been disbursed as interest subsidy till date and about 3,72,000 SHG Group have been benefited — আপনারাই বুঝতে পারছেন যে আমরা সেই টাকাটা দিচ্ছি। এই টাকাটা কিভাবে দিচ্ছি? আগে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের থ্রু দিয়ে যেত, আগে বিভিন্নরকম পদ্ধতিতে যেত, দেরি হত। সেইজন্য আর.টি.জি.এস.-এর মাধ্যমে এখন স্ট্রেট সেই অ্যাকাউন্টে চলে যাবে — আমরা এমনভাবে করে দিয়েছি যাতে আর.টি.জি.এস-এর মাধ্যমে একেবারে স্ট্রেট অ্যাকাউন্টে চলে যাবে। এখন কোনো ঘুরপথ নেই, এখন কেউ কাউকে ঘোরাতে পারবে না। এটা একটা আপনাদের পরিকল্পনা বললাম। আবার ট্রেনিং প্রোগ্রাম — 'কর্মতীর্থ'। এটা আমরা করেছি যে বিভিন্ন ৪০টা কর্মতীর্থ মুখ্যমন্ত্রী আমাদের রাজ্যকে দিয়েছেন। এই ৪০টার মধ্যে আমাদের ৮টা কমপ্লিট হয়ে গিয়েছে। ১৬টা প্রসেস অফ কমপ্লিশান। তার মানে সেগুলোর কাজ চলছে, হয়ে যাবে এবং ১৬টা আমরা পরিকল্পনা করেছি করব। এই ৪০টা কর্মতীর্থ আমরা করব। আমাদের দার্জিলিংয়ের রিপ্রেজেনটেটিভ আমাদের হরকা বাহাদুর জি আছেন — I would like to tell you that Darjeeling is very close to my heart. My earliest education in my life started in Darjeeling. So every way I will include Darjeeling and you will know if you give me land for Karma Tirtha project I will build the building, Give me proposal, I will consider. আপনাদের এটা জানালাম। 'কর্মতীর্থ' প্রোজেক্ট চলছে। আপনারা যদি মনে করেন কোথায় কোথায় করা দরকার, নিশ্চয়ই বলবেন। 'কর্মতীর্থ' প্রোজেক্টে দুটো ফ্লোর আমরা করছি। একটা ফ্লোরে মার্কেট হবে, যাতে দোকানগুলো সব বিক্রি করতে পারবে, সেল্ফ হেল্প গ্রুপের জিনিসপত্র বিক্রি করতে পারবে, আর দোতলাটা হবে ট্রেনিং সেন্টার। আমরা ট্রেনিং-এর উপর প্রচণ্ডভাবে জোর দিয়েছি, যাতে মহিলারা ট্রেনিং পায়, ছেলেরা ট্রেনিং পায়। স্কিল ডেভলাপমেন্ট ট্রেনিং অ্যান্ড ভোকেশনাল ট্রেনিং, এটাতেও আমরা

অনেক দূর এগিয়ে গিয়েছি, আমরা করছি। আমাদের কনসেপ্টটা পাল্টাতে হবে। কনসেপ্ট হল যে ইন্ডিয়ান প্রোডাক্ট, আমাদের বেঙ্গলের প্রোডাক্ট পৃথিবীতে খুব খ্যাতিসম্পন্ন। সেখানে মানুষ পছন্দ করে। কিন্তু সেটা চার হাত পেরিয়ে সেখানে যাচ্ছে, এক্সপোর্ট হচ্ছে। আমি বিভিন্ন এক্সপোর্ট হাউস, বিভিন্ন হ্যান্ডিক্র্যাফ্টস কোম্পানীকে বলছি, তুমি আমাদের ছেলেমেয়েদের ট্রেনিং দাও। তাহলে ডাইরেক্টলি তারা ট্রেন্ড হলে সেই জিনিসগুলো তারা করতে পারবে। দিস ইজ মাই এফর্ট এবং আমি এটা চেষ্টা করছি। বিকজ প্রোডাকশান করা, আর মার্কেটিং লিঙ্ক আপ দুটো যদি একসঙ্গে না করা যায় তাহলে আমরা এই গ্রুপগুলোকে হেল্প করতে পারব না। এই গ্রুপগুলোকে হেল্প করতে পারে কারা? যারা কিনছে এবং মার্কেটিং করছে, সারা ভারতবর্ষে মার্কেটিং করছেন, বিদেশে মার্কেটিং করছেন। অতএব তাদেরকে যদি আমি এই সেল্ফ হেল্প গ্রুপের সঙ্গে যুক্ত করতে পারি — সেল্ফ হেল্প গ্রুপ কি জিনিসটা করবে — তাহলে সেটা খুব ভালো হবে। এটা আমি স্টার্ট করেছি। বিভিন্ন বড় বড় কোম্পানিকে আমি অ্যাপ্রোচ করেছি। তারা আমাকে বলেছে, যেমন ব্রেনওয়ার এসে বলেছে আমরা কলকাতার উপর দুই হাজার ছেলেমেয়েকে কম্পিউটার ট্রেনিং দেব। আমরা বেয়ার করব কস্ট। আমাদের গরিব ঘরের ছেলেরা কি কম্পিউটার শিখবে না? নিশ্চয়ই শিখবে। তাদেরকে আমরা শেখাব। কম্পিউটার না জানলে আজকালকার দুনিয়ায় ছেলেমেয়েরা দাঁড়াতে পারবে না। ছেলেমেয়েদের আমরা সেই কম্পিউটারটা শেখাব। তার জন্য বড় বড় কোম্পানি এগিয়ে আসছে। এগুলো আমরা চেষ্টা করছি যাতে ট্রেনিং প্রোগ্রামটা আরো বেশি করে করা যায়। আমরা বিভিন্ন জায়গায় 'মুক্তিধারা' প্রোজেক্ট স্টার্ট করেছি, পুরুলিয়াতে আর পশ্চিম মেদিনীপুরে। সেটা হল আপনার সাস্টেনেবল, যে আপনি কিছুটা রোজগার করতে পারবেন। আপনাকে আমরা গোটারি শেখাতে পারি। মাংসের যা দাম — গ্রামে যে মাংসটা তৈরি হচ্ছে, ছাগলের যে দাম, অনেক আকাশ-পাতাল তফাত। কি হচ্ছে? ওখান থেকে মহাজনরা তুলে আনছে। ধরুন উত্তর ২৪-পরগনার হাসনাবাদ, হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি ওইসব জায়গায় যে প্রোজেক্ট হচ্ছে, সেখান থেকে বসিরহাট আসছে। বসিরহাট থেকে কলকাতায় আসছে। আমরা একটা প্রোজেক্ট নিচ্ছি যে গরিব মানুষদেরকে গাড়ি দেব, সেই অ্যাসোসিয়েশনকে আমরা গাড়ি দেব। যাতে সে তার প্রোডাক্টটা সোজা কলকাতার মার্কেটে নিয়ে আসতে পারে, যেখানে দাম বেশি পাবে। অতএব আমরা হয়তো গাড়িটার জন্য ধার দেব এবং প্রোজেক্ট করে দেব যাতে সেখান থেকে সে সব জিনিস তৈরি করতে পারে। এইরকমভাবে আমরা চেষ্টা করছি যাতে এটা হয়। প্রত্যেকটা জেলাতে, এখন ঠিক করেছি পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ছাড়া বাঁকুড়া, বর্ধমান,হাওড়া, হুগলি, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা—এটা হল আমাদের 'মুক্তিধারা' প্রোজেক্ট। আপনারা নিশ্চয়ই সেটা বুঝবেন। পোল্ট্রি, ভেজিটেবল কাল্টিভেশান, হোমস্টেড গার্ডেন, এছাড়া অনেকরকম জিনিস এইসব জায়গায় গ্রামের মানুষ তৈরি করবে। সেটাকে মার্কেটিং করবার জন্য যা ব্যবস্থা নেওয়ার দরকার মডেল সিস্টেমে, সেটাও আমরা করব। এটা আপনাদেরকে আমি জানালাম। আর এমপ্লয়মেন্ট জেনারেশন আপনাদেরকে আমি বলেছি। আমি ট্রেনিং প্রোগ্রামের ব্যাপারে বলতে চাই। যারা ভালো ভালো ট্রেনার, ধরুন মেয়েরা বিউটিশিয়ান কোর্স শিখতে চায়, পাড়ার মধ্যে বসে একটা

বিউটিশিয়ান কোর্স করল, সে তো চলবে না। তাদের বিউটিশিয়ান কোর্স শেখাব। বড় বড় প্রফেশনাল গ্রুপ যারা আছে কলকাতায়, গ্রামের দিকেও যারা আছে, সেসব খুঁজছি, যারা সত্যিকারের ট্রেনিং দেবে এবং ট্রেনিং দেওয়ার পর সেই মহিলা কিছু রোজগার করতে পারবে। তাদের হাতে কিট থাকবে, তাদের আমরা কিট ফ্রি দেব। যাতে সবরকম কাজ করতে পারে। আপনারা ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিকে মেরে ফেলেছিলেন, গত ৩০ বছর চলতে দেননি, শিল্পকে নষ্ট করে ফেলেছেন। আমি এখন লেটেস্ট সি.এন.সি. মেশিন, যা পশ্চিমবঙ্গে লস হয়েছে, হাওড়া ছিল শেফিল্ড, সেখানে আপনারা কাজ বন্ধ করে করে যা করেছেন তাতে তারা চলে গেছে ভারতবর্ষের অন্যান্য অংশে, সেখানে প্রোডাকশন করছে। আমরা আবার বাংলায় ওই সি.এন.সি. মেশিন থেকে যত মডার্ন মেশিন আছে, সেইগুলোকে নিয়ে এসে সেসব জায়গায় ছেলে-মেয়েদের ট্রেনিং দেব যাতে, ওয়ার্কশপে ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির টেকনিক্যাল জ্ঞান যা লস, আমাদের ছেলেরা করতে পারছে না, সেই ছেলেদের আবার ট্রেনিং দেব। শেখ, তোমরা শেখ। তুমি হয়ত ক্লাস ১০ পাশ করেছ, তোমাদের সি.এম.সি. মেশিন, মডার্ন মেশিন দেব, যেটা পৃথিবীময় চলে। এখন দেখছি একটা ড্রিল মেশিন বা অন্য মেশিন পড়ে আছে, সেইগুলো চলবে না। মডার্ন সিস্টেমের চলবে না। মডার্ন সিস্টেমে প্রযুক্তি নিয়ে আসতে হবে। সেই প্রযুক্তির জন্য ছেলেদের তৈরি করতে হবে। হাজার হাজার ছেলে রাস্তায় ঘুরছে, কাজ নেই।

মিঃ স্পীকার : আপনার সময় শেষ হয়ে যাচ্ছে, হাউসের অনুমতি নিয়ে আরও ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী সাধন পাণ্ডে : কাজ খুঁজছে মানুষ। ধরুন একটা প্রতিষ্ঠান ভালো মানুষ খুঁজছে, আর মানুষ খুঁজছে কাজ। দুটো প্যারালাল লাইন চলছে—মানুষ খুঁজছে কাজ আর কাজ খুঁজছে মানুষ। তার মানে, দুটো পয়েন্ট মিলিত হয় না। আমাদের সরকার আর মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার এই দুটোকে মিলিত করবে। সেইজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। আমাদের ছেলেরা বসে থাকবে না। দু-তিনটে জেনারেশন নষ্ট হয়ে গেছে। ৪০ বছর বয়স, তার কাজ করার কিছু নেই, সে কিছু জানে না। ৩০ বছর, ৪০ বছর, ৫০ বছর বয়স, তারা কিছু জানে না। আজকে ২০ বছরের ছেলেদের আমরা শেখাব, ১৮ বছরের ছেলেদের আমরা শেখাব, যাতে সে তৈরি হয়ে আমাদের ইন্ডাস্ট্রিকে সাহায্য করতে পারে। মনে রাখবেন কত ক্ষতি আপনারা করে দিয়ে গেছেন। আমি আর বেশী কিছু বলব না, শুধু বলব এই ডিপার্টমেন্টের বাজেট, আপনারা সবাই সহযোগিতা করবেন, লিখবেন, আমাকে নোট দেবেন, উপদেশ দেবেন, আমি সবার উপদেশ নিতে রাজি আছি, যদি আমরা ফরোয়ার্ড চলি, ফরোয়ার্ডের জন্য যে কোনো উপদেশ নেব, ব্যাকওয়ার্ডের জন্য কোনো উপদেশ নেব না। আমাদের কাজ করতে হবে। আই নো হোয়াট টু ডু। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 410,13,54,000 be granted for expenditure under Demand No.59, Major Heads : "2052-Secretariat-

General Services, 2204-Sports and Youth Services, 2435-Other Agricultural Programmes, 2515-Other Rural Development Programmes and 4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 136,71,20,000 already voted on account.)

As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it, Ayes have it.

The Demand No. 59 is passed.

Adjournment

The House was then adjourned at 4.34 p.m. till 11.00 a.m. on Wednesday, the 3rd June, 2015 at the Assembly House, Kolkata..

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 3rd June, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 23 Ministers, 6 Ministers of State, 12 Parliamentary Secretaries and 139 Members.

[11.00 - 11.10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন বিদ্যুৎ সংযোগ

*১৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫) **শ্রী সমীর কুমার জানা** : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত দক্ষিণ ২৪-পরগনা জেলায় কতগুলি নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে?

শ্রী মণীশ গুপ্ত :

৭,৯৭,৯০৬টি।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। সোনাখালি ১৩২ কে.ভি. সাবস্টেশন নিয়ে সরকারের কি পরিকল্পনা আছে অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী মণীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই, উপস্থিত অবস্থায় সোনাখালিতে একটা ৩৩ কে.ভি. সাবস্টেশন আছে। এখন এই সাব স্টেশন থেকে বাসন্তী, চূণাখালি এবং গোসাবায় বিদ্যুৎ সরবরাহ করা হয়। এখন মূলত এই এলাকায়, আমরা দেখেছি ২০১১-র আগে পর্যন্ত কোনো চিন্তাভাবনা ছিল না যে সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে কি করে বিদ্যুৎ নিয়ে যাওয়া যায়। আমরা আমাদের আসার পরে ২০১২ সালে আমরা একটা ৫৫ কিলোমিটার ইলেভেন কে.ভি'র একটা লাইন আমরা গোসাবাতে নিয়ে যাই বিদ্যাধরী পার করে। কিন্তু ওখানে একটা লো-ভোল্টেজের সমস্যা আছে। এই যে সাপ্লাইটা বাণতলা ২২০ কে.ভি. সাব স্টেশন থেকে ৯৫ কিলোমিটার অতিক্রম করে জীবনতলা ৩৩ কে.ভি. সাবস্টেশন থেকে সোনাখালিতে নিয়ে যাওয়া হয়। আমরা উপস্থিত ব্যবস্থায় সোনাখালিতে একটা ১৩২ কে.ভি.

সাবস্টেশন নির্মাণের সিদ্ধান্ত নিয়েছি। এটাতে আমাদের প্রায় ২২ কোটি টাকা খরচ হবে। এবং এই সাব স্টেশনে ১৩২ কে.ভি. লাইনটা সুভাষগ্রাম থেকে ২২০ কে.ভি. সাবস্টেশন থেকে, ৪১ কিলোমিটার অতিক্রম করে সোনাখালিতে ১৩২ কে.ভি. সাবস্টেশনে নিয়ে যাওয়া হবে। এই কাজটা আমাদের অগাস্ট ২০১৫-তে শেষ হবে এবং এটা করলে ডাবল সার্কিট লাইন করলে এই যে লো ভোল্টেজের সমস্যা আছে গোসাবা, বাসন্তী বা চুণাখালিতে এটার সমাধান হবে।

শ্রী সমীর কুমার জানা : অশেষ ধন্যবাদ। আমার অতিরিক্ত প্রশ্ন। গত এক বছরে দক্ষিণ ২৪-পরগনা জেলায় কতগুলি সাব স্টেশন তৈরি হয়েছে?

শ্রী মণীশ গুপ্ত : সাব স্টেশন দু-রকমের আছে। ১৩২ কে.ভি.। আর ৩৩ কে.ভি.। সিরাকোলে একটা ১৩২ কে.ভি. সাবস্টেশন নির্মাণ হয়েছে এবং সেটা চালু করা হয়েছে। খড়িবেড়িয়াতে একটা ৩৩ কে.ভি. সাবস্টেশন চালু করা হয়েছে। পৈতা, বজবজে একটা ৩৩ কে.ভি. করা হয়েছে এবং জামতলা, কুলতলিতে একটা ৩৩ কে.ভি.'র একটা সাব স্টেশন করা হয়েছে। তাছাড়া, আপাতত অবস্থায় চারটে সাব স্টেশনের কাজ চলছে। একটা হচ্ছে গোসাবা ৩৩ কে.ভি., সুন্দরিহাট মথুরাপুর দুই নাম্বার ব্লকে ৩৩ কে.ভি., দক্ষিণ শিবগঞ্জ এটা হচ্ছে পাথরপ্রতিমা ব্লকে এটারও কাজ চলছে এবং সোনাখালির টেন্ডার হয়েছে।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীকে জানাতে চাইছি যে, বিদ্যুতের সমস্যাটা খুব জটিল হয়ে যাচ্ছে। আমার জয়নগর এক এবং দুই নাম্বার ব্লকে ১১ কে.ভি. পাওয়ার কথা সেখানে ৬ কে.ভি. পাওয়া যাচ্ছে এবং এরসাথে লো ভোল্টেজ সমস্যাটা অত্যন্ত অ্যাকুরেট। এছাড়াও বি আর জি এফের যে কাজ হচ্ছে, সেক্ষেত্রে এক্সটেনশন লাইন এখনও বহু মৌজায় যায়নি। কিছু মৌজায় আট-দশ মাস আগে কিছু পোল গিয়েছে। কিন্তু লাইন যায়নি কানেকশন দূরের কথা। ফলে এই লো ভোল্টেজের সমস্যা এবং বি আর জি এফের কাজ কতমাসের মধ্যে শেষ হবে বা এই ব্যাপারে আপনি কি ভাবনাচিন্তা করছেন বা কি মেজর নিচ্ছেন।

শ্রী মণীশ গুপ্ত : মূলতঃ যে কটা ব্লক আছে সাউথ ২৪-পরগনাতে সেখানে দেখতে পাচ্ছি, যেমন, ভাঙড়, বজবজ এইসব এলাকাতে প্রায় একশো শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। বিষ্ণুপুর, মহেশতলা, বারুইপুর এখানে প্রায় নব্বই শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। এই যে কাজগুলি হচ্ছে এর সাথে গ্রাহকও বাড়ছে। সেইজন্য আমরা কিছু কিছু এলাকাতে নতুন করে সাবস্টেশন নির্মাণ করছি। কয়েকটা হয়েছে এবং আরও কয়েকটা হবে। আনকভারড এরিয়াতে লাইন যখন যাবে, তখন বিদ্যুৎ পাবেন। আর বি আর জি এফের কাজটা ডিসেম্বরের মধ্যে শেষ হবে। ডিসেম্বর মাসের মধ্যে আপনার এলাকার বি আর জি এফের কাজটা শেষ হয়ে যাবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — মুখ্যমন্ত্রী বলেছিলেন বিদ্যুতের বিল বাড়ানো হবে না। কৃষকদের স্বার্থে বিদ্যুৎ বিলে সাবসিডি দেওয়ার কথা চিন্তাভাবনা করছেন কি?

শ্রী মণীশ গুপ্ত : বিদ্যুতের বিল তো বাড়ানো হয়নি। মুখ্যমন্ত্রী বলেছিলেন যে বিদ্যুতের মাশুল কমানো হবে। সেটা কমানো হয়েছে। আপনি দেখুন ইরিগেশানে '১৩-১৪-তে ছিল চার টাকা পাঁচ পয়সা, সেটা কমে চার টাকা তিন পয়সা করা হয়েছে। পিক ডিম্যান্ড যেটা সাত টাকা আশি পয়সা ছিল, সেটা কমিয়ে সাত টাকা আটাত্তর পয়সা করা হয়েছে। অফ পিকে দু-টাকা তেষট্টি পয়সার জায়গায় দু-টাকা একষট্টি পয়সা করা হয়েছে। সুতরাং এক্ষেত্রে বেড়েছে কোথায়?

শ্রী সমরেশ দাস : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন — বিভিন্ন জেলাতে নতুন নতুন অনেক সাবস্টেশন হচ্ছে। তার জন্য ধন্যবাদ। আমি জানতে চাই পূর্ব মেদিনীপুর জেলায় কটি নতুন সাবস্টেশন হয়েছে। বিশেষ করে এগরা বিধানসভা কেন্দ্রে কত হয়েছে?

শ্রী মণীশ গুপ্ত : এই ব্যাপারে আপনি আলাদা প্রশ্ন করুন। এভাবে কোথায় জেলাওয়াড়ি সাবস্টেশন হচ্ছে সেই ব্যাপারে একটা লিস্ট করে দিতে হবে। আপনি যদি চান আপনাকে আমি পাঠিয়ে দিতে পারি।

ডঃ অনুপ ঘোষাল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন — বারুইপুর সোনারপুর এই সমস্ত অঞ্চলে বিদ্যুতের অবস্থা এখন ভালো। পূর্বতন অবস্থার থেকে এখন অনেক উন্নত এবং লোডশেডিং কম হয়। কিন্তু তবুও কোনো কোনো জায়গায় সেখানে লোডশেডিং হচ্ছে। এর কারণ কি?

শ্রী মণীশ গুপ্ত : আপনি বোধহয় বিগত দুই মাসের কথা বলছেন। এই যে কালবৈশাখী এই বছর খুব বেশী হয়েছে। কলকাতাতে খুব একটা হয়নি। কিন্তু পার্শ্ববর্তী অঞ্চলে হয়েছে বিভিন্ন জেলায় হয়েছে। এই ঝড়ের জন্য পোল পড়ে যায়, লাইন ছিঁড়ে যায়, এগুলো রিপেয়ার করতে টাইম লাগে। তাছাড়া যে সাবস্টেশনের কথা বলছিলাম, টংতলা এবং কুমোরহাটে দুটো নতুন সাবস্টেশন নির্মাণ করা হবে।

[11.10 - 11.20 a.m.]

শ্রী সুভাষ নস্কর : স্যার, মাননীয় মন্ত্রিমহোদয়কে ধন্যবাদ, তিনি গত বছর এখানে বলেছিলেন, ২০১৪ সালে রাজ্যের প্রতিটি ঘরে বিদ্যুৎ পৌঁছে যাবে। এর আগেও রাজীব গান্ধী মিশনের পক্ষ থেকেও বলা হয়েছিল ২০১০ সালে, দেশের সমস্ত ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে যাবে। কোনোটাই মিলছে না স্যার। আমি শুধু বলি, সোনাখালি এলাকায় আপনি যেটা বললেন — ধন্যবাদ - ১৩২ কে.ভি. করবেন। টেনে নিয়ে গোসাবাতে বিদ্যুৎ দিলেন। আমার অনুরোধ, কিছুদিন আগে বাসন্তী এলাকার প্রতিটি রাস্তার মোড়ে মোড়ে বিক্ষোভ দেখিয়েছে, রাস্তা অবরোধ, করেছে। লাইন আছে, খুঁটি আছে, তার টাঙানো আছে, বাড়িতে বাড়িতে সমস্ত সরঞ্জাম আছে, কিন্তু ফিলোমিটার জ্বলছে না। সেই মোমবাতি, সেই হ্যারিকেন, সেই ল্যাম্প — সেটা দিয়েই কাজ চালাতে হচ্ছে, পড়াশুনা বলুন - এভিথিং। দয়া করে বাসন্তীটার সর্বনাশ করে দিয়ে গোসাবায় টেনে নিয়ে যাবেন কেন? সোনাখালিতে তো একটা আলাদা আছে, সেটাকে

স্ট্রেনদেন করুন। গোসাবার সবকটা আইল্যান্ড এখনো পর্যন্ত বিচ্ছিন্ন অবস্থায় আছে। আইল্যান্ডের জন্য স্পেশ্যাল একটা ব্যবস্থা করুন, সেখানে ১৩২ কে.ভি. নিয়ে যান। তাহলে গোসাবার আইল্যান্ড বিস্তৃত এলাকায় করা যায়। এটাই আমার অনুরোধ।

শ্রী মণীশ গুপ্ত : এখন যে লাইনটা যাচ্ছে, সেটা ১১ কে.ভি.-র লাইন। ফলে লোড নিতে পারে না। অনেক লম্বা লাইন হলে ভোল্টেজটা কমে যায়। সোনাখালিতে ১৩৩ তো আছে। ওখানে ১৩২ করলে ওখান থেকে আমরা ৩৩ কে.ভি. লাইনটা পার করে নেবো। ওই ৩৩ কে.ভি. লাইন পার করলে গোসাবার প্রত্যন্ত অঞ্চলের বা দ্বীপগুলোতে ভোল্টেজের কোনো সমস্যা হবে না। ...(নয়েজ)... ওটাতে কোনো অসুবিধা হবে না। যেটা আপনি বলছেন আলাদা করার, আপাতত আমরা দেখছি না যে কোনো দরকার আছে। আপনি যে সমস্যার কথা ভাবছেন, সেটা থাকবে না।

ডঃ আবুল কাসেম মোল্লা : মাননীয় স্পীকার স্যার, আপনার অনুমতি নিয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আপনাকে প্রথমে ধন্যবাদ জানাই বিদ্যুতের অবস্থার উন্নতির জন্য, যা সারা পশ্চিমবাংলাতেই ঘটেছে। কিন্তু একটা জিনিস জানতে চাই, যে তারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ হয় সমস্ত জায়গাতে — গ্রাম বাংলায় বলুন, শহরে বলুন, সেই তার বহু পুরোনো হয়ে গেছে। সামান্য ঝড় হলে বা কিছু হলে ছিঁড়ে যাচ্ছে। এই তার পরিবর্তন করার কোনো বন্দোবস্ত করেছেন কিনা বা তার জন্য বরাদ্দ আছে কিনা?

শ্রী মণীশ গুপ্ত : দেখুন, এই পরিকাঠামোটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। বিদ্যুতের বিষয়বস্তুগুলো কি সেটা যদি আমরা ভাবি, তাহলে আপনি দেখবেন যে, প্রথমে উৎপাদনের একটা ব্যাপার আছে, তারপরে সংবহন। মূল পরিকাঠামো অর্থাৎ সাবস্টেশন এবং লাইনের মধ্যে দিয়ে যায়। একটাকে এইচ.টি. লাইন বলা হয় — হাই টেনশন লাইন একটা লো টেনশন লাইন। তারপরে যখন আমরা আরো এগিয়ে যাই, গ্রামে-গঞ্জে যাই, ওখানে ট্রান্সফরমার ডি.টি.আর. আপনারা জানেন। ট্রান্সফরমার বসাতে হয়, বসিয়ে ১১ কে.ভি.টাকে নামিয়ে ২২০-তে আমরা নিয়ে যাই। এখন এই যে পরিকাঠামোর উন্নতি, এটাতে একদিনে করা যায় না। এগুলো আগের থেকে ভাবা উচিত ছিল। আমরা দেখেছি ২০১১ সালের আগে কোনো চিন্তা-ভাবনাই ছিল না, নাহলে এতগুলো কাজ কি করতে হয় এখন? ৮২টা সাবস্টেশন আমরা তৈরি করেছি। এই সাবস্টেশনের মধ্যে হাই ভোল্টেজ আছে, ৩৩ কে.ভি. আছে, ১৩২ কে.ভি. আছে এবং আরো সাবস্টেশন আমাদের তৈরি করতে হবে এবং তার সাথে সাথে মাননীয় বিধায়ক মহাশয় যেটা বললেন, আমরা তার সাথে একটা প্রোগ্রাম নিয়েছি বিভিন্ন জায়গায় তার বদলি করার। কারণ, তার যদি পুরোনো হয়, লোড নিতে পারে না, তার জন্য লো ভোল্টেজ হয়, তার ছিঁড়ে যায়। এটা উনি ভালো কথা বলেছেন। আমাদের যে একটা প্রোগ্রাম আছে, এটা কিন্তু তার মধ্যে অন্তর্ভুক্ত করা আছে এবং এর জন্য এক বছরের মধ্যে আমরা ধরুন প্রায় ৪ হাজার ২৪০ কোটি টাকার একটা প্রোগাম নিয়েছি। পরিকাঠামোর উন্নতি করার জন্য। তারমধ্যে এই তার পাল্টানোর প্রোগ্রামটাও আছে।

শ্রীমতী অপর্ণা সাহা : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী স্বীকার করেন বা নাই করেন, গত দু'বছরে ৭ বার বিদ্যুতের বিল বেড়েছে। আমার যেটা প্রশ্ন, এগ্রিকালচারের ক্ষেতে, ডোমেস্টিক ক্ষেত্রে এবং বিদ্যালয় প্রাঙ্গণে বিদ্যুৎ বিল কমানোর কোনো পরিকল্পনা মাননীয় মন্ত্রী নিয়েছেন কিনা?

শ্রী মণীশ গুপ্ত : না, না, এই রকম, কোনো পরিকল্পনা নেই, আমরা তো একবার কমালাম, মূলত আপনাকে এটা বুঝতে হবে বিদ্যুতের যে মাসুল সেটা রাজ্য সরকার ঠিক করেন না। এই যে আমাদের যারা বিদ্যুতের সংস্থা আছে, তারা একবারে পর পর তিন বছরের balance sheet যেটা বলে কিংবা tariff petition যেটা বলে, ধরে নিন balance sheet, সেটা বিদ্যুৎ নিয়ন্ত্রণ কমিশন ERC-র কাছে পাঠানো হয়। সেটা পাঠাবার পর public hearing ওনারা করেন, ওনারা একটা স্বাধীন সংস্থা, তারা করেন। তার পর তারা একটা ন্যায্য দাম ধরে দেন, তার একটা notification বেরোয়, তারাই তখন বলে দেন যে মাসুলটা কত হবে। আমরা ঠিক করি না।

বিচারাধীন বন্দীর সংখ্যা

*১৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩১) **শ্রী তজমুল হোসেন :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ আর্থিক বছরের নিরিখে রাজ্যে বিচারাধীন বন্দীর সংখ্যা কত?

শ্রী হায়দার আজিজ সফি :

স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে রিপ্লাই দিচ্ছি ২০১৩-১৪ ও ২০১৪-১৫ আর্থিক বছরের নিরিখে রাজ্যে বিচারাধীন বন্দীর সংখ্যা যথাক্রমে গড়ে ১৬,৩০৫ এবং ১৫,৩০৬।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন তিনি উত্তর দিয়েছেন ১৬,৩০৫ এবং ১৫,৩০৬। এই ষোলো হাজার এবং পনেরো হাজার এটা দু-প্রকার কি রকম? আর আমার যেটা মূল প্রশ্ন স্যার, রাজ্যে যতগুলি কারাগা আছে তার বন্দী রাখার সংখ্যা কত? অধিক সংখ্যক বন্দী রাখার জন্য সরকারের কোনো চিন্তা-ভাবনা আছে কি?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে রিপ্লাই দিচ্ছি যে total number of prisoners as on 1.5.15 হচ্ছে 21,755, আপনি যদি break up চান আমি break up করে দিতে পারি। ওর মধ্যে আমাদের ক্যাপাসিটি হচ্ছে 20,916, সেখানে আছে 21,755 ওর মধ্যে under trial হচ্ছে ১৪,৮১০, convicts হচ্ছে 5661, contempt হচ্ছে 9, others হচ্ছে 8, Jan Khalas ১০১৪, Jan Khalas মানে হচ্ছে যারা foreigner, Those who have completed the term of conviction কিন্তু কেউ ছাড়া পাচ্ছে না, বেল পাচ্ছে না, মানে বেরোতে পারছে না। জেনারেলি এরা

বাংলাদেশী mostly। আমরা Bangladesh Mission-কে লিখে দিই যে এরা Jan Khalas আছে। আপনারা ওদেরকে verify করে নিন। ওরা verify করে ব্যবস্থা করে দেয়। আর বাচ্ছারা আছে 263। এই হচ্ছে টোটাল আমাদের as on 1.5.2015।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন যে সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা কত? এবং মোট এই বন্দীদের মধ্যে রাজনৈতিক বন্দীর সংখ্যা কত?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে রিপ্লাই দিচ্ছি, রাজনৈতিক বন্দী হচ্ছে 44, including three women।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অতিরিক্ত প্রশ্ন ভারতবর্ষে open jail নেই। ভারতবর্ষে open jail বা পশ্চিমবঙ্গে open jail করার কোনো পরিকল্পনা আছে কি? ভারতবর্ষের বাইরে অনেক রাজ্যে, অনেক দেশে open jail আছে। যেখানে কম সাজাপ্রাপ্ত যে সমস্ত কয়েদী রয়েছেন তাদেরকে open jail-এ রাখা হয় ভারতবর্ষের বাইরে। আমাদের পশ্চিমবঙ্গে এরকম ধরনের কোনো পরিকল্পনা আছে কিনা যদি জানান উপকৃত হব।

[11.20 - 11.30 a.m.]

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে reply দিচ্ছি, আমাদের এখন Open Correctional Home দুটো আছে। একটা পুরোনো আছে লালগোলাতে আর লাস্ট ইয়ারে আমি open করেছি দুর্গাপুরে। আমাদের এখানে দুটো আছে। আমরা আর একটা North Bengal-এ Open Correctional Home start করার চেষ্টা করছি। এটার procedure আরম্ভ হয়েছে। আমি চেষ্টা করছি রায়গঞ্জে করে দেওয়ার জন্য। Actually এখানে short term রাখা হয় না, convict-দের রাখা হয়। Convict-দের আমরা conduct দেখে নিই, কারো ১৫-২০ বছর হয়ে গেছে, কারো ঠিক আছে, তখন আমরা এদের Open Correctional Home-এ পাঠিয়ে দিই। Open Correctional Home হল তিনটি category-তে A, B and C, C-টা হচ্ছে একেবারে any time coming and going. লালগোলাতে আমরা ওদের family allow করে দিয়েছি ওদের সঙ্গে থাকার। কিন্তু they have to earn the own livelihood. এই অবধি হল যে, সকাল ৬টা থেকে রাত্রি ৮টা অবধি ছেড়ে দেওয়া হয়। আবার রাত্রি ৮টা থেকে রাখা হয় এবং ওরা চাকরি করছে। যেমন, দুর্গাপুরে আমাদের Open Correctional Home আছে, এটা খুব কাজে লাগছে, প্রত্যেক লোক চাকরি পেয়ে গেছে। যেদিন আমি ওটা আমি ওপেন করেছি ওইদিন অনেক NGO এলো কেউ সাইকেল donate করে দিয়েছে কেউ রিকশা donate করে দিয়েছে, মানে big help.

শ্রী নবীন চন্দ্র বাগ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, সংশোধনাগারে কয়েদীদের ভেতরে আবাসিকদের NGO-রা প্রশিক্ষণ দেয়, সেই প্রশিক্ষণের বিষয়বস্তুগুলি কি কি এবং সেগুলো কখন দেওয়া হয়?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আমাদের এবার হয়েছে মাধ্যমিক পরীক্ষায় total number 58 appeared in 2014, altogether 52 passed. Five of them pased with 'A' Grade পেয়েছে। এবার ৩০ জন appear করেছিল মাধ্যমিক পরীক্ষায়, All the thirty have cleared. Higher Secondary-তে ১৫ জন appear করেছে, এই ১৫ জনের result এখনও আমার কাছে আসেনি। আমাদের এখানে এছাড়া দিন দশেক আগে আমি একটা মহিলা সংশোধনাগারে একটা আমি ওপেন করে বাচ্চাদের teaching-এর জন্যে। এখনও অবধি আমরা ৫ বছর অবধি বাচ্চাদের রাখতাম যারা মহিলা আছে ওদের ৫ বছর বয়স অবধি। কিন্তু Supreme Court-এর order আছে, বলেছে ওটা ৬ বছর অবধি করে দিতে হবে বাচ্চাদের। আমরা ৬ বছর অবধি রাখছি। Last week আমি একটা inaugurate করেছি মহিলা Correctional Home-এ, NGO এসেছে, ওরা লেখাপড়া করাচ্ছে। যারা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক দেবে তাদের সবরকমই সাহায্য আমরা করছি। বাইরে থেকে অনেক NGO এসেছে। They help us. আমাদের লোকও support করে। আপনি দেখুন ৩০ জন appear করল এবং all the thirty passed.

শ্রী অশোক সাউ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন যে, চন্দননগরসহ হুগলি জেলায় কতগুলো অস্থায়ী কর্মী আছে এই সংশোধনাগারে? এবং তাদের স্থায়ী করার জন্য কি চিন্তাভাবনা করছে এই সরকার।

শ্রী হায়দার আজিজ সফি : এই matter-টা court-এ pending আছে। এখন আমি figure-টা আনিনি। আপনি যদি লেখেন আমি আপনাকে reply দিয়ে দেব। আমার মনে হয় ৫-৬ জন আছে। I don't know. It may be 10/12.

শ্রী বিরাম মাণ্ডি : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এখনও জেলে কিছু মহিলা কারারক্ষী আছেন চুক্তির ভিত্তিতে। তাদের নামমাত্র ১৫০০ টাকা দেওয়া হয়। তাদের এই টাকা বাড়ানোর কোনো পরিকল্পনা আছে কি না? যদি অনুগ্রহ করে হাউসে বলেন।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, একটা proposal আছে। এটা আমরা follow up করছি। আমাদের ১০৫ মতো vacancy আছে। ওটা আমরা recruitment করছি। আপনারা জানেন যে, আমাদের recruitment process is on রয়েছে। Total প্রায় ৭০০ মতো লোক আমরা নিচ্ছি। এরমধ্যে ৬০০ থেকে সোয়া ৬০০ এবং ১০৫ থেকে ১১০ মতো আছে। আপনি যার কথা বলছেন, যাদের দেওয়ার কথা, ওটা এখনও চলছে, কিন্তু It will take a lot of time. ওটা একটা casual employment হয়েছিল অনেক আগে। এদের কোনো service condition নেই, কিছু নেই।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, এই বছরে ২০১৫ সালে যে মাধ্যমিক উচ্চমাধ্যমিক পরীক্ষা হয়ে গেল, তাতে কতজন এই বিচারাধীন বন্দী পরীক্ষা দিয়েছিল এবং তাদের রেজাল্ট কি হয়েছে যদি বলেন।

মিঃ স্পীকার : উনি অলরেডি এটার উত্তর দিয়ে দিয়েছেন, আপনি বোধহয় লক্ষ করেননি।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker, Sir, throgh you, I would like to know one information from the Hon'ble Correctional Home Minister. Sir, when the earthquake happened during that time Hon'ble Shri Sankar Chakraborty Saheb was the Correctional Home Minister. He had visited there and he had seen the condition of the jail. It is damaged beyond repair. When Hon'ble Safwi Saheb had visited, he had also seen the place and we have requested him if something can be done to shift that correctional home because there is no chance of repairing yet for further use. It has to be dismantled and make again. Is the Hon'ble Minister giving any thought in that direction that a new correctional home would be constructed in different place? Because it is locaed in the middle of the town which is a loveley place and such place should not be under conrrectional home. It should be shifted to a new place and we talked about the new place also. Is there any proposal under consideration of the Hon'ble Minister?

শ্রী হায়দার আজিজ সফি : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে অনারেবল মেম্বারকে রিপ্লাই দিচ্ছি, নো। এটার কোনো রিটিন প্রপোজাল নেই। আপনার সঙ্গে আমার ভার্বাল ডিসকাশান হয়েছিল, আই এগ্রি, যেখানে কালিম্পঙে যে কারেকশানাল হোমটা রয়েছে এটা প্রাইম ল্যান্ড। আমি একজাক্ট একজাম্পল দিচ্ছি যেমন এখানে আলিপুরেরটা বা প্রেসিডেন্সি এতো প্রাইম ল্যান্ড আছে। এটা আমি আপনাকে বলছি মানে এখনও কোনো রাইটিং নেই, আপনি আমাকে সাজেশান দিন, I will come to Kalimpong and visit the place and I will fully agree যে ওইটা ওখান থেকে শিফট করা যেতে পারে। কিন্তু জায়গা, আমার কাছে কোনো প্রপোজাল নেই। আপনি আমার কাছে প্রপোজাল নিয়ে আসুন, I will do that. যে রকম আমি চেষ্টা করছি আলিপুরে, I have requested District Magistrate for 35 acres of land. যদি ওখানে একটা সেন্ট্রাল কারেকশানাল হোম করে দেবো, পরে দেখা যাবে, এটা ঠিকই, হাওড়াতে তো টাউনের মধ্যে আছে, It is not desirable but আছে, ৫০ বছর ধরে।

শ্রী তাপস রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন। প্রশ্নটি হল, মাঝে মধ্যে আমরা কাগজে দেখি যে dreaded ক্রিমিনালস, টেরোরিস্ট, ইন্টারন্যাশনাল, ন্যাশানাল এবং স্টেটে, তারা অপারেট করছে জেল থেকে থ্রু মোবাইলস। এই ব্যাপারে আপনি কি ধরনের মেজারস নিয়েছেন তাদের মোবাইল ব্যবহার না করা এবং রেসট্রিক্ট করার জন্যে। এবং জ্যামার কি ব্যবহার হচ্ছে? হলে, কোথায় কোথায় হচ্ছে?

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আমি রিপ্লাই দিচ্ছি। আমরা ফ্রম টাইম টু টাইম সার্চ করা হয় রেগুলার বেসিসে হয়। আমাদের ডিপার্টমেন্টও করে, পুলিশ থেকেও আমরা সাহায্য নিয়ে করি। একজাক্ট ফিগার আমার কাছে নেই। আপনি যদি বলেন আমি জানিয়ে দেব, ৪০০-র উপরে লাস্ট ঈয়ারে সিজার হয়েছে। তিনটে জ্যামারের প্রপোজাল আছে, একটা দমদমে অলরেডি কাজ করছে। ইনস্টল হয়ে গেছে। ওখান থেকে আর কথা বলা যায় না। Presidency and Alipur is in the process। এটা শীঘ্রই হয়ে যাবে। মনে হয়, প্রেসিডেন্সি ৫/৭ দিনের মধ্যে হয়ে যাবে। ওই রকম আলিপুর আছে। জ্যামার আমরা বসিয়েছি। কিন্তু ইট কস্ট এ লট। তিনটে জ্যামারের কস্ট মোর দ্যান ইলেভেন ক্রোরস। আমার তো ইচ্ছা আছে, সব জায়গায় আমি করে দিই। বাট, এত টাকা You will agree with me, 11 crores for the jammer তারপরে 2G, 3G, 4G, 5G it has to be updated for time to time. কিন্তু অলরেডি দমদমে কাজ করছে, প্রেসিডেন্সি আলিপুরে ইন দি প্রসেস।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, ধন্যবাদ আপনাকে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধমে মাননীয় মন্ত্রিমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। জেলে সাজা প্রাপ্ত এবং আন্ডার ট্রায়াল বন্দীরা আছেন, তাদের বাড়ির লোকজন দেখা করার জন্য যান। প্রেসিডেন্সি বা এইসব সেন্ট্রাল জেল, মহকুমা জেল ইত্যাদি দেখা করতে যান। কিছু অভিযোগ আমরা পাই যে হয়রান করা হয়, কিছু দুর্নীতিরও ব্যাপার আছে, এইসব ঘটনা আছে। এই সঙ্গেই সম্পর্কিত সেটা হল, বিধায়ক প্রাক্তন বিধায়ক এম পি, এম এল এ মানে জেলে সাক্ষাত করার জন্য যান, কিছু এম এল এ এখানে মাননীয় অধ্যক্ষের হস্তক্ষেপও চেয়েছেন, তারা হেনস্থা হয়েছেন। তারা জেলে দেখা করতে গিয়ে হেনস্থা হয়েছেন, তারা ভালো ব্যবহার পাননি। এই রকম স্পষ্ট কি কোনো নির্দেশিকা আছে, কোনো কানো স্তরের জনপ্রতিনিধিরা সাক্ষাৎ করতে গেলে, তার কি ট্রিটমেন্ট পাবেন এই রকম কোনো নিয়মাবলী আছে কি। আর হয়রান যে হচ্ছে সেটা বন্ধ করার জন্য আপনার কোনো উদ্যোগ আছে কিনা এটা যদি দয়া করে বলেন।

[11.30 - 11.40 a.m.]

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, there is no specific provision জনপ্রতিনিধিদের আলাদা ট্রিটমেন্ট দেওয়া হবে there is no such proposal. এই ব্যাপারে আপনারা বিধানসভায় যদি আইন পাশ করেন, তাহলে আমি ব্যবস্থা করে দেব। পাশ নিয়ে আপনি যান বা উনি যান সবাই কিন্তু একই ক্যাটাগরির মধ্যে আছে, এটাই আমি আপনাকে বলছি। আমরা ফ্রেন্ডস ক্যাটাগরি যেটা আছে সেটা রেস্ট্রিক্ট করছি। আমার কাছে কিছু স্পেসিফিক ইনফর্মেশান এসেছে, একটা পার্টিকুলার ক্যাটাগরি আন্ডার ট্রায়াল, conspiring ফ্রেন্ডস নামে এসে ওরা জ্বালাতন করছে, এটা আমি বন্ধ করার চেষ্টা করছি। কিন্তু there is no provision, তাদের special treatment দেওয়া হবে।

শ্রী গৌর চন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন, যারা বিচারাধীন অবস্থায় সংশোধনাগারে আছেন তারা সমাজের সাথে

পরিবারের সাথে বিচ্ছিন্ন অবস্থায় আছেন। সেই অবস্থাতে সাজাপ্রাপ্ত হয়ে তারা যখন সমাজে ফিরে আসে, তখন ফিরে আসার পরে সমাজের সাথে সম্পর্ক তৈরি করতে অনেক সময় লাগে। সেই অবস্থাতে তাদের সমাজে প্রতিষ্ঠিত হওয়ার ব্যাপারে তারা কি সুযোগ-সুবিধা পাবেন সেই ব্যাপারে আপনার কাছে জানতে চাইছি।

শ্রী হায়দার আজিজ সফি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি, বিচারাধীন বন্দী বা কনভিক্টস যারা আছে তাদের আমরা নানারকম ট্রেনিং দিচ্ছি। এর একটা বড় লিস্ট আছে, যদি আপনি চান তাহলে আপনাকে আমি দিয়ে দেব। এর থেকে কয়েকটি আমি বলছি, টেলারিং, টীচিং, নীটিং, উইভিং, মসক্যুইটো নেট, ভার্মি কম্পোজড, গার্ডেনিং, অয়েল মিল, বেকারি ইত্যাদি। রিসেন্টলি আমরা লেদারের ট্রেনিংও দিয়েছি। এছাড়াও আপনারা জানেন কালচারাল শো হচ্ছে। কয়েকটি এন.জি.ও. আছে তারা এসে এখানে কয়েকটি শো অর্গানাইজড করেছে।

শ্রী উদয়ন গুহ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বিচারাধীন বন্দী যিনি সরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছেন, হাসপাতাল থেকে তিনি মোবাইল ব্যবহার করছেন। সেটা বন্ধ করার কোনো ব্যবস্থা কি আপনার আছে?

শ্রী হায়দার আজিজ সফি : কোনো কনভিক্ট বা আন্ডার ট্রায়াল বন্দী যদি আমার কারেকশানাল হোম থেকে বাইরে চলে যায় that between police and the convicts. তখন আমার সঙ্গে কোনো সম্পর্ক নেই। কারেকশানাল হোমের ভিতরে এলে সেটা আমার ব্যাপার। Once it is out of that তখন আমার সঙ্গে কোনো সম্পর্ক নেই।

চুঁচুড়া পৌরসভায় শ্মশানঘাট বৈদ্যুতিকরণ

*১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৩) **শ্রী অসিত মজুমদার :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার চুঁচুড়া পৌরসভার ২নং ওয়ার্ডের কুলতলা শ্মশানঘাট বৈদ্যুতিকরণের প্রস্তাব কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কতদিনের মধ্যে এই শ্মশানঘাট বৈদ্যুতিকরণ করা সম্ভব হবে বলে আশা করা যায়?

শ্রী ফিরহাদ হাকিম :

(ক) হুগলি জেলার চুঁচুড়া পৌরসভার ২নং ওয়ার্ডের কুলতলা শ্মশানঘাট বৈদ্যুতিকরণের জন্য ৩ কোটি ৩৮ লক্ষ টাকার ডি.পি.আর. (Detail Project Report) ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা, ভারত সরকার, নিউ দিল্লিতে ২৬.১২.২০১৪ তারিখে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে।

(খ) ন্যাশনাল মিশন ফর ক্লিন গঙ্গা (NMCG), ভারত সরকারের অনুমোদন পাওয়ার

পর কাজ শুরু করা হবে এবং কাজ শুরুর পর এক বৎসর ছয় মাস সময় লাগবে কাজটি সম্পূর্ণ করতে।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাই, যে তিনি আমার জেলায় অনেকগুলি পুরানো পদ্ধতিতে চুল্লি সংস্কার করেছেন এবং অত্যাধুনিক করেছেন। আমি তার কাছে প্রশ্ন করতে চাই, যে মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর হুগলি জেলায় এবং পশ্চিমবঙ্গে কতগুলো পুরানো বৈদ্যুতিক শ্মশানঘাট তিনি আধুনিকীকরণ করেছেন?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমাদের আসার পরে হালিশহরে করেছি, বজবজে করেছি, ব্যারাকপুরে করেছি এবং হাওড়ায় তিনটে আমরা কে.এম.ডি.এর পক্ষ থেকে করেছি। মিউনিসিপ্যালগুলোকে প্রায় ৮টা এই রকম স্যাংশান দেওয়া আছে।

শ্রী অসিত মজুমদার : আমার অতিরিক্ত প্রশ্ন, যে আমাদের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর কতগুলি বৈদ্যুতিককরণের প্রস্তাব DPR করে দিল্লিতে পাঠানো হয়েছে — National Mission for Clean Ganga এবং সেগুলো কি অবস্থায় আছে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমরা DPR পাঠাচ্ছি কল্যাণী, গারুলিয়া, নৈহাটি, বাঁশবেড়িয়া, হুগলির চুঁচুড়া, চন্দননগর, বজবজ, বরাহনগর, খড়দা, ব্যারাকপুর-এর ডি.পি.আর.গুলো আমরা পাঠিয়েছি। এটা এখনও approve হয়নি কিন্তু আমাদের secretary রা রেগুলারলি contact করছে এবং আমরা আশা করছি খুব তাড়াতাড়ি এগুলো sanction হয়ে যাবে।

শ্রী নর্মদা চন্দ্র রায় : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় জিজ্ঞাসা করছি, দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট পৌরসভা ২০১০-১১ সালে পৌরসভা নগরবাসীর জন্যে একটি জল-প্রকল্প নেওয়া হয়েছিল, পরিস্রুত পানীয় জলের, সাড়ে পঞ্চাশ লাখ লিটার জল দেওয়া হবে। কিন্তু এখন আত্রেয়ীর জল শুকিয়ে গিয়েছে, সংকীর্ণ হয়েছে। এটা ২০১৫ সালের মধ্যে সম্পূর্ণ হওয়ার কথা। এই ব্যাপারে আপনি অবগত আছেন, যে এই পৌরসভার যে পরিস্রুত পানীয় জলের pilot project, ওটা কি অবস্থায় আছে? ...(নয়েজ)... স্যার, এটা পৌরসভার খুবই গুরুত্বপূর্ণ বিষয়।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, This is not related to my original question, কিন্তু যখন member চাইলেন তখন details করে member-এর কাছে পাঠিয়ে দেব।

শ্রী অজয় দে : ধন্যবাদ স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, এই যে বিভিন্ন জায়গা ইলেকট্রিক চুল্লিগুলো — ইলেকট্রিক crematorium গুলো রয়েছে, এখানে তো maximum সময় power consumption হয় — এখন দেখা যাচ্ছে অন্যান্য জায়গায় solar energy system-এও হয় আবার bio-gas-এর মধ্যে দিয়েও হয়। এক্ষেত্রে আমাদের রাজ্যে এ রকম কোনো পরিকল্পনা আছে?

শ্রী ফিরহাদ হাকিম : আমাদের কলকাতার বুকেই gas crematorium ছিল। কিন্তু সেটা খুব successfully চালানো গেল না। এটা মল্লিকবাজারের কাছে— Christian Burial Bore-এর কাছে ওটা ছিল। খুব তাড়াতাড়ি ওটা electric চুল্লির মত efficient হয় না। তারপরে কিছু আমরা দেখে এসেছিলাম যে gas and diesel crematorium — কিন্তু সেগুলো এখনও explore হয়নি possible। আমরা শুনেছি যে চায়নায় বানায় এবং খুবই effective হয় এই ডিজেল চুল্লিগুলো। কিন্তু গ্যাস চুল্লি এখনও আমাদের এখানে বিশেষ করে পশ্চিমবাংলায় এখনও হয়নি। আর সোলার এ্যানার্জির যে স্টোরেজ ক্ষমতা, ব্যাটারী স্টোর করে চুল্লি চালানো, সেই টেকনোলজি ভারতবর্ষে এখনও আসেনি।

[11.40 - 11.50 a.m.]

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, বিষয়টা হচ্ছে এই রকম যে, এই যে চুল্লি তাতে যে ডেড বডি cremation হয়, মূলত শহরকেন্দ্রিক। প্রত্যন্ত গ্রামে আমরা বসবাস করি, ২০০ কিলোমিটার, ২৫০ কিলোমিটার দূর থেকে শহরকেন্দ্রিক এই চুল্লিতে আসতে হয়। মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য শহরের বাইরে প্রত্যন্ত গ্রামে এই ধরনের ইলেকট্রিক চুল্লি করবার পরিকল্পনা আছে কি মানুষের স্বার্থে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার আমার ডিপার্টমেন্টটা হলো Urban Development & Municipal Affairs, আমার সমস্ত বিষয়টা শহরকেন্দ্রিক। যদি গ্রামের বিষয় হয়, এটা সুব্রত মুখার্জীর পরিকল্পনা আছে কিনা উনি বলতে পারবেন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, একটা furnace তৈরি করতে বর্তমানে কত টাকা খরচ পড়ে জানাবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : আমাদের এক-একটা প্রায় ২৭ কোটি টাকা approx পড়ে। আবার লোকেশান উপরে কিছুটা নির্ভর করে। অনেক জায়গা আছে যেমন বনগাঁয় যেটা করেছি তার খরচা অনেক বেশী পড়েছে, তার কারণ তার construction cost অনেক বেশী। আবার খুব কম টাকায় হয়ে গেছে আমাদের সোনারপুর-রাজপুরে। কারণ তার একটা already existing construction ছিল, সেখানে ওটা আমরা বসিয়ে দিয়েছি। এটা বলা মুসকিল, তবে ২৫/২৬/২৭ কোটি টাকার মধ্যে আসবে।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, আসানসোল পৌরসভা এলাকায় কোনো বৈদ্যুতিক চুল্লি নির্মাণ করার পরিকল্পনা আছে কিনা? এর আগে আপনি বলেছিলেন যে হবে। আমি আগে জিজ্ঞাসা করেছিলাম।

শ্রী ফিরহাদ হাকিম : আসানসোল পৌরসভার আমরা DPR পেয়েছি, সেটার central assistance পেতে অনেক দেরী হবে। অথচ আসানসোলে এটা খুব দরকার, সেই জন্য রাজ্য

সরকার সিদ্ধান্ত নিয়েছে, আর্থিক পরিস্থিতি আমাদের খুব ভাল নেই, তার মধ্যেও আসানসোলে আমরা নিজেরা MA department থেকে এই ব্যাপারে sanction দেব। খুব শীঘ্র আসানসোলে এই বৈদ্যুতিক চুল্লির কাজ শুরু হয়ে যাবে।

শ্রী হিতেন বর্মণ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাথাভাঙা পৌরসভা একটা ward-এর মধ্যে শ্মশান দীর্ঘ দিন যাবৎ আছে। স্বাভাবিক কারণে শ্মশানে যখন মড়া পোড়ানো হয়, ওই ওয়ার্ডের বাসিন্দারা গন্ধে থাকতে পারেন না। এই শ্মশান স্থানান্তরিত করার জন্য অনেকবার চেষ্টা করেও হয়নি। মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করবো মাথাভাঙা যে শ্মশানটি আছে, ৯ নম্বর ওয়ার্ড, মাথাভাঙা পৌরসভা, সেটাকে বৈদ্যুতিকরণ করার কোনো চেষ্টা আপনি করবেন কিনা?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, এই problemটা শুনেছি। কিন্তু আমাদের পক্ষে এখান থেকে মাথাভাঙা সমস্যার সমাধান করা অসম্ভব। কিন্তু সেখানে যদি তারা নিজেরা উদ্যোগ নিয়ে স্থানান্তরিত করার ব্যবস্থা করেন তাহলে রাজ্য সরকার প্রস্তুত আছে তার জন্য যে খরচাটা হবে তা নিশ্চিত ভাবে আমরা সেই municipality কে support দেব।

শ্রী তাপস রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীকে আমি সাধুবাদ জানাই তার উদ্যোগকে। আসলে ৩৪ বছর পর এই পৌর বিষয়ে মন্ত্রীকে দায়িত্ব নিতে হচ্ছে। কারণ বাংলাটাই যে শ্মশান ছিল, আলাদা করে শ্মশানের কথা ভাবার প্রয়োজন হয়নি। বাংলাটাই তো কবর ছিল। বাংলাটাই কবর, আর বাংলাটাই শ্মশান ছিল। আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর বিষয়ক মন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি একটা সাপ্লিমেন্টারিতে আমার কেন্দ্রের কথা বলেছেন। দক্ষিণেশ্বর থেকে কাশীপুর পর্যন্ত আমার বরানগর কেন্দ্রের বাসিন্দাদের শেষকৃত্যের সম্পন্নের কোনো জায়গা নেই। মাননীয় পৌর বিষয়ক মন্ত্রী বরানগরের কথা উল্লেখ করেছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর বিষয়ক মন্ত্রীকে অনুরোধ করব, সেখানকার মানুষের শেষকৃত্য সম্পন্ন করার জন্য যে কেলবিন ঘাট রয়েছে, সেখানে একটি ইলেকট্রিক ক্রিমাটোরিয়ামের দাবী দীর্ঘদিন ধরেই রয়েছে। মাননীয় পৌর বিষয়ক মন্ত্রী ফিরহাদ হাকিম এই ব্যাপারে যথেষ্ট নলেজও রয়েছে। তিনি যদি বলেন এই ব্যাপারটি তিনি কতদিনের মধ্যে ব্যবস্থা করবেন?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি আগেই বলেছি যে, তাপসদা এই ব্যাপারটা নিয়ে অনেকবারই আমার সাথে আলোচনা করেছেন। আমরা পুরো প্রোজেক্টটা এবং একটা বড় ডি.পি.আর. করে পাঠিয়েছি। আমরা আশা করছি যে, এক-দুই মাসের মধ্যে স্যাংশন পেয়ে যাব। তারপর বছর দেড়েক সময় লাগবে এটা সম্পূর্ণ করতে। সুতরাং খুব বেশি দিন লাগবে না। কিছুদিন আগেই আমরা পাশেই খড়দহে করেছি। সুতরাং এটা করতে খুব বেশি দিন লাগবে না। আমরা আশা করছি যে, পুজোর আগেই এই কাজটা শুরু করতে পারব।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটি প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই — আমাদের শিলিগুড়ি কর্পোরেশানে বৈদ্যুতিক চুল্লি নিয়ে কি হয়েছে, সেই বিষয়টি আপনারা নিশ্চয়ই জানেন। সেই চুল্লির কাজটা কতদিনের মধ্যে শেষ হবে?

শ্রী ফিরহাদ হাকিম : এটা আমরা শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট কর্পোরেশনকে দিয়ে এই কাজটা করছি। আমরা একটা সাইড-শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটির থ্রু দিয়ে একটা জায়গা দেখেছি। আমি নিজেও শিলিগুড়িতে জায়গা দেখে আসতে গিয়েছিলাম। যে জায়গাটা নিয়ে সমস্যা হচ্ছে, সেখানে আমরা করব না। যে জায়গাটা মানুষ চাইছেন না, সেই জায়গাটায় আমরা করব না। আমরা আরেকটা সাইড দেখেছি। শিলিগুড়ি, জলপাইগুড়ি ডেভেলপমেন্ট অথরিটির হাতেই সেই জায়গাটা আছে। সেই ডি.পি.আর.-টা খুব শীঘ্রই রেডি করে কাজটা আমরা শুরু করে দেব। সেটা আমি অলরেডি বলে এসেছি এদের ডেভেলপমেন্ট অথরিটি সি.ও.-কে যে, ডি.পি.আর-টা রেডি করে পাঠিয়ে দাও। রাজ্য সরকার সাথে সাথে টাকাটা পাঠিয়ে দেবে। সুতরাং এটাও আমরা চেষ্টা করছি যাতে এই কয়েক মাসের মধ্যেই কাজটা শুরু হয়ে যায়।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন—ওনাকে বিধানসভা থেকে অনেকবার বলেছি আমার চাঁচল পৌরসভা, এটা ২০১০ সালে গঠন হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত বাস্তবায়িত হয়নি, একটা ইঁট পর্যন্ত পড়েনি। এই তো ২০১৬ হয়ে আসছে। কতদিন পর এই পৌরসভা হবে, আপনি যদি দয়া করে বলেন। যদি হয় তাহলে নির্দিষ্ট একটা টাইম দিয়ে দিন। না হয় তো বলে দিন হবে না।

শ্রী ফিরহাদ হাকিম : আমি আপনাকে অনুরোধ করব আপনাদের এই যে প্রশ্নগুলো, আগের থেকে দেবেন।

মিঃ স্পীকার : এটা রিলেটেড নয়।

শ্রী ফিরহাদ হাকিম : এটা আপনি আরেকদিন দিন। নেক্সট বুধবার দিয়ে দেব।

*** প্রশ্ন নং-১৬৪**

শ্রী অসিত মিত্র : ...(অনুপস্থিত)...

*** প্রশ্ন নং-১৬৫**

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : ...(অনুপস্থিত)...

কন্যাশ্রী বালা প্রদান

*১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৬) **শ্রীমতী অপর্ণা সাহা :** নারী বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক কন্যাকে কন্যাশ্রী বালা প্রদান করা হয়েছে?

ডাঃ শশী পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া বিধায়ক শ্রীমতী অপর্ণা সাহা কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে জানাই — ৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যে ১৬,৫০,১২১ জন কন্যাকে কন্যাশ্রী বালা প্রদান করা হয়েছে।

শ্রীমতী অপর্ণা সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন—এক একটি বালা তৈরি করতে কত টাকা খরচ হয়েছে?

ডাঃ শশী পাঁজা : স্যার, এক একটা বালা তৈরি করতে ২৩ টাকা ৭৫ পয়সা খরচ হয়েছে। আমি একটা বালা নিয়ে এসেছি। অনারেবল স্পীকারের কাছে আমি প্লেস করে দেব।

শ্রীমতী অপর্ণা সাহা : স্যার, আপনার মাধ্যমে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন—এই বালাগুলোর মধ্যে কি ধাতু আছে?

ডাঃ শশী পাঁজা : স্যার, এটা একটা অ্যালয় কম্বিনেশন আছে এবং তাতে গোল্ড প্লেটের ফিনিশ আছে।

[11.50 a.m. - 12.00 noon]

শ্রী কালিপদ মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমশায়কে প্রশ্ন যে, ব্যাঙ্কে এই কন্যাশ্রী প্রকল্পের টাকা যাচ্ছে, কিন্তু কিছু কিছু ব্যাঙ্ক সেখান থেকে ৬৯ টাকা কেটে নিচ্ছে। সব ব্যাঙ্ক নয়, কিছু কিছু ব্যাঙ্ক এই টাকাটা কেটে নিচ্ছে। কন্যাশ্রী প্রকল্পে যদি পাঁচশো টাকা ব্যাঙ্কে পাঠানো হয় তাহলে ব্যাঙ্ক তা থেকে ৬৯ টাকা কেটে নিচ্ছে। ব্যাঙ্ক যে টাকাটা কেটে নিচ্ছে, তার কি কেটে নেওয়ার প্রভিশান আছে?

ডাঃ শশী পাঁজা : স্যার, আমি উনাকে অনুরোধ জানাচ্ছি যে, কোন ব্যাঙ্ক সেটা করছে—করার কথা নয়, নির্দিষ্ট করে আমাকে বলুন, আমি যথার্থ পদক্ষেপ নেব।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমশায়কে অতিরিক্ত প্রশ্ন যে, কন্যাশ্রী প্রকল্পে আপনাদের বাল্যবিবাহ রদ করার একটা শুভ প্রচেষ্টা আছে। কিন্তু আমার আপনার কাছে জিজ্ঞাস্য যে, এই বাল্য বিবাহ রদ করার জন্য এখনও পর্যন্ত কতজনকে এর আওতার মধ্যে এনেছেন, এই তথ্য কি আপনার কাছে আছে, জানাবেন?

ডাঃ শশী পাঁজা : স্যার, দুটি বিষয়ে আমরা Repeated assessment study করেছি। সেটা করেছিলাম সেপ্টেম্বর ২০১৪-তে। দুটি ছিল-একটা হল, Child marriage যেটাতে কতগুলো কেস Identify করে বন্ধ করা হয়েছে। ২০১২-১৩ সালে ৭৩টি ছিল, তারপরে ৫৪টি কেস পেয়েছি যেটা বন্ধ করতে পেরেছি। আর তার সঙ্গে school attendance rate-টা ছিল — যদিও এটা প্রশ্নের সঙ্গে যুক্ত নয়, কিন্তু ইন্টারেস্টেড তথ্য, প্রায় ৭২ শতাংশ যেটা ২০১১-১২-তে ছিল সেটা গিয়ে এখন দাঁড়িয়েছে ৭৫ শতাংশ।

ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত, ICDS centre-কে কি রাজনৈতিক কারণে বিধানসভা নির্বাচনের পূর্বে political party অফিস বানানো সম্ভব কি, সম্ভব নয়? শিলিগুড়ি বিধানসভা কেন্দ্রে ২০১১ সালে এক মাস আগে থেকে সিপিএম পার্টি ওখানে ICDS centre-কে পার্টি অফিস করেছিল। তাদের যুক্তি ছিল, CDPO নাকি order দিয়েছে। যদিও তারা এর ভিত্তিতে কোনো

কাগজপত্র দেখাতে পারেনি। আপনার কাছে আমার specific question যে, এরকম কোনো অর্ডার আছে যে, CDPO order দিতে পারেন ICDS centre-কে party office করার জন্য।

ডাঃ শশী পাঁজা : এটা কন্যাশ্রী রিলেটেড প্রশ্ন নয়, মাননীয় স্পীকার স্যার। তবুও আমি বলি যে, আমাদের ডিপার্টমেন্ট থেকে ICDS সংক্রান্ত এই বিষয়গুলো সম্পর্কে কোনো অর্ডার বেরোয়নি। এগুলি পুরাতন সময়ে হয়তো হয়েছিল।

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়। আপনার মাধ্যমে আমি মাননীয়া মন্ত্রী মহোদয়াকে অতিরিক্ত প্রশ্ন যে, আমি আমার মঙ্গলকোট বিধানসভা এলাকার মাথরুন গ্রামে যেখানে কবি কাজী নজরুল ইসলাম পড়াশোনাও করেছেন, ফারহানা খাতুন নামে কুলসোনা গ্রামের বাসিন্দা ভুয়ো ছাত্রীর পরিচয় দিয়ে মুর্শিদাবাদে ধনিরামপুর শাখার বঙ্গীয় গ্রামীণ বিকাশ ব্যাঙ্কে গোলামকাজী আনসারি নামে একজনের অ্যাকাউন্টে এই কন্যাশ্রী প্রকল্পের ওই পঁচিশ হাজার টাকা ঢুকেছে এবং সেই টাকা সে তুলেও নিয়েছে। এপ্রিলের মাঝামাঝি সময়ে স্কুলের প্রধান শিক্ষক মহাশয় এ বিষয়ে অভিযোগও করেছে। কিন্তু তার এখনও পর্যন্ত কোনো ব্যবস্থা হয়নি। এ বিষয়ে মাননীয়া মন্ত্রী যাতে ব্যবস্থা নেন তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

ডাঃ শশী পাঁজা : আমি আপনাকে অনুরোধ করছি, আপনি লিখিত ভাবে দিয়ে দিন। আমি ব্যবস্থা নিচ্ছি।

মিঃ স্পীকার : আপনি মাননীয়া মন্ত্রীকে লিখিত দিয়ে দেবেন।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়কে অতিরিক্ত প্রশ্ন, কন্যাশ্রী প্রকল্পে আমাদের এলাকায় দেখা যাচ্ছে যে, পাঁচ বন্ধু তারা ফর্ম ফিল-আপ করেছিল। চারজন বন্ধুর হয়তো কন্যাশ্রীর টাকা ঢুকেছে। কিন্তু একজন বন্ধুর ঢোকেনি। এই নিয়ে বিভিন্ন জায়গায় তারা ছুটে বেড়াচ্ছে। আমরাও ঠিকভাবে বলতে পারছি না যে, কোথায় গেলে এ বিষয়ে তথ্য জানতে পারবে এবং কারা বলতে পারবে। এই বিষয়ে মন্ত্রিমহোদয় যদি জানান, তাহলে আমাদের উপকার হয়।

ডাঃ শশী পাঁজা : স্যার, যখন K-1, K-2 ফর্ম ভরা হয়, স্কুল থেকে ফর্মগুলো দেওয়া হয় এবং স্কুলেই ভর্তি করা হয়, তখন তাদের একটা ছোট চিরকুট দেওয়া হয় যার মধ্যে তার ইউনিক আই.ডি.নম্বর লেখা থাকে। সেই ইউনিক আই.ডি.নম্বর দিন, প্রায় ২৫ লক্ষ রয়েছে আমাদের সিস্টেমে, কিন্তু তার মধ্যে এই একটি মেয়ে কোথায় আছে তাও আমি ট্রেস করে নেব পোর্টাল দেখে।

শ্রী বিরাম মাণ্ডি : স্যার, আমরা খুবই হতাশাগ্রস্ত। অপরাধ প্রবণতা বাড়ছে। আমি সবার জন্য বলছি, শুধু আমার জন্য বলছি না। আপনাদের কাউকে দায়ী করছি না। ইদানীং দেখছি অপরাধ প্রবণতা বাড়ছে। শিশু থেকে শুরু করে অল্পবয়সী মেয়েরা, ছাত্রীরা আজকে সব জায়গায় আক্রান্ত হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহাশয়ার কাছে প্রশ্ন, এটা বন্ধ করার জন্য কোনো বিশেষ ব্যবস্থা বা সিদ্ধান্ত করছেন কি?

ডাঃ শশী পাঁজা : স্যার, শিশু-অপরাধ বা শিশুদের ওপর যে অপরাধ ঘটানো হচ্ছে কিংবা তারা সাক্ষী থাকছে, এই সমস্ত বিষয়গুলো আমাদের নজরে আছে। এর জন্য আমরা পুলিশ-প্রশাসনের সঙ্গে কথা বলি।

আমি চাইল্ড ট্রাফিকিঙের একটা উদাহরণ দিচ্ছি। যদিও কোশ্চেনের সঙ্গে এটা রিলেটেড নয়। আমি বিগত বিধানসভায় কিছু বই এবং সি.ডি দিয়েছিলাম তার মধ্যে দেখবেন Child Protection Guideline ছিল। আর ছিল State Plan of Action for Children। এই C.P.C guideline যদি আমরা village level অবধি rollout করতে পারি তাহলে Child Protection Committee-র মাধ্যমে এই child trafficking বলুন বা বাচ্চাদের ওপরে যে অপরাধ হচ্ছে সেটা অনেকটা আমরা arrest করতে পারব। তার জন্য কিন্তু society-কেও involve হতে হবে, সকলকে।

শ্রী পার্থ ভৌমিক : স্যার, আমি হতাশাগ্রস্তদের দলে নেই। উজ্জ্বল ভবিষ্যতের দিকে তাকিয়ে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, মোট কত মেয়ে 'কন্যাশ্রী প্রকল্পে'র আওতায় এসেছে সারা বাংলার মধ্যে, K-1, K-2।

ডাঃ শশী পাঁজা : আমি ২২শে মে'র ফিগার দিচ্ছি। রেজিস্টার্ড, যারা নথিভুক্ত হয়েছেন, প্রায় ২৪ লক্ষ ৮১ হাজার মেয়ে। এবং স্যাংশন হয়েছে ২৩ লক্ষ ২০ হাজার মেয়ে।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয়া মন্ত্রী মহাশয়াকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। উনি বললেন, একটি বালা তৈরি করতে ২৩ টাকা ৭৫ পয়সা খরচ হচ্ছে। উনি বলেছেন একটু আগে, সকলে শুনেছেন। উনি বলেছেন এটা গোল্ড প্লেটেড। ২৩ টাকা ৭৫ পয়সায় একটা গোল্ড প্লেটেড বালা দেওয়া কীভাবে সম্ভব?

ডাঃ শশী পাঁজা : আমরা এটা সম্ভব করতে পেরেছি। সমস্ত বিষয়টা একটা ই-টেন্ডারের মাধ্যমে হয়েছে। আপনারা টেকনিক্যাল এক্সপার্টের কাছে যেতে পারেন। বালা আমি নিয়েই এসেছি। আজকে মাননীয় স্পীকার মহাশয়ের কাছে এটা প্লেস করে দিচ্ছি।

শ্রী শীতল সর্দার : স্যার, আজকে যাঁরা ডানদিকে বসে আছেন তাঁরা যে ভাষা বলছেন তাতে খুব ভালো লাগছে না। কারণ আজকে 'কন্যাশ্রী প্রকল্প' বিশ্ববন্দিত হয়েছে। স্যার, এজন্য আমি ধন্যবাদ জানাব মাননীয়া মুখ্যমন্ত্রীকে। অথচ আজকে ওঁরা অন্য কথা বলার চেষ্টা করছেন, কটূক্তি করে যাচ্ছেন। কী বালা, কী হয়েছে, না হয়েছে—এইসব কথা বলা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রিমহাশয়ার কাছে প্রশ্ন, আজকে হাওড়া জেলায় কন্যাশ্রী প্রকল্পে কত মহিলা উপকৃত হয়েছেন?

ডাঃ শশী পাঁজা : স্যার, হাওড়ার ক্ষেত্রে ৩১শে মার্চের হিসাব যদি দিই তাহলে দেখা যাচ্ছে, K-1 নথিভুক্ত হয়েছিল 95,112. তার মধ্যে K-1 স্যাংশনড 93,411. কে টু-র মধ্যে নথিভুক্ত হয়েছে 9,805, আর স্যাংসান হয়েছে 8,470. এটা ছিল ৩১শে মার্চ পর্যন্ত। এরপরেও আরো অনেক হয়েছে। আর কন্যাশ্রী বালা সম্বন্ধে বলি — একটি গরীব মেয়ের কি বালা পরারও

অধিকার নেই? বালা নিয়ে এত প্রশ্ন আসে। স্যার, বালার মূল্যটা মেইন নয়, এটা একটা মুভমেন্ট স্যার। এটা একটা সংগ্রাম। যার মাধ্যমে আমরা বাল্যবিবাহ রোধ করার চেষ্টা করছি। আমরা তাদেরকে শিক্ষাপ্রাঙ্গণে আনার চেষ্টা করছি। স্যার, গরীব বলে কি কোনো প্রেসটিজ নেই? স্যার, এই প্রশ্নটা আসে কেন স্যার। এটা একটা মুভমেন্ট, এটা একটা সংগ্রাম। এটা একটা অনার, এটা একটা সম্মানের জায়গা, এটা পুরস্কারও নয়।

Question Hour is over.

Starred Questions
(to which oral answers were laid on the Table)

আই.সি.ডি.এস. কেন্দ্রে সহায়িকা ও কর্মীর শূন্যপদ

*১৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫) **শ্রী অপূর্ব সরকার** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যের আই.সি.ডি.এস. কেন্দ্রগুলিতে কতগুলি সহায়িকা ও কর্মীর পদ শূন্য আছে (জেলাওয়াড়ি তথ্যসহ)?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এ যাবৎ এপ্রিল, ২০১৫ মাসের মাসিক প্রগতি রিপোর্ট প্রকাশিত হয়নি। মার্চ, ২০১৫ সাপেক্ষে কর্মী ও সহায়িকার শূন্য পদগুলির সংখ্যা নীচের সারণীতে দেওয়া হল।

ক্রমিক সংখ্যা	জেলার নাম	শূন্যপদের সংখ্যা	
		অঙ্গনওয়াড়ি কর্মী	অঙ্গনওয়াড়ি সহায়িকা
১	বাঁকুড়া	৫৫১	৮৪০
২	বীরভূম	১৭৮	৪৯২
৩	বর্ধমান	৩৩১	৮৩১
৪	পুরুলিয়া	২৩০	৪১১
৫	পূর্ব মেদিনীপুর	৪৮৬	৯৫৩
৬	পশ্চিম মেদিনীপুর	৫৯১	১০৩৪
৭	দার্জিলিং	৪৪২	৫৫১
৮	কোচবিহার	৭২৭	৮১৭
৯	জলপাইগুড়ি	৫৬৬	৪১৪
১০	উত্তর দিনাজপুর	৭৪	৮৯
১১	দক্ষিণ দিনাজপুর	২৭৯	২৭৩
১২	মালদা	২৭৭	৪৮১
১৩	মুর্শিদাবাদ	৫৩০	৯৫৭
১৪	নদীয়া	৬২১	১৩৫৩

ক্রমিক সংখ্যা	জেলার নাম	শূন্যপদের সংখ্যা	
		অঙ্গনওয়াড়ি কর্মী	অঙ্গনওয়াড়ি সহায়িকা
১৫	উত্তর ২৪-পরগনা	৭২০	১২৯৮
১৬	দক্ষিণ ২৪-পরগনা	১০৯৫	১৪৮৪
১৭	হুগলি	৩২৭	৯০১
১৮	হাওড়া	৩৩৬	৫৬২
১৯	কলকাতা	১১৩	১৪৬

সংশোধনাগারের সংখ্যা

*১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৫) **শ্রী অসিত মিত্র :** সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যে সংশোধনাগারের মোট সংখ্যা কত?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যে সংশোধনাগারের মোট সংখ্যা ৫৮ (আটান্ন)।

কয়লা ব্লক পাওয়ার আবেদন

*১৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৯) **শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী :** বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫ অর্থবর্ষে কেন্দ্রীয় সরকারের নতুন কয়লা নীতির ফলে রাজ্য সরকার কোনো কয়লা ব্লক পাওয়ার জন্য আবেদন করেছে কি?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : হ্যাঁ।

[12.00 noon - 12.10 p.m.]

CALLING ATTENTION (NOTICE)

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely:-

	Subject		**Name**
(i)	Alleged attack on farmers Demonstrating against Land Ordinance Bill at Palampur under Raina Police Station in Burdwan District on 2.6.2015	:	Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan

(ii)	Urge for repairing and infrastructural Development of Attohans Temple, One of the 'Ekanno Peeths' at Dakshindihi village in Ketugram Assembly Constituency area	: Shri Sekh Sahonawez
(iii)	Urge for repairing of the road from Bangrua Bridge to Bhawanipur in Harishchandrapur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(iv)	Urge for development of the Western Side of V.I.P. Road from Ultadanga to Dum Dum Park	: Shri Sujit Bose
(v)	Urge for construction of a drainage System in the areas adjacent to Chuprihara Canal	: Shri Ram Sankar Halder

I have selected the notice of Shri Sujit Bose on the subject of Urge for development of the western side of V.I.P Road from Ultadanga to Dum Dum Park. The Minister in Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কলিং অ্যাটেনশানের উত্তর আমি বর্তমান অধিবেশন চলাকালীন দিয়ে দেব।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Sixth Report of the Committee on Government Assurances (2014-2015)

Shri Narmada Chandra Roy : Hon'ble Speaker, Sir, with your kind permission, I beg to present the Sixth Report of the Committee on Government Assurances (2014-2015) on the Assurance given by the Minister-in-Charge of the Department of Food Processing Industries and Horticulture on the floor of the House during the year 2013-2014.

Presentation of the Thirty First Report of the Standing Committee on Finance, Excise and Development and Planning (2014-2015)

Shri Jatu Lahiri : Hon'ble Speaker, Sir, I beg to present the Thirty First Report of the Standing Committee on Finance, Excise and Development and Planning (2014-2015) on the progress of works of different Schemes/Projects undertaking by the Paschimanchal Unnayan Affairs Department.

Presentation of the Fifth Report of the Standing Committee on Health and Family Welfare (2014-2015)

Dr. Rudra Nath Bhattacharya : Hon'ble Speaker, Sir, I beg to present the Fifth Report of the Standing Committee on Health and family Welfare (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the demand for grant relating to the Health and Family Welfare Department for the year 2015-2016.

Presentation of the Twelfth Report of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015)

Shri Sital Kumar Sardar : Mr. Speaker, Sir, I beg to present the twelfth Report of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Fire and Emergency Services Department for the year 2015-2016.

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুমারগ্রাম বিধানসভায় জনবহুল এলাকা হল কামাক্ষাগুড়ি। ব্যস্ত সময় তীব্র যানজট হচ্ছে। তার উপরে রেল গেটের সমস্যা। দেবেনবাবুর চৌপথি থেকে ঘোড়ামারা পর্যন্ত রাস্তা যাতে ওয়ান ওয়ে হয় তার জন্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনন্দময় মণ্ডল : স্পীকার স্যার, সুন্দরবন এলাকার বহু অঞ্চলে বিশুদ্ধ পানীয় জলের অভাব রয়েছে। আবার যেখানে পানীয় জল পাওয়া যায় সেখানে ভূগর্ভ থেকে জল তুলে অপচয় করা হচ্ছে। হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের কালীতলা, গোবিন্দকাটি, সাহেবখালি, হাসনাবাদ, রামেশ্বরপুর, ভবানীপুরে বিশুদ্ধ পানীয় জলের অভাব রয়েছে। এই সমস্যা সমাধানের জন্য এবং পানীয় জল যেখানে পাওয়া যায় সেখানে পানীয় জলের অপচয় বন্ধ করার জন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রিমহোদয়ের কাছে আবেদন করছি।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় দপ্তরের দৃষ্টি আকর্ষণ করতে

চাইছি। সরকার ভাবছে, কৃষকের কথা, আমরাও ভাবছি কৃষকের কথা। কৃষকের ফসলের দাম নেই, ক্ষেত মজুরদের কাজ নেই। ১০০ দিনের কাজ করেও টাকা মিলছে না। গ্রাম বাংলায় হাহাকার। জমি অর্ডিনান্স বিল প্রত্যাহারের দাবিতে কৃষকসভার নেতৃত্বে গোটা রাজ্যের সঙ্গে আমার বিধানসভা এলাকায় কলিমপুরে একটা কর্মসূচি পালিত হচ্ছিল। সেই সময় পূর্ব পরিকল্পিতভাবে শাসকদল তৃণমূলের আশ্রিত দুষ্কৃতকারীরা পুলিশের সহায়তায় আক্রমণ করে। আক্রমণে কৃষক নেতা কওসর আলি ও মির্জা আক্তার আলি সহ কয়েকজন আক্রান্ত হয়। দোষী ব্যক্তিদের আমরা অবিলম্বে গ্রেপ্তারের দাবি করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার জেলার মাথাভাঙায় সি পি আই এম-এর পঞ্চায়েত সদস্য শ্যামল বর্মন মিথ্যা মামলায় জেলে ছিলেন। সেখানে কারারক্ষীরা সেই জেলখানার ভিতরে তাকে পিটিয়ে হত্যা করেছে। তার বাবা এই বিষয়টি থানা এবং মহকুমা শাসককে জানিয়েছেন। এর পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানাচ্ছি এবং কারারক্ষীদের শাস্তির দাবি জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী নবীন চন্দ্র বাগ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় গতকাল সারা ভারত কৃষকসভার ডাকে কৃষক এবং সাধারণ মানুষের স্বার্থে ১২ দফার দাবির ভিত্তিতে প্রশাসনের অনুমতি নিয়ে একটি পথ অবরোধ কর্মসূচি পালন করা হয়। যখন মিছিল করে কর্মসূচি পালন করতে যায় সেই সময় তৃণমূলের বাইক বাহিনী মিছিলের উপর ব্যাপক বোমাবাজি এবং ইট বৃষ্টি করে। ইটের আঘাতে একজন লোকাল কমিটির সদস্যের মাথা ফেটে যায়। তাকে গুরুতর জখম অবস্থায় বর্ধমান হাসপাতালে ভর্তি করা হয়। পরে আরো ৫ জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পুলিশ সেখানে নীরব দর্শক হয়ে দাঁড়িয়ে থাকে। আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার অনুরোধ দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এবং শাস্তি দেওয়া হোক, ধন্যবাদ।

শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, আমার কেতুগ্রাম বিধানসভার খাটুন্দি থেকে মিত্রটিকুড়ি যাওয়ার পথে কাঁদরের উপরে একটা ব্রীজ আছে। সেই ব্রীজটা বামফ্রন্টের আমলে তৈরি হয়েছিল। সেটা খুব সরু ব্রীজ, ওই ব্রীজের উপর দিয়ে এলাকার মানুষজনের পারাপারের প্রচণ্ড অসুবিধা হচ্ছে। ব্রীজটি এক্সপানশান করার জন্য। একটা নতুন ব্রীজ তৈরি করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা আউসগ্রামের দেবশলা অঞ্চলের দেবশলা গ্রামে আমাদের লোকাল কমিটির সদস্য প্রশান্ত ব্যানার্জীকে বাড়িতে থাকতে গেলে ১ কোটি টাকা জরিমানা দিতে হবে। হিমাংশু মণ্ডল এবং শ্যামল বক্সীর নেতৃত্বে ২৯ তারিখে ২৫-৩০ জনের দল গিয়ে তার মাকে এই হুমকি দিয়ে আসে। আমাদের এই রাজ্যটা কি তালিবানী শাসনের অবস্থা চলছে না কি চলছে আমরা বুঝতে পারছি না। তাই আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রামশঙ্কর হালদার : নট প্রেজেন্ট।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের গ্রামীণ স্বাস্থ্য পরিষেবা আজ সংকটের মুখে। গ্রামাঞ্চলে স্বাস্থ্যের দিকটা দেখেন ANM কর্মীরা। মহিলা, শিশুদের পুষ্টির জন্য নজর রাখা। বাচ্চাদের টিকাকরণ, যক্ষ্মা রোগের চিকিৎসা ইত্যাদি ইত্যাদি এরা দেখে থাকেন কিন্তু আজকে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলিতে পরিষেবা ভেঙে পড়েছে ANM না থাকার জন্য। এই ANM দের মাইনে দেয় কেন্দ্রীয় সরকার। এদের পরীক্ষা হয়ে গেছে। এদের পরীক্ষা হয়ে গেছে এবং তাদের নিয়োগও হয়ে গেছে। কিন্তু রাজ্য সরকার কেন তাদের নিয়োগ করছেন না, তা বোঝা যাচ্ছে না। এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[12.10 - 12.20 p.m.]

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে আমার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের অধীন গাছাবেলিয়া বিলের উপরে মানুষের স্বার্থে সেচ দপ্তর থেকে একটি ব্রীজ অতি প্রয়োজন। এছাড়াও রাজারামপুর উভয় ক্ষেত্রে চড়চুয়াডাঙা গ্রামেও ছাড়িগঙ্গার উপর একটি ব্রীজ প্রয়োজন। নাকাশিপাড়া গ্রাম পঞ্চায়েতের অধীন ছড়ডাঙা গ্রামেও মানুষের প্রয়োজনে একটি ব্রীজ প্রয়োজন। অতি সত্বর তদন্ত সাপেক্ষে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই ব্রীজগুলি তৈরি হলে মানুষ উপকৃত হবে।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, through you I would like to draw the kind attention of Hon'ble Education Minister. Sir, back in the year 2014 September, there was an advertisement by PSC regarding the interview of various posts under PSC like Assistant Professor, School Teacher, Headmistress and it was mentioned as a pre-condition that one has to have a very strong knowledge of written and spoken Bengali, unless mentioned otherwise - that was also mentioned there, Sir. And it was also a condition that for the candidates coming from hills it is not a pre-requisite to have a knowledge of Bengali, Sir. But there was a post of Assistant Headmistress against which the advertisement clearly said that strong knowledge of written and spoken Bengali is necessary and one candidate passed. She was a hill candidate. But the advertisement is clearly indicating that it was meant for a school where Bengali is the medium of instruction. Now, Sir, this girl who has qualified has come from a Nepali speaking school in the subdivision of Darjeeling, Sir. So I would like to draw the attention of the Hon'ble Minister and I have given even in writing also that eligible candidates were deprived to sit in the examination because Bengali was a pre-condition, Sir. So please have a review done in the matter and a fresh interview be taken.

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ ও জলপথ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কোতুলপুর বিধানসভার উত্তর দিকে দ্বারকেশ্বর নদ প্রবাহিত হয়েছে। এই নদের দুই তীর অত্যন্ত ঘনবসতিপূর্ণ। বর্ষার সময় বন্যার ফলে দুই তীরের মধ্যে যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়ে। নৌ পরিবহণই একমাত্র মাধ্যম হয়ে পড়ে। এই নৌ পরিবহণে প্রায়ই দুর্ঘটনা ঘটে। ১৯৯০ সালে নৌকাডুবিতে প্রায় ২৩ জন ছাত্রছাত্রী মারা যায়। মাননীয় সেচমন্ত্রীর নিকট আমার আবেদন এই নদের দুই পাশে জুজুর এবং আকড়াশাল নামক দুই স্থানের মধ্যে একটি ব্রীজ নির্মাণ করলে এলাকার যোগাযোগ ব্যবস্থার সার্বিক উন্নতি হবে। বর্ধমান, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার মধ্যে যোগাযোগ ব্যবস্থার চরম উন্নতি ঘটবে এবং উন্নয়ন ঘটবে।

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমি ফুড সেফটি ডিপার্টমেন্ট এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহুজাতিক সংস্থা নেসলে, তার ম্যাগি নিয়ে যে ঘটনা ঘটেছে সেটা আমরা জানি। ইতিমধ্যেই দিল্লির রাজ্য সরকারের উদ্যোগে যে পরীক্ষা হয়েছে তাতে অতিরিক্ত সীসা পাওয়া গেছে। কেরালার রাজ্য সরকার ইতিমধ্যেই সেই রাজ্যে ম্যাগি নিষিদ্ধ করেছে। আর কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারগুলোকে এটা পরীক্ষা করার জন্য নির্দেশ দিয়েছে। আমার যেটা বক্তব্য যে পেন্ডিং দ্যাট টেস্ট রেজাল্ট, এটা আমার বক্তব্য যে বয়স্কদের তুলনায় যেহেতু বাচ্চারাই বেশি অ্যাফেকটেড হয় এই খাবারে এবং তারা বেশি আসক্ত হয়, শিশু কিশোরদের স্বাস্থ্য কিন্তু এতে অ্যাফেকটেড হওয়ার সম্ভাবনা খুব বেশি। অ্যানিমিয়া এবং স্নায়ুতন্ত্র অ্যাফেকটেড হয়। ফলে আমার এখনই অনুরোধ যে যেহেতু একই কোম্পানীর প্রোডাক্ট, ফলে বিভিন্ন রাজ্যে আলাদা করে টেস্ট করার খুব বেশি দরকার আছে বলে আমার মনে হয় না। ফলে আমাদের রাজ্যে শিশু এবং কিশোরদের স্বাস্থ্যের দিকে তাকিয়ে আমি দাবি করছি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে যে অবিলম্বে এই রাজ্যে এই ম্যাগির যে ব্যবসা, সেটা বন্ধ হোক এবং যেগুলি সারকুলেশানে আছে, সেগুলোকে উইথ ড্র করে নেওয়া হোক। স্বাস্থ্যমন্ত্রীর নিকট আমি দাবি করছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পীকার মহোদয়, গত ৪ বছরে পশ্চিমবঙ্গে ক্রীড়াক্ষেত্রে ব্যাপক একটা উন্নতি এসছে। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় মাঠ থেকে শুরু করে বিভিন্ন স্কুল, কলেজে, ক্লাবে সাহায্য সহযোগিতা থেকে শুরু করে বিভিন্ন স্পোর্টস এবং আমরা দেখেছি বিভিন্ন জেলায় স্টেডিয়াম তৈরি করা হচ্ছে। ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের সময়ে আমরা ডায়মন্ড হারবারে স্টেডিয়াম মাঠে মহকুমা জেলাশাসকের মাঠে এক ঝোড়া মাটি ফেলতে দেখিনি। আজকে সেখানে স্টেডিয়াম তৈরি করার জন্য বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং ক্রীড়া মন্ত্রীর উদ্যোগে একটা পদক্ষেপ শুরু হয়েছে এবং সেই স্টেডিয়াম তৈরির ক্ষেত্রে প্রথম পর্যায়ে ১ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এরজন্য বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং ক্রীড়া মন্ত্রীকে ডায়মন্ড হারবারের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি।

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, ২০১০ সালে তৎকালীন সরকার তেহট্ট সাবডিভিশানের হেডকোয়ার্টার তেহট্টে একটি পৌরসভা গঠনের জন্য মন্ত্রীসভা সিদ্ধান্ত গ্রহণ করে। কিন্তু পরবর্তীকালে সেটা আর গুরুত্ব পায়নি। তবে মাননীয় মন্ত্রী বড়াই করে বলছেন দ্রুততার সাথে এই কাজটা করা হবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হচ্ছে এই যে, অতীতে যে জায়গা সার্ভে করে খাশপুর, কুলগাছি, বয়েরবাঁধা, তেহট্ট, হাউলিয়া, নাটনা, গরীবপুর এবং জিৎপুর — এই মৌজাগুলি নিয়ে, এই সন্নিহিত এলাকাগুলো নিয়ে পৌরসভার সীমানা চিহ্নিত করা হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই যে, এখন শুনতে পাচ্ছি যে শুধু খাশপুর এবং তেহট্ট মৌজা নিয়ে বাকি মৌজাগুলিকে বাদ দিয়ে পৌরসভা গঠনের প্রক্রিয়া শুরু হয়েছে। আমরা এই বিষয়ে ডেপুটি সেক্রেটারী মিউনিসপালি অ্যাফেয়ার্সকে কয়েক হাজার মানুষের একটা গণ দরখাস্ত করেছি। আমার আবেদন অতীতে যে জায়গাগুলি চিহ্নিত করে পৌরসভার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, সেই সমস্ত জায়গাগুলি যুক্ত করেই এই পৌরসভা ঘোষণা করা হোক। কারণ এইসব এলাকায় কোর্ট, পুলিশ লাইন, এস.ডি.পি.ও. অফিস, গুরুত্বপূর্ণ রাস্তা, বাজার সব আছে — সেই জায়গাগুলো বাদ যাচ্ছে। সেইজন্য আমার আবেদন মাননীয় পৌরমন্ত্রী যেন অতীতে চিহ্নিত যে মৌজাগুলি রয়েছে, তাকে যুক্ত করে এই পৌরসভা ঘোষণার কাজ করেন।

শ্রী ধীরেন বাগদী : আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি যে, বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র — এটা বাম সরকারের একটা বড় সাফল্য। এই বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের যে নির্গত বর্জ্য পদার্থ ওই এলাকায় দূষণ ছড়াচ্ছে। তা চাষীদের জমিতে পড়ে সেই জমির উর্বরতা শক্তি কমছে এবং ওই বর্জ্য পদার্থ নদীর জলে — কালোরের জলে পড়ছে, নদীর জল দূষিত হচ্ছে। ফলে সেখানে জলজ জীব থাকতে পারছে না। সেখান থেকে যে সেচ হচ্ছে, সেখানে সেচের ফসলের ক্ষতি হচ্ছে। এইরকম অবস্থাতে স্যার অতি সত্বর এই দূষণ রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি রাখছি। স্যার, আমি এটাও আপনাকে বলছি যে, এই ব্যাপারে রাজ্যসরকার উদাসীন। শিল্প হলেই শিল্পের বর্জ্য পদার্থে পরিবেশ দূষিত হবে — এটা সত্য ঘটনা। কিন্তু এটাকে দূরীকরণের জন্য রাজ্য সরকারের যে ভূমিকা থাকা দরকার, সংশ্লিষ্ট দপ্তরের যে ভূমিকা থাকা দরকার সেটা থাকছে না। আমি অতি সত্বর এই দূষণ রোধের জন্য ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী নির্মল চন্দ্র মণ্ডল : (অনুপস্থিত)

ZERO HOUR

শ্রী নবীন চন্দ্র বাগ : স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালে গত কয়েকমাস ধরে বর্ধমান ব্লাড ব্যাংকে রক্ত সরবরাহ নিয়ে ব্যাপক হারে দুর্নীতি হচ্ছে। ব্লাড ব্যাংকের কর্মীদের সহযোগিতায় ওই ব্লাড ব্যাংকে একটি দালাল চক্রের জন্ম হয়েছে। দালালরা চড়া দামে রক্ত বিক্রি করছে। গত ২০.৫.২০১৫ তারিখে গলসি ব্লকের একটি গুরুতর অসুস্থ রোগীর আত্মীয়রা

ব্লাড ব্যাংকে রক্ত আনতে গেলে প্রথমে ব্লাড ব্যাংকের কর্মীরা রক্ত নেই বলে ফিরিয়ে দেয়। ফলে দালাল মারফৎ দ্বিগুণ দামে রক্ত কিনতে হয় ব্লাড ব্যাংক থেকে। এইভাবে রোগীর পরিবারকে সর্বস্বান্ত করা হচ্ছে। তাই মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ অবিলম্বে এই দালাল চক্র বন্ধ করে ওই দালালদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

(১.৩০ মিনিট পর্যন্ত সভার কাজ মুলতুবি থাকে)

[1.30 - 1.40 p.m.]

After Recess

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 39 & 54

Mr. Speaker : There are three Cut Motions to Demand No.39 by Shri Asit Mitra (Cut Motion No.1) and Shri Gouranga Chatterjee (Cut Motion Nos. 2 & 3). All the Cut Motions are in order.

Shri Asit Mitra is not present in the House. His Motion is not moved.

Now I call upon Shri Gouranga Chatterjee to move his Motion.

Shri Gouranga Chatterjee : Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100.

There is no Cut Motion to Demand No. 54.

শ্রী খগেন মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পৌর ও নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী দাবী নং ৩৯ এবং ৫৪-তে এখানে যে বাজেট বিবৃতি উনি দিয়েছেন, তাতে আমি যা দেখছি প্রতি বছরই একই কথা উনি লেখেন যে, এই করা হচ্ছে, ধরা হয়েছে, সম্প্রসারিত হয়েছে ইত্যাদি। কিন্তু সম্পন্ন কতটা হচ্ছে তা সেখানে বিস্তারিত ভাবে লেখা নেই। আমি স্ট্যান্ডিং কমিটির রিপোর্টেও দেখেছি, ২০১১ সালের পর থেকে প্রত্যেকটি স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে যা লেখা হয়েছে তাতে নট স্যাটিসফ্যাক্টরি তারা বলেছেন। স্যার, আপনি জানেন যে ২০১১ জনগণনা অনুযায়ী ভারতে ৩২.৬ শতাংশ মানুষ শহরে বা নগরে বসবাস করেন। পশ্চিম বাংলায় ৩৩ শতাংশেরও বেশি। মানে পশ্চিম বাংলায় একটু বেশি। ভারতের ৬ শতাংশ ভৌগোলিক এলাকায় শহুরে মানুষ বসবাস করেন। পশ্চিমবাংলায় সেখানে হচ্ছে তিন শতাংশ ভৌগোলিক এলাকায় শহুরে মানুষ বসবাস করেন। ঘনত্বের দিক থেকে বলা যায় দেশের মধ্যে পশ্চিম বাংলায় শহরে বসবাসকারী মানুষের সংখ্যা সর্বাধিক। ২০০১ সালে দেশে শহরের সংখ্যা ছিল ৫ হাজার ১৬১। ২০১১ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭ হাজার ৯৩৫টি। পশ্চিমবঙ্গে ২০০১ সালে ছিল ২৫২টি শহর, আর তা ২০১১ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৭৯২টি। শহরে বসবাসকারী মানুষের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ১৯৯২ সালে সংবিধানের ৭৪তম সংশোধনী গৃহীত হওয়ার

পর সারা দেশে পৌরসভাগুলি তৃতীয় স্তরের সরকারের স্বীকৃতি লাভ করেছিল। ৫ বছর পর পর সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। রাজ্য নির্বাচন কমিশন, অর্থ কমিশন, আসন সংরক্ষণ, ওয়ার্ড কমিটি গঠন ইত্যাদি বাধ্যতামূলক করা হয়েছিল ৭৪তম সংশোধনীতে। পশ্চিমবঙ্গে ১৯৮১ সাল থেকে তৎকালীন বামফ্রন্ট সরকার প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারে ৫ বছর পর পর সাধারণ নির্বাচনের অধিকার সেখানে দেওয়া হয়েছিল। ৭৪তম সংবিধান সংশোধনের অনেক আগে এটা করা হয়েছিল। ওয়ার্ডে ওয়ার্ডে কমিটি গঠন, বোরো কমিটি গঠন, মেয়র বা চেয়ারপারিষদ গঠন, নাগরিকদের কাছে বছরে দুই বার উন্নয়ন ও আর্থিক প্রতিবেদন পেশ, গণতান্ত্রিক ও স্বচ্ছভাবে পৌরসভা পরিচালনা, বস্তি ও গরিব শহরবাসীদের বিশেষ সুরক্ষা ইত্যাদি বামফ্রন্ট সরকারের সময় এগুলো করা হয়েছিল। এবং সেটা বাস্তবায়িত হয়েছিল। পুরসভার মোট ব্যয়ের ২৫% অর্থ বস্তি এলাকার মানুষের জন্য ব্যয় করতে হবে এবং এটা বাধ্যতামূলক করা হয়েছিল সেই সময়ে। সংখ্যালঘুদের স্বার্থ দেখা হবে এটাও বলা হয়েছিল সেই সময়ে। দশ বছর পর পর অস্থায়ী কর্মচারীদের স্থায়ী করার ক্ষেত্রে এক নীতি সেই সময়ে গ্রহণ করা হয়েছিল। কর্মচারীদের বেতন কাঠামোর বিষয়ে পে-কমিশনের সুপারিশও অন্তর্ভুক্ত করা হয়েছিল। ১৯৮১ সালের পরে। পৌর নীতির বিশেষ দিক ছিল রাজনৈতিক সদিচ্ছা স্যার সেই সময়ে। বিরোধী রাজনৈতিক দল পরিচালিত পৌরসভাগুলি স্বাধীনভাবে বোর্ড পরিচালনা করেছেন এবং সেখানে কোনোরকম প্রতিহিংসার রাজনীতি করা হত না সেই সময়ে। পুরো পাঁচ বছর একটা পৌরসভায় বিরোধীদল পরিচালনা করেছেন, পুরোপুরি পাঁচ বছর তারা বোর্ড পরিচালনা করেছেন। এটাও সেই সময়ে ছিল। বামফ্রন্ট সরকারের সময়ে হাজার হাজার কোটি টাকা এখানে জে এন এন ইউ আর এম—জওহরলাল নেহরু ন্যাশনাল আরবান রিনিউয়াল মিশন কর্মসূচী অনুমোদন করিয়ে আনা হয়েছিল সেই সময়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। কলকাতার আসানসোল শহরে যতগুলি কাজ চলছে, এখনও যেগুলো চলছে মাননীয় মন্ত্রিমহাশয় জানেন এটা সবই প্রায় বামফ্রন্ট সরকারের সময়কার। সেই সময়ে করা হয়েছিল। আর এই তৃণমূল কংগ্রেস আসার পরে এই চার বছরে যেটা দেখতে পাচ্ছি তাদের অন্তর্বিরোধ বৃদ্ধি পাচ্ছে এখানে ওখানে। কখনো কখনো সংঘর্ষ এবং খুনোখুনিও হচ্ছে। এই ধরনের ঘটনাও ঘটছে। ফলে প্রায় প্রতিটি পৌরসভাতেই নাগরিক পরিষেবা ব্যাহত হচ্ছে। আর সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন যারা শহরে বসবাসকারী সমস্ত গরীব ও বস্তিবাসী মানুষ। এরাই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এদিকে বার্ধক্য ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা এই সমস্ত প্রায় বন্ধ। সেগুলো ঠিক সময়ের মধ্যে তারা পাচ্ছেন না। এইসব ঘটনাগুলো ঘটছে। অন্যদিকে বস্তির উন্নয়ন এটাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার না দিয়ে সুন্দর করার নামে নীল সাদা রং করা হচ্ছে। পছন্দমতো ক্লাবগুলিকে লক্ষ লক্ষ টাকা সেখানে দেওয়া হচ্ছে। লক্ষ লক্ষ টাকা, পছন্দমতো ক্লাব। আপনারা জানেন সেটা কিভাবে দেওয়া হচ্ছে। এর ফলে শহরবাসী নাগরিকদের টাকা অপচয় করা হচ্ছে। বামফ্রন্ট সরকারের সময়ে যে সমস্ত গণতান্ত্রিক যে অধিকারগুলো ছিল, বিকেন্দ্রীকরণের যে বিষয়গুলো ছিল, স্বচ্ছতার যে রীতি ছিল সেটা আজকে মানা হচ্ছে না। এই সরকার আসার পরে মাননীয় মন্ত্রীমহাশয় সেটা জানেন যে সেটা মানা হচ্ছে না। আর পৌরমন্ত্রী

আমাদের খুবই করিতকর্মা এবং স্টেডি আছেন কিন্তু তিনি কলকাতার বাইরে অন্য যে পৌরসভাগুলি আছে আমাদের অন্যান্য শহরে সেখানে খুব কম যান। উনি একটু কম যান শহরেই থাকতে ভালবাসেন বেশী। বামফ্রন্ট সরকার সংবিধানের ৭৪তম সংশোধনী স্যার আপনি জানেন যে বামফ্রন্ট সরকারের সময়ে ৭৪তম সংশোধনী দ্বাদশ তপশিলী ও পৌর আইনের প্রতিটি নির্দেশ অক্ষরে অক্ষরে এটা স্যার সেই সময়ে পালন করা হয়েছে। পৌরসভাগুলিকে স্থানীয় সরকারে, স্থানীয় শহরবাসী মানুষের পৌরসভাতে পরিণত করা হয়েছিল সেই সময়ে। পৌর এলাকাগুলিতে সেখানে আইনগত, অর্থনৈতিক, প্রশাসনিক রাজনৈতিকভাবে ক্ষমতাশালী করা হয়েছিল বামফ্রন্ট সরকারের সময়ে। সেই পৌর এলাকাগুলিকে। রাজনৈতিক দিক থেকে, অর্থনৈতিক দিক থেকে, আইনের দিক থেকে, প্রশাসনিক দিক থেকে ক্ষমতাশালী করা হয়েছিল। সারা দেশের মধ্যে বামফ্রন্ট সরকারই প্রথম আপনি জানেন স্যার, বামফ্রন্ট সরকারই প্রথম যে দীর্ঘকাল শহরে বসবাসকারী গরীব মানুষ তাদের এক টাকার বিনিময়ে ৯৯ বছরের লীজে বাস্তু জমি তাদের দেওয়ার উদ্যোগ গ্রহণ করেছিলেন। বামফ্রন্ট সরকারের সময়ে। বস্তিবাসীদের জন্য জওহরলাল নেহরু আরবান রিনিউয়াল মিশন প্রকল্পে দু'লক্ষ আবাসন নির্মাণের প্রস্তাব অনুমোদন করিয়ে এনেছিল। এটাও বামফ্রন্ট সরকারের সময়ে। আর এখানে তিনি বলবেন প্রস্তাবে কি আছে। বামফ্রন্ট সরকারের সময়ে ৩৫টি নতুন পৌরসভা হয়েছে।

[1.40 - 1.50 p.m.]

পাঁচটা পৌর কর্পোরেশন হয়েছে। বেশ কয়েকটি নোটিফায়েড অথরিটি গঠিত হয়েছিল বামফ্রন্ট সরকারের সময়ে চৌত্রিশ বছরে। আর পশ্চিমবাংলায় দু হাজার এগারো সালের জনগণনা অনুযায়ী ৭৪০টি সেনসাস টাউন এর আত্মপ্রকাশ ঘটেছে যা সারা দেশের মধ্যে সর্বাধিক। দু হাজার দশ সালে কুড়িটি নতুন পৌরসভা এবং কয়েকটি পৌর কর্পোরেশন উন্নীত করার নীতিগত সিদ্ধান্ত বামফ্রন্ট সরকার গ্রহণ করেছিল। আমরা সেখানে দেখছি এই কুড়িটির মধ্যে এখানে তিনি বলেছেন বা তিনি অনুমোদন দিয়েছেন মাত্র চারটির। উনি চারটির কাজ হবে বলেছেন। তেহট্ট, চাঁচোল, ক্যানিং ফালাকাটা কাকদ্বীপ, বেলদার কথা বলেছেন চূড়ান্ত পর্যায়ে আছে। খাতরা, গাজোল, বুনিয়াদপুরের কথা বলেছেন কাজ শুরু হয়ে গেছে। তারপরে বালি আছে। আন্দুল আছে, ডোমজুড় আছে, বাগনান চূড়ান্ত পর্যায়ে আছে বলেছেন। বক্সীরহাট, ঠাকুরনগর, আমতা, কোলাঘাট, মেচেদা, আমতলা বলেছেন। ডোমকল বলেছেন চূড়ান্ত পর্যায়ে আছে। তারাপীঠ, মল্লারপুর বলেছেন। আপনি এখানে বলবেন যে কটা হয়েছে? আপনি এখানে হচ্ছে হচ্ছে এই কথা বলেছেন। আপনি বলছেন এই কাজ শুরু হচ্ছে। এরমধ্যে এখনও গাজোল, চাঁচোল কোনটারই কিছু হয়নি। এখনও একই অবস্থা আছে এই বাইশটির মধ্যে। আপনি কোনটা করেছেন বলবেন। ডোমকলের কি হল? সবটা আপনি বলবেন। আপনি কটা করেছেন এখানে আপনি সমস্তটা বলবেন। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এই যে পৌর বাজেট এই বাজেটের ব্যাপারে কতগুলি নীতিগত সিদ্ধান্তে আমাদের আপত্তি আছে। সেটা জানিয়ে আমি

কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই বলব যে আমাদের মাননীয় মন্ত্রী খুব কাজের লোক। এই ব্যাপারে কোনো সন্দেহ নেই। কিন্তু ভালো কাজের লোকদের বিপদ হচ্ছে এরা কাজ করতে যেমন এক্সপার্ট, তেমন অকাজ করতেও এক্সপার্ট। ভালো ভালো কাজ করেছেন আবার কিছু খারাপ কাজও উনি করেছেন। তাই আমি প্রথমেই যে কথা বলতে চাই এই যে পৌরসভা এর কনসেপ্টটা কি? কটার কাজ হল সেটা বড় কথা নয়। তার থেকে বড় কথা হল যে উদ্দেশ্য নিয়ে পৌরসভা তৈরি হল সেই উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্য রাখতে পারছে কিনা। তাকে আমরা ডেভলপ করতে পারছি কিনা। এই যে পরশুদিন পঞ্চায়েত নিয়ে আমরা আলোচনা করছিলাম। সুব্রতবাবু বলছিলেন যে আমরা ক্ষমতা কেড়ে নিচ্ছি না। কার্যত কেড়ে নেওয়া হয়েছে। কেন না যে সমস্ত ছোট ছোট শিল্প কারখানা যেগুলি হত, পশ্চিমবাংলায় এমন কোনো জায়গা ছিল না যে পঞ্চায়েতের জন্য বাধা হয়ে আছে। কোথাও নয়। অথচ এটা করে দেওয়া হল। ঠিক তেমনি এই যে পৌরসভা হচ্ছে স্থানীয় সরকার। যেমন আমাদের পঞ্চায়েত তেমনি। এর লক্ষ্য হচ্ছে যে ডেভলপমেন্টের কাজ করবে কারা, আর যাদের জন্য ডেভলপমেন্ট তারা করবে। এটা উপরের কোনো অফিসার এসে ঠিক করে দেবে না। কারা পার্টিসিপেট করবে, কারা ঠিক করবে — এটা একটা বড় কনসেপ্ট। আর সমস্ত ক্ষমতাটা আস্তে আস্তে নীচে নিয়ে যাওয়া। এই যে ফ্রম পি এম টু পিউপল বলে ছিল যাতে প্রত্যেকটা মানুষের কাছে কাজ নিয়ে যাওয়া যায়। পঞ্চায়েত যেমন করা হয়েছে, এখানেও যেমন হাউস সভা হয়, সংসদ সভা হয়। সংসদ মানে তো একটা পার্লামেন্ট। আচ্ছা, সংসদে যেমন পাঁচশো ভোটার আছে। পাঁচশো জনই একজন করে এম পি। অন্যটাও পার্লামেন্ট। প্রত্যেকটা মানুষের বক্তব্য থাকবে। এই যে কনসেপ্ট, এই কনসেপ্টের প্রধানত কতগুলি ঘাটতি হচ্ছে। আমাদের কি বলা ছিল? এক নাম্বার হচ্ছে সময়মত ভোট করতে হবে। দুই নাম্বার হচ্ছে দল নিরপেক্ষভাবে যা টাকা পাওনা আছে তা দিতে হবে। তিন নামবার হচ্ছে মানুষকে যুক্ত করে কাজ করতে হবে। এই তিনটি হচ্ছে বড় স্লোগান। কিন্তু আমরা কি দেখছি? ভোটের ব্যাপারে আপনাদের কেন অনীহা বুঝতে পারি না। সবই তো জিতছেন আপনারা? এখন তো একশো ভাগের প্রায় পঞ্চাশ ভাগই আপনাদের। একশো ভাগ মিউনিসিপ্যালিটিই তো আপনাদের। যা একটা দুটো আছে মেরে ধরে নিয়ে নেবেন। সবই যখন আপনাদের তখন ভোট করতে এত ভয় কি? আমরা দেখলাম পঞ্চায়েতে এই জিনিস করলেন। ভোট গড়াতে গড়াতে চলে গেল সুপ্রিম কোর্ট। আবার এখানেও দেখছি অদ্ভুত ব্যাপার। এমন একজন ইলেকশন কমিশনার বসিয়েছেন সে তো আই এ এস অফিসারও নয়। তাকে বসিয়েছেন, আপনাদের কথা মত চলে। সব সাহায্য করে। তারপরে কেন গণ্ডগোল হবে? তারপরে গণ্ডগোল হল, সেই গণ্ডগোলের জেরে চলে গেল সুপ্রিম কোর্ট। কে গেল না গেল বড় কথা হচ্ছে আপনি মন্ত্রী। আপনি সরকারের লোক। আপনি চাইলেন সময়মত ভোট হোক। আমরা ৩৪ বছর চালিয়েছি। আমাদের তো কাউকে বলতে হয়নি যে ভোট করুন। সময়মত ভোট হয়েছে। ভোটে কে জিতল হারল পরের কথা। ভোট সময়মত হয়েছে। সাত আটবার আমরা ভোট করেছি। আপনারা এক বছরে একটা টার্ন না আসতে আসতেই এত কাণ্ড। পঞ্চায়েত নিয়ে ভোটের কাণ্ড, মিউনিসিপ্যালিটি নিয়ে ভোটের কাণ্ড। আমি বলি যে কেউই ক্ষমতায় আসুক যে কেউ চেয়ারম্যান হোন, এটা বড় কথা নয়, বড় কথা হল আমাকে সময়মত

ভোটটা করতে হবে। এটা একটা বড় কাজ। দুই নাম্বার হল — নিচের তলায় কাজ নিয়ে যাওয়া, টাকাপয়সার ব্যাপারে তো আগে থেকে ঠিক করা আছে। আমরা যখন করি এখানে ঠিক করেছিলাম যে এই টাকা পয়সা দেওয়া নিয়ে এখানে রাজনীতি হতে পারে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যখন যুক্ত হয়েছে, তখন তারা ঠিক করেছে টাকা-পয়সা নিয়ে যেন কোনো দলবাজি না হয়। আমার খুশি হল, চেয়ারম্যান ভালো, তাকে টাকা দিয়ে দিলাম। একজন আমার দলের লোক, তাকে টাকা দিয়ে দিলাম — এটা চলবে না। এটা নিরপেক্ষ হবে। এই জন্য পঞ্চায়েত এবং পৌরসভায় — সব জায়গায় ফিন্যান্স কমিশন করা হয়েছে। যাত করে ন্যায্য বিচার হয়। জনসংখ্যার ভিত্তিতে হোক বা অন্যান্য কিছুর ভিত্তিতে হোক। একটা হিসেব করে নিয়ম মেনে টাকা দেওয়া হবে। আমি খুশি মতো মন্ত্রী নিতে পারবো না। আবার আমি খুশি মতো এলাকার টাকায় হাত দিতে পারবো না। এই যে পদ্ধতি চালু হয়েছে, এই পদ্ধতি ঠিকমত মানা হচ্ছে কিনা সেটা আমাদের দেখা দরকার। তিন নম্বর হচ্ছে, বেশিরভাগ ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি — পঞ্চায়েতে দেখছি, পৌরসভায় দেখছি যে, নিচের তলার যে সভাগুলি করা, যেখানে মানুষকে যুক্ত করার কথা, সেই মিটিংগুলো হচ্ছে না। পঞ্চায়েত দেখলাম অনেক জায়গায় মিটিং ডেকে দিচ্ছে। জেনে শুনে করছে। প্রথম মিটিংয়ে যদি লোক না হয়, তাহলে মিটিংটা হবে অ্যাডর্জনড মিটিং। আর সেই মিটিংয়ে তো মেজরিটি দরকার নেই, যা হবে তা হবে। কোরাম-টোরাম লাগবে না। অনেকে এই রকম করে দিচ্ছে। এটা একটা লোক দেখানো হয়ে গেলো। আসল লোককে ফাঁকি দিয়ে আমরা লোক দেখিয়ে নিয়ম বার করে দিলাম। এর ফলে দুর্নীতি বাড়ে। এর ফলে অন্যান্য জিনিসগুলো বাড়ে। সেগুলো একটু ভালো করে দেখার দরকার। আর আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই যে, ফিরহাদ সাহেব তো এই রকম লোক নন, কিন্তু কেন করলেন জানি না — আমাদের শিলিগুড়িতে উনি যা করলেন, করলেন। শিলিগুড়িতে অশোক ভট্টাচার্য, প্রাক্তন মন্ত্রী অনেকদিনের। তিনি আপনার সঙ্গে দেখা করতে এসেছিলেন। আপনার সঙ্গে এবং আরেকজন মন্ত্রীর সঙ্গে দেখা করতে এসেছিলেন। আপনি তো দেখাই করলেন না। তিনি চেয়্যারম্যান হয়েছেন, এটা কাম্য না। ...(নয়েজ)... হ্যাঁ, মেয়র হয়েছেন উনি। তার সঙ্গে আপনি দেখা করেননি, এটা শুনে খুব খারাপ লাগলো। যদিও আমি শুনলাম যে, আপনার সঙ্গে মুখে কথা হয়েছিল। কিন্তু দেখা করেননি, এটা কাম্য না। আগে আমরা সবসময় বিরোধীদের কাজ করতাম সব কাজ ফেলে। যাইহোক, হোয়াট এভার মে বি। চার নম্বর বিষয় হচ্ছে, এই যে কাজের তৎপরতা। এক্ষেত্রে আমি নিজেই একটা বড় উদাহরণ। এটা আমি বলছি এই কারণেই, আমার খুব লজ্জা লাগে বলতে, লজ্জা হয় ভীষণ। ২০০০ সালে ওখানে মহকুমা হয়। তার কয়েক বছর পর চেষ্টা হয় ওটাকে পুরসভা করার। এই সমস্ত পদ্ধতি মানতে মানতে ২০১১ সালের ১৫ই ফেব্রুয়ারি যে নোটিফিকেশন আপনারা করলেন — সেম্ নোটিফিকেশন। সেম্ নোটিফিকেশন হয়েছে। ...(নয়েজ)... গেজেটের কপি আছে আমার কাছে। আমি পড়ে দেখাতে পারি। সেম্ নোটিফিকেশন ২০১১ সালের ১৫ই ফেব্রুয়ারী পাবলিশ হয়েছিল এক্সট্রা অর্ডিনারি ক্যালকাটা গেজেটে। শুধু তাই না, আপনি আরো আশ্চর্য হয়ে যাবেন, ওই কপি দিতে গিয়েছিলেন রাজ্যপাল হেলিকপ্টারে করে। হেলিকপ্টারে চেপে গিয়ে বিরাট সমাবেশে তিনি ঘোষণা করলেন যে, এটা হয়ে গেল। এবং দু'জন বরিষ্ঠ নাগরিকের হাতে দুটো কপি তুলে

দিলেন। সেই কপি এখনো আছে। তারপর চার বছর। কি দরকার ছিল? আর ক'দিন বামফ্রন্ট থাকলে একটা শুধু অর্ডার বের করতে হত — অমুককে চেয়ারম্যান করে কমিটি কাজ করবে। এই কথাটা শুধু বাকি ছিল। এটা আর ক'দিন পরে ভোট ঘোষণা হলেই হয়ে যেত। এই সামান্য কাজটুকুর জন্য আপনি এটাকে চার বছর ঝুলিয়ে রাখলেন। আপনার ঘরে আমি গেলাম। আপনি নিজে নিয়ম কানুন জানলেন ডি.এম.এর কাছে। এটা করতে কোনো বাধা নেই। তারপর চার বছর হল না, এর কারণটা কি? প্রথমে শুনলাম একটা হচ্ছে আনিসুর রহমানের, কিরকম বেমানান লাগছে। হতে পারে। কিন্তু তারপর তো অনেক টাইম পার হয়ে গেল। কতবার যে আপনাকে বলেছি! লজ্জা লাগছে এই কারণে যে, একটা মন্ত্রীকে কতবার বলব? তারপর হল। হল তো হল, তা এখন আবার মজা হয়ে গেছে আপনাদের নাকি একজন যুবরাজ আছে ওই জেলায়। সেই যুবরাজ নাকি ওখানে চেয়ারম্যান হবে। সে তো আগে থেকেই সাত-আটখানা গাড়ি ছাড়া চলে না। সে একটা কন্ট্রাক্টর ছেলে ছাড়া আর কিছু ছিল না। তার বাবা একজন এম.পি., আর সে নিজে একজন কন্ট্রাক্টার। আর সে এখন সাত-আটটা গাড়ি নিয়ে মুখ্যমন্ত্রীর মতো কনভয় নিয়ে যায়। তার নাম হচ্ছে যুবরাজ। সে প্রচার করে দিয়েছে যে, এইসব আমি করেছি এবং আমি চেয়ারম্যান হচ্ছি। এটা যদি হয়, সেটা মারাত্মক হবে। আমি তো বলেছিলাম, আমাদের কাউকে করতে হবে না। আপনি এস.ডি.ও.কে চেয়ারম্যান করে দিন। কিন্তু এটা যদি হয় যে, আপনি এস.ডি.ও. ইত্যাদিকে বাদ দিয়ে ওইরকম একটা ছেলেকে ঢুকিয়ে দিলেন — যুবরাজকে — তাহলে মারাত্মক খারাপ হবে, ক্ষতি হবে। সেটা আমি বলে রাখলাম। ঠিক এরকম করে অন্যান্য কাজ যেগুলো আছে, সেই সমস্ত কাজের ব্যাপারে মানুষ যেটা চায়, মানুষের সব থেকে বড় প্রয়োজন মানুষ চায় একটু সার্ভিস। কে জিতলো, তার থেকে বড় কথা মানুষ সার্ভিস চায়। আজকে পৌরসভা হয়েছে, ট্যাক্স দিতে হবে, সব জায়গাতে আছে। কিন্তু যে পরিমাণে সার্ভিসটা পাওয়ার কথা সেটা অনেক জায়গায় পাচ্ছে না। টাকা তো একমাত্র কারোর না। কারণ গভর্নমেন্ট অফ ইন্ডিয়া নানা স্কিমে — আমি দেখছিলাম যে, আমাদের সময় ৩৫টা পৌরসভা হয়েছিল নতুন। ৫টা কর্পোরেশন তৈরি হয়েছে এবং বিভিন্ন রকমের প্রকল্প কেন্দ্রে আছে। অসংখ্য প্রকল্প আছে। সেখান থেকে টাকা পাওয়া যায়। সেই টাকাগুলো প্রপারলি ইউটিলাইজ করার ক্ষেত্রে বিভিন্ন পৌরসভা বিভিন্ন রকমের।

[1.50 - 2.00 p.m.]

আমি সেদিনকে পঞ্চায়েতে বলেছিলাম যে সব পঞ্চায়েত কখনও একদলের হবে না, তেমনি সব পুরসভা যতই মারুন-ধরুন সবগুলো তৃণমূলের কখনই হবে না, দু-একটা আমাদের থাকবেই, আরো কারোর থাকবে। সেই জন্য সবইতো একপক্ষ হবে না, দুপক্ষের ভাবনাটা এক হওয়া দরকার আমরা যে টাকা পয়সা পাচ্ছি তা প্রপার্লি খরচ করতে হবে, টাইমলি খরচ করতে হবে, ট্রান্সপারেন্টলী খরচ করতে হবে। এই যে টাইমলি খরচ করা, ট্রান্সপারেন্টলী খরচ করা, এটা আমাদের একটা গুরুত্বপূর্ণ কাজ, কিন্তু এটা সব জায়গায় হচ্ছে না। এটা আমি আমাদের মুর্শিদাবাদে দেখলাম, যে একটা পৌরসভা খুব ভালো কাজ করছে, ঠিক পাশে আর একটা পৌরসভা খারাপ কাজ করছে। এগুলো ঠিকমতো রিভিউ করা, পর্যালোচনা করা এবং তাদের

কি সাহায্য দরকার সেগুলি ঠিক করা দরকার। ম্যান পাওয়ারের ক্ষেত্রে এইরকম সমস্যা আছে, কোনো পুরসভায় ভালো লোক নেওয়া আছে বেশী, যে ভাবেই হোক করে নিয়েছে। আবার কোনো পুরসভায় ঠিকমতো লোকজন নাই, কাজের ব্যবস্থা নাই, এর ফলেও সমস্যা হচ্ছে। তাদের কি ভাবে হেল্প করা যেতে পারে সেটা ভাবা দরকার। এই সবটা মিলিয়ে যদি এটা ভাবা যায় তাহলে ভালো হতে পারে। কিন্তু মাঝে মাঝে আপনারা এই সমস্ত কাজ বাদে অন্য কাজে ব্যস্ত হয়ে যাচ্ছেন বেশী। হঠাৎ করে দেখলাম ত্রিফলা আলো জ্বলে উঠলো। এই যে এখানে আলো জ্বলে উঠলো, সে আলো গেল কোথায়? এখন আর সব জায়গায় দেখা যায় না। হঠাৎ করে হিড়িক পড়ে গেল এই লাইট জ্বালতে হবে। তার জন্য লক্ষ লক্ষ কোটি কোটি টাকার আলো কেনা হল। অনেক বন্ধ হয়ে গেছে, আপনি চলুন দেখবেন বন্ধ হয়ে গেছে। আপনাদের এখানে কলকাতায় দেখার পরে শুরু হয়ে গেল গ্রাম অবধি, এমনকি পঞ্চায়েতের দু-একটি জায়গায় সেখানেও আলো জ্বেলে দিয়েছে ত্রিফলা। কয়দিন ভালো করে চললো, তার পরে ইলেকট্রিক বিল দিতে পারে না, কারো হয়তো চুরি হয়ে গেছে মালপত্র, এখন আবার যা ছিল তাই। এই যে হুজুগে চলা, মন্ত্রী যেখানে আছেন, যেখানে কলকাতা কর্পোরেশন আছে, ডাইরেক্ট তাদের সম্পর্ক আছে, সেখানে দাঁড়িয়ে যদি এই জিনিস হয় তাহলে নীচে কি জিনিস হচ্ছে বুঝতেই পারছেন। প্রত্যেক জায়গাতেই হয়েছে, কোনো জায়গায় নিয়ম মেনে কিছু কেনা হয়নি। কিছু বলতে গেলেই বলছে এটাতো কলকাতাতে হয়েছে আমাকে বলছেন কেন? এটা ভালো জিনিস নয়, কাম্য নয়। আমি আবেদন জানাবো এই জন্য যে আপনি যে কাজ করছেন, নিশ্চয়ই আরো কাজ আপনাকে করতে হবে, কিন্তু প্রথমেই আপনারা যেটা হওয়া দরকার সেটা হচ্ছে নিরপেক্ষ হওয়া দরকার। দরকার এই কারণেই প্রথমেই আমি যেটা বলেছিলাম যে পৌর সংস্থার প্রথম চরিত্র হচ্ছে ঠিক সময়ে নির্বাচন হচ্ছে কি না? সে তো যা হল, হল, কিন্তু নির্বাচন যেটা হল সেটা কি আপনি মনে করেন যে এটা ফ্রি, ফেয়ার নির্বাচন হয়েছে? কেউ মনে করবে না। ...(নয়েজ)... আপনার পৌরসভায় যা দেখলাম, মুর্শিদাবাদ জেলায় মোটামুটি ভালো ভোট হয়েছে, কিন্তু ফল দেখলাম আলাদা। আর যেখানে ভোট হয়নি ঠিকমতো, সেখানে রেজাল্ট দেখলে ফল দেখলেই বোঝা যাবে, বুথওয়াইজ ফল দেখলেই বোঝা যাবে যে এটা ঠিকমতো হয়নি। আমি মন্ত্রী মহাশয়কে আবেদন জানাবো তিনি ডায়নামিক, শক্তিশালী লোক, কাজের লোক, কাজ করুন, কিন্তু এগুলো মাথায় রাখবেন যে আমাদের পশ্চিমবাংলায় এই যে সাধারণ ঐতিহ্য যে আমাদের এখানে শান্তিপূর্ণ ভোট হবে, মানুষ তার ভোটাধিকার প্রয়োগ করবে, এটা নিশ্চিত করা আপনার দায়িত্ব। ইউ আর দা কাস্টডিয়ান অফ্ দা ডেমোক্রেসী অন্তত হলের মধ্যে এই ডিপার্টমেন্টে, পৌরসভায়, যাতে পৌরসভায় অবিচার না হয়, পৌরসভা যেন ঠিকমতো কাজ করতে পারে এটা দেখা। আর যেটা দেখার আমি বলবো যেটা শেষ কথা বলবো এখন যেটা হচ্ছে, সেটা পঞ্চায়েতে হচ্ছে, এখানে হচ্ছে, যে কোনো প্রকারে যে কটা আমাদের বিরুদ্ধে আছে সেটা দখল করতে হবে। তার জন্য আমরা দেখলাম ধুলিয়ানে, খড়্গপুরে দেখলাম চোখের সামনে হচ্ছে ঘটনা। এতো অধৈর্য হলে তো আপনারাও মরবেন। আজকে যদি কোনোরকমে জোরজার করে মেরেধরে আদায় করে দেবেন, সে কিন্তু আপনাদের কথা শুনবে না, সে আপনার সর্বনাশ করবে। এটা আমরা বহুদিন ধরে দেখছি। যাকে পাইয়ে দিলেন সে

কখনও খুশী হতে পারে না। এই জন্য আমার অনুরোধ থাকছে একটা স্বাভাবিক পরিবেশে যাতে ভোট হয়, স্বাভাবিক পরিবেশে সমস্ত সুযোগ নিয়ে কাজ করতে পারে, এটা দেখা আপনার দায়িত্ব, এটা করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জটু লাহিড়ী : মাননীয় স্পীকার স্যার, আমাদের পৌর ও নগরোন্নয়ন মন্ত্রী সম্মানীয় শ্রী ফিরহাদ হাকিম মহাশয়, ৩৯ এবং ৫৪ নম্বর দাবীর অধীনে ২০১৫-১৬ যে বাজেট বিবৃতি পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশানকে বিরোধিতা করছি। স্যার, এটা আমরা ভূতের মুখে রামনামের মতো শুনছি, ৪ বছর আমরা সবে পেরিয়েছি। আর উনি এমনভাবে বলে গেলেন, যেন নবজাতক! প্রথম এসেছেন! সব অন্যায়গুলি আমাদের দেখছেন আর দীর্ঘসময় ধরে—আমি তো বলব একভাবে এতো সময় বামফ্রন্ট যেভাবে ছিল আমার মনে হয় সেই বিষয়ে ওদের গিনেস বুকে নাম উঠেছে। কিন্তু কাজের ক্ষেত্রে কোনো ক্ষেত্রতে হয়নি। সম্মানীয় বিধায়ক আনিসুর সাহেব যে কথা বলছিলেন, আমার খুব আশ্চর্য লাগে যে, ওনারা সব কি অতীতের কথা ভুলে যান? আমি ৯০-৯১ সালে আমি নিজে হাওড়া কর্পোরেশনের কাউন্সিলার ছিলাম। স্যার, সেই সময়ে ৬টা added area-তে দু'জন আমরা কাউন্সিলর ছিলাম, কংগ্রেসের। চারজন সি পি এম-র ছিল। ৬টা added area-র ward-এর জন্যে 9th finance commission ৬ কোটি টাকা দিয়েছিল প্রত্যেকটা ওয়ার্ডের উন্নয়নের জন্য এক কোটি করে টাকা। কিন্তু এরা এতো লজ্জাহীন বলব এদের কোনো মানসম্মান জ্ঞান নেই যে, এখানে দাঁড়িয়ে দাঁড়িয়ে মিথ্যা কথাগুলো বলে গেলেন, যে ৬ কোটি টাকা যেটা প্রত্যেকটা ward-কে এক কোটি করে টাকা দেওয়ার কথা এবং আমরা যখন জানি যে আমরা এক কোটি করে টাকা পাবো আমাদের ward-এর উন্নয়নের জন্য, তখন আমাদের এই দুটো কংগ্রেস কাউন্সিলারকে ৫০ লক্ষ টাকা করে দেওয়া হল। এক কোটির জায়গায় ৫০ লক্ষ দেওয়া হল। ৫০ লক্ষ কেটে নেওয়া হল। দুটো ward-এ এক কোটি টাকা। ওদের চারটি ward-এর কাউন্সিলার সি পি এমের এক কোটি করে চার কোটি টাকা পেল। আর আমাদের এক কোটি টাকা কেটে নিয়ে ওদের আরো অতিরিক্ত ২৫ লক্ষ করে টাকা দিল। অথচ ওরা পেল এক কোটি পঁচিশ লক্ষ টাকা আর আমরা কংগ্রেস কাউন্সিলার সেই সময় ছিলাম আমাদের দেওয়া হয়েছিল ৫০ লক্ষ টাকা। ফলে আর্থিক বৈষম্য এটা স্যার জ্বলন্ত দৃষ্টান্ত। আর ওরা এটা ৩৪ বছর ধরে মানুষের সঙ্গে যত দলবাজি করেছেন, যত কারচুপি করেছেন, যত সন্ত্রাস করেছেন এবং সেইভাবেই ৩৪ বছর ক্ষমতায় থেকে গিনেস বুকে নাম তুলেছেন। লজ্জাও করে না। এখানে সত্যের অপলাপ করছেন। আমাদের লজ্জা লাগে শুনে। স্যার, আমাদের এই রাজ্যে ওনাদের ৩৪ বছরে কি করেছেন পৌরসভাগুলোর জন্য সেটা তো একবারও বললেন না। খালি বললেন, এই করেছি, ওই করেছি, তাই করেছি। তা করেছেন যদি, তা সারা পৌরসভাগুলো, যখন ২০১১-এ পরিবর্তন হল, মা-মাটি-মানুষের সরকার তৈরি হল, তাহলে এত দৈন্যদশা পৌরসভাগুলোর কেন ছিল। যেখানে রাজ্যের আয়তনের তিন শতাংশ জমি পৌরসভাগুলোর মধ্যে। আর ৩০ শতাংশ মানুষ এগুলোতে বসবাস করে। যেভাবে ঘনবসতি এবং তাদের প্রতিদিনের যে চাহিদা, নাগরিক পরিষেবার ক্ষেত্রে পানীয় জল চাই, রাস্তাঘাট চাই, প্রতিদিন

নিয়মিত বর্জ্য অপসারণের বন্দোবস্ত চাই। রাস্তা আলোকরণ হওয়া চাই এবং নাগরিক পরিষেবার আরো যে বিষয়গুলো সেই বিষয়গুলোর দিকে ওরা কোনোদিনই নজর দেননি। কিন্তু আমাদের পরিবর্তনের সরকার আসার সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম, তিনি কিন্তু সমস্ত পৌরসভাগুলোকে নিয়ে এখানে কোনো বৈষম্য নেই। এবং প্রমাণ হয়ে গেল তো বিগত নির্বাচনে। ওনারা কারচুপি হেন তেন অনেক — কারণ, যে যে পথে চলে, সে সে পথের কথা ভালো করে জানে। ওনারা কারচুপি করেছেন, সন্ত্রাস করেছেন এবং এইটাই ওনাদের এখন একটাই অস্ত্র এবং সেই কথাটাই বার বার বলে যাচ্ছেন। আর মানুষের সমর্থন — চার বছরে আমরা কাজ করেছি বলে, ৯২টি পৌরসভার নির্বাচনে আমরা, ৮০ শতাংশের বেশি পৌরসভা এমনি আসেনি — মানুষের সমর্থন ছাড়া আসে না। গুণ্ডামি করেও মানুষকে রাখতে পারেননি। ...(গোলমাল)... মানুষের জন্য যে পৌরসভা, মানুষের প্রয়োজনে যে কাজগুলো করা দরকার, প্রাথমিক স্তর থেকেই আমাদের প্রথম দিনের কাজই হল যে, আমরা পৌরসভাগুলোর যে পরিষেবা দেওয়া দরকার সেই লক্ষ্যে আমাদের কাজগুলো করতে হবে।

[2.00 - 2.10 p.m.]

আমরা জানি, একদিনে এ কাজ হবে না। ওনারা ৩৪ বছর করতে পারেননি, আর আমাদের ৪ বছরেই হৈ হৈ করছেন। আমরা ৪ বছরে নির্দিষ্ট রূপরেখা নিয়ে কাজ করে চলেছি। তাই তো গাত্রদাহ হচ্ছে। আজকে স্যার, পৌরসভার ছোট মাঝারি শহরের উন্নয়নকল্পে বিশেষ করে পানীয় জল যেটা আমরা বলি জল হচ্ছে জীবন। আমি এই জলের কথা বলতে গেলে হাওড়া কর্পোরেশান এরিয়ার অ্যাডেড এরিয়ার কথা বলতে হয়। সময় থাকলে সেটা পরে বলা যাবে, সময় সংক্ষেপ। যে কথা বলছি, পানীয় জল প্রকল্পের জন্যে '১৪-১৫-তে ৭৯১ কোটি ৮৫ লক্ষ টাকা জলের জন্য দেওয়া হয়েছে। এবং যে কাজগুলো অধিকাংশ কাজ আমাদের ১৫ই ডিসেম্বরের মধ্যে শেষ হয়ে যাবে। আমরা নির্দিষ্টভাবে বলেই দিচ্ছি যে এটা হয়ে যাবে, হবে। টাকাও দেওয়া হয়েছে, কাজও শেষ হবে। কাজ চলছে। যেখানে পানীয় জলের আরো বিশেষ ব্যবস্থার জন্য আমরা জানি যে পানীয় জলের অভাব, মাটির স্তরের জল নেমে যাচ্ছে, তার মধ্যেও কিন্তু কে এম ডাবলিউ এস এর মাধ্যমে সারা রাজ্যের পৌরসভাগুলোতে যেখানে জলাভাব, ডিপ টিউবওয়েলের মাধ্যমে সেখানে জলের ব্যবস্থা করা হচ্ছে দ্রুতগতিতে। যেখানে কে এম ডাবলিউ এস এসেছে, বিশেষ করে আমরা জানি যে আজকে নদীর জল বিশেষ করে সারফেস ওয়াটার, যদি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের মধ্যে দিয়ে এই জলটাকে বিশুদ্ধ করে মানুষের কাছে পৌঁছে দিতে পারি তার জন্য আমাদের ব্যাপক পরিকল্পনা আমাদের মন্ত্রী মহাশয় করেছেন। আজকে কে এম ডাবলিউ এস এর মাধ্যমে, কে এম ডি এ-র মাধ্যমে বিভিন্ন পৌরসভায় নদীর তীরবর্তী যে শহরগুলো, সেই শহরগুলোতে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের ব্যাপক পরিকল্পনা করা হয়েছে এবং যে পরিকল্পনার মধ্যে আমরা জানি যে আগামী ৫ বছরের মধ্যে পশ্চিমবাংলায় পানীয় জলের সমস্যা অন্তত মিটে যাবে। যা আপনারা ৩৪ বছরেও করেননি। মিটে যাবে। এবং তার প্রস্তুতি হিসাবে আমরা বিভিন্ন পৌরসভাকে ২০১৪-১৫ সালে পাইপ লাইনের মাধ্যমে জল সরবরাহ ব্যবস্থা সম্প্রসারণের উদ্দেশ্যে ৩৫ কোটি ২৮ লক্ষ টাকা দেওয়া

হয়েছে। আবার '১৫ সালের বাজেটেও এই পাইপ লাইন বসানোর জন্যে ৫০ কোটি টাকা ধার্য করা হয়েছে। সুতরাং কাজের গতির মধ্যে দিয়ে কাজ এগিয়ে চলেছে, নির্দিষ্ট রূপরেখাকে সামনে রেখে। ভাঁওতাবাজী নয় যা আপনারা ৩৪ বছরে করে গিয়েছেন। স্যার, মূল কাজটা কি পৌরসভার পরিষেবা, রাস্তা, বর্জ্য পরিষ্কার আর নিকাশী ব্যবস্থা ঠিক রাখা, পানীয় জল পৌঁছে দেওয়া এই চারটে কাজ যদি করা যায় নাগরিকদের অভিযোগ কিছু থাকে না। তা, আমরা সেই লক্ষ্যে, নির্দিষ্ট লক্ষ্যে এই কাজগুলো কিন্তু করে চলেছি। পানীয় জলের সমস্যার সমাধানে আমরা নির্দিষ্ট রূপরেখা নিয়ে এগোচ্ছি। আমরা সেখানে নিকাশী ব্যবস্থা, সেই নিকাশী ব্যবস্থার লক্ষ্যেও এবং আমি তো বলব, গত বছরেও নিকাশী ব্যবস্থায় যে আমরা সঠিক পথে এগোচ্ছি, তার প্রমাণ কলকাতা হাওড়া শহরেতে যে জল আপনাদের সময়ে জমত, সেই জল জমেনি, সেই জল জমেনি। এবং শুধু তাই নয়, উদাহরণ আমার কাছে অনেক আছে, কারণ আমি হাওড়া কর্পোরেশানে দীর্ঘদিন ধরে এখনও পর্যন্ত রয়েছি, আমি সব জানি। কি করেছেন আর এখন কি হচ্ছে। পাশাপাশি তুলনামূলক আমি দেখতে পাই। এবং সেখানে ২০১৪-১৫ সালে আর্থিক বর্ষে আমরা নিকাশী ব্যবস্থার জন্যে ৪৩৫ কোটি ৮২ লক্ষ টাকা দিয়েছি, ২০১৫-১৬-তেও আর্থিক বর্ষে শুধু এই কাজের জন্যে ৪০০ কোটি টাকা ধার্য করা হয়েছে। টাকাটা শুধু ধার্য হয় না তার কাজও হয় এবং কাজের মধ্যে দিয়েই আমরা সুফল পেয়ে আসছি। যেটা আপনারা করেননি। একটু আগে আনিসুর সাহেব বক্তৃতা দিতে গিয়ে বললেন রাস্তায় ত্রিফলা আলোর কথা, ওনারা এই ব্যাপারে ভীষণ অখুশি। কারণ এর ফলে অন্ধকার দূর হয়েছে। কেন মানুষ রাস্তার আলো দেখতে দেখতে নির্বিঘ্নে যাচ্ছে, এরজন্য ওদের ভীষণ কষ্ট হচ্ছে। অন্ধকার থাকলে তবে তো চুরি করা যাবে, তবে তো ছিনতাই করা যাবে। যার জন্য আপনারা হাজার হাজার ক্যাডার পুষেছিলেন। আলো জ্বলছে বলে তারা বেকার হয়ে যাচ্ছে। তাই কষ্ট হচ্ছে আপনাদের, এটা জানি আমরা। কিন্তু আমরা আপনাদের ছিনতাইবাজদের বেকার করে দেব। আরও আলো জ্বালিয়ে প্রতিটি শহর আলোকিত করা হবে। এই কাজ আমরা অত্যন্ত সুন্দর গতিতে করছি। স্যার আমি শুধু দুটো তুলনামূলক কথা বলব। কলকাতা কর্পোরেশান এবং হাওড়া কর্পোরেশান পাশাপাশি অবস্থিত। কিন্তু আমাদের হাওড়া কর্পোরেশানের লোকেদের দুঃখ ছিল, কলকাতা কর্পোরেশান এলাকায় এত উন্নয়ন — কলকাতা কর্পোরেশানে ২০০০ সালে তৃণমূল কংগ্রেসের বোর্ড হয়েছিল, ২০০৫ সালে আপনারা ছিনিয়ে নিয়ে বামপন্থী বোর্ড করেছিলেন, তারপরে ২০১০ সালে আমরা বোর্ড দখল করেছিলাম এবং ২০১৫ সালেও আমরা বোর্ড দখল করেছি। সরকারে থাকাকালীন আপনাদের ব্যর্থতা মানুষ কিন্তু বুঝে গিয়েছিল। আর হাওড়া কর্পোরেশানে আপনারা ৩৭ বছর ক্ষমতায় ছিলেন। ২০১৩ সালের আগে বর্ষার সময় আমাদের মাননীয় পৌর মন্ত্রিমহাশয় হাওড়াতে গিয়েছিলেন, তখন গোটা হাওড়া শহর জলমগ্ন। সামান্য ড্রেনগুলো পরিষ্কার হয়নি, শুধু পরিষ্কার নয়, সেখানে নিকাশী ব্যবস্থার জন্য ফিনান্স কমিটির টাকাও ছিল। লজ্জার কথা এক কোটি টাকা ড্রেনেজ ক্যানেলগুলোর সংস্কারের জন্য খরচ করা হয়েছিল। সেখানে পরিষ্কারের নাম করে এক একটা জায়গায় বস্তা দিয়ে ব্লক করা হয়েছিল। পরিষ্কার কি হয়েছে জানি না, যে বস্তা দিয়ে ড্রেনগুলো ব্লক করা হয়েছিল সেই বস্তাগুলো পর্যন্ত সেখান থেকে তোলা হয়নি। যখন জল জমা হয়ে রাস্তা পর্যন্ত এসে গেছে, আমরা যখন হন্যে হয়ে

খুঁজছি কেন জল জমছে, গিয়ে দেখি যে বস্তাগুলো দিয়ে ড্রেন ব্লক করা হয়েছিল সেই বস্তাগুলো পর্যন্ত অপসারণ করা হয়নি। সেই বস্তা আটকে জল উঠে গেছে। এই ছিল আপনাদের কাজের নমুনা। অর্থাৎ আপনারা কিছু কাজ করেননি, খালি চুরি, চুরি আর চুরি। চুরি করতে করতে আপনারা চৌত্রিশ বছরে বাংলাকে ফাঁকা করে দিয়ে গিয়েছেন। আমরা সেই জঞ্জাল অপসারণ করছি। আর বর্জ্যর ব্যাপারে আপনারা কিছুই ভাবেননি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বর্জ্য অপসারণের ব্যাপারে ভাবতে বলব। কারণ প্রতিনিয়ত বর্জ্য বাড়ছে। সেই বর্জ্য অপসারণের জন্য বিকল্প ব্যবস্থা আমাদের করা উচিত। কারণ বেলগাছিয়া ভাগাড় পাহাড় হয়ে গিয়েছে। আপনারা ৩৭ বছর ক্ষমতায় থেকে সেই ব্যাপারে কোনো ভাবনা-চিন্তা করেননি। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার আবেদন থাকবে বর্জ্য থেকে বিদ্যুৎ এবং সারের ব্যবস্থা যাতে করা যায়। যেখানে জলাজমি ভর্তি বন্ধ সেখানে বর্জ্যর জন্য নতুন করে জায়গা কোথা থেকে পাওয়া যাবে এই ব্যাপারে ভাবতে হবে। সুতরাং এই ব্যাপারে আমাদের বিকল্প চিন্তা-ভাবনা অবশ্যই করতে হবে। এই ব্যাপারে যে সমস্ত পৌরসভাগুলো আর্থিক দিক থেকে দুর্বল তাদের জন্য ২০ কোটি টাকা আপনি বাজেটে রেখেছেন। তারা যাতে জায়গা কিনে সেখানে বর্জ্য রাখতে পারেন। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ : মিঃ চেয়ারম্যান স্যার, পৌর বিষয়ক এবং নগরোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম ৩৯ নং এবং ৫৪ নং দাবির সমর্থনে যে বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই আমি বলি, সরকারের পক্ষ থেকে পৌর নির্বাচন করা নিয়ে প্রথমে টালবাহানা করা হয়। সেই নির্বাচন যদিও বা হল সরকারের পক্ষ থেকে বলা হল বিরোধী শূন্য পৌর নির্বাচন করতে হবে।

[2.10 - 2.20 p.m.]

সেই বিরোধী শূন্য করতে গিয়ে দলের আমরা যাদের ভৈরব বাহিনী বলি, সেই ভৈরব বাহিনী সহ পুলিশ প্রশাসনকে কাজে লাগিয়ে, সরকারি অফিসারদের কাজে লাগিয়ে—গোটা পঞ্চায়েতে ভোট লুঠ এবং সন্ত্রাসের বাতাবরণ সৃষ্টি করলেন। মানুষকে ভোট দিতে যাওয়া হল না। বুথে যাওয়ার আগে তার ভোট হয়ে যাচ্ছে। যদিও বা কেউ ভোট দিতে যাচ্ছে তার উপরে আক্রমণ, অত্যাচার নেমে এসেছে। গোটা রাজ্যে পৌর বাজেট এবং এই পৌর বাজেটের উপরে বলতে গিয়ে — পৌর নির্বাচনটা যেভাবে অগণতান্ত্রিক পদ্ধতিতে হয়েছে, সেটা বলতে হবে। যদিও বা কিছু বিরোধীরা জিতল এবং সেই পৌরসভা দখল করার জন্য—বিরোধী দলের যে কাউন্সিলার, তাদের বাড়ি আক্রমণ, তাদের মারধর, মিথ্যা কেসে আটকে দেওয়া এবং অবশেষে বাধ্য হয়ে আত্মসমর্পণ করা। এই ভাবেই আপনারা পৌর নির্বাচনে সাফল্য পেয়েছেন। এতে ভবিষ্যৎ ভাল হবে না, অতীতে ভাল হয়নি, আপনাদেরও ভাল হবে না। দলীয় গোষ্ঠীদ্বন্দ্ব তীব্র আকার নেবে, সেই দলীয় কোন্দলের ...(নয়েজ)... ফলে আপনাদের একজন কর্পোরেশানের ডেপুটি চেয়ারপার্সন, তিনি মারা গেলেন। আপনি পৌর নির্বাচনে কথা বলেছেন, পৌরসভার যে পানীয় জল, সেই জল দেওয়ার কথা বলেছেন — মানুষের মাথাপিছু ১৩৫ লিটার জল দেওয়া হবে, কিন্তু এখনও পর্যন্ত ৭০ লিটারে পৌঁছায়নি। আপনি সেফেস্ট ড্রিঙ্কিং ওয়াটারের

কথা বলছেন, এখন পর্যন্ত সেই জায়গাটা তৈরি করতে পারেননি এবং সরকারি ভাবে পৌঁছায়নি। আপনার জল দেওয়ার যে পরিকল্পনা, সেই পরিকল্পনা আপনি যতটুকু গ্রহণ করছেন? — নগণ্য, তুলনায় খুবই কম, খুবই কম। আমাদের রাজ্যে নতুন করে শিল্প হয়নি — জিন্দাল চলে গেল জমি না পাওয়ার ফলে। আপনি টাউনশিপের কথা বলছেন। টাউনশিপে নাকি শিল্প করার জন্য যারা শিল্পপতি তাদের জমি দেওয়ার কথা বলেছেন। ওরা জমি কিনে নেবে, আপনাদের কেউ জমি দিচ্ছে না, তাই তারা কিনে নেবে। তাহলে সেই শিল্পপতিরা কতটুকু জমি পাবে — সিলিং বহির্ভূত জমি রাখতে পারবে তো? জমি রাখতে না পারলে তাদের পরিষ্কারভাবে বলে দেওয়া উচিত, তাহলে তারা সেইভাবে অ্যারেঞ্জমেন্ট করবে। শিল্প শেষ হয়ে গেছে, শিল্প নেই। টাউনশিপেও আপনারা শিল্প করতে পারবেন না, আমার তো তাই ধারণা এইভাবে আপনারা চলছেন। নেপালের ভূমিকম্প হয়ে গেল এবং সেই ভূমিকম্প হওয়ার ফলে নেপাল ধ্বংস হয়ে গেল। জিয়োলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার একটা রিপোর্ট বেরিয়েছে, তাতে বলা হচ্ছে, কলকাতা নাকি ভূমিকম্প প্রবণ এলাকা। অথচ কলকাতাতে কর্পোরেশানে যেভাবে হাউস, বিল্ডিং তৈরি করছে—তাতে আপনাদের অনুমতি আছে কিনা জানি না। এখানে ভূমিকম্প হলে নেপালের মত অবস্থা হবে। সেক্ষেত্রে আপনি এই ব্যাপারটা ঠিকমত দেখবেন কিনা, জানি না। আপনি আবর্জনার কথা বলছেন, গোটা শহরে আবর্জনায় ভর্তি হয়ে আছে। আবর্জনা ফেলার যে ম্যানেজমেন্ট, যে জায়গা — সেই জায়গাও আপনাদের সংকুলান। সেই জায়গাও ঠিকমত নেই। যার ফলে শহরের আবর্জনা জমছে, পলিউশান হচ্ছে, দুর্গন্ধ ছড়াচ্ছে। ফলে নাগরিক জীবনে জীবনযাত্রায় প্রচণ্ড দুর্বিষহ চেহারা দেখা দিচ্ছে। আপনার ড্রেন নিকাশি ব্যবস্থা ঠিক নয়। নিকাশী ব্যবস্থাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। যদি বাগুইহাটির দিকে আপনারা যান তাহলে দেখবেন, যে নিকাশি নালাগুলো ছিল, সেই নিকাশি নালাগুলো বন্ধ হয়ে যাচ্ছে। সেখান থেকে জল বেরোচ্ছে না। যার ফলে অল্প বৃষ্টিতে গোটা কলকাতা সহ বাগুইহাটির সর্বত্র জল জমে যাবে। এর ফলে মানুষের যে বিক্ষোভ, সেই বিক্ষোভ তীব্র থেকে আরও তীব্রতর হবে। শহরে যেভাবে নগরোন্নয়ন গড়ে উঠছে, আপনার পৌরসভা করার ক্ষেত্রে এত ধীর গতিতে চলছেন যে কয়েকটা অনুমতি দেওয়া ছাড়া, আর কিছু দিতে পারছেন না। মানুষদের যে পরিকাঠামো সেটা দিতে পারছেন না, সেই ফেসিলিটি দিতে পারছেন না। সেখানে মানুষ পৌর এলাকায় আসতে চাইছে, পৌর সমাজে নাগরিক পরিষেবা, সেই পরিষেবা পেতে চাইছে। ১৯১০ সালের আদমসুমারী অনুযায়ী আমাদের রাজ্যে যে পৌরসভা তার থেকে ২০১১ সালে অনেক গুণ বেড়ে গেছে। কিন্তু মানুষ এই নাগরিক পরিষেবা পাচ্ছে না। সেই নাগরিক পরিষেবা পাওয়ার জন্য আরো বেশী করে অনুমোদন দেওয়ার জন্য ব্যবস্থা নিতে হবে। আপনি এতো ধীর গতিতে চলছেন, ২-৪টি দিলেন, দমদমে এবারে বলেছেন, হরিণঘাটায় দিলেন আরো কয়েকটা আপনারা চেষ্টা করছেন, কিন্তু যত দ্রুত নগরায়ণ হবে, মানুষ আরো পরিষেবা চাইছে। আমি আপনার কাছে আবেদন রাখবো যাতে পৌরসভাগুলোর উপর নজর দেন, যত বেশী বেশী করে মানুষের সুবিধা দেওয়া যায় সেই দিকে লক্ষ রাখুন এই অনুরোধ রাখবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী সুজিত বোস : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম দুটি ডিমান্ড তিনি পেশ করেছেন পৌর বিষয়ক এবং নগর উন্নয়ন বিভাগের, ৫৪ এবং ৩৯, এই দুটি বিভাগের উপর আলোচনা হচ্ছে, আমি পুরো বিষয়টাকে সমর্থন করে দু-একটা কথা এই সভায় উপস্থাপিত করতে চাই। আমার প্রথম কথা হচ্ছে, আমি ভেবেছিলাম বিরোধীরা হয়ত কিছু ভাল কথা বলবে। আর সবসময় বিরোধিতা করবার জন্য বিরোধিতা করছে। রাজ্যে, বিশেষ করে নগর উন্নয়ন যেমন সারা ভারতবর্ষে ঘটেছে তেমনি পশ্চিমবাংলায় নগর উন্নয়ন অনেকটাই ঘটেছে। আমি স্টাটিসটিক্স দেখছিলাম, আগে ২০০১ আমাদের এখানে শহরে কত লোক বসবাস করতো, ২ কোটি ২৫ লক্ষ, এখন সেখানে বেড়ে দাঁড়িয়েছে ২ কোটি ৯১ লক্ষ। আবার আগে শহর ছিল ২৫৩টি এখন ২০১১-তে census-এ বলছে ৭৮০টি শহর হয়েছে। স্বাভাবিকভাবে শহর যখন বাড়ে পৌরসভা বাড়ে। পৌরসভা বেড়েছে এবং তার সাথে সাথে আমি বলি development বিশেষ করে পরিস্রুত পানীয় জল, নিকাশি ব্যবস্থা, রাস্তা-ঘাট থেকে শুরু করে যেটা মানুষের regular demand। আমি দীর্ঘদিন ধরে পৌরসভাতে আছি, ৩ বার কাউন্সিলার আছি। আজ অবধি পৌরসভাতে কাউন্সিলার আছি। মাঝে ওই যে বলছিল সব নির্বাচনে rigging হচ্ছে, আমি বলবো ২০০৪-এ এদেরই বদান্যতায় দক্ষিণ দমদমে আমরা ৭টা আমরা উইথড্র করে নিয়েছি। তা না হলে আমার continue হয়ে যেত। আপনারা জানেন বিধাননগর যে municipality নির্বাচন হয়েছিল ১১.১১.২০০০ সালে টাই হয়েছিল। একটা মেশিন খারাপ হয়ে গিয়েছিল। এটা ওনাদেরই বদান্যতায় হয়েছে। সেই machine সারাতে গিয়ে হায়দরাবাদ থেকে যখন লোক এলো, সেই expert এসে বলেছিল যে এই machine আর ঠিক করা যাবে না, পরবর্তীকালে আপনারা সবাই জানেন যে বোম পড়েছিল। বিধাননগরে প্রথম বোম পড়েছিল মিউনিসিপ্যালিটির নির্বাচনে। সেটা ওনাদের বদান্যতায় হয়েছিল। সুতরাং এই সব কথাগুলো যে বলছেন ঠিক নয়, আমি বলবো positive কথাগুলো বলুন। ফিরহাদ হাকিমের department ভাল কাজ করছে, আমি নিজে দায়িত্ব নিয়ে বলতে পারি। আমি কতকগুলো development-এর কথা তুলে ধরছি। আমি বলি আমাদের সরকার যখন এসেছিল তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন সমস্ত জায়গায় আমরা পরিস্রুত পানীয় জল দেব। গ্রামে যেমন PHE মাধ্যমে পরিস্রুত পানীয় জল পৌঁছাচ্ছে, আমাদের এখানেও Jawaharlal Nehru Urban Mission-এর মাধ্যমে দুটি বড় প্রকল্প ইতিমধ্যেই শেষ হয়ে গেছে। একটা হচ্ছে দক্ষিণ দমদম, দমদম এবং উত্তর দমদম নিয়ে, ৩০ এম.জি.ডি. জল প্রকল্প, ৩১২ কোটি টাকার প্রকল্প, শেষ হয়ে গেছে এবং জল চালু হয়ে গেছে। আর একটা কলকাতা কর্পোরেশানে, আপনারা জানেন first phase-এ যেটা ধাপায় ৩০ এম.জি.ডি. জল প্রকল্প, প্রায় ১০০ কোটি টাকা খরচা করে কলকাতার মানুষ জল পাচ্ছে। আপনারা কেউ বলছিলেন কিড স্ট্রিটে, এম.এল.এ হস্টেলে জল পাইনি। সেটা হয়তো ferule-এ কিছু অপরিষ্কার ছিল, এইগুলো তো জানেন, মিউনিসিপ্যালিটিতে যদি councilor হয়ে থাকেন, ফেরুল পরীক্ষা কিভাবে করতে হয়, এইগুলো তো জানেন। এক দিন কোথায় জল পেলেন না, সেটা দিয়ে সমগ্র কলকাতায় জল নেই সেটা দিয়ে প্রমাণিত হয় না। একটা জিনিস হতেই পারে। পাইপলাইনে কোথাও প্রবলেম হতেই পারে। পাইপ কোথাও ফেটে যেতে পারে। এটা হতেই পারে, এটাকে মেরামতের জন্য

দ্রুততার সাথে কাজ করতে হবে। এটাই তো তফাত, আগে হত না এখন হচ্ছে। লোকে সেটা জানছে এবং প্রচার মাধ্যম এতো বেড়ে গেছে যে লোকে এটা জানতে পারছে। আপনারা এইগুলোকে বলতেন না, জানতও না কেউ।

[2.20 - 2.30 p.m.]

আমাদের মেয়র আছেন, কিংবা ওখানকার কাউন্সিলর আছেন এটা বলে দিচ্ছি। আমাদের বক্তব্য হচ্ছে, ড্রেনেজ সিস্টেম। নিকাশি ব্যবস্থা অনেক ভাল হয়েছে। পানিহাটির এম.এল.এ এখানে বসে আছে নান্টুদা, তার ওখানে নিকাশি ব্যবস্থা কিছুদিন আগে খুব ভাল হয়ে গেছে। সেখানে প্রায় ৭০ কোটি টাকা খরচা করে নিকাশি সিস্টেম-স্ট্রং ওয়াটার ড্রেনেজ প্রোজেক্ট করা হয়েছে। আমি মন্ত্রীকে ধন্যবাদ দেব যে, দক্ষিণবঙ্গ পৌরসভার এস.এল.সি-র মিটিংয়ে আমাকে ইনভাইট করেছিলেন। আমরা দক্ষিণবঙ্গ থেকে একটা প্রোপোজাল পাঠিয়েছিলাম, ৬৬ কোটি টাকার প্রকল্প। আমরা কাজ শুরু করেছি। সমীরবাবু এখানে নেই। আমি বলতে বাধ্য হচ্ছি যে, জে.এন.এন.ইউ.আর.এম.-এর টাকা কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছে। তাহলে উন্নয়ন কারা করছে? এখানে তো কোনো দলমত নেই। ওই জলটা যখন যাবে, তখন তো ওই অঞ্চলের মানুষের জল যাবে। আজকে জে.এন.এন.ইউ.আর.এম.-এর সমস্ত প্রোজেক্টের টাকা বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং এই ডেভেলপমেন্টগুলোর কাজ যখন শুরু করেছে সরকার, তখন এইগুলো বন্ধ হয়ে যাচ্ছে। এতবড় একটা ফ্লাইওভার, আপনারা জানেন, যারা এয়ারপোর্টে যান, অনেকেই যান, কেষ্টপুর ফ্লাইওভার ২০৬ কোটি টাকার, জওহরলাল নেহরু আরবান মিশনের প্রোজেক্ট, যদিও এই কাজটা পি.ডব্লু.ডি. করছে, তবুও আমি বলব এই ফ্লাইওভারের জন্যই ১০-১২ মিনিটের মধ্যে উল্টোডাঙ্গা থেকে লোক এয়ারপোর্টে পৌঁছে যাচ্ছে। সুতরাং পজিটিভ কাজ আমাদের হচ্ছে। পজিটিভ কাজগুলোকে আমাদের পজিটিভই বলতে হবে। আজকে রাস্তায় অনেক আলো লাগানো হয়েছে। আপনারা যখন উল্টোডাঙ্গা ভি.আই.পি. রোড দিয়ে যান, তখন দেখবেন রাস্তার ধারগুলো সাজানো হয়েছে। তেমনই ইকো পার্ক আমাদের গর্ব। ইকো পার্ক ৪৮০ একরের জমির উপর তৈরি করা হয়েছে। তার মধ্যে ১১২ একর জলাধার। এশিয়ার বৃহত্তম এতবড় একটা প্রকল্প, আপনারা এটাকে অ্যাপ্রিসিয়েট করবেন না? ভাল কাজটাকে অ্যাপ্রিসিয়েট করুন। নিশ্চয়ই কিছু বলবার থাকলে বলবেন। বলবার অধিকার প্রত্যেকটা ডেমোক্রেসিতে আছে। কিন্তু সব সময় নেগেটিভ বলে গেলেন। আমি তো ভাবলাম আনিসুরবাবু কিছু পজিটিভ কথা বলবেন। সব সময় নেগেটিভ কথা বলে যাচ্ছেন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে, আমাদের এই কাজগুলো যেমন ভাল হচ্ছে, তেমনি আমাদের কিছু সমস্যা থাকলে যখনই আমরা মন্ত্রীর কাছে গেছি, মন্ত্রী এবং ডিপার্টমেন্ট অন্তত সহানুভূতির সঙ্গে দেখেছে। আমাদের কলকাতা কর্পোরেশানে যেমন নির্বাচন হয়েছে, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশান যেমন হয়েছে, চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশান যেমন হয়েছে, শিলিগুড়ি মিউনিসিপ্যাল হয়েছে, তেমনি বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশান হয়েছে। কিছুদিনের মধ্যেই আপনারা দেখবেন, বিজ্ঞপ্তি অলরেডি চালু হয়ে গেছে। সেখানে বিধাননগরের সাথে রাজারহাট প্রকল্প, তার সঙ্গে দু-তিনটি অঞ্চল নিয়ে বিধাননগর মিউনিসিপ্যাল কর্পোরেশান

হচ্ছে। আর নির্বাচন ঠিক সময় হয়। ওখানে যেহেতু কর্পোরেশান হবে, সেহেতু নির্বাচনটা সেই সময় হতে পারেনি। সে সময় ডিউ চলছে। কিন্তু ওখানে তো আমাদের কর্পোরেশানের প্রোগ্রাম আছে। এই কথাটা মনে রাখতে হবে। তেমনি আবার আসানসোলের সাথে কুলটি সহ আরও কিছু অংশ জুড়ে যাচ্ছে। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশানের সঙ্গে বালি যুক্ত হচ্ছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এবং ডিপার্টমেন্টাল মিনিস্টার চাইছেন আরও ভালো করে যাতে এই অঞ্চলগুলোতে পরিস্রুত পানীয় জল দেওয়া যায়, রাস্তা দেওয়া যায়, নিকাশি ব্যবস্থা দেওয়া যায়। আর আমি একটি ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। যারা বাইপাস দিয়ে যান, দত্তাবাদ বস্তির কথা তারা জানেন। একটা খুব বড় বস্তি। প্রায় আড়াই কি.মি. জুড়ে এই বস্তি। আমি আরবান ডিপার্টমেন্ট থেকে রিপোর্ট পেয়েছি যে ৮৫ একর জমি ওখানে আছে। যার মধ্যে ৪০ একর ওয়েট ল্যান্ড আছে এবং ৪৫ একর সলিড ল্যান্ড আছে। আপনারা জানেন কিছুদিন আগে ইস্টার্ন ওয়েস্ট মেট্রো সম্প্রসারণের জন্য দত্তাবাদে কাজটা আটকেছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী আমাকে ডেকেছিলেন। আমাদেরকে বলেছিলেন এটাকে সুষ্ঠুভাবে সমাধান করতে। আপনারা জানেন, কোনো সমস্যা সেখানে হয়নি। প্রায় ৫৯টি পরিবারকে শিফট করা হয়েছে। আমি ইউ.ডি. ডিপার্টমেন্টকে ধন্যবাদ দেব। ইউ.ডি. যদি ওখানে জমিটা না দিত, তাহলে কিন্তু দত্তাবাদের মানুষগুলো কখনওই ওখানে পৌঁছতে পারত না। এর জন্য আমি মাননীয় ফিরহাদ হাকিমকে এবং ডিপার্টমেন্টকে ধন্যবাদ দেব। ইউ.ডি. ওখানে সুন্দরভাবে জমিটা দিয়েছে, বাড়ি হয়েছে এবং পরবর্তী সময় তারা প্রায় ২৫৪ স্কোয়ার ফিট জায়গার উপর বসবাস করছে। আমি যখন ওখানকার মানুষগুলোর সঙ্গে আলোচনা করছিলাম, তখন ওনাদেরকে বুঝিয়েছিলাম যে তোমরা এখন থাকো ৭০-৮০ স্কোয়ার ফিট জায়গায়। সেখানে তোমরা ২৫৪ স্কোয়ার ফিট জায়গায় পাকা বাড়ি পাবে। কোনটা ভালো, কোনটা মন্দ এখন আপনাদের বিচার্য বিষয়। তখন ওরা আবার মেনে নিয়েছিলেন। আমি যখন মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছিলাম, উনি বলেছিলেন দত্তাবাদ বস্তিতে একটি সার্ভে করাতে, ইউ.ডি. অলরেডি সার্ভে কমপ্লিট করেছে। ছয় হাজার পরিবার সেখানে বসবাস করে। ইউ.ডি.-র সার্ভেটা কমপ্লিট আছে। আমি এবার মাননীয় মন্ত্রীকে বলব, ভবিষ্যতে দত্তাবাদের জমিতে ওখানকার মানুষদের ওখানেই পুনর্বাসন দিয়ে, যেভাবে শহরে গরীব মানুষদের জন্য বসবাসের অন্য জায়গার ব্যবস্থা হচ্ছে, সেইভাবেই দত্তাবাদের মানুষদের ভবিষ্যতের জন্য ভাবনা-চিন্তা করতে। মাননীয় মন্ত্রীকে বলব, দত্তাবাদ নিয়ে ভবিষ্যতে আরও চিন্তা-ভাবনা করার জন্য। তিনি তার উত্তরের সময় যদি ব্যক্ত করেন তাহলে ভালো হয়। আর একটি বিষয় হচ্ছে, পুরসভাগুলির ঠিকভাবেই হয়েছে। নির্বাচনেই তার প্রমাণ হয়েছে। নির্বাচনে দু-একটি জায়গায় কোথাও বিক্ষিপ্ত ঘটনা ঘটেছে। সেটা ঘটতেই পারে। কিন্তু সামগ্রিকভাবে মানুষ এখানে ভোটে অংশগ্রহণ করেছে। তার প্রমাণ, আমি বলব, আমার বিধানসভা কেন্দ্র দক্ষিণ দমদম পৌরসভায় ৩৫টি ওয়ার্ডের মধ্যে ৩১টায়—২০০৯ সালে আমরা এসেছিলাম, তার আগে ৪২ বছর দক্ষিণ দমদম পৌরসভায় সিপিএমের বোর্ড ছিল। আমরা ভালো কাজ করেছিলাম বলে আমরা ৩১টি সিট যেমন আমরা পেয়েছি, তেমনি আবার সামনে বিধাননগরেও আমরা ভালো ফল করব। তার কারণ হচ্ছে, মানুষ একটা জিনিস বোঝে যে, প্রতিদিন, পুরসভার কাজটা হচ্ছে সবথেকে গ্রাস লেভেলের কাজ। ড্রেনেজ থেকে শুরু করে

রাস্তা, নিকাশির ব্যবস্থা নিয়েছে। সলিড ওয়েস্ট ম্যানেজমেন্টের একটা প্রকল্প পৌরসভার আছে। সেটাতে আমরা অনেকটা এগিয়েছি। আমাদের যেখানে ময়লা পড়ছে সেখানেও এগিয়েছে। আবার তেমনি বিধাননগরেও আমরা এগিয়েছি যেখানে ময়লা পড়ে। এই দুটি প্রকল্পের কথা আমি মাননীয় মন্ত্রীকে বলব, এ বিষয়ে বলার জন্য। আমরা এগোচ্ছি। সরকারি সহযোগিতা আমাদের সঙ্গে আছে। ধন্যবাদ, নমস্কার।

শ্রীমতী মমতা রায় : মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনার মাধ্যমে মাননীয় ফিরহাদ হাকিমের যে বাজেট ২০১৫-১৬ সালের ৩৯ নম্বর দাবি পৌর এবং নগরোন্নয়ন দপ্তরের বাজেট পেশ করেছেন তিনি, সেই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না। কারণ এই বাজেটে — সম্পূর্ণ বাজেট আমি পড়ে দেখেছি, এখানে আপনার যে সমস্ত পরিকল্পনার কথা বলা হয়েছে. সেই সমস্ত পরিকল্পনা আদৌ বাস্তবায়িত হয়নি। কারণ পৌরসভা গঠন হওয়ার ক্ষেত্রে আপনাদের বার বার এই একটা কথা মনে রাখতে হবে, সেটা হল, চৌত্রিশ বছরের কথাটা মুখে আনছেন। কারণ আপনারা চৌত্রিশ বছরের কথাটা ভুলতে পারবেন না। এই কারণে যে, বামফ্রন্ট সরকার যখন গ্রামকে উন্নয়ন করেছিল, উন্নয়নের মাধ্যমে শহরকেন্দ্রিক হয়েছে। মানুষের চাহিদা বেড়েছে যে, এই গ্রামগুলিকে শহর করতে হবে। সেই শহরে পরিষেবা দেওয়ার ক্ষেত্রে যে পরিকল্পনার মধ্য দিয়ে আজকে সেই পৌরসভাগুলির উন্নয়ন হয়েছে। আপনারা যে পৌরসভাগুলির কথা বলছেন, যেখানে আপনারা চেয়ারটার মধ্যে বসে রয়েছেন এবং জনসাধারণকে পরিষেবা দেওয়ার জন্য যে পরিকল্পনাগুলো নেওয়া হয়েছে সেই পরিকল্পনার কাজ আজকে ব্যর্থ হল। ...(নয়েজ)... কারণ আমি বলতে চাই, গোটা রাজ্যব্যাপী যে পৌরসভাগুলি রয়েছে সেই ভোট গত ২৫শে এপ্রিল শেষ হয়ে গেল। কিভাবে পৌরসভাগুলির আপনারা নির্বাচন করলেন? অনেক জায়গায়, বিভিন্ন জায়গায় আমরা মিডিয়ার মধ্য দিয়ে দেখেছি, পত্রপত্রিকায় দেখেছি যে, বাচ্চার মাথায় এবং বন্দুক ঠেকিয়ে আপনারা নির্বাচন করেছেন। ...(নয়েজ)... এই যে নির্বাচনের সন্ত্রাস, মানুষকে আপনারা ভাঁওতা দিচ্ছেন, ভুল বোঝাচ্ছেন। এইভাবে আপনাদের জঘন্য জায়গায় গিয়ে একটা নির্বাচন হল। ষাটটি পুরসভার এখনও পর্যন্ত নির্বাচন করতে পারলেন না। যিনি নির্বাচন কমিশনার, যিনি পরিচালনার দায়িত্বে আছেন তিনি ঠুঁটো জগন্নাথ। তিনি সঠিকভাবে নির্বাচনটাকে সাফল্যমণ্ডিত করতে পারলেন না। কলকাতা পৌরসভার ত্রিফলা নিয়ে জটিলতা তৈরি হয়েছিল, দুর্নীতি হয়েছিল। শুধু কলকাতা পৌরসভা নয়, আমরা যখন শিয়ালদহ থেকে আসি বৃষ্টির মধ্যে, আমরা রাস্তার এপার-ওপার যেতে পারি না। আপনাদের চোখের সামনে আমাদের ট্যাক্সি পর্যন্ত যায় না। তাহলে আপনারা কিসের উন্নয়ন করেছেন? আজকে শিলিগুড়ি কর্পোরেশন— সেখানে একটা বিদ্যুৎ-এর সামান্য শ্মশান চুল্লী আপনারা করতে পারেননি। সেখানকার পরিষেবা ব্যর্থ হয়েছে। তাই আজকে মানুষ আপনাদের সেখান থেকে সরিয়ে দিয়েছে। তবুও ১৭টা কাউন্সিলর নিয়ে সেখানেও লড়াই করছে। টাকার বস্তা নিয়ে গেলেন, কিন্তু মানুষ আর কিনতে পারলেন না। এর আগে মানুষদের কেনাবেচা করেছিলেন সারদার টাকা নিয়ে, সেটা আর কিন্তু করতে পারলেন না। আর কোনো দিনও পারবেন না। কারণ মানুষ এখন বুঝতে শিখেছে। আজকে কারা ভাঁওতা বাজি দিচ্ছে।

আমার ধূপগুড়ি পৌরসভার কথা আমি বলব। যেখানে আপনারা ২০১২ সালে — আজকে গৌতমবাবু থাকলে ভালো হত, যিনি বলেছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রীও ওখানে গিয়েছিলেন। সাধারণ গরিব মানুষের পাশে থেকে তিনি বলেছিলেন, কান্নাকাটি করেছিলেন যে, আমরা অনেক উন্নয়ন করে দেব।

[2.30 - 2.40 p.m.]

আপনারা জানেন ২০০২ সালে আমরা ধূপগুড়ি পৌরসভা গঠন করেছিলাম। ১০ বছর আমরা, বামফ্রন্ট সেখানে বোর্ড চালিয়েছি। মানুষকে পরিষেবা দেওয়ার জন্য যে পরিকল্পনাগুলো আমরা নিয়েছিলাম, সেই পরিকল্পনার কাজ আমরা সাফল্যের সঙ্গে করেছিলাম। পরিকল্পনার কাজ তো একদিনেই শেষ হয় না, তার জন্য প্রতিনিয়ত কাজ করতে হয়। প্রতিনিয়ত কাজের ঢল চলতে থাকবে। সেখানেও আপনারা ব্যর্থ হলেন। গৌতমবাবু উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের যে টাকা, '১২ সালে ধূপগুড়ি পৌরসভাকে নিতে হবে, সেই জন্য উনি দেড়শ কোটি টাকার মতো ...(নয়েজ)... করে দিলেন। আর, জলপাইগুড়ি জেলার জেলাপরিষদ, এখানে কিন্তু আজ পর্যন্ত একটা পয়সাও দিতে পারেননি। এখানেও আপনারা ব্যর্থ হয়েছেন। আজকে যে পৌরসভার মধ্যে আপনারা কোটি কোটি টাকা ছাড়লেন, আমি ফিরাদ হাকিম সাহেবকে বলব, আপনি একটু লক্ষ্য রাখবেন, ধূপগুড়ি পৌরসভায় যে রাস্তা-ঘাটগুলো আপনিও উদ্বোধন করে এসেছেন, আমরা যে রাস্তাগুলো করেছি তার রিপেয়ারিং করতে হবে, কিন্তু তারা বলছেন নতুন করে কাজ করবেন। বড় বড় হোর্ডিং আপনারা লিখে দিয়েছেন। গিয়ে দেখবেন রাস্তার কাজের অবস্থাটা কি হচ্ছে। ড্রেনের কাজ কী হচ্ছে। আমরা স্বাস্থ্য, পানীয় জল, বিদ্যুৎ, রাস্তাঘাট, গরীব মানুষের গৃহ, সব কিছুকেই এগিয়ে নিয়ে গিয়েছিলাম এই কয়েক বছরের মধ্যে। প্রত্যেকটা গলিতে গলিতে আমরা PHE-র পাইপলাইন ঢুকিয়ে দিয়েছি, যাতে মানুষ বাড়িতে জল নিতে পারে। বাড়ি বাড়ি আমরা শৌচালয় তৈরি করে দেওয়া শুরু করেছিলাম। কিন্তু তারপরে আজ পর্যন্ত ধূপগুড়ি পৌরসভার কোনো বাসিন্দার ঘরে, গরীব মানুষের ঘরে একটাও শৌচালয় হল না। আপনারা 'নির্মল ভারত', 'নির্মল গ্রামে'র কথা বলছেন। কিন্তু আজ পর্যন্ত সেই কাজগুলো হয়নি। আপনারা বলছেন 'জল ধরো, জল ভরো', 'পুকুর খনন করো', 'জলাভূমি ভরাট করা যাবে না'। আপনি ধূপগুড়িতে যাবেন। তিন-তিনখানা জায়গায় জলাভূমি। এখানে আমাদের বনমন্ত্রী রয়েছেন। তিনি এক জায়গায় একটা পার্কের উদ্বোধন করে এসেছেন। কিন্তু তিনি ভালোভাবে খতিয়ে দেখেননি জায়গাটা কীভাবে রয়েছে। ভাইস চেয়ারম্যান সেখানকার জমি ভরাট করে বিক্রি করার কাজ শুরু করে দিল। তার নিজের নামে টেন্ডারের কাজ, নিজের পরিবারের নামে করে কাজ করছে। অর্ধেক কাজ হচ্ছে, অর্ধেক কাজ না করেই তারা তুলে নিলেন। বললেন, 'কাজ হয়ে গেছে'। বাস টার্মিনাসের কাজ। আমরা ধূপগুড়ি পৌরসভাকে নিজের মায়ের মতো দেখতাম। আমরা উন্নয়ন করার জন্য জায়গা কিনেছি। আপনারা বলতে পারবেন না যে, কোনো উন্নয়নের জন্য আপনারা সেখানে জায়গা কিনেছেন। বাস টার্মিনাস থেকে শুরু করে, ট্রাক টারমিনাস থেকে শুরু করে, ডাম্পিং গ্রাউন্ড থেকে শুরু করে, ম্যারেজ হল থেকে শুরু করে, পৌরভবন থেকে শুরু করে সমস্ত জায়গাগুলো কিনে আমরা কাজ করেছি। মাটির থেকে যে পৌরসভা তৈরি করা

হয় সেটাকে পরিকল্পনা করে কীভাবে আরো এগিয়ে নিয়ে যেতে হবে সেই দৃষ্টিভঙ্গী আমাদের ছিল।

আজকে আপনারা স্বাস্থ্য বিমার কথা বলছেন। এখানে স্বাস্থ্যমন্ত্রী রয়েছেন। আমার ধূপগুড়ি পৌরসভায় যে স্বাস্থ্য বিমার কাজ হত, গরীব মানুষ ৩০ হাজার টাকা, ১ লাখ ৪০ হাজার টাকা পেত, তার থেকে তারা বঞ্চিত হচ্ছে। গতবারও আমি পৌরমন্ত্রীকে বলেছি। স্বাস্থ্য বিমার কার্ড রিনিউ না করার জন্য গরীব মানুষ পরিষেবা পাচ্ছে না। তারা আমাদের কাছে চলে আসে এবং জানতে চায় কীভাবে তাদের ট্রিটমেন্ট হবে। আমরা কখনও হসপিটালে পাঠাই আবার কখনও নিজেরা সহযোগিতা করে এই কাজগুলো করার চেষ্টা করি। আর ডাম্পিং গ্রাউন্ডের কাজ? পরিবেশ দূষিত হলে তাকে পরিচ্ছন্ন করার জন্য ডাম্পিং গ্রাউন্ডের কাজ, আমরা যখনই উদ্বোধন করতে গিয়েছি দেখেছি দু'ট্রাক মাল পড়ার পরে আপনারাই সেখানে বাধা দিয়েছিলেন। আর, আজকে উন্নয়নের কথা বলছেন? সেই কাজও আপনারা করতে পারেননি। তাই আমি বলব, আপনারা পৌরসভার কাজে ব্যর্থ হয়েছেন। শুধু ধূপগুড়ি পৌরসভাই নয়, আমাদের রাজ্যে এইরকম যতগুলো পৌরসভা রয়েছে সবগুলোতে আপনারা ব্যর্থ হয়েছেন। আর, আপনারা শুধু আখড়া তৈরি করে দিয়ে গেলেন, ঘুঘু-র বাসা তৈরি করে দিয়ে গেলেন। সেই বাসাকে ভাঙতে আমাদেরই উঠতে হবে। তাই আমি এই বাজেটকে সমর্থন না করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনন্ত দেব অধিকারী : পশ্চিমবঙ্গ সরকারের পৌর বিষয়ক এবং নগর উন্নয়ন দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী ফিরহাদ হাকিম মহাশয় ২০১৫-১৬ সালের ৩৯ নং দাবি সম্পর্কে বাজেট বিবৃতি দিয়েছেন। সেই বাজেটকে আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। আজকে সারা ভারতবর্ষের সাথে সাথে পশ্চিমবঙ্গেও নগর উন্নয়নের সংখ্যা বাড়ছে। কারণ মানুষের মধ্যে একদিকে শিক্ষার প্রসার ঘটার ফলে গ্রামাঞ্চলের মানুষের অর্থনৈতিক উন্নয়ন যেমন ঘটছে, তেমনই তারা বেশির ভাগ বিভিন্ন সুযোগ-সুবিধার কারণে শহরমুখী হয়েছে। সেখানে অন্তত ভালো স্কুল, ব্যাঙ্ক, পোস্ট অফিস, রাস্তাঘাট, যাতায়াত ব্যবস্থা বিভিন্ন কারণে মানুষ শহরমুখী হচ্ছে। যার ফলে শহরের জনসংখ্যা অর্থাৎ ঘনত্ব বৃদ্ধি পাচ্ছে। আমার দুর্ভাগ্য আমি এখনও পুরসভার বাসিন্দা হতে পারিনি। তবু দুটি পুরসভা জলপাইগুড়ি সদর আর মালবাজার—এই দুটি পুরসভায় দীর্ঘদিন ধরে নির্বাচনের সঙ্গে যুক্ত। আমার যে ময়নাগুড়ি, সেটা ২৫-৩০ বছর আগে পুরসভার উন্নীত হওয়া উচিত ছিল। কিন্তু রাজনৈতিক সংকীর্ণতার কারণে সেটা পুরসভায় উন্নীত হয়নি। কারণ এটার একটা ইতিহাস আছে। উত্তরবঙ্গের গেটওয়ে অব ডুয়ার্স হচ্ছে ময়নাগুড়ি। একটি পুরসভা গঠন করতে গেলে যে পরিকাঠামো দরকার, যে জনসংখ্যা দরকার এবং যত পারসেন্ট মানুষের অকৃষিজীবী হওয়া দরকার সেখানে সমস্ত কিছু আছে। জলপাইগুড়ি জেলার মধ্যে ময়নাগুড়িতে প্রথম বি.এল.আর.ও. অফিস, প্রথম থানা তৈরি হয়। গেটওয়ে অফ ডুয়ার্স যদি বলতে হয় তাহলে শিলিগুড়ি নয়, সেটা হচ্ছে ময়নাগুড়ি। আমরা দেখেছি যে আজকে সেই ময়নাগুড়ি, রাজনৈতিক সংকীর্ণতার কারণে হয়নি, ধূপগুড়ির আগেও ময়নাগুড়ির হওয়া উচিত ছিল। আজকে ধূপগুড়ি সম্পর্কে আমার পূর্ববর্তী বক্তা বলে গেলেন।

আমি ধূপগুড়িকে ভালোভাবে চিনি, আমার পাশের ব্লক। সেখানে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে ১০০ কোটি টাকা দিয়ে রাস্তা, হাইরোড সম্প্রসারণ করা হচ্ছে এবং হাইড্রেনেজের ব্যবস্থা করা হচ্ছে। যাতে শহরের জল সহজে নিকাশির ব্যবস্থা করা যায়। সেখানে পার্কের ব্যবস্থা করা হয়েছে। দীর্ঘদিন হওয়া সত্ত্বেও সেখানে পুরসভায় এই কাজগুলি হয়নি। কারণ পুরসভায় শহরের মানুষ যে জিনিসগুলি চায়, স্বাচ্ছন্দ্য উপভোগ করতে চায়, আমরা জলপাইগুড়ি শহরে দেখলাম এটা ব্রিটিশ আমলের পুরসভা। যেটা ১৩০ বছরের পুরোনো পুরসভা। সেখানে প্রথমে ১৬ জন পৌরপতি ছিলেন ব্রিটিশ আমলের লোক অর্থাৎ ব্রিটিশ প্রতিনিধিরা ছিলেন। পরবর্তীকালে বাঙালিরা জলপাইগুড়ি শহরের পৌরপতি হন। সেখানে দেখলাম এতদিন জল নিষ্কাশনের ব্যবস্থা হয়নি। সেই জলপাইগুড়ি শহরের মাঝখানে দিয়ে করলা নদীর জল স্ফীত হয়ে গোটা শহর ভেসে যেত, এমন কি সদর হাসপাতালে একহাঁটু পর্যন্ত জল জমে যেত, আজকে সেখানে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ তথা আমাদের সেচমন্ত্রী রাজীব ব্যানার্জীর উদ্যোগে ১৭ কোটি টাকা ব্যয় করে করলা নদীর জল যাতে তিস্তাতে ফেলা যায়, তার ব্যবস্থা করা হয়েছে। সেই কাজ দিন ১৫-২০-র মধ্যে শেষ হয়ে যাবে। অর্থাৎ এই পরিকল্পনাগুলি কোনোদিনও করা হয়নি। জলপাইগুড়ি জেলার একটা ঐতিহাসিক রাজবাড়ি, সেই রাজবাড়িতে একটা দীঘি রয়েছে। সেই দীঘিটির সৌন্দর্যায়ন ঘটানোর জন্য সেখানে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মাধ্যমে সাড়ে পাঁচ কোটি টাকা ব্যয়ে সৌন্দর্যায়ন সংগঠিত করা হচ্ছে।

[2.40 - 2.50 p.m.]

সেখানে যে পার্ক ছিল, তার উন্নয়ন, সৌন্দর্য্যায়ন বৃদ্ধি করা হচ্ছে, জলের ফোয়ারা থেকে শুরু করে। অর্থাৎ শহরবাসী প্রাতঃকালীন বা সান্ধ্যকালীন ভ্রমণের ব্যবস্থা, বৃদ্ধদের ঘোরা, অবসর বিনোদনের জন্য ব্যবস্থা করা হয়েছে। অতীতের সরকার সেই সব বিষয়ে কোনোদিনও চিন্তাভাবনা করেনি। শুধু তাই নয়, দেখা যাচ্ছে এই সরকার আসার ফলে পৌরসভায় মানুষের জন্য, মানুষের স্বার্থে যে উন্নয়নমুখী কর্মসূচিগুলি গ্রহণ করা দরকার — পৌরসভার মানুষের মূল চাহিদা হল এক— পরিষ্কার রাস্তা, পাকা রাস্তা। দুই—সেখানে জল নিকাশী ব্যবস্থা, তিন—লাইটের ব্যবস্থা, চতুর্থ— বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা। এই কয়েকটি ব্যবস্থা সেখানে অত্যন্ত জরুরি। এই কয়েকটি ব্যবস্থা ছাড়াও বর্তমান সরকার এই ব্যবস্থার উপর যেমন গুরুত্ব অর্পণ করেছে পাশাপাশি আরো শহরে যে বিভিন্ন ধরনের মানুষরা বাস করে তাদের সুযোগ-সুবিধার স্বার্থেও পুরসভাগুলির কাছে চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। নিকাশী ব্যবস্থা সঠিকভাবে করা, রাস্তাঘাটে আলোর ব্যবস্থা করা পুরসভাগুলির কাছে একটা বিরাট চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। নতুন পুরসভা গঠনেরও পরিকল্পনা হয়েছে। আমি পুরসভার নাগরিক না হলেও আগামীদিনে আমি আশা করছি মন্ত্রী মহোদয়ের কাছে আমার এটা আবেদন, অতি শীঘ্র আমার ময়নাগুড়ি পুরসভা হয়ে যাবে এই প্রত্যাশা আমি রাখছি এই হাউসে। আমরা দেখলাম মাঝারি শহরগুলির উন্নয়ন এবং সৌন্দর্যায়নের কাজ—দেখা যাচ্ছে গরীব মানুষের জন্য বাসগৃহ নির্মাণ প্রথম পর্যায়ে ১০৩টি পুরসভাকে ধরা হয়েছে। দ্বিতীয় পর্যায়ে ৫১টি পুরসভাকে ধরা হয়েছে এবং তৃতীয় পর্যায়ে ৪১টি পৌরসভাকে ধরা হয়েছে। গ্রামীণ এলাকার মতো নিজ ভূমি

নিজ গৃহ প্রকল্প চালু আছে, ঠিক, তেমনিভাবে শহরাঞ্চলেও গরীব মানুষদের জন্য নিজ ভূমি নিজ গৃহ পরিকল্পনা ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে অতীতে যেটা ছিল না। পৌরসভা এলাকার মানুষের প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা এবং উন্নতির জন্য প্রায় ৪.৪৯ কোটি টাকা ইতিমধ্যে বিভিন্ন পৌরসভায় প্রদান করা হয়েছে। জাতীয় স্বাস্থ্য মিশন পৌরসভার জন্য চালু হয়েছে। শিশু শিক্ষা প্রকল্প, জাতীয় বার্ধক্যভাতা প্রকল্প, জাতীয় পরিবার কল্যাণ প্রকল্প, জাতীয় বিধবাভাতা প্রকল্প এবং জাতীয় প্রতিবন্ধী ভাতা প্রকল্প— এই ভাতাগুলো শহরাঞ্চলের মানুষের স্বার্থে করা হয়েছে। সুতরাং পুরসভার সমস্ত নাগরিকদের জন্য পরিকাঠামো উন্নয়ন ও উন্নত পরিবেশ ব্যবস্থা, উন্নত পরিষেবা প্রদান এবং ব্যয়সাধ্য গৃহ নির্মাণ, সবার জন্য সমান সুযোগ-সুবিধা সুনিশ্চিত করতে রাজ্য সরকার সর্বদা সচেষ্ট। এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্যকে শেষ করছি, নমস্কার।

ডঃ তরুণ কান্তি নস্কর : চেয়ারম্যান স্যার, ৩৯ এবং ৫৪ নম্বর দাবী সম্পর্কে বলতে গিয়ে প্রথম যেটা আমার বক্তব্য মাননীয় পৌরমন্ত্রী খুবই সদা হাস্যময় এবং খুব অ্যাকটিভ। তিনি বলেছিলেন, উন্নয়নের জন্য কোনো রং দেখা হবে না। এটা আমার খুব ভালো লেগেছিল, কিন্তু নির্বাচনের সময় আমি দেখলাম বলা হয়েছে প্রশাসনের উচ্চতম জায়গা থেকে যে, সরকারের রং এবং পৌরসভার রং যদি এক না হয়, তাহলে উন্নয়ন ভালো হবে না এই রকম কথা বিভিন্ন জায়গায় শুনেছি বলতে। এটা আসলে পরোক্ষে চাপ দেওয়া। কোনো ডেমোক্রেসিতে এটা চলতে পারে না। এখনও সেই চাপ প্রক্রিয়া চলছে। যে পৌরসভাগুলি তৈরি হয়েছে, সেই পৌরসভায় এই চাপের মধ্যে দিয়ে যেগুলো তৈরি হয়েছে, সেগুলোতে কেমন করে উন্নয়ন হবে আপনি নিজে ভাববেন সেটা। সুজিতবাবু বলছিলেন যে যেভাবে পৌরসভার নির্বাচন আগে হয়েছে, সেটার বিরুদ্ধে বলছিলেন, আমিও সেটার বিরুদ্ধেই। কিন্তু সুজিতবাবুরা কি বলতে পারবেন যে, এখন যে ঘটনা ঘটছে অর্থাৎ পুলিশ-প্রশাসনকে দিয়ে চাপ দেওয়া হচ্ছে কোন দল পৌরসভা গঠন করবে। কোন দল মেজরিটি হবে সেটা পুলিশ প্রশাসনকে দিয়ে সুনিশ্চিত করার চেষ্টা করা হচ্ছে। এমনকি একটি জেলার পুলিশ সুপারকে কাজে লাগানো হয়েছে। এটা যদি হয় তাহলে যে দলের পক্ষে সেটা কাজ করছে, সেই দলের পক্ষে এটা লজ্জার, না সম্মানের সেটা তারা ভেবে দেখুন। কিন্তু এই কাজটা চলছে। কোন রাজনৈতিক সংস্কৃতি এর মধ্য দিয়ে তৈরি হচ্ছে সেটা আপনারা ভেবে দেখুন। এটার মধ্য দিয়ে যে প্রিসিডেন্স তৈরি হচ্ছে, আপনারা ভাবুন যারা আজকে শাসন ক্ষমতায় আছেন, তারা কি চিরদিন শাসন ক্ষমতায় থাকবেন? ফলে এই যে প্রিসিডেন্সটা তৈরি হচ্ছে, এই প্রিসিডেন্সটা সুপারসিড করবে। সুপারসিড করে ভবিষ্যতে যখন পৌরসভা গঠন হবে তখন কারা ক্ষমতায় আসবে না, আসবে কারা ঠিক করে দেবে তখন? ফলে এইটা কি আপনারা চলতে দেবেন? মাননীয় পৌরমন্ত্রী, আপনি যে পৌরসভাগুলি হাতে পাচ্ছেন, সেই পৌরসভা যদি এইভাবে তৈরি হয়, তাহলে সেই পৌরসভাগুলি সত্যিই উন্নয়ন করতে পারবে কিনা আপনার কথা, আপনি অনেস্টও হন যে রং দেখে হবে না, তাহলে সেটা আপনি করতে পারবেন কিনা এদের দিয়ে, সেটা আপনি ভেবে দেখুন। আমি পৌর বিষয়ে মূল দু-একটি কথা এরপরে বলতে চাইছি। স্যাটেলাইট সিটির কথা আমি শুনছি এবং এই স্যাটেলাইট

সিটি বিভিন্ন যে ইনভেস্টার, তাদের হাতে ছেড়ে দেওয়া হচ্ছে, তারা সেটা করবে। আমার যেটা প্রশ্ন — তারা জমি কোথায় পাবে? তারা সিলিং-বহির্ভূত জমি রাখতে পারবে কিনা, তাদের সেই সিলিং-বহির্ভূত জমি রাখার অধিকার আপনি দিচ্ছেন কিনা বা এইরকম কোনো ব্যবস্থা সরকার করছে কিনা, উচ্ছেদ হবে কিনা, এই বিষয়গুলো আমি কিন্তু জানি না, সেটা আপনি বলবেন। এই স্যাটেলাইট সিটি সম্পর্কে সরকারের সত্যিই কি স্ট্যান্ড, সেটা কিন্তু আমরা জানি না, এটাও আপনি কাইন্ডলি জানাবেন। আমার পরের বিষয় ভূমিকম্প সম্পর্কে। আর্থকোয়েক রেজিস্ট্যান্স বাড়ি আজকাল তৈরি হয় এবং যে বাড়ি তৈরি করার জন্য কিছু আই. এস. কোড আছে, ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড কোড আছে। আমি জানি না আজকাল যে বাড়িগুলি তৈরি হচ্ছে কলকাতা শহরে বা বিভিন্ন শহরে, কলকাতা তো আর্থকোয়েক প্রোন, সেটা আমরা জানি, শুনেছি। ফলে সেখানে যে বাড়িগুলো তৈরি হচ্ছে, সেগুলো এই.আই.এস কোড ফলো করে তৈরি করার কোনো ব্যবস্থা আপনি করছেন কিনা, সে রকম কোনো চেক আপনার তরফ থেকে আছে কিনা, দপ্তরের তরফ থেকে আছে কিনা, সেটা আপনি জানাবেন। কারণ এটা অত্যন্ত বিপজ্জনক জায়গায় আমরা যাব। আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি যে নিউ টাউনে চেয়ারম্যান কোটায় জমি যে বিলি হয়েছে, সেটা আপনি তুলে দিয়েছেন, সেটা আমি শুনেছি, সেটা যদি সত্যি হয় তো ভালো। আমার পরের প্রশ্ন যে কোনো ক্রাইটেরিয়াতে এই জমি আগে ডিস্ট্রিবিউশান হয়েছে? সেটা যদি বলেন এবং যারা জমি পেয়েছে ইললিগাল একটা পন্থার মধ্য দিয়ে এবং কোর্ট নাকি বলেছে এটা ইললিগাল। এই ইললিগাল পদ্ধতির মধ্য দিয়ে যারা জমি পেয়েছে, তাদের সেই জমি ফেরত নেওয়া হচ্ছে কিনা, এটা যদি আপনি আপনার উত্তর দেওয়ার সময় কাইন্ডলি বলেন তাহলে ভাল হয়। আমি পরের যে বিষয়টি বলব সেটা হল গ্রামীণ পৌরসভাগুলির কি অবস্থা? আমি নিজে একটা গ্রামীণ পৌরসভায় বিলং করি। এখানে আমি আপনার বাজেট বক্তৃতায় বহুবার বলেছি যে সেখানে হেল্‌থ এবং মেটারনিটি সার্ভিসের যে অবস্থা, ওখানে যে ডাক্তাররা আছে তাদের বেতন সরকারি বেতনের থেকে অনেক কম। ফলে যেটা হচ্ছে তারা জয়েন করে, পরে তারা বেটার অপশানে চলে যায়। ফলে হাসপাতালগুলো সাফার করে। এখানে সরকারের তরফ থেকে তাদের বেতন সুনির্দিষ্ট একটা দেওয়ার কোনো ব্যবস্থা আপনার তরফ থেকে দেওয়া সম্ভব কিনা এটা দেখুন, সেই হাসপাতালগুলো বাঁচানোর জন্য। স্টাফদের যে সমস্যা, এটাও আমি আগে আপনাকে বলেছি, আগের বছরই বলেছি যে তারা যে পেনশান পায়, তারা বেতন পায় সরকারি, তাদের পেনশান ৪০% সরকার বিয়ার করে। ৬০% তারা নিজেরা দেয়। এই ৬০% দেওয়ার জন্য তাদের উপর ফিনান্সিয়াল একটা চাপ তৈরি হয়। এটা সরকার আরও বেশি করে বিয়ার করতে পারে কিনা এবং যে গ্র্যাচুইটি তারা পায়, সেটা আপনি নিশ্চয় জানেন যে গ্র্যাচুইটির পুরোটাই কিন্তু পৌরসভার নিজস্ব ফান্ড থেকে দিতে হয়। ফলে এটা কিন্তু অত্যন্ত সমস্যা। যে বিদ্যুতের বিল, ১৩ ফিনান্স থেকে আমি শুনেছি যে বিদ্যুতের বিল দেওয়ার জন্য ১৩ ফিনান্স থেকে একটা টাকা কেটে নেওয়া হয়। ফলে বিদ্যুতের বিলটা যদি পুরোপুরি এই সরকারের তরফ থেকে দেওয়া সম্ভব হয়, ত্রিফলা লাইটের জন্য বিদ্যুতের বিলও কিন্তু অনেকটা পড়ে গেছে, বেড়েছে। ফলে গ্রামীণ পৌরসভার জন্য এটা কিন্তু প্রবল চাপ। এই বিষয়টা আপনি দেখতে পারেন কিনা, এই বিষয়টি দেখুন। আর যে সমস্যা সেটা হল, গ্রামীণ পৌরসভাগুলোতে

বাসস্ট্যান্ড, সেটার একটা সমস্যা তৈরি হয়ে আছে বিশেষ করে আমি যে পৌরসভার মধ্যে আছি, সেখানে একটা সমস্যা আছে।

[2.50 - 3.00 p.m.]

সেটা তৈরি করার কোনো টাকা নেই, পয়সা নেই। টাউন হল—আমি জানি বহু পৌরসভায় রবীন্দ্রভবন তৈরি করে দিয়েছেন—বিগত সরকারের তরফ থেকে এবং আপনারও হয়ত করছেন। কিন্তু এই টাউন হলগুলো তৈরি করার জন্য যে টাকার দরকার — সেই নেসাসারি ফান্ড কিন্তু সব জায়গায় দেওয়া হচ্ছে না। আর যে সমস্যাটা তৈরি হচ্ছে ছোট — ছোট পৌরসভায়—বিশেষ করে দক্ষিণ ২৪-পরগনার পৌরসভাগুলোর ক্ষেত্রে, সেখানে ইরিগেশান এবং ড্রেনেজের প্রচুর সমস্যা তৈরি হয়ে আছে। ফলে সেগুলো গড়ে তোলার জন্য কোনো ফান্ড সরকারের তরফ থেকে দিতে পারেন কিনা ভেবে দেখবেন। এই কটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অশোক ঘোষ : মাননীয় চেয়ারম্যান সাহেব, আমি প্রথমেই আমাদের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি তার এই সুন্দর বাজেট পেশ করার জন্য। আগামী দিনে যাতে আরও সুন্দর-সুন্দর পৌরসভা তৈরি হয়ে সেই পৌরসভাগুলি আমাদের সরকারের যে দৃষ্টিভঙ্গী, সেটার সঙ্গে চলতে পারে। আমি আনিসুর রহমান থেকে শুরু করে বিরোধী দলের যে দু-তিনজন বক্তব্য রাখলেন সবাই একই কথা বলেছেন যে, নির্বাচন নাকি প্রহসন হয়েছে—এতো আলো লাগল কেন—তার খরচা কোথায়? আলো তো হবেই, আমাদের মুখ্যমন্ত্রীর একটাই স্লোগান—৩৪ বছরের অন্ধকার দুর করে আলোকেরই ঝরনা ধারায় ঝরিয়ে দাও। আজকে সেই আলোকের এই ঝরনা ধারায় আমরা আপ্লুত। বিভিন্ন মানুষ আজকে এই সরকারকে প্রশংসা করছে এবং সঙ্গে সঙ্গে আজকে ওরা বুঝতে পারছে যে কোথায় নিয়ে গিয়েছিল এই সরকারটিকে। ৩৪ বছর তো কম কথা নয়। সেই ৩৪ বছরে — ওরা বলছে নির্বাচন নাকি প্রহসন হয়েছে। আমাদের মাননীয় মন্ত্রীর দিকে আঙুল তুলে বলছেন — বলুন তো নির্বাচন ঠিক হয়েছে কিনা? আমি এই প্রসঙ্গে আমার নিজের ব্যক্তিগত কথা একটা বলি যে, কি ধরনের প্রহসন নির্বাচন ওরা করে দিয়ে গিয়েছিল আজকে সাক্ষী বসে আছেন মাননীয় মন্ত্রী সুব্রত মুখার্জী। ১৯৯৬ সাল — নির্বাচন হচ্ছে, আমি প্রার্থী। বাক্স যখন খোলা হল, দেখা গেল আমি ৬ পেয়েছি, আর সি.পি.এম ১১০০ — আমি ৩ পেয়েছি, সি.পি.এম পেয়েছে ৯০০। এজেন্টদের মেরে তুলে দেওয়া হয়েছিল। এজেন্টদের বসতে দেওয়া হয়নি। এইভাবে সেই সময়ে ওরা নির্বাচন করেছে। ১৯৯৬—২০০১ বাক্সগুলো খুলে দেখুন তার প্রতিফলন কি ঘটেছে? সেই নির্বাচনকে যদি প্রহসন না বলেন, তাহলে আজকে গায়ে জ্বালা হচ্ছে কেন? নির্বাচন প্রহসন হচ্ছে? নিশ্চিহ্ন হয়ে গেছে। পশ্চিমবঙ্গে আজকে আপনাদের যা অবস্থা আমি জানি না ২০১৬-তে তারা থাকবেন কিনা। প্রত্যেকটা জায়গায় একদম নিশ্চিহ্ন হয়ে গেছেন। আমি শুধু এই কথা বলতে চাই যে, শিলিগুড়ি থেকে হামাগুড়ি দিয়ে একজন এসেছিলেন মাননীয় মন্ত্রীর সঙ্গে দেখা করতে—একটু সময় দেবেন, তারপরে উনি দেখা করবেন— সবেরের ধন নীলমণি দেখা করতে চায়—একটু দেখা করবেন তার সঙ্গে। স্যার আমি একটি কথা বলি

— সবচেয়ে যেটা আমার খুব ভালো লেগেছে যে, হাওড়া পুরসভার সঙ্গে বালি পুরসভাকে যুক্ত করার জন্য। এই জায়গায় প্রায় অকেজো করে রেখে দিয়েছিল ৩৪ বছরের বাম শাসন। সিকি শতাব্দীতে এই অভাবের জন্য ত্রুটিপূর্ণ প্রকল্প এখানে কাজ করেছে। আজকে হাওড়ার নিকাশী প্রকল্প — জটুদা বলে গিয়েছেন— জল পরিশোধন প্ল্যান্ট, বেলুড় থেকে গোলাবাড়ি থানা পর্যন্ত উড়ালপুলের প্রস্তাব—এমনকি হাওড়া থেকে বালি ফোরসোর রোড পর্যন্ত এর সম্প্রসারণ — এই সমস্ত কাজগুলো ঝুলে ছিল। বেলুড়ের যে জল জি.টি.রোড দিয়ে এবং হাওড়ার জল একই জায়গায় যায়। নিকাশী ব্যবস্থা একই। কাজেই আজকে সেখানে আমররা যদি দেখি যে, হাওড়া এবং বালি—এই দুটির সংযুক্তিকরণ করলে আমাদের আরও বেশি উন্নয়ন হবে। বালির যারা মানুষ— সুলতানবাবু এখানে বসে আছেন—ওখানকার বিধায়ক, ওখানে আরও বেশি উন্নতি হবে এবং পৌরসভা কাজ পাবে। আমার অনুরোধ এটা যেটা করেছেন এবং এর সঙ্গে সঙ্গে অন্যান্য পৌরসভা যা করছেন তাকেও আমি সাধুবাদ জানাচ্ছি। অর্থ কমিশনে যখন আমরা পরিকল্পনা পাঠাচ্ছি, প্রকল্প যখন স্যাংসান হয়ে আসছে, তখন জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। সেই ক্ষেত্রে আমাদের খুব বিপদে পড়তে হচ্ছে। কাজ করছে রাজ্য সরকার, আর ওরা দালালি করছে, নেপোয় দই মারছে। রাজ্য সরকারের সীমিত সামর্থ্যের মধ্যেও এক টাকা সেলামিতে ৯৯ বছরের লিজ, এই যে প্রস্তাব উনি এনেছেন, এতে সমালোচনা করতে হবে? এই প্রস্তাবটা কি গ্রহণযোগ্য নয়? আমি জানি না, ওরা সমালোচনা করতে হবে বলে করছে। উনি বাজেটে এটা দিয়েছেন। আগে বিদেশি অর্থ সাহায্য পাওয়া যাওয়ায় যে প্রকল্পের কাজ শুরু হয়েছিল, সেই বিদেশি সাহায্য সরে গেলেও রাজ্য সরকার সেই প্রকল্পগুলোকে কিন্তু এগিয়ে নিয়ে যাচ্ছে। এর জন্য আমি আবার মাননীয় মন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি। স্যার, ছোট পৌরসভা যেগুলো আছে আমি আগে বলছিলাম এগুলো যুক্ত হলে পরিষেবাটা বাড়বে কি না। আমরা দেখিটা কি? সকালবেলা উঠে কলটা ঘোরালে জলটা পাব কি না, সুইচ টিপলে আলোটা জ্বলবে কি না, রাস্তায় বেরোলে ঠোক্কর খাব কি না, আবর্জনা থাকবে কি না — পরিষেবার কাজ তো এটাই। পৌরসভা এই কাজগুলো ঠিক ঠিকমতো করছে। যারা নির্বাচনে এলেন, যেহেতু মানুষ তাদের কাজে স্যাটিসফায়েড, তাই তারা ভোট দিয়েছেন। যারা এত বছরেও কিছু করতে পারেনি, শুধুমাত্র বক্তব্য রেখে গেছেন, ফাঁকা বুলি মানুষকে দিয়ে গেছেন, তাদেরকে বর্জন করেছে। আমি এই জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে, তিনি নগরোন্নয়ন মন্ত্রীর মাধ্যমে যেটা দিয়েছেন, চেষ্টা করেছেন তাকে ধন্যবাদ জানাই। হরিণঘাটা, বুনিয়াদপুর, বেলদা, ডোমকল, মল্লারপুর, বাগনান এই সমস্ত নতুন পৌরসভা হচ্ছে। এই পৌরসভায় কর্মপ্রণালী বা পৌরনীতি এর জন্যে পৌর কাজে অভিমত প্রয়োজনে আমার একটা সাজেশান মাননীয় মন্ত্রীর কাছে প্রয়োজনে যাদের অভিজ্ঞতা আছে, অবসরপ্রাপ্ত কিছু আধিকারিকদের যদি কাজে লাগানো যায় নির্দিষ্ট সময়ের জন্য, তাহলে আমার মনে হয় পৌরসভার কাজটা আরও বেশি দ্রুত এগিয়ে নিয়ে যাওয়া যাবে। মাননীয় মন্ত্রীকে আরো একটি অনুরোধ আছে আমাদের যে ওয়েবসাইট আছে, এই ওয়েবসাইট ২০০৬-০৭ সাল পর্যন্ত আছে। তারপরে আপনি যে উন্নয়নের ঝড় আপনি বওয়াচ্ছেন, যে উন্নয়নের কাজ হচ্ছে, সেটা কিন্তু মানুষ জানতে পারছে না। আমার মনে হয় আপনি যদি এটা করেন আরো বেশি মানুষ সুবিধে পাবে। সবচেয়ে বড় কথা পৌরসভার কাজ পৌরসভা করছে।

আস্তে আস্তে সেটাকে আরো উন্নয়নের পথে নিয়ে যাওয়ার কাজ হচ্ছে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর। হাওড়াতে আছে, কলকাতায় আছে। এই ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যে সমস্যাগুলো আছে, আমার বিশ্বাস যেমন আজকে আমাদের হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের অধীনে কতগুলো জায়গা ওদের আমলে দখল করে রেখে দিয়েছিল গুন্ডারা। সি.পি.এম-এর দুষ্কৃতীরা দখল করে রেখে দিয়েছিল হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট। মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করছি যে আপনি এটাতে নজর দিন। এখনও অবধি তারা দখল করে রেখেছে। হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে বলে বলে আমি ফেডাআপ হয়ে গিয়েছি। চেয়ারম্যান এখানে বসে আছেন। কেন তারা এখনও দখল করে থাকবে? ওটা আমার বিধানসভা এলাকায় পড়ে। কেন দখল করে থাকবে? তারা ওখানে নানারকম ব্যবসা করছে। সেই অসাধু ব্যবসায়ীরা ভোটে ছাপ্পা মারত। ওখানে যারা সি.পি.এম.-এর এম.এল.এ ছিল, এম.পি. ছিল, এরাই ভোটে ছাপ্পা মেরে ওই জায়গাগুলো দখল করে রেখে দিয়েছে। তাদের আজকে উৎখাত করা উচিত স্যার। উৎখাত করে আরও উন্নয়নের কাজ ওখানে হতে পারে। মাননীয় মন্ত্রীর যা প্রচেষ্টা, মাননীয় মন্ত্রীর যা দৃষ্টিভঙ্গী, আমার মনে হয়, বলছেন কেসের কথা আছে, কেস তো তুলে নেওয়া যায়, কেস তো লড়ে উইথড্র করে নেওয়া যায়। কেসের জন্য কি উন্নয়নমূলক কাজ আটকে থাকে? সব শেষে স্যার আমি আবার বলি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আমাদের স্বপ্ন দেখিয়েছে। আমাদের মাননীয় মন্ত্রী সালকিয়া উড়ালপুল হবে এই বাজেটে লিখেছেন। অজস্র অজস্র ধন্যবাদ আমি মাননীয় মন্ত্রীকে জানালাম এবং তার সঙ্গে এই বাজেটকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করলাম, করে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[3.00 - 3.10 p.m.]

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে পৌর বিষয়ক এবং নগরোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ৪ হাজার ৮৫৪ কোটি ১৭ লক্ষ ৩১ হাজার টাকা এই বাজেটে প্রস্তাব দিয়েছেন। আমি প্রথমেই বলি এই বাজেটে আমি বই ধরে ধরে আলোচনা করব যে গত বছরের বাজেটের যে খরচ, এই বাজেটে খরচের যে প্রস্তাব এবং চার বছরে কেমন পরিচালনা করেছেন বা কাজ করেছেন, শুধু দুটি আপনাদের উদাহরণ দেব, তাহলে আপনারা বুঝতে পারবেন। এই বইতে ১৮ পাতায় অর্থ আধিকারিক এবং স্বাস্থ্য আধিকারিকদের বিষয়ে লেখা আছে। প্রথমে স্বাস্থ্য আধিকারিকদের বিষয়ে লেখা আছে। বলা আছে যে, সমষ্টিভিত্তিক প্রাথমিক স্বাস্থ্য পরিষেবার অধীনে ৬৩কে এম এ এলাকাবহির্ভূত পৌরসভার মেডিকেল অফিসার নিয়োগের কাজ চলছে। আবার অর্থ আধিকারিকের ক্ষেত্রে বর্তমানে ১২৪টি পৌরসভায় অর্থ আধিকারিকের ১২৪টি অনুমোদিত পদ আছে। এর মধ্যে ৪১ জন পশ্চিমবঙ্গের অডিটর অ্যাকাউন্ট সার্ভিসের অফিসার দশটি পদে চুক্তির ভিত্তিতে কাজ করছে। তার মানে যা কর্মীসংখ্যা আছে এই সমস্ত কর্মী উনি নিয়োগ করতে পারেননি। চুক্তির ভিত্তিতে নিয়োগ করছেন। আস্তে আস্তে দিনে দিনে কমছে। কাজের পরিধি কমছে। কাজও কমছে। আর একটি উদাহরণ আপনাদের দেব যেটা এখানে বলা হয়েছে। সুজিতবাবু বলছিলেন। জল। জল আমাদের প্রত্যেকের প্রয়োজন। কয়েকদিন আগে মাননীয় মন্ত্রী সুজিতবাবুর সঙ্গে, কয়েকজন বিধায়ককে

নিয়ে মিটিং করেছেন। সেখানে জলের সংকট। জল—রাজারহাট, দমদম, নিউ টাউন, দক্ষিণ দমদম—এইসব জায়গায় জলের সংকট। আলোচনা করেছেন কিছুদিন আগে। কেন? না তাদের জল পরিপূরক করার জন্য পানীয় জলের চিৎপুর লকগেট থেকে জল সাপ্লাই করা হবে। কোথায় কোথায় কত জল সাপ্লাই করা হবে। যা যেখানে জল লাগে তার থেকে নিউ টাউনে জল সাপ্লাই করবেন ৬১ মিলিয়ন গ্যালন। সল্টলেকে জল সাপ্লাই করবেন ২০.৫ মিলিয়ন গ্যালন। দমদম পুরসভায় জল সাপ্লাই করবেন ২.৫ মিলিয়ন গ্যালন। তাহলে আগের আমলে যা আমাদের ছিল তাই রয়েছে। নতুন করে কিছু হয়নি। সেটা কয়েকদিন আগে উনি আলোচনা করেছেন। আর একটি উদাহরণ দেব। এখনই ধর্মতলায় চলে যান। আমরা যাই ধর্মতলায় বাস ধরতে। আগে বাস টার্মিনালের ভিতরে জল ছিল। ট্যাপ ছিল। এখন আর জল নেই। জল পাবেন না ওখানে। আপনার যদি জল খেতে ইচ্ছে করে আপনাকে বোতলের জল কিনতে হবে। আপনি জল পাবেন না। সেখানে যে সমস্ত দোকানদার রয়েছে তাদের বহু দুর থেকে জল আনতে হয়। জল সেখানে নেই। সেই জন্যই বলছি যে বর্তমান যে অবস্থা এই অবস্থা, খুবই খারাপ। আমি কয়েকটি বিষয় এই বই থেকে বলছি। ধরে ধরে আমি বলছি। যেটা ভোট অন অ্যাকাউন্ট অনুমোদিত ১ হাজার ৬শো ১৮ কোটি ৫ লক্ষ ৭৯ হাজার টাকা অন্তর্ভুক্ত আছে। এক নম্বর পাতায় রাস্তার আলোকায়ন সম্পর্কে বলেছেন। এক পাতাতে প্রথমেই রয়েছে। দু'হাজার এক সালে শহরে জনসংখ্যা ছিল দু'কোটি ২৫ লক্ষ, আর দ'হাজার এগারোতে সেটা বেড়ে দু-কোটি একান্ন লক্ষ হয়েছে। কিন্তু পরিকাঠামো তৈরি হয়নি। নতুন রাস্তা তৈরি হয়নি। রিপোর্টে এটা নেই। ত্রিফলা আলোতে কত টাকা খরচ হল, আর কত টাকা চুরি করা হল, সেটাও কিন্তু বলা হয়নি। ত্রিফলা যে আলো করলেন তার জন্য বাজেটের অনুমোদন লাগে, সেটাও আপনারা নিলেন না। সেনসাস শহরগুলির সংখ্যা ২০০১-এ দুশো তিপান্নটি শহর ছিল এবং ২০১১-তে বেড়ে সেটা সাতশো আটষট্টি শহর হয়েছে। কিছু পৌরসভা গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু তার পরিকাঠামো কই? তার রাস্তা কই? এখানে সেই সম্পর্কে কোনো আলোচনা আপনারা করেননি। পরিকাঠামো উন্নত পরিষেবার আর্থ-সামাজিক উন্নয়নের অগ্রগতি হয়নি। রিপোর্টে যেটা আমরা পেয়েছি সমস্ত তথ্য ঘেঁটে, এখানে যে পরিকাঠামোর উন্নত পরিষেবার আর্থ-সামাজিক উন্নয়নের কথা বলেছেন সেখানে যে গরীব পরিবারগুলি পৌরসভার মধ্যে রয়েছে, তাদের কাজের গড় ১৫% হারে হ্রাস পেয়েছে সরকারীভাবে। তারা বেঁচে রয়েছে তাদের নিজেদের হাতের কাজের জন্য। কেউ সেলাইবোনা করছে, কেউ ইলেকট্রিকের টুকিটাকি কাজ করছে, কেউ টেলিফোনের টুকিটাকি কাজ করেন, মোবাইলের পরিষেবার সঙ্গে বেসরকারিভাবে কেউ যুক্ত রয়েছেন ইত্যাদি ইত্যাদি। কিন্তু সরকারি কাজের যে অগ্রগতি পৌরসভাগুলিতে হওয়ার দরকার ছিল, তা না হয়ে তার পরিকাঠামো ১৫% হ্রাস পেয়েছে। পৌর বিষয়ক দপ্তরের আর্থিক উন্নয়নের কর্মসূচি রূপায়ণের জন্য মন্ত্রী এই বাজেট বইতে বলেছেন দু'হাজার চোদ্দ-পনেরোর কথা এবং পনেরো-ষোলোর কথা। দু'পাতাতে পৌর বিষয়ক নতুন এলাকার সংযুক্তি ও পরিকাঠামোর উন্নয়নের কথা বলেছেন। তিনি কোন পৌরসভাতে কি করবেন বলেছেন। কলকাতার সম্পর্কে তিনি বলেছেন তিনি একে লন্ডন করবেন। চার বছরে আপনি কতটা এগিয়েছেন সেই ব্যাপারে কিছু বলেননি। এবং সবথেকে

কাজের মধ্য দিয়ে যে জিনিসটা বেড়েছে তা হল সিন্ডিকেট। এটা বেড়েছে। কিছুদিন আগে নিউ টাউনে নির্মাণসামগ্রীর মালপত্র সাপ্লাই দেওয়ার জন্য সিন্ডিকেটের যে রাজ, শাসক দলের দুটি গোষ্ঠীর মধ্যে সেখানে লড়াই হয়েছে। এবং কেস হয়েছে আপনারা জানেন। সেখানে হাইকোর্টে একটা কেস হয়েছিল। হাইকোর্ট থেকে একটা রায় দিয়েছিলেন এবং বলেছিলেন একটা কমিটি করে এই সমস্ত করতে হবে। সেই কথা আপনারা মানেননি। এখনও আপনাদের বিভিন্ন জায়গায় দেখছি পুকুর ভরাটকে কেন্দ্র করে প্রোমোটিং ব্যবসা দিনে দিনে বাড়ছে। অতএব সমস্ত পৌরসভাগুলিকে কেন্দ্র করে যে কাজের পরিধি বাড়ার কথা, তা না বাড়িয়ে সিন্ডিকেট, পুকুর ভরাট, প্রোমোটিং ইত্যাদি কাজগুলি বেড়েছে। এই বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে নগরায়ণ দপ্তর ও আর্বান মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স দপ্তর ৩৯ নম্বর এবং ৫৪ নাম্বার ধারার যে আলোচনা হচ্ছে, সেই বিষয়ে এই বাজেটের উপরে পূর্ণ সমর্থন করে এবং যে কটি কাটমোশান এসেছে তার বিরোধিতা করে দু-চারটি কথা বলছি। প্রথমেই বলা শুরু করার আগে বলি যে আমার পূর্ব বক্তা সতীর্থ বিধায়ক বলছিলেন নিউটাউন নিয়ে। আপনার অবগতি এবং হাউসের অবগতির জন্য জানাই যে নিউটাউনের বিধায়ক আমি।

[3.10 - 3.20 p.m.]

এটা বাস্তব, আমি অন্ রেকর্ড বলছি, নিউটাউনে সিন্ডিকেটরাজ চলে তার কারণ, এই সিন্ডিকেটের জিনিসটা শুরু করেছিলেন প্রাক্তন মন্ত্রী [***] বন্দুকের আগায় তাদের জমি নিয়েছিলেন এবং এটা যদি আপনি মনে করেন তিনি হাউসে নেই, তার নামটা বলা উচিত নয়...

মিঃ চেয়ারম্যান : [***] নামটা বাদ যাবে।

শ্রী সব্যসাচী দত্ত : ... আমি অমিট্ করলাম। যে বিষটা বয়ে গেছেন, সেই বিষটা একদিনে শেষ হবে না এবং এটা বাস্তব, মানুষকে সহজ পথে অর্থ রোজগার করার যে রাস্তা আপনারা দেখিয়ে দিয়ে গেছেন, সেই রাস্তা কিন্তু হঠাৎ করে রাতারাতি যদি বন্ধ করা হয়, সেটা নষ্ট হবে, ভৌগোলিক কাঠামোর সামঞ্জস্যে অসুবিধা হবে। আপনারা যখন জমি নিয়েছিলেন, সেই সময় জমি নেওয়া হয়েছিল বন্দুকের আগায় এবং সেই বন্দুকের আগার জমি কিছু লোককে ক্যাডার পোষার জন্য আপনারা সিন্ডিকেট নামক একটি তথাকথিত জিনিস তৈরি করেছিলেন। যে সিন্ডিকেট আমাদের বয়ে বেড়াতে হচ্ছে এবং আপনি বললেন, হাইকোর্টের রায়—আমি আপনার অবগতির জন্য জানাচ্ছি, মহামান্য আদালত যে রায় দিয়েছেন, সেখানে রাজ্য সরকার হলফনামা দিয়ে জানিয়ে দিয়েছে সিন্ডিকেট নামক কোনো বস্তু নেই। সিন্ডিকেট নামক কোনো বস্তু যদি থাকে, সেটা কি হয়, সেটা আমরা জানি না। কেউ চুন, বালি, সুরকির ব্যবসা করতে পারেন। তার সেটা ব্যক্তিগত ব্যাপার। এটা আপনাকে বললাম কারণ, আপনাদের পাপ

*** 'মিঃ চেয়ারম্যানের আদেশক্রমে বাতিল'।

আমাদের বহন করতে হচ্ছে। এই পাপ আগামী দিনে যদি কোনোদিন সরকারে আসেন — আসবেন কিনা জানি না — যদি আসেন, এই ভুল আর দয়া করে করবেন না। অনেকক্ষণ ধরে শুনছিলাম, এখানে অনেকে বলছিলেন, টাইমলি ভোট হয় না। সব থেকে বর্ষীয়ান বিধায়ক আমার বিরোধী দলের আনিসুর রহমান সাহেব বলে চলে গেলেন, তার তাড়া ছিল। টাইমলি ভোট হয় না নিশ্চয়ই বলবেন। কিন্তু কার বিরুদ্ধে বলছেন? বলতে গিয়ে তো আপনি মহামান্য ভারতের সংবিধানের যে তিনটে স্তম্ভ — লেজিসলেটিভ একজিকিউটিভ, জুডিশিয়ারির যেটা সব থেকে বড় স্তম্ভ — সুপ্রিম কোর্ট, তাকেই আপনি অবমাননা করে দিচ্ছেন। সুপ্রিম কোর্টের রায়েতে মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম তার দপ্তর—এখানে তিনটে নতুন পৌরসভাকে সংযুক্তিকরণ করে কর্পোরেশনে নিযুক্ত করছেন। আমি ধন্যবাদ কাকে দেবো? মস্তিষ্কপ্রসূত মাননীয়া মুখ্যমন্ত্রীর, কারণ গেটওয়ে অফ কলকাতা — আমরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করি নিশ্চয়ই, কিন্তু যখন কলকাতায় আপনি ঢোকেন, এয়ারপোর্টে নামেন, কলকাতাকে দেখতে গেলে প্রথম এয়ারপোর্ট দেখতে হয়। এয়ারপোর্টের বাঁদিক দিয়ে পুরোটাই নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর লক্ষ্য ছিল কর্পোরেশন করবেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী মাননীয় নগরায়ণমন্ত্রীকে যখন বলেছিলেন, এটাকে কর্পোরেশন করে অনেক বৃহত্তর আকারে যাতে এটার উন্নয়ন করা যায়, সেটা করা যায় কিনা দেখুন, সেই মন্ত্রীর ফলস্বরূপ আগামী দিনে মন্ত্রী সেটাকে লিগ্যাল ভেটিং করিয়েছেন, ফাইন্যান্স ভেটিং করিয়েছেন, নোটিফিকেশন করেছেন এবং সবথেকে আপনাদের অবগতির জন্য জানাই, আজকে ৩ তারিখ, আগামী পরশুদিন ৫ তারিখে, কিন্তু আপনাদের এবং আমাদের পশ্চিমবঙ্গে যদি সবথেকে শিক্ষিত মানুষের বসবাস থাকে, তার অন্যতম জায়গা হচ্ছে বিধাননগর। সেই বিধাননগরে আজ অবধি কিন্তু কোনো অবজেকশন জমা পড়েনি। আপনি হয়তো সেই শিক্ষিত সমাজের মধ্যে পড়েন না। যদি বিধাননগরবাসী হতেন, অবজেকশন জমা দিতেন। আমার মনে হয়, অবজেকশনটা জমা দেওয়া দরকার ছিল এবং সুপ্রিম কোর্ট সেখানে বলে দিয়েছে যে, এখানে কর্পোরেশন হওয়া উচিত এবং সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ যেখানে বলছে কর্পোরেশন, সেই কর্পোরেশনের অবমাননা করা বা তার সম্বন্ধে সমালোচনা করার এক্তিয়ার বোধহয় আমাদের এই হাউসের আছে কিনা, চেয়ারম্যান সাহেব দয়া করে একটু জানাবেন মাননীয় মন্ত্রীর মাধ্যমে। কারণ আমরা একে অপরকে সম্মান জানাই। জুডিশিয়ারিকে অবমাননা করার অধিকার আমাদের নেই। আর যারা অবমাননা করছেন, তারাই আবার বলছেন, জুডিশিয়ারি অমুক রায় দিয়েছে এবং প্রেসের বন্ধুদের গিয়ে দেখাচ্ছেন যে, জুডিশিয়ারি রায় দিয়েছে — এটা হবে না, ওটা হবে না। ...(নয়েজ)... রাজ্য নির্বাচন দপ্তর সময়ে ভোট হল না, লুঠ হল, উচ্ছৃঙ্খলতা হল, এই জায়গায় নয়, রাজ্য নির্বাচন দপ্তর একটা অটোনমাস বডি, আপনারা যদি পারেন সেখানে রাজ্য নির্বাচন দপ্তর যদি আপনাদের পছন্দ না হয়, আপনারা অনেকে আছেন পার্লামেন্টের ইমপিচ্‌মেন্ট এনে তাঁকে সরিয়ে দিতে পারেন, আমি সামান্য যেটুকু আইন জানি তাঁকে ইমপিচ্‌মেন্ট এনে সরানো যায়, দয়া করে রাজ্য নির্বাচন দপ্তরকে সরানোর প্রক্রিয়াটা অন্তত শুরু করুন, দেখুন আপনাদের পাশে কাউকে পান কি না? আশা করি আগামী দিনে হয়তো ফেলইয়োর ইজ দা পিলার অফ্ সাকসেস্। চেষ্টা চালিয়ে যান, কাউকে পাবেন। বন্ধু আপনারা বলে গেলেন একটু আগে আমি কারোর সমালোচনা করছি না, বিশেষ

করে নর্থবেঙ্গল থেকে এসেছেন কেউ কেউ বিধায়ক একটি পৌরসভা নিয়ে বলে গেলেন। শুনতে শুনতে মনে হচ্ছিল এটা বিধানসভার বাজেট অধিবেশন হচ্ছে না, এটা সেই পৌরসভার বাজেট অধিবেশন ধূপগুড়ি পৌরসভা। আমার মনে হয় যে আমাদের থাকা উচিত ধূপগুড়ি পৌরসভায় গিয়ে সেই বাজেট অধিবেশনে অংশগ্রহণ করা, সেখানে আলোচনায় তাহলে ধূপগুড়ি পৌরসভায় বাজেট অধিবেশনে আমরা সেই কথাগুলো তুলে ধরতে পারতাম। তার কারণ ত্রয়োদশ ফিন্যান্স কমিশনে সব পৌরসভা কিন্তু সমানভাবে প্ল্যান বাজেটে অর্থ বরাদ্দ থাকে। প্ল্যান বাজেটের অর্থ তারা কি কি করতে পেরেছেন? আমি মাননীয় ফিরহাদ হাকিমকে ধন্যবাদ দিই, তিনি কিন্তু শুধু বা আমাদের সরকারের ধন্যবাদ নেননি, তিনি কিন্তু বইতে লিখে দিয়েছেন কতটা কেন্দ্রীয় সরকারের অর্থ, যেমন লিখেছেন আর্বান ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্ট স্কীম ফর স্মল্ অ্যান্ড মিডিয়াম টাউনশিপ। সেখানে ৮০% কেন্দ্রীয় সরকারের অর্থ, ১৫% রাজ্য সরকারের অর্থ এবং ৫% সেই পৌরসভার অর্থ। সেটা কিন্তু মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন, এটার জন্য কিন্তু তাঁর ধন্যবাদ প্রাপ্য। তিনি একটু আগে বলছিলেন নেপোয় মারে দই, আমরা করি না অন্যের কাজ, আমরা আনন্দ করি বা আমরা বাহবা নিই, তিনি কিন্তু বইতে নথিভুক্ত করেছেন কেন্দ্রীয় সরকার যে টাকাটা দিচ্ছেন। ফেডারেল স্ট্রাকচারে এটা থাকা উচিত। আর দুই, আমরা আলোচনা করতে করতে একটু আগে শুনছিলাম যে আমরা শুধুমাত্র ত্রিফলা লাইট, ত্রিফলা লাইট, ত্রিফলা লাইট। ভারতবর্ষ এগিয়ে চলছে, আগে ছিলাম আমরা আন্ডার ডেভালপ্ কান্ট্রি, ভালো শব্দে বলা হত ডেভালপিং কান্ট্রি, সেই জায়গায় আমরা ডেভালপ্ কান্ট্রি হতে যাচ্ছি, তার সঙ্গে গতিতে সঙ্গতি রেখে এবং গতির থেকে অনেক বেশী গতিতে সঙ্গ রেখে আমরা এগিয়ে চলেছি পশ্চিমবঙ্গ তথা কলকাতা শহর। নিশ্চয়ই আলোচনা দরকার, যাঁরা বিরোধিতা করলেন ত্রিফলার আলোচনা কারোর বাড়ির সামনে যদি সেই আলোটা জ্বলে, তিনি কি বারণ করেছিলেন আমার বাড়ির সামনে আলোটা লাগাবেন না। আমার একজন সতীর্থ বিধায়ক বলছিলেন যে অন্ধকারে চুরি হত, ছিনতাই হত, আমরা বিধাননগরবাসী, আমরা আলো পেয়ে ধন্যবাদ জানাই মন্ত্রীকে যে তিনি বিগত দিনে প্রাক্তন মুখ্যমন্ত্রী বিধাননগরে থাকতেন, প্রাক্তন সব আমলা থেকে বর্তমান আমলা প্রাক্তন মন্ত্রী থেকে প্রাক্তন সব বড় বড় মানুষ বসবাসকারী, সেই জন্য আমি আপনাদের বলি, আমি এখানে ধন্যবাদ জানাই যে, আজকে নিউটাউনের যে জমি চেয়ারম্যানস্ কোটার জমি, মহামান্য হাইকোর্ট কিন্তু সেই চেয়্যারম্যানস্ কোটার জমি ক্যানসেল করাতে সম্মতি দিয়েছেন। এবং সবথেকে বাহবা পাওয়া উচিত মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং মাননীয় পুরমন্ত্রী ফিরহাদ হাকিমকে, যিনি ৪৮০ একরের উপর যে জমিটা হয়তো অসৎভাবে বিক্রি করলে প্রচুর টাকা আসতো, সরকারের টাকা দিয়ে ইকো পার্ক করলে যেটা আগামী দিনে সুদূরপ্রসারী অন্যতম সৌন্দর্যায়নের জায়গা তৈরি হয়েছে। আমরা শহরবাসী হিসাবে আমরা গর্বিত যে ইকো-পার্ক আমরা উপহার পেয়েছি। ভিক্টোরিয়ার আমলে সেই ভিক্টোরিয়া পেয়েছিলাম আর তারপরে এই ইকোপার্ক পেলাম। তার জন্যে আমি ধন্যবাদ জানিয়ে, তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3.20 - 3.30 p.m.]

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয় চেয়ারম্যান সাহেব, পশ্চিমবঙ্গ সরকারের পৌর ও নগরোন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম ২০১৫-১৬ সালের জন্য ৩৯ নম্বর দাবি এবং ৫৪ নম্বর দাবির সাপেক্ষে যে বাজেট বিবৃতি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং বিরোধীদের না কাটমোশানকে সমর্থন করে কিছু বক্তব্য পেশ করছি। মাননীয় মন্ত্রী ২০১৪-১৫ আর্থিক বছরে মোট ৪৬২৪ কোটি ৩৬ লক্ষ ৬৮ হাজার টাকা ব্যয় বরাদ্দের দাবি রেখেছিলেন। আর এ বছর ২০১৫-১৬ সালে ২৫৬৩ কোটি ২৬ লক্ষ ৭২ হাজার টাকা ৩৯ নম্বর দাবির সাপেক্ষে ধরেছেন। আমি বলি কেন? শহরের উন্নয়ন কি হয়ে গেছে নাকি এবার আর মিউনিসিপ্যালিটিগুলির ভোট নেই, তাই এই বাজেট কমে গেল। জনসংখ্যা যেখানে লাফিয়ে লাফিয়ে বাড়ছে, শহরও বাড়াচ্ছেন আর টাকা কেন কমছে। মাননীয় মন্ত্রী প্রথমেই বলেছেন বর্তমান রাজ্য সরকার সীমিত সময়সীমার মধ্যে পানীয় জল থেকে বর্জ্য পদার্থের ব্যবস্থাপনা, নিকাশি ব্যবস্থা থেকে শহরের সবুজায়ন এই সমস্ত সমস্যার সমাধান করবেন। মাননীয় মন্ত্রী নিশ্চয়ই জানেন কলকাতার মতো একটি বড় শহরের অবস্থা ৩৪ বছর আগে কি ছিল—ছিল খোলা নর্দমা আর কাঁচা ড্রেন। বামফ্রন্ট সরকার আসার পর সমস্ত শহরগুলির অবস্থারই উন্নতি ঘটিয়েছিল। আজ মাননীয়া মুখ্যমন্ত্রী কলকাতাকে যতই লন্ডন বানানোর স্বপ্ন দেখুন না কলকাতার মতো এত জঘন্য কাজ আর কোথাও হয় না। কলকাতাতেই প্রতিনিয়ত ধর্ষণের মতো ঘটনা ঘটছে। কলকাতাসহ সমস্ত মিউনিসিপ্যালিটির গণতান্ত্রিক অধিকার খর্ব করে ভোটগুলি প্রহসনে পরিণত হয়েছে। ৭টি পৌরসভার ভোট নিয়ে আপনাদেরকে কোর্ট করতে হল। কলকাতার স্বাস্থ্যকেন্দ্রে পর্যন্ত নিরাপত্তা নেই। তাই মাননীয় মন্ত্রীকে বলব একজন মানুষ যেমন একজনের বিকল্প হতে পারে না, কলকাতাও লন্ডন হবে না। যা জঘন্য জঘন্য ঘটনা ঘটছে। একদিন হয়ত আঁস্তাকুড়ে পরিণত হবে এই কলকাতা। কিছু বাহ্যিক সৌন্দর্যায়ন হলে মনে রাখবেন বামফ্রন্টের ৩৪ বছরে শহরগুলিকে যে জায়গায় দাঁড় করিয়েছিল তার উপরে যা করছেন তা তেলা মাথায় তেল দেওয়ারই মতো। দু-একটি ঘটনার কথা উল্লেখ করব, কারণ বিস্তারিত বলার সময় আমার নেই। সময় কম। মাননীয় মন্ত্রী কি বলার সময় বলবেন, বামফ্রন্টের আমলে কতগুলি গরিব মানুষ শহর স্ব-রোজগার যোজনায় অন্তর্ভুক্ত ছিল। আর বর্তমানে এই সরকারের আমলে কত বেড়েছে? মা-মাটি-মানুষের নাম নিয়ে বর্তমান সরকার ক্ষমতায় এসেছেন। দয়া করে মানুষের কথা ভুলে যাবেন না। এবারের পৌরসভার ভোটকে মাথায় রেখে জল কর ছাড় দিয়েছেন, ঠিক আছে। ছাড় দিয়েছেন ভালো। কিন্তু দেখবেন বিদ্যুৎ বিল মেটানোর ঘাটতি স্বীকার করে যেন পরিষেবা থেকে মানুষ বঞ্চিত না হয়। অন্যদিকে সিউড়ী পৌরসভার জল নিয়ে যে ঘটনা ঘটেছে, সরকার পক্ষের বিধায়ক তুলেছেন এবং তার তদন্ত করার কথা বলেছেন, সেই জন্য তাকে শাস্তি পেতে হল এই সরকারের আমলে। কারণ সত্য কথা বলা যাবে না এই সরকারের সময়ে। তবে তদন্তের প্রয়োজন ছিল মানুষের স্বার্থে এটা আমিও বলব। আর JNNURM-এর অন্তর্ভুক্ত UIDSSMT এবং IHSDP কর্মসূচীর অনুমোদিত প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের অনুমোদন পাওয়ার পর implement agency

দেরী করার জন্য estimated cost বেড়ে যাচ্ছে। পরে কেন্দ্রীয় সরকার আর বাড়তি টাকা দিতে চাইছে না। রাজ্য সরকারকেই এটা বহন করতে হচ্ছে। তাই মাননীয় মন্ত্রীকে বলব implement agency যাতে কাজটা তৎপরতার সাথে করে সে বিষয়টা দেখতে হবে এবং স্কীম পাঠানোর আগে জায়গাসহ অন্যান্য বিষয়গুলি দেখে নেওয়া দরকার। রাজ্যে শহর এলাকার সৌন্দর্যায়নের কাজ পৌর বিষয় দপ্তরের তত্ত্বাবধানে হয়েছে বলে মন্ত্রী বলেছেন। পুনরায় ত্রিফলা কেলেঙ্কারি যেন না হয়। মাননীয় মন্ত্রী ১৭টি ঘাটের সংস্কার, ১৬টি প্রধান রাস্তার সৌন্দর্যায়ন, নিমতলা শ্মশানের সম্প্রসারণ, ভূকৈলাস রাজবাড়ির সংরক্ষণ, রবীন্দ্রনাথ স্মৃতিবিজড়িত ভবনের উন্নয়ন ইত্যাদির কথা উল্লেখ করেছেন। কিন্তু কত টাকা খরচ হয়েছে তা এখানে বলেননি। বাজেটের আলোচনায় এটা থাকা প্রয়োজন বলে মনে করি। আর একটা বিষয় শহরে প্রতিনিয়ত অগ্নিকাণ্ড ঘটছে। এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দরকার আছে। মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই শহরগুলির জাতি গণনার কাজ কতদিনে শেষ হবে। এর সাথে অর্থনৈতিক সমীক্ষার কাজও শেষ করা এবং তা মানুষের কাছে প্রকাশ কবে নাগাদ করতে পারবেন বলবেন। কারণ এই সমীক্ষার উপর নির্ভর করে গরীব মানুষের উন্নয়ন। মাননীয় মন্ত্রী বর্তমানে ১০৯৩টি শিশুশিক্ষা কেন্দ্র ৬৭টি পৌরসভায় চলছে এই কথা বলেছেন। বাড়ানোর কোনো পরিকল্পনা বাজেটে ধরেননি, ধরলে ভালো হত। বেসরকারি প্রতিষ্ঠানে শিশুদের পাঠানোর ঝোঁক বাড়ছে। পঠন-পাঠন এবং শারীরিক ও মানসিক বৃদ্ধির কথা ভাবনাচিন্তা করে শিশুশিক্ষার সহায়িকাদের কিছু প্রশিক্ষণেরও প্রয়োজন আছে বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রীকে আরও একটি বিষয়ে উল্লেখ করতে চাই, অনেক পৌরসভায় স্টাফ কম আছে, যার ফলে সমস্ত কাজ সঠিক সময়ে উঠে আসছে না। এটা তৎপরতার সঙ্গে দেখা দরকার। ছোটবড় সমস্ত পৌরসভার কথা চিন্তাভাবনা করে তাদের উন্নয়নের কথা ভাবার অনুরোধ রাখবো। কেবলমাত্র কলকাতা নয়, সব পৌরসভাই মানুষের জন্য এটা ভাববেন। মাননীয় মন্ত্রী ঠান্ডা মাথায় অনেক কাজ হাসিল করেন, মাননীয় মুখ্যমন্ত্রীকেও আশ্বস্ত করেন, এটাও করবেন আশা করবো। মাননীয় মন্ত্রী জানেন, মানুষের উন্নয়ন থেমে থাকে না, চাহিদার থেকে মানুষ উন্নত থেকে উন্নতর হতে চায়, তাই আরো কিছু পঞ্চায়েত এলাকাকে ডেভলপমেন্ট অথরিটির অন্তর্ভুক্ত করা যায় কিনা এটাও ভাববেন। কেবলমাত্র বিরোধিতার জন্য বিরোধিতা নয়, গঠনমূলক আলোচনায় এতে অংশ নিচ্ছি। পরিশেষে একটি কথা বলব, কারণ এই দপ্তরের মন্ত্রীর কথা মাননীয় মুখ্যমন্ত্রী শোনেন, আমি জানি। তাই বলছি, পৌরসভার কাউন্সিলার সহ বিধায়কদের কিনে নেওয়া বন্ধ করুন, না হলে উন্নয়ন স্তব্ধ হয়ে যাবে। বিরোধীশূন্য পৌরসভা বা পঞ্চায়েত কোনদিন উন্নতি ঘটাতে পারে না, নিজের ভুল নিজেরা বুঝতে পারে না, তাই সংশোধনের সুযোগও থাকে না, আর ভুল বুঝতে না পারলে উন্নয়ন হয় না। তাই মাননীয় মন্ত্রীর কাছে বলব, এইসব বন্ধ করুন। বাজেটে হচ্ছে, হবে এইসব বলেছেন মাননীয় মন্ত্রী, কিন্তু কোনো স্বচ্ছ ধারণা বা টাকার অঙ্ক লেখেননি স্কীমভিত্তিক। তাই এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না, মাননীয় মন্ত্রী বিষয়টা পরের বছর থেকে একটু দেখে করবেন, এই অনুরোধ রেখে প্রত্যেককে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বিশ্বজিৎ কুণ্ডু : মাননীয় অধ্যক্ষর মাধ্যমে মহামান্য রাজ্যপালের সুপারিশে ২০১৪-১৫ আর্থিক বছরে ৩৯ নম্বর দাবীর অধীনে ২০৫২, ২২১৫, ২২১৭ এবং ৩৬০৪, ৪০৫৯, ৪২১৫, ৪২১৭, ৬২১৭ মুখ্যখাতগুলিতে ব্যয়বরাদ্দের চার হাজার আটশো চুয়ান্ন কোটি সত্তর লক্ষ একত্রিশ হাজার টাকার যে অনুমোদন চেয়েছেন, সেই অনুমোদনকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাটমোশানকে বিরোধিতা করে কিছু কথা বলতে চাই। কারণ সারা ভারতবর্ষের সঙ্গে আমাদের পশ্চিমবঙ্গে যেভাবে লোকসংখ্যা বৃদ্ধি পাচ্ছে, শহরাঞ্চলে সেটা দেখার মতন। ২০০১ সালে আমাদের এখানে শহরে ২ কোটি ২৫ লক্ষ লোক বাস করতেন। এবং ২০১১ সালে এটা বেড়ে গিয়ে ২ কোটি ৫১ লক্ষ লোক বাস করেন শহরতলীতে। এবং ২০০১ সালে যেখানে ২৫৩টি শহর ছিল, সেখানে ২০১১ সালে বেড়ে গিয়ে ৭৮০টি শহর হয়েছে। কারণ এই সমস্ত শহরগুলির এলাকাতে যে সমস্ত পৌরসভা আছে, পঞ্চায়েত আছে, সেই পঞ্চায়েতের আশেপাশেও প্রচুর লোক বসবাস করতে শুরু করেছে এবং পরবর্তীকালে তারা পৌরসভার অন্তর্ভুক্ত হওয়ার জন্য বিভিন্ন সময়ে তারা দাবী করে আসছে। সেইদিকে তাকিয়ে নতুন পৌরসভা গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। ২০১৪ সালে হরিণঘাটা এবং ২০১৪ সালের ২রা মার্চ বুনিয়াদী পৌরসভা। এছাড়া ২০১৫ সালে আর একটি পৌরসভা হবে। এবং আরো চারটি পৌরসভা বেলদা, ডোমকল, মোল্লারপুর এবং বাগনান, এই চারটি পৌরসভা নতুন করে হবে। এছাড়া নতুন পৌর নিগম গঠন করার চিন্তা-ভাবনা নিয়েছেন। সেখানে রাজারহাট গোপালপুর পৌরসভা, বিধাননগর পৌরসভা, এই পৌরসভাগুলির প্রাথমিক বিজ্ঞপ্তি জারি হয়ে গিয়েছে। এবং পৌর নিগম নতুন এলাকার সংযুক্তি করার লক্ষ্যে এগিয়েছে যেটা আসানসোল পৌর নিগম তার সঙ্গে জামুড়িয়া, রাণীগঞ্জ, কুলটি পৌরসভা সংযুক্ত করার ব্যবস্থা করেছেন। এছাড়া হাওড়া পৌর নিগমের সঙ্গে বালি এগুলোর সমস্ত গেজেট নোটিফিকেশান জারি হয়েছে।

[3.30 - 3.40 p.m.]

এর থেকে বোঝা যায় আমাদের সরকারের সদিচ্ছা এবং পৌরমন্ত্রীর সদিচ্ছা আছে। পৌর এলাকাগুলো পৌর পরিষেবা দেওয়ার জন্য রাস্তাঘাটের উন্নতি করতে হবে, ঢালাই রাস্তা করতে হবে। ছোট-বড় ড্রেন করতে হবে, জঞ্জাল ফেলার জন্য আধুনিক গাড়ির ব্যবস্থা করতে হবে। আর যে পার্কগুলো বামফ্রন্টের আমলে শুয়োরের খোঁয়াড় হয়ে গিয়েছিল বা অন্যান্য জীবজন্তু ঘুরে বেড়াতে, সেইসব পার্কগুলোতে আবার নতুন করে গাছপালা পুঁতে সৌন্দর্যায়নের চেষ্টা করেছে এই দপ্তর এবং কিছু নতুন পার্ক তৈরি হয়েছে, যেটা সব্যসাচী দত্ত বলেছেন, তার এলাকায় ইকো-ট্যুরিজম পার্ক হয়েছে। এইভাবে সারা পশ্চিমবাংলার বিভিন্ন এলাকায়, পৌরসভাগুলো যে উন্নয়ন করেছে তা চোখে দেখার মতো। ৩৭টি জল প্রকল্পের কথা তিনি বলেছেন, তার মধ্যে কালনা পৌরসভাও রয়েছে। কালনা জল প্রকল্পের ব্যাপারে বিগত সরকারের সময় যে ডি.পি.আর. জমা পড়েছিল সেটা ভুল জমা পড়েছিল, যার জন্য ২৭ কোটি টাকা মঞ্জুর হয়েছিল। সেটা ছিল সার্ফ সারফেস ওয়াটার, সেখান থেকে সারফেস ওয়াটারে রূপান্তরিত করার জন্য আরও ১১ কোটি টাকা বেশী খরচ হচ্ছে, গঙ্গা থেকে জল নিয়ে এসে তা পরিস্রুত করে সরবরাহ করা হবে। সেই বাড়তি টাকাটা রাজ্য সরকারকে দিতে হচ্ছে। শুধু

তাই নয়. প্লাস্টিক পাইপের বদলে লোহার পাইপ ব্যবস্থা করা হয়েছে, তার জন্য আরও ছয় কোটি টাকা অতিরিক্ত লাগবে। এই সমস্ত টাকা রাজ্য সরকারকে দিতে হবে। ইউ.আই.ডি.এস.এস.এম.টি প্রকল্পে দেখা যাচ্ছে, কেন্দ্রীয় সরকার ৮০ শতাংশ অর্থ দিচ্ছে, রাজ্য সরকার ১৫ শতাংশ বহন করছে এবং পৌরসভাগুলোকে ৫ শতাংশ দিতে হচ্ছে। ভুল ডি.পি.আর. থাকার জন্য রাজ্য সরকারকে আরও বেশী টাকা দিতে হয়, এটা এই সরকারের সদিচ্ছা আছে বলেই এই ধরনের প্রকল্পে সহযোগিতা করছে। ৮৬০.৯০ কোটি টাকা মূল্যের ৪১টি প্রকল্প অনুমোদিত হয়েছে, এর মধ্যে পানীয় জলের ৩৭টি প্রকল্পে প্রায় ৭৯১ কোটি টাকা তিনি মঞ্জুর করেছেন এবং দুটি নিকাশী উন্নয়ন প্রকল্প যার মূল্য ৪৯.২২ কোটি টাকা, একটি পয়ঃপ্রণালীর উন্নয়ন প্রকল্প যার মূল্য ১২.৫১ কোটি টাকা এবং ৭.৩০ কোটি টাকার একটি রাস্তা নির্মাণের জন্য তিনি খরচ করেছেন। আই.এইচ.এস.ডি.পি প্রকল্পে বাড়ি তৈরি করার ক্ষেত্রে গরীব মানুষদের গৃহ নির্মাণের ক্ষেত্রে ৮০ শতাংশ টাকা কেন্দ্রীয় সরকার এবং উপভোক্তা ২০ শতাংশ, সর্বাধিক ১৬,০০০ টাকা দিয়ে এক লক্ষ টাকার বাড়ি তৈরি হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গে প্রায় ৫২,৫৯১টি নতুন গৃহ নির্মাণ হয়েছে। সবথেকে উল্লেখযোগ্য বিষয় হল এই সরকারের, পৌরসভা আমরা চালাতে গিয়ে আমরা যেটা বুঝেছি, পেনশানের ক্ষেত্রে পুরো টাকাটাই পৌরসভাগুলোকে দিতে হত। সেইদিকে তাকিয়ে পেনশান এবং মহার্ঘ ভাতা মিলিয়ে ৪০ শতাংশ অর্থ প্রদান করছে এই সরকার। পূর্বের সরকারের আমলে এই ধরনের কোনো অর্থ পৌরসভাগুলোকে দেওয়া হত না। এর জন্য আমরা পৌরমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। ২০১৫-১৬ সালে পরিকল্পনা-বহির্ভূত খাতে মোট বাজেট বরাদ্দ প্রায় ১৯৭৪.৪৬ কোটি টাকা। সরকারের নিরবচ্ছিন্ন প্রচেষ্টায় রাজ্যের অর্থ দপ্তর সি.ই.এস.সি এবং রাজ্য বিদ্যুৎ বণ্টন নিগমকে ২৮শে ফেব্রুয়ারি, ২০১৫ ও ৩১শে জানুয়ারি, ২০১৫ সাল পর্যন্ত বকেয়া মেটানোর জন্য ৫৮০ কোটি টাকা অনুমোদন করেছে। যে সমস্ত পৌরসভাগুলো ছোট ছোট, তাদের ইলেকট্রিক বিল দেওয়ার জন্য বিশাল সমস্যা হত। অনেক পৌরসভা ইলেকট্রিক বিল মেটাত পারত না। মাননীয় পৌরমন্ত্রীর সদিচ্ছায় এবং রাজ্য সরকারের সদিচ্ছায় সেই সমস্ত পৌরসভাগুলোর বিদ্যুৎ বিল মিটিয়ে দেওয়া হয়েছে। এর জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি। এ ছাড়া আমাদের কালনা পৌরসভায় আরও সমস্যা আমরা দেখেছি পৌরসভা চালাতে গিয়ে। মশার যে ধরনের উপদ্রব, সেই মশার দিকে তাকিয়ে আমাদের এই পৌরসভা পরিষেবা দিয়ে এসেছে। যেমন সারা ওয়েস্ট বেঙ্গল-এর সমস্ত জায়গায় মশার তেল দেওয়া থেকে শুরু করে, স্বাস্থ্যের ওষুধ দেওয়া থেকে শুরু করে — বিভিন্ন ধরনের যন্ত্রাংশ — এই ধরনের এই রকম পরিষেবা পৌরসভাগুলো দিয়ে এসেছে। এতে পৌরসভাগুলি খুবই উপকৃত হয়েছে। আমাদের ওখানের ইলেকট্রিক চুল্লি নিয়ে — সকালবেলা প্রশ্নোত্তরের সময় অনেকজন প্রশ্ন করেছিলেন, যে আমাদের কালনা শহরে একটামাত্র ইলেকট্রিক চুল্লি থাকার জন্য বিভিন্ন সময় সমস্যা হত। সেটা repairing-এর জন্য বছরের প্রায় দুইবার-তিনবার, এক মাস থেকে ১৫ দিন আমাদের বন্ধ রাখতে হত। সেই দিকে তাকিয়ে আমাদের পৌরমন্ত্রী ৩৭ লক্ষ টাকা দিয়েছেন দ্বিতীয় ইলেকট্রিক চুল্লি করার জন্য। তার কাজ শুরু হয়েছে এবং সেই কাজ কিছুদিনের মধ্যে শেষ হয়ে যাবে। এইভাবে পৌরসভাগুলি একেবারে নিজের পায়ে দাঁড়ানোর জন্য, বিভিন্ন রকমের guest

house — শুধু কালনা বলে নয়, বিভিন্ন জায়গায় আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন guest house-এর মাধ্যমে অর্থ ইনকাম করে পৌরসভাগুলো নিজের পায়ে দাঁড়ানোর ব্যবস্থা করছে। অনেক বিরোধী দল বিরোধিতার কথা বলছেন, যে আমরা যখন বিধানসভায় আসি আমাদের hostel থেকে, আসার সময় আমরা দেখতে পাই রাস্তাঘাট পরিষ্কার এবং রাস্তার দুই পাশে যেভাবে footpathগুলো নতুন করে সাজানো হচ্ছে, গাছপালা দিয়ে সাজানো হচ্ছে। এছাড়া আমাদের এখানে যে লাইটগুলোর ব্যবস্থা করা হয়েছে, সেগুলো দেখে খুবই ভালো লাগে। তারা এগুলো দেখে বিভিন্ন রকম কটাক্ষ করেছে। কিন্তু সৌন্দর্যের একটা দাম আছে। সেই সৌন্দর্যের কথা মাথায় রেখে আমাদের সরকার সবাইকে নিয়ে যেভাবে পৌরসভা চালাচ্ছে — এটা খুবই উন্নত এবং একে আমরা সমর্থন জানাচ্ছি এবং পৌর বাজেটকে সমর্থন জানিয়ে আজকের মতো আমি ভাষণ শেষ করছি।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আজকে আমাদের যে বাজেট UD এবং MA-এর এই বাজেট নিয়ে আলোচনায় যারা অংশগ্রহণ করলেন, তাদের প্রত্যেককে আমি ধন্যবাদ জানাই। নিশ্চিতভাবে আমাদের সরকার যেভাবে আমরা পরিচালনা করি তাতে সবার suggestion, সবার উপদেশ—এটা নেওয়ার পক্ষপাতী এবং সেই জন্য এই বিধানসভায় যারা আমার সমর্থনে বললেন এবং যারা সমর্থন করলেন না — দুই জনকেই ধন্যবাদ জানাই। কারণ তাদেরও যে suggestion, নিশ্চিতভাবে সেই সাজেশানটা আমাদের কাজে লাগবে। তার কারণ স্যার, democratic structure-এ আমাদের সত্যিকারের আজকে criticize করবে আমার বিরোধী এবং আমার media। এবং তারা যখন criticize করবে তার মধ্যে থেকে আমাকে তুলে নিতে হবে যে সত্যি সত্যি আমি তো ভগবান নই, যে সব ঠিক করছি — নিশ্চিতভাবে কিছু জায়গা আছে যেখানে আমার কিছু ত্রুটি থাকবে, সেই ত্রুটিটাকে তুলে নিয়ে আমি নিজেকে rectify করতে পারি, তাহলে অনেকটা আমাদের এই প্রশাসনের পক্ষে সুবিধা হবে, এগিয়ে যেতে পারব এবং সেই কাজটাই করেছে এবং নিশ্চিতভাবে গণতন্ত্রে আমরা যারা মা-মাটি-মানুষের সরকারের আছি আমরা আপনাদের এই অধিকার এবং তার সাথে সম্মান দিয়ে সেই জবাবগুলো দেওয়ার নিশ্চিতভাবে আমরা চেষ্টা করি। তাও একবার বলতে চাই, যে আমরা, আমাদের এই department প্রায় ৪১টা জলের প্রকল্প নিয়েছি। এই জলের ৪১টা প্রকল্পে আমরা JNNURM-এর under-এ আমরা যেগুলো শেষ করেছি — আমরা তো ২১টা প্রকল্প শেষ করেছি ছোট Township-এ এবং এখানে তাহেরপুর, রামপুরহাট, কাটোয়া, মহেশ্বর, ক্ষীরপাই, রামজীবনপুর, কল্যাণী, বহরমপুর — এই projectগুলো আমরা শেষ করেছি। আমরা শেষ করেছি ওল্ড মালদা, শান্তিপুর, শিলিগুড়ি, এগরা — এই projectগুলো আমরা শেষ করেছি।

[3.40 - 3.50 p.m.]

যে প্রকল্পগুলো আমাদের এখনো আছে মেম্বাররা জানলে খুশী হবেন যে আমাদের সাঁইথিয়া, সিউড়ি, ধুলিয়ান, কান্দি, ডায়মন্ডহারবার, বালুরঘাট, ইংলিশবাজার, কুচবিহার, রানিগঞ্জ, জয়নগর-মজিলপুর, দুবরাজপুর, পাঁশকুড়া, কালনা, রানাঘাট, নবদ্বীপ, বিষ্ণুপুর, পুরুলিয়া,

রঘুনাথপুর, খড়্গপুর, ধুবড়ি, এই প্রোজেক্টগুলো সব তাড়াতাড়ি আমরা শেষ করবো। ধূপগুড়িতে আমরা রিসেন্টলী স্যাংশান দিয়েছি। এই projectগুলো খুব তাড়াতাড়ি আমরা শেষ করবো। তার কারণ আমরা জানি যে জলের যে কষ্ট সেই কষ্টটা কিরকম ভয়াবহ এবং কিভাবে মানুষের দরকার হয়। আমরা সরকারে আসার পর নিশ্চিতভাবে, হয়তো অনেক বিরোধী আছেন যারা কট্টরভাবে বিরোধিতা করার জন্য বলবেন যে, না, কিছু হয়নি। কিন্তু যদি কেউ চোখ-কান খোলা রেখে চলে, তাহলে সেটা উপলব্ধি করতে পারবেন যে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে। এটা আমি সরকারের মন্ত্রী এবং আমার feel good factor-এর জন্য নয়। মনে মনে আমি অনেক বিরোধীদের জানি, আমাদের বন্ধুদের যারা আনঅফিসিয়ালী বলে হ্যাঁ, অনেকগুলো কাজ হয়েছে। নিশ্চিতভাবে যখন রয়েছেন এখানে, একটা দলে রয়েছেন। বিরোধী আসনে বসে যদি বলেন ভালো হয়েছে, তখন তাকে বলব যে, আপনি বিরোধীতে বসে আছেন কেন, আপনি এ পাশে চলে আসুন। সেই জন্য সবকটা জায়গায় এরকম, একশো দিনের কাজে গ্রামোন্নয়নের উন্নতি সুব্রতদার বাজেটের দিন সুব্রতদা বলছিলেন, আমারও শহরগুলোর শুধু কলকাতা শহর নয়, আপনি রাজ্যের যে কোনো শহরে যাবেন, যে কোনো শহরে গেলে সেখানে আপনি উপলব্ধি করতে পারবেন যে উন্নয়ন হচ্ছে। সেই জায়গাগুলো এগিয়ে যাচ্ছে। আমার বহু বন্ধু বাইরে থেকে আসে। তারা এসে যখন বলেন যে, না, দেখে মনে হয় যে আমি পাঁচ বছর বাদে, ছ'বছর বাদে ফিরে দেখে বলে যে এতটা চেঞ্জ হতে পারে? আমরা বলি যে, শহরের ক্ষেত্রে মানুষের চেঞ্জটা উপলব্ধি করতে পারে সে যখন শহরে আসে। একটা কোথাও ধরুন ফ্যাক্টরী হল, চার বছর-পাঁচ বছর লাগে তৈরি করতে। যখন সে শহরে আসে অন্য জায়গার মানুষ, সে উপলব্ধি করতে পারে sea of change হয়েছে। রাজারহাটে যখন সব্যসাচীর এলাকা দিয়ে লোকে যায়, দেখতে পাওয়া যায় চার বছর কিভাবে চেঞ্জ হয়েছে। এটা আমার একার নয়। এটা সারা পশ্চিমবঙ্গের অগ্রগতি। সারা পশ্চিমবঙ্গের উন্নতি। এটা শুধু একটা সরকারের উন্নতি নয়। এই যে সব্যসাচী যেটা বলছিল eco park, এটা রেখে দেওয়া মানে একটা সরকারের উন্নয়নমূলক কাজ। যেরকম Victoria তৈরি হয়েছিল, সেই রকম একটা তৈরি হয়েছে। সেটা যখন আমরা থাকব না, তখনও এটা থাকবে মানুষের জন্য এবং এটা বাংলার গর্ব হিসেবে, যেটা মুখ্যমন্ত্রী নিজে মাথা খাটিয়ে বের করেছিলেন। এই কাজগুলো — একটা মানুষ আসবে, একটা মানুষ চলে যাবে, সারা জীবন থাকবে না। কিন্তু যে কাজগুলো করে যাবে সেই কাজগুলো থাকবে। আপনারা যেমন করেছিলেন। মনুমেন্টের মাথাটা লাল করে দিয়েছিলেন। নিশ্চয়ই একটা কাজ করেছেন। সেই রকম এই কাজগুলোর মধ্যে দিয়ে মানুষ মনে রাখতে পারে। আমি কয়েকটা কথা বলতে চাই স্যার। যেমন— আমাদের মেজর প্রোজেক্ট, আমি যদিও দিয়েছি, তবুও একবার বলে দিই। আমরা যে মেজর প্রোজেক্টগুলো করেছি ইতিমধ্যে, যে রকম Dhapa Water Treatment Plant, এটা এখনও হয়ত 109 নং ওয়ার্ড এবং আরো কিছু ওয়ার্ড আছে যে, পাইপলাইনের কাজগুলো এগোয়নি, এগোচ্ছে আস্তে আস্তে। মানুষ হয়ত কিছুটা জায়গায় অধৈর্য হয়ে পড়েছেন। দু-একটা জায়গায় আমি শুনেছি। কিন্তু এটা একটা মাইলস্টোন কাজ হয়েছে। এই যে Dhapa water treatment plant, ওই জায়গায় East Calcutta-র জায়গায় সম্পূর্ণভাবে dry ছিল। Underground water-এর উপর

মানুষ নির্ভর করত। এটা একটা সহজ কাজ ছিল না। কোথা দিয়ে জলটাকে নিয়ে এসে সেই জলটাকে পরিশ্রুত করে ধাপার ওখানে East Calcutta-য় দেওয়া, এই কাজটা অন্তত বামফ্রন্ট সরকার ৩৪ বছরে চিন্তা করতে পারেনি, যেটা আমরা করেছি। যেমন—Kamarhati strong water drainage — এটা একটা বড় কাজ স্যার। আমরা গর্বের সাথে এটা বলতে পারি। যেমন — বাঁশবেড়িয়া ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট — একটা বড় কাজ, যেটা আমরা করেছি। এই রকমভাবে স্যার প্রচুর কাজ করেছি। যে রকম নজরুল মঞ্চ, যারা রিসেন্ট টাইমসে গেছেন, তারা দেখবেন যে আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট একটা মঞ্চ, যেটা খোলা মঞ্চ ছিল, শীতকালে কয়েকটা প্রোগ্রাম হত, সেটাকে আজকে কিভাবে কলকাতার একটা মাইলস্টোন তৈরি করা হয়েছে। এই রকম স্যার বহু কাজ হয়েছে। কিছুদিন বাদে আমরা দক্ষিণেশ্বরে ফুটব্রিজ তৈরি করতে যাচ্ছি। সাউথ দমদমের স্টর্ম ওয়াটারের কাজ চলছে। এই বড় বড় কাজগুলো আমরা অত্যন্ত দক্ষতার সাথে তাড়াতাড়ি করার চেষ্টা করছি। নিশ্চিতভাবে মেম্বাররা অনেকে বললেন, যে রকমভাবে আমাদের খগেনবাবু বললেন, আমি তাকে আগেই বললাম যে, ২১টি জলপ্রকল্প আমরা শেষ করেছি। ৪১টি প্রকল্পের মধ্যে এখনও ২০টি প্রকল্পের কাজ প্রায় শেষের মুখে আছে। অর্থাৎ চার বছরের একটা সরকার ৪১টি জল প্রকল্পে হাত দিয়ে সেগুলোকে এই পাঁচ বছরের মধ্যে শেষ করবে। উনি বললেন, বস্তির জন্য আমাদের আগের সরকার নাকি অনেক করেছেন। আমরা এই হাউসেই পাশ করে আইন করে ২৫% অফ দি বাজেট গরীব মানুষের স্বার্থে, বস্তির স্বার্থে রাখতে হবে। সেটা আর কোনো সরকার করেনি। শুধু মা-মাটি-মানুষের সরকার সেই আইন করেছে। এটা আগে ছিল না স্যার, এই বস্তির ফান্ডটা। এইরকম স্যার উনি আমাদের বললেন যে, আমি নাকি কোনো জায়গায় যাই না। কিন্তু আবার আমার যারা সতীর্থ আছে তারা বলে, এই চন্দ্রিমাদিও বলছিলেন, 'তুমি তো খালি বাইরে বাইরে যাও।' কিন্তু উনি বললেন যে, আগের মন্ত্রী নাকি খুব ঘুরতেন, আমি নাকি ঘুরি না, কলকাতাকেন্দ্রিক। নিশ্চয়ই কলকাতায় আমি থাকি, কলকাতায় জন্মেছি, কলকাতায় আমার বাস। কিন্তু এটা ঠিক নয়। আগে আমার জায়গায় যিনি মন্ত্রী ছিলেন, যেটা বললেন — শিলিগুড়ি থেকে দার্জিলিং, কালিম্পং এবং মিরিক কতবার গেছেন। পাশাপাশি তো, সেই পয়েন্টে কথা বলুন। আমি যেমন সাউথ দমদমে আড্ডা মারতে যাই। রাজারহাটে সল্টলেকে আড্ডা মারতে যাই। আমি রোজ সন্ধ্যাবেলা যাই। এই ডিসটেন্সই তো। উনি কতবার গেছেন শিলিগুড়ি থেকে দার্জিলিং, কালিম্পং এবং মিরিক? যেটা পাশাপাশি, কতবার গেছেন? অ্যাকচুয়ালি এগুলো হয়ত একটা মানুষকে বলা যায়, উনি অবশ্য নেই, কিন্তু এগুলো ঠিক নয়। তার কারণ আমাদের কাজটা প্রশাসনিক স্তরের এবং সব জায়গায়। আমাদের পৌরসভাগুলোর উন্নতি, অগ্রগতি হচ্ছে কিনা, সেটাই জানার। আমাদের যেরকম আনিসুর সাহেব বলে গেলেন যে, আমরা নাকি বেছে বেছে টাকা দিই। উনিও বলেছিলেন, আনিসুরদাও বললেন সে কথা। আমি কয়েকটি স্যার উদাহরণ দিচ্ছি। যেরকম — দিনহাটা, উদয়নদার, আমাদের পৌরসভা কোনোদিন ছিল না। সেখানে স্যার ২০০৯-১০ সালে দিনহাটা পৌরসভা কত পেয়েছিলেন জানেন? — ১১৫.৫৩৮ লক্ষ। তারপরে কত পেয়েছিল? আমাদের সময় ২০১১-১২ সালে আমরা কত দিয়েছি? ৫৬০.৩৯ লক্ষ। ১১৫ লক্ষ ২০০৯-১০, সেখানে ২০১১-তে আসার পরেই এটা দিয়েছি। ২০১৩-১৪-তে কত দিয়েছি?

৭০৮.৭৮। তার মানে বামফ্রন্টের পৌরসভা, বামফ্রন্ট আমলে যা পেয়েছে তার সাত গুণ মা-মাটি-মানুষের সরকার এসে দিয়েছে। জাঙ্গিপুর, আমাদের কোনোদিন ছিল না। কত পেয়েছিলেন ২০০৯-১০-এ? ৫৯৩ লাখ। ২০১০-১১-তে কত পেয়েছিলেন? ৪৬৮ লাখ। আমাদের সরকার আসার পরে কত দিল? ১০১৫ লাখ। তার পরের বছর কত দিল? ৭৬৩ লাখ। আমাদের বহরমপুর, নেই ওরা, বহরমপুরে বামফ্রন্ট আমলে কত পেয়েছিলেন ২০০৯-১০-এ? ২৭৭ লাখ।

[3.50 - 4.00 p.m.]

বামফ্রন্ট আমলে কত পেয়েছিলেন? ২০০৯-১০ সালে ২৭৭। আমাদের সময়ে শেষ কত দিলাম? আমরা ২০১৩-১৪ সালে দিলাম ১৭০৮ আর ১৪৯০। অর্থাৎ, পৌরসভাগুলিকে কত গুণ করে দিলাম? এরকম অনেক আছে, লিস্ট পড়তে গেলে অনেক টাইম লাগবে। কিন্তু এটা ঠিক নয় যে, আমাদের সরকার, কিছু টেকনিক্যাল কারণ থাকে, আমি বলছি ...(নয়েজ)... নিশ্চিতভাবে টেকনিক্যাল কারণ থাকে। পৌরসভার যত সদস্য আছেন, সব সদস্যই চান আমার পৌরসভা হয়ে যাক। কিন্তু আপনারা যেহেতু আমাদের সরকারকে দু'লক্ষ কোটি টাকার দেনার তলায় ঢুকিয়ে দিয়ে গেছেন তাই আমরা কিছুতেই মাথা তুলতে পারছি না। তাই সব সদস্যের সব রিকোয়েস্ট আমরা রাখতে পারতাম যদি আজকে আপনাদের ধার করা টাকা, আপনাদের পাপ-টাকে আমাদের বহন না করতে হত। তাহলে নিশ্চিতভাবে করতে পারতাম। কিন্তু নিশ্চিত, যেটা যেটা দরকার ডি.এমের রিপোর্ট আনাচ্ছি, আনিয়ে আমরা সেগুলিকে করার চেষ্টা করছি।

জটুদা যে কথাটা বলেছেন সেটা অত্যন্ত জরুরি। হাওড়া এখন যেভাবে এগিয়ে যাচ্ছে, আগে একটা-দুটো শহর ছিল, কলকাতা-হাওড়া-টুইন সিটি। কলকাতা দেখার পর হাওড়া শহরটাকে দেখে বলত, কুলির টাউন। বলে তাচ্ছিল্য করা হত। হাওড়া যবে থেকে তৈরি হয়েছে তবে থেকে কিন্তু বামফ্রন্ট পরিচালিত। এই প্রথমবার আমাদের তৃণমূল কংগ্রেস এই পৌরসভা পেয়েছে। যবে থেকে তৈরি হয়েছে। Difference-টা দেখবেন। কলকাতা আর হাওড়া। মানুষ হাঁ করে দেখতে পায় কি ডিফারেন্স হয়েছে। আর, আজকে হাওড়ায় কী অগ্রগতি হচ্ছে, কী প্রগতি হচ্ছে দেখতে পাচ্ছেন। জটুদা আপনাকে আমি আশ্বস্ত করছি যে, হাওড়ায় অলরেডি আমরা process শুরু করেছি SWM, এর জন্য নতুন ল্যান্ড নেবার এবং সেখানে জার্মান থেকে লোকেরা হাওড়ায় যে মিউনিসিপ্যাল কর্পোরেশন নিয়ে এসেছে তাদের ওখানে ওয়েস্ট টু ইলেকট্রিসিটি প্রোগ্রাম, এটা জার্মানের টেকনোলজি, এখন এটা নিয়ে আমাদের কথা-বার্তা চলছে, শীঘ্রই MOU সই হবে এবং সেখানে এই প্রোজেক্টটা নিশ্চিতভাবে খুব তাড়াতাড়ি, হয়তো এক-আধ বছরের মধ্যে এটা আমরা implement করতে পারব বলে আশা রাখছি।

যে রকম আমাদের ঈদ মহম্মদ সাহেব বলেছেন, ইলেকট্রিসিটির খরচ কে দেবে? শহরের মধ্যে মানুষকে যদি স্বাচ্ছন্দ্যে থাকতে হয় তাহলে ইলেকট্রিসিটি থাকবে। আজকে ইলেকট্রিসিটির কষ্টের নিশ্চিতভাবে পৌরসভার যতটা পারছে সরকার পাশে দাঁড়াচ্ছে। কিন্তু ওই একটা কুমীর

ছানার গল্প আমাকে বার বার বলতে হয় আপনারা যে দেনা রেখে দিয়ে গেছেন তাতে ডঃ অমিত মিত্র ইচ্ছা করলেও আমাকে সেইভাবে সাপোর্ট দিতে পারবে না। কেন-না আপনাদের পাপের ভাগটা তাঁকে প্রত্যেক বছর গিয়ে পৌঁছে দিতে হচ্ছে। এই একটা রয়েছে।

দত্তাবাদ নিয়ে সুজিত বোস বলেছেন। এটা ঠিক যে দত্তাবাদকে অর্গানাইজ করে আমরা যদি ওইখানে সৌন্দর্যায়ন করতে পারি, কতগুলো ওয়াটারবডি রয়েছে, সেগুলোকে নিয়ে যদি ভালোভাবে করি তাহলে ওটা সেকেন্ড ইকো-পার্ক হতে পারে। এবং সত্যি সত্যি ওখানে অনেক মানুষ রয়েছেন যাদের তুলে ফেলে দেওয়া যায় না। কারণ, জানবেন, আমাদের সরকার পুনর্বাসন ছাড়া কোনোদিন উচ্ছেদ করবে না, করবে না, করবে না কারণ মুখ্যমন্ত্রীর এটা সিদ্ধান্ত। কোনো অবস্থাতেই করবে না।

তাই পুনর্বাসনের জন্য U.D. থেকে, রেলের ...(নয়েজ)... কারণ কস্টলি জায়গা। সল্টলেকের ওই জায়গা খুব কস্টলি জায়গা, প্রাইম ল্যান্ড। কিন্তু আমরা সেই ল্যান্ড দিয়েছি। মানুষগুলোকে পুনর্বাসন দিয়ে তারপর সেখানে রেলের কাজ শুরু হয়ে গেছে। এখানেও, দত্তাবাদেও আমরা খুব শীঘ্র একটা প্রোজেক্ট নেব। এটা রেলের বদলে যদি অন্য কোনো প্রোজেক্ট আসে, এখন তো আমাদের সব ক'টা প্রোজেক্ট কেন্দ্রীয় সরকার বন্ধ করে রেখেছে। সেই প্রোজেক্টগুলো যদি আছে তাহলে আমরা নিশ্চিতভাবে দত্তাবাদকে রি-অর্গানাইজ করার পরিকল্পনা আমাদের আছে এবং আমরা খুব শীঘ্র নেব।

মমতা রায়, উনি খুব চিন্তিত আমাদের ধূপগুড়ির ব্যাপার নিয়ে। আমি আপনাকে বলি, আমরা অলরেডি BRGF-এর আন্ডারে 39.4 ক্রোড়ের জল প্রকল্প আমরা অনুমোদন করে দিয়েছি। এই কাজ খুব শীঘ্রই শুরু হবে। আপনাকে আমি বলি, আমরা কিন্তু continues support দিয়ে যাচ্ছি। যেমন আমরা ২০১৩-১৪ সাল, তখন পৌরসভা আপনাদের ছিল। তখন ১৯.৮১ আর '১৪-১৫-তে ১৬.৪৪ ক্রোড় টাকা আমরা আপনাদের পৌরসভাকে দিয়েছি।

অনন্তদা ময়নাগুড়ি পৌরসভার কথা বললেন। আপনাদের পৌরসভার প্রোপোজাল ডি.এম অ্যাপ্রুভ করে দিয়েছে। ফাইন্যান্সে পাঠিয়েছি অ্যাপ্রুভের জন্য। এটা on process আছে। ...(নয়েজ)... না, না এলাকার মানুষ চাইছে উন্নয়ন। এই তো এইটা করে দিয়েছি। আনিসুরদার পৌরসভা ...(নয়েজ)... উনি তো এখনও আসেননি। হয়তো আসবেন। আনিসুর দা হয়তো আসবেন। ...(নয়েজ)... আপনার মতো তো নয়, সি.পি.এমের কাছে মার খাওয়ার পরেও ওখানে পড়ে আছেন মন্ত্রিত্বের জন্য। এঁদের তো তাও আত্মমর্যাদা আছে। আপনার তো আত্মীয়কে মেরে ফেলেছে সি.পি.এম, তাও ওখানে বসে আছেন নির্লজ্জের মতো মন্ত্রিত্বে থাকার জন্য। ...(নয়েজ)... ওটা আমার বাজেটে লেখা আছে।

ডঃ তরুণকান্তি নস্কর মহাশয় কিছু কথা বলেছেন। ঠিকই, আমরা satellite township চাইছি। যেভাবে পপুলেশন বাড়ছে তাতে কিছু township immediate করার জন্য এবং সেজন্য সরকারের plan and programme আছে। কিন্তু আপনাকে আমি আশ্বস্ত করতে চাই, আমাদের সরকার কোনো forcible acquisition বিরুদ্ধে। আমরা আর পশ্চিমবঙ্গে

কোনো নন্দীগ্রাম হতে দেব না, কোনো সিঙ্গুর হতে দেব না। বড় লোকের স্বার্থে forcible acquisition করব না। যাদের নিজেদের land আছে তারা নিয়ে আসবে। আমরা দেখব যে সেটা আছে কিনা এবং সেখানেও 25% EWS তাকে করতে হবে যদি তারা ওই satellite township বা নতুন টাউনশিপ করে। তার জন্য আমরা বলে দিয়েছি। আমরা কোনোরকমভাবে এগুলো করব না।

আপনি যেটা বলছিলেন সেটা ঠিক, আমরা আসার পরে, যেদিন আমরা power-এ এসেছি সেইদিনই মাননীয়া মুখ্যমন্ত্রী first cabinet meeting-এ একটা decision নিয়েছেন। সেটা হল chairman's quota-য়, আমি রাজ্যের মন্ত্রী, আমি জমিদার নই। আমি রাজ্যের মন্ত্রী, I am a caretaker of the people. মানুষ আমাকে দায়িত্ব দিয়েছে বা আমাদের দায়িত্ব দিয়েছে আমরা মানুষের caretaker, আমরা জমিদার নই। এটা আমাদের নিজের পৈত্রিক সম্পত্তি নয় যে, যাকে ইচ্ছা হবে তাকে দেব, যাকে ইচ্ছা হবে না, তাকে দেব না। এটা আমার পৈত্রিক সম্পত্তি নয়। তাই মাননীয়া মুখ্যমন্ত্রী প্রথম মিটিংয়েই, বলেছিলেন কোনো chairman's quota থাকবে না। যদি কাউকে special ভাবে দিতে হয়, বড় বড় college, university বা সে রকম কোনো organisation, Ramkrishna Mission, তাহলে তাদের Cabinet করে দিতে হবে। কিন্তু আমার ইচ্ছা হল, ওকে দেখলাম সুন্দর দিয়ে দিলাম, ওকে দেখলাম বিশ্রি দিলাম না, এইভাবে হবে না। তাই আমরা ২৮ তারিখ, যেটা বেআইনিভাবে করা হয়েছিল, chaiman's quota রেখে দিয়ে, ২৮শে February, অর্থাৎ ১ তারিখে notification হচ্ছে। এতেই প্রমাণ হল এগুলো ব্যাকডেটে করা হয়েছে। বামফ্রন্ট তো চিরকালই backdoor-এ বিশ্বাস করে, তাই backdoor দিয়ে করা হয়েছিল। সেইসব allotmentগুলো বেআইনি ছিল, তাই সেগুলোকে আমরা cancel করেছিলাম। আপনাদের lawyer, আপনাদের সমর্থনে যাঁরা 'T.V', ইত্যাদি জায়গায় বলে, সেইসব lawyer-রা High Court case লড়েছিলেন। High Court বলে দিয়েছে না, এগুলো বেআইনি হয়েছে, এটা cancel করা হবে। তাই এই কাজটা আমরা করেছি। HIDCO-তে chairman's quota আমাদের নেই। আমি KMDA-এর chairman. কিন্তু আমারও কোনো chairman's quota নেই। ২৮ তারিখ বামফ্রন্ট সরকার যেটা করেছিল, তার আগেও করেছিল, কিন্তু আমরা সবগুলো আর ধরলাম না, last-টাকে ধরেছি। সেটাকে আমরা cancel করেছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণের অনুমতি নিয়ে সভার কাজের সময় ১০ মিনিট বাড়ানো হল।

শ্রী ফিরহাদ হাকিম : অশোকদা যেটা বলেছেন, হ্যাঁ, Development Authority, কেননা সবটা আমরা শহর বানাতে পারছি না। যেমন HIT কিছুটা জায়গায় কাজ করছে। এটা তো ঠিক যে আমাদের চার বছরে বামফ্রন্টের সেই ৩৪ বছরের অভিমুখকে সম্পূর্ণ তুলে ফেলতে পারিনি। অনেক জায়গায় এইরকম আছে, এখনও retire করেনি, ওদের engineer-রা বসে আছেন, ওদের অন্যান্য আধিকারিকরা বসে আছেন কাজ করতে দিচ্ছেন

না। কিন্তু আমরা চেষ্টা করছি Development Authorityগুলো তৈরি করে, যে রকম আমরা recently 'Rampurhat Development Authority' তৈরি করেছি, 'ফুরফুরা সরিফ Development Authority' তৈরি করেছি, 'গঙ্গাসার Development authority' তৈরি করেছি, যাতে সার্বিক উন্নয়ন সেই development authority-র মধ্যে দিয়ে হয়। এই কাজটা স্যার আমরা করছি।

[4.00 - 4.10 p.m.]

বিশ্বনাথ কারক সাহেব ত্রিফলা লাইটের কথা বলেছেন, দুর্নীতির কথা বলেছেন। এটা একটা তৈরি করা। অপোজিশান এবং এক শ্রেণীর মিডিয়াদের এটা তৈরি করা। ত্রিফলায় দুর্নীতি হয়েছে, দুর্নীতি হয়েছে, দুর্নীতি হয়েছে বলে আমাদের চরিত্রহনন হচ্ছে। মাঝে মাঝে দেখবেন আমাদের এক একজনের নামে এক একটা বেরিয়ে যাচ্ছে। চরিত্রহননের চেষ্টা হচ্ছে। না, ত্রিফলা লাইট তো শহরের মান বাড়িয়েছে, সৌন্দর্য বাড়িয়েছে। ...(গোলমাল)... ত্রিফলা লাইট জ্বালিয়েছি বলে আর নীল রং করেছি বলে ১১৪ হয়ে গেছে, হ্যাঁ — কিন্তু আবার এটাও জানবেন রিসেন্ট ক্যাগের যে ফাইনাল রিপোর্ট, উক্তি করা আর রিপোর্ট দেওয়া আলাদা — সেই রিপোর্ট ক্যালকাটা কর্পোরেশনকে দেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে এর মধ্যে কোনো দুর্নীতি নেই। স্বচ্ছভাবে কাজটা হয়েছে। লাস্টের রিপোর্টটা যে পজিটিভ এসেছে সেটা আর কোনো সংবাদমাধ্যমও দেখাবে না বা আপনারাও বলবেন না। কিন্তু ত্রিফলার সার্টিফিকেট এরাই দিয়েছে। সব্যসাচী দত্ত বলছিলেন, এটা ঠিক। আমি বললাম ইকোপার্কের কথা। কিন্তু ওয়াক্স মিউজিয়ামের কথা ভুলে গেছিস। ওয়াক্স মিউজিয়াম যেটা ভারতবর্ষে প্রথম। আমরা লন্ডনে যাই মিউজিয়াম দেখতে। এই ধরনের ওয়াক্স মিউজিয়ামে সেখানে আমাদের অতীত, আমাদের পূর্বপুরুষ, আমাদের রবীন্দ্রনাথ ঠাকুর, আমাদের নজরুল ইসলাম, আমাদের স্বামী বিবেকানন্দ, আমাদের রামকৃষ্ণ, আমাদের সত্যজিৎ রায়, এদের দেখার জন্য আমরা যেতে পারবো। মনে হবে তার সাথে আমি বসে আছি। তার সাথে হাত মেলাতে পারছি। এটা ভারতবর্ষের আর কোথাও নেই, এটা বাংলার গর্ব হয়ে দাঁড়িয়েছে। সেটা নিশ্চিতভাবে আপনারা বলবেন না, কিন্তু সেটা সব্যসাচী বলেছে। স্পীকার সাহেবকে আমি এটাও বলেছিলাম, একদিন বাসের অ্যারেঞ্জমেন্ট করবো, মাননীয় সদস্যদের wax মিউজিয়াম আর ইকোপার্ক — ওনাদের দেখানো উচিত। অপর্ণা সাহা বলছিলেন যে আমাদের জে.এন.এন.ইউ.আর.এম. — আমি বলতে চাই জে.এন.এন.ইউ.আর.এম. শুরু হয়েছে ২০০৬ সালে, এটা জেনে রাখবেন অপর্ণাদি। শেষ হয়েছে ২০১২ সালে। নতুন সরকার এসেছে ২০১১ সালে। অর্থাৎ জে.এন.এন.ইউ.আর.এম পেয়েছে এই সরকার এক বছর। অর্থাৎ ৬ থেকে ১১ পর্যন্ত অপদার্থ সরকারের জন্য জে.এন.এন.ইউ.আর.এম. ইমপ্লিমেন্টেশান হয়নি। দোষটা এক বছরের জন্য যদি আমাদের হয় তাহলে ৬ বছরের জন্য কেন আপনাদের নয়? এটা অপদার্থতার জন্য, বেশির ভাগ প্রোজেক্টই — আজকে যা স্যাংশন হয়েছে তার তিন ডবল দিতে হচ্ছে। তার কারণ সব কটার রং প্ল্যানিং ছিল। আমার ডিপার্টমেন্টের অনেকটা টাকা চলে গিয়েছে পার্ক সার্কাসের পরমা ফ্লাইওভার করতে গিয়ে। আপনারা জানেনই না যে আন্ডার গ্রাউন্ডে একটা ব্রিটিশ

আমলের সুয়ারেজ আছে। আপনারা তার উপরে পিলার দেখিয়ে, সেখানে ফ্লাইওভারের প্ল্যান করে ওখান থেকে টাকা নিয়ে চলে এলেন। তারপরে বাস্তবে দেখা গেল ওখানে পোর্টেল করতে হবে, একটি পিলারের জায়গায় দুটি পিলার আর এটা টানতে হচ্ছে। অর্থাৎ কস্টটা তিনগুণ বেড়ে গেল। এটা আপনারা জানেন না। এরকম প্রত্যেকটা কেসে রং প্ল্যানিং। আপনারা বি.এস.ইউ.পি.র টাকা নিয়েছেন। বিভিন্ন শহরে সেখানে বস্তির লোকের কথা, যেখানে জায়গা নেই অথচ স্যাংশন নিয়ে চলে এসেছেন। সেই কাজগুলি বাস্তবায়নে জে.এন.এন.ইউ.আর.এম-এর নিশ্চিতভাবে কিছু টাকা আমাদের সাপোর্ট হয়েছে। কিন্তু যে প্রোজেক্টগুলো আপনারা ছেড়ে দিয়ে গিয়েছিলেন, করতে পারেননি, সেই প্রোজেক্টে সেন্ট্রাল ফান্ড যদি ১০ পারসেন্ট হয়, তাহলে ৯০ পারসেন্ট টাকা স্টেট ফান্ড দিয়ে সেই কাজগুলোকে শেষ করতে হচ্ছে। আপনাদের রং প্ল্যানিংয়ের জন্য এটা হয়েছে। আমাদের দোষ বললে এটা ভুল। ডেভেলপমেন্ট অথরিটির কথা তো বললাম। নতুনভাবে অনেকগুলো পুরসভা রিসেন্টলি এসেছে। শুধু রিগিং করে, মারপিট করে মানুষের আস্থালাভ করা যায় না। ২০১১ সালে যখন আপনারা সরকার চালাচ্ছিলেন তখন এতগুলো মেম্বার নিয়ে আমরা এসেছি, আমরা কি রিগিং করে এসেছি? সেটা আবার দেখবেন, ২০১৬ সালের ইলেকশানে আবার দেখবেন। তখন আবার প্রমাণ হবে — সেই যে বলে না — কাদম্বরী মরিয়া প্রমাণ করিল কাদম্বরী মরে নাই।

তৃণমূল কংগ্রেস পরীক্ষা দিয়ে দিয়ে প্রমাণ করছে যে মানুষ আমাদের সাথে আছে, মানুষ আমাদের সাথে সর্বদা রয়েছে। এটা বার বার করে তৃণমূল কংগ্রেসকে প্রমাণ করতে হচ্ছে। বাই-ইলেকশান যখন হচ্ছে তখন আমরা জিতছি। বনগাঁয় সেন্ট্রাল ফোর্সের সামনে কি আমরা রিগিং করেছিলাম? কৃষ্ণগঞ্জে যখন হল তখন কি রিগিং করেছি? আপনি বলবেন হ্যাঁ, বলুন হ্যাঁ। সেটাতে একটা রেভ দেখা যায়। আরে সে তো স্টেট ইলেকশান বলবে আমরা রিগিং করেছি। এই যে একটা রেভ আসে তারই তো ফল এটা। দু-একটা জায়গায় কয়েক লক্ষ বুথ, কয়েক হাজার বুথ সেখানে পাঁচটা বুথে যদি গণ্ডগোল হয় বলে দেবেন রিগিং, রিগিং। ওই যে বলে না, "ঠাকুর ঘরে কে আমি তো কলা খাইনি।" আপনাদের মনের মধ্যে সব সময় এটা রয়েছে। হিন্দিতে একটা কথা আছে, "চোরো কো আতি হ্যায় নজর সারে জাঁহান চোর।" যারা নিজেরা করেন তারা ভাবেন সবাই করেছেন। কিন্তু মানুষের সমর্থনে, মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সরকার চলছে। এই উন্নয়ন হচ্ছে — শহরে উন্নয়ন হচ্ছে, গ্রামে উন্নয়ন হচ্ছে। বাংলা এগিয়ে যাচ্ছে। চান না চান আপনাদের সমর্থন করতে হবে। মানুষ যদি নিজে থেকে এসে বলে ভাই, আমি তোমার হাত ধরতে চাই আমি বলবো এই যা হাত ধরিস না। সেই হাত আমি ধরবো, আপনার হাতও আমরা ধরতে চাই। আসুন, একসাথে মিলে বাংলাটাকে গড়ি, নমস্কার।

Demand No. 39

Mr. Speaker : Now I put to vote all the cut motions (nos. 2 & 3) of Shri Gouranga Chatterjee that the amount of the demand be reduced by Rs.100/-. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Noes have it. Noes have it.

The cut motions are lost.

I put to vote the main demand move by Dr. Amit Mitra that a sum of Rs. 4854,17,31,000 be granted for expenditure under Demand No. 39, Major Heads : "2052-Secretariat-General Services, 2215-Water Supply and Sanitation, 2217-Urban Development, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions, 4059-Capital Outlay on Public Works, 4215-Capital Outlay on Water Supply and Sanitation, 4217-Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 1618,05,79,000 already voted on acount.)

As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it. The Demand No. 39 is passed.

Demand No. 54

Now I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 2563,26,72,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2059-Public Works, 2215-Water Supply and Sanitation, 2216-Housing, 2217-Urban Development, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 3475-Other General Economic Services, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution, 4216-Capital Outlay on Housing, 4217-Capital Outlay on Urban Development and 6217-Loans for Urban Development" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 854,42,27,000 already voted on account.)

As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it. The Demand No.54 is passed.

Demand No. 28

Mr. Speaker : There are four cut motions to Demand No. 28. The cut motion nos. 1 & 2 are of Shri Asit Mitra and cut motion nos. 3 & 4 are of Shri Gouranga Chatterjee. As Shri Asit Mitra is not present in the House so his motions are not taken as moved. The cut motions of Shri Gouranga Chatterjee are in order and hon'ble Members may now move his motions.

Shri Gouranga Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs.100/-

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, দাবী নং ২৮ যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরী সম্পর্কে মাননীয় মন্ত্রী যে তার বাজেট বক্তব্য রেখেছেন এই বাজেটের উপর আমি আলোচনা করতে গিয়ে আমি শুরুতেই বলে রাখি আমাদের বিরোধী দলের বিধায়ক গৌরাঙ্গ চ্যাটার্জী যে কাট মোশন রেখেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা এই বাজেট বক্তৃতায় উপস্থিত করতে চাই।

[4.10 - 4.20 p.m.]

স্যার, আমি শুরুতেই দেখলাম মাননীয় মন্ত্রী যেভাবে বক্তব্য রেখেছেন, শুরুটা ঠিক এইভাবেই যে, ৩৪ বছর ধরে পশ্চিমবঙ্গের মানুষ মারাত্মকভাবে জর্জরিত। ঠিক এই ভাষা দিয়েই তিনি বলার চেষ্টা করেছেন। তিনি বোঝাতে চেয়েছেন যে এই আবাসন দপ্তর এবং আবাসন সংক্রান্ত বিষয়ে মানুষের যা দুরবস্থা, সেটা কেবলমাত্র ৩৪ বছরেই সেটা ধরা পড়েছে। আমি মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই যে দেশ স্বাধীন হয়েছে ৩৪ বছর নয়, ৬৮ বছরে পা দিয়েছি। তাহলে কি এই ৩৪ বছরের আগে মানুষের এই দুরবস্থা ছিল না? তখন কি সবার আবাসন ছিল? নাকি তারপরে এখন আপনারা আসার পর সব সমস্যা মিটে গেছে? এখন কি সবার আবাসন করে দিতে পেরেছেন? কারও সমস্যা নেই? সব মিলিয়ে এটা বোঝা যায় তিনি তার দোষ আড়াল করার জন্য, তার অপদার্থতা আড়াল করার জন্যই এই বক্তব্য এই বাজেটের মধ্যে ফুটে উঠেছে। স্যার, আমি শুরুতেই এই কথাগুলো বলে রেখে আমি দু-একটি কথা, উনি যা বলেছেন, সেই কথাগুলোই আমি উপস্থাপন করতে চাই। স্যার, এই বাজেটে বলা হয়েছে "গীতাঞ্জলি প্রকল্প" এবং "আমার ঠিকানা"—এই প্রকল্প ২০১৪-১৫ সালে মার্জ করে দেওয়া হয়েছে। নামকরণ হয়েছে এখন "গীতাঞ্জলি"। ৭০ হাজার টাকা করে এবং ৭৫ হাজার টাকা করে এই গৃহগুলো হয়ে থাকে। সমতলভূমিতে ৭০ হাজার এবং দুর্গম ও সুন্দরবন এলাকাতে, পাহাড় এলাকাতে ৭৫ হাজার টাকা দিয়ে এই আবাসনগুলো হয়। কিন্তু স্যার, আমি একটা জিনিস বুঝতে পারছি না, মাননীয় মন্ত্রী যদি বুঝিয়ে বলেন বলার সময় তাহলে ভাল হয়। আমি এখানে দেখতে পাচ্ছি ২০১২-১৩ সালে আমাদের রাজ্যে সর্বোচ্চ গরীব মানুষদের জন্য যে বাড়ি তৈরি করা হয়েছে, তার সর্বোচ্চ বাড়ি নির্মাণ করেছেন মাননীয় মন্ত্রীর সময়। ৫০২৪১টি পরিবারের জন্য গৃহ নির্মাণ হয়েছে। এখানে ৩৭১.১৫ কোটি টাকা খরচা হয়েছে। স্যার, ৫০২৪১টি বাড়ি নির্মাণ করার জন্য সবাইকে যদি ৭৫ হাজার টাকার বাড়ি তৈরি করে দেওয়া হয়, তাহলে তার খরচ হয় ৩৭৬.৮০ লক্ষ টাকা। এই হিসাবটা কিভাবে দিয়েছেন, মাননীয় মন্ত্রী আপনার বই দেখেই আমি বলছি। ২০১৩-১৪ সালে আপনি ৩৪৪৭৬টি বাড়ি তৈরি করেছেন গরীব মানুষের জন্য। ১০৩% খরচ দেখিয়েছেন। ৫০% টাকা খরচ করে ১০৩% টাকা খরচ দেখিয়েছেন আপনি। এই বাড়ি তৈরি করতে খরচ হয়েছে, যদি সবাইকে ৭৫ হাজার টাকা দিয়ে বাড়ি তৈরি করে দেওয়া হয়, তাহলে ২৫৮ কোটি টাকা খরচ হয়। আপনি সেখানে খরচা দেখিয়েছেন ৫৩২ কোটি টাকা। আপনি কি বলবেন এই অংকটা কোথা থেকে পেয়েছেন? নাকি কালীঘাটের অঙ্ক? এই অঙ্কটা যদি পরিষ্কার করে বলেন আমি বাধিত হব। আমি জানি না দুই

আর দুই চার হয় না ছয় হয়। আমার অংকে ভুল থাকলে আপনি হিসাব করে বলে দেবেন। ২০১৪-১৫ সালে, আপনার এই বইয়েতেই লেখা আছে। ২০১৪-১৫ সালে আপনি ঘর তৈরি করেছেন ৪২৫৩২টি। সবাইকে ৭৫ হাজার করে টাকা দিলে ৩১৮ কোটি টাকা খরচা হয়। ৩১৮ কোটি ৯০ লক্ষ টাকা খরচা হয়। আপনি এখানে দেখিয়েছেন ৫৯৮ কোটি টাকা। হান্ড্রেড পারসেন্ট টাকা খরচা দেখিয়েছেন। আমি জানি না গীতাঞ্জলিতে হান্ড্রেড পারসেন্ট টাকা খরচ হয় কি করে? আপনি কি খবর নিয়ে দেখেছেন এই প্রকল্পের নিয়ম অনুযায়ী, আপনার বক্তব্য অনুযায়ী পরিষ্কার যে জেলা দপ্তরে জেলাশাসকরা, তারা গরীব মানুষ যারা ঘর পাবে, তাদের অ্যাকাউন্টে এই টাকা পাঠিয়ে দেয় কিভাবে দেয়? ৭০% টাকা দিচ্ছে, তারপরে ৩০% টাকা দিচ্ছে। এরপরেও আপনার হান্ড্রেড পারসেন্ট টাকা খরচা দেখিয়েছেন এখানে। আমি আপনাকে উদাহরণ দিয়ে বলে দিই যে উত্তর ২৪-পরগনার ব্লকগুলোর খবর যদি আপনি নিয়ে থাকেন তাহলে দেখবেন যে এখনও পর্যন্ত ৫০% টাকা বেনিফিসিয়ারি পেয়েছে। বাকি ৫০% টাকা এখনও রিলিজ হয়নি। আর রিলিজ করার প্রশ্নে অনেক গল্প আছে। সেটা আপনারাও জানেন, আমিও জানি। আজকে বাকি ৫০% টাকা পেতে গেলে আপনাদের যে সমস্ত বন্ধুবান্ধব আছে, বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা যারা অকাজ, কুকাজ করে বেড়াচ্ছে, তাদের কিছু টুপাইস না দিলে সেকেন্ড ইনস্টলমেন্টের টাকা তারা পায় না। তারা টাকা পাবে না। হক টাকা হলেও তাদের পাওয়ার রাইট নেই। নিজের ঘর তৈরির জন্য টাকা পেয়েছে, তার নামে অ্যাকাউন্ট, তার নামে টাকা যাবে, কিন্তু সে যদি তাদেরকে আরও পাঁচ হাজার টাকা না দেয় তার অ্যাকাউন্টে টাকা ঢুকবে না। ফলে এই টাকা পাওয়ার ক্ষেত্রে তাদের জটিলতা আছে। এই জায়গায় ৫০%-এর বেশি টাকা খরচ হল না, এখনও পর্যন্ত টাকা পড়ে আছে। আর আপনি আমার এখানে দেখিয়ে দিলেন ১০০ শতাংশ টাকা খরচা হয়েছে। এই হিসেবের জাগলারী দিয়ে আর কতটা চালাবেন? এটা খুব অন্যায় — এই সদনে যদি এই হিসেব দেওয়া থাকে, যা লিখেছেন বইয়েতে, এ জিনিস চলতে পারে না। প্রত্যেকটা ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আপনাদের এই দুর্বলতা ধরা পড়েছে। এই বিষয়ে আপনাকে বলার জন্য আমি অনুরোধ করছি যে, আপনার যা হিসাব আছে সেটা যদি আপনি আমাদের পরে যদি দিয়ে দেন। কারণ মাত্র ৫৩ শতাংশ টাকা খরচা হয়েছে। সেখানে ১০০ শতাংশ টাকা বইতে লিপিবদ্ধ করা হয়েছে। স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, মাসিক ভাড়াভিত্তিক যে চুক্তি ছিল আবাসনগুলির উপরে — এ এখন কি অবস্থায় আছে? এই ঘরগুলো কি অবস্থায় আছে? আপনি নিশ্চয়ই জানেন — আমি একটাই উদাহরণ দেব, কারণ অনেক উদাহরণ দেওয়ার সময় পাব না, সে সময়ও নেই। বারুইপুর পিয়ালী টাউন—এই যে ইন্ডাস্ট্রিয়াল হাউজিং কমপ্লেক্স আছে, এখানে ৫০টা কোয়ার্টার আছে। এখানে জলে চূড়ান্ত আর্সেনিক রয়েছে। এখানে আর্সেনিকের জন্য অন্যভাবে টিউবওয়েলগুলিকে বন্ধ করে দেওয়া হয়েছে। হ্যান্ড পাম্পগুলো বন্ধ। কারণ এত বেশি আর্সেনিকপ্রবণ এলাকা। হ্যান্ডপাম্পগুলো বন্ধ আছে, সেখানে জল নেই। জলের অবস্থা খুব খারাপ। বজবজ থেকে জল আসছে। শহরের একটা প্রান্তের কিছু মানুষ পেয়েছে, কিন্তু বাকি প্রান্তের মানুষকে সেই জলের সঙ্গে সংযোগ করতে পারেনি। তাহলে সেই কমপ্লেক্সগুলোর কি হবে? আমি এই জায়গায় দাঁড়িয়ে আপনাকে বলছি যে, আপনি লোক

পাঠিয়ে খোঁজ নিয়ে দেখুন কি অবস্থায় আছে। আপনি আপনার বক্তব্যে বলেছেন — আপনি হস্টেলগুলোর কথা বলেছেন। আমি একটা হস্টেলের উদাহরণ দিয়ে আপনাকে বলতে চাই যে, আজকে গরীব আদিবাসী ঘরের ছেলেরা ওই হস্টেলগুলোতে আছে। আজকে বিধাননগরে যে হস্টেল, সিধু কানহু যে হস্টেল — সেই হস্টেল কি অবস্থায় আছে? সেখানকার ছাদ খসে-খসে পড়ছে, সেখানে ছেলেরা থাকতে পারছে না। এইরকম সারা কলকাতা জুড়ে অসংখ্য আবাসনগুলো আছে — যা সরকার করেছিল, আবাসন দপ্তর করেছিল। সেগুলোর মেনটেনেন্স নেই এবং এই মেনটেনেন্স না থাকার জন্য সেগুলো খুব খারাপ অবস্থায় আছে। এগুলোর মেনটেনেন্স করা বাদ দিয়ে আপনি নতুন-নতুন করার চেষ্টা করছেন, সেটা করুন। কিন্তু এই পুরাতন আবাসনগুলোর মেনটেনেন্স হবে কিনা। তা যদি না হয়, তাহলে আগামী দিনে এই ঘরগুলি ভেঙে পড়বে। সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করছি এই বিষয়গুলোকে দেখার জন্য। আপনি নিশ্চিতভাবে এর সদুত্তর দেবেন এবং সদুত্তর পেলে আমরা নিশ্চিতভাবে খুশি হব।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী অরূপ বিশ্বাস মহাশয় ২০১৫-১৬ সালের ২৮ নম্বর দাবির অনুকূলে ব্যয়-বরাদ্দের জন্য যে দাবি পেশ করেছেন, তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে দু-একটি প্রতিবেদন রাখছি এবং বিরোধীদের কাটমোশানের তীব্র বিরোধিতা করছি। একটু আগেই মাননীয় নিরাপদবাবু তাঁর বক্তব্য রাখছিলেন। তার বক্তব্যের মূল সুর ছিল যে, ৬৮ বছর ধরে আজকে আমাদের এখানে আমরা এবং অন্যান্য সরকার দায়িত্ব পালন করেছে — তার সঙ্গে ওরা ৩৪ বছর দায়িত্ব পালন করেছেন। সেই জায়গায় তুলনা করতে গিয়ে ওনারা বলেছেন যে, ৩৪ বছরে ওরা অনেক কিছু করেছেন কিন্তু দপ্তরের বর্তমানের যে অভিমুখ — যেভাবে এই আবাসনটাকে একটা বিশেষ জায়গায় পৌঁছে দেওয়ার জন্য নতুন মা-মাটি-মানুষের সরকার যেভাবে করে একটা বিশেষ জায়গাতে নিয়ে আসতে পেরেছে, এটা বোধহয় উনি উপলব্ধি করতে পারেননি বলেই এই বক্তব্য এখানে রেখেছেন বলে আমার মনে হয়। আজকে দেখা যাচ্ছে বিভিন্ন রাজ্য থেকে এখানে যে লোকের ঢল নেমেছে, আমরা দেখছি যে গত আদমসুমারি অনুসারে রাজ্যে ১৩ শতাংশ বাড়ি বাসের অনুপযুক্ত থেকে গেছে। ১৯৯৩ সালে ৪৯তম সামগ্রিক সমীক্ষায় দেখা গেছে যে, সেখানে ১৯.৭৭ শতাংশ জন বাস অযোগ্য গৃহে বসবাস করছে এবং আমরা জানি যে, প্রাকৃতিক দুর্যোগ, বন্যা বা অন্যান্য কারণের জন্য যেভাবে মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে — আপনি নিশ্চয়ই জানেন নিরাপদবাবু যে, আয়লার সময়ে যে বিধ্বস্ত অবস্থা হয়ে গিয়েছিল, সেই বিধ্বস্ত অবস্থায় মানুষ যখন দিশাহারা হয়ে, ঘরছাড়া হয়ে চলে গিয়েছিল। আমি মনে করি মা-মাটি-মানুষের সরকার যদি প্রতিষ্ঠিত হতে না পারত, তাহলে তারা বোধহয় মাথা গোঁজবার এতটুকু জায়গা পেত না। আমরা আজকে এই গীতাঞ্জলী প্রকল্পের মধ্য দিয়ে, যাদের কোনমতেই আজকে মাথা গোঁজবার ঠাঁই ছিল না, তাদেরকে আজকে গীতাঞ্জলি প্রকল্পের মধ্যে আমরা নিয়ে আসতে পেরেছি। আমরা ব্যাপকভাবে নদীবাঁধগুলোতে কাজকর্ম করতে গিয়ে দেখেছি আইনের বেড়াজালে যাদেরকে জমি থেকে সরাতে পারছিলেন না, অথচ সেখানে গৃহ নির্মাণ করে ঘর

করে বসে আছে, সেই জায়গাতে আমরা তাদের এই গৃহ নির্মাণের মধ্য দিয়ে, এই গীতাঞ্জলির মাধ্যমে তাদের অনুপ্রবেশ ঘটিয়ে সেখানটায় তাদের একটা ছাদের ব্যবস্থা করেছি।

[4.20 - 4.30 p.m.]

তাদের মাথা গোঁজবার একটা ব্যবস্থা করতে পেরেছি। আপনারা যেটা তুলনা করছেন, সেই তুলনাটা যদি দেখা যায় আপনাদের আমলে ৩৪ বছরে আপনারা ৩২ হাজার ৩৪০টি বাড়ি তৈরি করেছেন। এবার চার বছরে মা-মাটি-মানুষের সরকারের হিসেবটা একটু দেখে নিন ১ লক্ষ ৩৪ হাজার ৮৮৪টা বাড়ি তৈরি করা হয়েছে। ফলে ব্যবধানটা ৪ এবং ৩৪ বছরের মধ্যে কতটা তফাত সূচিত হয়েছে, বাজেট বইয়ে যেটা সূচিত হয়েছে, বাংলার মানুষ সেটা দেখেছে। কেননা বাংলার মুখ্যমন্ত্রী গোটা বাংলা জুড়ে যেভাবে উন্নয়নের বন্যা বইয়েছেন, তার প্রতিফলন প্রত্যেকটি বিভাগের মধ্যে প্রতিফলিত হয়েছে। আপনাদের বামফ্রন্টের শেষ চার বছরে ২২২.২৮ কোটি টাকা খরচ করেছেন এই আবাসন বিভাগে। মা-মাটি-মানুষের সরকার এই চার বছরে ১ হাজার ৭৯৭.৭৯ কোটি টাকা খরচা করেছে। স্যার, এটার দ্বারা বোঝা যায় যে উন্নয়নের গতিটা যেমন বাড়ি নির্মাণের ক্ষেত্রে, তেমনিভাবে অর্থের খরচের যে হিসেব দেখা গিয়েছে তা প্রায় আট গুণ ছাড়িয়ে গিয়েছে। অতএব এর দ্বারা বুঝতে কোনো অসুবিধা হচ্ছে না যে মা-মাটি-মানুষের সরকার অগ্রগতির পথে এগিয়ে চলেছে। আমরা নতুন অ্যাচিভমেন্টগুলোতে দেখতে পাচ্ছি, এখানে আমরা দেখতে পাচ্ছি ২০১৫-১৬ আর্থিক বছরে ১৫টি গ্রামকে প্রাথমিকভাবে চিহ্নিত করা হয়েছে, যেগুলোকে আদর্শ গ্রাম হিসেবে তুলে ধরা হবে। তপশিলি জাতি অধ্যুষিত এলাকাগুলোকে, সেখানে উন্নয়নকল্পে বাড়ি, জল, আলো, নিকাশী এই ব্যবস্থাগুলো গ্রহণ করা হচ্ছে। ফলে এটা একটা অভিনব উদ্যোগ। এই উদ্যোগের মধ্যে দিয়ে তপশিলি সম্প্রদায় অধ্যুষিত ১০টা ১৫টা গ্রামকে নিয়ে আদর্শ গ্রাম করার যে পরিকল্পনা, নিঃসন্দেহে একটি গুরুত্বপূর্ণ অধ্যায় বলে আমরা মনে করি। আমরা দেখতে পাচ্ছি কর্মরত মহিলাদের থাকার জন্য হস্টেল নির্মাণ, এটা নিঃসন্দেহে একটা অভিনব জিনিস। ২০১৫-১৬ অর্থবর্ষে যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে, ইতিমধ্যে দুর্গাপুরে কর্মরত মহিলাদের জন্য ৪০ শয্যাবিশিষ্ট হস্টেল 'অনন্যা' এবং সল্টলেকে ৪৪টি শয্যাবিশিষ্ট হস্টেল 'স্বয়ংসিদ্ধা' নির্মাণ করা হয়ে গিয়েছে। পৌর ও নগর এলাকায় আরো ৭টা হস্টেল নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নিঃসন্দেহে এটা একটা গুরুত্বপূর্ণ দিক। নাইট স্টে, রাত্রিযাপনের জন্য নৈশ আবাস নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কলকাতা থেকে আরম্ভ করে মহকুমা হসপিটাল, জেলা হসপিটাল, সব জায়গাতে যাতে পেসেন্ট পার্টির আত্মীয়স্বজন থাকতে পারে, তার জন্য এক অভিনব উদ্যোগ গ্রহণ করা হয়েছে। নীলরতন সরকার মেডিকেল কলেজ হসপিটালে ১০০ শয্যাবিশিষ্ট আবাস তৈরি করা সম্ভব হয়েছে। পরবর্তীকালে ডায়মন্ডহারবারে ৯০টা, মেডিকেল কলেজে ৭২টা, বারুইপুর মহকুমা হাসপাতালে ৯০ শয্যাবিশিষ্ট এই নৈশ আবাসের এক বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমাদের স্মরণ রাখতে হবে মাননীয়া মুখ্যমন্ত্রী 'পথসাথী' করেছেন। জাতীয় সড়ক, রাজ্য সড়কে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সড়কগুলিতে প্রায় ৫০ কিলোমিটার অন্তর 'পথসাথী' তৈরি করবার চেষ্টা করা হয়েছে। যেখানে শুধু পুরুষদের নয়, মহিলাদের স্নানাগার,

শৌচালয়, বিশ্রামাগার-এর একটা বিশেষ ব্যবস্থা করা হয়েছে। ইতিমধ্যে ১২টার মধ্যে আমরা ৯টা কমপ্লিট করতে পেরেছি। আরো তিনটি নির্মাণের কাজ প্রায় শেষের দিকে এবং আরো ১৮টার কাজ চলছে। এবার আমরা দেখছি শহরাঞ্চলে বসবাসকারী এল.আই.জি-দের জন্য ৪৮ এবং এম.আই.জি-দের জন্য ৪৮ ফ্ল্যাট নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে, সরকারি কর্মচারীদের 'আকাঙ্ক্ষা' প্রকল্পে ৯৬টি ফ্ল্যাটকে অন্তর্ভুক্ত করবার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। এটা রাজ্য সরকারের থেকে এক অনবদ্য উদ্যোগ, যা নতুন করে বলার অপেক্ষা থাকে না। আমরা দেখতে পাচ্ছি আর.এইচ.ই. এবং পি.আর.এইচ.ই. — এখানে প্রায় ৩৪ হাজার ফ্ল্যাট রয়েছে, যেগুলোর রেনভেশন দরকার, সেই রেনভেশনের কাজ চলছে। নতুন যেমন করা হচ্ছে, তেমনি পুরনো যেগুলো আছে, সেগুলোকেও রক্ষণাবেক্ষণ করা হচ্ছে। মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হবার পরবর্তীকালে আর একটি উল্লেখযোগ্য অবদানের কথা আপনারা নিশ্চয়ই ভুলে গেছেন? ১৯৬৬ সালে পলতায় যন্ত্রচালিত ইটভাঁটা স্থাপিত হয়েছিল, আজকে ৪৯ বছরের বেশি সময় ধরে কাজ করার ফলে উৎপাদন কম হচ্ছে। সেই জন্য মা-মাটি-মানুষের সরকার সেটাকে আরো বেশি গুরুত্ব দিয়ে সেখানে উৎপাদন যাতে আরো বেশি করে করা যায় তার জন্য 'অধিকার'টির কর্মক্ষমতা বৃদ্ধি করবার জন্য আজকে 'অধিকার'টি পুনর্গঠন করা হচ্ছে। সেখানে প্রকৃত প্রয়োজন অনুযায়ী সমস্ত কর্মচারীদের স্থানান্তরের ব্যবস্থা করা হয়েছে এবং পলতার যন্ত্রচালিত ইটভাঁটায় নিরবচ্ছিন্ন পর্যায়ক্রমে কাজের ব্যবস্থা করা হয়েছে। ফলে এই কাজটা যে দীর্ঘদিন ধরে পড়ে আছে সেই কারণের জন্য এটাতে রাজ্য সরকার বিশেষভাবে গুরুত্ব আরোপ করেছেন। এমনিভাবে আমরা মানিকতলায় পূর্বাশা আবাসন থেকে আরম্ভ করে রাজারহাট নিউ টাউনে সান রে এবং শিলিগুড়িতে হিমালয়কন্যা এবং দুর্গাপুরে আমরা দেখতে পাচ্ছি যে শিল্পতালুক, আবাসনের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এটা আমরা বলতে পারি এখানে আর.এইচ.ই এবং পি.আর.এইচ.ই-তে এখানে স্বচ্ছতা আনার জন্য চেষ্টা করা হয়েছে। কমপিউটারাইজেশনের মাধ্যমে সমস্ত বিষয়গুলোকে উত্থাপন করা হয়েছে। ওয়েবসাইটের মধ্যে দিয়ে আজকে আবাসনের বিষয়গুলোকে মানুষের কাছে পৌঁছে দেওয়ার সুযোগ এসেছে। ফলে এই কাজগুলো মা-মাটি-মানুষের সরকার যেভাবে একটা উদ্যোগ গ্রহণ করে মানুষের কাছে নতুন নজির তৈরি করতে পেরেছে একে অস্বীকার করার কোনো জায়গা আছে বলে আমি মনে করি না। আমরা মনে করি মাননীয়া মুখ্যমন্ত্রী যারা আজকে বঙ্গবিভূষণ পুরস্কারে ভূষিত হচ্ছেন সেই জায়গায় এখানে যেমন আগেকার নিয়ম অনুসারে অন্য কোথাও জায়গা পেতে গেলে একটা বিশেষ যোগসাজশের মধ্য দিয়ে নিয়ম-বহির্ভূত পদ্ধতিতে দুর্নীতির মধ্য দিয়ে মানুষকে আপনারা ফ্ল্যাট দেওয়ার চেষ্টা করতেন। সেই জায়গায় মাননীয়া মুখ্যমন্ত্রী যারা আজকে বঙ্গবিভূষণ পুরস্কারে পুরস্কৃত হচ্ছেন যদি দেখা যায় কলকাতা থেকে ২৫ কিলোমিটারের মধ্যে বাসস্থান না থেকে থাকে তারা এই জায়গাতে থেকে তারা যতদিন বেঁচে থাকবে, এখানকার সুযোগ তারা এনজয় করতে পারবে। একটা বিশেষ দিক তুলে ধরার জন্য এখানে চেষ্টা করা হয়েছে। এবং স্বচ্ছতার স্বার্থে দপ্তরে পাঁচ লক্ষ টাকার অধিক মূল্যের সমস্ত ট্যাকস ই-টেন্ডারিং-এর মাধ্যমে করার ব্যবস্থা করা হয়েছে। আপনাদের সময়ে ই-টেন্ডারিংয়ের কোনো ব্যবস্থা ছিল না। কোনো কিছু করেননি। আজকে

স্বচ্ছতা প্রত্যেকটা বিভাগে। আবাসন বিভাগ থেকে আরম্ভ করে সমস্ত বিভাগে। ই-টেন্ডারিংয়ের বিশেষ ব্যবস্থা করা হয়েছে। আবাসন অধিকারের টেন্ডার সংক্রান্ত অন্যান্য কাজগুলিকে পরীক্ষা এবং তদারকি করবার জন্য আবাসন সচিবের নেতৃত্বে একটি সাত সদস্যবিশিষ্ট টেকনিক্যাল কমিটি করা হয়েছে। মনিটরিং কমিটি সেখানে তৈরি করা হয়েছে। একের পর এক। বিভিন্নরকম উন্নয়নমূলক কাজের মধ্য দিয়ে এই যে প্রকল্পটা যেটা এতদিন পর্যন্ত আপনাদের ভাষায় যেটা একদম ম্রিয়মাণ ছিল, আপনারা যে কাজ করে যেতে পারেননি আজকে মা-মাটি-মানুষের সরকার আসার কারণে মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর যে তাগিদ, বাংলাকে একটা জায়গায় নতুন দিগন্তের পথে নিয়ে যাওয়ার জন্য প্রত্যেকটি দপ্তরের জন্য যেভাবে কাজ করেন, এটা কেবল ঘরে বসে থেকে হয় না। যদি আন্তরিকতা না থাকে, স্বচ্ছতা যদি না থাকে, কাজ করবার তাগিদ যদি না থাকে, নাহলে কোনোমতেই কারোর পক্ষে এইভাবে কাজ করা যায় না। মাননীয়া মুখ্যমন্ত্রী একের পর এক কাজ করে প্রমাণ করে দিতে পেরেছেন। সদিচ্ছা থাকলে উন্নয়ন করা সম্ভব। বাংলাকে শুধু ভারতের ক্ষেত্রে নয়, বিদেশের ক্ষেত্রে একটা বিশেষ জায়গায় পৌঁছে দিতে হয়। তাই আমি শেষ করব হেলেন কেলারের উক্তি দিয়ে তোমার দৃষ্টি আছে সূর্য কিরণের দিকে, ছায়া তোমার নজরে আসবে না। মাননীয় মন্ত্রী আপনি এগিয়ে চলুন সূর্যের দিকে তাকিয়ে। পিছনের দিকে কারা কি বলবে তা আপনার দেখার দরকার নেই। কাজটাই আপনার কাছে গুরুত্বপূর্ণ। বাংলার উন্নয়নটাই আমাদের দরকার। মুখ্যমন্ত্রী যেভাবে এগিয়ে চলেছেন তাঁকে সামনে রেখে এগিয়ে চলার জন্য এই যে দাবি আছে এই দাবিকে পূর্ণাঙ্গ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[4.30 - 4.40 p.m.]

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Speaker Sir, I have gone through this 16 pages budget speech of the Hon'ble Housing Minister, Shri Aroop Biswas. In the Demand No. 28 he has asked for 890,45,77,000 out of which 102 crore is non-plan and 788 crores is under plan and one feature which I have been extremely positive is that a major chunk of it i.e. 588 crores for rural EWS and 100 crores for Urban EWS is alloted out of which 88 crore is again specifically meant for scheduled caste and scheduled tribes. Sir, so if this measure is being taken by the Hon'ble Minister for more such shelters, not only in Kolkata but wherever there are good hospitals if that can be built, it would be very good thought on your part. And this one is an interesting porject. You are creating motels in the state and national highways and you have allotted 20 crores for that. And talking about North Bengal you have decided, I think 2 have already come up in Bagdogra and Chalsa. Sir, we should give little more importance to motel. Even in US, I have recently read in one paper, Sir, that the index of civilization in any country whether you talk about Europe or America or Africa or Asia the index of civilization

is the condition for motels or the road side toilet facilities. So I request the Hon'ble Minister that if 3 more such centers could be created – one between Siliguri and Darjeeling, one between Siliguri and Kalimpong and the other one in between Siliguri and Rangpo which is the border of Sikkim – if these three could be included then that would be wonderful, Sir. So looking at the index that you have given, Sir I must appreciate that from 8.97 crore in 2007-08 you have brought it to 662.48 crores in this year's budget and I hope this will grow more, people will get better facilities. And at the end of the day I must remind you, Sir, that the list of 250 which I have submitted if you could kindly look into the matter and enlighten me about that in your budget speech, Sir. Thank you.

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আবাসন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ২৮ নম্বর দাবীর অধীনে ২০১৫-১৬ সালের ব্যয় নির্বাহের জন্য যে ৮৯০ কোটি ৪৫ লক্ষ ৭৭ হাজার টাকার দাবী মঞ্জুরের জন্য এই মহতী সভায় পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য আপনার মাধ্যমে এই সভায় রাখছি। স্যার, বিরোধী দলের নিরাপদ সর্দার মহাশয়, উনি চলে গেলেন। ভুল তথ্য দিয়ে উনি চলে গেলেন স্যার। ৩৪ বছর ধরে ওনারা ছিলেন। ৩৪ বছর ধরে এখানে থেকে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার বোঝা মাথায় চাপিয়ে দিয়ে চলে গেলেন, আর বড় বড় বক্তব্য রেখে চলে গেলেন। ভুল তথ্য স্যার। আজকে ওদের জিজ্ঞাসা করতে হবে, ওদের প্রশ্ন করতে হবে যে, ওরা এই ৩৪ বছরে কটা বাড়ি তৈরি করেছিল? আজকে যেটার কথা বলা হচ্ছে — গীতাঞ্জলির কথা বলা হচ্ছে। এই গীতাঞ্জলির কথা যখন বলা হচ্ছে, আমাদের মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন যে, রুটি-কাপড়া-মকান দরকার আছে। গরীব মানুষ থেকে আরম্ভ করে সমস্ত মানুষ যাদের কোনো জায়গা নেই, রাস্তায় রাত কাটাচ্ছে, মাটি আছে, সব আছে, কিন্তু আচ্ছাদন নেই। সেই আচ্ছাদান দেওয়ার জন্য গরীব মানুষ থেকে আরম্ভ প্রত্যেকের জন্য আজকে তিনি সেটা চেষ্টা করে গেছেন। আর আপনি টাকার কথা বলছেন? ওনারা শুনুন, আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি যেটা দেখেছেন, তিনি মনে করেছেন যে, টাকা দিলে ওনাদের আমলে রাস্তায় দাঁড়িয়ে থাকতো — কত টাকা পেয়েছো? টাকা দাও। এখানে কোনো টাকার গল্প নেই, সব চেকের ব্যাপার। যে টাকা স্যাংশন হয়েছে, সেই টাকাই তারা পাবে — ৭০ হাজার হোক আর ৭৫ হাজার টাকাই হোক। স্যার, এবার আমি একটু অন্য কথায় আসি স্যার, আজকে ২০০৯-১০, আমাদের আমল নয়। ২০১০-১১ আমাদের নয়। ২০১১-১২ আমাদের নয়। এই সময়ে আপনারা যে কাজ করেছেন গরীব মানুষের জন্য — শুনুন ভালো করে, কয়েকজন আছেন, শুনুন ভালো করে।

[4.40 - 4.50 p.m.]

২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২-তে আপনারা যে টাকা পেয়েছিলেন, সেই টাকা ওই সময় বরাদ্দ করেছিলেন, আর যা খরচ করেছিলেন সেটা হল যথাক্রমে ১১%, ২৩% আর ২৪%। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় ২০১১-১২, ২০১২-১৩ এবং ২০১৩-১৪-তে সেখানে ৭১%, ১০০% এবং ১০৩% খরচ করেছেন। আপনাদের লজ্জা হয় না বলতে, মিথ্যা কথা বলে আপনারা এখান থেকে বেরিয়ে চলে যাচ্ছেন। স্যার, আমি ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে। স্যার, ওদের ৩৪ বছরের বাড়ি তৈরি হয়েছে ৩২ হাজার, আর আমাদের সময়ে এই ৪ বছরের মধ্যে বাড়ি তৈরি হয়েছে ১ লক্ষ ৩৫ হাজার। আবার আপনারা বলছেন যে কিছুই তৈরি হয়নি। এই হয়েছে, ওই হয়েছে। শুনুন, আমাদের আবাসন দপ্তরে PHE এবং PHRE মিশিয়ে মোট ৩৪ হাজার ফ্ল্যাট আছে, যেগুলোর অবস্থা আপনাদের আমলে আপনারা কিছুই করেননি, নিম্ন মানের মাল দিয়ে তৈরি করেছিলেন, সেগুলো এখন ভগ্নদশায় পড়ে আছে। সেগুলোকে তৈরি করার বিশেষ প্রয়োজন। এটা তৈরি করতে গেলে স্যার, আমার মনে হয় PPP মডেলে যদি এগুলোকে তৈরি করা যায়, বহুতল বাড়ি তৈরি করতে হবে, মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো PPP মডেলে বহুতল বাড়ি তৈরি করে, চারতলা পর্যন্ত PHE এবং PHRE যেখানে যা দেওয়ার কথা সেখানে দিতে হবে, বাকিটা মনে করুন — এক পয়সাও লাগবে না, কোনো টাকা নতুন করে লাগবে না, এইভাবে তৈরি করলে মানুষ উপকৃত হবে। হাসপাতালগুলোতে দূরদূরান্ত থেকে মানুষজন আসতো, তাদের কোনো থাকার জায়গা থাকতো না, রোগী ভর্তি হওয়ার পর যারা রোগীর সাথে আসতেন তারা কোথায় থাকবেন? তারা রাস্তায় থাকবেন, না আঁস্তাকুড়ে থাকবেন। তাদের থাকার ব্যবস্থা করছেন আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়। যারা রোগী নিয়ে আসছেন এবং রোগী কোনো রকমে হাসপাতালে ভর্তি হয়ে গেল, কিন্তু তার পরে রোগীর বাড়ির লোকজন থাকবে কোথায়? তার জন্য নতুন করে আবার তাদের ব্যবস্থা করা হচ্ছে, যাতে ওই সময়টুকু তারা সেখানে থাকতে পারে। এটাই তো আসল কথা, মানুষের কথা তো বলতে হবে। আপনারা শুধু দোষ দিয়ে যাবেন, মিথ্যা কথা বলে চলে যাবেন, এই পবিত্র ভবনে মিথ্যা কথা বলাটা আপনাদের অভ্যাসে পরিণত হয়েছে। আপনারাতো কোন দিন কিছু করেন নি, যিনি করছেন তাকে অপবাদ দিয়ে বলার চেষ্টা করছেন। আপনারা একটু ধৈর্য ধরুন। স্যার, এই জায়গায় আপনাকে অনুরোধ করবো যে আবাসনগুলো তৈরি হবে তার জন্য যে টাকা সেই টাকার অঙ্কটাকে বাড়াবার জন্য অনুরোধ করছি। স্যার, অনেকে আছেন যারা বহু দূরূরান্ত থেকে ট্রাকে করে আসেন, তাদের জন্য যেটা করা হয়েছে পথসাথী। এই পথসাথী, আমাদের রাজ্যে জাতীয় সড়ক আছে, রাজ্য সড়ক আছে, এই সব জায়গাতে ৫০ কিমি ছাড়া ছাড়া একটা ভবন তৈরি করা হবে। সেগুলোতে মানুষজন তারা রেস্ট নিতে পারবেন। কারণ এত দূর যিনি জার্নি করে আসছেন, সেই যাত্রীদের অসুবিধার কথা ভেবে এটা তৈরি করা হচ্ছে। এখানে সেই যাত্রীরা থাকবেন তাদের গন্তব্যে যাবার জন্য। আপনাদের কোনো চিন্তাভাবনা আছে? আপনাদের কোনো চিন্তাভাবনা নেই তো, কে কি পাবেন, কোথা থেকে পাবেন, সেগুলিই তো চিন্তা করেছেন। আপনারা মানুষের কথা

ভাবেননি। যদি মানুষের কথা ভাবতেন তাহলে আপনারা কিন্তু ওই জায়গায় চলে যেতেন না, দিনের পর দিন দেখছি আমরা যত নির্বাচন হচ্ছে, এই পৌরসভা নির্বাচন হয়ে গেল, আপনারা বলছেন রিগিং হয়েছে রিগিং হয়েছে, আপনারা কিছুই করেননি, আপনারা কটা সিট পেয়ে চুপচাপ হয়ে গেছেন। আপনারা এখানে মিথ্যা কথা বলে চলে যাচ্ছেন। আপনারা দেখতে থাকুন, আমরা করবো আর আপনারা দেখুন, আমরা মানুষের জন্য কাজ করবো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়। স্যার, একটা কথা মনে পড়ে গেল স্যার, আমার চারটে টার্ম হয়ে গেল... এই চারটে টার্মের আগেও আমি ওনাদের সময়ে আমি আবাসনে ছিলাম স্যার। স্ট্যান্ডিং কমিটি অন হাউজিং, ফায়ার সার্ভিস অ্যান্ড হিল অ্যাফেয়ার্সে ছিলাম স্যার। আমি স্যার, বিভিন্ন জায়গায় গিয়েছি স্যার। দেখলাম সেখানে যারা ফ্ল্যাটের মালিক, তারা নেই। তারা চলে গিয়েছে। কারা আছে? কমরেডরা, মস্তানরা। আমি বললাম, এখানে ক'জন আছেন, নামগুলো বলুন তো কারা কারা আছেন। নামের মিল নেই। অন্য লোক ঢুকে পড়েছে। মস্তান পুষে রেখে দিয়েছে। যারা বড় বড় কথা বলেন। তারা সব থাকেন ওখানে। তার কোনো বাউন্ডারি নেই, কোনো জল নিকাশির ব্যবস্থা নেই। কোনো পানীয় জলের ব্যবস্থা নেই। কি অবস্থা ছিল। এখন স্যার, এত সুন্দরভাবে তৈরি হচ্ছে স্যার, ওরা সহ্য করতে পারছেন না স্যার। তাই ওদের এত কষ্ট হচ্ছে। খালি বিরোধিতা করে যাচ্ছে। আপনাদের অনুরোধ করি আজকে যে বাজেট মাননীয় মন্ত্রী মহাশয় নিয়ে এসেছেন, তাকে সমর্থন করুন। আপনাদেরকে মুখ দিয়ে বলতে হবে না, মন থেকে সমর্থন করুন। যে কাজগুলো হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে, সেই কাজগুলো অত্যন্ত ভালো হচ্ছে। এই কথা কিন্তু আপনাদের মনে রাখা উচিত। আর একটা কথা বলি স্যার, আজকে হাউজিং তৈরি হচ্ছে, বিভিন্ন জায়গায় হাউজিং তৈরি হচ্ছে। এই হাউজিংগুলো তৈরি করতে গেলে ইটের প্রয়োজন। পলতায় আমাদের ইটের কারখানা তৈরি হয়েছে। কিন্তু স্যার, এটা আরো মডিফাই করতে হবে। প্রোডাকশান বাড়াতে হবে। এত মাল্টি স্টোরিড বিল্ডিং, এত প্রকল্প যদি নেওয়া হয়, আজকে আমার ঠিকানা, গীতাঞ্জলি, বড় বড় ফ্ল্যাট তৈরি হচ্ছে, সেইগুলি করতে গেলে যেটার প্রয়োজন আছে সেটা হল এই যে পলতায় যে ইটের কারখানা আছে, শিল্প তৈরি হয়েছে, সেটাকে আরো ভালোভাবে তৈরি করতে হবে। প্ল্যান রয়েছে আরো ভালো করা উচিত স্যার। আমি আর দু-একটা কথা বলি স্যার, যে এদের সম্বন্ধে যত না বলা যায় ততই ভালো। আমরা কাজ করবো উনারা দেখবেন। তাই আর একটা কথা মনে পড়ে গেল যে, মানুষজন অনেকে ভাবি আমরা যে, অনেক কাজ করছি আমরা কিন্তু সেই কাজের মধ্যে মূল্যায়ন করতে গিয়ে মাঝে মাঝে একটু ভুল হয়ে যাচ্ছে স্যার। এই মূল্যায়নটাও করতে হবে তখনই, যখন দেখবেন মানুষ যারা আমাদের ভোট দিয়ে এই জায়গায় দাঁড় করিয়েছেন, তাদের জন্য আমরা কতটা কি করতে পারলাম। আজকে সেই জিনিসটা এদের মধ্যে কোনোদিন চিন্তাধারায় ছিল না। থাকেনি আর থাকবেও না। তাই বলি, আজকে বিভিন্ন জায়গায় স্যার, রাস্তা, বাড়ি হচ্ছে, সেখানে লাইট জ্বলছে স্যার। ইনাদের স্যার বুক ফেটে যাচ্ছে। ওনারা অন্ধকারের দিকে হাত বাড়াতেন। আমরা আলোয় আলোকিত করে আমরা চাই মানুষ দেখুক আমাদের, আমরা কি কাজ করেছি। আলোকের এই ঝর্না ধারায় ঝরিয়ে দাও। তাই বলি, বলো বলো সবে, শত বীণা বেণু রবে, পশ্চিমবাংলা আবার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে শ্রেষ্ঠ আসন লবে। এই বাজেটকে

পূর্ণ সমর্থন করে এবং আপনাদের কাট মোশানকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার স্যার।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২৮ নম্বর দাবির উপরে মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণভাবে বিরোধিতা করে এবং কাট মোশানের সমর্থনে আমি দু-একটি বক্তব্য রাখছি। স্যার, উনি তাঁর বক্তব্যে লিখেছেন, ২৮ নম্বর দাবির একটা বই দিয়েছেন তাতে তিনি লিখেছেন যে, ৩৪ বছরে মানুষ মারাত্মকভাবে জর্জরিত। উনি ৩৪ বছরের কথা বলেছেন স্যার, আমি চার বছরের মাথায় ওনার কাছে আমি জর্জরিত। এমনিই জর্জরিত স্যার, আপনি সাক্ষী আছেন। স্যার, আবাসন দপ্তরের আমার বাড়ি নিয়ে বিশবার প্রশ্ন করা হয়েছে। এই বিশবার প্রশ্ন সত্ত্বেও তিনি বলেছেন, হ্যাঁ হবে, এই হয়ে যাচ্ছে, এই হবে। এই পরিকল্পনার উপরে আমি চার বছর থেকে এখনও পর্যন্ত তার প্রত্যাশায় আছি স্যার। আপনি জানেন, আপনি প্রত্যক্ষ স্যার। স্যার, আপনি জানেন, এই গীতাঞ্জলির কথা তিনি লিখেছেন ২০১৩-১৪ এবং '১৪-১৫ সালে। তিনি লিখেছেন যে, ১০৩% কাজ হয়ে গেছে। ১০০% হয়ে গেছে। ১০০% হয়ে গেছে — ১০০%-এর কথা উনি কি বলতে পারবেন?

[4.50 - 5.00 p.m.]

যে মালদা জেলায় কত পারসেন্ট ঘর হয়েছে। মালদা জেলায় গীতাঞ্জলি নামক প্রকল্পর আগে যে ২০১১, ২০১২, ২০১৩, ২০১৪ এই সমস্ত সময়কালে যে আমার বাড়ি নামে প্রকল্পগুলি ছিল, সেই প্রকল্পগুলোয় প্রথমে আমাদের একটা গাইডলাইন ছিল, সেই গাইডলাইনের উপরে ছিল যে এম.এল.এ, বি.ডি.ও, এস.ডি.ও এবং DOMA-র মারফত এখানে আসবে। আমরা সেই গাইডলাইন অনুযায়ী ২০১২ সালে আমরা সেই সমস্ত যে সমস্ত কোটা এখান থেকে পাঠান হত, আমরা সেই গাইডলাইন অনুসারে পাঠালাম। ২০১৩ সালেও বলা হল, ওইটা আবার রিটার্ন চলে আসল। আবার ওইটাকে রিটার্ন করে আমরা পাঠালাম। ২০১৩ সালেই আমরা আবার ওই গাইডলাইন হিসাবে আবার ওই BDO, SDO, MLA হিসাবে আমরা সমস্ত গাইডলাইন হিসাবে আপনার কাছে দাখিল করলাম। আজকে এই চার বছর ধরে, আজকে আপনার কাছে মেমোরান্ডামও দেখাচ্ছি স্যার, মালদা জেলায় যে Return of the List of Beneficiaries under EWS Housing Scheme, এটা স্যার, আপনার স্কিমে আছে। মালদা ৩৭৮, sending memo No.1089/MA & ME dated 30.12.13, তিনটে ব্লকের স্যার। এতে কপি টু ফরোয়ার্ডিং করা হয়েছে, the P.S. to Hon'ble MOS, MA & ME deptt., Govt. of West Bengal, Writers' Buildings, দুই নম্বরে করা আছে পি এস PA to the Secretary, MA & ME Deptt., Govt. of West Bengal, Nabanna, ডোমা করা হয়েছে মালদা, প্রত্যেকটা জায়গায় করা সত্ত্বেও ওনাকে বারবার বলা সত্ত্বেও কিন্তু এটা এখন পর্যন্ত করা হয়নি। ওনাকে আবার বলেছি যে, এটা আপনার কি রকম। আপনাকেও দরবার করেছি, আপনিও বলেছেন যে হ্যাঁ করে দেব। তারপরে ওনার কাছে যখন আমি গেলাম উনি আমাকে তখন বললেন যে আমি তো এরকম করতে পারি না। এটা একটা স্যার, হয়ে গেছে; তা কি হয়ে গেছে — একটা স্পীকারের যদি চিঠি নিয়ে আসেন,

আমি চিঠিটাও স্পীকারের কাছ থেকে দিয়ে দিলাম, উনি বললেন যে এই কিছুদিনের মধ্যে হয়ে যাবে। আজকে উনি বলছেন যে ৩৪ বছরে আমি জর্জরিত, মারাত্মকভাবে পশ্চিমবাংলার লোক জর্জরিত। আমি বলতে চাই স্যার, ওনার কাছে আমি চার বছর ধরে জর্জরিত। যে জর্জরিত অবস্থায় যে মানুষ এখন পর্যন্ত অ্যাকাউন্ট থেকে নিয়ে সমস্ত কিছু খোলা পর্যন্ত, এখন পর্যন্ত চাতক পাখির মতন তারা ঝুলে আছেন, যে এখন পর্যন্ত সেই ঘরগুলো কোথায় আছে, আমি নিজে কিছুই বুঝতে পারছি না। আর উনি তার তথ্য দিয়েছেন যে একশো পারসেন্ট হয়ে গেছে, একশো তিন পারসেন্ট হয়ে গেছে, একশো চার পারসেন্ট হয়ে গেছে। এই যে কোটা, হোম কোটা, এই যে কোটা সিস্টেমের কথা তিনি বলেছেন, কোটা প্রথা নাই। কিন্তু হঠাৎ করে দেখতে পাচ্ছি সেই বিধানসভায়, আমার বিধানসভায়, কোটা প্রথায় আমার গীতাঞ্জলি, আমার বাড়ি, সেইগুলো লোক কি করে পেল? এই ব্যাপারে আমি যদি মন্ত্রীকে প্রশ্ন করি, উনি কি উত্তর দিতে পারবেন, সদুত্তর? এই কোটা প্রথাটা আপনি নতুন করেছেন যে তার সততা কতখানি? তিনি যে আমার এক নম্বর ব্লক, দুই নম্বর ব্লকে যে ১৮৬টা, ১৫৩টা যে কোটা প্রথা ছিল, কোথা থেকে আসল? এটা মাননীয় মন্ত্রীর কাছে আমি উত্তর চাই যে এই দপ্তর থেকে তিনি বললেন যে হবে না, কিন্তু এই কোটা প্রথাটা কি করে আসল? তারপরে স্যার, আমি আসছি, যে এই কিছুদিন পরে একটা গাইডলাইন আসল যে জেলাশাসক করবে। জেলাশাসক কি করবে, জেলাশাসক তখন কিছুদিন আগে আমাদের এলাকায় কিছু ঘর হল, জেলাশাসক কি করল; বি.ডি.ও—বি.ডি.ও. কি করল, তাদের ওই ক্যাডার বাহিনী যারা ভোট লুঠ করবে, সেই সমস্ত ক্যাডার বাহিনীকে ধরে প্রকৃত গরীব, যারা চায় আমার বাড়ি আগের যে লিস্টগুলি হ্যাঙ্গিং করা ছিল, তারা কিন্তু পেল না। কে পেল — তাদের ক্যাডার বাহিনী। এই যে প্রথাগুলো, এই যে সততার পরিচয়, এই সততার পরিচয়ের উপর দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী আপনি কি বলবেন, যে আপনার কতটা আপনি ৩৪ বছরের কথাটা আপনি বলেছেন, এই ৩৪ বছরে মানুষ যখন আমাদের ২০০৯, ২০১০ সালে আমাদের যখন এই আমার বাড়িগুলো হচ্ছিল, আমাদের মালদা জেলায় সর্বশ্রেষ্ঠ সেখানে রেকর্ড করেছিল, আপনি এখানে ভুল তথ্য দিয়েছেন যে মালদা জেলায় এখন পর্যন্ত যে সমস্ত ঘরগুলো হয়েছে তার অধিকাংশগুলো হয়নি। আপনি কি বলতে পারবেন, মালদা জেলায় সব চাইতে ঘর ২০০৯, ২০১০, ২০১১ সালে যত ঘর হয়েছিল, আপনার আমলে এখনও পর্যন্ত সাতশতর উপরে কোনো ঘর হয়নি। আপনি এই যে এটা লিখেছেন এটা সমস্ত অসত্য, এই অসত্যের উপর দাঁড়িয়ে আমি আপনার বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ২৮ নং দাবির অধীন হাউজিং দপ্তরের বাজেটের উপরে যে আলোচনা হচ্ছে আমি সেই ব্যাপারে অনেক প্রস্তুতি নিয়ে এসেছিলাম যে বিরোধী দলের তরফ থেকে অন্তত আমাদের কিছু পথ নির্দেশ করবেন এবং সেখান থেকে আমরা এগিয়ে যেতে পারব। মাননীয় সদস্য যারা এই আলোচনায় অংশগ্রহণ করেছেন, নিরাপদ সর্দার, সমীর কুমার জানা, ডঃ হরকা বাহাদুর ছেত্রী, শীতল কুমার সর্দার, তজমুল হোসেন আমি তাদের পক্ষে বা বিপক্ষে বলার জন্য নয়, আমি প্রত্যেককেই অভিনন্দন

জানাচ্ছি। একজনের পড়াশোনার অভাব, আর একজন তো বাজেট বক্তৃতায় নিজের বিধানসভা কেন্দ্রের বাইরে বেরোতেই পারলেন না। এটা অত্যন্ত দুঃখের। ঠিক কথায় বলছিলেন মাননীয় সদস্য সমীর কুমার জানা এবং আমাদের হাউজিং স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান শীতলবাবু। সত্যি এখন দেখা যাচ্ছে ১৫ জন, আমার মনে হয় ২০১৬ সালে এই সংখ্যাটা সেই জায়গাতেও পৌঁছাবে না। যারা পড়াশোনা করেন না তাদের এই অবস্থাই হবে। স্যার, আমি প্রথমে নিরাপদবাবুকে বলতে চাই, আমি যতখানি জানি উনি দু-বার বা তিনবার মানুষের দ্বারা নির্বাচিত হয়েছেন। মানুষের দ্বারা নির্বাচিত ব্যাপারটা সংসদীয় গণতন্ত্রের কথা। তিনি যখন এই পবিত্র সদনে এসেছেন, তখন এই পবিত্র সদনের মর্যাদা রক্ষা করা আপনার কাজ। আপনার উচিত ছিল একটু ভালো করে মন দিয়ে পড়াশোনা করা, একটু জানা। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করব, যারা ঐদিকে আছেন ওদের যদি একটু অঙ্কের ক্লাস নেন, তাহলে আমার পক্ষে একটু ভালো হত, অন্তত এই ভুল তথ্য এই পবিত্র সদনে তারা পেশ করতে পারবেন না। আমি তো জানতাম আপনাদের পার্টির আগে ক্লাস হত, এখন কি সেগুলোও উঠে গেছে। যদি উঠে না যায়, আজকে গিয়ে আবার পড়বেন। আর যদি শিক্ষকের অভাব থাকে তাহলে আমাকে বলবেন, আমি গিয়ে আপনাদের ভালো করে পড়িয়ে দেব, বুঝিয়ে দেব। উনি বলছেন, আপনি যে তথ্য দিয়েছেন তার সঙ্গে টাকার হিসাব মিলছে না। হিসাব কি করে মিলবে? আমি তো শুনেছি আমার বাবা দু'টাকা বাজারে নিয়ে গেলে ইলিশ মাছশুদ্ধু সব কিছু নিয়ে আসতেন বাজার থেকে। এখন তো বাজার থেকে একটা বড় ইলিশ মাছ আনতে গেলেই পাঁচশো টাকা লেগে যায়। অঙ্কটা জানতে হবে আপনাকে। ২০১৪-১৫ সালের আগে থেকে আমরা ইন্দিরা আবাস যোজনার মডেলটাকে ফলো করে ৭০,০০০ বা ৭৫,০০০ টাকা করে দিচ্ছি। তার আগে সাতটি দপ্তর — যদি কাগজ, পেন থাকে তাহলে ভালো করে লিখে নেবেন — সংখ্যালঘু উন্নয়ন দপ্তর, মৎস্য দপ্তর, বন দপ্তর, সুন্দরবন উন্নয়ন দপ্তর, পশ্চিমাঞ্চল উন্নয়ন দপ্তর, অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরের মাধ্যমে সমতল এলাকায় ১ লক্ষ ৬৬ হাজার টাকা এবং সুন্দরবন এলাকায় ১ লক্ষ ৯৪ হাজার টাকা, আর দার্জিলিং জেলার পাহাড় এলাকায় আমরা ২ লক্ষ ৫১ হাজার টাকা করে দিতাম। জলপাইগুড়ি বনাঞ্চল এলাকায় আমরা তিন লক্ষ টাকা করে দিতাম। কি হিসাবে দিতাম? পঞ্চাশ শতাংশ টাকা প্রথমে দিতাম, তারপরে ইউ.সি. এলে পঞ্চাশ শতাংশ টাকা দিতাম। সেই টাকাটা তো এখানে খরচা হবেই। যেটার ইউ.সি. একবছর পরে আসছে সেটার টাকা তো দিতে হবে। তাহলে আপনার [***]।

...(নয়েজ)...

[***]

...(নয়েজ)...

মিঃ স্পীকার : যে অংশটা বিধায়কের সমালোচনা হল, সেই অংশটা যাবে না। আমি বলে দিয়েছি, ওই অংশটা যাবে না। প্লিজ চুপ করুন।

[5.00 - 5.10 p.m.]

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, এই দপ্তরের একজন মন্ত্রী ছিলেন, যিনি রিভালবিং চেয়ারের মতো ঘোরেন, যার হাতটা রিভালবিং চেয়ারের মতো ঘুরত ...(নয়েজ)... সেই মন্ত্রী, কোনোদিনও, একদিনের জন্যও নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংয়ে যে দপ্তর — সেই দপ্তরে একদিনের জন্যও যাননি। তিনি অনেক বেশি উৎসাহিত ছিলেন হাউসিং বোর্ডে কোথা থেকে লোককে জমি দেওয়া যায়, কোথা পার্টি শক্তিশালী হয়, কোথা থেকে পার্টি লাভবান হয় — সেইদিকে অনেক বেশি তার লক্ষ্য ছিল। ...(নয়েজ)... তিনি কোনোদিনই নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংয়ে যাননি। যদি নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংয়ে মাননীয় মন্ত্রী যেতেন, আজকে ৩৪ বছরে গরিব মানুষের জন্য যে বাড়ি ই.ডব্লু.এস. স্কীমে, ৩৪ বছরের বামফ্রন্ট সরকার তৈরি করেছে মাত্র ৩২ হাজার ৩৪০টি। আর যারা শুধু চিৎকার করছে, আর এই দিকের মানুষের দিকে তাকিয়ে ভাবছে যে আর এই দিকে ফিরে আসা যাবে না, সেই মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার ক্ষমতায় এসে মাত্র চার বছরে ১ লক্ষ ৩৪ হাজার ৮৮৪টি বাড়ি তৈরি করেছে। গরিব মেহনতি খেটে খাওয়া মানুষের কথা কি ওদের মুখে সাজে? যারা খেটে খাওয়া গরিব মানুষের কথা বলতে পারে না, তারা জানে না তারা কিভাবে বলবে গরিব খেটে খাওয়া মানুষের কথা। তারা বুর্জোয়াদের কথা বলে। স্যার, আমি আপনাদের একটা তথ্য দিতে চাই, যারা বড় বড় কথা বলে, গরিব মেহনতি মানুষের কথা বলে, যারা আজকে সর্বহারা থাপ্পড় খেয়ে ওই দিকে বসে আছে তাদের উদ্দেশ্যে বলতে চাই, পূর্বতন সরকার ৩৪ বছরে গরিব মানুষের বাড়ি তৈরির জন্য খরচা করেছিল ১৬৬ কোটি টাকা। আর যারা প্রকৃত গরিব মানুষের কথা বলেন, গরিব মানুষের নয়নের মণি যিনি সেই মমতা বন্দ্যোপাধ্যায় মাত্র চার বছরে ১৬২০ কোটি টাকা গরিব মানুষের বাড়ি তৈরি করার জন্য খরচ করেছেন। স্যার, এরা বড় বড় কথা বলে। এদের মন্ত্রী যিনি কোনোদিন মানুষের দপ্তর কেমন দেখতে যাননি, সেই দপ্তরের মন্ত্রীকে জানাতে চাই আপনাদের মাধ্যমে যে ৩৪ বছরে খরচা করেছিলেন ২২২.২৮ কোটি টাকা, আমাদের সরকার মাত্র চার বছরে খরচা করেছে ১৭৯৭.৭৯ কোটি টাকা। এটা তথ্য, এই বিধানসভায় পেশ করা হচ্ছে। যদি এই তথ্য ভুল প্রমাণ করতে পারেন তাহলে কালকে পদত্যাগ করে এখান থেকে চলে যাব। যারা খরচ করতে জানে না, যারা মানুষের কথা ভাবে না, মানুষের কথা বলে না — তারা বড় বড় কথা বলছে! স্যার, এখানে আছেন তজমুল সাহেব, প্রতিদিন ওনার কাজ হচ্ছে বিধানসভায় প্রশ্ন করা। আমি ওনাকে অভিনন্দন জানাই, এটাই একজন বিধায়কের কাজ। উনি কলকাতায় থাকেন, প্রশ্ন করেন কিন্তু নিজের বিধানসভা কেন্দ্রে যান না, তাই তিনি তথ্যও জানতে পারেন না। এখানে তিনি বলছিলেন, মালদা জেলা নিয়ে — আমি মালদা জেলায় যাব না, আমি ওনার কেন্দ্র হরিশচন্দ্রপুর নিয়েই বলি। হরিশচন্দ্রপুর ১ নম্বর ব্লকে ২০১৩-১৪-তে আমরা বাড়ি দিয়েছিলাম ২৬টা। আমরা দুই নম্বর ব্লকে বাড়ি দিয়েছিলাম ২৭টা, খরচা হয়েছিল ১৩ কোটি ৩৮ লক্ষ ৫০ হাজার ৫০০ টাকা। আবার সেই হরিশচন্দ্রপুর ব্লক ওয়ান—২০১৪-১৫ আমরা বাড়ি স্যাংশান করেছিলাম ৯৮টা। হরিশচন্দ্রপুর-২— আমরা বাড়ি দিয়েছিলাম ১০৫টা। টোটাল খরচা করেছিলাম ২৫ কোটি ১ লক্ষ ৮০ হাজার ৭৫০ টাকা। আমার বক্তব্য হচ্ছে ...(নয়েজ)...

মিঃ স্পীকার : প্লিজ ওনাকে বলতে দিন। আপনা ইন্টারাপ্ট করবেন না। মাননীয় মন্ত্রী আপনি বলে যান।

...(গোলমাল)

স্যার, তজমুল হোসেন সাহেব আমার কাছে এসেছিলেন একটা মানুষের তালিকা তৈরি করে। স্পীকার সাহেবকেও দিয়েছিলেন, স্পীকার সাহেব আমাকে ফরোয়ার্ড করেছেন। নিয়মটা কি স্যার? নিয়মটা হচ্ছে আমরা একটা কোটা জেলাকে দিই, জেলাশাসক থ্রু বি.ডি.ও. এবং এস.ডি.ও..

...(গোলমাল)...

স্যার, জেলাশাসক যে নামের তালিকা পাঠিয়েছেন আমরা সেটাই স্যাংশান করেছি। তজমুল সাহেব ভাবছেন — এটা হচ্ছে পুওরেস্ট অফ দি পুওর, গরীবদের মধ্যে যারা গরীব তাদের তালিকা প্রথম আসে — উনি ভাবছেন এখনও বামফ্রন্ট সরকার আছে, ক্যাডারদের নাম পাঠালেই দিয়ে দিতে হবে। আপনি হাজার বছর চেষ্টা করলেও একটাও দেওয়া হবে না সে যদি প্রকৃত গরীব না হয়। সে যদি প্রকৃত গরীব না হয়, পাওয়ার যোগ্য না হয়, আপনি ৪ বছর কেন এই বছরেই শেষ, আর একটা বছর, এই একটা বছরে ৩৬৫ দিনে তালিকা জমা করেন, হবে না। সেই জন্য আমি বলতে চাই স্যার আমাদের আর একজন...

(এই সময় মাননীয় সদস্য তজমুল হোসেন একটা পেপার দেখাতে থাকেন)

...(গোলমাল)...

একজন বললেন আমাদের কোনো ভগ্নপ্রায় হস্টেল, আমাদের একজন বন্ধু বললেন, বললেন যে ওখানে নাকি একটা ভগ্নপ্রায় হস্টেল আছে। কোথায় হস্টেল ভগ্নপ্রায়? আমাদের হস্টেলটা কোথায় যে ভগ্নপ্রায় থাকবে? জানেনই না, তথ্যরই খবর রাখেন না। পড়াশোনাই করেন না। এখানে এসে চিৎকার করে কিছু বলতে হবে।

...(গোলমাল)...

২০১৬-তে ১২ বাইরে যাবে না, ওপারেতেই থেকে যেতে হবে।

শ্রী সুভাষ নস্কর : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে।

মিঃ স্পীকার : মিঃ নস্কর কোনো স্পীচের মাঝখানে কোনো পয়েন্ট অফ অর্ডার হয় না। প্লিজ টেক ইয়োর সিট। পয়েন্ট অফ অর্ডার হবে না।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, আমি বলতে চাই যারা মানুষের জন্য কাজ করতে পারল না, যারা মানুষের কথা বললো না, তার আগে আমি বলে নিই যে আমাদের আর একজন মাননীয় বিধায়ক হরকা বাহাদুর ছেত্রী, আপনি একটা প্রস্তাব দিয়েছিলেন পথসাথীর ব্যাপারে। আপনি শুনলে খুশী হবেন যে ফুলবাড়ি এবং মাটিগাড়াতে আমাদের মডেলের কাজ অলরেডি শুরু হয়ে গেছে। এ ছাড়াও আপনি আরো তিনটি প্রস্তাব দিয়েছেন, নিশ্চয়ই আমরা বিবেচনা করবো। কিন্তু আপনাকে একটা জিনিস জানাতে চাই মালদা জেলায়, আপনি বলছিলেন, মালদা জেলাতে আমরা গতবার প্রায় ১ হাজার ইউনিট দিয়েছিলাম। এই বছর আপনি আরো খুশী হবেন আপনার দার্জিলিং জেলার জন্য দেড় হাজার ইউনিট আমরা স্যাংশান করেছি।

মিঃ স্পীকার : এই ডিমান্ডের সময় শেষ হয়ে যাচ্ছে, হাউসের অনুমতি নিয়ে ১০ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী অরূপ বিশ্বাস : কি বলবো স্যার, অনেক কিছু বলার ছিল, আমি শুধু বলি স্যার, আমরা এই সরকারে আসার পর, এরা ভাবতে পারেনি যে কাজগুলো করা যায়। আমি একটু ওদের বলি স্যার, এখানে বলছিলেন বাড়িগুলো ভাঙা। এরা জানেনই না যে আমাদের সরকার, এখানে যারা গভর্নমেন্ট রেন্টাল হাউজিং-এ থাকেন গভর্নমেন্ট এমপ্লয়ীরা, ৩৭টি প্রেমিসেস হয়েছে, ৩৭টি বিল্ডিং, ওরা ওখানে যায় না, এই ৩৭টিকে আমরা কত সুন্দর করেছি। ফিরহাদ হাকিম সাহেব বলছিলেন যে একটা বাস দেবেন, আমার মনে হয় আমিও একটা পাশে বাস দেব স্যার, যদি ওদের একটু দেখিয়ে দেন। আর আগে আমি স্বাস্থ্যমন্ত্রীকেও বলবো যদি একটু চোখের পরীক্ষা করে চশমাগুলো লাগিয়ে দেন। কারণ ওরা ভালো জিনিসগুলো দেখতে পায় না। ৩৪ বছরে পচা-গলা দেখে ওদের চোখের এমন অভ্যাস হয়েছে সুন্দর জিনিস দেখতে পায় না, ওরা সুন্দরের পূজা করতে চায় না। তাই শুধু নীল-সাদা নীল-সাদায় ঘোরে। এই নীল সাদার মধ্যে যে সৌন্দর্য আছে সেটা বুঝতে আরো ৩৪০ বছর লাগবে। ততদিন আর বামপন্থা থাকবে না, মার্কসবাদ থাকবে না, শেষ হয়ে যাবে। আজকে তো তাই অবস্থা। আজকে কোথায়? আজকে তাদের সম্বন্ধে কি বলবো স্যার, কিছুই বলবো না, শুধু বলবো যে পদক্ষেপগুলো নিয়েছি। এই যে ওয়ার্কিং ওম্যান হস্টেল।

[5.10 - 5.21 p.m.]

...(গোলমাল)...

আপনি মহিলা আপনি ভালো করে শুনুন। দিদিভাই আপনি শুনুন কাজে লাগবে আপনার। এটাই তো লাস্ট। শেষ বছরে ভালো করে শুনতে হয়, দেখতে হয়, বুঝতে হয়। এটাই তো জীবনের শেষ। আর তো ফিরে আসা যাবে না। সে যখন যাবে না তখন ভালো করে শুনুন। স্যার, বামফ্রন্টের ৩৪ বছরে ওয়ার্কিং ওম্যান হস্টেল হয়েছিল কোথায়? একটা সাহাপুরে, একটা সল্টলেকে, একটা গড়িয়াহাটে। আমাদের সরকারের চার বছর। কোথায় হল? একটা 'অনন্যা' নামে দুর্গাপুরে—৪০ শয্যাবিশিষ্ট, একটা 'স্বয়ংসিদ্ধা' সল্টলেকে—৪৪ শয্যাবিশিষ্ট। কাজ চলছে, উদ্বোধন হবে কয়েকদিনের মধ্যে, কোথায়? ইব্রাহিম রোড, যাদবপুরে—৬৭ শয্যাবিশিষ্ট। কাজ শুরু হতে চলেছে কোথায়? সাহাপুরে—১৫০ শয্যাবিশিষ্ট, বনমালী নস্কর রোড—৬১টি শয্যাবিশিষ্ট, এইচ.কে.শেঠ রোড-৭৬টি শয্যাবিশিষ্ট, বেচারাম চ্যাটার্জী রোড—৩৪টি শয্যাবিশিষ্ট, এস.এন.রায় রোড—১২৩টি শয্যাবিশিষ্ট, মালবাজারে—৬১টি শয্যাবিশিষ্ট। ওয়ার্কিং ওমান হস্টেল, মহিলারা থাকেন, যারা কাজ করেন, কলকাতায় বা আশপাশে শহরাঞ্চলে, শহরতলিতে যান, তাদের থাকার জন্য। ৩৪ বছরে কত? ৩টি। চার বছরে ইতিমধ্যে কত? উদ্বোধন হয়েছে ৩টি। হচ্ছে কত? আরও ৯। চিৎকার করুন। এক বছরের জন্য, চিৎকার করুন। স্যার, অনেকেই বলেন, এটা আমার কথা নয়, এটা আমায় quote করবেন না। অনেকেই বলেন যে বামপন্থীদের একটু দেরিতে বুদ্ধি হয়। আমরা ছোটবেলা থেকে ছাত্র রাজনীতি করেছি, এটা বড়রা আমাদের বলতেন। এটা আমরা শুনেছি। কিন্তু স্যার, দেখুন

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমি জানি, এরা অনেকেই আছেন, তাদের বিধানসভা থেকে আসেন গাড়ি করে। এখন তো বামপন্থী আর সর্বহারা নন। তাদের সবারই গাড়ি, বাড়ি আছে। পথ দিয়ে গাড়ি করে যখন আসেন, বিশেষ করে মহিলারা, তাদের রাস্তায় কোনোরকম বিশ্রামের জন্য, কোনো শৌচাগার কোনোদিনও ৩৪ বছরে বামফ্রন্ট সরকার ভাবেনি। কে ভাবলেন? মমতা বন্দ্যোপাধ্যায়। নাম কি দিলেন? 'পথসাথী'। বাংলায় কটা তৈরি হচ্ছে? বাংলায় তৈরি হচ্ছে ৩০খানা এবং শুনলে চিৎকার স্তব্ধ হয়ে যাবে, ইতিমধ্যেই ১২+৬=১৮টা তৈরি হয়ে গেছে। আগামী সপ্তাহগুলোর মধ্যে এগুলো উদ্বোধন হবে। বাকী থাকল ১২টা। সেটা ৩১শে মে'র মধ্যে কাজ শেষ হবে। একটুখানি তো চিন্তা-ভাবনা করতে হয়? বুদ্ধি তো একটু অর্জন করতে হয়? আমি তা বলছি, আপনাদের নেতাদের এখন অনেক অবসরের সময়। পার্টিরও কাজ নেই, সরকারেরও কাজ নেই। মমতা বন্দ্যোপাধ্যায়কে অনুরোধ করুন দু'ঘণ্টা করে কাজ দেবে আপনাদের। যদি কিছু শিখতে পারেন, আগামী দিনে আপনাদের একটু কাজ হবে। স্যার, night shelter — আমাদের স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান এবং সমীর জানা মহাশয় খুব চিৎকার করে বলছিলেন, সত্যিই আমরা মানুষের কথা ভাবি। একটা রোগী যখন ভর্তি হয়, একে তার পরিজনের টেনশন, দু'নম্বর তার থাকার ব্যবস্থা। এটা কোনোদিনই ওই সরকার ৩৪ বছরে ভাবেনি। আমার দপ্তরের মানুষেরা মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে ইতিমধ্যেই আমরা এন.আর.এস. মেডিকেল কলেজে ৮০ শয্যাবিশিষ্ট সেই নাইট shelter তৈরি করেছি। ডায়মন্ডহারবারে, ৯০ শয্যাবিশিষ্ট কাজ শেষের মুখে। আরও কাজ চলছে কোথায়? মেডিকেল কলেজ এবং বারুইপুর মহকুমা হাসপাতাল। কোথায় হচ্ছে এই কাজগুলো? চোখে দেখা যায় না? যারা কোনোদিনও মানুষের কথা ভাবল না, তারা আজকে মানুষের কথা বলবে? শুধুমাত্র হাউজিং বোর্ড, শুধুমাত্র জে.ভি.সি., জয়েন্ট ভেনচার কোম্পানী, শুধুমাত্র কিছু মানুষকে আজকে জমি পাইয়ে দিতে হবে, যার জন্য একটা বহুজাতিক সংস্থাকে দিয়ে অডিট করিয়ে এতদিন পর আমাদের কাজ শুরু করতে হচ্ছে। একটা মন্ত্রী—দায়িত্ব নিয়ে একজন মন্ত্রী হিসাবে এই হাউসের মধ্যে বলছি, একজন মন্ত্রী যে কোনোদিনও হাউজিং দপ্তরে গেলেন না নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংয়ে, ভাবা যায়? একটা দপ্তর, সেই দপ্তরে কোনোদিনও একজন প্রাক্তন মন্ত্রী, হাউজিং মন্ত্রী কোনোদিনও নিউ সেক্রেটারিয়েট বিল্ডিংয়ে যাননি। তিনি দেখেননি তার অফিসটা কি রকম। তিনি জানেন না তার স্টাফরা কোথায় বসে। তিনি জানেন না স্টাফেরা কি কাজ করে। একদিনের জন্যও তিনি যাননি। এটা অন রেকর্ড, এই হাউসের মধ্যে বলছি। এরা আবার মানুষের কাজ করবে? এরা আজকে বড় বড় কথা বলে? শুধু তাকে কোথায় জমি পাইয়ে দিতে হবে, কোথায় বড় বড় বাড়ি তৈরি করতে হবে, এরা গরীব মানুষের কথা বলেনি। গরীব মানুষ, মেহনতি মানুষ, সর্বহারা মানুষ, স্লোগান ভুলে যান। গরীব, মেহনতি, খেটে খাওয়া মানুষের যদি কোনো নেত্রী হন, তার নাম মমতা বন্দ্যোপাধ্যায়। তাই তিনি আজকে গরীব মানুষের জন্য এই কাজ করছেন। তাই আমি শেষে বলব স্যার, আজকে যে হাউজিং দপ্তরের কাজ করেছি, আজকে একটা তথ্য দিতে চাই স্যার। বড় বড় কথা বলে এখানে, চিৎকার করে। স্যার, ২০০৯-১০ ই.ডব্লু.এস প্রকল্পে বাজেট ছিল ৫০০ কোটি টাকা, খরচা করেছে ৫৩.৪৬ কোটি টাকা। মাত্র ১১ শতাংশ। ২০১০-১১ সাল বাজেট ছিল ৫০০ কোটি টাকা, খরচা করেছে ১১৩.২৫ কোটি টাকা।

শতাংশের হিসাবে মাত্র ২৩ পার্সেন্ট। ২০১১-১২-তে বাজেট ছিল ৪৮০ কোটি টাকা, ই.ডব্লু.এস প্রকল্পে খরচ করেছে ১১২.৫৮ কোটি টাকা। শতাংশের হিসাবে ২৩। ২০১২-১৩ ভালো করে মনে রাখুন, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার, বাজেট ৫২৯.১৮ কোটি টাকা, খরচা হল ৩৭৭.১৫ কোটি টাকা। শতাংশের হিসাবে ৭১ শতাংশ। ২০১৩-১৪ বাজেট ৫১৬ কোটি টাকা। খরচা হল তারচেয়ে বেশি ৫৩২.৫৯ ক্রোড়। শতাংশের হিসাবে ১০৩ শতাংশ। ১০৩ শতাংশ। আর এই বছরে — যেখানে চিৎকার করছেন, সেখানে বাজেট হচ্ছে ৬০০ কোটি। খরচা হয়েছে ৫৯৮ কোটি। শতাংশের হিসাবে ১০০ শতাংশ টাকা খরচা হয়েছে। তার কারণ, অঙ্ক শিখতে হবে। ...(নয়েজ)... আমার মনে হয়, স্যার, আমার মনে হয়, মাননীয় মন্ত্রীদের যদি ব্যবস্থা করেন, যদি বিরোধী দলের সদস্যদের সঙ্গে বসা যায়, তাদের কিছু শেখানো যায়। এই স্কিমটা হচ্ছে সত্তর হাজার সমতলের জন্য এবং পাহাড়ের জন্য পঁচাত্তর হাজার। এই পুরো টাকাটা ডি.এম.-কে দিয়ে দেওয়া হয়। ডি.এম সত্তর শতাংশ beneficiary-কে দেন। UC পাওয়ার পর আরও ত্রিশ শতাংশ দেন। টাকা তো রিলিজ হয়, ডি.এম-এর কাছে পড়ে আছে, ডি.এম টাকা দেন। সরাসরি ব্যাঙ্কে যায়। আমি চিৎকারটা বুঝতে পেরেছি। ও! সরি, সরি আমি বুঝতে পেরেছি। এই টাকাটা হাতে দেওয়া যাবে না। এই টাকাটা ব্যাঙ্কে যায় এবং ব্যাঙ্কেই যাবে। তাই এই চিৎকার। আমি এতক্ষণ পরে বুঝতে পেরেছি। এ জিনিস চলবে না। তাই যারা চৌত্রিশ বছর কোনো কাজ করতে পারেনি। মানুষ দুই থাপ্পড় মেরে ওখানে বসিয়েছে। আর আমার ভবিষ্যদ্‌বাণী, ২০১৬ সালে ওরা ফিরে আসবে না। তাদের এক বছরের জন্য অবাধে চিৎকার করতে দিন। বুঝে না বুঝে চিৎকার করতে দিন। না জেনে, না শিখে চিৎকার করতে দিন। কিন্তু তাদের একটা শেখাবার সুযোগ যদি আপনি মাননীয় অধ্যক্ষ মহাশয় করে দেন, আমি খুশি হব। আমি এই বলে, এই বাজেট পাশ করানোর জন্য সবার কাছে আবেদন করে আমার বক্তব্য শেষ করছি। ...(নয়েজ)...

Mr. Speaker : Now I put to vote all the cut motions moved. ...(নয়েজ)...

Shri Subhash Naskar : Sir, on a point of order. ...(নয়েজ)...

Mr. Speaker : Please, no point of order. No, no, no point of order, no point of order. ...(নয়েজ)...

শ্রী সুভাষ নস্কর : প্রথম কথা হল, নিরাপদ সর্দার আজকে হাউজিং বাজেটে প্রথম বক্তা। ট্রাইবাল মেম্বার। সন্দেশখালি থেকে এই প্রথমবার জিতে এসেছে। নিরাপদ সর্দার অঙ্কের কয়েকটি বিষয় নিয়ে যোগের ব্যাপারটা বলেছেন। আর উনার বক্তব্যটা আপনি নিজে সবটা শুনেছেন। স্যার, শেষ করি। সবটা শুনেছেন। কতবার নিরাপদ সর্দারের লেখাপড়া জানা, শিক্ষাগত যোগ্যতা নিয়ে কটূক্তি করেছেন। একজন মন্ত্রীর বক্তব্যের মধ্যে বিন্দুমাত্র সৌজন্যতা, একজন ট্রাইবাল মেম্বারের প্রতি কি ধরনের বিষক্রিয়া হয়েছে। ...(নয়েজ)... আপনি এগুলি বাতিল করুন স্যার।

মিঃ স্পীকার : আমি তো বলে দিয়েছি অলরেডি। আপনি দেরিতে এসেছেন, আপনি শোনেননি। ওই পোর্সনটা নেওয়া যাবে না। আমি তো বলেই দিয়েছি। ঠিক আছে।

Now I put to vote all the cut motions (Nos. 3 & 4) moved by Shri Gouranga Chatterjee. As many as are of that opinion will please say Aye– and as many as are of the contrary opinion will please say, No.– Noes have it. Noes have it.

The cut motions are lost.

...(প্রচণ্ড গোলমাল)...

...(At this stage, all the Hon'ble Members of the Left Front Parties walked out of the House)...

Mr. Speaker : Now the question before the House is the motion of Dr. Amit Mitra that a sum of Rs. 890,45,77,000 be granted for expenditure under Demand No. 28, Major Heads: "2216-Housing, 2251-Secretariat-Social Services, 2852-Industries, 4210-Capital Outlay on Medical and Public Health, 4216-Capital Outlay on Housing and 5452-Capital Outlay on Tourism" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 296,81,94,000 already voted on account.)

As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion will please say No.

Ayes have it, ayes have it.

Demand No. 28 is passed. Demand No. 28 is passed.

Adjournment

The House was then adjourned at 5-21 p.m. till 11.00 a.m. on Thursday, the 4th June, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 4th June, 2015 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 25 Ministers, 6 Ministers of State, 14 Parliamentary Secretaries and 169 Members.

[11.00 - 11.10 a.m.]

মিঃ স্পীকার : যারা এখানে সাংবাদিকরা বসে রয়েছেন গতকাল আপনাদের মধ্যে একজন ওখানে ঘুমোচ্ছিলেন। আমি লক্ষ্য করেছিলাম। মাননীয় অধ্যক্ষ যখন বিধানসভায় ঢোকেন সবাই উঠে দাঁড়ান কিন্তু আপনারা কেউ উঠে দাঁড়ান না। এটা আমাকে নয়, এই চেয়ারের প্রতি একটা সৌজন্যবোধ আপনাদের থাকা উচিত। এটা অত্যন্ত অপ্রত্যাশিত। এটা গতকালও আমি লক্ষ করেছি, কয়েকদিন ধরেই লক্ষ্য করছি। আজকে আমি সেইজন্য কোনো সাংবাদিককে অ্যালাও করব না। আপনাদের সবাইকে বাইরে যেতে বলছি। I will not allow anybody. আজকের জন্য আপনাদের কাউকে অ্যালাও করব না।

...(গোলমাল)...

(এই সময় বামফ্রন্ট পক্ষের মাননীয় সদস্যগণ উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)

...(গোলমাল)...

মিঃ স্পীকার : না, প্রবোধবাবু এটা আমাকে বলতেই হচ্ছে। ...(গোলমাল)... আপনারা বলছেন ঠিক আছে, সাংবাদিকরা থাকুন এটা আমরাও চাই। কিন্তু বিধানসভার চেয়ারকে মর্য্যাদা দেওয়া তো সাংবাদিকদেরও কর্তব্য। কিন্তু আমি কয়েকদিন ধরেই লক্ষ্য করছি। ...(গোলমাল)... আমি আপনাদের বলছি হেন্স এটা একটু লক্ষ্য রাখবেন। আজকের মতো আমি এটাকে অ্যালাও করলাম। ঠিক আছে।

Starred Questions
(to which oral answers were given)

আমের ফলন

*১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) **শ্রী বিশ্বনাথ কারক** : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যানপালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ২০১৩-২০১৪ অর্থবর্ষে আমের ফলন কত ছিল?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :

রাজ্যে ২০১৩-১৪ অর্থবর্ষে আমের অনুমিত ফলন ছিল আনুমানিক ৪ লক্ষ ৩০ হাজার ৭১০ মেট্রিক টন।

শ্রী বিশ্বনাথ কারক : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন ২০১৩-১৪-র কথা আপনি বললেন। কিন্তু ২০১৪-১৫-তে আমের ফলন কত হবে বলে আপনার মনে হয়?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : এবারও আমের ফলন প্রচুর হয়েছে। This year is on year. একবার অফ ইয়ার হয় একবার অন ইয়ার হয়। লাস্ট ইয়ার আমাদের অফ ইয়ার ছিল। এ বছর অন ইয়ার। এবার রেকর্ড ফলন হয়েছে। ওইভাবে measure করা খুব মুশকিল আছে। কিছুদিন যাক মানে আমের টাইম শেষ হলে তবে measure করা যাবে।

শ্রী বিশ্বনাথ কারক : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হর্টিকালচারে যে সমবায়গুলো আছে, আমাদের রাজ্যে কতগুলো সমবায় আছে এবং তার গঠনপ্রণালী কিরূপ?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, মাননীয় সদস্য কতগুলো সোসাইটি আছে তার কথা বলেছেন। এটা আপনি একটু লিখিত জানাবেন, আমি উত্তর দিয়ে দেব। কয়েকটা সমবায় সমিতি আছে, এটা ডিটেলসে জানতে গেলে আপনি আমাকে লিখিত দিন, আমি জানিয়ে দেব।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই বামফ্রন্ট সরকার থাকার অবস্থাতেই কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা প্রোজেক্ট হয়েছিল। আমাদের রাজ্যের নির্দিষ্ট কয়েকটি এলাকা যেখানে আম হয় বেশি, লিচু হয় বেশি, সেখানে প্রোজেক্ট করার কথা হয়েছিল। মালদাতে আম এবং মুর্শিদাবাদে লিচুর প্রোজেক্টের কথা বলা হয়েছিল। সেটার কি হয়েছে? কেননা এই চাষিরা যারা উৎপাদন করছে — আমের দাম এত কমে গেছে দশ-বারো টাকায় ভালো আম বিক্রি হচ্ছে। আমরা যারা খাচ্ছি তাদের ভালো হচ্ছে কিন্তু চাষিরা বিপদে পড়েছে। এই আমকে রক্ষা করার জন্য এই চার বছরে কি ব্যবস্থা নিয়েছেন আর আগামীতে কি ভাবনা আছে সেটা আমি জানতে চাই?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, প্রথমত আমি একবছর হল দায়িত্ব নিয়েছি। আমরা সেন্ট্রাল ইন্সটিটিউট অফ সাব-ট্রপিকাল হর্টিকালচার, সেটা আমরা মালদহে এস্টাবলিশ করছি। ভারতবর্ষের দুটো জায়গা হয়েছে। একটা লখ্‌নৌ, আর একটা মালদাতে। ফলে শুধু মালদা, মুর্শিদাবাদ উপকৃত হবে না, গোটা ইস্টার্ন রিজিয়নই উপকৃত হবে। এটা রিসার্চ সেন্টার — কি ধরনের আম, এই যে অফ ইয়ার, অন ইয়ার যেটা বলা হচ্ছে, সেটা আর হবে না। দুই হচ্ছে আমের যখন ফলন বেড়ে যায়, আপনারা জানেন যে আমাদের মূল বাজারটা ছিল বাংলাদেশ। বাংলাদেশ আমের ইমপোর্ট ডিউটিটা বাড়িয়ে দিয়েছে। এই বাড়িয়ে দেওয়ার জন্য বাংলাদেশে আম কস্টলি হচ্ছে। তারা নিচ্ছে না। এই ব্যাপারে আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর মাধ্যমে দিল্লিতে চিঠি লিখেছি। কারণ প্রতিবেশী রাষ্ট্র দিল্লি কন্ট্রোল করে দিল্লির সঙ্গে তাদের লিয়াজোঁ চলে, স্টেটের সঙ্গে নয়, সেটা জানিয়েছে। আর একটা বলছি স্যার, সেটা হচ্ছে আমাদের যখন

ফলনটা বেশি হয়ে যাবে তখন আমরা অ্যাসথেটিক pulp packaging, সেটা আমরা করব। এই pulp packaging করলে যে বাই প্রোডাক্ট, এই ফ্রুটি বলুন, মাজা বলুন আরও অনেক, সেগুলো কিন্তু কাজে লাগবে। এই কাজগুলো করছি। এছাড়াও কিছু আমকে ড্রাই প্রসেসে নিয়ে যাওয়া, এই কাজগুলো করার চেষ্টা করছি। আর আম ঠান্ডা ঘরে বেশি দিন থাকে না।

শ্রী আব্দুর রহিম বক্সী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার একটি প্রশ্ন যে, মালদা জেলায় এবার রেকর্ড পরিমাণ আম হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে আমের দাম নেই। হিমসাগর ৮০০-৯০০ টাকা কুইন্টাল। ল্যাংড়া—যেটা ২৫০০ টাকা দিয়ে শুরু হত, সেই আম এখন বাজারে ভাঙার সময় হয়নি। তবু কৃষকরা ভেঙে দিচ্ছে। তার দাম ১৪০০-১৫০০ টাকা বা তারও নীচে। সামনে আবার ফজলি আম আছে। কৃষকরাই বারবার ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেইজন্য আম বিক্রি করার কোনো চিন্তা-ভাবনা কি আপনি করেছেন?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, প্রথমত আপনাকে বলছি আমের একটা বড় মার্কেট বাংলাদেশ ছিল। সেই বাংলাদেশ ইমপোর্টেড ডিউটিটা বাড়িয়ে দেওয়ার জন্য আম যাচ্ছে না। আমরা কলকাতায় দুটো মার্কেট করতে যাচ্ছি। একটা এগ্রি হর্টিকালচার, আলিপুরে, সেখানে একটা আম বাজার হবে। কলকাতায় যেটা বাজির বাজার, সেখানেও আমরা আমের বাজার বানাচ্ছি। শুধু কলকাতা মানে কলকাতার মানুষ নয়, কলকাতায় অনেক মানুষ আছে বিভিন্ন জায়গা থেকে আসে, তারা ওখানে গিয়ে আম কিনতে পারবে। তাছাড়া সফল বলে দিল্লিতে একটা আউটলেট আছে, আমুলের। প্রায় চারশোটা ওদের আউটলেট আছে। ওরা বলছে একদম গ্রিন আম নেবে। এই গ্রিন আমটা — প্রথমে ওরা বলেছে দুই থেকে তিন টন। তারপরে যখন শুরু হবে তখন নয় টন, দশ টন করে পার ডে আম নেবে। সেটা আমরা রেলওয়ের সঙ্গে কথা বলেছি। রেলওয়ে স্টেশনে সে শিয়ালদহ হোক, হাওড়া হোক, মালদা হোক, যে কোনো জায়গায়। এটা আমরা চেষ্টা করছি ওদের সঙ্গে কথা বলে কি আম, তার দাম কত, কত কিলো আছে, আর স্যার আপনি দেখবেন যে আপেল গুলো বিভিন্ন জায়গা থেকে আসে, স্টিকার লাগিয়ে দেয়। অন্যান্য ফলগুলো আসে, দেখবেন তার প্যাকেজিংয়ের মধ্যে বারকোড লেখা থাকে, contents গুলো লেখা থাকে। আমরাও এটা চেষ্টা করছি, এইভাবে যদি করি মানুষ ভালো আম পাবে, সঠিক দাম পাবে, গিয়ে কিনবে এবং নিয়ে যেতে পারবে।

শ্রী ইনসার আলি বিশ্বাস : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — উনি বললেন রাজ্যে ২০১৩-১৪ অর্থবর্ষে ৪ লক্ষ ৩০ হাজার ৭১০ মেট্রিক টন আম উৎপাদন হয়েছে। এর মধ্যে কত মেট্রিক টন বিদেশে রপ্তানি করা হয়েছে? রপ্তানি করা হয়ে থাকলে কত পরিমাণ আমরা বিদেশী মুদ্রা পেয়েছি?

[11.10 - 11.20 a.m.]

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার আমার মনে হয় এটা যদি মাননীয় বিধায়ক একটু লিখিতভাবে জানান তবে আমি সঠিক তথ্য জানিয়ে দিতে পারব।

শ্রী বিরাম মান্ডি : ধন্যবাদ স্যার, আমাদের রাজ্যে আম তো ভালই আছে। স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন সারাদেশে আলফানসো আমের একটা ভাল কদর আছে, বাজার আছে। আমাদের রাজ্যে কোথায় চাষ হয় একটু বলবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার আলফানসো এবং তোতাপুরী — এটা বেশিরভাগ ওই বম্বে বা ওইদিকের siteগুলিতে হয়। দুটোকে মিক্সড করে pulp তৈরি হয়। এই pulpগুলি বিদেশে যায়। আমরা বাঁকুড়াতে আলফানসো আম চাষ করেছি গতবছর থেকে, আমরা এটার মার্কেটিং করছি। বাঁকুড়ার মতো ড্রাই এলাকায় আম্রপালি গতবার ৯ টন আমরা দিল্লিতে পাঠিয়েছিলাম। আমরা এটা চেষ্টা করছি যে আলফানসো বা তোতাপুরীর মতন আম — স্যার আমাদের variety যদি ধরা যায় তাহলে ১০০ উপর varieties আছে। যেটা আনিসুর সাহেব বললেন — মুর্শিদাবাদ হচ্ছে আমের varieties-এর জন্য বিখ্যাত আর মালদায় আমের quantity-টা বেশি।

শ্রী অজয় দে : ধন্যবাদ স্পীকার মহোদয়, আমার অতিরিক্ত প্রশ্ন এইবার আমের ফলন খুবই ভালো হয়েছে। গতবছর আপনারা একটা আম উৎসব করেছিলেন দিল্লিতে। এইবার কি কোনো আম উৎসবের পরিকল্পনা আছে বা অন্য জায়গায়?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : দিল্লি হাটে আমরা একটা আম উৎসব করেছিলাম এক মাস ধরে। সেখানে এইবার আমরা চিঠি দিয়েছি Resident Commissioner দিল্লিতে যিনি আছেন, তিনি এটা look after করছেন। তিনি যেভাবে তাদের সঙ্গে কথা বলে আমাদের জানাবে আমরা সেইভাবে তৈরি হয়ে যাব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার এখানে কোনো প্রশ্ন করার ছিল না কিন্তু আম নিয়ে দীর্ঘ সময় আলোচনা হলে আমাদের রসনা তৃপ্তি করছে স্যার ক্রমাগত। সেটাকে meet করতে পারবে কিনা—এই মুহূর্তে মন্ত্রিমহাশয় সেটা meet করতে পারবেন না। আমি জিজ্ঞাসা করছিলাম যেরকম আলু abnormal উৎপাদন হয়েছে ফলে আলু চাষীরা দাম পাচ্ছে না। আপনার কোনো প্রস্তুতি আছে কিনা? সমস্ত দিক দিয়ে চাষের উৎপাদন বাড়ছে। আমের যদি ব্যাপক উৎপাদন হয় সেই দামটা পড়ে যাচ্ছে। চাষি তার জন্য যা করার করছে কিন্তু উৎপাদন করার যে খরচ সেটা ওঠাতে পারছেন না। ফলে আর একদিকে বিপদের আশঙ্কা — সেক্ষেত্রে সরকারি কোনো প্রস্তুতি থাকছে কি না যে বেশি উৎপাদন হলে সেই উৎপাদকদের ক্ষেত্রে কিভাবে হেল্প করতে পারবে।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার আমাদের মুখ্য সচেতক শ্রীশোভনবাবু তিনি খুব যুক্তিযুক্ত ভাবে প্রশ্নটা করেছেন। আমের বাজারটাকে যদি কন্ট্রোল করতে হয় তাহলে আমাদের বিদেশে আম পাঠাতে হবে বা অন্য রাজ্যে। বিদেশে আম গেলে পরে ওরা কেমিকাল টেস্ট করে। আমরা আমে যে স্প্রে করি বা সার দিই কেমিকাল যদি ওরা পেয়ে যায় তাহলে রিজেক্ট করবে। গতবছর আলফানসো আমের কেমিকাল ফল্ট বেরিয়েছিল। ওরা রিজেক্ট করে দিয়েছিল। তাই আলফানসো আম কলকাতার মানুষেরা খুব অল্প পয়সায় পেয়েছিল। অনেক

ভাবে অনেক দেশ Gama Radiation দেখতে চায়। যাদবপুর ইউনিভার্সিটির সঙ্গে আমাদের কথা চলছে — Gama Radiation করে কিভাবে করা যায়। আমাদের যেটা উদ্দেশ্য হচ্ছে, আমের ফলন যদি বেড়ে যায় বা ন্যাচারাল ক্যালামিটিতে আম পড়ে যায় — অন্য জায়গায় আম পড়ে গেলে তা বাগান মালিকের থাকে। আম তিন-চার হাত হয়ে যায়। আমি মালদার কথা বলছি স্যার, যে আম পড়ে গেলে সেটা বাইরের লোক উঠিয়ে নিয়ে চলে যায়, কেউ কিছু বলতে পারে না। আমরা যেটা চাইছি, কাঁচা আমও যদি পড়ে যায়, সেই আমটাকে নিয়ে আমের পাল্প তৈরি করা। যেটা আপনারা বা অন্য কিছু — যেটা গরমের সময় খাচ্ছেন। পাকা আম যদি হয়, তখন আমরা পাল্পের উপর জোর দিচ্ছি। পাল্প যদি হয়ে যায় — পাল্পের অ্যাড আপনারা সারা বছর টিভিতে দেখছেন। তাই আমরা এটুকু বলতে পারি যে যদি আমরা পাল্পের উপরে জোর দিই, তাহলে যেকোনো ফলের পাল্প আমরা কিন্তু মার্কেট লেভেলে আনতে পারব।

মিঃ স্পীকার : *প্রশ্ন নম্বর ১৬৮। আমি এই সংক্রান্ত ব্যাপারে বলছি যে, মাননীয় মন্ত্রী চন্দ্রনাথ সিনহার মৎস্য দপ্তরের উপরে মোট ৬টা প্রশ্ন আছে। সেগুলো পরপর নিয়ে নিচ্ছি। আমি প্রত্যেক প্রশ্নকর্তাকে প্রথমে একটা করে সাপ্লিমেন্টারী করার অনুরোধ করব। তারপরে আপনারা সবাই সাপ্লিমেন্টারী করবেন। যেহেতু সব একই ধরনের প্রশ্ন।

মৎস্যজীবীদের আর্থিক সহায়তা প্রদান

*১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) **শ্রী সমীর কুমার জানা :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত মোট কতজন মৎস্যজীবীকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

২০১৫ সালের ৩১শে মার্চ পর্যন্ত মোট ৫৫৪৪১ জন মৎস্যজীবীকে এবং ৫৭টি মৎস্যজীবী সমবায় সমিতিকে আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

শ্রী সমীরকুমার জানা : আমার অতিরিক্ত প্রশ্ন, সমবায় সমিতিগুলোর উন্নয়ন নিয়ে সরকার কি ভাবছেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করছি। এন.সি.ডি.সি. নামক যে কেন্দ্রীয় সংস্থা আছে, তার সাথে বেনফিসকে নিয়ে আমরা একটা স্কিম করার চেষ্টা করছি যাতে সোসাইটিগুলোকে ট্রেনিং দিয়ে উন্নত করা যায় এবং একজন টেকনিকাল পার্সন নিযুক্ত করা এবং তাদের মাইনেও এই স্কিমের মধ্যে ধরা হচ্ছে এবং ৫ বছরের স্কিম — তার মধ্যে সোসাইটিগুলোকে লাভজনক হতে হবে, তারপর সোসাইটি নিজের খরচে এই টেকনিকাল পার্সন রেখে তারা কাজ করবে। এগুলো আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে চেষ্টা করছি। আমরা আশা করি এইভাবে সোসাইটিগুলো যদি সাকসেস হয়, তাহলে

সোসাইটিগুলোকে আমরা আধুনিক পর্যায়ে নিয়ে আসতে পারব। তা না হলে এই অতীত দিনে যে সোসাইটিগুলো যেভাবে ভুয়ো সোসাইটি হিসাবে নথিভুক্ত করত নাম সেগুলোও বাদ যাবে এবং সত্যিকারের সোসাইটির মাধ্যমে মানুষ সমবায়ের মাধ্যমে কিছু করে খেতে পারবে।

মৎস্যজীবীদের জন্য বিশেষ পরিকল্পনা

*১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী নিরাপদ সর্দার :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীতে যারা মীন-বাগদা ধরে তাদের জন্য বিশেষ কোনো পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, তা কীরূপ?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) হ্যাঁ আছে।

(খ) গৃহীত পকিল্পনাগুলি হল— ১. সচেতনতা শিবির। ২. বিকল্প জীবকা নির্বাহের জন্য (ক) কাঁকড়া চাষ। (খ) ব্যাক ইয়ার্ড পুকুরে শিঙি-মাগুর মাছের চাষ। (গ) পার্শে, ভাঙড়, ভেটকি ইত্যাদি মাছের চারা তৈরি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, যে সমস্ত মহিলারা নদীতে মাছ ধরেন, তাদেরকে প্রায় কোমরসমান জলে নেমে জাল টেনে মাছ ধরতে হয়। দীর্ঘদিন ধরে এই নোনা জলে মাছ ধরতে গিয়ে তারা বিভিন্নরকম অসুখে অসুস্থ হয়ে পড়ছে। তাতে লক্ষ করা গেছে মহিলারা লিউকোরিয়া রোগে আক্রান্ত হচ্ছে। এই জায়গায় দাঁড়িয়ে আমার প্রশ্ন আপনার কাছে যে, এই মৎস্যজীবী মহিলাদের জন্য স্বাস্থ্যবীমা বা জীবনবিমার কোনো পরিকল্পনা আপনি গ্রহণ করছেন কিনা বা ভাবনা আছে কিনা।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনার প্রশ্নের উত্তরে জানাই যে, আমরা শ্রম দপ্তরের সঙ্গে যোগাযোগ করে স্বাস্থ্যবিমা শুরু করেছি যাতে ৩০ টাকা দিয়ে তারা স্বাস্থ্যবিমার সুযোগ পায়। জীবনবিমা আছে, মৃত্যুর পর সেটা পাওয়া যায়। মানুষকে যখন বাঘে বা কুমিরে টেনে নিয়ে যায়, সেগুলো নিয়ে আমরা চিন্তা ভাবনা করছি বডি না পেলে কি করা হবে।

[11.20 - 11.30 a.m.]

মাছ চাষের জলাশয় ও মাছ উৎপাদন

*১৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩০) **শ্রী তজমুল হোসেন :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে কত পরিমাণ জলাশয়ে মাছ চাষ হয়ে থাকে; এবং

(খ) উক্ত জলাশয়ে মাছ উৎপাদনের পরিমাণ কত?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) বর্তমানে রাজ্যে ৩০৭২৭৬.৮৩ হেক্টর জলাশয়ে মাছ চাষ হয়ে থাকে। (খ) উক্ত জলাশয়ে ২০১৪-১৫ অর্থবর্ষে আনুমানিক ১৩.৪৯৯ লক্ষ টন মাছ উৎপাদিত হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আপনি জানেন আপনার দপ্তরের অধীন এস.এফ.ডি.সি.-র বিভিন্ন জলাশয়গুলি বহু পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদগুলি কেড়ে নিয়েছে, এটা কি সঠিক ঘটনা? আর একটা প্রশ্ন মিঠা জলে মাছচাষের পরিমাণ কত?

শ্রী চন্দ্রনাথ সিনহা : আপনি প্রথম যেটা বললেন তার উত্তর হচ্ছে, যে জলাগুলো আমাদের দপ্তরের নামে আছে, রেকর্ড আছে সেগুলোর ক্ষেত্রে কোনো অসুবিধা নেই। কিছু কিছু জেলাপরিষদ বা পঞ্চায়েত সমিতি এলাকায় যেহেতু আমরা দীর্ঘদিন মাছাচাষ করে আসছি এস.এফ.ডি.সি-র মাধ্যমে কিন্তু রেকর্ডভুক্ত না থাকার কারণে কিছু সমস্যা দেখা দিচ্ছে। সেগুলো আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে মিটিংয়ে আনছি। মুশকিলটা হচ্ছে দীর্ঘদিন আপনারাই এগুলো চালিয়ে এসেছেন, এই রেকর্ডগুলো না করার কারণে আজকে জটিলতাগুলো সৃষ্টি হচ্ছে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যের দুই নম্বর প্রশ্ন মিঠা জলে যে মাছচাষ হচ্ছে তার পরিমাণ কত এই তথ্য আপনার কাছে আছে? এটা উনি জানতে চেয়েছেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : আমাদের মিঠা জলের পরিমাণ হচ্ছে প্রায় আনুমানিক ৬ লক্ষ হেক্টর।

নিখোঁজ মৎস্যজীবী

*১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭১) **শ্রী বনমালী হাজরা :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে এপ্রিল, ২০১৫ তারিখ পর্যন্ত দুর্ঘটনায় কতজন মৎস্যজীবী নিখোঁজ হয়েছেন?

(খ) এঁদের পরিবারবর্গকে সরকার কোনো ক্ষতিপূরণ বা আর্থিক সাহায্য দিয়েছে কি; এবং

(গ) দিয়ে থাকলে, তার পরিমাণ কত?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই—

(ক) ২০১২ সাল থেকে ৩০শে এপ্রিল ২০১৫ সময় পর্যন্ত দুর্ঘটনায় দক্ষিণ ২৪-পরগনা জেলায় ৬ জন ও পূর্ব মেদিনীপুর জেলায় ৫ জন-সহ মোট ১১ জন মৎস্যজীবী নিখোঁজ হয়েছেন।

(খ) ইতিমধ্যে সরকারের তরফে নিখোঁজ মৎস্যজীবীর পরিবারবর্গকে কোনো ক্ষতিপূরণ বা আর্থিক সাহায্য দেওয়া হয়নি।

(গ) প্রযোজ্য নয়।

শ্রী বনমালি হাজরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এই যে দুর্ঘটনা ঘটে যাচ্ছে-এর থেকে অব্যাহতি পাওয়ার জন্য মন্ত্রীমহোদয় এবং আমাদের সরকারের কোনো চিন্তাভাবনা আছে কি, যদি থাকে তা জানালে বাধিত হব।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই দুর্ঘটনা ঘটতেই পারে। দুর্ঘটনা আটকানোর ক্ষমতা আমাদের নেই। কিন্তু আমরা চেষ্টা করি যারা সমুদ্রে মাছ ধরতে যায় তাদের দুর্ঘটনা কিছুটা নিবারণ করা। তার জন্য নদীতে যে ট্রলারগুলো মাছ ধরতে যায় তাদের 'ড্যাট' আমরা দিচ্ছি। যাদের আগে দেওয়া হয়েছে তাদের ব্যাটারি শেষ হয়ে গেলে সেই ব্যাটারিগুলো আমরা পালটে দিচ্ছি। কিন্তু মুশকিল হচ্ছে যারা ট্রলারে মাছ ধরতে যায় তারা সবসময় ট্রলারে 'ড্যাট' রাখছে না। এগুলোর জন্য আমরা অ্যাওয়ারনেস করছি। আমি সুন্দরবন এবং পূর্ব মেদিনীপুর এলাকার বিধায়কদের আহ্বান করছি তারাও যেন অ্যাওয়ারনেসটা বাড়ায় যে লঞ্চে যাতে 'ড্যাট' রাখে। আরও যে ফরেস্ট আছে, যেটা নিয়ে আগের দিনও প্রশ্ন হয়েছিল, আমরা চেষ্টা করছি ফরেস্টের সঙ্গে বসে এই সমস্যাগুলোর সমাধান যাতে করতে পারি।

মাছের চাহিদা ও ঘাটতিপূরণে পরিকল্পনা

*১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৫) **শ্রী আব্দুর রেজ্জাক :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতি বছর মাছের গড় চাহিদা কত; এবং

(খ) চাহিদার অনুপাতে জোগানে ঘাটতি থাকলে, তা পূরণ করার জন্য কী উদ্যোগ গ্রহণ করা হয়?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) রাজ্যে প্রতিবছর মাছের গড় চাহিদার পরিমাণ ১৬,২৮৬ লক্ষ টন।

(খ) চাহিদার অনুপাতে জোগানে ঘাটতি পূরণ করার জন্য নিম্নলিখিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(১) সামাজিক মৎস্যচাষ, RKVY, STCP প্রকল্পে মাছচাষীদের ভাসমান সুষম খাদ্য দেবার ব্যবস্থা হয়েছে, যার পরিমাণ ৬২৯৬ মেট্রিক টন।

(২) বড় বড় জলাশয়ে NMPS প্রকল্পে মৎস্য উৎপাদন বাড়ানোর ব্যবস্থা নেওয়া হয়েছে।

(৩) বিল, বাওড় ও নদীর জলাধারগুলিতে (তিস্তা, কংসাবতী, তিলপাড়া) মাছের চারা ছাড়া হয়েছে।

(৪) স্বল্পমেয়াদী ঋণদানের মাধ্যমে মৎস্যচাষীদের মাছ উৎপাদনে উৎসাহ দেওয়া হচ্ছে।

(৫) বীজের গুণগত মান বাড়ানোর জন্য RKVY প্রকল্পে বীজ উৎপাদনকারীদের অর্থ সাহায্য করা হচ্ছে।

(৬) জল ও মাটি বীক্ষণাগার তৈরি করে মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরামর্শ দেবার ব্যবস্থা হয়েছে।

(৭) ব্লক, জেলা ও রাজ্য স্তরে মৎস্যচাষীদের প্রশিক্ষণের ব্যবস্থা হয়েছে।

শ্রী আব্দুর রেজ্জাক : যে জলাভূমিগুলো ছিল, সেইগুলো ক্রমশ ভরাট হয়ে যাচ্ছে এবং যেসব মৎস্যচাষীরা সেইগুলোতে মাছচাষ করে জীবিকা নির্বাহ করত তারা কাজ হারাচ্ছে। সেইসব মৎস্যজীবীদের রক্ষা করার জন্য সরকারের কি ভাবনা আছে মাননীয় মন্ত্রী যদি অনুগ্রহ করে জানান।

শ্রী চন্দ্রনাথ সিনহা : খবর পাওয়া মাত্রই আমরা সেইগুলোর তদন্ত করছি। আগের বছরে আমরা ১৪টা FIRও করেছি। মৎস্যজীবীরা যাতে কাজ পায় তার চেষ্টা আমরা করছি। যেসব সমবায়গুলো ছিল, আমরা এনকোয়ারি করে দেখেছি তার অনেকগুলো ভুয়ো নামে চলত। সেইগুলোকে চেঞ্জ করে বর্তমানে যে নিয়ম হয়েছে, জেলার ডি.এম.-এর মাধ্যমে টেন্ডার করে সমবায় এবং তার সঙ্গে সঙ্গে পি.পি.পি. মডেলে কোনো ব্যক্তি এর সঙ্গে যুক্ত হয়ে লিজ নিয়ে এইগুলো চাষ করতে পারে। সমবায়ের মাধ্যমে বা যারা টেন্ডারের মাধ্যমে জলাশয়টা নিচ্ছেন, তারা যাতে সঠিকভাবে চাষ করেন, সেইজন্য তাদের রেন্ট ভ্যালুও বাড়ানো হয়েছে। এইভাবে আমরা চেষ্টা করছি যাতে সমস্ত জলাগুলোই মৎস্যচাষের উপযুক্ত হয়।

মৎস্যজীবীদের প্রশিক্ষণ

*১৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫১০) **শ্রী কল্লোল খাঁ :** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যে মাছ চাষের উন্নতির জন্য মৎস্যজীবীদের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে; এবং

(খ) সত্য হলে, ৩১.৪.২০১৫ সাপেক্ষে রাজ্যে মোট কতজন মৎস্যজীবীকে ওইরূপ প্রশিক্ষণ দেওয়া হয়েছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) ৩০.০৪.২০১৫ সাপেক্ষে ২০১৪-১৫ অর্থবর্ষে রাজ্যে মোট ১২,৩৯৮ জন মৎস্যজীবীকে ওইরূপ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

শ্রী কল্লোল খাঁ : মৎস্যজীবীদের এই প্রশিক্ষণ কতদিনের জন্য দেওয়া হয়, বা এই প্রশিক্ষণের রূপরেখা কি এবং এই প্রশিক্ষণ দেওয়ার সময় তাদের কোনো আর্থিক সহায়তা দেওয়া হয় কিনা মাননীয় মন্ত্রী যদি জানান।

শ্রী চন্দ্রনাথ সিনহা : আমরা পঞ্চায়েতের মাধ্যমে, কখনো ব্লক বা কখনো জেলার মাধ্যমে প্রশিক্ষণ দিয়ে থাকি। সেইসময় আমাদের ৩ দিন বা ৪ দিন ক্যাম্প করা হয়। জেলাপরিষদ বা A.D.F.O. যাঁরা আছেন, তারা তালিকা তৈরি করেন কারা এই প্রশিক্ষণ নেবে। যারা প্রশিক্ষণ নিতে আসে তাদের থাকা-খাওয়ার ব্যবস্থা করা হয়।

[11.30 - 11.40 a.m.]

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি। বাংলাদেশ সীমান্ত দিয়ে দুটো ঘটনা ঘটে। একটা হচ্ছে যে, যে সমস্ত মাছ আমাদের দেশে ব্যান্ড—নিষিদ্ধ যেমন, রূপচাঁদা এই সমস্ত মাছ ঢোকে। ফলে তাতে ফিশারিজ বায়ো ডাইভারসিটি আমাদের দেশে বিনষ্ট হয় এবং শরীরের পক্ষে ওই মাছগুলো ক্ষতিকর। আর একটা জিনিস ঘটে এখান থেকে বাগদা চিংড়ির মীনের মতো কিছু পাচার হয়ে ওখানে চলে যায়। এই দুটো বিষয় আটকানোর জন্য আপনার দপ্তর থেকে কি ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যর প্রশ্নের উত্তরে জানাই আপনি ঠিকই প্রশ্ন করেছেন। যে মাছগুলো আমাদের ব্যান্ড করা হয়েছে সেই মাছগুলো বাংলাদেশ থেকে ঢোকে ফলে মাঝে মাঝে আমরা সিজও করি, এনকোয়ারিও করি। আবার উলটোদিকে আমাদের দেশ থেকেও বাগদার মীন যায় কিন্তু এগুলো আমাদের কিছু ছাড় দিতে হয় কেননা অনেক সময়ে আমাদের রাজ্যেও বাগদার যে টান পড়ে যায় তখন যে সমস্ত মৎস্যচাষী এই বাগদা চাষ করে বা মীন তৈরি করে তাদেরও মাঝে মাঝে অসুবিধা হয়। তাদের আহ্বানে মাঝে মাঝে আমরা সাড়া দিয়ে যাবারটা কিছু কিছু মাঝে মাঝে লুজ করি। পাচারে উৎসাহ দেওয়া নয়। ব্যাপারটা হচ্ছে বাইরে যখন মাছ যাবে, এইটা তো অনির্দিষ্টকাল ধরে চলেই আসছে। এটা তো আমরা নতুন করে কিছু করছি না। আমরা তো মাঝখানে ব্যান করেছিলাম তখন অনেকে এসে বলেছিল যে এটা ছাড়তে, আমরা সেই জন্য কিছুটা লিবার্টি দিতে বাধ্য হচ্ছি।

শ্রীমতী রত্না ঘোষ কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমাদের বর্তমান সরকার মৎস্য উৎপাদন এবং মৎস্যজীবীদের উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প রূপায়ণ করে চলেছেন। আমার প্রশ্ন যে আমরা দেখেছি বিগত বহু বছর ধরে জিওল মাছ যেগুলোকে আমরা বলি তার উৎপাদন অত্যন্ত কমে গিয়েছিল এবং জিওল মাছ এমন একটা জায়গায় চলে গেছে যে সেটাকে আমরা এখন আর দেখতেও পাই না। এই জিওল মাছের উৎপাদন বাড়িয়ে তাকে বাঁচিয়ে রাখার জন্য কোনো ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা যদি আপনি বলেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে জানাই আপনি সঠিকই বলেছেন। জিওল মাছ বা ওই ধরনের মাছ, পুঁটি বা ওই ধরনের মাছ যেগুলো আগে আমাদের মাঠে চাষ হত। নানারকম কারণে সেগুলো আস্তে আস্তে কমে যাচ্ছে। এর সঙ্গে মেজর কারণ হচ্ছে। চাষে আমরা যত উন্নত হচ্ছি, চাষে যে কেমিকেল স্প্রে করা হয় সেটা অনেক সময়ে নদীতেও পড়ে, সেই কারণে এই ধরনের মাছগুলো আস্তে আস্তে বিলুপ্ত হয়ে যাচ্ছে। আমরা দায়িত্ব নেওয়ার পর থেকে চেষ্টা করে যাচ্ছি এই ধরনের মাছগুলোকে বাঁচানোর। কল্যাণী ফার্মে আমরা এগুলো তৈরি করছি। বাটা, পুঁটি, সরল পুঁটি থেকে কই, মাগুর এই ধরনের মাছের চারা আমরা চাষীদের মধ্যে বিলিও করছি যাতে ছোট ছোট পুকুরে গিয়ে তারা চাষ করতে পারে। এই ধরনের মাছগুলো যাতে আবার বাঙালির পাতে দেওয়া যায় সেই চেষ্টা আমরা করছি।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার নদীয়ালি মাছ বিশেষ করে জলপাইগুড়ি-কোচবিহারে বোরোলি মাছ এটা অত্যন্ত সুস্বাদু মাছ। এই জাতীয় মাছের প্রজাতি দিন দিন কমে যাচ্ছে। এটাকে রক্ষা করার কোনো ব্যবস্থা আপনার দপ্তরে আছে কিনা?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার প্রশ্নের উত্তরে জানাই আপনি ঠিকই বলেছেন যে বোরোলি মাছ উত্তরবঙ্গের একটা বিশিষ্ট মাছ এবং যারা পর্যটক যায় তারা প্রথমেই ভাতের সঙ্গে এই মাছটাই খোঁজে। এই মাছটা নদীতে হয়। যে নদীগুলোতে হয় তার উৎস ভূটান থেকে খনিজ পদার্থগুলো এসে যে পলিউশন তৈরি করছে নদীগুলোতে তাতে কিছুটা নষ্ট হচ্ছে। অনেক সময়ে আমরা দেখতে পাচ্ছি যে জেলেরা একসঙ্গে সমস্ত মাছ ধরার জন্য বিষও মিশিয়ে দিচ্ছে। সেটা প্রমাণও হয়েছে। আমরা অ্যাওয়ারনেস করছি। তাতে অনেকটাই আমরা কমাতে পেরেছি। রিসেন্টলি আমরা কোচবিহারে বোরোলি উৎসবও করে এলাম। সেখানে ৪০ রকম পদ মানুষকে আমরা খাইয়েছি। যাতে এই মাছের উৎসাহটা বাড়ে এবং মানুষ সচেতন হয়। ওখানকার যারা ফিশারম্যান অ্যাসোসিয়েশন তাদের সঙ্গেও আমরা বসেছি। তারাও নদীর ধারে ধারে এগুলি নিয়ে অ্যাওয়ারনেস করছে। আমি আপনাদের কাছে আহ্বান করছি আপনারা যারা আছেন তারাও যদি একটু সহযোগিতা করেন, তাহলে আমাদের অ্যাওয়ারনেসটা আরও বাড়ানো যায়।

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : স্যার, আজকে মৎস্য বিভাগের অনেকগুলি প্রশ্ন মাননীয় মন্ত্রী উত্তর দিয়েছেন। আমার মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন — এখনো আমরা আমাদের রাজ্যে বড় মাছ খাওয়ার ক্ষেত্রে অন্য রাজ্যের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়। আমাদের এই রাজ্যে বড় মাছ চাষের কোনো পরিকল্পনা ইতিমধ্যে নিয়েছেন কি, বা বড় মাছ আমাদের এই রাজ্য থেকে আমরা দেখতে পারব কিনা জানাবেন কি?

শ্রী চন্দ্রনাথ সিনহা : স্যার, হ্যাঁ সত্যি বড় মাছের চাষ আমাদের কমে গিয়েছিল। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে অলরেডি ৭০-৮০টি বড় জলাশয়ে বড় মাছের চাষ শুরু করছি। এই

বড় জলাশয়ে আধুনিক পদ্ধতিতে বা সায়েন্টিফিক সিস্টেমে এই বড় মাছচাষ করছি। দীর্ঘদিন ধরে এইদিকে নজর না দেওয়ার ফলে এই ঘটনাগুলি অতীতে ঘটেছে এবং মানুষের এখন যা চাহিদা হয়েছে সেই ব্যাপারে বলি — এখানে অন্য রাজ্যের সাথে একটা বড় অসুবিধা হচ্ছে যে আমাদের ছোট মাছের ডিম্যান্ডটা অন্যান্য রাজ্যের তুলনাতে বেশী। অন্য রাজ্যে যেমন অনেকেই মাছ খান না। আর যারা মাছ খান তারা বড় মাছই খান। কিন্তু পশ্চিমবঙ্গে ছোট মাছের চাষটাই বেশী হয় এবং মানুষ ছোট মাছচাষ করে তারা তাদের পয়সাটা পেয়ে যাওয়ার ফলে বড় মাছচাষে ইন্টারেস্ট দেখায় না। আমরা সেই মানুষগুলির সঙ্গে কথা বলেছি বা মৎস্যজীবী সমিতির সঙ্গেও কথা বলে আমরা সত্তর-আশিটা বড় জলাশয়ে বড় মাছ সায়েনটিফিক পদ্ধতিতে কাজ শুরু করেছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন — আমার পশ্চিমবঙ্গে অর্নামেন্টাল মাছচাষ কোথায় হচ্ছে এবং বিদেশ থেকে কত কোটি টাকা এর মধ্যে আমদানি করা হয়েছে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই যে, উনি ঠিকই বলেছেন অর্নামেন্টাল চাষে পশ্চিমবঙ্গ এখন অনেকটা এগিয়ে গেছে। এবং আমরা সেল্ফ হেল্প গ্রুপের মাধ্যমে বেনফিশ আমাদের যে কো-অপারেটিভ, সমবায় প্রতিষ্ঠান রয়েছে আমাদের দপ্তরের আন্ডারে, তার মাধ্যমে আমরা হাওড়া জেলা, সাউথ ২৪-পরগনা, জলপাইগুড়িতে আমরা মৎস্য চাষে এবং রঙিন মাছচাষে উৎসাহ দিচ্ছি। এই রঙিন মাছচাষ বিদেশেও গেছে। আপনি আর একটা প্রশ্ন করেছেন যে, কত টাকা, সেই ব্যাপারে পরে আমি লিখিতভাবে জানিয়ে দেব।

শ্রী জুলফিকার মোল্লা : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আর অতিরিক্ত প্রশ্ন — আমাদের পশ্চিমবঙ্গে গত '১৩-১৪ সালে আমাদের মূল প্রোডাকশান যেটা — বাগদা চিংড়িকে টাইগার বলা হয়, ছোট চিংড়িকে স্ক্যাম্পি বলা হয়। এটা এক্সপোর্ট হয়। এটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার যে এই এক্সপোর্ট এবং ইমপোর্ট হচ্ছে। আর বৈদেশিক মুদ্রা এই ব্যবসাতে যুক্ত। আমার প্রশ্ন — এই একসপোর্ট-ইমপোর্ট বিজনেসের মধ্যে সরকারের কি ইনকাম আছে। আর একটা ব্যাপারে বলি গত বছর পর্যন্ত অর্থাৎ '১৩-১৪ পর্যন্ত বাগদার যে রেট পাওয়া গেছে অর্থাৎ কৃষকরা যে রেট পেয়েছেন সেটা স্বাভাবিক ছিল গতবছর ফার্স্ট গ্রেড মাছের দাম ৮০০-৯০০ টাকা। এই বছরে আমাদের চলতি বাজারে স্বাভাবিকভাবে ফার্স্ট গ্রেডের মাছের দামটা খুব টেনে ৪০০ টাকা করা হয়েছে। এই রেট কারা নিয়ন্ত্রণ করেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : স্যার, বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই ঠিকই যে বাগদা চিংড়ি টাইগারের ব্যাপারে যেটা বলছেন সেটা বিদেশে রপ্তানি হয়। বিদেশে কয়েক বছর ধরেই যারা রপ্তানি করে বা যারা বৈদেশিক দেশ বা অন্যান্য দেশও এই মাছে এগিয়ে আসছে। ভেনামি বলে একরকম প্রজাতির মাছ তারা মাছ করছে। তার জন্য বিদেশে আমাদের যে মার্কেট ছিল সেটা অনেকটা কমে গেছে। আগের বছরে অনেক চেষ্টা করেও যে রেটটা বেড়েছে যেটা আপনি

বলছেন যে আগের বছরে অনেক চেষ্টা করে করা হয়েছিল। ঠিকই বাইরে কিছু মাছ পাঠানো হয়েছিল।

[11.40 - 11.50 a.m.]

এই বছর এখনো পর্যন্ত বিদেশে যারা মাছ পাঠায় বা বিদেশ থেকে যারা কিনতে আসে, তাদের সংখ্যা কম হওয়ার জন্য সাড়ে চারশো টাকার বেশি রেট উঠছে না। এখানে সরকার সরাসরি নিযুক্ত থাকে না, ব্যবসাদারেরা এই কাজটা করে। আমরা তদারকি করি, যাতে যারা চাষ করে তারা যাতে সুষ্ঠুভাবে চাষ করতে পারে এবং তাদের তথ্যভিত্তিক জ্ঞান আমরা দিই যে, কিভাবে চাষ করলে, কি সার দিলে ভালো হবে। টোটালটাই প্রাইভেট সেক্টর নিয়ন্ত্রণ করে। আমরাও সরকার থেকে চেষ্টা করছি যাতে অন্যান্য দেশ যখন ভেনামিতে এগিয়ে গেছে বা অন্যান্য রাজ্য — অন্ধ্র বা কেরল — এরাও ভেনামিতে এগিয়ে গেছে, আমরা চাষিদের সঙ্গে কথা বলে এই বছর প্রথম ভেনামি চাষ লার্জ স্কেলে — অন্যান্য দু-একজন করতেন হয়তো, আমরা সরকারি জলাতে ভেনামি চাষ করছি এবং অনেক চাষি এগিয়ে এসেছেন, ভেনামি চাষ করছেন এবং চাষটাও ভালো হয়েছে। যার জন্য অন্যান্য দেশ থেকে যারা বিক্রি করেন বা কেনার যারা থাকেন, তারা সঠিকভাবে না আসাতে দামটা কম, আমরা লক্ষ রাখছি। আমরা সেইসব মানুষের সঙ্গে কথা বলছি যারা এই ব্যবসার সঙ্গে যুক্ত, যাতে এই মাছটা বিদেশে যেতে পারে।

শ্রী শমীক ভট্টাচার্য্য : স্যার, প্রশ্ন করার আগে একটা ছোট্ট কথা বলছি। আজকে এই হাউসে জানতে পারলাম যে, সরকার মৎস্য পাচারে উৎসাহ দিচ্ছে। যাই হোক, আমি মূল প্রশ্নে আসছি।

মিঃ স্পীকার : শুধু প্রশ্নটা নেবেন প্লিজ।

শ্রী শমীক ভট্টাচার্য্য : প্রশ্ন হচ্ছে, বর্তমান কৃষকরা উত্তর চব্বিশ পরগনা-সহ সুন্দরবন এবং দক্ষিণ চব্বিশ পরগনার বিস্তীর্ণ অঞ্চলে যেহেতু ফসল এখন খুব একটা লাভজনক নেই, তাই ধীরে ধীরে মৎস্য চাষের দিকে ঝুঁকছে এবং নদীর লাগোয়া যে সমস্ত কৃষিজমি আছে, ধানীজমি আছে সেগুলো ধীরে ধীরে স্থানীয় ভাষায় মাছের ঘেরে রূপান্তরিত হয়ে গেছে। এতে সামগ্রিকভাবে জমির ক্ষতি হচ্ছে, ইকলজিক্যাল ব্যালেন্স নষ্ট হচ্ছে। যারা এইভাবে চাষ করে চলেছেন, এর ওপরে কোনো নিয়ন্ত্রণ রাখবার জন্য বা দৃষ্টি রাখবার জন্য সরকারের কাছে কোনো পরিকল্পনা আছে কিনা।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আপনি যেটা মানে করেছেন, সেটা আমি বলতে চাইনি। আপনি যদি অন্য মানে করে নেন, সেখানে আমার বলার কিছু নেই। আর কোস্টাল এলাকায় যে চাষের ব্যাপারে বলছেন, আমাদের সরকারের আইন আছে যে, কনভার্সনের প্রশ্নটা থেকে যায়। এখন কেন্দ্রীয় সরকার যে নতুন নিয়ম করেছে যে, কোস্টাল থেকে দুই কিলোমিটার এলাকায় নোনা জল যেখানে ঢোকে, সেখানে কনভার্সন লাগবে না। সেখানে উড়িষ্যা সরকার বা অন্ধ্র সরকার এই

আইনটা চালু করেছে, আমরাও সেই আইনের দিকে যাচ্ছি। আপনার সরকারই আছে দিল্লিতে। তারা ওখানে যেরকম আইন করছে — কেন্দ্রীয় সরকার আমাদের ফেডারেল স্ট্রাকচারে, আমাদের সেইভাবেই এগোতে হচ্ছে।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মৎস্য চাষের জন্য প্রশিক্ষণের পাশাপাশি যে সমস্ত মৎস্যজীবী সমুদ্রে মৎস্য শিকারে যান, সেই সমস্ত মৎস্যজীবীদের কোনো আধুনিক সাজ-সরঞ্জাম প্রদান করা হয় কিনা যদি বলেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই যে, যারা সমুদ্রে মাছ ধরতে যান, তাদের আধুনিক সাজ-সরঞ্জাম আমরা দিই না। কিন্তু আমরা চেষ্টা করি, তারা যাতে আধুনিক সাজ-সরঞ্জাম ব্যবহার করতে পারে, তার জন্য তাদের লোন দেওয়া হয়। সাবসিডি থাকে, এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। আমরা সেইভাবে এন.এফ.ডি.পি. বা এন.সি.ডি.সি.-র সঙ্গে কথা বলে তারা যদি আমাদের কাছে দরখাস্ত করে, আধুনিক ট্রলার থেকে শুরু করে সমস্ত কিছু লোন হিসেবে বা সাবসিডি হিসেবে তারা পায়।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, অনেক মাছ এবং তার সমস্যা নিয়ে আলোচনা হল। কিন্তু বাঙালির রসনার শ্রেষ্ঠ উপকরণ হচ্ছে ইলিশ মাছ। সেই ইলিশ মাছ বাঙালির কাছে ক্রমশ স্বপ্ন হয়ে যাচ্ছে। ইলিশ মাছ বাঙালির পাতে ফিরিয়ে দেওয়ার ক্ষেত্রে আপনি বা আপনার দপ্তর কি ভাবছে, সেটা একটু বলবেন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে উদয়নবাবুর প্রশ্নের উত্তরে জানাই, ইলিশ আসা তো আপনাদের আমল থেকেই কমে গেছে। আমরা চেষ্টা করছি যে, আমাদের স্বল্প ক্ষমতার মধ্যে যে আমাদের ইলিশ প্রোডাকশন বাড়ছে আপনি পাঁচ বছরে পর পর স্ট্যাটিসটিক যদি নেন, তাহলে দেখবেন ইলিশটা বেশি এসেছিল আমাদের সুমদ্রে। আমরা চেষ্টা করছি সংরক্ষণ করার এবং তারা সমুদ্রে না ঢুকে বাংলাদেশ বা মায়ানমারে চলে যায় সেগুলো নিয়ে আমাদের আধিকারিকরা ডায়মন্ডহারবারে একটা রিসার্চ সেন্টার খুলেছি, সেখানে তারা এগুলো লক্ষ রাখছেন এবং আমরাও সেই ভাবে চেষ্টা করছি করার এবং অন্যান্য ভাবে আপনি জানেন ভালো করে যে বাংলাদেশে যেহেতু এখন banned আছে ইলিশ মাছ পাঠানো, তাই আমরা মায়ানমারের সঙ্গে যোগাযোগ করছি, মায়ানমারের ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী অনেক দূর এগিয়েছেন এবং উনি প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন, আমরা আশাবদী উনি যেভাবে প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন এবং মায়ানমারের সঙ্গে এগিয়েছেন, তাতে বাংলাদেশ না হলেও খুব শীঘ্রই মায়ানমারের ইলিশ আপনাদের খাওয়াবো।

শ্রী জয়ন্ত নস্কর : স্যার, উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনার এবং পূর্ব মেদিনীপুরে ব্যাপক অংশে বাগদা চাষ হয়, প্রতি বছর আমি বললে বোধহয় বেশী বলা হবে না প্রায় ৮০% মাছ, ঠিক মাছটা তোলার সময় white spot বলে একটা রোগ আসে এবং যখন মাছটা fishery হবে, সেই সময় পুরো মাছটাই নষ্ট হয়ে যায় প্রায় সমস্ত ফিশারীতে। এই white

spot নিয়ে কোনো পরীক্ষা-নিরীক্ষা হয়েছে কি না, এই রোগের কোনো প্রতিষেধক আজ পর্যন্ত বেরিয়েছে কি না, এ ব্যাপারে আপনার কোনো চিন্তাভাবনা আছে কি না?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার প্রশ্নের উত্তরে জানাই, আপনি ঠিকই বলেছেন, এটা আমরাও লক্ষ করেছি, আমাদের যাঁরা অফিসার আছে তাদের সাথে আলোচনা করছি কিভাবে এটা নির্মূল করা যায়। এতে অনেক মাছ নষ্ট হয়, অনেক মাছ মারাও যায় এবং এতে চাষীদের অনেক অসুবিধা হয়, এটা নিয়ে আমরা ভাবনা-চিন্তা করছি।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন, আমরা জানি সুন্দরবনের যে বাগদা আর কাঁকড়া, এই দুটো থেকে কেন্দ্রীয় সরকার ৮০০ থেকে ৮৫০ কোটি টাকা রাজস্ব এখানে থেকে সংগ্রহ করে এবং বৈদেশিক মুদ্রা অর্জন করে। এই টাকা আমাদের রাজ্যে বা আমাদের সুন্দরবনের উন্নয়নে বা মৎস্যদপ্তরে এই টাকা ফিরে যায় কি না? আপনি এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে জানাচ্ছেন কি না?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাই যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ থেকে রাজস্ব বাবদ অনেক টাকাই তো নিয়ে যায়। সেই সব টাকা কি ফেরৎ দেয় রাজ্যকে। এটা নিশ্চয়ই সে রকমই, এইভাবে কেন্দ্রীয় সরকার যে টাকা নিয়ে যায়, আমরাও চেষ্টা করছি আমাদের প্রোজেক্টের মাধ্যমে কিছু টাকা আমাদের কাছে ফেরৎ আসে, কিন্তু সব টাকা তো আসে না।

মিঃ স্পীকার : ব্রাত্য বসুর মোট চারটে প্রশ্ন আছে *১৭০, *১৭২, *১৭৩ আর *১৭৬, আমি চারটে প্রশ্ন একসঙ্গে নিচ্ছি, একটা করে সাপ্লিমেন্টারী করবেন, তারপরে অন্যান্য সদস্যদের সাপ্লিমেন্টারী করতে দেব।

দেবানন্দপুর সম্পর্কিত পি. পি. আর.

*১৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১২০) **শ্রী অসিত মজুমদার :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কে.এম.ডি.এ.-এর এম.ডি.পি. সেক্টর দেবানন্দপুর নিয়ে একটা পি.পি.আর. তৈরি করেছিলেন; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিষয়ে বর্তমান সরকারের পরিকল্পনা কী?

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে ওনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি—

(ক) উনি যে প্রশ্নটা করেছেন সেটা পর্যটন দপ্তরের মাধ্যমে হয়নি। তবে বিষয়টি জানার জন্য কে.এম.ডি.এ. কর্তৃপক্ষকে এ সংক্রান্ত বিষয়ে সমগ্র তথ্য আমরা পর্যটন দপ্তরে পাঠাতে বলি। কে.এম.ডি.এ. থেকে প্রাপ্ত তথ্য থেকে জানা যাচ্ছে যে, কে.এম.ডি.এ.-এর এম.ডি.এ. সেক্টর দেবানন্দপুর নিয়ে একটা পি.পি.আর. তৈরি করেছিলেন। ওই রিপোর্টের প্রতিলিপি

হুগলির জেলাশাসক ও মাননীয় বিধায়ক শ্রী অসিত মজুমদারের কাছে তারা প্রেরণও করেছিল। তবে, ওই রিপোর্টের কোনো প্রতিলিপি তখন তারা পর্যটন দপ্তরে পাঠাননি। কিন্তু এখন আমরা চাওয়ার পর তারা ঐ রিপোর্টের একটি প্রতিলিপি পর্যটন দপ্তরে প্রেরণ করেছেন।

(খ) বর্তমানে এ ব্যাপারে পর্যটন দপ্তরের কোনো পরিকল্পনা নেই। এই ব্যাপারে যদি কোনো আনুষাঙ্গিক প্রশ্ন করেন, আমি বিশদে বলতে পারি।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন, বাংলায় মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর, মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের জননেত্রী, তিনি বাংলার সমস্ত মনীষীদের সম্মান জানানোর জন্য বিভিন্ন ভাবে ব্যবস্থা নিয়েছেন। দেবানন্দপুর শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মভিটা। মাননীয় মন্ত্রী বলেছেন বর্তমানে কোনো ব্যবস্থা তিনি নেননি। আগামীদিনে আমাদের সরকার শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের এই জন্মভিটাকে বাঁচাবার জন্যে পর্যটন কেন্দ্র করার কোনো ব্যবস্থা তিনি করবেন কি না?

[11.50 a.m. - 12.00 noon]

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাকে এই প্রসঙ্গে জানাই যে, গত সেশনেই অসিত মজুমদার আমায় ঠিক একই প্রশ্ন করেছিলেন, এর আগের প্রশ্নের আমি উত্তর দিয়েছিলাম। তারপরে এই প্রসঙ্গে আমাদের আর এক মাননীয় সদস্য শ্রী বাসুদেব খাঁ তিনি ঠিক এই একই প্রশ্ন করেন তার উত্তরে আমি categorically বলি যে, আমাদের যত মনীষী আছেন যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন যে, তাদের এক ধরনের সংরক্ষণ হোক। কারণ আমাদের ইতিহাস ক্রমশ বিস্মরণের দিকে যাচ্ছে। এবং তখন আমি বলি যে, আমরা আমাদের দপ্তর থেকে একটা Committee তৈরি করছি। একটি Calling Attention দিয়েছিলেন শ্রী বাসুদেব খাঁ, তার উত্তরে আমি বলেছিলাম। এই Committee এখন থেকে বিবেচনা করে দেখবে যত বিধায়ক, যত তাঁরা আবেদন জানাবেন, সেটা স্বাধীনতা সংগ্রামী হতে পারেন, তিনি সাহিত্যিক হতে পারেন, তিনি ধর্মগুরু হতে পারেন, তিনি কোনো বিশিষ্ট ব্যক্তিত্ব হতে পারেন, যে কোনো ক্ষেত্রেরই মানুষ হোক না কেন তাঁদের ক্ষেত্রে সংশ্লিষ্ট Committee-তে তিনি যদি আবেদন জানান তাহলে মনে হয় সেটা ভালো হয়।

দ্বিতীয়ত, যেটা পর্যটন দপ্তরকে করতে হবে, সেই আবেদনটা যদি আমাদের না জানিয়ে KMDA-কে জানানো হয়, এবং আমরা জানার পর যদি KMDA আমাদের জানায়, আমার তো এখানে কিছু করার নেই, KMDA-এরও কিছু করার ছিল না। মাননীয় বিধায়কের কাছে একটা প্রতিলিপি গেছে KMDA department থেকে এবং একই DPR সেটা পাঠানো হয়েছে হুগলি জেলাশাসককে। এবার মাননীয় বিধায়ক যদি আমাদের দপ্তরকে দিয়ে কাজটা করাতে চান বলে মনস্থ করেন বা অন্তত তিনি আবেদন করবেন বলে ভাবেন — তিনি যদি সরাসরি পর্যটন দপ্তরেই পাঠাতেন, আমারও মনে হয় ব্যাপারটা বাস্তবসম্মত, অনেক বেশি বৈজ্ঞানিক এবং যুক্তিগ্রাহ্য হত।

পর্যটন শিল্পের উন্নয়ন

*১৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৭) **শ্রী দীপক কুমার হালদার** : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে পর্যটন শিল্পে গত চার বৎসরে প্রভূত উন্নতি হয়েছে; এবং

(খ) সত্যি হলে, ডায়মন্ডহারবারে সাগরিকার উন্নয়নের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের লিখিত প্রশ্নের উত্তরে জানাই যে,

(ক) হ্যাঁ সত্যি।

(খ) ডায়মন্ডহারবারে সাগরিকা পর্যটন আবাসের উন্নয়নহেতু প্রায় ৫.৭৪ কোটি টাকা প্রকল্প ব্যয়ে নিম্নলিখিত প্রকল্পগুলি গ্রহণ করা হয়েছে—

(১) সাগরিকা পর্যটন আবাসের পরিধির মধ্যে একটি নতুন চারতলা পর্যটন আবাস নির্মাণ।

(২) সাগরিকা পর্যটন আবাসের মধ্যে একটি 'চিলড্রেন্স পার্ক' এবং 'ওয়াচ টাওয়ার' নির্মাণ।

(৩) সাগরিকা পর্যটন আবাস সংলগ্ন সমুদ্রতীরের আলোকিতকরণ ও একটি হাইমাস্ট লাইটিং টাওয়ার এবং পর্যটক আসন বিশিষ্ট শেড নির্মাণ।

(৪) সাগরিকা পর্যটন আবাসের বর্তমান পরিকাঠামো যথা — অভ্যন্তরীণ গৃহশয্যা, টয়লেট এবং অন্যান্য স্থানের ব্যাপক মেরামতিকরণ এবং পুনর্নবীকরণ।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টায় সারা বাংলা জুড়ে পর্যটন শিল্পের ব্যাপক উন্নতি হচ্ছে। আমার ডায়মন্ডহারবারে প্রচুর উন্নয়নমূলক কর্মসূচী রূপায়িত হয়েছে। আমি যেটা জানতে চাইছিলাম স্যার, আমাদের সাগরিকার কাছে একটি বড়ো ঝিল আছে, কখনও এটা শুনেছি এটা irrigation-এর, আবার কখনও শুনেছি এটা পর্যটন দপ্তরের। এই ঝিলটা অত্যন্ত খারাপ অবস্থায় আছে। এটা কোনোভাবে পর্যটন শিল্পের অধীনে বা পর্যটন দপ্তরের নিজস্ব হয়ে থাকে তাহলে এই ঝিলটাকে খুব সুন্দর করে সাজিয়ে দেওয়ার কোনো পরিকল্পনা গ্রহণ করা যায় কিনা বা চিন্তাভাবনা আছে কিনা জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, কোনো ঝিল কখনও পর্যটন দপ্তরে অধীনে থাকতে পারে না। একটা ঝিল হয়তো হতে পারে অন্য কোনো দপ্তরের অধীনে আছে। আপনি যদি কোনো নির্দিষ্ট প্রস্তাব দেন এবং সেখানে যদি

অন্য কোনো department-এর এটা অধীনে থাকে, আমাদের দপ্তর থেকে আমরা বলতে পারি যে ঝিল সংস্কারের জন্য ইতিমধ্যে একটা তালিকা দিতে পারি যে, আমাদের দপ্তর গত একবছরে কোন কোন ঝিলের ক্ষেত্রে এবং অন্যান্য কি কি সংস্কারের ক্ষেত্রে কত টাকা কোন কোন খাতে ব্যয় করেছে। এই ক্ষেত্রে আপনার যদি কোনো সুনির্দিষ্ট প্রস্তাব থাকে আপনি সেই দপ্তরের কাছে আবেদন করুন। তার একটা প্রতিলিপি আমাদের কাছে পাঠান। আমরা এখানে আপনার সঙ্গে যথাসাধ্য co-operate করব।

পর্যটন শিল্পের পুনরুজ্জীবন

*১৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৫) **শ্রী বাসুদেব খাঁ :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে পর্যটন শিল্পকে চাঙ্গা করতে সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের লিখিত প্রশ্নের উত্তরে জানাই যে—

পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগ মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীর প্রেরণায় ২০১১-১২ থেকে ২০১৪-১৫ অর্থবর্ষ পর্যন্ত একাধিক পর্যটন প্রকল্পের পরিকল্পনা গ্রহণ করেছে যা সমাপ্ত হলে, নিঃসন্দেহে পশ্চিমবঙ্গের পর্যটন শিল্পের আমূল উন্নয়ন ঘটবে।

বিগত কয়েক বছরে গৃহীত কিছু পর্যটন প্রকল্পের বিবরণ উল্লেখিত হল:-

(ক) পর্যটন পরিকাঠামোর উন্নয়ন :

(১) দুর্গাপুরে রাজ্যের ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট নির্মাণ। প্রকল্প ব্যয়—১৫.৪৫ লক্ষ টাকা (প্রায়)

(২) ঝাড়গ্রাম রাজবাড়িতে পর্যটন কেন্দ্র নির্মাণ। প্রকল্প ব্যয়—৪৯৬.০৮ লক্ষ টাকা (প্রায়)

(৩) মুর্শিদাবাদে মতিঝিল পর্যটন কেন্দ্র নির্মাণ। প্রকল্প ব্যয়—১৪৫৪.৭০ লক্ষ টাকা (প্রায়)

(৪) নদীয়া জেলার কৃষ্ণনগরে ঘূর্ণিতে শিল্পকলা ও কারুকর্মের কেন্দ্র নির্মাণ। প্রকল্প ব্যয়—২৩১.৩৫ লক্ষ টাকা (প্রায়)

(৫) ডায়মন্ড হারবারে সাগরিকা পর্যটক আবাসের পৃথক ভবন নির্মাণ। প্রকল্প ব্যয়—৪৭৬.৩০ লক্ষ টাকা (প্রায়)

(৬) বীরভূমে 'আমার কুটির' ইকো ট্যুরিজম পার্কে দশটি কুটির নির্মাণ। প্রকল্প ব্যয়—৮৬.৩০ লক্ষ টাকা (প্রায়)

(৭) বীরভূমের বক্রেশ্বরে দশটি কুটির নির্মাণ। প্রকল্প ব্যয়—১০০ লক্ষ টাকা (প্রায়)

(৮) মালদার হাবিবপুর ব্লকে কেন্দুপুকুর থেকে জগজীবনপুর পর্যন্ত রাস্তা উন্নয়ন। প্রকল্প ব্যয়—১৭৯.৬৯ লক্ষ টাকা (প্রায়)

(৯) বর্ধমানে চুপিচর ওয়াচ টাওয়ার এবং পিকনিক স্পটের নির্মাণ। প্রকল্প ব্যয়—১৪১.৬৬ লক্ষ টাকা (প্রায়)

(১০) দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে পর্যটক আবাস নির্মাণ। প্রকল্প ব্যয়—৩০১.৭২ লক্ষ টাকা (প্রায়)

(১১) দক্ষিণ দিনাজপুরের কুশমান্ডি উন্নয়ন ব্লকের অধীনে মহীপাল দীঘিতে পর্যটন কেন্দ্র স্থাপন। প্রকল্প ব্যয়—৯০.১৬ লক্ষ টাকা (প্রায়)

(১২) পূর্ব মেদিনীপুরের মন্দারমণিতে সৈকতে আলোকসজ্জা। প্রকল্প ব্যয়—৪৪৭.১৪ লক্ষ টাকা (প্রায়)

(১৩) পুরুলিয়ার দোলাডাঙা, মুরুগুমা বাঁধ ও গড় পঞ্চাকোটে বাসস্থান/কুটির/ডরমিটারির সুবিধা নির্মাণ। প্রকল্প ব্যয়—১২১.৫৫ লক্ষ টাকা (প্রায়)

(১৪) নিউ জলপাইগুড়ি রেল স্টেশনে নতুন তথ্যকেন্দ্র নির্মাণ। প্রকল্প ব্যয়—১৬.৫৭ লক্ষ টাকা (প্রায়)

(১৫) পুরুলিয়ার মাঠায় পর্যটন পরিকাঠামোগত সুযোগ-সুবিধা সৃষ্টি। প্রকল্প ব্যয়—৭৫.২৩ লক্ষ টাকা (প্রায়)

(১৬) পশ্চিমবঙ্গ পর্যটন উন্নয়ন নিগম লিমিটেডের জন্য তিনটি ২৬ আসনের শীতাতপ নিয়ন্ত্রিত লাক্সারি বাস ক্রয়। প্রকল্প ব্যয়—৫২.১৮ লক্ষ টাকা (প্রায়)

(১৭) বাঁকুড়া জেলার ছাতনায় 'শুশুনিয়া ইকো পার্কে' পর্যটন প্রকল্পের জন্য নলবাহিত জল সরবরাহের ব্যবস্থা প্রকল্প ব্যয়-৩৬.৬৪ লক্ষ টাকা (প্রায়)

(১৮) দার্জিলিংয়ের রয় ভিলাতে ৩টি কুটির নির্মাণ, রাস্তা ও সীমানা পুনর্নির্মাণ এবং উপযুক্ত জল সরবরাহকরণ। প্রকল্প ব্যয়-১৯৩.০৬ লক্ষ টাকা (প্রায়)

(১৯) দীঘায় ওয়েলকাম গেট-এ আলোকিতকরণ। প্রকল্প ব্যয়-৭৭.৮৪ লক্ষ টাকা (প্রায়)

(২০) বাঁকুড়ায় মুকুটমণিপুরে বাঁধের ধারে স্থায়ী স্টল/দোকানঘর নির্মাণ। প্রকল্প ব্যয়—৪৪.৪০ লক্ষ টাকা (প্রায়)

(খ) ধর্মীয় পর্যটন :

(১) মালদার রামকেলিতে প্রভু চৈতন্যদেবের মূর্তি তৈরি ও স্থাপন করা। প্রকল্প ব্যয়—৫ লক্ষ টাকা (প্রায়)

(২) গঙ্গাসাগরে ১০০ শয্যার পর্যটক আবাস এবং ২০টি কুটির নির্মাণের বিভিন্ন সহায়ক কাজ এবং রাস্তা নির্মাণ। প্রকল্প ব্যয়—১২১৭.২৮ লক্ষ টাকা (প্রায়)

(৩) গঙ্গাসাগরে গাড়ি চলার রাস্তার ধারে এবং গাড়ি রাখার জায়গায় আলোকসজ্জা। প্রকল্প ব্যয়—২৫.৫৪ লক্ষ টাকা (প্রায়)

(৪) গঙ্গাসাগরে কপিল মুনি আশ্রমের কাছে ফুড কোর্ট নির্মাণ। প্রকল্প ব্যয়—৩১৬.১৪ লক্ষ টাকা (প্রায়)

(৫) বক্রেশ্বরে উষ্ণ প্রস্রবণ এলাকায় পয়ঃপ্রণালী এবং জঞ্জাল সাফাইকরণ এবং আলোকসজ্জা। প্রকল্প ব্যয়—৫৭.৯৭ লক্ষ টাকা (প্রায়)

(গ) কলকাতার সৌন্দর্য্যায়ন :

(১) কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডের উত্তর-পূর্ব কোণে অবস্থিত জলাশয়ের নিসর্গ সৃজন এবং সৌন্দর্য্যায়ন। প্রকল্প ব্যয়—৪৬০.৬৮ লক্ষ টাকা (প্রায়)।

(২) কলকাতার নদীতীরে সৌন্দর্য্যায়ন। প্রকল্প ব্যয়—২০০০ লক্ষ টাকা (প্রায়)।

(৩) মনোহরদাস তড়াগে নিসর্গ সৃজন ও সৌন্দর্য্যায়ন। প্রকল্প ব্যয়—১১৪.৪৭ লক্ষ টাকা (প্রায়)।

(৪) কলকাতা ময়দানে মেয়ো রোড এবং আউটরাম ঘাটের সংযোগস্থলের চত্বরে নিসর্গ সৃজন এবং সৌন্দর্য্যায়নের কাজ। প্রকল্প ব্যয়—৭৬.৫৯ লক্ষ টাকা (প্রায়)।

(ঘ) হোম-স্টে পর্যটন এবং পরিবেশবান্ধব পর্যটন উন্নয়ন :

(১) জলপাইগুড়ির মাগুরমারি গ্রামে হোম-স্টে মূলক পর্যটন (কমিউনিটি হল সমেত ৪টি ইউনিট) উন্নয়ন। প্রকল্প ব্যয়—৩৯.৭০ লক্ষ টাকা (প্রায়)

(২) দার্জিলিংয়ের সিটং গ্রামে হোম-স্টে মূলক পর্যটন (কমিউনিটি হল সমেত ৪টি ইউনিট) উন্নয়ন। প্রকল্প ব্যয়—৪৪.৭৫ লক্ষ টাকা (প্রায়)।

(৩) দার্জিলিংয়ের পোখরিয়াটার গ্রামে পরিবেশবান্ধব পর্যটন প্রকল্পভুক্ত হোম-স্টে স্থাপন। প্রকল্প ব্যয়—৭৬.৬৬ লক্ষ টাকা (প্রায়)।

(৪) দার্জিলিংয়ের চিমনি গ্রামে পরিবেশবান্ধব পর্যটন প্রকল্পভুক্ত হোম-স্টে স্থাপন। প্রকল্প ব্যয়—৫৬.৬২ লক্ষ টাকা (প্রায়)।

(৫) সুন্দরবনে হোম-স্টে মূলক পর্যটনের সম্ভাবনা নিয়ে ইয়েস ব্যাঙ্ক কর্তৃক অনুসন্ধান এবং স্থান ও এই ধরনের পর্যটনের ফলে উপকৃতদের চিহ্নিতকরণ। প্রকল্প ব্যয়—৫ লক্ষ টাকা (প্রায়)।

(ঙ) পি পি পি প্রকল্প :

পর্যটন বিভাগ সাম্প্রতিক অতীতে নিজস্ব ব্যয় বরাদ্দের দ্বারা একাধিক পর্যটন প্রকল্প গড়ে তোলা ছাড়াও বেশ কিছু বৃহৎ পর্যটন প্রকল্প পি.পি.পি. মডেলে গড়ে তোলার উদ্যোগ নিয়েছে।

(১) গাজলডোবা পরিবেশবান্ধব পর্যটন প্রকল্প : তিস্তা বাঁধের পাড় বরাবর ২০৮ একর এলাকাব্যাপী এই বৃহৎ প্রকল্পটিতে গড়ে উঠবে বিভিন্ন দামী রিসর্ট, বাজেট হোটেল, ফুড কর্নার, থিম গার্ডেন ইত্যাদি। এই প্রকল্পকে বিনিয়োগোপযোগী করে তোলার লক্ষ্যে পর্যটন বিভাগ ইতিমধ্যেই বহু অর্থ ব্যয় করেছে। রাস্তাঘাট ও বাঁধানো পাথওয়ে নির্মাণে ৬৩.৭৫ কোটি টাকা, জল সরবরাহকরণে ৪.৯৫ কোটি টাকা, বিদ্যুৎ সরবরাহকরণে ১৪.১৫ কোটি টাকা এবং বৈকুণ্ঠপুর অরণ্য সংলগ্ন এলাকায় উপযুক্ত সুরক্ষা ব্যবস্থার জন্য ৭১.৭৯ লক্ষ টাকা মঞ্জুর করেছে। বাজেট ও স্টার রিসর্ট নির্মাণে এবং হসপিটালিটি ট্রেনিং সেন্টার নির্মাণের জন্য ইতিমধ্যেই উপযুক্ত প্রতিষ্ঠান থেকে প্রস্তাব আহ্বান করা হয়েছে।

(২) ঝড়খালি পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র : হেড়োভাঙা নদীর তীরে ৪৯ একর জমির ওপরে গড়ে ওঠা এই প্রকল্পটিকে একটি পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্র হিসেবে তুলে ধরা হচ্ছে, যা সুন্দরবন এলাকায় পর্যটনের প্রসারে এক নতুন মাত্রা যোগ করবে। এই প্রকল্পের বেসরকারি অংশীদার হিসাবে টেকনো ইন্ডিয়া গ্রুপ ইতিমধ্যেই নির্বাচিত হয়েছে। টেকনো ইন্ডিয়া গ্রুপ স্টার হোটেল নির্মাণের জন্য ১০.৮৭ কোটি টাকা এবং বাজেট হোটেল নির্মাণে ১২.৬৪ কোটি টাকা লগ্নী করতে প্রতিশ্রুতিবদ্ধ। এ ছাড়াও এই পরিবেশবান্ধব পর্যটন কেন্দ্রে হাই-এন্ড রিসর্ট নির্মাণের জন্য 'ক্লাব মাহিন্দ্রা' ইতিমধ্যেই নির্বাচিত হয়েছে। এই প্রকল্পটির নির্মাণ কাজ সম্পূর্ণ হয়ে গেলে উল্লেখযোগ্য প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। এখনও পর্যন্ত পর্যটন বিভাগ এই পি.পি.পি. মডেলযুক্ত পর্যটন প্রকল্পটির জন্য প্রয়োজনীয় পরিকাঠামোগত উন্নয়নের জন্য ঝড়খালি পর্যন্ত যাওয়ার জন্য রাস্তা নির্মাণে ১৪.২১ কোটি টাকা এবং বিদ্যুৎ সরবরাহের জন্য ৩৪.০৪ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

এই দুটি বৃহৎ প্রকল্প ছাড়াও গঙ্গা ও বেহুলা নদীর সঙ্গমে অবস্থিত সবুজ দ্বীপ পরিবেশবান্ধব প্রকল্পটিও বিশেষ উল্লেখযোগ্য। সবুজ দ্বীপ পরিবেশবান্ধব প্রকল্পের উন্নয়নে বেসরকারি অংশীদার হিসাবে শিকারিয়া গ্রুপকে দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়াও পশ্চিম মেদিনীপুরে ঝাড়গ্রাম রাজবাড়িতে পর্যটন বিভাগ এবং ঝাড়গ্রাম রাজপরিবারের যৌথ উদ্যোগে একটি পর্যটন প্রকল্পের কাজ চলছে।

(চ) বিজ্ঞাপন ও প্রচার :

পর্যটনের বিভিন্ন পরিকাঠামো এবং সুযোগ-সুবিধার উন্নয়ন এবং সৃজন ছাড়াও রাজ্যের পর্যটন সম্ভাবনাকে আও বিকশিত করে তোলার ক্ষেত্রে যথাযথ বিজ্ঞাপন ও প্রসারমূলক ব্যবস্থার অপরিসীম গুরুত্বকে অনুধাবন করে বিগত বছরগুলিতে পর্যটন বিভাগ একাধিক উচ্চমানের ভিন্নমাত্রিক ও নিবিড় প্রসারমূলক পদক্ষেপ গ্রহণ করেছিল। দূরদর্শন এবং এফ এম চ্যানেলগুলিতে প্রচারমূলক বিজ্ঞাপন থেকে প্রায় সবকটি বড় বাণিজ্যমেলা ও উৎসবে অংশগ্রহণ অবধি ছিল এই ব্যাপক প্রচারের ব্যাপ্তি। এক্ষেত্রে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপগুলি হল :

- দিল্লি, মুম্বাই, চেন্নাই, ব্যাঙ্গালোর, আহমেদাবাদ, পুনে, সুরাট, ভাদোদরা, হায়দরাবাদ প্রভৃতি শহরগুলিতে অনুষ্ঠিত সবকটি বৃহৎ অন্তর্দেশীয় ভ্রমণ ও পর্যটন মেলা/উৎসবে পর্যটক আকর্ষণের জন্য চোখে পড়ার মতন জায়গায় প্যাভিলিয়ন স্থাপন করে অংশগ্রহণ। এই প্যাভিলিয়নগুলিতে রাজ্যকে একটি আকর্ষণীয় মুখ্য পর্যটন কেন্দ্র হিসাবে তুলে ধরা হয়েছে এবং বহু মানুষ সেগুলি দেখতে পদার্পণ করেছে।

- রাজ্যের পর্যটন সামর্থ্যকে উপস্থাপিত করার জন্য চেন্নাই, ব্যাঙ্গালোর, পুনে, সুরাট, আহমেদাবাদ প্রভৃতি শহরে সাফল্যের সঙ্গে রোড শো আয়োজন করা হয়েছে। পর্যটন ক্ষেত্রে বৃহৎ লগ্নীকারীরা, যেমন সংশ্লিষ্ট শহরের ট্যুর অপারেটর/হোটেল মালিক প্রমুখেরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন। আশা করা যায় যে এই রোড শোগুলির কার্যকারিতা আগামী বছরগুলিতে রাজ্যে ভ্রমণরত অন্তর্দেশীয় পর্যটকদের সংখ্যায় প্রতিফলিত হবে।

- উপর্যুপরি চতুর্থ বছরের জন্য কলকাতা পুলিশ এবং বিখ্যাত খ্রিস্টীয় জনগোষ্ঠীর সঙ্গে একযোগে কলকাতার পার্কস্ট্রিট-অ্যালেন পার্কের সংযোগস্থলে পর্যটন বিভাগ বড়দিন উৎসবের সফল আয়োজন করেছিল।

- কলকাতায় ৭টি বড় এফ এম স্টেশন মারফৎ প্রচারকার্য চালানো হয়েছিল, যার অন্তর্গত ছিল একটি প্রতিযোগিতা যাতে অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে বিজয়ীরা পর্যটন উন্নয়ন নিগম পরিচালিত পর্যটক আবাসে বিনা পয়সায় ২ দিন থাকার সুযোগ উপহার হিসাবে পেয়েছিলেন।

- বিজ্ঞাপন এবং বিজ্ঞাপনমূলক নিবন্ধের মাধ্যমে পর্যটন গন্তব্যগুলি সম্পর্কে তথ্যাবলি মুদ্রণ মাধ্যমে কার্যকারিতার সঙ্গে প্রচারিত হয়েছিল। পর্যটন উন্নয়ন নিগম পরিচালিত বিভিন্ন প্যাকেজ ভ্রমণ সম্পর্কে জ্ঞাতব্য ও এইভাবে তুলে ধরা হয়েছে। ইন্ডিয়া টুডে, আউটলুক, ট্রাভেল প্লাস লেজার, লোনলি প্ল্যানেট ইত্যাদি এমনই কয়েকটি পত্রিকাগোষ্ঠী যাদের সঙ্গে পর্যটন বিভাগের চুক্তি সম্পাদিত হয়েছে।

- পর্যটন বিভাগ ইন্ডিয়া টুডে, ট্রাভেল প্লাস লেজার এবং ফাইনান্সিয়াল এক্সপ্রেসে কেবলমাত্র পশ্চিমবঙ্গ পর্যটন সম্পর্কিত সাপ্লিমেন্টারি প্রকাশ করার ব্যাপারে বিশেষ উদ্যোগ নিয়েছে। এই প্রকাশনাগুলি সহজেই সংগ্রহকারীর কাছে আদরণীয় হয়ে উঠতে পারে।

- প্রথম সারির জাতীয় সংবাদ চ্যানেল, আঞ্চলিক, বাংলা (সংবাদ ও পারিবারিক দুই ধরনের) চ্যানেল মারফত দূরদর্শনে লাগাতার প্রচার চালানো হয়েছিল। এই প্রচারকার্য সকলেরই প্রশংসা কুড়িয়েছিল। একই ধরনের প্রচারকার্য রাজ্যের বাইরের এফ এম চ্যানেলগুলি মারফতও চালানো হয়েছিল। আন্তর্জাতিক দর্শক-শ্রোতাদের কাছে রাজ্যকে তুলে ধরার জন্য ইউরোপ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় 'ডিসকভারি' এবং 'ইউরো নিউজ'-এর মাধ্যমে দূরদর্শনে ব্যাপক প্রচার চালানো হয়েছিল।

- আন্তর্জাতিক পর্যটন বাজারে রাজ্যের উপস্থিতি বজায় রাখার জন্য ডব্লু টি এম লন্ডন, আই টি বি বার্লিনের মতন পর্যটনকেন্দ্রিক বৃহৎ অনুষ্ঠানগুলিতে পর্যটন বিভাগ অংশগ্রহণ করেছিল।

(ছ) ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম :

বিভিন্ন যোগ্য বেসরকারী উদ্যোগকে পশ্চিমবঙ্গে পর্যটন আবাস নির্মাণের ক্ষেত্রে উৎসাহপ্রদানকারী 'ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম, ২০০৮'-এর মাধ্যমে ২০১২-১৩ সাল থেকে এ যাবৎ মোট ৯.৫ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। চলতি আর্থিক বছরে এই প্রকল্পটিতে মোট ১৯ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে যা গত আর্থিক বছরে ছিল ৮ কোটি টাকা।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি পর্যটন পরিকাঠামো উন্নয়নের জন্যে আপনি ১২টা বিষয়কে গুরুত্ব দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে যে, রাজ্যের বেশিরভাগ পর্যটন কেন্দ্রের সঙ্গে সরাসরি বিমান, রেল এমনকি সড়ক যোগাযোগ নেই। বিশেষ করে উত্তরবঙ্গে পর্যটকদের আকৃষ্টকারী জায়গাগুলো। ফলে ওইসব জায়গায় পর্যটকরা অনুমোদনহীন ভ্রমণসংস্থার শরণাপন্ন হতে বাধ্য হয়। এতে একদিকে যেমন ঝুঁকি অপরদিকে খরচও বেশি হয়। আমার প্রশ্ন হল, সরকার অনুমোদিত ভ্রমণসংস্থার মাধ্যমে package tour করবার কোনো উদ্যোগ আছে কিনা জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : স্যার, উনি একই সঙ্গে দুটি প্রশ্ন করেছেন। আমি আপনার মাধ্যমে প্রথমেই ওনাকে জানাচ্ছি স্যার, আমি এই মুহূর্তে আমার হাতে একটা তালিকা আছে, যেখানে আমাদের এই tourism-এর development-এর জন্য পরিকাঠামো উন্নয়ন অর্থাৎ সড়কবলুন, আলো বলুন, রাস্তাঘাটের পাশে অন্যান্য ব্যবস্থা বলুন, আমরা ঠিক কোনো কোনো কত টাকা ব্যয় করেছি, করছি এবং আগামীদিনে কত টাকার করব তার একটা পূর্ণাঙ্গ তালিকা আপনাকে দিয়ে দিতে পারি এক্ষুনি, এটা আমার হাতে ready আছে। আপনি যদি চান আমি দিয়ে দেব। দ্বিতীয়ত আপনি জেনে রাখুন, প্যাকেজ ট্যুর যেটা আপনি বলছেন, এটা ঠিকই প্যাকেজ ট্যুরের ক্ষেত্রে পর্যটক যারা যান, তারা অনেক সময়ই সরকার অনুমোদিত প্যাকেজ ট্যুরে যান না। কিন্তু এটা আপনি দেখবেন যে সেই ব্যক্তির অভিরুচির উপর নির্ভর করে। আমরা যেটা করছি, সেটা হচ্ছে আমরা এই সামনে একটা বিরাট বিপণনের পরিকল্পনা করেছি এবং সেখানে ওয়েবকে, আমাদের ওয়েবসাইটকে ঢেলে সাজাচ্ছি, সেখানে আমরা ঘোষণা করে দিচ্ছি যে এইগুলি হচ্ছে সরকার অনুমোদিত ট্যুরস অ্যান্ড ট্রাভেল গ্রুপস, যারা প্যাকেজ ট্যুর করে থাকে। এবার তো দেখুন, এমন তো হতে পারে কোনো মানুষ তিনি মনে করছেন সরকার অনুমোদিত ছাড়াও কোনো প্রাইভেট সংস্থার মাধ্যমে যাবেন। সেটা মানুষকে তার আমরা চেঞ্জ করতে পারি না, আমরা আমাদের দিক থেকে যেটা করছি এবং বিশেষত আপনি জানেন যে সরকার অনুমোদিত ট্যুরের ক্ষেত্রে এর আগেও তাদের অবস্থা কি করুণ ছিল। তো, আমরা যেহেতু ট্যুরের ব্যাপারটা পুরো ঢেলে সাজাচ্ছি ফলে এখন সেই ব্যক্তিকে আমরা প্রভাবিত করতে পারি। আমরা বলছি যে আমরা এই এই পর্যটন বাংলোগুলোর আমূল সংস্কার ঘটেছে, আপনি এখন এই এই পরিষেবা পাবেন, আপনার এই এই সুবিধা আপনি পাচ্ছেন। এবং অন্য প্রাইভেটের জায়গা থেকে গেলে আপনার যে খরচাপাতি হচ্ছে তার থেকে কম খরচা আপনি করতে পারছেন, এই সুবিধাগুলো আমি তাদের হাতের সামনে তুলে ধরতে পারি। এবার তিনি সরকার অনুমোদিত

জায়গায় যাবেন কিনা সেটা তো তার ব্যাপার। স্যার, এই সঙ্গে একটু জানিয়ে রাখি, আমি খোঁজ নিতে পাঠিয়েছিলাম, যেটা মাননীয় সদস্য দীপকবাবু বললেন, এটা আমাদের ডিপার্টমেন্ট নয়, ইরিগেশান ডিপার্টমেন্টের, তবে আমি এটা বলেছি, আপনা যদি করেন, আমি করে দেব।

*১৭৬। (নট কল্ড)।

মিঃ স্পীকার : এবার সাপ্লিমেন্টারী করুন।

শ্রী পরশ দত্ত : স্যার, আমি সাপ্লিমেন্টারী প্রশ্ন করছি আপনার মাধ্যমে। আমি মাননীয় পর্যটন মন্ত্রীকে একটা কথা জানাতে চাই, উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় মংপুতে কবিগুরু বহুদিন ছিলেন, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেই বাংলোটি, যেখানে কবিগুরু ছিলেন, সেই বাংলোটির কোনো প্রপার রক্ষণাবেক্ষণ হয় না। এখানে অনেক কবিগুরুর স্মৃতিবিজড়িত জিনিস রয়েছে, ঘরগুলো রয়েছে, ছবিগুলো রয়েছে, লেখা রয়েছে, সরকারের পক্ষ থেকে এই বাংলোটিকে প্রপারলি রক্ষণাবেক্ষণ করা যায় কিনা বলবেন, এখানে প্রচুর পর্যটক যান।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে ধন্যবাদ জানাই, ঘটনা হচ্ছে মংপুতে আমি এই গত মাসেই একটা ইন্সপেকশান করিয়েছি, আমাদের দপ্তর থেকে। যেহেতু মংপুর সঙ্গে রবীন্দ্রনাথ, মৈত্রেয়ী দেবীর দীর্ঘদিন একটা ঐতিহ্য আছে। এখন ঘটনা হচ্ছে যে, মংপুতে আমরা একটা অংশ টাকা খরচাও করেছি। ঘটনা হচ্ছে, মংপু যেখানে পড়ছে, সেটা জি.টি.এ-র আন্ডারে। এবার জি.টি.এ-র সঙ্গে আমরা একপ্রস্ত চিঠি দিয়েছি যে এই মংপুর ক্ষেত্রে আপনারা যদি কোনো একটা সুনির্দিষ্ট পরিকল্পনা নেন, নিলে ভাল হয়, কেননা এটার মধ্যে, সেটা কেবলমাত্র মংপু বা দার্জিলিং বা পশ্চিমবঙ্গর বিষয় নয়, সারা ভারতবর্ষ সারা পৃথিবীর ব্যাপার এর সঙ্গে জড়িয়ে আছে। তো, আমরা আশা করছি যে এই বিষয়ে আমাদের জানাবে হয় তারা করবেন নাকি তারা করবেন না, নাকি তারা আমাদের দপ্তরের উপর ছাড়বেন, এই বিষয়ে তাদের থেকে সদুত্তর পেলে যেহেতু এটা গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশান-এর আওতার মধ্যে পড়ে, আমরা বিষয়টা প্রথমে তাদের উপরেই ছাড়তে চাইছি। এবার তাদের উত্তর পেলে আমরা একসঙ্গে কোলাবোরেট করেও কাজটা করতে পারি। তবে এটা ঠিক যে মংপুর ক্ষেত্রে আমাদের অত্যন্ত কনসার্ন রয়েছে, গভীর অভিনিবেশ রয়েছে এবং সেই জায়গা থেকে এই কাজটা করা, করণীয় বলে আমি মনে করি। ধন্যবাদ স্যার।

শ্রী বিশ্বনাথ কারক : ধন্যবাদ স্যার। আমি এই গত শনিবার রবিবার ডুয়ার্সে গিয়েছিলাম। খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন এটা। ওখানে আমাদের মুন্ডা সাহেব, যোশেফ মুন্ডা এম এল এ আমাদের, ওনার সাথে দেখা হয়েছিল, উনি থাকার জায়গা করে দিয়েছিলেন। কিছুই নাই, ওখানে মূর্তি নদী বলে একটি নদী আছে, তার ধারে গেলাম, একেবারে অপরিষ্কার, অপরিচ্ছন্ন, কিছু নেই। এবং লোকজন শীতকালে খুব হয় শুনেছি। উনি আমাকে একটি বাড়ি দেখে দিলেন আর কি, ওই যেখানে ডুয়ার্সের লাগোয়া মালবাজার পেরিয়ে একটু নাগরাকাটা, সেখানে থাকলাম। একদিনের রেট হচ্ছে তার ১৩০০ টাকা। আমরা বলা কওয়ার পর ১১০০ টাকা উনি নিলেন। এরপরে আমাদের জোসেফবাবুর পরিকল্পনা অনুযায়ী ভোরবেলা টিকিট কাটতে গিয়েছি এই বনদপ্তরের কাছে।...

[12.00 noon - 12.10 p.m.]

মিঃ স্পীকার : আপনার যদি কোনো অভিযোগ থাকে তাহলে মাননীয় মন্ত্রীকে একটা চিঠি দিয়ে জানিয়ে দিন।

শ্রী ব্রাত্য বসু : না, স্যার ওনাকে বলতে দিন।

শ্রী বিশ্বনাথ কারক : ১২০ টাকা করে টিকিট কাটা হল। ১২০ টাকা করে। বিভিন্ন দপ্তর আছে। বিভিন্ন জঙ্গলে এক একটা সেক্টার আছে। যাই হোক, একটা সেক্টারে আমরা গেলাম, ১২০ টাকা। ওনারা একটা গাড়ি করে দিলেন, সেই গাড়ি করে আমরা যাব। আমরা মনে করেছিলাম যে, ১২০ টাকার মধ্যেই বোধহয় গাড়িতে আমরা যাব। আমরা ৫-৭ মিনিট সেই গাড়িতে করে বনের ভেতরে গিয়েছি। আমরা গেলাম গাড়ি করে। ঘুরে এসে যখন আমাদের নামানো হল তখন আমাদের বলা হল ১৩০০ টাকা গাড়ির জন্য দিতে হবে। একদম লোক ঠকানো ব্যাপার। কিছুই দেখায়নি, বনে জঙ্গলে কিছুই নেই, ফাঁকা জায়গায় গিয়ে নামিয়ে দিয়েছে। এটা দেখার জন্য আমি আপনাকে অনুরোধ করব।

শ্রী ব্রাত্য বসু : স্যার আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই, প্রথম কথা বলি, আপনি যে মূর্তি নদী দেখেছেন সেটি একটি বিখ্যাত নদী। এটি ডায়না নদী থেকে এসে চেল নদীতে গিয়ে মিশেছে। এটি পাহাড়ি নদী। গরমকালে আপনি ওখানে জল পাবেন না এবং বর্ষাকালে আপনি ওখানে জল পাবেন। আপনি যদি নাগরাকাটা থেকে বাতাবাড়ির দিকে যান তাহলে ওখানে পর্যটন দপ্তরের একটিমাত্র জায়গা আছে। আমি জানি না আপনি কোন বাড়িতে থেকেছিলেন। সেটা পর্যটন দপ্তরের আওতাভুক্ত কিনা তাও জানি না। আমি তো আপনাকে বলে দিচ্ছি যে জায়গাটা কোথায়। নাগরাকাটা থেকে বাতাবাড়ির মধ্যে মূর্তি বনবাংলো পড়ে। আপনি যদি নাগরাকাটার দিক থেকে আসেন তাহলে আপনার ডানদিকে পড়বে এবং বাতাবাড়ির দিক থেকে যদি আসেন তাহলে আপনার বামদিকে পড়বে। আমি তো আপনাকে বলে দিচ্ছি জায়গাটা কোথায়। ডুয়ার্স একটি বিস্তীর্ণ এলাকা। যাইহোক, আমি জানি না সেখানে আপনি কোথায় ছিলেন। ১৩০০ টাকা করে যদি হয়ে থাকে এবং যদি সরকারি জায়গা হয়ে থাকে তাহলে আমি মনে করি না সেটা খুব বেশি। তার সঙ্গে খাবার ছিল কিনা, সেটাও দেখতে হবে। দ্বিতীয় প্রশ্ন আপনি যেটা করেছেন, ওয়াচ টাওয়ারের বিষয়ে। এটা আমার উত্তর দেওয়ার বিষয় নয়। এটা বন দপ্তরের আওতাভুক্ত। তবু আমি জানিয়ে রাখছি, আমার যতদূর ধারণা আছে যে চুকচুকি ওয়াচ টাওয়ারের কাছে যদি আপনি টিকিট কেটে থাকেন তাহলে তার রেট একরকম এবং গরুমারা ওয়াচ টাওয়ারের কাছে যদি টিকিট কেটে থাকেন তাহলে তার রেট আর একরকম। এবারে দেখতে হবে আপনি কোন ওয়াচ টাওয়ারের কাছে টিকিট কেটেছিলেন এবং কোন গাড়িতে চড়েছিলেন? সেই গাড়ি আপনাকে কোন কোন জঙ্গলে ঘুরিয়েছিল, সেই বিষয়ে তো আমার কোনো ধারণা নেই। এটা যদি আমাকে বিশদে জানান তাহলে আমি বিশদে উত্তর দিয়ে দেব।

Question Hour is Over

Starred Questions
(to which answers were laid on the Table)

কংসাবতী নদীর অ্যানিকেট বাঁধ

*১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলায় কংসাবতী নদীর উপর মোহনপুরে অ্যানিকেট বাঁধ তৈরির কাজ চলছে; এবং

(খ) সত্যি হলে, ১। কত অর্থ বরাদ্দ করা হয়েছে; ও

২। কংসাবতীর জল কতখানি পানীয় জলের ও সেচের জলের সমস্যা মেটাবে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় : (ক) এটা সত্যি যে, পশ্চিম মেদিনীপুর জেলায় কংসাবতী নদীর উপর মোহনপুরে একটি অ্যানিকেট নির্মাণের কাজ চলছে।

(খ) ১. এই কাজের জন্য RIDF-XVII-এর অধীনে মোট ১০৪.৫০ কোটি টাকার প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে।

২. অ্যানিকেট নির্মাণ প্রকল্পে পানীয় জল সরবরাহের কোনো অংশ অন্তর্ভুক্ত নয়। কংসাবতী জলাধার থেকে প্রাপ্ত জলসাপেক্ষে মেদিনীপুর অ্যানিকেট প্রকল্পটির খালগুলির মাধ্যমে খারিফে ৮৪,০০০ একর এবং রবিতে ৪০,০০০ একর জমিতে সেচের জল দেওয়ার সংস্থান আছে।

রামশাই পর্যটন কেন্দ্র

*১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৭) **শ্রী অনন্ত দেব অধিকারী :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গরুমারা অভয়ারণ্য সংলগ্ন রামশাইতে পর্যটন কেন্দ্র গড়ার কোন পরিকল্পনা আছে কি: এবং

(খ) রামশাইতে অনুমোদিত পরিবেশবান্ধব পর্যটন শিল্প গড়ার জন্য অর্থ বরাদ্দ হওয়া সত্ত্বেও এখনও কাজ শুরু না হওয়ার কারণ কী?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রামশাইতে বর্তমানে পর্যটনকেন্দ্রিক পরিকাঠামো উন্নয়নের জন্য পর্যটন দপ্তর পরিকল্পনা গ্রহণ করেছে। মূলত সৌন্দর্য্যায়ন, পর্যটক স্বাচ্ছন্দ্য বিধানের জন্য পরিকাঠামো উন্নয়ন, ওই এলাকার বাটারফ্লাই পার্কের উন্নয়ন ও সংস্কার ও রাত্রিবাসের জন্য পর্যটন কুটির নির্মাণ সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ করা হবে।

(খ) ইতিমধ্যেই বিভাগীয় বনাধিকারিক (ডি.এফ.ও.) বন্যপ্রাণ বিভাগ, জলপাইগুড়ি এবং সমষ্টি উন্নয়ন আধিকারিক ময়নাগুড়িকে ১ কোটি ৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কাজ শুরুর প্রক্রিয়া গৃহীত হয়েছে।

এস সি/এস টি ছাত্রছাত্রীদের শিক্ষাশ্রী বৃত্তি

*১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫ অর্থবর্ষে মোট কতজন এস সি/এস টি সম্প্রদায়ের ছাত্রছাত্রীকে 'শিক্ষাশ্রী বৃত্তি প্রদান করা হয়েছে?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ১২,০৩,২৫৬ জন SC এবং ২,১৭,৭১৩ জন ST সর্বমোট ১৪,২০,৯৬৯ জন SC/ST সম্প্রদায়ের ছাত্রছাত্রীকে 'শিক্ষাশ্রী' বৃত্তি প্রদান করা হয়েছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received three (3) notices of Calling attention on the following subjects, namely:

	Subject		**Name**
(i)	Steps taken by the State Government for compliance of verdict of the Hon'ble High Court regarding the post of Parliamentary Secretary	:	Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan
(ii)	Urge for repairing of the road from Bangrua Bridge to Bhawanipur in Harischandrapur Assembly Constituency area	:	Shri Tajmul Hossain
(iii)	Reported trace of harmful chemical ingredients in 'Maggi' and situation arisen therefrom	:	Shri S. M. Sadi and Shri Insar Ali Biswas

I have selected the notice of Shri Tajmul Hossain on the subject of Urge for repairing of the road from Bangrua Bridge to Bhawanipur in Harishchandrapur Assembly Constituency area. The Minister in chrarge may please make a statement today, if possible or give a date.

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কলিং অ্যাটেনশানের উত্তর আমি বর্তমান অধিবেশন চলাকালীন দিয়ে দেব।

Mr. Speaker : Now, I call upon Hon'ble Minister-in-charge of P.A. Department to make a statement on the subject of construction of S.R.D.A. road from Naihati to Kalyanpur under Ketugram Block-II in Ketugram Assembly Constituency area.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক সেখ শাহনাওয়াজ কর্তৃক গত ২৮.৫.১৫ তারিখে বিধানসভায় উত্থাপিত দৃষ্টি আকর্ষণী নোটিশের প্রসঙ্গে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়ের বিবৃতি। যেটা আমি ওনার অনুপস্থিতিতে পড়ে শোনাচ্ছি এই হাউসকে। বর্ধমান জেলার কেতুগ্রাম বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কেতুগ্রাম-২ ব্লকের গঙ্গা নদীর তীরবর্তী 'নৈহাটি থেকে কল্যাণপুর' পর্যন্ত এস.আর.ডি.এ-র রাস্তা নির্মাণ করার জন্য প্রস্তাব দিয়ে মাননীয় বিধায়ক সেখ শাহনাওয়াজ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর বিবৃতির জন্য অনুরোধ জানিয়ে বিগত ২৮.৫.১৫ তারিখে বিধানসভায় একটি নোটিশ দিয়েছেন।

এই প্রসঙ্গে বিধানসভার মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাই যে, কোর নেটওয়ার্কের মধ্যে কেতুগ্রাম-২ ব্লকে 'নৈহাটি থেকে কল্যাণপুর'—এই নামে কোনও রাস্তার উল্লেখ নেই। কিন্তু কোর নেটওয়ার্কে উক্ত ব্লকের অন্তর্গত 'মউগ্রাম থেকে নৈহাটি' নামে রাস্তাটিতে 'নৈহাটি' এবং 'কল্যাণপুর' — এই দুইটি হ্যাবিটেশান বা বসতি সংযুক্ত রয়েছে। এই প্রসঙ্গে আরো উল্লেখ করা যায় যে, 'মউগ্রাম থেকে নৈহাটি' রাস্তাটি পি.এম.জি.এস.ওয়াই-এর এ.ডি.বি. ২০১৪-১৫ (ট্রেঞ্চ-৩) স্কিমে অনুমোদন পেয়েছে, যার প্যাকেজ নম্বর ডব্লু বি-০৫-এ ডি বি-২৭। এই প্রকল্প রূপায়ণের উদ্দেশ্যে অর্থ বরাদ্দের জন্য ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রককে দুইবার স্মারকপত্র পাঠানো হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the First, the Second, the Third and the Fourth Reports of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee Relief & Rehabilitation (2014-2015)

Shri Gulsan Mullick : Sir, with your kind permission, I beg to present—

(a) The First Report of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee Relief & Rehabilitation (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Refugee Relief & Rehabilitation Department for the year 2015-2016;

(b) The Second Report of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee Relief & Rehabilitation (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Disaster Management Department for the year 2015-2016;

(c) The Third Report of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee Relief & Rehabilitation (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Child Development Department for the year 2015-2016; and

(d) The Fourth Report of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee Relief & Rehabilitation (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Women Development and Social Welfare Department for the year 2015-2016.

Presentation of the First Report of the Standing Committee on Backward Classes Welfare (2014-2015)

Shri Satyendra Nath Roy : Sir, I beg to present the First Report of the Sanding Committee on Backward Classes Welfare (2014-2015), on Pre-Voting Budget Scrutiny of the Demands for Grant relating to Backward Classes Welfare Department and Tribal Development Department for the year 2015-2016.

GOVERNMENT BUSINESS

LAYING OF NOTIFICATION

Notification made by the Department of Fisheries, Aquaculture, Aquatic Resources & Fishing Harbours, Government of West Bengal under the West Bengal Right to Public Services Act, 2013

Shri Chandra Nath Sinha : Sir, I beg to lay the Notification No.1083/Fish/C-III/2M-58/2014 dated the 18th May, 2015, issued by the Department of Fisheries, Aquaculture, Aquatic Resources & Fishing Harbours, Government of West Bengal and published in the Kolkata Gazette Extraordinary dated the 19th May, 2015 under the West Bengal Right to Public Services Act, 2013.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2013-2014

Dr. Amit Mitra : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2013-2014.

The Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2013-2014.

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual Statement of Accounts together with Audit Report theron, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2013-2014.

The 29th Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2013-2014.

Shri Manish Gupta : Sir, I beg to lay the 29th Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2013-2014.

[12.10 - 12.20 p.m.]

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার আমি আপনার মাধ্যমে পুর দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুমারগ্রাম বিধানসভা এলাকার বারভিসা কুমারগ্রাম, কামাখ্যাগুড়ি, ভাটিবাড়ি, তুরতুরি, শামুকতোলা ইত্যাদির গ্রামীণ প্রাথমিক উপস্বাস্থ্য কেন্দ্রের অবস্থা খুবই করুণ। কোথাও বিল্ডিং ভেঙে পড়ছে, কোথাও আবাসনের অবস্থা শোচনীয়, কোথাও জেনারেল ওয়ার্ডে বৃষ্টির জল পড়ছে, কোথাও পাঁচিল ভেঙে যাচ্ছে। স্যার, এই ব্যাপারে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আর কতবার আকর্ষণ করবো?

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল কলকাতায় পিকনিক গার্ডেনে একটি ঘটনা হয়েছে। মহম্মদ ইসমাইল তিনি একটি বেসরকারি প্রতিষ্ঠানে উচ্চপদে কাজ করতেন কিন্তু সেখানে, তিনি হজ করে আসার পর সেই বেসরকারি কোম্পানীর মালিক তাকে বলে যে তাকে দাড়ি কাটতে হবে। দাড়ি না কাটলে তাকে কোম্পানীতে ঢুকতে দেওয়া হবে না এবং তারপরে গত ১৭ মে কোম্পানীর ঘর থেকে তাকে মেরে বের করে দেওয়া হয়েছে। এরপরে বালিগঞ্জ থানাতে সে একটি এফ.আই.আর. করেছে কিন্তু বালিগঞ্জ থানা বলেছে যে মালিকদের সঙ্গে মীমাংসা করে নিন। মালিক বলেছে দাড়ি কেটে নিতে, এটা ব্যক্তি স্বাধীনতার ওপরে হস্তক্ষেপ এবং আমাদের সংবিধানে যে মৌলিক অধিকার আছে সেই ফান্ডামেন্টাল রাইটের ওপর আক্রমণ এবং ধর্মনিরপেক্ষতার ওপর আক্রমণ। কুতুবউদ্দিন যখন গুজরাটে দাঙ্গা হয়েছিল কলকাতায় আশ্রয় নিয়েছিল। আমি এ ব্যাপারে মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, বালিগঞ্জ থানা ও.সি.-র

এই ধরনের আচরণের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতি আমি সেজন্য আবারও দৃষ্টি আকর্ষণ। ধন্যবাদ।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : স্যার, আমার যেটা বলার, আমি বহুবার বলেছি, এটা সরকার চলছে কিনা বুঝতে পারছি না। এই সরকারের আমলে আমার যে বিধানসভা সেই বিধানসভার, পাণ্ডবেশ্বর বিধানসভার অন্ডাল থানার মধ্যে পরাশকোল, জামবাদ ও বানকোলা কোলিয়ারি ও পাণ্ডবেশ্বর থানার খোট্টারডিহি, নিমসা, কেন্দ্ররা, হরিপুর — এর আগেও বলেছি এই সব জায়গাতে বোমা-বারুদের কারখানা তৈরি হয়ে গেছে। পুলিশ প্রশাসন কিচ্ছু করছে না এবং ওপেনলি সমস্ত জায়গাতে মারামারি হচ্ছে। স্যার, কদিন আগে মারামারি হল তৃণমূলের দুটো দলের মধ্যে — এইসব অস্ত্র পুলিশ উদ্ধার করতে পারছে না। আমি বলবো এইসব অস্ত্র উদ্ধার করা হোক যাতে করে এই ধরনের পরিস্থিতি বন্ধ হয়। তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। শিক্ষা ক্ষেত্রে এক নৈরাজ্য শুরু হয়েছে। উচ্চ মাধ্যমিকের ফল সম্প্রতি ঘোষণা হয়েছে। সেখানে দেখা যাচ্ছে যে কিছু ছাত্রছাত্রী যারা পরীক্ষায় না বসেও তারা কৃতকার্য হয়েছে। আবার যারা বসেছে তাদের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে কিছু কিছু সাবজেক্টে তাদের রেজাল্ট আসছে না। এর ফলে তারা পর্ষদের ওয়েবসাইটে গিয়ে বিভিন্নভাবে রিভিউ এবং স্ক্রুটিনি করার জন্য চেষ্টা করেছে। কিন্তু সেখানে তারা কোনো আবেদন নথিভুক্ত করতে পারছে না। তাই মাননীয় মন্ত্রীর প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, যাতে এই ছাত্ররা কোনোভাবে হয়রান না হয় সেটা দেখার জন্য।

শ্রী নবীন চন্দ্র নাগ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ৬৫ বছরে বা তার ঊর্ধ্বে যেসব বয়স্ক দরিদ্র নাগরিক জাতীয় বয়স্ক পেনশন প্রকল্পের আওতাভুক্ত নন তাদের খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করার উদ্দেশ্যে অন্নপূর্ণা যোজনা নামে একটি প্রকল্প চালু আছে। এই প্রকল্পে প্রতি মাসে মাথাপিছু ১০ কে.জি. করে চলে দেওয়া হয়। কিন্তু গত ৬ মাস ধরে দরিদ্র মানুষগুলো চাল পাচ্ছে না। এই মানুষগুলোকে এই চালের ওপরে নির্ভর করতে হয় এবং এর ফলে বেশিরভাগ সময়ে তাদের অনাহারে থাকতে হচ্ছে। মাননীয় মন্ত্রী বলেছিলেন ২০১৪ সালে সমস্ত ব্লকে ডিজিটাল রেশন কার্ড চালু করবেন। তার ডাটা বেস তৈরির কাজ এখনো সব অঞ্চলে শেষ হয়নি। ফলে নতুন রেশন কার্ড দেওয়া বন্ধ আছে প্রায় ৯ মাস। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যাতে দরিদ্র মানুষগুলো অন্নপূর্ণা যোজনার চালটা পায় এবং ডিজিটাল রেশন কার্ড যাতে অতি দ্রুত চালু করা যায় সেই ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি।

শ্রী বাসুদেব মেটে : স্যার, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় যে সমস্ত পিচ রাস্তাগুলো রয়েছে, সেইগুলির অবস্থা খুব খারাপ, বেহাল অবস্থা। বেশ কিছু দিন ধরে দুই একটা রাস্তায় বাস বন্ধ হয়ে যাচ্ছে। দুই একটি রাস্তার উদাহরণ দিচ্ছি — ভেদিয়া, বর্ধমান রুট ভায়া গেঁরাই বিষ্ণুপুর মানকর হয়ে রাস্তাটা অযোগ্য।

আরও একটা রয়েছে কালিদহ থেকে আউসগ্রাম পর্যন্ত, আরও একটা রয়েছে ইলামবাজার ১১ মাইল হয়ে মোরগ্রাম পর্যন্ত — এই রকম। প্রায় চার বছর ধরে প্রধানমন্ত্রী সড়ক যোজনার কাজ একদম বন্ধ। কি কারণে বন্ধ জানি না। আমার আউশগ্রাম ২নং ব্লকে ১২০ কিলোমিটার রাস্তা স্যাংশান হয়ে আছে, সেই কাজগুলি বন্ধ হয়ে রয়েছে, কি কারণে বন্ধ হয়ে রয়েছে? কোনো কারণে বন্ধ হয়েছে, আপনারাই জানেন। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী আব্দুর রহিম বক্সী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, যে মালতীপুর বিধানসভা কেন্দ্রে গত চার বছরে একটিও নতুন রাস্তা তৈরি হয়নি। যে রাস্তাগুলোর কাজ বামফ্রন্ট সরকার ধরেছিল, সেই রাস্তাগুলোর কাজ হচ্ছে না। কোথাও কোথাও প্রধানমন্ত্রী সড়ক যোজনার কাজ শুরু হলে, সেই রাস্তাগুলো ভেঙে পড়ে আছে। বিশেষ করে স্যার, গত দেড় বছরে আগে আর.আই.ডি.এফ. প্রকল্প থেকে শ্রীপুর বাসস্ট্যান্ড থেকে ভায়া গঙ্গাগিরি, জয়গুরু সিনেমাহল পর্যন্ত সামসি — এই রাস্তার জন্য চার কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। কিন্তু সেটার টেন্ডারই হচ্ছে না। কেউ কন্ট্রাকটার যাচ্ছে, কাটমানির ভয়ে — অনেক টাকা চাইছে সবাই — ফলে পালিয়ে যাচ্ছে সবাই। সরকার পক্ষের অনেক লোক টাকা চাইছে — এত পারসেন্টেজ দিতে হবে, ফলে সেখানে কাজ করছে না। যদিও একজন সাব টেন্ডার নিয়েছেন, প্রায় তিন মাস হয়ে গেল তিনি কাজে যাচ্ছেন না। আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ওখানকার মানুষ খুব কষ্টে আছেন, দ্রুত কাজ শুরু করলে মানুষের ভাল হয়...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী এস. এম. সাদি : ধন্যবাদ স্যার, শ্রমিকদের ন্যায্য দাবি নিয়ে আন্দোলন, সংগ্রাম করতে গিয়ে, সারা রাজ্যেই বামপন্থী কর্মীরা আক্রান্ত হচ্ছেন এবং পুলিশের মিথ্যা মামলাতে তাদের জড়িয়ে দেওয়া হচ্ছে পুলিশ দিয়ে। এই ধরনের ঘটনা ঘটে গতকাল নদীয়া জেলায় কোতায়ালি থানায়, কৃষ্ণনগর শহরে এবং পার্শ্ববর্তী বীননগর সারা রাত ধরে পুলিশ বামপন্থী কর্মীদের বাড়িতে গিয়ে ভাঙচুর করেছে, গ্রেপ্তার করেছে। কৃষকসভার কর্মী, সিপিআইএমের কৃষ্ণনগর জোনাল কমিটির সদস্য ব্রজেন বিশ্বাসকে বাড়ি থেকে গ্রেপ্তার করেছে। শ্রমিক নেতা মঙ্গল ঘোষ, ছাত্রনেতা নীলাদ্রি শেখর দাস এবং শ্রমিক নেতা ধ্রুব বিশ্বাসের বাড়িতে গিয়ে অশ্রাব্য গালি-গালাজ, তাদের বাড়ির স্ত্রী, মা-বোনেদের গালিগালাজ করে, বাড়ি ভাঙচুর করেছে। এটা একটা শ্রমিকদের গণতান্ত্রিক আন্দোলন, শ্রমিকদের ন্যায্য দাবিতে আন্দোলন। পুলিশ মিথ্যা মামলা করেছে। আমার দাবি হচ্ছে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে, মিথ্যা মামলা প্রত্যাহার করা হোক। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার এবং সংশ্লিষ্ট মন্ত্রী ও গোটা বিধানসভার সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি, গুরুত্বপূর্ণ বিষয় ...(নয়েজ)... এই সময়ে নমুনা পরীক্ষা করার সময়ে — এই সময়কালে গোটা সেনাবাহিনীর ক্যান্টিনে ম্যাগি নিষিদ্ধ হয়েছে, একাধিক রাজ্যে নিষিদ্ধ হয়েছে — আপনাদের কবে পরীক্ষার নমুনা আসবে, তারপরে আমাদের এখানে নিষিদ্ধ হবে। আমি বলছি, এই সময়ে একটা আতঙ্ক সৃষ্টি হয়েছে — অতি সত্বর এখানে

ম্যাগিকে নিষিদ্ধ করুক — আর যখন ভাল ফল হবে তখন আবার চালু করা হবে। এই বিষয়টাকে দেখার জন্য আপনাকে বলছি স্যার। ...(নয়েজ)... স্বাস্থ্য দপ্তর বসে আছে স্যার, একটু বলুন স্যার। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : গ্রাম বাংলায় খেতমজুরদের কাজ নেই, ১০০ দিনরে কাজের বকেয়া এখনও মেলেনি, গরিবদের গতর খাটার টাকা কবে মিটবে — পঞ্চায়েত দপ্তর উদাসীন। গরিবরা ঠিকমত খেতে পাচ্ছেন না। কাজের জন্য হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে। ৫০-এর দশকের মত গ্রামে গ্রামে ফিরে আসছে সেই হাহাকার। অন্যদিকে কৃষক অভাবী ধান বিক্রি করে চলেছে। সরকারে ভাঁড়ারে যেটুকু ধান জমা পড়েছে, শাসকদলের কর্মীরা সেই অভাবী ধান কিনে সহায়ক মূল্যে বিক্রি করে মুনাফা লুঠেছে। এই পরিস্থিতিতে আমার দাবি গ্রাম বাংলায় খেত-মজুরদের মাথাপিছু অবিলম্বে কাজের ব্যবস্থা করা হোক। সরকারি নির্ধারিত দামে ধান কেনার ব্যবস্থা করা হোক।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি, রাজ্যে যে ভাবে মহিলাদের উপরে অত্যাচার ও নির্যাতন বেড়েছে, তাতে আমরা সকলে চিন্তিত — পার্কস্ট্রিট, কাটোয়া, কামদুনি, গেদে, নবাবহাট, ধূপগুড়ি, রানাঘাট, কাকদ্বীপ, জীবনতলা, মন্দিরবাজার শুরু হয়েছে। চাকরির দেওয়ার প্রলোভন দেখিয়ে দক্ষিণ ২৪-পরগনা জেলা শংকরপুর গ্রাম পঞ্চায়েতে এক গৃহবধূকে, মথুরাপুর-১ নম্বর ব্লকের কৃষি কর্মাধ্যক্ষ আবদুস সালাম শাহ ধর্ষণ করে। ঘটনার কথা কাউকে জানালে মোবাইলে তুলে রাখা তার নগ্ন ছবি ইন্টারনেটে প্রচার করার হুমকি দেয়। গত ২৯শে মে স্থানীয় ধরাহাট থানায় অভিযুক্তদের বিরুদ্ধে অভিযুক্ত কেস করা হয় ১৬৫ বা ১৫। অভিযুক্ত শাসকদলের নেতা হওয়ায় ...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[12.20 - 12.28 p.m.]

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আমার বিধানসভা নিকাশিপাড়া কেন্দ্রে বেথুয়াডহরিতে এগ্রিকালচার ডেভলপমেন্টের প্রচুর জায়গা আছে। এই সরকারই হাঁসখালি এবং নাকাশিপাড়াতে দুটো কৃষকদের প্রশিক্ষণ শিবির করবার সিদ্ধান্ত নিয়েছিলেন। আমি চাই যে নাকাশিপাড়া ব্লক ১০০ শতাংশ চাষের এলাকা, কৃষি এলাকা। সেই কারণে নাকাশিপাড়া ব্লকে যাতে কৃষকদের প্রশিক্ষণের একটা সেন্টার অবিলম্বে চালু করে আধুনিক চাষের প্রশিক্ষণ যাতে কৃষকরা পায় তার ব্যবস্থা করলে ভাল হয়।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার মধ্যে ধূপগুড়ি ব্লক হচ্ছে সর্ববৃহৎ ব্লক। ধূপগুড়িকে মহকুমায় রূপান্তরিত করার জন্য পর্বে আমি চিঠি দিয়েছিলাম। কিন্তু আজ অবধি কোনো প্রশাসনিক উদ্যোগ গ্রহণ করা হয়নি। ধূপগুড়ি ব্লককে অবিলম্বে মহকুমায় রূপান্তরিত করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেটা হল এই, আমার কেন্দ্র উত্তর হাওড়া বিধানসভায় একটাও কলেজ নেই। এই কলেজ না থাকার জন্য অসুবিধা হচ্ছে এখানকার যারা পাশ করছে মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক, তাদের গঙ্গা পার হয়ে কলকাতায় আসতে হচ্ছে। হাওড়ায় একটা ছিল সেটা নরসিংহ দত্ত কলেজ, সেটা ডিলিমিটেশানে শিবপুরে চলে গেছে। উত্তর হাওড়া বিধানসভা ক্ষেত্রের মধ্যে একটা কলেজ, ইভিন একটা পলিকেটনিক কলেজ হলেও চলবে, একটা করে দেওয়া উচিত স্যার।

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি মূলত। বিলম্বিত বৃষ্টি এবং ১৫% বৃষ্টি কম হবে সেই রকম সম্ভাবনা দেখা দিয়েছে, আবহাওয়া দপ্তর যা বলছে। খরা পরিস্থিতির একটা সৃষ্টি হয়েছে। আবার এর মধ্যে প্রচণ্ড গরম, এই সপ্তাহতে বা সামনের সপ্তাহের শুরুতে স্কুল গুলো খুলে যাচ্ছে। আমার অনুরোধ বাচ্চাদের এই সময় স্কুলে বেরোনো সত্যিই খুব মুশকিল হেঁটে বা সাইকেলে করে। তাহলে আরো যদি সামার ভেকেশানটা এক্সটেনশান করা যায় সেই অনুরোধ করছি। দ্বিতীয় হচ্ছে চাষ ক্ষতিগ্রস্ত হতে পারে, আর.বি.আই, রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং ইতিমধ্যে কেন্দ্রীয় কৃষি দপ্তর, তারাও বলেছে, চাষীদের জন্য গ্রাউন্ড ওয়াটার বা রিভার লিফ্‌ট ইরিগেশানের জন্য কম খরচে বিদ্যুৎ বা সাবসিডাইস রেটে ফুয়েলের ব্যবস্থা যাতে হয়, তার দাবি আমি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে রাখছি। তিনি এখানে আছেন এই ব্যাপারে তিনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা যদি বলেন তাহলে আমরা উপকৃত হব।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় আনন্দমঠ বলে মহিলাদের একটা আশ্রম আছে। এখানে বাচ্চা মেয়েরা লেখাপড়া করে। কিন্তু ক্লাস থ্রি-র পরে তাদের বাইরে যেতে হয়, অনেক দূরে যেতে হয়। এটাকে যদি একটা আপার প্রাইমারি করা যায় ক্লাস এইট পর্যন্ত, এই যে অনাথ বাচ্চাগুলো যায়, তাদের একটা সিকিউরিটির প্রশ্ন আছে তাহলে এটা ভাল হয়। তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে সংখ্যালঘু উন্নয়ন বিষয়ক মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই সরকার সংখ্যালঘুদের কথা বেশী করে বলেন। আমাদের মুখ্যমন্ত্রী নিজে সংখ্যালঘুদের অনুষ্ঠানে যান এবং ভাল ভাল কথা বলেন। কিন্তু মুশকিল হচ্ছে তাদের কাজ একেবারে উপেক্ষিত। এই সাচার কমিটির রিপোর্টের পরে রঙ্গনাথ মিশ্র কমিশন বলেছেন যে সুপারিশগুলো করেছিল তা কার্যকরী হয়নি। সবথেকে দুঃখের ব্যাপার যেটা, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া থেকে যে টাকা পাওয়া যায়, এই ২০১২ সালের এপ্রিল থেকে ২০১৫ সালের মার্চ এই ৩ বছরে ৯৩৩ কোটি ২২ লক্ষ টাকা ওরা দিয়েছে। এখানে যা খরচ হয়নি তার পরিমাণ হচ্ছে ৫৫৭ কোটি ৩১ লক্ষ টাকা। মানে, less than 40% খরচ হয়েছে। একদিকে যখন বলছি মুসলিমদের কথা, সংখ্যালঘুদের কথা, তাদের জন্য হাসপাতাল হবে, তাদের জন্য আই.টি. হাব

হবে — অনেক কথা বলছি। কার্যত টাকা পড়ে আছে। ৬০ শতাংশ টাকা পড়ে আছে। এটা খুব দুঃখের। আমি আপনাকে বলতে চাইছি, এই টাকা তাড়াতাড়ি খরচ করার ব্যবস্থা করা হোক।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১১ সালে এই সরকার ক্ষমতায় আসার আগে তাদের প্রতিশ্রুতি ছিল যে, পশ্চিমবঙ্গে পরিবর্তন হলে, যে ওয়াকফ্ সম্পত্তি বিপুলভাবে লুট হয়েছে সেগুলি পুনরুদ্ধার করবেন এবং এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেবেন। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যাচ্ছে, খোদ কলকাতার বুকের ওপরে কড়েয়া থানা, তিলজলা থানা, এমনকি ভবানীপুরেও ২৬ নম্বর উমানন্দ রোডে প্রায় দু-বিঘা দশ কাঠা জমি — EC 13524, 13992..101/1A, 1B, কড়েয়া রোড, just opposite Kareya Thana, সেখানে যথেচ্ছাচার চলছে। সেখানে ওয়াকফ্ সম্পত্তির ওপরে কবজা করা হচ্ছে। বহুতল বাড়ি নির্মাণ করা হচ্ছে। হাইকোর্টের অর্ডার থাকার সত্ত্বেও বোর্ডকে খুলে ফেলে — সেখানে পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না। প্রায় প্রতিযোগিতা — এখন সিপিআইএম হেরে গেছে স্যার। এখন আরও দূরে এগিয়ে চলেছে। ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কোতুলপুর বিধানসভার অন্তর্গত গোগড়া থেকে দারাপুর পর্যন্ত গ্রাম সড়ক যোজনার রাস্তাটি রয়েছে। এই রাস্তাটি আমোদর নদের ওপর আকড়াশাল নামক স্থানে বাম আমলে নির্মিত একটি ব্রীজ রয়েছে। বর্তমানে এই ব্রীজটির অবস্থা অত্যন্ত খারাপ। যে কোনো সময় ভেঙে গিয়ে দুর্ঘটনা ঘটতে পারে এবং যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়তে পারে। এর ফলে লেগো, গোপীনাথপুর, ময়নাপুর, উত্তরবাড় — এই চারটি গ্রাম পঞ্চায়েতের যোগাযোগ ব্যবস্থা একেবারে বিচ্ছিন্ন হয়ে যাবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট আমার আবেদন, এই আমোদর নদের ওপর আকড়াশাল নামক যে ব্রীজটি আছে তা দ্রুত নির্মাণ করলে ভয়ঙ্কর দুর্ঘটনা থেকে এলাকাবাসী রক্ষা পাবে। ধন্যবাদ।

At this stage the House was in recess till 1.30 p.m.

[1.30 - 1.40 p.m.]

(After recess)

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত পরশুদিন দু'তারিখে আমাদের মাননীয় সদস্য ডাঃ মানস ভুঞ্যা "জিরো আওয়ারে" একটা পয়েন্ট তুলেছিলেন যে, গোটা পশ্চিমবাংলায় আজকে যে ভাবে গণতন্ত্র বিপন্ন হচ্ছে, মানুষ ভোট দেবার পর, যে দলেরই হোক না কেন, সে কাউন্সিলর হোক, মেম্বার হোক, জেতার পর, নির্বাচনের পর তাঁদেরকে ভেঙে দেওয়ার একটা চেষ্টা, গণতন্ত্র বিপন্ন হয়ে যাচ্ছে। এজন্য আপনার কাছে উনি বলেছিলেন। এবং বলেছিলেন আপনি এই ব্যাপারটা যে, wheather opposition party will remain or not। এ সম্বন্ধে আপনার একটা মতামত উনি চেয়েছিলেন। কিন্তু আপনি কিছু না বলার জন্য এবং সরকার পক্ষকে কিছু না বলার জন্য আমরা walk out করেছিলাম for the time being. পরবর্তী stage-এ আমি স্যার এসে আবার আপনার কাছে বলতে চেয়েছিলাম যে,

এ ব্যাপারে আপনি আপনার বক্তব্য রাখুন বা সরকার পক্ষকে বলতে দিন। আমার কথাটা আপন বলতে না দিয়ে, বললেন যে, expunge হয় গেল। এরই প্রতিবাদে আমরা বয়কট করেছিলাম। আপনি আমাদেরকে ডেকেছিলেন, আমরা আপনার আহ্বানে সাড়া দিয়ে হাউজে এসেছি। আপনাকে আবার বলছি, যে ভাবে আজকে চলছে, খড়্গপুরে এখনও চলছে। কী ভাবে চলছে? এই জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আপনি custodian of the House, custodian of the Democracy.

মিঃ স্পীকার : এটাতে আমার রুলিং দেওয়ার কোন ব্যাপার নেই। আপনি এটা উল্লেখ করেছেন, এটা উল্লেখ পর্বে বললেই ভালো হত। যা নিয়েই হোক বলেছেন। ঠিক আছে।

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS
Demand No. 32

Mr. Speaker : Demand No. 32 relates to Irrigation and Waterways Department. There are three Cut Motions to Demand No. 32. All the Cut Motions are in order and Hon'ble Members may now move their Cut Motions.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion No.1) that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Gouranga Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion Nos. 2 & 3) that the amount of the Demand be reduced by Rs.100/-.

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেচ ও জলপথ দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রীরাজীব ব্যানার্জী এবং প্রতিমন্ত্রী মাননীয় মন্টুরাম পাখিরা ৩২ নম্বর ডিমান্ড খাতে যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন সে-সম্পর্কে আমি কিছু বলার আগে এটুকু বলতে চাই, মাননীয় সেচমন্ত্রী যথেষ্ট তৎপরতার সাথে তাঁর দপ্তরের কাজ পরিচালনা করার চেষ্টা করছেন। আমি দেখলাম, এটা দ্বাদশ পঞ্চবার্ষিক পরিকল্পনা চলছে। এই দ্বাদশ পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমাদের দেশে বন্যা মোকাবিলা, বন্যা নিয়ন্ত্রণের জন্য যে strategy বা কৌশল গ্রহণ করা হয়েছে মাননীয় মন্ত্রীর বাজেট বক্তব্যের মধ্যে সমস্ত পয়েন্ট আছে। যদিও এটা বলা যায়, এই কাজগুলো গতানুগতিকভাবে কিছু কিছু চলে আসছে। কিন্তু একটা integrated form-এ এটাকে structural এবং non-structural, এই point on view থেকে এটাকে নেবার চেষ্টা করা হয়েছে। তার জন্য আমি ধন্যবাদ জানাচ্ছি।

আমাদের পশ্চিমবঙ্গের অবস্থা আমরা সবাই জানি। আমাদের রাজ্যটি তিনটি রিভার বেসিনের মধ্যে পড়ে। ব্রহ্মপুত্র, গঙ্গা এবং সুবর্ণরেখা। বেশিরভাগ এলাকাই গঙ্গা ও ব্রহ্মপুত্র বেসিনের মধ্যে পড়ে। পশ্চিমবাংলার মোট ভৌগোলিক আয়তন ৮ লক্ষ ৮ হাজার ৭৫২ স্কোয়ার কিলোমিটার। তার মধ্যে ৪৩ শতাংশ বন্যাকবলিত। প্রতি বছরই বন্যাতে আক্রান্ত হয়, বন্যাপ্রবণ। আবার মজার ব্যাপার হচ্ছে এখন যেটা আমরা খুব বন্যা হিসেবে দেখছি আগামী

কয়েক বছর পরে তার চরিত্র পাল্টে যেতে পারে। International Commission on Snow and Ice তারা সমীক্ষা করে বলেছে যে গোটা পৃথিবীতে ৫ লক্ষ স্কোয়ার কিলোমিটার glacier আছে। Global worming-এর জন্য, climate changing-এর জন্য এই গ্লেসিয়ার দ্রুত গলে যাচ্ছে। বরফ গলতে শুরু করেছে। এর ফলে হবে কি? আগামী ২০ বছর পরে ২০৩৫ সালে দেখা যাবে এই গ্লেসিয়ারের পরিমাণ কমে ৫ লক্ষ স্কোয়ার কিলোমিটার থেকে এক লক্ষ স্কোয়ার কিলোমিটারে নেমে আসবে। আর আমার ভারতবর্ষের ক্ষেত্রে এই গ্লেসিয়ারের সংখ্যা হচ্ছে ১৫ হাজার। সেটা হিমালয়ান রিজিয়নে ৪৩ হাজার স্কোয়ার কিলোমিটার জায়গা জুড়ে এই গ্লেসিয়ার রয়েছে। এই গ্লেসিয়ার যখন গলে যাবে আগামী ২০ বছরের মধ্যে, তখন দেখা যাবে যে সব নদীগুলো এই বরফের সাথে যুক্ত তারা ড্রাই হয়ে যাচ্ছে। তখন কিন্তু আরেকটা অন্য রকমের সমস্যার সম্মুখীন হতে পারে। যাই হোক এই পরিস্থিতিটাও আমাদের মনে রাখার দরকার। তা সত্ত্বেও বন্যা নিয়ন্ত্রণের জন্য যে কাজগুলো আছে সেগুলো সম্পর্কে আমাদের আলোচনা করার দরকার। আমি এইটুকু কথা বলে আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমশাইয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি — একটা পয়েন্ট অব অর্ডার। আপনি যেভাবে Demands for Grants মুভ করেছেন এটা কিন্তু সংবিধান সম্মত নয়। সংবিধানের ২০৩ ধারাকে লঙ্ঘন করে আপনার বাজেটের ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপিত হয়েছে। ফলে এটাকে সংশোধন না করলে বা এটাকে পরিবর্তন না করলে এই বাজেট আলোচনা বলুন বা বাজেট গ্রহণ বলুন এটা অসাংবিধানিক হয়ে যাবে। বিধানসভার কোনও এক্তিয়ার নেই আপনি যে Demands for Grants মুভ করেছেন সেই ফর্মে এই বাজেটটাকে অনুমোদন করার। বিধানসভার এক্তিয়ারেরও বাইরে, রাজ্যপালের সুপারিশেরও বাইরে। কারণ আপনি করেছেন কি? Voted amount এবং charged amount দুটোকে একসাথে যুক্ত করে আপনি টোটাল টাকাটা দাবি করেছেন। কিন্তু সংবিধানের ২০৩ ধারা আপনি পড়ে দেখবেন, সেখানে বলছেpcharged amount মতে voting-এর জন্য বিধানসভায় উত্থাপিত হবে না। বিধানসভা এই নিয়ে কোনও কিছু করতে পারবে না। Charged amount-কে প্লেস করতে গেলে এখানে যেমন on the recommendation of the Governor রাজ্যপাল কিংবা রাষ্ট্রপতি কারোর কোনও সুপারিশের প্রয়োজন নেই charged amount থেকে টাকা খরচা করার জন্য। It's an automatic expenditure on the consolidated Fund of India সুতরাং আপনার বাজেটে — এটাকে অন্যভাবে নেবেন না — এটাকে সংবিধানসম্মত করার জন্য আপনার বাজেটের যেটুকু অংশে charged amount ধরা আছে এটাকে ডিলিট করতে হবে। সেইটা ডিলিট করতে গেলে consequential ডিলিট যেগুলো করতে হবে যেমন — ডিমান্ড নাম্বার 32 আপনি প্রথমে লিখেছেন 2049 ইন্টারেস্ট পেমেন্ট এবং শেষে আছে 6004 Loans and Advances from the Central Government এই দুটো খাতে কিন্তু major head-এ charged amount আছে। এই দুটোকে আপনার বাজেট বক্তব্য থেকে ডিলিট করতে হবে, omit করতে হবে। তারপরে আপনার ইংরেজি বাজেট বক্তব্যে পঞ্চম পৃষ্ঠায় দু-নম্বর কলামে যেখানে লিখেছেন gross non-plan expenditure সেখানে লেখা আছে টোটাল নন-প্ল্যানড এক্সপেনডিচার হচ্ছে ৫৫৮ কোটি ৪২ লক্ষ ৭৭ হাজার। তার মধ্যে আপনি ভাগ করে দিয়েছেন voted এত, charged এত। এই charged

amountটা, charged এই যে পোরশানটা এটাকে আপনাকে ডিলিট করতে হবে। তারপরের পৃষ্ঠায় total outlay অর্থাৎ ৬নং পাতার উপরে total outlay plan and non-plan যেখানে voted এবং charged আছে সেখানে charged amount-এর কথা বাজেট থেকে মাইনাস করতে হবে, অমিট করতে হবে। এই সংশোধনী আপনি যদি প্লেস করেন — তা এখনই করতে পারেন কিংবা আপনার জবাব দেওয়ার পূর্বে আপনি সংশোধনী প্লেস করতে পারেন। তবে এই বাজেট সংবিধানসম্মতভাবে গ্রহণ করা যাবে।

[1.40 - 1.50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ব্যাপারগুলো একটু দেখবেন। বিষয়টি, এটা অন্য কোনও জিনিস নয়, It is a technical question, purely constitutional and technical question। আদার ওয়াইজ আপনার বাজেট সম্পর্কে যখন আমি আলোচনা করব যদি, সেটা ঠিক আছে। ঠিক তেমনি আপনার বাজেটের যে বাংলা অনুবাদ হয়েছে, সেখানে কিন্তু এই জিনিসগুলো বাদ যাবে। যা যা ইংরেজিতে বললাম, বাংলা বই থেকে বাদ যাবে। কিন্তু বাংলা বইয়েতে আপনার এই ভোটেড অ্যামাউন্ট মানে বাজেট থাকে তো, ভোটেড অ্যান্ড চার্জড, ভোটেড মানে ভোট গ্রহণ হয়ে গেছে তা নয়। ওর সেন্সটা হচ্ছে টু বি ভোটেড। অর্থাৎ ভোট দিয়ে ভোটাভুটির মাধ্যমে এটা গ্রহণ করতে হবে। কিন্তু আপনার বাজেটে আপনি লিখে দিয়েছেন ধ্বনি ভোটে গৃহীত। যদি ধ্বনি ভোটে বাজেটটা গৃহীত হয়ে থাকে টোটাল অ্যামাউন্ট, তাহলে তো আর ডিসকাশনের কোনও প্রশ্ন আসে না। ফলে এখানে দু-জায়গায় ধ্বনি ভোটে গৃহীত আছে। এই দুটো জায়গায় ধ্বনি ভোটে গৃহীত অতিরিক্ত অমিট করতে হবে বাংলা বইটা থেকে। আর বাকি যেগুলি আমি ইংরেজি বইয়ে বললাম সেখানে করতে হবে। আর একটা কথা এখানে স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান আছেন। স্ট্যান্ডিং কমিটির রিপোর্টটাও আমি দেখলাম। প্রথম পৃষ্ঠায়, প্রথম পাতায় আপনি দেখুন ২০১৫-১৬ অর্থবর্ষে সেচ ও জলপথ বিভাগে ৩২ নম্বর দাবীর অধীনে ব্যয় নির্বাহের জন্য মোট ২৬৮৯ কোটি ৪২ লক্ষ ৭৭ হাজার টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে, যার মধ্যে ভোটেড ২৫৯৮ কোটি সামথিং এবং চার্জড ৯১ লক্ষ ১৬ হাজার সামথিং, অর্থাৎ আপনি দুটোকে যোগ করে দিয়েছেন। এছাড়াও আর একটা জায়গায় দেখুন বাজেটটা তো আজকে যদি বিধানসভার অর্ডার পেপারটা দেখেন, আজকে তো বাজেট আলোচনা হবে, বিধানসভার অর্ডার পেপারটা দেখুন। আজকের বিধানসভার অর্ডার পেপারে ছয় নম্বর পাতায় ৩২ নম্বর ডিমান্ডটা আছে। সেখানে কিন্তু টোটাল আউট লে মুভ করা হয়েছে ২৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজার টাকা। আর মাননীয় মন্ত্রী এবং স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে টোটাল আউট লে যেটা চাওয়া হচ্ছে সেটা হচ্ছে ২ লক্ষ ৬৮৮৯ কোটি টাকা। ফলে এই দুটোর তফাৎ হয়ে যাচ্ছে। আপনাদেরই ডকুমেন্ট। আমার কিচ্ছু না। এটা ফিনান্স মিনিস্টার মুভ করেছে। অতএব এটা তো reconciliation-এর প্রশ্ন রয়েছে। এই দুটো রিকনসাইল না করলে তো এই বাজেট এভাবে হতে পারে না। সুতরাং আমি যেটা বলতে চাইছি এই বাজেট is not in order. ডিমান্ড যেভাবে মুভ হয়েছে It is unconstitutional, gross violation of constitutional provision, আমি অনুরোধ করব যে এটাকে সংশোধন

করার জন্য। আদার ওয়াইজ এটা সঠিক কাজ হবে না। আমার তো বাজেটের ভেতরে প্রবেশ করে বলার সুযোগ আসছে না। আপনি যদি এক মিনিট সময় দেন ভাল হয়। শুধু আমি বলি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে বাজেট পেশ করেছেন, অনেক কাজ করার প্রত্যাশা নিয়ে বাজেট পেশ করেছেন। কিন্তু একটা জিনিস আপনি দেখবেন আপনার জন্য বাজেটে স্টেট প্ল্যানে যে টাকা বরাদ্দ করা হচ্ছে, আর যে টাকা আপনি আসলে পাচ্ছেন, এই দুটোর মধ্যে কত ফারাক। আপনার ১১-১২ সালের ১৪০৮ কোটি টাকা ছিল। পেয়েছেন ৩৯৬ কোটি। '১২-১৩ তে ১৫৬৮ কোটি ছিল, পেয়েছেন ৫৮৭ কোটি। '১৩-১৪ তে ১৭২৭ কোটি বরাদ্দ ছিল, পেয়েছেন ৬৮৩ কোটি। আর '১৪-১৫-তে ১৮৭২ কোটি, এটা সরকারি হিসেব নয়। আপনার বাজেট স্পীচে আছে। আপনি ৯৪০ কোটি টাকা পেয়েছেন। তার মানে যা বরাদ্দ হচ্ছে, আপনি ৩৫%, ৪০%, ৪৮% — এই টাকাটা পাচ্ছেন। সুতরাং এই বছর যে ২০৪১ কোটি টাকার আপনি স্টেট প্ল্যান দেখিয়েছেন, এই স্টেট প্ল্যানে তো আপনি টাকা পাবেন না। আপনি যদি ৫০% টাকা নেন তাহলে আপনার বাজেট বরাদ্দের যে সব উন্নয়নমূলক প্রকল্প বা বন্যা নিয়ন্ত্রণ বা ইরিগেশান সম্প্রসারণের যে সব প্রস্তাব আছে, তার ৫০%-ই আপনি করতে পারবেন না। সুতরাং এই বিষয়টি দেখা দরকার। আমার সময় শেষ, অনেক কিছু কথা বলার ছিল, আমি আর ভেতরে ঢুকছি না। তবে সর্বশেষ যে কথাটা আপনারা বাজেটটাকে সংশোধন করে যে জিনিসগুলো বললাম, সংবিধানসম্মত করার জন্য আপনার বাজেট স্পীচের সময় আপনি এগুলোকে অমিট করার কথা বললে তবেই এই বাজেটটা সংবিধানসম্মতভাবে গৃহীত হবে, আদার ওয়াইজ এটা বেআইনী হয়ে যাবে।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয় সেচ ও জলপথ বিভাগের ৩২ নম্বর দাবীর উত্থাপন সম্পর্কে বাজেট ভাষণের সমর্থনে আমি দুই একটি কথা বলছি। প্রথমেই বলে নেওয়া ভাল যে অভিজ্ঞ লোকের কাছ থেকে শিক্ষা নেওয়া তাতে কোনও ত্রুটি হয় না। মাননীয় প্রবোধবাবু দীর্ঘদিনের বিধায়ক। সংবিধানসম্মতভাবে যদি কোনও জায়গায় আমাদের ত্রুটি হয়ে থাকে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন, আমি তাকে অনুরোধ করব। এটা ঠিকই যে পরিকাঠামো-বহির্ভূত ব্যয় এটা ধ্বনি ভোটে গৃহীত দুটি জায়গায় আছে। এগুলির সংশোধন করার যদি প্রয়োজন হয়, সংবিধানের পদ্ধতি অনুযায়ী এটা সংবিধান সংশোধন করতে হয় তাহলে এটা নিশ্চয়ই করতে হবে। আমি জানি না, এটা জেনে নিতে হবে আমাদের। জেনে নিয়ে আমরা নিশ্চয়ই ফলো করব। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি প্রবোধবাবুকে ধন্যবাদ জানাচ্ছি যে এই সংশোধনীর ব্যাপারে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং তার পাশাপাশি তাকে ধন্যবাদ দেব তিনি প্রথমেই বক্তব্যের শুরুতে বলেছেন যে নবীন সেচমন্ত্রী তিনি প্রবলভাবে চেষ্টা করছেন, উদ্যোগ নিয়ে ঘোরাঘুরি করছেন, নানা জায়গায় যাচ্ছেন এবং এইজন্য তিনি তাকে ধন্যবাদ জানিয়েছেন। প্রথমেই বলি যে আমি আজ থেকে ১০-১২ দিন আগে বিরোধীপক্ষের কোনও একজন সদস্য তিনি সেচমন্ত্রীকে কিছু প্রশ্ন করেছিলেন। সেচমন্ত্রী উত্তর দেওয়ার সময় বিরোধী সদস্য বললেন হ্যাঁ, ঠিকই আপনি আমার এলাকায় গিয়েছেন। নিজে পায়ে হেঁটে সমস্ত জায়গায় ঘুরেছেন, দেখছেন এর জন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। আমার

সেদিনই মনে হয়েছিল এই যে সার্টিফিকেট, এই সার্টিফিকেট একজন মন্ত্রীর কাছে বিশাল ব্যাপার। বিরোধী পক্ষ সব সময় সমালোচনায় থাকেন কিন্তু সমালোচনার মধ্যে তাদের কোনও কোনও জায়গায় তাদের বুকের মধ্যে একটা জায়গায় দাগ কাটে যে এই লোকটা প্রবল চেষ্টা করছে, প্রবল পরিশ্রম করছে, নানা প্রান্তে দৌড়ে দৌড়ে যাচ্ছে, বাঁধের উপর দিয়ে হাঁটতে হাঁটতে যাচ্ছে। যেখানে বন্যা হচ্ছে — বন্যার সময় দেখেছি, দুই বছর আগেও সেই বন্যায় প্রবল জলস্রোতের মাঝে দাঁড়িয়ে সমস্ত লোককে ডেকে বলছে বাঁধ বাঁধতে হবে। আসুন, সবাই সাহায্য করুন। আমরা কিভাবে বাঁধ বাঁধতে পারি চেষ্টা করুন না হলে আপনাদের ক্ষতি হবে। ক্ষতিটা আপনাদের নয়, দেশের ক্ষতি হবে। এই যে দেশের ক্ষতির প্রতি মানুষকে ডেকে জড়ো করা, তাদের উদ্বুদ্ধ করা, মন্ত্রী মহাশয়ের সেখানে নিজে নেতৃত্ব দেওয়া — এটাই মন্ত্রীর কাজ। সেই কাজ করে মাননীয় সেচমন্ত্রী আমাদের সকলের ধন্যবাদার্হ হয়েছেন। তিনি বয়সে নবীন কিন্তু কাজের ক্ষেত্রে তিনি যে দায়িত্ববোধ দেখিয়েছেন, দায়িত্ব পালনে পিছপা হননি — এটাই আমাদের পক্ষে গভীর সান্ত্বনার বিষয়। আজকে প্রবোধবাবু যেখান থেকে শুরু করলেন তার জন্য আমরা খুব কৃতজ্ঞ হয়েছি। ভুল ত্রুটি থাকে। সংবিধানে কোনও ভুল ত্রুটি হয় থাকে তাহলে নিশ্চয়ই আমরা দেখব। মাননীয় অধ্যক্ষ মহোদয় যে উদ্যোগটা শুরু করেছেন মাননীয় সেচমন্ত্রী সেই উদ্যোগটি অসাধারণ। আমরা প্রতি বছর পূর্ব-পশ্চিম মেদিনীপুর - কেলেঘাই, কপালেশ্বরী, বাঘাই-এর অববাহিকায় আমরা যারা থাকি, আমরা শুধু উদ্বিগ্ন থাকি আবার কখন জলোচ্ছ্বাসে আমাদের ভাসিয়ে নিয়ে যায়। আবার আমাদের গৃহচ্যুত করে। হাজার হাজার মানুষ কাঁদতে কাঁদতে বাঁধের উপর আশ্রয় নেয়। তাদের কিভাবে রক্ষা করবো তার জন্য ঘুম চলে যায়। এই ঘুম চলে গিয়ে এমন একটা অবস্থা দাঁড়ায় যখন আমার বাড়ির পরিবার, পরিজন কোথায় আছেন, তারা নিশ্চিন্তে আছেন কিনা আমরা তা জানি না, সেদিকে নজর দিতে পারি না। কিন্তু ওই এলাকার লক্ষ লক্ষ মানুষ তারা যাতে আরো বেশি বিপদে না পড়ে, তার দিকে তাকিয়ে আমাদের নিজেদের পদক্ষেপ ঠিক করতে হয়। মাননীয় সেচমন্ত্রী এই যে উদ্যোগ গ্রহণ করেন প্রতি বছর, এই উদ্যোগ গ্রহণের মধ্যে দিয়ে তিনি প্রমাণ করেছেন কিভাবে দপ্তরটাকে সামলাতে হবে তিনি তা জানেন, বোঝেন এবং মানুষকে এই দপ্তরে এসে কার্যপদ্ধতি তিনি উপহার দিয়েছেন। আমি এই এলাকার মানুষ হিসাবে জানি যে আজকে ওই এলাকার মানুষ নিশ্চিন্তে ঘুমাতে পাচ্ছে, নিশ্চিন্তে নিজেদের কাজকর্ম করতে পারছে, তারা উদ্বিগ্ন হচ্ছে না। এই যে বন্যা নিয়ন্ত্রণ এটা একটা বিরাট ব্যাপার এই দপ্তরের পক্ষে।

[1.50 - 2.00 p.m.]

এবং কতটা উন্নতি হল, কতটা উন্নতি হল না — তার চেয়ে বড় কথা হচ্ছে যে পর পর দু-বছর বন্যা হল না — এটাই সেচ মন্ত্রীর কাছে একটা বিরাট ব্যাপার। পরবর্তী পর্যায়ে তিনি যে কাজ করেছেন, তার মধ্যে আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে আইলা-কবলিত সুন্দরবনের নদীবাঁধ পুনর্গঠনের কাজ। আমরা জানি, প্রতি বছর আমরা উদ্বিগ্ন থাকি আয়লায় আবার না আমাদের বিধ্বস্ত করে দেয়। এই যে আয়লা আসছে ওপাশ থেকে এবং তাতে সুন্দরবনের ওই প্রান্তের সমস্ত নদীগুলো উত্তাল হয়ে মানুষকে শুধু গৃহহীন করছে না, মানুষকে সর্বস্বশূন্য করছে

এবং সেই আয়লাকে আমরা কেমনভাবে প্রতিরোধ করব, এলাকার মানুষদের কেমন করে জীবন এবং জীবিকার ব্যবস্থা করে দেব, তা রক্ষা করব, তার জন্য যে উদ্যোগ, সে উদ্যোগে গত তিনবছর ধরে অক্লান্ত প্রচেষ্টার ফলে ৫০ কিলোমিটার দীর্ঘ নদীবাঁধ পুনর্গঠনের কাজ শেষ হচ্ছে, সেটা এই বছরেই শেষ হয়ে যাবে এবং তার পরবর্তী পর্যায়ে যে কাজগুলো, সেই কাজগুলো বিরাটভাবে উনি ধরেছেন। কান্দী মাস্টার প্ল্যানের উদ্যোগে যেটা তিনি করেছেন, সেই কাজ বিরাটভাবে এগোচ্ছে এবং পরবর্তী পর্যায়ে উনি যে কাজগুলো করেছেন তার মধ্যে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ যেটা করেছেন — প্রতিবছর বিধানসভায় আমরা চিৎকার করি 'ঘাটাল মাস্টার প্ল্যান'। ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য তিনি দিল্লি গিয়েছেন চার বার এবং সেখানে গিয়ে মন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলেছেন। কিন্তু একটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় যে, দিল্লিতে — আজকে দিল্লিতে যে সরকার আছে, তার প্রতিনিধিকে আজকে হাউসে দেখতে পাচ্ছি না — আমি তাকে অনুরোধ করব এই ঘাটাল মাস্টার প্ল্যান এই হাউসের সকলের কাছে একটা উদ্বেগের বিষয় — তাই সেই সদস্য যদি আমাদের সঙ্গ দেন, তাহলে আমরা দিল্লিতে গিয়ে সেচ মন্ত্রীর কাছ থেকে ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য প্রাপ্য অর্থ, সেটা যাতে আমরা পেতে পারি তার জন্য তাকে উদ্যোগ নিতে হবে এবং তাকেও আমাদের সঙ্গে যেতে হবে। মনে রাখতে হবে যে, আমাদের এই বিধানসভা কিন্তু কোনও নির্দিষ্ট দলের নয়। নির্বাচনে জিতে আসার আগে পর্যন্ত আমরা সবাই ভিন্ন ভিন্ন দলের। নির্বাচনে জিতে আসার পরে এই বিধানসভা আমাদের সকলেরই কাছে দায়িত্বপূর্ণ হাউস। সেই দায়িত্বপূর্ণ হাউসে আমাদের সবাইকে দায়িত্ব নিতে হবে যাতে ঘাটাল মাস্টার প্ল্যানকে আমরা সম্পূর্ণ করতে পারি। তিস্তা বাঁধের পরিকল্পনা যেভাবে এগোচ্ছে, তাতে আর কিছুদিনের মধ্যে হয়তো আমরা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গায় পৌঁছে যাব এবং ওই এলাকার প্রায় তিনটে জেলার কাজ সুন্দরভাবে এগোচ্ছে এবং এর ফলে আমরা এগোচ্ছি ক্রমশ। উত্তর ২৪-পরগনা জেলার মধ্যমগ্রাম এবং রাজারহাট থানার অন্তর্গত নোয়াই খালের যে কাজ, দমদম-রাজারহাট থানার অন্তর্গত ক্যান্টনমেন্ট খালের যে কাজ, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলার নিউটাউন, ভাঙড় এবং হাওড়া থানার অন্তর্গত লোয়ার বাগজোলা খাল — এই সমস্ত খালগুলির পুনর্খননের মাধ্যমে যে ক্রমাগত — আস্তে আস্তে করে একটা সুষ্ঠু অবস্থায় পরিণত হচ্ছে তার জন্য আমরা মাননীয় সেচ মন্ত্রীকে ধন্যবাদ জানাব। পুরুলিয়া জেলায় — সেখানে একটা পরিবর্তন হচ্ছে। এই পরিবর্তনের মধ্য দিয়ে যে চেকড্যাম নির্মাণের কাজ শুরু হয়েছে, সেই কাজও একটা গুরুত্বপূর্ণ কাজ। মাননীয় মন্ত্রী মহাশয়কে আরও ধন্যবাদ দেব এই জন্যই যে, ক্রমাগত নানান বিষয়ে আমরা যখন বারে বারে তাঁর দৃষ্টি আকর্ষণ করি, তখন তিনি অত্যন্ত দায়িত্বের সঙ্গে সে কথা শোনেন এবং পরবর্তী পর্যায়ে সেই কাজ সম্পর্কে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি ছুটে যান দপ্তরে এবং দপ্তরে গিয়ে দপ্তরের লোকেদের উদ্বুদ্ধ করেন, তাদের সবসময় প্ররোচিত করেন যে, এই কাজগুলো না করলে আমাদের মানুষের কাছে কৈফিয়ৎ দিতে হবে। এই কৈফিয়ৎ শুধু বিধানসভায় নয়, এই কৈফিয়ৎ এলাকার মানুষের কাছে। ভোটে জিতব কিংবা হারব এটা গুরুত্বপূর্ণ নয়। গুরুত্বপূর্ণ হচ্ছে, যে দায়িত্ব মানুষ আমাদের উপর অর্পণ করেছে, সেই দায়িত্ব নিয়ে মানুষের কাছে কৈফিয়ৎ দিয়ে তাদেরকে সন্তুষ্ট করা এবং তারপরে দেশের উন্নতি করাবার জন্য কিছু পদক্ষেপ নেওয়া। সেই পদক্ষেপগুলো করতে-করতে তিনি একটা অত্যন্ত

উচ্চ জায়গায় পৌঁছে গেছেন। সেটা আমরা অত্যন্ত গর্ব করে বলতে পারি যে একটা অত্যন্ত দায়িত্বশীল মানুষের হাতে আমরা সেচ ব্যবস্থার দায়িত্ব দিয়েছি — ইরিগেশান অ্যান্ড ওয়াটারওয়েজের দায়িত্ব দিয়েছি এবং তার ফলে আমরা নিশ্চিন্ত থাকতে পারছি। এই যে নিশ্চিন্ততা প্রকৃতপক্ষে আমাদেরকে উদ্বুদ্ধ করছে — নবীন মানুষদের, যে হ্যাঁ সরকার কাজ করছে এবং এই কাজের জন্য সরকারকে ধন্যবাদ দেওয়া, সরকারের মন্ত্রীকে ধন্যবাদ দেওয়া এবং সেই কাজগুলো যাতে ভবিষ্যতে আরও শক্ত ভিতের উপরে দাঁড় করানো যায় তার জন্য চেষ্টা করা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী এই যে বাজেট পেশ করেছেন, এই বাজেটের নানা দিকের ক্ষেত্রে অগ্রগতির পক্ষে আমার বক্তব্য রেখে এই বাজেটকে সমর্থন করার জন্য সবাইকে আহ্বান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রাজীব ব্যানার্জী এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী মণ্টুরাম পাখিরা ৩২ নং দাবীর উত্থাপন প্রসঙ্গে ২০১৫ সালে যে বাজেট ভাষণ পেশ করেছেন, তারই পরিপ্রেক্ষিতে আমি আমার বক্তব্য রাখার চেষ্টা করব। প্রথমেই আমি যে কথাটি বলতে চাই প্রবোধবাবু একটি কথা বলেছেন, ধ্বনিভোট। আমি এখানে দেখলাম যে, আপনারাও কিন্তু এই ভুল থেকে ছাড় পাননি। যখন শ্রীসুভাষ নস্কর বাবু এই দপ্তরের মিনিস্টার ছিলেন ২০১০-১১ সালে, সেই একই শব্দ ব্যবহার করা হয়েছে। সেই শব্দ ধরে আমার মনে হয় বর্তমান মন্ত্রী তিনিও হয়তো আধিকারিকদের লেখা এই বইটি না পড়ে এখানে পেশ করেছেন। সেই ভুল ভুলই থেকে গিয়েছে। তাই এই ভুল সংশোধন করার জন্য আমি রাজীববাবুকে অনুরোধ করব। আজকে যে বিভাগের আলোচনা, সেচ বিভাগ, আমাদের সেচ ব্যবস্থা কিরকম হবে সেটা অনেকটাই নদীর উপর নির্ভর করে। আমাদের রাজ্যে ভৌগোলিক অবস্থান এমনই, ভৌগোলিক অবস্থানের জন্যই আমাদের ভাঙন, নদী ভাঙন এবং বন্যা হয়। আমরা জানি আমাদের ৭০ শতাংশ মানুষ কৃষিজীবী। এই কৃষিজীবী মানুষের অর্থনৈতিক অবস্থা সচল রাখবার জন্য সেচের উপর নির্ভর করতে হয়। ঠিক তেমনি আমরা এটাও জানি যে ভারতবর্ষ নদীমাতৃক দেশ। সেই নদীমাতৃক দেশের বৈশিষ্ট্য থেকে আমরা পশ্চিমবঙ্গকেও আলাদা করতে পারি না। ফলে এক দিকে যেমন বন্যা প্রতিরোধ করতে হবে, তেমনি আমাদের যেসব ভাঙন কবলিত এরিয়া আছে সেগুলোকেও সুরক্ষিত রাখতে হবে। আবার আমরা দেখছি বিভিন্ন জায়গায় যে সমস্ত খালগুলো রয়েছে, সেগুলোকে পুর্ননের ব্যবস্থা করতে হবে। আমরা দেখতে পাচ্ছি নদীর গতিপথ চেঞ্জ হচ্ছে। সেই নদীর গতিপথকে ঠিক রাখার জন্য আমাদের আগামী দিনে নতুন পন্থা অবলম্বন করতে হবে। আগামী দিনে ফারাক্কা নদীর গতিপথও কিন্তু চেঞ্জ করে অন্যদিকে যেতে পারে। ফলে এখন থেকে আমাদের সেই বিষয়ে সতর্ক থাকতে হবে। আজকে মাননীয় মন্ত্রী ২০১৫-১৬ সালে গ্রহণযোগ্য ব্যয় নির্বাহের জন্য ২৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজার টাকা তিনি বাজেট পেশ করেছেন। ভালো কথা। কিন্তু আমি ওনাকে প্রশ্ন করতে চাই স্ট্যান্ডিং কমিটির যেটা রিপোর্ট, সেখানে দেখতে পাচ্ছি কোর স্টেট প্ল্যান ওয়ার্কস, অ্যানেক্সচারে, এখানে আমরা দেখতে পাচ্ছি আপনি ২০১৪-১৫ সালে বাজেট অ্যালোকেশান করেছিলেন ৪০২৩ কোটি ১৮ লক্ষ টাকা।

রিভাইজ্ড এস্টিমেটে সেটা দাঁড়িয়েছে ৩৬০ কোটি ৫২ লক্ষ। আমরা দেখতে পাচ্ছি আপনি ফান্ড রিলিজ্ড করেছেন ২২৯ কোটি ৬ লক্ষ। ফান্ড ইউটিলাইজ্ড হয়েছে ২০৪ কোটি ২৪ লক্ষ। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি যে বাজেট অ্যালোকেশান হয়েছিল, সেই বাজেটের পরিপ্রেক্ষিতে ৭৮ কোটি ৪৬ লক্ষ টাকা ইউটিলাইজ্ করতে পারেননি, পড়ে আছে। এখানে দেখতে পাচ্ছি যেটা রিভাইজ্ড এস্টিমেট করেছিলেন, সেই রিভাইজ্ড এস্টিমেটের ক্ষেত্রেও ২১৮ কোটি ৯৩ লক্ষ টাকা আপনি খরচ করতে পারেননি। এখানে দেখতে পাচ্ছি ইরিগেশন স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান রাজীববাবুকে সার্টিফিকেট দিয়েছেন। গতবারে বা এর আগে যেভাবে আমরা রাজীববাবুকে সার্টিফিকেট দিয়েছি, অন্ততপক্ষে আজকের এই বাজেটে আমি সেইভাবে সার্টিফিকেট দিতে পারছি না। কারণ বাজেটের ৫০ পার্সেন্ট টাকা উনি ইউটিলাইজ্ড করতে পারেননি। ৫০ পার্সেন্ট কাজ করেছেন, বাকি ৫০ পার্সেন্ট কাজ তিনি করতে পারছেন না।

[2.00 - 2.10 p.m.]

এর পরেও মাননীয় রাজীববাবু নিজেকে I am a successful minister বলবেন কিনা আমার জানা নেই। আমার একটা জিজ্ঞাস্য — তিনি কাজ করতে পারছে না, নাকি অর্থমন্ত্রী অমিত মিত্র টাকা দেননি বলেই কি কাজ করতে পারছেন না? আমরা এই ডিপার্টমেন্টের অভিযোগ আনি — কেন্দ্র টাকা দেয় না, কেন্দ্র টাকা দেয় না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি অর্থমন্ত্রী আপনাকে টাকা দিচ্ছেন না। এর ক্ল্যারিফিকেশন দেওয়ার জন্য আপনাকে অনুরোধ করব। আর একটা জিনিস দেখছি, AIBP অ্যানেক্সচার ডি-তে আপনি রিভাইজ্ড এস্টিমেট ধরেছেন ১৬ কোটি টাকা এবং সেখানে ইউটিলাইজ করতে পেরেছেন ৬ কোটি ৪৫ লক্ষ টাকা, অর্থাৎ ৯ কোটি ৫৪ লক্ষ টাকা আপনি খরচ করতে পারেননি। FMP - এফ.এ.আই.পি.পি., অ্যানেকশ্চার সি-তে দেখছি রিভাইজড এস্টিমেট ১৮৬ কোটি টাকা, ফান্ড ইউটিলাইজ করতে পেরেছেন ১৫১ কোটি টাকা। অর্থাৎ এখানেও অনেক টাকা আপনি খরচ করতে পারেননি। আপনার কাছে যে টাকাটা পৌঁছচ্ছে সেটা সময়ের অভাবে না প্ল্যানিংয়ের অভাবে খরচ করতে পারছেন না, আপনার জবাবী ভাষণে এটা বলতে অনুরোধ করছি। আর একটা বিষয় আপনার কাছে বলছি, আমাদের রাজ্যের মধ্যে দিয়ে গঙ্গা থেকে শুরু করে মহানন্দা, ফুলহার, পদ্মা ইত্যাদি বহু নদী চলে গেছে। বহুদিন আগেই আইন পাশ হয়েছে যে, কোনও জায়গা যদি নদীগর্ভে চলে যায় তাহলে সেটা সরকারি জমি হিসাবে চিহ্নিত হবে। পরে দেখা গেল যে জমিগুলো ভাঙনে নদীগর্ভে চলে গিয়েছিল, সেগুলো আবার আস্তে আস্তে জাগছে এবং সেটাকে চর এরিয়া হিসাবে চিহ্নিত করছে, সেটা সরকারি জমি, যাদের রায়তি জমি ছিল তারা সেই জমি পাচ্ছে না। এটা সরকারে থাক, কিন্তু অন্ততপক্ষে সেই জমি তাদেরকে পাট্টা দেওয়া যায় কিনা, ইন্দিরা আবাস যোজনার সুযোগ-সুবিধা তাদের দেওয়া যায় কিনা, NREGS-এর মাধ্যমে তাদের কাজ দেওয়া যায় কিনা, স্যানিটেশনের কাজ করানো যায় কিনা, সেটা দেখার জন্য অনুরোধ করছি। বহু জায়গায় চর আছে। একপাশে ঝাড়খণ্ড, আর একপাশে মালদা, তার মাঝখানে কিছু চর আছে যেখানে তারা আইডেন্টিফিকেশনের অভাবে ভুগছে, তারা না

ঝাড়খণ্ডের, না ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের। আমি যখন সভাধিপতি ছিলাম, তখন ডি.এম. খুব সাহায্য করেছিলেন, বিশেষ করে হামিবপুর চরের ক্ষেত্রে আমরা যৌথ উদ্যোগে একটা চরের মানুষকে ভোটাধিকার দিতে পেরেছিলাম। কিন্তু এখনও বহু চর আছে যেখানকার মানুষ এখনও ভোটাধিকার পায়নি, উন্নয়ন তাদের কাছে পৌঁছয়নি। যেসব চরে বিশেষ করে যেখানে আমাদের মানুষ বসবাস করে, সেখানে তাদের ভোটাধিকার দিয়ে উন্নয়ন তাদের কাছে পৌঁছে দেওয়ার অনুরোধ রাখব। আর একটা সমস্যা আছে মালদা জেলার — সব জায়গারই সমস্যা। যখন এ.বি.এ. গনিখান চৌধুরী ইরিগেশন ডিপার্টমেন্টের মিনিস্টার ছিলেন, সেখানে চকবাবুপুর বলে একটি জায়গা নদীগর্ভে চলে যায়। রাজীববাবু এটা আপনার দৃষ্টিতে আনছি, কাইন্ডলি এটা আপনি দেখবেন, সেখানে প্রতিদিন, প্রতিনিয়ত মারামারি হচ্ছে। L.A. case no. 19/78-79, 41/78-79 Mouza - Sultangunj, J. L. No. 31 এখনও এই জমিটা ইরিগেশনের হাতে আছে। রিফিউজি রিহ্যাবিলিটেশনের জন্য ওখানকার লোককে তুলে এনে এ.বি.এ. গনিখান চৌধুরী সেখানে কলোনি করে দিয়েছিলেন। সেখানে তাদের যদি আপনি পাট্টা দেন। কারণ তারা প্রতিদিন বি.ডি.ও.-এর কাছে গিয়ে বলছে — আমাদের ঘর দেওয়া হচ্ছে না কেন? আমরা স্যানিটেশনের সুযোগ পাচ্ছি না কেন? বি.ডি.ও. বলেন, যেহেতু আপনাদের পাট্টা নেই, আপনাদের পেপার্স ঠিক নেই, সেইজন্য এইসব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। আর একটা প্রশ্ন যে যখন বাঁধ তৈরি হয়, গঙ্গার যে বাঁধ তৈরি হয় সেই বাঁধ তৈরি করার সময়ে ইরিগেশন ডিপার্টমেন্ট রায়তদের কাছ থেকে জমি নিয়েছিল। সেই জমি নেওয়ার পরে ইরিগেশন ডিপার্টমেন্ট কিন্তু তাদের টাকা পে করে দেয়। সেই জমির দাম দিয়ে দেয়। কিন্তু দুর্ভাগ্যবশত আমরা দেখতে পাচ্ছি যে রায়ত জমিদার যারা ছিল তারা টাকা পেয়েছে কিন্তু এখনও পর্যন্ত তাদের নামেই জমি থেকে গেছে। বর্তমানে আমরা দেখতে পাচ্ছি যে তাদের বংশধর কিছু ল্যান্ড মাফিয়াকে কাজে লাগিয়ে সেই জমি বিক্রি করছে এবং সেখানে যারা বর্তমানে বসবাস করছে তাদের উপরে অত্যাচার চালাচ্ছে, তাদের উঠে যাওয়ার জন্য বলছে। এই সমস্যা দূর করার জন্য আমি অনুরোধ করব। ঘাটাল মাস্টার প্ল্যান এটা একটা ইনকমপ্লিট প্ল্যান। এটা একটা আন সায়েন্টিফিক প্ল্যান। আমি কখনো শুনিনি যে প্রথম ফেজের কাজ না হয়ে সেকেন্ড ফেজের কাজ শুরু হবে। এখানে ডি.পি.আর. রেডি রয়েছে। শুনছি নাকি এখানে সেকেন্ড ফেজের কাজ শুরু হবে। আমি জানি না সিঁড়ি তৈরি না করে কি ভাবে আপনি ছাদে উঠবেন। আর একটি ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিস্তা ব্যারেজ প্রোজেক্ট। এটা আপনি নিশ্চয়ই ভাল করে জানেন যে এটা একটা ন্যাশনাল প্রোজেক্ট। পশ্চিমবঙ্গের মধ্যে এই একটাই প্রোজেক্ট যেটা আপনার ডিপার্টমেন্টের আন্ডারে, এই প্রোজেক্ট নিয়ে আমরা আশা দেখছি মালদার মানুষ, কুচবিহারের মানুষ দিনাজপুরের মানুষ। আমরা শুনতে পাচ্ছি যে এই প্রোজেক্ট নাকি আগামীদিনে আপনারা বন্ধ করতে যাচ্ছেন। জানি না কতটা ঠিক। যদি সেটা বন্ধ করতে চান বা সত্যিই যদি এটা হয় তাহলে আপনি আপনার জবাবী ভাষণে এটা বলবেন। এই আশা রাখি। ডিজাস্টার ম্যানেজমেন্ট। আমরা জানি কখনো পুড়ে গেলে, খরা হলে, বন্যা হলে ডিজাস্টার ম্যানেজমেন্ট সেখানে কাজ করে। কিন্তু খুব দুঃখের সঙ্গে আমি জানাতে বাধ্য হচ্ছি যে যখন নদীগর্ভে বা সমুদ্র ভাঙনে গ্রামের পর গ্রাম উজাড় হয়ে যাচ্ছে তখন কিন্তু ...(মাইক অফ)...

শ্রী পুলক রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকার সেচ ও জলপথ বিভাগের শ্রী রাজীব ব্যানার্জী, ভারপ্রাপ্ত মন্ত্রী ও মন্টুরাম পাখিরা, রাষ্ট্রমন্ত্রী ৩২ নম্বর দাবির উত্থাপন প্রসঙ্গে ২০১৫-১৬ সালের যে বাজেট সেই বাজেটকে আমি প্রথমেই পূর্ণ সমর্থন জানাই। এবং আজকে এই বাজেট যে ভাবে উনি পেশ করেছেন, আমি পুরোটা পড়েছি। মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় এবং আমাদের যোগ্য থেকে যোগ্যতম আমাদের সেচমন্ত্রীর যে কর্মপদ্ধতি তাকে আমি ধন্যবাদ জানাই। আজকে হাউসের দুটি দিকের প্রতি আমি স্যার আপনার দৃষ্টি আকর্ষণ করছি। দুটি দিকই প্রমাণ করে যে মাননীয় সেচমন্ত্রী যে ভাল কাজ করছে। তার দুটো প্রমাণ আপনাদের দিই।। প্রথম হচ্ছে যে কংগ্রেস অনির্দিষ্ট কালের জন্য বয়কট করেছিল। কিন্তু সেচমন্ত্রীর ভাষণকে নৈতিকভাবে সমর্থন জানানোর জন্য বাজেটে উপস্থিত থেকে প্রমাণ করছে যে আমাদের সেচমন্ত্রী ভাল কাজ করছেন। এটা প্রমাণিত। দ্বিতীয়, বামপন্থী বন্ধুরা আমরা যারা জনগণের দ্বারা নির্বাচিত আমরা মানুষের কাছে দায়বদ্ধ। আমি আশা করেছিলাম, এই সদনে উপস্থিত থেকে বামফ্রন্টের প্রাক্তন সেচমন্ত্রী তিনি যে কাজ করেছিলেন সেটা বলবেন। এটা আমি আশা করেছিলাম। কিন্তু তিনি লজ্জা পেয়েছেন চার বছরে আমাদের কাজ দেখে। তাই তিনি বক্তার লিস্টে তাঁর নামটা নেই। তিনি উপস্থিত থেকে খণ্ডন করে বলতেন যে আমরা এই কাজ করেছি। একথা তিনি বলতে পারেননি। লজ্জিত বোধ করেছেন। তাই নাম দেননি। এই দুটো বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করলাম। বিগত দিনে বন্যা একটা বড় ইস্যু ছিল ৩৪ বছরে। আমাদের ৩৪ বছরে বন্যাটা প্রায় প্রতি বছরই লেগে থাকত। যদিও বা জনগণ মনে করত, আমরা মনে করেছি যে এটা ছিল ম্যান-মেড বন্যা। তথ্য প্রমাণ দিয়ে বলতে চাই ডিভিসি ৩০, ৪০ হাজার কিউসেক জল ছাড়ত প্রতি বছর। তাতেই পশ্চিমবাংলার অনেক জায়গা বিশেষ করে আমার জেলা আমতা উদয়নারায়ণপুরে মানুষ বন্যাকবলিত হত। কিন্তু আমরা গর্বের সঙ্গে জানাই আমাদের চার বছরে মা-মাটি-মানুষের সরকারে রাজ্যে কোনও বন্যা হয়নি। দু-একটা আংশিক জায়গা ছাড়া এবং দামোদর ভ্যালি করপোরেশন বিগত বছরে এক লক্ষ চৌষট্টি হাজার কিউসেক জল ছেড়েছে। তাতেও বন্যা হয়নি।

[2.10 - 2.20 p.m.]

আমি ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের সরকারের সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়কে। আপনার কাছে বলতে চাই একটা সময় মানুষ বলতেন — পুরমন্ত্রীর বাজেটের সময়ে শুনছিলাম রিগিং-এর গল্প বলছিল, কিন্তু বাস্তবটা এরা বলে না। বিগত দিনে মানুষের মুখে একটা স্লোগান উঠেছিল বন্যা গেল খরা এল, কেন্দ্র দিল টাকা, কমরেডরা করে দিল ফাঁকা। লোকে বলত আল্লা মেঘ দে, বন্যা দে, পানি দে, কমরেডদের পকেট ভর্তি হবে। আজকে চার বছরে মানুষ আমাদের কাজ দেখছে। আগে কি হত? এই দপ্তরটা শুধু বর্ষাকালের দপ্তরে রূপান্তরিত হত। বর্ষাকালে ইঞ্জিনিয়ার দাঁড়িয়ে থেকে বালির বস্তা আর বাঁশের পাইপ লাইন দিয়ে নদীবাঁধ রক্ষা করত। কিন্তু আজকের দিনে আমরা ৩৬৫ দিনই নদীর বাঁধকে সংস্কার করাচ্ছি। বালির বস্তা দিয়ে নয়, কখনো প্লাগ পিচিং, কখনো বোল্ডার পিচিং, কখনো স্যাশে দিয়ে আপনারা দেখতে পারেন হুগলি নদী থেকে শুরু করে অনেক জায়গায় হাজার হাজার কিলোমিটার নদীবাঁধকে সংস্কার করা হচ্ছে। শুধু

তাই নয় আপনাদের বলতে আমার খারাপ লাগে। এদের আমলে দামোদর নদের কথা শুনেছেন। অনেক জায়গা দিয়ে দামোদর নদ গেছে। আমার হাওড়া জেলা দিয়েও গেছে। এরা ৩৪ বছরে দামোদরের নাম পাল্টে দিয়েছিল। মজা দামোদরে পরিণত হয়েছিল। এই ৩৪ বছরে দামোদর মজে গেছে। একবারও কাটায়নি। আমরা মজা দামোদরকে কাটানো শুরু করে আমরা দামোদরে রূপান্তরিত করেছি। রিগিং নয়, মানুষ এগুলি দেখছে। মানুষ কাজ দেখছে এবং এই কাজ দেখে দু-হাত ভরে মা-মাটি-মানুষের সরকারকে আশীর্বাদ করছে। মমতা বন্দ্যোপাধ্যায়কে আশীর্বাদ করছে। কাজের নিরিখে মানুষ আমাদের পাশে আসছে। আমরা বলতে এসেছি এই মহতী সদনে। সারা রাজ্যের কথা না বলে আমি আমার হাওড়া জেলার কাজগুলি দেখছিলাম একজন জেলার বিধায়ক হিসাবে। আমাদের বিগত দিনে ৩৪ বছরের বামফ্রন্টের রাজত্বে দুই থেকে পাঁচ কোটি টাকার বেশী আমাদের জেলার জন্য কোনও বাজেট ধরেননি। ১০ কোটিও টপকায়নি। আপনারা শুনলে খুশি হবেন এই '১৪-১৫ বিগত সালে পাঁচশো সত্তর কোটি টাকার কাজ আমাদের হাওড়া জেলাতে হয়েছে। মেদিনীপুর ক্যানাল কাটানো হচ্ছে। শর্টকাট চ্যানেল কাটানো হচ্ছে। মজা দামোদর কাটানো হচ্ছে। রামপুর খাল কাটানো হচ্ছে। মাদারিয়া খাল কাটানো হচ্ছে। চাঁপা খাল কাটানো হচ্ছে। সরস্বতী খাল কাটানো হচ্ছে। রাজাপুর খাল কাটানো হচ্ছে। নয়াবাজ খাল কাটানো হচ্ছে। বাজখাই খাল কাটানো হচ্ছে। সুতী খাল কাটানো হচ্ছে। হাওড়া ড্রেনেজ ক্যানাল কাটানো হচ্ছে। আপনাদের কাছে জিজ্ঞাসা করতে চাই আমাদের জেলাতে কটা খাল ৩৪ বছরে কাটিয়েছিলেন। এটা আপনাদের আগে বলতে হবে। আমরা মানুষকে সাথে নিয়ে কাজ করতে চাই। এইকথা বলে বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কানাই চন্দ্র মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, এখানে মাননীয় দুই যুবক মন্ত্রী ৩২ নাম্বার দাবীতে সেচ ও জলপথ বিভাগের এখানে বাজেট পেশ করেছেন। সেই বাজেট সম্পর্কে এখানে বলতে গিয়ে আমি বলতে চাই, এখানে দুই নবীন মন্ত্রী খুব চাতুরীর সঙ্গে এই বাজেট পেশ করেছেন। কিছু কাজ করতে হবে একটা গভর্নমেন্ট থাকতে গেলে। এটা করতে হয়। বাজেটে বরাদ্দ আছে। আমরা দেখছি গতবারের বাজেট, এবারের বাজেট কিছু টাকা বাড়তি আছে, সব টাকা খরচ করতে পারেননি। তা সত্ত্বেও একটা বাজেট এখানে পেশ করেছেন। এখানে চাতুরির সঙ্গে বলার চেষ্টা করেছেন। যে কাজগুলি করতে পারবেন না সেই ব্যাপারটা পুরোটাই কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। আগামী প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের ঘাড়ে চাপিয়েছেন। এটা খুবই ভালো যে আমরা জানি নদী ভাঙন, গঙ্গা ভাঙন এই সমস্ত প্রাকৃতিক যে দুর্যোগ হয়, এর একটা বড় দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ঘাড়ে থাকে। জাতীয় বিপর্যয় মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সাহায্য ছাড়া হয় না। কিন্তু মাননীয় মন্ত্রীদ্বয় — হয়তো আগে আপনারা বুঝতে পারেননি, এখন বুঝতে পারছেন। আপনার বাজেট ভাষণের উপসংহারের আগের স্ট্যাঞ্জাতে আপনি যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কথা বলেছেন। অর্থাৎ রাজ্য সরকারের দায়িত্ব, কেন্দ্রীয় সরকারের দায়িত্ব — সেই দায়িত্ব সম্পর্কে সচেতন আছেন। সেই সচেতন আমরাও ছিলাম ৩৪ বছরে। ৩৪ বছরে বামফ্রন্ট সরকার — যে ভয়ঙ্কর অবস্থা ছিল রাজ্যের, নদী ভাঙন, একেবারে '৭৭ সালে গভর্নমেন্ট আসা, '৭৮ সালে ভয়ঙ্কর বন্যায় গোটা পশ্চিমবাংলা ভেসে গিয়েছিল। তার

মোকাবিলা বামফ্রন্টকে করতে হয়েছিল। আর তখন থেকেই, বিশেষ করে বন্যার কারণে জলপথগুলি নির্মাণের ক্ষেত্রে আমরা দাবী করেছি — কেন্দ্রীয় সরকারের সাহায্য দরকার এবং এই মোকাবিলা করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। এটা আমাদের বোধগম্য ছিল। কিন্তু বোধগম্য ছিল না এই রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রীর। যখন তিনি বিরোধী নেত্রীর জায়গায় লড়াই করেছেন, তখন তার জানা ছিল না যে, রাজ্যের এই বন্যা মোকাবিলা করার ক্ষমতা রাজ্য সরকারের নেই। তিনি তাই বারে বারে বিরোধিতা করেছেন, দ্বিচারিতা করেছেন। এখানে বলা হল 'ম্যান মেড বন্যা' ২০০০ সালের বন্যাকে। এই বন্যা ম্যান মেড বন্যা ছিল না। সারা পশ্চিমবাংলায় ৭ দিন ধরে অবিশ্রান্ত বৃষ্টি হয়েছে। ভয়ঙ্কর বৃষ্টির মধ্যে দিয়ে গোটা পশ্চিমবাংলায় যে ভয়ঙ্কর বন্যা হয়েছিল ২০০০ সালে, সেই বন্যায় ২ কোটি মানুষ জলের তলায় চলে গিয়েছিল। ২ কোটি মানুষের বাড়ি-ঘর ভেঙেছে। সেই মানুষদের ক্ষতিপূরণ দেওয়ার বড় দায়িত্ব ছিল কেন্দ্রীয় সরকারের। আজকের মুখ্যমন্ত্রী তৎকালীন ওই বিজেপি পরিচালিত সরকারের রেলমন্ত্রী ছিলেন। তিনি একেবারে হেলিকপ্টারে করে উড়ে এসে বলেছিলেন, এই বন্যা ম্যানমেড বন্যা। পশ্চিমবাংলার সরকারকে একটি টাকাও সাহায্য না দেওয়ার জন্য তিনি সুপারিশ করেছিলেন, তিনি লড়াই করেছিলেন, তিনি দ্বিচারিতা করেছিলেন, পশ্চিমবাংলার মানুষের প্রতি তিনি প্রতারণা করেছিলেন। আমরা সহমত পোষণ করছি, আপনি যে বহু প্রকল্পের কথা বলেছেন — একেবারে দক্ষিণবঙ্গ থেকে শুরু করে, কেলেঘাই, কপালেশ্বরী থেকে শুরু করে আপনারা উত্তরবঙ্গের তিস্তা প্রকল্প বলেছেন। আমরা সব প্রকল্প সমর্থন করছি সুবর্ণরেখার ভাঙন, ফরাক্কা ব্যারেজ, আজকে এই বড় বড় প্রকল্পগুলিতে কেন্দ্রীয় সাহায্য দরকার। জাতীয় বিপর্যয় মোকাবিলার জন্য যে টাকার দরকার — আমরা সহমত, এই দাবীতে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ দরকার, আমরা সহমত। কিন্তু মুখ্যমন্ত্রী বুঝতে পারেননি সেই সময় দাঁড়িয়ে। উপসংহারে দূরদৃষ্টিসম্পন্নের কথা বলেছেন। তাঁর দূরদৃষ্টি ছিল না। তিনি হয়তো ভাবতে পারেননি যে, ভবিষ্যতে হয়তো তিনি কখনো মুখ্যমন্ত্রী হবেন। তাই তার অদূরদৃষ্টিতার কারণে পশ্চিমবাংলাকে অনেক পিছিয়ে দিয়েছেন তিনি। লড়াই করে পিছিয়ে দিয়েছেন। আমরা জানি আয়লার ঘটনা। এখানে আয়লার টাকার কথা বলা হচ্ছে। আয়লা নিয়ে উল্লেখ করা হচ্ছে। আমরা জানি, আয়লায় যখন মানুষ বিপর্যস্ত সমুদ্রোচ্ছ্বাসে, তখন আমরা দেখেছি ইউ.পি.এ. গভর্নমেন্ট পরিচালিত সরকারের রেলমন্ত্রী রেল দিয়ে সাহায্য করেননি। ত্রাণ সামগ্রী নিয়ে যাওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করেছিলেন। শিল্পের ক্ষেত্রে বাধার সৃষ্টি করেছেন। উন্নয়নের ক্ষেত্রে বাধার সৃষ্টি করেছেন। আমরা আজকে দাঁড়িয়ে সহমত পোষণ করছি। আপনার বাজেট — কেন্দ্রীয় বরাদ্দ দরকার। সেই বিষয়ে আমরা একমত। আমি এখানে দাঁড়িয়ে বলতে চাইছি, মন্ত্রী মহাশয়কে এখানে একটা কথা বলা হল যে, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী — আপনাদের স্মরণে আছে, সংবাদপত্রে দেখেছিলাম — তিনি ঘোষণা করেছিলেন কিছু হোল টাইমারের দরকার। হোল টাইমারের জন্য তিনি কাগজে বিজ্ঞাপন দিয়েছেন। আর সেই হোল টাইমারে যারা নাম লিখিয়েছিল তৃণমূল দলের লোকেরা, আজকে সেই হোল টাইমারদের পোষার জন্য আপনার বাজেটের অর্ধেক টাকা চলে যাচ্ছে ফর দি কন্ট্রাক্টার, নট বাই গভর্নমেন্ট, ফর পিপ্‌ল যাচ্ছে না। কন্ট্রাক্টরের জন্য যাচ্ছে। আজকে যেখানে যেখানে প্রকল্প হচ্ছে, সেই প্রকল্পগুলি সম্পর্কে আপনি

এম.এল.এ.-দের তো দায়িত্ব দিচ্ছেন না! আমি জানি নবগ্রাম বিধানসভা কেন্দ্রে একটা কাজ হচ্ছে। হয়তো অনেক জায়গাতেই কাজ হচ্ছে। সেই কাজ কোথায় কি হচ্ছে আজকে বিধায়করা জানছেন না।

[2.20 - 2.30 p.m.]

আমরা যখন এখানে দাঁড়িয়ে বাজেট নিয়ে আলোচনা করছি, আমরা যখন এখানে দাঁড়িয়ে সব কাজটা জানার চেষ্টা করছি, তখন আজকে এলাকার কাজ সম্পর্কে আমরা জানতে পারছি না, এম.এল.এ.-দের যুক্ত করা হচ্ছে না। আজকে অনেক প্রকল্পের কথা আছে যেমন ময়ূরাক্ষী প্রকল্পের কথা বলা আছে, অন্য প্রকল্পের কথা বলার আছে। আপনি এখানে ১ লক্ষ ৭ হাজার হেক্টর সেচ এলাকা বাড়িয়েছেন। কিন্তু আপনার স্মরণে থাকা দরকার আজকে বহু সেচ প্রকল্প যা আছে তা আজকে জল দিতে পারছেন না। (এই সময় মাননীয় সদস্যর নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়াতে মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী সুজিত বোস : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রাজীব ব্যানার্জী এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী মণ্টুরাম পাখিরা ৩২ নম্বর দাবী উত্থাপন প্রসঙ্গে যে বাজেট এখানে পেশ হয়েছে, তাকে সমর্থন করে দু-একটি কথা এই সভায় উত্থাপন করতে চাই। প্রথমত বলি প্রবোধদা অত্যন্ত সিনিয়র মেম্বার আমাদের এই সভার, তিনি বাজেট সম্পর্কে দু-একটি টেকনিক্যাল কোশ্চেন করেছেন। নিশ্চয়ই মন্ত্রী সেটার জবাব দেবেন। কিন্তু প্রবোধদা কিছু উপদেশের কথা বলছিলেন। আমি বলি আমার অপোজিট বেঞ্চে যাঁরা আছেন, তাঁরা দীর্ঘ ৩৪ বছর তাঁরা ক্ষমতায় ছিলেন, আর মন্ত্রী ছিলেন সুভাষ নস্কর। সুভাষদা এখানে থাকলে ভালো হতো, সুভাষদা চলে গেলেন কেন আমি বুঝতে পারলাম না। সুভাষদা পালিয়ে গেছেন তার কারণ এই ডিপার্টমেন্টটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর, এই গুরুত্বপূর্ণ দপ্তরে ৩৪ বছর সময়টা কম সময় না। আমি মনে করি প্রবোধবাবু যদি ওনাকে কিছুটা বুদ্ধি পরামর্শ দিতেন তাহলে মনে হয় রাজ্যের ভালো হতো। যেটা রাজীব ব্যানার্জী গত ৪ বছরে আমরা দেখেছি শুধু দায়িত্ব নিয়েই নয়, মাননীয় মুখ্যমন্ত্রী যেমন আমাদের সেচ ব্যবস্থার উপর গুরুত্ব দিয়েছেন তেমনি মাননীয় মন্ত্রী রাজীব ব্যানার্জী আমি নিজে দেখেছি তাঁকে বিভিন্ন জায়গায় নিজে স্পটে পৌঁছে যাচ্ছেন, মানুষের সঙ্গে কথা বলছেন এবং যেখানে যেটা সমস্যা সেটা ডিপার্টমেন্টকে দিয়ে করছেন, এটাই হচ্ছে মন্ত্রীর কাজ। ভালো কাজকে সবসময় ভালো বলতে হয়, যদি সমালোচনার কিছু থাকে সমালোচনা নিশ্চয়ই থাকবে। আজকে আমি বলতে পারি যাঁরা ওই বেঞ্চে দাঁড়িয়ে বলছেন আমি কাউকে কটাক্ষ করছি না, আপনারা কি একটা পরিসংখ্যান বলতে পারবেন ৩৪ বছর রাজ্যে কত খাল কেটেছেন, আর ৪ বছরে এই সরকার কত খাল কেটেছে? আমি আপনাদের বলবো আপনারা বিধানসভায় একটা দিন যে কোনও দিন একটা আলোচনা করুন যে কত খাল আপনারা সংস্কার করেছেন। আমি আমার জেলার কথা বলতে পারি, সারা রাজ্যের কথা তো আছেই অনেক খাল কেটেছে, আমার জেলায় দুটো বড় খাল, একটা খাল হচ্ছে আপনারা জানেন কেষ্টপুর ক্যানেল, আর একটা হচ্ছে বাগজোলা খাল, যে খালটা পুরো জেলাটাকে সমস্ত যত আমাদের নিকাশী সিস্টেম আছে সেই নিকাশী সিস্টেমটা এমনকি

কলকাতার কিছু কিছু বিদ্যাধরী নদীতে যাচ্ছে। আজকে আমরা গর্ব করে বলতে পারি যে, এই খালগুলো গোটা ৩০ বছরে কোনোদিন কাটতে দেখিনি। এই সরকারের আমলে কেষ্টপুর ক্যানেল সংস্কার হয়েছে যেমন, তেমনি বাগজোলা ক্যানেলও সংস্কার হচ্ছে। আপার বাগজোলা হয়ে গেছে, এখন ২৯ কিমি যে লোয়ার বাগজোলা আছে, সেই বাগজোলার কাজও খুব দ্রুত গতিতে হচ্ছে। আপনাদের শুনলে ভালো লাগবে আমাদের ভি.আই.পি. রোডের ধার দিয়ে অনেকেই এয়ারপোর্ট যাচ্ছেন আপনারা, উল্টোডাঙা থেকে প্রায় ২ কিমি ইমিডিয়েট খাল সংস্কারের সাথে সাথে বিউটিফিকেশান, আমাদের মন্ত্রী রাজীব ব্যানার্জী, মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি বলেছিলাম এটা খুব ভালো হতে পারে এবং তিনি সেটা রেকমেন্ড করেছিলেন, আমাদের আর এক মন্ত্রী ফিরহাদ হাকিম, আমরা রাইট্সকে দিয়ে একটা প্ল্যান করিয়েছিলাম। এই কাজগুলো যে এই সরকারের হচ্ছে এতে শহরের ভালো হচ্ছে যেমন, তেমনি মানুষ এগুলোকে অ্যাপ্রিসিয়েট করছে। সুতরাং আজকে যেমন আমাদের সবাইকে মনে রাখতে হবে যে অনেক খাল আমাদের সংস্কার হয়েছে, আমাদের ক্যান্টনমেন্ট খাল সংস্কার হচ্ছে, নোয়াই খাল সংস্কার হচ্ছে, বিভিন্ন খাল যেমন একটু আগে পুলকবাবু বলছিলেন যে হাওড়া জেলায় প্রচুর খাল সংস্কার হচ্ছে। আমি দেখেছি প্রত্যেকটি জেলায় বাজেট অনেক বেড়ে গেছে। আগে যে বাজেট ছিল খাল সংস্কারের জন্য, কিংবা অন্য ডেভালপমেন্টের জন্য, আগে কোনও জেলায় যদি ১০ কোটি, ২০ কোটি থাকতো, এখন সেটাতে ৫০ কোটি, ১০০ কোটি টাকা ব্যয় হচ্ছে। সুতরাং এই দপ্তর খুবই ভালো কাজ করছে। তার সাথে সাথে আমাদের এখানে সেচেরও একটা বড় ব্যাপার আছে। আমাদের রাজ্যের মানুষ যারা কৃষক যারা কৃষিতে বিশেষ করে বর্ষার উপর যাদের নির্ভর করতে হয়। কিন্তু সেচ একটা বড় factor। আমরা দেখেছি সেচ দপ্তরও খুব ভালো, এই দপ্তরের সাথে সেচ দপ্তরও আছে। এবং সেচ দপ্তরও খুব ভালোভাবে বিশেষ করে ভালো ফসল করতে গেলে সেচের একটা বড় ভূমিকা থাকা দরকার আছে। সেচকে আমি দেখছিলাম, এখানে একটা রিপোর্ট আমি পড়ছিলাম যে, বিগত চার বছরে এই সরকার ২ লক্ষ ৬৪ হাজার একর জমিকে নতুনভাবে সেচ ব্যবস্থার মধ্যে এনেছে। এটা একটা বিরাট সাফল্য। এটা বিগত বামফ্রন্ট সরকার শেষ চার বছরে ২০০৭ থেকে ২০১১ অবধি যে পরিমাণ কৃষি জমিকে সেচ ব্যবস্থার মধ্যে এনেছিল তার থেকে এটা ৭০ শতাংশ বেশি। এই একটা বিরাট positive কাজ। আর একটা বলতে পারি, আমাদের বিশেষ করে আমাদের বিভিন্ন জায়গায় বন্যা হচ্ছে, এবং বন্যা রোধ করার জন্য বাঁধ; আয়লা আপনারা জানেন বিশেষ করে সন্দেশখালি, এখানে সুভাষদা থাকলে ভালো হত, সুভাষদা জানেন সন্দেশখালিতে, বসিরহাট, ইছামতী থেকে আয়লায় কত মানুষের ঘরবাড়ি ক্ষতি হয়েছিল। আমি যখন পার্লামেন্টে ২০০৪-এ দাঁড়িয়েছিলাম, ওই সমস্ত দ্বীপটিপগুলোতে আমি গিয়েছিলাম। ভাণ্ডারখালি থেকে শুরু করে সাহেবখালি ওই সমস্ত জায়গাগুলোতে কিন্তু আমরা দেখলাম, এবং কিছুদিন আগে আমি একটা মিটিং-এ গিয়েছিলাম বসিরহাটের ওই সমস্ত জায়গায়, প্রচুর পরিমাণে সেখানে বিশেষ করে বাঁধের কাজ হচ্ছে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে যে, কাজ হচ্ছে, যেমন, মেদিনীপুরে হচ্ছে, মুর্শিদাবাদ, মালদা এই সমস্ত জায়গাগুলোতে বর্ষার সময় ভীষণভাবে ভাঙন দেখা দেয়। সেই ভাঙনের কাজে এই সরকার দ্রুত গতিতে কাজ করছে। সুতরাং positive কাজকে সবসময় আমাদের

encourage করা উচিত। মাননীয় রাজীব ব্যানার্জী যেটা আজকে এই সভায় পেশ করেছেন, সেটা আমরা পুরো সমর্থন করছি, এবং আমার মনে হয় রাজ্য সরকারের যে পরিকল্পনা সেটা নিশ্চই আগামীদিনে আরো ভালো করে আমাদেরকে এগিয়ে নিয়ে যাবে। নমস্কার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৩২ নম্বর দাবীর অধীনে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীদ্বয় শ্রী রাজীব ব্যানার্জী এবং শ্রী মন্টুরাম পাখিরা যে দাবি উত্থাপন করেছেন এই পরিপ্রেক্ষিতে আমাদের সিনিয়ার সদস্য শ্রী প্রবোধ সিন্‌হা মহাশয়, এখানে বলেছিলেন টেকনিক্যাল ত্রুটির কথা। এই প্রসঙ্গে একটা সংশোধনী এনে এটাকে বৈধ করবার ক্ষেত্রে তিনি এখানে বিস্তারিত উল্লেখ করেছেন। আমি সেটাকে সমর্থন করে আমার সময় খুব কম আমি সংক্ষেপে কয়েকটি বিষয় এখানে উল্লেখ করব। প্রথমে বলতে চাই যে, এখানে বলছিলেন শ্রী পুলক রায়, তিনি বলছিলেন যে, বামফ্রন্টের আমলে কি হয়েছে, কি কাজের নজির এই নিয়ে সুভাষবাবুর কাছে উত্তর চেয়েছেন। আমি আপনার উত্তরে বলি, নিঃসন্দেহে রাজীববাবু কর্মদ্যোগী মানুষ, কেন্দ্রের কাছ থেকে টাকা কিভাবে আদায় করতে হয় তিনি করছেন। সারা বাংলা জুড়ে নদীবাঁধ নির্মাণ থেকে শুরু করে বন্যা প্রতিরোধ ইত্যাদি বিষয়ে তিনি চেষ্টা করছেন। এই বিধানসভাতে গতবছর জুলাই মাসে এক প্রশ্নের উত্তরে তিনি বলেছিলেন যে, আয়লা বিধ্বস্ত সুন্দরবনে গত তিনবছরে কত কিলোমিটার বাঁধ পুনর্নির্মাণ হয়েছে। আমরা সবাই জানি যে, ৩০০০ কিলোমিটার বাঁধ। সে দিন তিনি উত্তরে বলছিলেন যে, ২১ কিলোমিটার বাঁধ নির্মাণ হয়েছে। ঠিক তার দশ মাস পরে ২২শে মে সরকার পক্ষের আর একজন MLA-র প্রশ্নের উত্তরে তিনি বলেছিলেন, কি বলেছিলেন? চার বছরে ২৫ কিলোমিটার বাঁধ নির্মাণ হয়েছে। আমরা কি দেখেছি যে, আয়লা বিধ্বস্ত সুন্দরবনে ৩০০০ কিলোমিটার বাঁধের মধ্যে সেখানে ধসে গিয়েছিল ৭৭৮ কিলোমিটার বাঁধ। চার বছরে করেছেন ২৫ কিলোমিটার। আর কি উত্তর চাইবেন? মন্ত্রী এখানে আছেন। আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে মাননীয় মন্ত্রী আছেন, সেই বিষয়ে আমি বলব। এখানে সেটা হচ্ছে আমরা সবাই জানি আমাদের উত্তরবঙ্গ, ভুটান থেকে যে সমস্ত নদীর উৎপত্তি সেই নদীর জলে,

[2.30 - 2.40 p.m.]

আমাদের কুচবিহার বলুন, জলপাইগুড়ি বলুন, ছোট্ট আলিপুরদুয়ার জেলা, এই বিস্তীর্ণ এলাকা ভাসিয়ে দেয়। মানুষের ঘরবাড়ি, ফসল থেকে শুরু করে বিনষ্ট করে। আমি এখানে মাননীয় মন্ত্রীকে বলব যে ইন্দো-ভুটান যে রিভার কমিশন এটা দ্রুত করে যাতে উত্তরবঙ্গের এই জেলাগুলি অত্যন্ত এই বন্যার হাত থেকে মানুষকে রক্ষা করা যায়। আপনি জানেন, অধুনা একদা তিস্তা, তিস্তা দার্জিলিং পাহাড় থেকে নেমে এসে জলপাইগুড়ি জেলায় প্রবাহিত হয়েছে। এই তিস্তার দক্ষিণ দিকে তিনটি শাখা নদী সেখান থেকে আসছে। এই তিনটি শাখা নদীর মধ্যে যে শাখা নদী, সেই শাখা নদীর থেকেও উৎপত্তি হয়েছে আমাদের দক্ষিণ দিনাজপুর জেলার দীর্ঘতম নদী আত্রেয়ী নদী। আজকে এই আত্রেয়ী নদী শীর্ণ হয়েছে। শুধু আত্রেয়ী নয়, আমাদের জেলাতে আরো দুটি বড় নদী আছে, সেইটা হচ্ছে গঙ্গারামপুরের পুনর্ভবা এবং বংশীহারীর টাঙন। এই নদীগুলো বাংলাদেশ থেকে এসেছে, আমাদের দক্ষিণ দিনাজপুর জেলার উপর দিয়ে আবার

বাংলাদেশে চলে গিয়েছে। আজকে সেখানকার মানুষ জানত যে প্রকৃতির নিয়মে যে জলাধার, সেই জলাধার সেই নদীগুলোতে কমে যাচ্ছে। কিন্তু গত কয়েক মাস আগে এই যে তিস্তা বাংলাদেশ দিনাজপুর হয়ে দক্ষিণ দিকে, এই দক্ষিণ দিনাজপুরের কুমারগঞ্জ ব্লকের সমজিয়া, সমজিয়া হয়ে বালুরঘাট হয়ে, বাংলাদেশের রাজশাহী ডিস্ট্রিক্ট-এর চলনবিল পদ্মানদীতে গিয়ে মিশেছে। এই যে আত্রেয়ী নদী আজকে শীর্ণকায় হয়ে গিয়েছে কুমারগঞ্জ ব্লকের সমজিয়া থেকে ১৪০০ মিটার উত্তরে, সেখানে ফুলবাড়ি-মোহনপুর নামে একটা জায়গা, সেই জায়গাতে কংক্রিটের বাঁধ দিয়ে দিয়েছে। কংক্রিটের বাঁধ দিয়ে জল আটকে দেওয়ায় আজকে শীর্ণ হয়ে গিয়েছে এই নদী। ফলে দক্ষিণ দিনাজপুর জেলার কৃষক যাদের এই নদীর জলে কৃষি অর্থনীতি নির্ভর করে আজকে সেখানে তারা বঞ্চিত হচ্ছে। এমন কি এখানকার সমস্ত মানুষ অভিযোগ জানিয়েছে আপনাকেও জানিয়েছে, পরিবেশ মন্ত্রক, বাংলাদেশের তাদেরকেও জানিয়েছে এবং এটা প্রধানমন্ত্রী পর্যন্ত জানানো হয়েছে। এখানে একটা জল প্রকল্প আছে, ৪২ কোটি টাকার যে জল প্রকল্প, এখন আত্রেয়ীর জল না থাকার কারণে এই জল প্রকল্প অনিশ্চিত হয়ে পড়েছে। তাই আপনাকে বলব যে দক্ষিণ দিনাজপুর জেলার এই নদীগুলো যেখানে ভারত-বাংলাদেশ এই আন্তর্জাতিক নদী, সেখানে তারা চুক্তি লঙ্ঘন করছে, কংক্রিটের বাঁধ দিয়ে। আপনি কুশমুণ্ডির তুলাই নদীর উপরে যে ফুট ব্রীজ করেছেন, সেই নদীর উপরেও বাংলাদেশের দিকে বর্ডারের দিকে বাঁধ দিয়ে দিয়েছে। ফলে এই নদীগুলো বন্যার সময় ভাসিয়ে দিয়ে যায় আর বন্যার পর জল ধারণ ক্ষমতা থাকে না বাংলাদেশ বাঁধ দিয়ে দেয়। এখন এখানকার এই জেলার কৃষি অর্থনীতি মার খাচ্ছে। আজকে সেই নদীর চরে সবজি উৎপাদন হচ্ছে। কাঁটা দিয়ে মাছ ধরবার চেষ্টা হচ্ছে ফলে নদীর গতি বাধা প্রাপ্ত হচ্ছে, ফলে আজকে নদীর নাব্যতা কমে যাচ্ছে।

(সময় শেষ হয়ে যাওয়ায়, বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী শেখ শাহনাওয়াজ : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্যপালের সুপারিশ ক্রমে ৩২ নম্বর দাবীর পক্ষে ২৬৮৯ কোটি ৪২ লক্ষ ৭৭ হাজার টাকার যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটকে সমর্থন করে আমি দু-চারটি কথা বলছি। বিগত চার বছরে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সেচমন্ত্রীর কঠোর পরিশ্রমে বাংলার অভূতপূর্ব উন্নয়ন যেটা সেচ দপ্তর দেখিয়েছে মানুষের কাছে তার নজির থাকবে এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করে যেভাবে তিনি সেচ ব্যবস্থার উন্নয়ন করেছেন সেই বিষয়ে বলি আমাদের সরকারের অনেক উন্নয়নকে তিনি এগিয়ে নিয়ে গেছেন। আমরা দেখেছি তিনি তিস্তা বাঁধ প্রকল্প সম্প্রসারণ, পুরুলিয়ায় নতুন চেক ড্যাম নির্মাণ, জলপাইগুড়ি, বীরভূম, বাঁকুড়া, বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, হুগলি ইত্যাদি জায়গায় যে সমস্ত নদী-নালা-খাল সেই খালগুলোকে সংস্কার করে ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ সেচ ব্যবস্থার চরম উন্নতি করে প্রায় ২ লক্ষ ৬৪ হাজার একর জমি সেচের আওতায় এনেছেন। বিগত চার বছরে বামফ্রন্ট সরকার যেখানে মাত্র ১ লক্ষ ৫৮ হাজার একর জমি সেচের আওতার মধ্যে এনেছিলেন। আমরা দেখেছি বন্যা নিয়ন্ত্রণে বিভিন্ন নদী ও খালগুলির বাঁধ ও পাড় সংরক্ষণের জন্য চার বছরে ১৬৩৪ কিমি বাঁধ তৈরি করেছিলেন। যেটা ২০০৮-২০১১ সাল পর্যন্ত বামফ্রন্ট সরকার মাত্র ৬৪০ কিমি বাঁধ তৈরি করতে পেরেছিলেন। তিনি দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায়

৩৪৪ কিমি খাল খনন করেছেন এবং খাল খনন করার ফলে তিনি বন্যা রোধ করেছেন। ভয়াবহ বন্যা রোধ করে তিনি মানুষকে আশ্বাস দিয়েছেন যে এই সরকার মানুষের পাশে আছেন। এছাড়া তিনি ব্লক, সাব ডিভিশান, ডিস্ট্রিক্টে যোগাযোগ করার জন্য এই চার বছরে ৪৩টি সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে, ৬২টি সেতু নির্মাণের কাজ চলছে। যেখানে বিগত ৪-৫ বছরে বামফ্রন্ট সরকার মাত্র ২০টি সেতু নির্মাণ করেছিল। এইসব জিনিসগুলো প্রমাণ করে না যে সেচমন্ত্রী বিগত চার বছরে যে সমস্ত উন্নয়ন করেছেন সেই উন্নয়ন সত্যিকারের উন্নয়ন এবং মমতা ব্যানার্জীর যে উদ্দেশ্য মানুষকে বন্যা থেকে রক্ষা করা এটা সেই উন্নয়ন। ২০১৪-১৫ সালে আমাদের সরকারের নির্দেশে মাননীয় সেচমন্ত্রী ৯৪০ কোটি টাকার মূলধনী খরচ করেছিলেন। কিন্তু ২০১১-১২ থেকে ২০১৪-১৫ সাল পর্যন্ত উক্ত খরচের বাৎসরিক গড় ছিল ৬০৬ কোটি টাকা। সেখানে গত চার বছরে বামফ্রন্টের বাজেট ছিল মাত্র ২৪৬ কোটি টাকা। এত কোটি টাকার বাজেট সংস্থান করে দেখা যাচ্ছে তিনি সেচের জন্য, বিভিন্ন উন্নয়নের জন্য বিভিন্ন প্রকল্প তিনি নিয়েছেন। তিস্তা বাঁধ প্রকল্প যেটা ছিল উত্তরবঙ্গের মানুষের দাবি দাওয়া, সেখানে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের আধিকারিকদের নিয়ে কমিটি গঠন করে বাঁধগুলোর উন্নয়ন করে বাঁধগুলো মেরামত করে প্রায় ৪৫ হাজার হেক্টর জমিকে তিনি সেচের আওতায় এনেছেন। ২০১৪-১৫ সালে সেন্ট্রাল অনুমোদিত ৮২টি প্রকল্প যার আনুমানিক খরচ ১৭৩ কোটি টাকা, সেটা খরচ করার জন্য এই বছর তিনি প্ল্যান নিয়েছেন। বিভিন্ন প্রকল্প, চেক ড্যাম, পুরুলিয়া জেলায় খরাপ্রবণ এলাকা সেখানে অনেক চেক ড্যাম তৈরি হয়েছে। এছাড়া সারা রাজ্যে ২০১৪-১৫ সালে ১৩টি চেক ড্যাম তৈরি হয়েছে। ২০১৫-১৬ সালে আরো ৩৫টি চেক ড্যাম তৈরি করার জন্য তিনি ঠিক করেছেন। আরো ২৪টি চেক ড্যামের কাজ চলছে। এতে আরো ৩৩ হাজার হেক্টর জমি সেচের আওতায় নিয়ে আসা যাবে। বিভিন্ন জায়গায় তিনি খাল খনন করেছেন। বিভিন্ন জায়গায় মজে যাওয়া খালগুলিতে খনন করে ভাঙন রোধ করেছেন। রূপনারায়ণপুর হোক, মুণ্ডেশ্বরী হোক, বর্ধমান জেলার গলসী হোক, নানুরে অজয় নদীর পাড়ে, যদি আপনারা দেখতে চান গিয়ে দেখে আসতে পারেন। যেখানে বিগত ৩৪ বছরের শাসনকালে সেই নানুরের বাঁধগুলো পুনর্নির্মাণ করা হয়নি। জমি সমতল হয়ে গিয়েছিল। যতবার বৃষ্টি হত ততবার বন্যায় প্লাবিত হত। সেখানে বোল্ডার দিয়ে বাঁধগুলো বাঁধানো হয়েছে। এতদ্‌সত্ত্বেও কেন্দ্রীয় সরকার আমাদের কান্দী মাস্টার প্ল্যান থেকে আরম্ভ করে অন্যান্য মাস্টার প্ল্যান যেগুলো আছে, সেই প্রকল্পগুলোর অনুমোদন না দেওয়ার জন্য সেই প্রকল্পগুলো রূপায়ণ করা সম্ভব হয়নি। সেগুলো ২০১৫-১৬-র মধ্যে তিনি প্রোজেক্ট করেছেন। ১৩৯ কোটি টাকার প্রোজেক্ট যার মধ্যে বাঁধ সংস্কার, ভাঙন রোধের জন্য কাজ করা হবে।

...(এই সময় লালবাতি জ্বলে ওঠে।)...

ঘাটাল মাস্টার প্ল্যান যেখানে ১২১৪ কোটি টাকা রেখেছেন। তার জন্য ডি.পি.আর. জমা হয়ে গেছে। সেটা বাঁধ সংস্কার এবং অন্যান্য কাজের জন্য খরচ করা হবে। সরকারের দৃষ্টিভঙ্গির সঙ্গে সঙ্গে মাননীয় সেচমন্ত্রীকে সারা বাংলায় তিস্তা প্রকল্প এবং অন্যান্য বিষয়ে নজর রাখতে হবে। এই বাংলার উন্নয়নে এবং বিভিন্ন জায়গায় সেচের ব্যবস্থার উন্নতি হলে আগামীদিনে পশ্চিমবাংলা বন্যা থেকে পরিত্রাণ তো পাবেই, আপনাদের সময়ে...

...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)...

[2.40 - 2.50 p.m.]

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন সে সম্পর্কে আমি দু-একটি কথা বলে নিতে চাই। স্যার, মন্ত্রী মহাশয়ের এই বাজেট ভাষণে অনেক ভালো ভালো কথা বলা হয়েছে। আমি এটাকে সমর্থন করতে পারতাম যদি এর সঙ্গে বাস্তবের কোনও মিল থাকত। বাস্তবের সঙ্গে এর কোনও মিল নেই। দপ্তরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, এই দপ্তর সুন্দরভাবে সুষ্ঠুভাবে পরিচালিত হোক সেটা আমরা সবাই চাই। কিন্তু আমাদের দুর্ভাগ্য গঙ্গা আমাদের দুভাগে ভাগ করে দিয়েছে। একদিকে দক্ষিণবঙ্গের মধ্যে ১৩টি জেলা আছে এবং অন্যদিকে উত্তরবঙ্গের মধ্যে ৭টি জেলা আছে। আপনি আপনার বাজেট পেশ করেছেন ২,৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজার টাকার। আমি উত্তরবঙ্গের মানুষ হিসাবে আপনাকে একথা বলব, এর মধ্যে উত্তরবঙ্গের সাতটি জেলার জন্য আপনি কোনও প্রকল্পে কত টাকা বরাদ্দ করেছেন, সেটা আপনার বাজেট বইয়ে আমার কাছে পরিষ্কার হয়নি। আপনি জানেন, উত্তরবঙ্গে ছোট-বড় সব মিলিয়ে প্রায় ২০০টি নদী আছে, তার মধ্যে ১৪টি নদী হচ্ছে আন্তর্জাতিক নদী। যার উৎস হচ্ছে ভুটান, নেপাল এবং তিব্বত থেকে। আমাদের পাশের দেশ ভুটান, তারা পাহাড় ফাটিয়ে খনিজ পদার্থের সন্ধান করছে। ফলে সেখানকার পাথরকুচি উত্তরবঙ্গের নদীগুলোর উৎসমুখ হয়ে নদীগুলোর নাব্যতা কমিয়ে দিচ্ছে। ফলে প্রতি বছর বর্ষাকালে উত্তরবঙ্গের এই নদীগুলি প্লাবিত হচ্ছে, হাজার হাজার মানুষ বন্যার কবলে পড়ছে। উত্তরবঙ্গের মানুষকে বন্যার হাত থেকে বাঁচাবার কোনও পরিকল্পনা আপনার এই বাজেট বক্তৃতার মধ্যে আমি পাইনি, এটা আমাদের দুর্ভাগ্য। আপনি যদি আন্তরিকতার সঙ্গে উত্তরবঙ্গের মানুষকে বন্যার কবল থেকে রক্ষা করতে চান, তাহলে আপনি ভারত সরকারের সঙ্গে কথা বলুন, ব্রহ্মপুত্র বোর্ডের স্থায়ী সদস্য হিসাবে আপনাকে রাখা হোক। আর ইন্দো-ভুটান নদী কমিশন গঠন করে উত্তরবঙ্গের এই পাহাড়ি নদীগুলোকে শাসন করবার ব্যবস্থা করতে হবে। তবেই আপনি উত্তরবঙ্গের মানুষকে বন্যার হাত থেকে বাঁচাতে পারবেন। এছাড়া দ্বিতীয় আর কোনও রাস্তা নেই। আমি আপনাকে বলব, আমার জেলা কোচবিহারের একটি জ্বলন্ত সমস্যার কথা। আমি পবিত্র বিধানসভায় এর আগেও এই বিষয়ে বলেছি, গত শীতকালীন অধিবেশনে বিধানসভায় আপনার ঘরে গিয়ে আমি বিষয়টা নিজে বলে এসেছি এবং আপনার দপ্তরকে এই ব্যাপারে চিঠি দিয়েছি। কিন্তু তার কোনও উত্তর আজ পর্যন্ত আমি পাইনি। চীনের যেমন হোয়াংহো নদী হচ্ছে দুঃখের নদী, তেমনি শালকিয়া খাল হচ্ছে কোচবিহারের মানুষের দুঃখের নদী। এই খালটির দৈর্ঘ্য হচ্ছে ৬০ কিলোমিটার। প্রায় তিনটি ব্লকের, তিন লক্ষ কৃষক এই শালকিয়া খালের দ্বারা এফেকটেড হচ্ছে। সতেরো হাজার হেক্টর জমি এর ফলে অনুর্বর হয়ে গেছে। শালকিয়া খাল এই সমস্ত জমির উর্বরতা শক্তি কমিয়ে দিচ্ছে। বন্যার সময় যখন এলাকা প্লাবিত হয় তখন ঘরবাড়ি ভাসিয়ে দিচ্ছে, আবার যখন বন্যা চলে যায় তখন শালকিয়া খাল ভাঙছে এবং ঘর-বাড়ি ভেঙে নিয়ে চলে যাচ্ছে। আমি আশা করেছিলাম আপনার এই বাজেটে আপনি এই ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করবেন। কিন্তু আমি

সেটা কোথাও খুঁজে পেলাম না আপনার বক্তব্যের মধ্যে। পাইনি এই কারণে কারণ আপনি উত্তরবঙ্গকে উপেক্ষা করেছেন, অবহেলা করেছেন। এখানে তিস্তা সেচ প্রকল্পের কথা বলা হয়েছে। এই সেচ প্রকল্প অত্যন্ত করুণ দশায় পৌঁছে গিয়েছে। তিস্তা সেচ প্রকল্প এশিয়ার মধ্যে সবচেয়ে বৃহৎ সেচ প্রকল্প। এই সেচ প্রকল্প যদি বাস্তবায়িত করতে হয়, তাহলে রাজ্য সরকারের পক্ষে একা কাজ করা সম্ভব নয়, একথা আমরা জানি। তিস্তা সেচ প্রকল্পকে কেন্দ্রীয় সরকার যাতে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করে সেইজন্য আমরা বামপন্থীরা অনেক আন্দোলন করেছি। সর্বশেষ ২০০৯ সালে কেন্দ্রীয় সরকার এটাকে জাতীয় প্রকল্প হিসাবে ঘোষণা করতে বাধ্য হন। তারপর যে অবস্থা আমরা লক্ষ্য করলাম পরিবর্তনের সরকার অনেক কথা বলেছেন, দক্ষিণবঙ্গের অনেক বন্ধুদের কাছে শুনলাম, অনেক মাননীয় বিধায়ক বললেন — অনেক প্রকল্প করে ফেলেছেন — কিন্তু তিস্তার ক্ষেত্রে যেখানে এই তিস্তা সেচ প্রকল্প রূপায়িত হলে গোটা উত্তরবঙ্গে সবুজ বিপ্লব ঘটবে, সামাজিক পরিকাঠামোর পরিবর্তন ঘটবে, ৬২ লক্ষ মেট্রিক টন উদ্বৃত্ত খাদ্য পাওয়া যাবে, এটা বাস্তবায়িত হলে প্রায় ৪ কোটি শ্রম দিবস তৈরি হবে, ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হবে — এই ক্ষেত্রে আপনার তৎপরতা আমি লক্ষ্য করিনি। এটা অস্বীকার করবার উপায় নেই যখন এই দপ্তরে কিছুদিনের জন্য মন্ত্রী ছিলেন মানসবাবু তার তৎপরতা লক্ষ্য করেছিলাম। উত্তরবঙ্গের মানুষ ভীষণ ভীষণভাবে অনুভব করেছিলেন তাঁর তৎপরতা। আপনি তো যুবক, তরুণ। অনেক সময় দেখি আপনি সাইকেলে যাচ্ছেন, মোটরসাইকেলের পেছনে যাচ্ছেন, রিকশা ভ্যানে যাচ্ছেন, পায়ে হেঁটে যাচ্ছেন, নৌকায় উঠছেন— এই উদ্যমকে আমি খাটো করছি না। আপনার এই উদ্যমকে আমি বাহবা জানাই, সাধুবাদ জানাই কিন্তু উত্তরবঙ্গের ক্ষেত্রে আপনার এই উদ্যোগটা আমরা লক্ষ্য করতে পারছি না। ফলে উত্তরবঙ্গের এই তিস্তা সেচ প্রকল্পের ক্ষেত্রে, সদর্থক ভূমিকা নেওয়া দরকার, শুধু ভাসা-ভাসা কথা বললে হবে না। ভাসা-ভাসা কিছু বাজেটে উল্লেখ করলেই হবে না। কিছু কমিশন গঠন করে, কমিটি গঠন করে এই তিস্তা প্রকল্পকে চাষীদের ঘরে পৌঁছে দেওয়ার কাজ করা যাবে না যদি নিজের আন্তরিকতা না থাকে। আপনার এই আন্তরিকতা এখনো পর্যন্ত এই চার বছরে, আপনি যে সময় থেকে দায়িত্ব নিয়েছেন আপনার আমলে সেরকম আমরা লক্ষ্য করিনি। এটা আমাদের দুর্ভাগ্য। এই বিষয়টা আপনার নজরে আমি আনছি। পাশাপাশি একথা বলছি, যে কিছুদিন আগে বড় একটা ভূমিকম্প হয়ে গেল। আপনি নিশ্চয় জানেন গোটা কোচবিহার শহরটা ঘিরে আছে একটি বাঁধ — কোচবিহার বাঁধ। এই বাঁধের উপকূলে হচ্ছে কোচবিহার জেলা শহর। এই বাঁধরা ১৯৫৪ সালে তৈরি হয়েছিল। তারপরে বামফ্রন্টের আমলে এই বাঁধের কিছু কিছু জায়গায় সংস্কারও হয়েছে কিন্তু তারপর এবার এই ভূমিকম্পে অনেক জায়গায় বড় ফাটল সৃষ্টি হয়েছে। আপনার দপ্তর আপনাকে রিপোর্ট দেয় কিনা আমি জানি না। এই বাঁধ যদি ক্ষতিগ্রস্ত হয়, একবার যদি এই বাঁধটা ভেঙে যায়, তাহলে কোচবিহার জেলা শহর উড়ে যাবে। এটা আপনি জানেন কিনা আমি জানি না। এই বিষয়টা একটু লক্ষ করবেন যদি কোচবিহার শহরকে বাঁচাতে হয়। এইরকম কোচবিহারের সেচের ক্ষেত্রে বলুন আর বন্যার ক্ষেত্রেই বলুন সদর্থক ভূমিকা আমরা উত্তরবঙ্গের মানুষ দেখতে চাই। আমাদের কাছে খুব জ্বালা বড় বড় নদীগুলো আমাদের দুঃখের কারণ হয়ে দাঁড়ায়। এ ব্যাপারে আপনার এই বাজেটে

পরিষ্কার-পরিচ্ছন্নভাবে কোনও দিক উল্লেখ নেই বলে আমার মনে হয়েছে। আমি আশা করব আগামীদিনে এটাকে পূরণ করে উত্তরবঙ্গের মানুষের মন জয় করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রাজীব ব্যানার্জী এবং রাষ্ট্রমন্ত্রী শ্রী মণ্টুরাম পাখিরা ৩২ নম্বর দাবীর অনুকূলে যে বক্তব্য পেশ করেছেন এবং যে অর্থ বরাদ্দ করেছেন তাকে সম্মতি জানিয়ে এই পবিত্র সদনে দু-একটি বক্তব্য উপস্থাপন করছি। আমরা প্রথমেই দেখে নিই তাহলে দেখব মাননীয় মন্ত্রী মহোদয় তাঁর দায়িত্বে আসার পর থেকে যে জল সেচ বিভাগটা এতদিন পর্যন্ত নির্লিপ্ত ছিল, যে সম্পর্কে মানুষের ধ্যান ধারণা একেবারেই খারাপ ছিল, যেখানে কাজকর্ম হত কেবলমাত্র বৃষ্টির সময়ে, যখনই বৃষ্টি নামে সেই সময়েই কেবলমাত্র তারা দায়িত্ব পালন করতেন, সারা বছর ধরে যারা কাজ করতেন না, কোনও পরিকল্পনা রাখতেন না যে কারণের জন্য বাংলার বুকে বামফ্রন্ট সরকারের ৩৪টা বছর সেচ দপ্তরে উন্নয়ন সংগঠিত হয়নি, মানুষের কাছে তারা সেই প্রত্যাশাটাকে জাগিয়ে তুলতে পারেনি। আমরা যেটা দেখতে পাচ্ছি যে মাননীয় মন্ত্রী তাঁর চার বছরের যে খতিয়ান সেখানে আমরা দেখতে পাচ্ছি বামফ্রন্টের শেষের চার বছরে সেচের জন্য অন্তর্ভুক্তি হয়েছে, ১ লক্ষ ৫৮ হাজার একর জায়গা সেচকবলিত জায়গা হিসাবে চিহ্নিত হয়েছে।

[2.50 - 3.00 p.m.]

অথচ মাননীয় মন্ত্রী মহোদয় দায়িত্বে আসার পর যে চার বছর, সেখানে আমরা দেখতে পাচ্ছি ২ লক্ষ ৬৪ হাজার একর এই সেচের অন্তর্ভুক্ত হয়েছে। এটার দ্বারা প্রমাণিত হয়, জোর করে বলা যায় কতটা আন্তরিকতা আছে এবং কাজ করার জিদ আছে বলেই — এটা করে তিনি দেখাতে পেরেছেন। দ্বিতীয় যেটা তিনি উল্লেখযোগ্য নজির তৈরি করতে পেরেছেন, যে রাজ্যের বিভিন্ন নদী এবং খালগুলি বাঁধ এবং park-এর সংস্কার করে যে অভিনব পদ্ধতিতে — যেখানে তিনি ১৬৩৪ কিলোমিটার, এই নদীবাঁধটাকে আজকে সুন্দর করে পাড়ে পরিণত করতে পেরেছেন। যেটা বামফ্রন্টের আমলে ৬৪০ কিলোমিটার ছিল চার বছরে, সেই জায়গায় মাননীয় মন্ত্রী ১৬৩৪ কিলোমিটার এই বাঁধগুলোকে করতে সক্ষম হয়েছেন। এটার দ্বারাই প্রমাণিত হয়, যেখানে পশ্চিমবঙ্গের যে কোনও মুহূর্তে সামান্য একটু বৃষ্টিপাত হলেই — যে জায়গায় বন্যা কবলিত হয়ে যেত মানুষ বাঁচতে পারত না, হতাশায়, দুর্দশাগ্রস্ত হয়ে বিভিন্ন জায়গায় ছুটতে শুরু করত — কিন্তু আজকে এই বাঁধগুলো তৈরি করার ফলে, যে বৃষ্টির জল আসছে, সেই বৃষ্টির জলগুলো ওই খালের মধ্যে সন্নিভিষিক্ত হওয়ার কারণের জন্য বিগত দিনে যে বন্যা প্লাবন যেটা প্রতি মুহূর্তে হত, সেটাকে ... check dam দিয়ে একটা নতুন নজির সৃষ্টি করতে পেরেছে। এটাকে অস্বীকার করার কোনও উপায় আছে বলে আমি মনে করতে পারি না। আজকে আমরা মনে করি, যারা বড় বড় কথা বলছে তারা একটু ভাল করে স্মরণ করে দেখবেন। মাননীয় কানাইবাবু বলছিলেন, মাননীয়া মুখ্যমন্ত্রী দ্বিচারিতা করছেন, আমি কানাইবাবুর উদ্দেশ্যে বলি, ৩৪ বছর বাংলাটাকে মেরে শ্মশান করে দিয়ে গেছেন। বাংলায় মুখ্যমন্ত্রী হয়ে সমস্ত দপ্তরে কিভাবে উন্নয়ন করতে হয় সেটার একটা নজির রেখেছেন এবং সেই নজির রাখার কারণের

জন্য বাংলার মানুষ তাকে আশীর্বাদ করেন, আর প্রতিটি জায়গায় তিনি আজকে সমাদৃত হচ্ছেন। আর আপনারা সমাদৃত না হতে পেরে ৩৪টা বছর কাজ করতে না পরার জন্য বাংলার মানুষের আশীর্বাদ থেকে বঞ্চিত হয়ে আজকে অনেকটা দূরে পড়ে গেছেন। এটা আপনাকে প্রথমেই দেখতে হবে। আজকে আয়লার কথা বলছিলেন, আজকে মাননীয় মন্ত্রী মহোদয় আজকে আয়লায় সুন্দরবনের প্রত্যন্ত এলাকার বাঁধ — পাথরপ্রতিমা ব্লকে আমরা দেখতাম যখন ঝড় ঝাপটা হত, যখন ওই এলাকা বঞ্চিত হয়ে থাকত, সেই সময় আপনাদের মন্ত্রীরা চলে আসতেন বঙ্গোপাসাগরের কোণে গোবর্ধনপুরের মতো জায়গায় — প্রতি বছর দুইবার তিনবার করে ভেঙে যেত। মন্ত্রীরা মাথায় একটু আলটা বেঁধে টিভির সামনে ছবিটা তুলতেন। এই সব বঙ্গোপসাগরের কূলে মাটিগুলোকে ফেলে দিয়ে — ছবি তোলার জন্য যেতেন। আজকে সেই জায়গায় কখনও বন্যা হয়নি। আপনাদের একটা আয়লা বিধ্বস্ত এলাকায় সেখানে আজকে ৫০ কিলোমিটার, বাঁধের গেট তৈরি করার — কিন্তু সেটা তৈরি করা হয়নি। আমরা জোর গলায় বলতে পারি পাথরপ্রতিমাতে ৮ কিলোমিটার হয়ে গেছে, আরও চার কিলোমিটার রাস্তা কমপ্লিটের পথে। আজকে আমাদের ১৫টা অঞ্চলে, প্রায় প্রত্যেকটা অঞ্চলে vulnerable point যেগুলো ছিল, আজকে সমস্ত জায়গায় নতুন করে বাঁধ করে আমরা কয়েকজন মন্ত্রীমহোদয়কে নিয়ে এলাকায় মানুষের কাছে উপস্থিত হতে পেরেছিলাম, বিরাট বাঁধ দেখে সবাই আজকে আনন্দে উৎফুল্ল করছিল। এই জিনিস কোথায় ছিল। কেন আপনাদের ২০০৯ সালে যখন আয়লা হয়েছিল, সেই আয়লার পর থেকে যে সময়টা ছিলেন ক-বিঘা জায়গায় আপনারা অধিগ্রহণ করেছিলেন। কেন আপনার কাজ হাত দিতে হবে। ফলে এ কথা বলে কিছু লাভ নেই। আমরা দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রীমহোদয়, আজকে যেখানে সেতু নির্মাণ করেছে, আপনারা মাত্র ২০টা সেতু নির্মাণ করেছেন। ২০০৭ সাল থেকে ২০১১ সালের মধ্যে। সেখানে মাননীয় মন্ত্রী আজকে ১০৫টা সেতু নির্মাণ করেছেন কংক্রিটের। এইভাবে যে পরিকল্পনা রয়েছে, সেই জায়গায় তিনি আরও ৮৯টা সেতুতে হাত দিয়েছেন। এটাকে বলবেন এর কোনও গুরুত্ব নেই, এর কোনও কার্যকারিতা নেই। একের পর এক আমরা দেখতে পাচ্ছি, পুরুলিয়ার মতো জায়গায়, যে জায়গায় বৃষ্টির জলের অপেক্ষায় থাকতে হয়, সেতু সেখানে করা যায় না, সেই জন্য মাননীয় মন্ত্রী, সেই জায়গায় একটা check dam তৈরি করার জন্য বিশেষভাবে উদ্যোগ গ্রহণ করেছেন। তার মধ্যে দিয়ে যাতে সেই জলটাকে সংরক্ষণ করা যায় এবং সেচের কাজে মানুষের উপকার করা যায় তার জন্য বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ করেছেন। প্রথমত, আপাতত ২০১৪-১৫-তে ১৩টি জায়গাতে check dam-এর পরিকল্পনার ব্যবস্থা নিয়েছেন। যেখানে আমরা ২৪৪ হেক্টর জায়গাকে আমরা সেচের ব্যবস্থা করতে পারব এবং পরবর্তীকালে আরও ৩৫টির ব্যবস্থা গ্রহণ করেছেন। একের পর এক বিভিন্ন পরিকল্পনার মধ্যে দিয়ে, আজকে এগিয়ে যাওয়ার চেষ্টা করেছেন। কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নিশ্চয় দরকার কিন্তু সেই সহযোগিতার জন্য মাননীয় মন্ত্রীমহোদয় দিনের পর দিন চেষ্টা করছেন এবং তার যারা কর্মচারী আছেন, যে কর্মচারীরা আপনাদের সময় কাজ করত না, সেইসব কর্মচারীরা প্রতিনিয়ত আজকে বন্যা নিয়ন্ত্রণ করবার জন্য প্রতিনিয়ত চিন্তাভাবনা করে বলে — আজকে বাংলার বুকে বন্যা নিয়ন্ত্রণ হতে চলেছে, সেই কারণের জন্য আজকে এই পবিত্র সদনে আজকে মাননীয়

মন্ত্রীমহোদয় যে দাবী পেশ করেছেন তাকে পূর্ণাঙ্গ সমর্থন করে, আমার বক্তব্য শেষ করলাম ধন্যবাদ, নমস্কার।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Chairman Sir, I had an opportunity to cursorily go through the budget speech presented by Hon'ble Ministers, Shri Rajib Banerjee and Shri Manturam Pakhira. I know Mr. Rajib Banerjee is a fine minister, a very hard-working minister. Sometimes Sir, not only about this budget but about all the budget speeches that I have heard, sometimes I feel myself little out of place and little irrelevant. Because some of the issues discussed here are totally alien to my place. Probably, in the budget we discuss generally and not specifically. So when we discuss generally I think the specific one must have taken a back seat. But in any case Sir, going through this budget speech if these figures are to be believed and, if they are not to be beleived my Opposition will verify the figures and will contradict, going by the figures I would say that the Minister has done a wonderful job by irrigating 1,07,000 hectares of land in four years and he has given a comparison to that of the same 4 years period in the last previous regime which was 64,000 hectares. That is a major step if it is to be believed Sir. Talking about flood management here I have this problem. In this country across India whenever we discuss about disaster it is flood and drought. Landslide is not taken into consideration. In my place landslide is a major deterrent. It is a major problem. There is discussion about Aila. The Hon'ble Minister has done a lot to the Aila affected areas of Sunderban. To give just a figure in 2009 when the Aila happened 64 people died out of which 32 were from Darjeeling. That was the magnitude of devastation and during that period the Minor Irrigation Department had done a lot of communication work, check dam work. These issues are very much relevant in the Hills also. Sir, I would like to draw the attention of the Hon'ble Minister that in the flood management it is an impressive figure that 1634 kilometre he has been able to built dam giving a comparison to that of only 640 kilometer during the previous government's regime. This is an impressive figure. But having said that Sir, you have built 43 bridges within 4 years which is an impressive figure in comparison to 20 bridges that were built by the previous Government during the same period. And 63 are still under construction and going to be completed. You claim these are to be completed by 2015-16. So it would be better if your Department does take up some bridges. If some bridges are taken up then I expect the Hon'ble Minister will

give in reply how many out of these 63 are for the Hills. Your financial performance is also impressive because your flood work is of 606.9 crores per year in comparison to 246.46 crores by the previous government which is 80% rise. I will congratulate for that Sir. But the priority that you have given by projecting 45,000 hectares of land in Darjeeling you have mentioned three districts, Darjeeling, Jalpaiguri and Uttar Dinajpur. I would be grateful if you kindly mention that in Darjeeling what are the areas you have covered. There is a problem. Whenever any project is taken Siliguri finds a mention. With due respect to Rudranath Babu who is an M.L.A from Siliguri, is it the same case that you are doing this project, this irrigation project in Siliguri or you are doing it in the Hills of Darjeeling also? I would like to know from you, Sir. You have taken up 6 schemes. But you have not mentioned where these schemes are to be taken up. I would be happy out of these 6 schemes if my place also finds a mention. There is another thing. Thirteen check dams you have created in 24 Parganas. I think you have a proposal of 24 more new check dams. Out of 24 again my question is same Sir. Whatever you have mentioned in your budget speech, whatever projects are coming out of that what is my share I would like to know that. I would be grateful if you kindly enlighten me about this. Thank you Sir.

[3.00 - 3.10 p.m.]

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় চেয়ারম্যান সাহেব, ৩২ নম্বর দাবীর উত্থাপন প্রসঙ্গে ২০১৫-১৬ সালের বাজেট ভাষণে সেচ ও জল বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রাজীব ব্যানার্জী এবং রাষ্ট্রমন্ত্রী মণ্টুরাম পাখিরা মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তার ওপর পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশানের তীব্র বিরোধিতা করে কয়েকটি বিষয় উপস্থাপন করছি। স্যার, মা-মাটি-মানুষের সরকারের জনপ্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুযোগ্য সেনাপতি সম্মানীয় রাজীব ব্যানার্জী মহাশয় যেভাবে বাংলার উন্নয়নের জন্য সামিল হয়েছেন এবং অত্যন্ত দক্ষতার সঙ্গে তিনি দপ্তরকে পরিচালনা করছেন। এবং বাংলার গরিব মানুষের বিভিন্ন অভাব মোচনে তিনি ব্রতী হয়েছেন। বিশেষ করে সেচের যে উন্নয়নে আমাদের বাংলার বিভিন্ন প্রান্তে নদী-নালা, খাল-বিল, জলাশয় রয়েছে সেই সমস্ত জায়গাগুলোকে পর্যাপ্ত পরিমাণে খনন কার্যের মাধ্যমে তিনি সেচের ক্ষেত্রে একটা আমূল পরিবর্তন এনেছেন কৃষিকার্য ক্ষেত্রে। বিশেষ করে আমরা উল্লেখ করতে চাই, আমাদের যে পশ্চিমাঞ্চল বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুরের বিস্তীর্ণ যে খরাপ্রবণ এলাকা রয়েছে সেই জায়গায় কৃষিক্ষেত্রে কিন্তু খুব একটা সুযোগ আসেনি। কিন্তু মাননীয় সেচ মন্ত্রীর প্রচেষ্টায় আমাদের যে সমস্ত জলাধারগুলি রয়েছে, খাল রয়েছে, নদী-নালা রয়েছে সেগুলি সঠিক সংস্কারের মধ্য দিয়ে বর্তমানে সেখানে একটা কৃষির উজ্জ্বল ভবিষ্যৎ রচিত হয়েছে। আমাদের বিগত বাম-সরকারের আমলে তাদের

একটা প্রধান স্লোগান ছিল— 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ'। তারা কৃষির ক্ষেত্রে বিভিন্ন ধরনের প্রযুক্তি প্রয়োগ করেছেন। সেখানে তারা কৃষির উর্বরতা করার জন্য মানুষের কঙ্কালকে মাটির নীচে তারা কিন্তু চালিয়ে দিয়েছে। কখনই তারা সেচের ক্ষেত্রে জলের ব্যবহারের কথা মাথায় রাখেনি। তাই এই জায়গায় আমাদের পশ্চিমাঞ্চলের বিভিন্ন ব্লকগুলিতে সেচের ক্ষেত্রে অগ্রগতি ঘটেছে। আপনাকে স্যার, একটা কথা বলতে চাই, আমরা ওন্দা ব্লকে পুনিশোল নামক একটা গ্রাম রয়েছে। যেখানে অধিকাংশ ব্লকই হচ্ছে, মাইনরিটি কমিউনিটি অধ্যুষিত। সেখানকার মানুষেরা প্রকাশ্যে বলতে শুরু করেছিল, দীর্ঘ ৩৪ বছর ধরে প্রধান বৃত্তি ছিল চৌর্যবৃত্তি অর্থাৎ, চুরি করা ছিল প্রধান বৃত্তি। সেখানে আমাদের ছোট ছোট ছেলেমেয়েরা তারা কি করত? দিন-রাত্রি কাজের জন্য তারা পাড়ি দিত। কিন্তু মা-মাটি-মানুষের সরকারের আমলে মাননীয় মন্ত্রীর এই প্রচেষ্টায় সুন্দরভাবে তারা কৃষিকার্যের ক্ষেত্রে বছরে তিন থেকে চারবার ফসল উৎপাদন করছে। তারা কিন্তু চৌর্যবৃত্তিকে সম্পূর্ণ রূপে পরিহার করেছে। আপনার কাছে একটা প্রসঙ্গ তুলে ধরতে চাই। বিগত বাম আমলে যে সেচসেবিত এলাকা ছিল ৬৪ হাজার হেক্টর সেখানে আমাদের এই চার বছরে মা-মাটি-মানুষের সরকারের আমলে তার পরিমাণ হয়ে দাঁড়িয়েছে এক লক্ষ সাত হাজার হেক্টর সেচসেবিত এলাকায় চাষবাস করা হচ্ছে। সর্বোপরি আর একটা বিষয় উল্লেখ করতে চাই, বন্যা নিয়ন্ত্রণ-বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী সাহেব অত্যন্ত দক্ষতার সঙ্গে বিভিন্ন ধরনের নদী, খাল, বাঁধ এবং পাড় সংস্করণ করছেন। সেখানে আমাদের বর্তমান সরকারের আমলে চার বছরে বাঁধ তৈরি হয়েছে ১৬৩৪ কিমি। যেখানে বিগত বাম-সরকারের আমলে তৈরি হয়েছিল মাত্র ৬৪০ কিমি। সর্বোপরি, আমি একটা বিষয় উল্লেখ করতে চাই, যে কোতুলপুর বিধানসভার যে এরিয়া রয়েছে — দ্বারকেশ্বর নদী সেখানে আমরা লক্ষ করেছি যে — দ্বারকেশ্বর নদীর কাছে আমার বাড়ি, সুতরাং ছোটবেলা থেকে আমরা লক্ষ করেছি, দ্বারকেশ্বর নদের অত্যন্ত তীব্র ভাঙন। সেখানে বিগত বাম-সরকারের ২০০৮ সালে সেই সমস্ত গ্রামের মানুষদেরকে তারা ভুল বুঝিয়ে বাঁধ তৈরি করার উদ্দেশ্য নিয়ে পঞ্চায়েত দখল করেছিল। কিন্তু ২০০৮ সালের পর তারা কোনো রকম বাঁধ মেরামতের কাজ করেনি। সেখানে নদীতে ভাঙন তীব্র আকার নিয়েছিল। কিন্তু বিগত আমাদের সরকার আসার পর আমি ভোট প্রচারে — উপনির্বাচন প্রচারের সময় আমি সেখানকার মানুষদের দুর্দশা অত্যন্ত কাছ থেকে লক্ষ্য করেছি। বন্যার সময় তারা রাতের পর রাত বিভিন্ন স্কুলবাড়িতে আশ্রয় নিয়েছে, কোনও ক্লাব ঘরে আশ্রয় নিয়েছে, কোনও মন্দিরে আশ্রয় নিয়ে জীবন-যাপন করেছে। কিন্তু মাননীয় মন্ত্রীর তৎপরতায় ২০১৪ সালে পরিকল্পনা গ্রহণ করার পর এই ২০১৫ সালে বর্ষার আগে সেখানে দু-কিলোমিটার নদীবাঁধের কাজ complete হয়ে যাবে। এজন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাই।

সর্বোপরি, এই বাঁকুড়া জেলার আরো অন্যান্য জায়গায় আমাদের একাধিক check dam প্রকল্প তৈরি হচ্ছে, পুরুলিয়া জেলায় তৈরি হচ্ছে। কারণ আমরা জানি, check dam প্রকল্পের মাধ্যমে শুধুমাত্র আমাদের সেচের উন্নতি নয়, ground water recharge করা যায় এবং বন্যাও নিয়ন্ত্রণ করা যায়। কিন্তু এই ধরনের একাধিক check dam প্রকল্প করার জন্য

বাম-সরকার পরিকল্পনা গ্রহণ করেনি। ওঁরা চেয়েছিলেন এ রাজ্যে বন্যা হোক। বন্যা হলে পর্যাপ্ত পরিমাণ টাকাকে উদ্বৃত্ত করে সেটাকে ব্যবহার করা যাবে নিজেদের কার্যের ক্ষেত্রে। সুতরাং, তাঁরা কখনও বাংলার মানুষের পক্ষে দাঁড়িয়ে কাজ করার কথা ভাবেনি। তাই বর্তমানে আমরা দেখতে পাচ্ছি একের পর এক বিভিন্ন ধরনের কার্যকলাপে অংশগ্রহণ করছে। তাছাড়াও উনি যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটিয়েছেন। তিনি নদীর উপর একাধিক bridge নির্মাণ করিয়েছেন। যার ফলে ব্লকস্তর, মহকুমাস্তর এবং জেলাস্তরের বিভিন্ন জায়গার সঙ্গে সুন্দর যোগাযোগ ব্যবস্থা তৈরি করতে পেরেছেন। এর ফলে বাংলার বিভিন্ন প্রান্তে যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটেছে এবং একটা সার্বিক প্রচেষ্টা আমরা লক্ষ করতে পারছি। এ ছাড়া, বন্যা নিয়ন্ত্রণের জন্য তিনি আবহাওয়ার পূর্বাভাসের কথা বলেছেন, control room খোলার কথা বলেছেন এবং বিপর্যয় মোকাবিলার জন্য উপযুক্ত ব্যবস্থা তিনি করেছেন। সার্বিকভাবে তিনি যে প্রচেষ্টা গ্রহণ করেছেন তার জন্য তাঁর ব্যয়-বরাদ্দের ওপর পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমেই বলতে চাইছি যে, দুই পক্ষের অনেক বক্তাই মাননীয় রাজীববাবুর প্রশংসা করেছেন। Chairman Sir, I like to keep my opinion reserved on this point. আমি কোনও মন্তব্য করছি না।

দ্বিতীয়ত, Chairman Sir, বক্তা হিসাবে উনি একটা technical point তুলেছেন। আমার ধারণা মাননীয় মন্ত্রী সে ব্যাপারটা অন্তত revise করে নেবেন for the sake of constitutional provision.

দক্ষিণ ২৪-পরগনা থেকে আমি এসেছি। দক্ষিণ ২৪-পরগনার বিস্তীর্ণ অঞ্চল, বিশেষ করে জয়নগর-১, ২, কুলতলি, মন্দিরবাজার, মথুরাপুর, মগরহাট, কুলপি, কাকদ্বীপ ইত্যাদি জায়গায় প্রচুর খাল আছে। এই খালগুলো মূলত ডায়মন্ডহারবারের গঙ্গার সঙ্গে যুক্ত। কুলপির উত্তরদিকে গঙ্গার ওপরের অংশের level থেকে মিঠে জল পাওয়া যায়। এই খালগুলো জলে ওই বিস্তীর্ণ জায়গার হাজার হাজার একর জমি চাষ হত। এই খালগুলো British period-এ তৈরি। পরবর্তীকালে সামান্য কিছু সম্প্রসারণ বা সংস্কার হয়েছিল কিন্তু major কোনও কাজ হয়নি। এখন এমন পরিস্থিতি যে খালগুলো মজে গেছে এবং কিছু কিছু জায়গায় চুরিও হয়ে গেছে। একটা সময় যখন রাস্তাঘাটের এত ব্যবস্থা হয়নি তখন এই খালগুলো পরিবহণের কাজেও ব্যবহার হত। এই খালের জলগুলো যদি এখন সেচ হিসাবে ব্যবহার করা যায় তাহলে ওই বিস্তীর্ণ অঞ্চলের একফসলা জমিকে দু-ফসলা, তিন ফসলা করার সুযোগ থাকে। এমন কিছু কিছু জায়গা দেখেছি যেখানে বর্ষায় খাল-বিল উপচে পড়ে চাষ করতে পারে না আবার বর্ষার পরে কিছু কিছু জায়গা যেখানে জল থাকে সেখানে চাষ করতে পারে। এই হচ্ছে এখানকার অবস্থান। এই অঞ্চল মূলত কৃষিনির্ভর এবং মানুষেরা খুব গরীব। তারা অন্তত খাদ্য সমস্যা থেকে বাঁচতে পারত যদি খালগুলোর সংস্কার হত। আমি বিধায়ক হওয়ার পরে নিজে উদ্যোগ নিয়ে খালের পাশ দিয়ে বহু রাস্তা হেঁটেছি, auto-তে করেও গিয়েছি কোথায় কোথায় obstruction তা বোঝার জন্য। তারপর Magrahat Division-এর irrigation

engineerকে দিয়ে project তৈরি করে, এখানে মাননীয় মন্টুরামবাবু বসে আছেন, তাঁর দরবারে গিয়েছিলাম। আমি DM-এর দরবারেও গিয়েছি এবং বার বার এইসব খালগুলোর সংস্কারের কথা বলেছি। আশা করি মন্টুরামবাবু আপনি স্মরণ করতে পারবেন। সরকারের টাকার নিশ্চয় অভাব আছে। আমি কিছু কিছু individual খাল নিয়ে মন্টুরামবাবুর কাছে গিয়েছিলাম যে এই খালগুলোর সংস্কার হোক। মন্টুরামবাবু নিজে ভাবুন তিনি ক'টা খালের সংস্কার করে দিয়েছেন। নিশ্চয় মনে আছে, একটাও খালের সংস্কার হয়নি।

[3.10 - 3.20 p.m.]

ফলে এই হচ্ছে এখনকার পরিস্থিতি। ফলে সংস্কার না হওয়ায় যে পরিস্থিতি এখন তৈরি হয়েছে মন্টুরামবাবু, আপনি দক্ষিণ ২৪-পরগনার মানুষ আপনি জানেন। অনেকগুলো খাল দিয়ে মিঠে জলের পরিবর্তে নোনা জল ঢুকছে। এই ইরিগেশান ইঞ্জিনিয়ারদের কৃতিত্ব, কিছু কিছু স্লুইস গেট এমন করে সংস্কার করেছেন তাতে নোনা জল ঢুকে হাজার হাজার একর জমি সেখানে এখন চাষ করতে পারে না। আমি এটা নিয়েও রাজীববাবুর কাছে এসেছিলাম। আমার যেটা সাকসেস চার বছরে একটা স্লুইস গেটের টেন্ডার করাতে পেরেছি। যেটা আগের দিনে মন্ত্রীমশায় আমাকে উত্তর দিয়েছেন, একটা টেন্ডার—চার বছরে। এছাড়া কোনও খালের সংস্কার করানো যায়নি। কোনও কাজ কিন্তু এই দপ্তরকে দিয়ে আমি অন্তত করাতে পারিনি। মন্টুরামবাবু এটা নিশ্চয়ই স্বীকার করবেন। ফলে প্রশ্ন হচ্ছে, এই যে এখনকার অবস্থা বিলম্বিত বৃষ্টি, কম বৃষ্টি — এই যে জায়গাটায় দাঁড়িয়ে আছে — যদি খালগুলো সংস্কার হত এই জেলায়, তাহলে জল ধরা যেত। আপনারা তো জল ধরো, জল সঞ্চয় করার কি একটা নাম দিয়েছেন, প্রকল্প বানিয়েছেন। এই খালগুলোতে তো জল ধরা যেত। তাতেও তো জমিটার চাষের ব্যবস্থা করা যেত। এর কোনও ব্যবস্থা কিন্তু গত চার বছরে আমি অন্তত করাতে পারিনি। মন্টুরামবাবু কথা দিয়েও একটা খালের সংস্কার করাতে পারেননি। আপনারা প্রায়ই বলেন উন্নয়নের জন্য কোনও রং দেখা হবে না। মাননীয় মন্ত্রী আপনি কি বলবেন? চার বছরে একটা স্লুইস গেটের টেন্ডার — রং দেখলেন কি দেখলেন না, এটা মাননীয় মন্ত্রী আপনারা বুঝুন। ফলে আমি অন্তত যেটা বিশ্বাস করবো, এখনও পর্যন্ত আস্থা রাখছি, আমি যে কারণে শুরুতে বলেছি আপনার সম্পর্কে যে প্রশংসা হয়েছে — আমি কোনও মন্তব্য করবো না। আমি সেটা রিজার্ভ রেখেছি। কিন্তু আমি প্রশংসা সত্যিই করতে চাই আপনি তো ডায়ানামিক, এটা আমি দেখেছি। আপনি অন্তত একটা বছর সময় আছে, এই কাজগুলো যদি করতে পারেন — একেবারে প্রত্যন্ত গরীব এলাকা থেকে আমি এসেছি। সেখানকার মানুষগুলো অত্যন্ত গরীব। একেবারেই কৃষিনির্ভর। এই কাজগুলো যদি হতে পারত তাহলে সেই মানুষগুলোর আজকে খাদ্য সমস্যায় যেখানে দাঁড়িয়ে আছে, চাকরি নেই, কোথাও কিছু নেই। সারাদিন ঝুলন্ত ট্রেন ধরে এসে পরিচারিকার কাজ করে, কলকাতায় রিকশা টানে। তাদের আর কোনও অন্ন সংস্থান নেই। অন্তত চাষটার উপর নির্ভর করে তারা বেঁচে থাকতে পারত। এটুকু অন্তত আপনাদের কাছে আশা করেছিলাম। আমি প্রত্যাশা করবো আগামী এক বছরে অন্তত এই কাজগুলো করবেন। তাহলে যেটা আমি রিজার্ভ রেখেছি সেটা রিজার্ভ রাখবো না। আপনার সম্পর্কে সত্যি প্রশংসা করবো। ধন্যবাদ।

শ্রী আবির রঞ্জন বিশ্বাস : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সেচমন্ত্রীর আনীত যে ব্যয়বরাদ্দের দাবি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমি কিছু নিবেদন করছি। স্যার, আমরা দেখেছি মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার মধ্য দিয়ে তিনি সবিস্তারে সরকার কোন পথে এগোচ্ছে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী — এই সরকারকে একটা নির্দিষ্ট লক্ষ্যে এগিয়ে নিয়ে যাবার অভিমুখ এবং সেটা যে সঠিক পথ ধরে চলছে তার নির্দিষ্ট প্রমাণ আমরা পাচ্ছি বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন বিভাগের জয়যাত্রা অব্যাহত আছে। একের পর এক যে মাইলস্টোন এই সরকার পেরিয়ে যাচ্ছে, তার মধ্য দিয়ে তা প্রমাণিত হচ্ছে। স্যার, সেচ বিভাগও এর বাইরে নয়। তবে একটু এগিয়ে বলি, মাননীয় মন্ত্রী অত্যন্ত দক্ষ, নবীন প্রজন্মের। স্যার, এই দপ্তরের যে কাজ সেগুলি বোধহয় অন্য সবাইকে কিছুটা হলেও ছাপিয়ে যাচ্ছে। স্যার, আমরা যদি মাননীয় মন্ত্রীর পেশ করা দাবিপত্রের মধ্যে দেখি তিনি যে উদাহরণগুলো তুলে ধরেছেন তাতে আমরা পরিষ্কারভাবে দেখতে পাচ্ছি কতগুলো ক্ষেত্রে এই সরকার গুরুত্ব দিয়েছে। যেমন আমরা জানি এই দপ্তরের অন্যতম গুরুত্বপূর্ণ একটা লক্ষ্য হচ্ছে সেচের উন্নয়ন ঘটানো। সেই লক্ষ্যে আমরা যদি দেখি তাহলে দেখব উনি একটা খুব অভিনব পন্থা অবলম্বন করেছেন। যেটা কখনও বিগত সরকার চিন্তাও করতে পারেনি। সেটা হচ্ছে পুরুলিয়া চেক ড্যাম নির্মাণ, নতুন নতুন এলাকাকে সেচের আওতায় আনা, এটা স্যার একটা অভিনব প্রকল্প। এছাড়াও ওনার আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প এই সরকারের আমলে তিন-তিনটে মিনি ব্যারেজ স্থাপিত হওয়া। যেটা অদৃষ্টপূর্ব, এর সুফলটা আমরা দেখতে পাচ্ছি। আমরা জানি যে ক্ষুদ্র, মাঝারি এবং বৃহৎ যে সেচ প্রকল্পগুলো আছে, বিশেষ করে উত্তরবঙ্গের জলপাইগুড়ি, বীরভূম, বর্ধমান, হুগলি আর অপরদিকে বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর। এখানে একটা আমূল সংস্কার ঘটিয়ে উনি একটা বড় অংশের এলাকাকে সেচের মধ্যে আনতে পেরেছেন। যেখানে বিগত বামফ্রন্ট সরকারের চার বছরে অর্থাৎ ২০০৭-০৮ বর্ষ থেকে ২০১১-১২, এই চার বছরে যেখানে বামফ্রন্ট সরকার মাত্র ৬৪ হেক্টর জমিকে সেচের আওতায় আনতে পেরেছিল, সেখানে ২০১১-১২ থেকে এই বর্ষ অব্দি দেখা যাচ্ছে যে, ২ লক্ষ ৬৪ একর জমি এই সরকার, এই মন্ত্রক সেচের আওতায় আনতে পেরেছে। এটা একটা বড় অ্যাচিভমেন্ট। এরপরে বলি আপনারা জানেন যে জলটা ভূগর্ভে থাকে, সেটাকে যদি অতিরিক্ত পাম্পিংয়ের মাধ্যমে তুলে ফেলা হয়, তাহলে নীচে একটা প্রেসার তৈরি হয়। যে প্রেসার কি করে? সয়েলের অন্যান্য জায়গায় থাকা যে আর্সেনিকটা, সেটা কিন্তু অনেক সময় তার ব্যারিয়ারগুলো ধসে পড়ে। আর্সেনিকটা ওই জলে মিশ্রিত হয় এবং মানুষকে আর্সেনিক মিশ্রিত বিষজল পান করতে হয়। ঠিক এখানেও, এই দপ্তরের পদক্ষেপ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভূগর্ভস্থ জলে এই দুরবস্থা না করে ভূপৃষ্ঠস্থ যে জল, সারফেস ওয়াটার, সেটাকে সঠিকভাবে কাজে লাগানোর জন্য একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যেটা বলছিলাম পুরুলিয়ার ক্ষেত্রে ৩৭টি চেক ড্যাম অর্থাৎ যখন বেশি জল, সেই জলটাকে কাজে লাগিয়ে যখন জলের অভাব, সেই জলটাকে সেচের কাজে ব্যবহার করা যাচ্ছে। অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি এই চেক ড্যাম ছাড়াও, প্রথমে ৩৭টি চেক ড্যাম নির্মিত হয়েছিল। ২০১৪-১৫ সালে ১৩টি এবং ২৪টি এই বছরে নির্দিষ্ট করা আছে করার জন্য। এছাড়াও আমরা সকলেই আনন্দিত ভেবে যে উনি আরও ৩৫টির অনুসন্ধান চালাচ্ছেন, যাতে

এটা করা যায়। এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এর মধ্য দিয়ে আশা করা যাচ্ছে আরও ৩৩ হাজার হেক্টর জমি, প্রায় ৮২ হাজার একর জমি আরও নতুন করে সেচের আওতায় আসবে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ভালো পদক্ষেপ। এর পাশাপাশি বলি আমাদের বাংলায় অত্যন্ত ভয়াবহ জিনিস হচ্ছে বন্যা। শুধু বাংলা কেন সারা ভারতে। বাংলার ক্ষেত্রে আমরা এই বন্যার একটা ভয়াবহ অবস্থা ২০০০ সালে দেখেছি, কেননা '৭৮ সালের বন্যার থেকেও ২০০০ সালের বন্যা বোধহয় আরও বেশি ভয়াবহ ছিল। সেই বন্যার কারণ অনেক আছে। কিন্তু একটা জিনিস আমরা ভাল করে জানি যে এই বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এবং রাজ্যের বিভিন্ন পরিকল্পনা থাকলেও সেগুলো বিগত বামফ্রন্ট আমলে কার্যকর হত না। সেখানে কার্যকরী ভূমিকা নিয়ে আমরা দেখেছি নদী এবং খালের পাড়গুলো বাঁধানো বা কখনও সেই পাড় সংরক্ষণের কাজ, কখনও খাল, নদীর নাব্যতা বাড়ানো, এগুলোর মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি, বিগত চার বছরে ১৬৩৪ কিলোমিটার রিভার ব্যাঙ্ক প্রোটেকশানের কাজ করা হয়েছে, যেটা আমরা পাড়ের সংরক্ষণের কাজ বলছি। আর ২০০৭-০৮ থেকে '১০-১১-তে বিগত বামফ্রন্টের আমলে মাত্র ৬৪০ কিলোমিটার করা হয়েছিল। যা প্রায় এই আমলের তিন গুণ। আর নাব্যতা বৃদ্ধির কথা বলছি স্যার। ৩৪৪ কিলোমিটার এই রকম নিকাশী খালকে নতুন করে খনন করে তার নাব্যতা বাড়িয়ে, এটা দু-ভাবে সাহায্য করবে। একরকম হচ্ছে নাব্যতা বাড়লে একসেস জলটা ওভারফ্লো করবে না, মানুষ বন্যাকবলিত হবে না। দুই নম্বর হচ্ছে সংস্কারের মধ্য দিয়ে একসেস জলটা যাতে বেরিয়ে যেতে পারে, সেই ব্যবস্থা করা হয়েছে। এইভাবে মানুষের রিলিফের ব্যবস্থা করা হচ্ছে। সবথেকে যেটা গুরুত্বপূর্ণ যেটা বিগত বামফ্রন্টের আমলে আমরা দেখিনি কখনও বর্ষাকালে সাতদিন, ২৪ ঘণ্টা মনিটরিং হয়। আমাদের এই সরকার নতুন মন্ত্রীর নেতৃত্বে সেই ব্যবস্থা করেছেন। যেখানে বর্ষাকালে কনটিনিউয়াস মনিটরিংয়ের মধ্য দিয়ে এই ব্যবস্থা কায়েম রেখেছে যে মানুষ যাতে বন্যাকবলিত না হয়। পরিশেষে বলব এত কিছু সবই হয়েছে প্রচুর কেন্দ্রীয় অসহযোগিতার মধ্য দিয়ে, যেগুলো বলার সুযোগ আমি পেলাম না। যাই হোক, এর মধ্য দিয়ে এই ব্যয়বরাদ্দকে আর একবার সমর্থন জানিয়ে, বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে, সকলকে তাকে পরাজিত করার আহ্বান জানিয়ে শেষ করছি। ধন্যবাদ।

[3.20 - 3.30 p.m.]

শ্রী মহঃ সোহরাব : স্যার আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। স্যার, পশ্চিমবঙ্গের শিক্ষক সমিতি ওয়েস্ট বেঙ্গল টিচার্স অ্যাসোসিয়েশান আপনি জানেন WBTA বহু দিনের পুরানো প্রতিষ্ঠান, অর্গানাইজেশান। শিক্ষা এবং শিক্ষকদের স্বার্থ নিয়ে চিরকাল এরা লড়াই করে এসেছে। আজকে রানী রাসমণি রোডের ওখানে তারা অবস্থান সত্যাগ্রহ করছে। অনেকদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী তারা মেমোরান্ডাম দিয়ে দেখা করার জন্য জানিয়েছিলেন। কিন্তু এখান থেকে কোনও উত্তর পাওয়া যায়নি। আমি আপনাকে অনুরোধ করছি — এই বিষয়টা যদি মাননীয় মন্ত্রী যদি থাকতেন তাহলে ভাল হত। আপনার ও হাউজের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আখরুজ্জামান : মাননীয় চেয়ারম্যান স্যার পশ্চিমবঙ্গের সরকারের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী রাজীব ব্যানার্জী ও রাষ্ট্রমন্ত্রী শ্রী মন্টুরাম পাখিরা ৩২ নম্বর দাবির উত্থাপনে ২০১৫-১৬ সালের যে বাজেট উত্থাপন করেছেন, এই প্রসঙ্গে আমি আমার কতগুলি কথা তুলে ধরতে চাই। স্যার আমাদের সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী রাজীববাবু ব্যক্তিগতভাবে আমরা যখন আমাদের এলাকায় সেচকবলিত সমস্যা নিয়ে ওনার শরণাপন্ন হয়েছি, উনি তাৎক্ষণিক সেই ব্যাপারে খোঁজখবর নিয়ে সাহায্য করার চেষ্টা করেছেন, ব্যক্তিগতভাবে ওনাকে ধন্যবাদ জানাই। কতটা সফল হয়েছে সেটা সময় বলবে। আমি আজকে এই যে বাজেট ২০১৫-১৬ আজকে এখানে উত্থাপন করা হয়েছে তার আগে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে প্রশ্ন রেখে যেতে চাই যে ২০১৪-১৫ সালের আপনার যে বাজেট অ্যালোকেশান কত ছিল এবং রিভাইস্ড এস্টিমেটে আপনি কত টাকা পেয়েছিলেন? এই টাকা কমার কারণ কি হাউজকে বলেন — পরবর্তীকালে ফান্ড রিলিজ কতটা হয়েছিল এবং কত টাকা ইউটিলাইজ হয়েছিল? গত বছরে আর্থিক বাজেটে যে টাকা এই দপ্তরে হয়েছিল এত ঘাটতি কেন, এই টাকা কেন পাননি, এটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্রের বঞ্চনা, নাকি কেন্দ্রের বঞ্চনা — এটা যদি উনি এই হাউজকে অবগত করেন তাহলে আমরা উপকৃত হব। আমি যে কথাটি এর আগে বারবার বলার চেষ্টা করেছি—আমরা এমন একটা এলাকায় মানুষ হয়েছি, একদিকে ভাঙন আর অপরদিকে প্লাবন। এই দুটোর মাঝে আমাদের বসবাস। পূর্বে একদিকে যখন ভাঙছে, পশ্চিমে একদিকে প্লাবন হচ্ছে। আমি এই বাজেটে কোনও জায়গায় দেখতে পেলাম না মন্ত্রী একটিও ওয়ার্ড ব্যবহার করেছেন আমাদের ভাগীরথী ভাঙন বা গঙ্গা ভাঙন সম্পর্কে। এই বাজেট অ্যালোকেশানের কোথাও একটি কথা বা শব্দ উনি ব্যবহার করেননি। অথচ স্যার আপনি জানেন আমাদের এই ভাঙনকবলিত এলাকা মুর্শিদাবাদ, মালদা— এই এলাকায় লক্ষ লক্ষ মানুষ আজকে ভাঙনের কবলে কবলিত, আজকে তারা অনেক ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে মাননীয় মন্ত্রী তার জবাবী ভাষণে নিশ্চয়ই বলবেন যে কয়েক মাস আগে আমরা দেখলাম কেন্দ্রীয় সরকারের সেচ দপ্তরের মাননীয়া মন্ত্রী উমা ভারতী উনি ফারাক্কা ব্যারেজে এসেছিলেন। আমরা বিভিন্ন সংবাদমাধ্যমের বন্ধুদের কাছ থেকে জানতে পেরেছিলাম যে উমা ভারতীজী আমাদের পশ্চিমবঙ্গের মন্ত্রীর ভূয়সী প্রশংসা করে ওনাকে প্রচুর সার্টিফিকেট দিয়ে গেছেন। আমরা এইজন্য ধন্যবাদ জানাই যে আমাদের মন্ত্রী খুব তৎপরতার সঙ্গে কাজ করছেন। কিন্তু এই হাউজে যখন মন্ত্রীমহাশয় বক্তব্য রাখবেন উনি সঠিকভাবে আমাদের দিশা দেখাবেন যে কি আলোচনা হয়েছিল। আমি ২০০৪ সালে তৎকালীন বামফ্রন্ট সরকারের আমলে আমাদের পদ্মা ভাঙন রোধের জন্য একটা চুক্তি কেন্দ্রীয় সরকারের সাথে করেছিল যে পদ্মা ভাঙন রোধের জন্য ফারাক্কা ব্যারেজের উপরে ৪০ কিলোমিটার এবং ডাউনে ৮০ কিলোমিটার কাজ ফারাক্কা ব্যারেজ কর্তৃপক্ষ তারা গ্রহণ করবে এবং তারা সেটাকে মেনটেনেন্স করবে। আজকে আমরা দেখেছি ২০০৫ সালে ফারাক্কা ব্যারেজ গ্রহণ করার পরে সেই ফারাক্কা ব্যারেজে লোকজনের অবস্থা শোচনীয় ছিল। আমরা এর আগে তথ্য ঘেঁটে দেখেছি যে, তারা রাজ্য সরকারের কাছে তাদের কর্মচারী, তাদের আধিকারিক কম থাকার কারণে আমরা লক্ষ করেছি বিগতদিনে তারা

রাজ্য সরকারের কাছে ডেপুটেশনে আমাদের এখান থেকে তারা বারবারে লোক চেয়েছেন এবং এখনও আমাদের রাজ্য সরকারের সেচ দপ্তর ডেপুটেশনে ফারাক্কা ব্যারেজে কাজ করছে। স্যার আমরা যে এলাকায় বসবাস করি, আমাদের এলাকাটা পদ্মার ভাঙনকবলিত এলাকা। পদ্মার যখন ভাঙন শুরু হয়, এলাকার মানুষ যখন ত্রাহি ত্রাহি করে আমরা তখন ফারাক্কা ব্যারেজকে খুঁজে পাই না। তাদের কাজের অগ্রগতি কোথায় কি অবস্থায় আছে আমরা তাদের খুঁজে পাই না। মাননীয় সেচমন্ত্রী বলবেন আমরা রাজ্যের মধ্যে বসবাস করি যা আজকে ফারাক্কা ভাঙন যদি — পদ্মার ভাঙন যদি ডাউন স্ট্রিমে ৮০, আপ স্তরে ৪০ যদি ফারাক্কা ব্যারেজের আন্ডারে হয়ে থাকে তাহলে আমি মনে করি যেহেতু ওই এলাকায় আমরা বাস্তব সমক্ষে লড়ছি, তাই দেখছি ভাঙনে ফারাক্কা ব্যারেজের সঠিক ভূমিকা থাকে না। সেই জায়গা থেকে ২০০৪ সালে ফারাক্কা ব্যারেজের চুক্তির মাধ্যমে পদ্মার ভাঙনে ডাউনে ৮০ আপে ৪০ বাদ দিল সেটা রাজ্য সরকারের কাছে কি অবস্থায় আছে এবং যদি এটা ফারাক্কা ব্যারেজের হাতে থেকে থাকে তাহলে যখন এলাকাগুলো পদ্মার ভাঙনে কবলিত হয়, তখন রাজ্য সরকারের কোনও সুপারিভশান থাকবে কিনা, রাজ্য সরকারের ইরিগেশান দপ্তর সেখানে কোনও হস্তক্ষেপ করতে পারবেন কিনা, সেটা মাননীয় মন্ত্রী যখন উনি ভাষণ দেবেন তখন আমরা সেই জায়গায় ওনার মুখ থেকে শুনতে চাই। বিগত দিনে আমরা মাননীয় মন্ত্রীকে বলেছিলাম ভাগীরথীর ভাঙন রোধের ব্যাপারে এই বাজেটে তিনি একটিও শব্দও উনি খরচ করেননি। কিন্তু আপনারা জানেন যে, আমাদের ফারাক্কা ব্যারেজের যে এন.টি.পি.সি প্রোজেক্ট আছে, সেই প্রোজেক্টে কলকাতা, হুগলি নদীর মাধ্যমে ভাগীরথী নদীর উপর দিয়ে বড় বড় জাহাজ যাওয়ার ফলে আমরা লক্ষ করছি ভাগীরথী এবং গঙ্গার দুই পাড় ধীরে ধীরে ভেঙে যাচ্ছে এবং এই এলাকা এত ঘনবসতি এলাকা যে, সেখানকার মানুষগুলো আজকে ত্রাহি ত্রাহি করছে। আমি গত বাজেটে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এই ভাগীরথীর দুই পাড় এই জাহাজ যাওয়ার কারণে যে ঝরে ঝরে বালি মাটি ঝরে যাচ্ছে এবং মানুষগুলো আতঙ্কে রয়েছে। কারণ এই নদীর দুই পাড়ে এত ঘনবসতি এলাকা যে, এই ব্যাপারে আমি এই বাজেটে কোনরকম দিশা দেখতে পাচ্ছি না। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে, এই ব্যাপারটা যেন উনি গুরুত্ব দিয়ে দেখেন। এখান থেকে শুধু কলকাতা, হাওড়া, হুগলি, নদিয়া, বর্ধমান থেকে শুরু করে মুর্শিদাবাদ — এই দুই পাড় জাহাজ যাওয়ার ফলে আজকে প্রচণ্ড ভেঙে যাচ্ছে। এলাকার মানুষ আতঙ্কে কাটাচ্ছে এবং ত্রাহি ত্রাহি করছে। তাই এই ব্যাপারে এই দপ্তর কি ভূমিকা নিয়েছে যদি মাননীয় মন্ত্রী ওনার ভাষণের সময় উনি যদি বলেন ভাল হয়। আমি যে কথা বললাম যে, আমরা যেমন একদিকে ভাঙন এবং অপরদিকে প্লাবন দেখছি — আমার মুর্শিদাবাদ জেলায় ঝাড়খণ্ড থেকে আজকে মুর্শিদাবাদের বিস্তীর্ণ এলাকায় জলে প্লাবিত হয়ে যায়। গুমানী নদী, ফুলকো নদী, বসলোই নদী, পাগলা নদী, দ্বারকা নদী — যেগুলো ভাগীরথীকে কেন্দ্র করে তৈরি হয়েছে, সেই নদীর প্লাবনে মুর্শিদাবাদের জেলার বিস্তীর্ণ এলাকায় বন্যার সময় সেখানকার মানুষ ত্রাহি ত্রাহি করে। আমরা তথ্য দেখে যেটা জানতে পেরেছি যে বামফ্রন্টের আমলে তখন তৎকালীন মুখ্যমন্ত্রী ছিলেন জ্যোতি বসু, ওনার মুখ্যমন্ত্রিত্বের নেতৃত্বে ঝাড়খণ্ড এবং বিহার যখন একটি রাজ্য ছিল, ঝাড়খণ্ড এবং বিহারের তৎকালীন মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রের ইরিগেশান দপ্তরের মন্ত্রীদের নিয়ে একটা ফ্লাড

কন্ট্রোল কমিশন বা বোর্ড হয়ে সেটার একটা সার্ভে করার চেষ্টা হয়েছিল। কিন্তু তারপরে আমরা সেই তথ্য এখনও দেখতে পাই না। মাননীয় মন্ত্রী মহাশয় যদি সেই তথ্যটা একটু দেখেন যে, এই যে ভাঙনের কারণটা একটা অদ্ভুত আকারে ছিল। সেটা বিহারের তৎকালীন মুখ্যমন্ত্রী এবং বাংলার তৎকালীন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর নেতৃত্বে এবং কেন্দ্রীয় ইরিগেশান দপ্তর — এই তিনজন মিলে সার্ভে করার জন্য সেই সময় একটা কমিশন তৈরি করেছিলেন। সেটা অতলে থেকে গেছে। পরবর্তীকালে আমাদের জঙ্গীপুরে যখন বর্তমানে আমাদের ভারতবর্ষের মহামালিক প্রণব মুখার্জী যখন জঙ্গীপুরের সাংসদ হলেন, তখন আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ ওনার কাছে আবেদন করেছিলাম যে, আমরা এই সমস্ত নদীগুলো — যে সমস্ত ঝাড়খণ্ড থেকে পরবর্তীকালে বিহার ভেঙে ঝাড়খণ্ড রাজ্য পরিণত হওয়ার কারণে ঝাড়খণ্ড থেকে যে সমস্ত নদীগুলো গুমানী, ফলগু, বাসলোই, পাগলা, দ্বারকা — নদীগুলোর প্লাবনে ঝাড়খণ্ড থেকে স্রোতে মুর্শিদাবাদ জেলাকে ভাসিয়ে নিয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমরা তৎকালীন জঙ্গীপুরের সাংসদ প্রণব মুখার্জীর দৃষ্টি আকর্ষণ করাই। উনি সেই সময় একটা উদ্যোগ গ্রহণ করেছিলেন। বিগত পাঁচ বছর আগে ওনার তত্ত্বাবধানে কেন্দ্র থেকে একটা টিম এসে — দিল্লি থেকে এসে সার্ভে করে গিয়েছিলেন। আমরা এখনও জানি না, সেই সার্ভেটা কি অবস্থায় আছে। আমি মাননীয় মন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করব এই ব্যাপারটা খুব গুরুত্ব দিয়ে দেখতে হবে, তারপর এই জায়গায় আমি রাজ্য সরকারের বাজেটে এই যে মুর্শিদাবাদের বিস্তীর্ণ এলাকায় প্লাবনের হাত থেকে রক্ষা করবার জন্য মানুষ যখন ত্রাহি ত্রাহি করছে —

[3.30 - 3.40 p.m.]

এই জেলায় তখন আমরা আর্তনাদের সঙ্গে থাকছি। আর একটা জিনিস এই হাউসের কাছে দাবী করব, যদিও বলবেন যে এটা এই দপ্তরের ব্যাপার নয়। যেটা আমাদের মাননীয়া মেম্বার সাবিনাদি বলতে গিয়ে কিছু ইনকমপ্লিট থেকে গিয়েছে। ভাঙনের ফলে আমরা অনেকে সর্বস্বান্ত হয়েছি। আমাদের বাড়ি, জমি সমস্ত পদ্মার ভাঙনে চলে গিয়েছে। পদ্মার একদিকে যেমন ভেঙেছে, তেমনি অপর পারে সেই জমিগুলো চর আকারে দেখা দিয়েছে। সেই চরে চাষযোগ্য জমি হয়েছে, মানুষ বসবাস করে। ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টের আইনের ফাঁকের কারণে যাদের জমি ভাঙনের কবলে চলে গিয়ে পরবর্তীকালে অপর পারে চর হয়েছে, সেই জমির মালিকানা তারা ফিরে পাচ্ছে না। সেখানে লাঠি যার জমি তার, সেই জায়গায় আজকে আইনশৃঙ্খলার অবনতি দেখা দিয়েছে। আমি এই হাউসে মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব ভাঙনের কারণে এই ঘটনা ঘটেছে। এই হাউস থেকে একটা প্রস্তাব নেওয়া হোক যে — এটা ল্যান্ড ডিপার্টমেন্টের ব্যাপার, না অন্য ডিপার্টমেন্টের ব্যাপার, ডিপার্টমেন্টের কচকচানিতে না গিয়ে আমি এই মহতী সদনের কাছে বলতে চাই, যে মানুষগুলো সর্বস্বান্ত হয়ে গিয়েছে, সেই মানুষগুলো যাতে জমি ফিরে পায়, তার জন্য এই সদন একটা উদ্যোগ গ্রহণ করুক। ইরিগেশন দপ্তরের মন্ত্রীর নেতৃত্বে, মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটা কমিটি তৈরি করে এই মানুষগুলোর কথা ভাবা হোক। তাদের rehabilitation-এর কোনও ব্যবস্থা নেই। আমরা জানি বাংলার বুকে বা দেশে যখন কোনও বিপর্যয় হয়, ডিজাস্টার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট সেখানে ঝাঁপিয়ে

পড়ে। কিন্তু এই ভাঙনের কবলে যারা আজকে সর্বস্বান্ত তাদের রিহ্যাবিলিটেশনের জন্য এই সরকার, অতীতের সরকার ৩৪ বছর বাম জমানায় তারাও কোনও উদ্যোগ গ্রহণ করেনি। আমরা একসঙ্গে এই সরকারে এসেছি, আমরা আশা করেছিলাম যে, জমির মালিক যারা আজকে ভাঙনের কবলে সর্বস্বান্ত হয়ে খেতমজুর হয়েছে, তারা জমি ফিরে পাবে। তার সঙ্গে সঙ্গে মাননীয় মন্ত্রীকে বলতে চাই উত্তরবঙ্গে একমাত্র মহানন্দা নদী বাদ দিয়ে সমস্ত নদীগুলো ব্রহ্মপুত্র কেন্দ্রিক। আমরা এর আগের সদনে দেখলাম ব্রহ্মপুত্র যে বোর্ড, এই বোর্ডে বাংলার একজন স্থায়ী প্রতিনিধি থাকার জন্য বারবার দাবী করেছিলেন। আমরা সংবাদপত্রে দেখেছিলাম গত বছর এই মাসে ৫ই জুনে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে একটা সর্বসম্মত মিটিং হয়েছিল। বাংলার মুখ্যমন্ত্রী আমাদের নেত্রী মমতা ব্যানার্জী বলেছিলেন যে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ দিল্লির দরবারে গিয়ে যাতে ব্রহ্মপুত্র বোর্ডে একটা স্থায়ী সদস্য করা যায়, তার জন্য তারা দিল্লিতে গিয়ে তদারকি করবেন, সুপারিশ করবেন। আগামীকাল একবছর উত্তীর্ণ হয়ে যাবে, আমি এই সদনে জানতে চাই ব্রহ্মপুত্র বোর্ডের স্থায়ী সদস্য গ্রহণের জন্য আমাদের রাজ্য সরকার কতটা কার্যকরী ব্যবস্থা নিয়েছেন জানাবেন। সামনে বসে আছেন আমাদের পূর্ববর্তী ইরিগেশন মিনিস্টার ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা। আমাদের মুখ্যমন্ত্রীর দাবীকে মান্যতা দিয়ে ইরিগেশন দপ্তরে স্বচ্ছতা আনতে গিয়ে সেই সময় ডিস্ট্রিক্ট লেভেল থেকে ব্লক লেভেল পর্যন্ত একটা মনিটরিং কমিটি করে দিয়েছিলেন। সেই মনিটরিং কমিটিগুলো বিভিন্ন জায়গায় কাজ কিভাবে করছে তার তদারকি করেছিলেন। কিন্তু আজকে নতুন মন্ত্রী রাজীববাবুর সম্বন্ধে যে প্রশংসা করছি, আজকে সেই মনিটরিং কমিটির অবস্থান কোন জায়গায় আছে, তা যদি জানান তাহলে কৃতজ্ঞ হব। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী পার্থ ভৌমিক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায় ও রাষ্ট্রমন্ত্রী মন্টুরাম পাখিরা ৩২ নং দাবী উত্থাপন প্রসঙ্গে ২০১৫-১৬ সালের যে বাজেট ভাষণ পেশ করেছেন, তার সমর্থনে দু-চারটি কথা বলতে চাই। বিধানসভার একজন নবীন সদস্য হিসাবে আমি ভেবেছিলাম যে, এই সেচ দপ্তরের বাজেট বিতর্কে নিশ্চিতভাবে প্রাক্তন মন্ত্রী সুভাষবাবু কিংবা ডাঃ মানস রঞ্জন ভূঞ্যার বক্তব্য শুনতে পাব। কিন্তু আমার দুর্ভাগ্য যে, দুজনের কেউই এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করেননি। আমার ধারণা নেই যে, এই হাউসে যারা বসে আছেন তাদের অনেকেরই ২০০৮ সালের ধারণা ছিল যে, বামফ্রন্টের আমলে সেচমন্ত্রী বলে কেউ ছিলেন। ২০০৮ সালে টি.ভি.-তে যখন দেখাল যে তৎকালীন সেচমন্ত্রীর বাড়িতে কোনও সহ রাজনৈতিক দল বোমা মেরেছে এবং ৫ জন মারা গেছে, তারপরের দিন খবরের কাগজে উঠল, তখনই বোধহয় বাংলার মানুষ প্রথম জানতে পারল যে বাংলায় একজন সেচমন্ত্রী আছেন। তার নিদর্শন কিন্তু কোনও কাজের মাধ্যমে দেখা যায়নি। আসলে স্যার, কোনও বাড়ি নির্ভর করে তার ভিতের উপরে, যে বাড়ির ভিত যত দৃঢ় হবে, সেই বাড়ি তত ভাল হবে। একসময় যারা স্লোগান তুলেছিল 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ', তারা স্যার রাজ্যের কত পরিমাণ জমি সেচের আওতায় আনতে পেরেছিলেন সেচ দপ্তরের মাধ্যমে? আমি দেখলাম না সেই ব্যাপারে কারো কোনও বক্তব্য

আছে। আমি গর্ব করে বলতে পারি মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সরকার চলছে, এই সরকারের ৪ বছরের আমলে ২ লক্ষ ৬৪ হাজার একর কিংবা বলতে পারেন ১ লক্ষ ৭ হাজার হেক্টর জমি সেচের আওতার মধ্যে এসেছে এবং মন্ত্রীর টার্গেট হচ্ছে আরও ৩৩ হাজার হেক্টর জমি, অর্থাৎ দুটো মিলে প্রায় ১ লক্ষ ৪০ হাজার হেক্টর জমি সেচের মাধ্যমে চাষের উপযোগী করে তোলা যাবে। আমি বামপন্থী বন্ধুদের জিজ্ঞেস করতে চাই, ৩৪ বছরে ক্ষমতায় থাকলেও আপনারা কতটুকু জমিকে সেচের মাধ্যমে চাষীদের উপযুক্ত চাষের ব্যবস্থা করে দিয়েছিলেন? এখানে বলতে না পারলে নিজের বিবেককে একবার জিজ্ঞেস করে দেখবেন। স্যার, বন্যা আমাদের একটা বড় দুঃখের জায়গা। বেশিরভাগ সদস্যই বন্যার কথা বললেন, বিশেষ করে মালদা, মুর্শিদাবাদের বিভিন্ন জায়গার কথা। এইগুলো আটকাতে গেলে বাঁধ বা পাড় সংরক্ষণের প্রয়োজনীয়তা দেখা যায়। গত ৪ বছরে ১৬৩৪ কিলোমিটার বন্যা ব্যবস্থাপনার ক্ষেত্রে সাফল্য অর্জন করেছেন। অথচ আপনারা ২০০৭ থেকে ২০১১, এই চার বছরে কাজের দায়িত্বে ছিলেন, মাত্র ৬৪০ কিলোমিটার করতে পেরেছিলেন। বন্যা সতর্কতার জন্য কন্ট্রোল রুম খোলা হয়েছে সল্টলেকে এবং উত্তরবঙ্গে। স্যার, আমার কাছে ইন্ডিয়া মেটরোলজিক্যাল ডিপার্টমেন্টের একটা ম্যাপ আছে। এখানে দেখা যাচ্ছে ২০১৩ সালের আগস্ট মাসে প্রচণ্ড বৃষ্টি হয়েছিল পশ্চিমবাংলার বুকে — ৩৯৮.৮। অত বৃষ্টি হওয়া সত্ত্বেও বাংলার বুকে বন্যা হয়নি। আবার ঠিক তেমনিভাবে ২০১৪ সালে কম বৃষ্টি হয়েছিল — ৩০০.৬। কম বৃষ্টি হওয়া সত্ত্বেও কিন্তু চাষের ক্ষেত্রে সেচের জল কম সরবরাহ করা হয়নি। অর্থাৎ একটা ভারসাম্যর ক্ষতি হচ্ছে। বাংলার ক্ষেত্রে আমরা দেখছি ৩৭,৬৬০ স্কোয়ার কিলোমিটার এরিয়ার মধ্যে অলরেডি প্রোটেকটেড ২২, ০০৫ স্কোয়ার কিলোমিটার। অর্থাৎ এতটাই সাফল্য লাভ করা গেছে গত ৪ বছরে। এখানে যেমন রাজীব ব্যানার্জীর প্রচণ্ড কৃতিত্ব, তেমনি মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে সরকার পরিচালিত হচ্ছে এটা তারও কৃতিত্ব সন্দেহ নেই। আজকে উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা, কলকাতা মিউনিসিপ্যাল এলাকার বিভিন্ন জায়গায় খাল সংস্কারের ফলে অতি বৃষ্টি হলেও শহরে যে জলটা জমে তার নিকাশির একটা বন্দোবস্ত করা হয়েছে এই মা-মাটি-মানুষের সরকারের আমলে।

[3.40 - 3.50 p.m.]

হ্যাঁ, আমি দেখতে পাচ্ছিলাম যে স্যার ফ্লাড অ্যাফেকটেড এরিয়া যেখানে খুব বন্যা হয়েছে ১৯৭৮, ২০০০ সাল, ১৯৮৪ সাল, ১৯৯১ সাল, কিন্তু দায়িত্ব নিয়ে আমার মন্ত্রী বলতে পারে অতি বৃষ্টি সত্ত্বেও ২০১৩ সালে বাংলার বুকে কোনও বন্যা উনি হতে দেননি। এটা তো আমরা প্রত্যেকে জানি স্যার, যে পশ্চিমবাংলার বুকে শুধুমাত্র সেচ ব্যবস্থার উন্নতিসাধন, সেতু নির্মাণ এগুলো সমস্ত মা-মাটি-মানুষের সরকারের আমলে হয়েছে। যোগাযোগ স্থাপনের উদ্দেশ্যে ৪৩টা সেতু নির্মাণ সম্পূর্ণ হয়েছে। আর ৬২টা সেতু নির্মাণের কাজ চলছে। আর শেষ চার বছরে আপনারা মাত্র ২০টা ব্রীজ তৈরি করেছেন। আপনাদের লজ্জা লাগে না? আমি আপনাদের জিজ্ঞাসা করতে চাই, সেচব্যবস্থা শুধুমাত্র কতগুলি নির্দিষ্ট জায়গায় সীমাবদ্ধ রাখেননি আমাদের মন্ত্রীমহোদয়। দীঘা শংকরপুর এলাকায় ৮.৩২ কিলোমিটার দৈর্ঘ্যে ভাঙনরোধী ও তট সংরক্ষণের

কাজসহ পুরনো দীঘা থেকে উড়িষ্যার সীমানা বরাবর পর্যন্ত ভ্রমণপিয়াসী মানুষদের জন্য সমুদ্রতটরেখার সমান্তরাল উঁচু পাড় বরাবর সৌন্দর্যায়িত পায়ে চলার রাস্তা নির্মাণ করা হয়েছে, যা হাজার হাজার পর্যটকের কাছে দীঘার আকর্ষণ বহুগুণ বাড়িয়ে দিয়েছে। তাতে অনেক পর্যটক ওখানে হাঁটছেন। পর্যটকদের ভিড় বেড়েছে। এই জিনিসগুলো কি আপনারা চোখে দেখতে পান না? স্থায়ী সম্পদ তৈরি করার মাধ্যমে মূলধনী ব্যয়ের লক্ষণীয় বৃদ্ধি হয়েছে, যা আর্থিক শ্রীবৃদ্ধির অন্যতম সূচক। ২০১৪-১৫ সালে মূলধনী খরচ ছিল ৯৪০.২৯ কোটি টাকা। ২০১৪-১৫ অবধি মূলধনী খরচ ছিল ৬০৬.৭৯ কোটি টাকা। আর ২০১১ সাল পর্যন্ত আপনাদের ছিল ২৪৬.৪৬ কোটি টাকা, যা প্রায় আড়াইশো শতাংশ কম। আমি আপনাদের বলতে চাই সমালোচনা করবেন। কারণ বিরোধী দলে বসেছেন। কিন্তু আমার ভাল লেগেছে অক্ষয়বাবু একটা কথা বলেছেন। তিনি বলেছেন যে 'আমি আশা করব আপনি পরের বার অন্তত যে যে জায়গাগুলো আপনি ক্লিয়ার করেননি সেগুলো ক্লিয়ার করবে'। অর্থাৎ অক্ষয়বাবু মা-মাটি-মানুষের সরকারের চার বছরের কাজ দেখেই বুঝে গেছেন যে ২০১৬ সালে আবার মমতা ব্যানার্জীর নেতৃত্বে এখানে সরকার হচ্ছে এবং সেই সরকারের মন্ত্রী হিসাবে বাদ বাকি যে কাজগুলো বাকি আছে সেটা মন্ত্রী করবেন। তার জন্য অক্ষয়বাবুকে ধন্যবাদ জানাচ্ছি। আমার বক্তব্য একটাই, কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার মাধ্যমে যে কাজগুলো নির্ভর করে, সেই কাজগুলোর জন্য আমরা কেন্দ্রীয় সরকারের মুখাপেক্ষী হয়েই থাকি। কেন্দ্রীয় সরকার যদি বঞ্চনা করে তাহলে কাজ কিছুটা পিছিয়ে যায়। আমরা আর্থিক অনটনের মধ্যে আছি এটা আমরা বারংবার বলেছি। তার মধ্যে ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট, জলপাইগুড়ি আলিপুরদুয়ার কোচবিহার জেলার বন্যার নদী ভাঙন সমস্যা, আমাদের সরকার ব্রহ্মপুত্র বোর্ডের পুনর্গঠনের মাধ্যমে পশ্চিমবঙ্গকে অন্যান্য উত্তর-পূর্ব রাজ্যগুলোর মতো স্থায়ী সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করার দাবি এবং বিভিন্ন প্রোজেক্টের মাধ্যমে সেচব্যবস্থাকে উন্নতি করার প্রয়াস চালাচ্ছে। তাই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মণ্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ৩২ নম্বর সেচ ও জলপথ দপ্তরের ২০১৫-১৬-র এই অর্থবর্ষে আমরা আমাদের দপ্তরের পরিকল্পনা খাতে এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে দু-হাজার ছয়শত উননব্বই কোটি বিয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার টাকার ব্যয়বরাদ্দ মঞ্জুরী করার জন্য পবিত্র সদনে সর্বসম্মতভাবে সমর্থনের চেয়ে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে সংক্ষেপে দু-চারটি কথা, আমাদের দপ্তরের সাফল্যের কয়েকটি কথা আপনাদের সামনে আমি উপস্থাপিত করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যের প্রাক্তন মন্ত্রী সেচ দপ্তরের তিনি এখানে বসে আছেন, তিনি দীর্ঘদিন সেচ দপ্তর পরিচালনা করেছেন। বামফ্রন্টের অন্যতম শরিক আর এস পি দলের পক্ষ থেকে আগে শ্রদ্ধেয় গণেশ মণ্ডল মহাশয় তিনি সেচমন্ত্রী ছিলেন। তখন আমি এই সদনের বিধায়ক ছিলাম এবং সেই সময়ে সেচ দপ্তরের কাজ আমি দেখেছি। সুভাষবাবুর সময়ের কাজ আমি দেখেছি। সেচ দপ্তরের কথাটা যেটা আমাদের পার্থ ভৌমিক বলেছেন সেটা ঠিক কথা। বর্ষাকাল পড়লে সেচ দপ্তরের কথা লোকে জানতে পারত। নদীবাঁধ ভাঙত। সমস্যা হত। তখন দপ্তরের কাছে লোকে যেত।

কিন্তু সারা বছর ধরে যে মনিটরিং করা, সারা বছর ধরে যে কাজ করা, সারা বছর ধরে নদীবাঁধ ভাঙন রোধে কাজ করা, সেই পরিকল্পনা বিগত সরকারের ছিল না। এই ৩৪ বছর কিন্তু কম সময় নয়। আমরা চার বছরের মধ্যে যদি এই কাজগুলি করতে পারি, আমাদের দপ্তরের এই যে সাফল্য, আমাদের দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী রাজীব ব্যানার্জী মহাশয়, এই চার বছরের মধ্যে কাজগুলি করে যে সাফল্য লাভ করেছেন, তার কথা এখানে তুলে ধরা হয়েছে। বিগত সরকারের শেষ চার বছরের কথাও আমরা উল্লেখ করছি। বইটি পড়লে এই কথা পরিষ্কার হয়ে যায় যে এই চার বছরের কি কি সাফল্য পাওয়া গেছে এবং বিগত সরকারের শেষ চার বছরের খতিয়ান জানতে পারা যাবে। স্যার, আমি কয়েকটি কথা বলব। এরপরে মাননীয় মন্ত্রী বিস্তারিত উত্তর দেবেন। আমাদের সরকারের সাফল্যগুলি হল — জল নিকাশী ব্যবস্থা করে কৃষকদের আমরা সেচের আওতায় আনতে সক্ষম হয়েছি। এই চলতি অর্থ বছরে তেত্রিশ হাজার হেক্টর অর্থাৎ একাশি হাজার পাঁচশো দশ একর জমিকে সেচের আওতার মধ্যে নিয়ে এসেছি আমরা এই অর্থবর্ষে এবং এই বছরে এবং বিগত বছরে যদি হিসাব করি তাহলে দেখতে পাব কয়েক লক্ষ মানুষকে আমরা সেচের আওতায় আনতে পারব। স্যার, এই চার বছরের মধ্যে আমরা এই পর্যন্ত ৪৩টি কংক্রিটের সেতু করেছি। বিগত সরকারের কয়েকটি কাঠের সেতু ছিল। সেগুলি ভগ্নপ্রায়। সেগুলিকে আমরা নতুন করে নির্মাণ করেছি। আবার এই ৪৩টি সেতু নতুন করে ইতিমধ্যে নির্মাণ করেছি। ৬২টি শেষের পথে। এটা একটা উল্লেখযোগ্য যে ১০৫টি নতুন সেতু এই অর্থবছরে শেষ করতে পারব। এর মধ্যে উল্লেখযোগ্য হল কংসাবতীর উপরে যে সেতুটি সেটি আমাদের সাফল্যের অন্যতম নিদর্শন। আমি স্যার, আপনাকে বলছি উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা, কলকাতা নিউটাউন-সহ আমাদের মহেশতলা মিউনিসিপ্যালিটি থেকে আরম্ভ করে, দমদম, রাজারহাট সেখানে প্রায় সাড়ে চার কিলোমিটার, দক্ষিণ ২৪-পরগনা, নিউটাউন ভাঙড় থেকে আরম্ভ করে হাড়োয়া থানা, বাগজোলা খালের সাড়ে সাতাশ কিলোমিটার, কলকাতা মিউনিসিপ্যালিটির মধ্যে প্রায় পাঁচ কিলোমিটার এবং এর মধ্যে আরও কয়েকটি জায়গায় যেমন মহেশতলা মিউনিসিপ্যালিটিতে প্রায় পাঁচ কিলোমিটার খাল সংস্কার করা হয়েছে এবং আরও কয়েকটি গুরুত্বপূর্ণ স্থানে খাল সংস্কার করা হয়েছে। স্যার, আমাদের এই মজা খালগুলিকে সংস্কার করা হয়েছে। বর্ষাকালে যে জায়গাগুলি ডুবে যায়, এই মজাখাল সংস্কার করে সেই জায়গাগুলিকে আমরা উদ্ধার করতে পেরেছি। গোটা রাজ্যের সর্বত্র জায়গায় সেচসেচিত খাল থেকে আরম্ভ করে সমস্ত প্রক্রিয়া এই দপ্তর চার বছর ধরে করে চলেছে। আয়লা প্রকল্প দেখুন। এখানে সুভাষবাবু বসে আছেন। ২০০৯ সালে ২৫শে মে ব্যাপকভাবে আয়লা হল। ১৯টি ব্লক আয়লাতে বিধ্বস্ত হয়ে গেল। সেখানে তদানীন্তন কেন্দ্রীয় সরকারের আমাদের বর্তমান যিনি মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি কেন্দ্রীয় মন্ত্রীসভাতে ছিলেন। এবং এই প্রকল্প তৈরি করার কাজ এবং আয়লা বাঁধ করবার ব্যবস্থা করেছিলেন। স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে এক কিলোমিটারেও আয়লা বাঁধ হল না। আয়লা বাঁধ করার পরিবর্তে সেখানে অগ্রিম মোবিলাইজেশন ফান্ড-এর জন্য ৬৮ কোটি টাকা দিয়ে দেওয়া হল। কোথায় বাঁধ, কোথায় কি কিছুই নেই। আমরা আসার পর থেকে এই মোবিলাইজেশন ফান্ডকে বাতিল করে আমরা এই পর্যন্ত প্রায় ৫০ কিলোমিটার আয়লা প্রকল্পের কাজ এই চলতি বছরের মধ্যে

পুরোটাই শেষ করে দেব। আমি স্যার, আর একটা কথা বলছি এখানে সুভাষবাবু বসে আছেন। সুন্দরবনে একদিকে কাকদ্বীপ, একদিকে সাগরদ্বীপ।

[3.50 - 4.00 p.m.]

মাঝখানে ঘোড়ামারা দ্বীপ বলে একটা দ্বীপ ছিল। সেখানে এখনো প্রায় ৬ হাজার মানুষ বসবাস করে। একটি গ্রাম পঞ্চায়েত পরিচালিত হয়। একটি উচ্চমাধ্যমিক স্কুল আছে। একটি প্রাথমিক বিদ্যালয় আছে। একটি পোস্ট অফিস আছে, সেখানে এস.এস.কে. এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্র চলে। কোনোভাবে সেই মানুষকে পুনর্বাসনের ব্যবস্থা না করে সেটাকে নো মেন্স ল্যান্ড ঘোষণা করে দিল আগের সরকার। মানুষগুলো কোথায় যাবে ঠিক নেই। স্যার, তাদের আশীর্বাদ হয়েছে, এই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই মানুষের আশীর্বাদ-দোয়া-শুভেচ্ছায় এই সরকার এসেছিল বলে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী জানার পরেই নো মেন্স ল্যান্ড — যেটা ওরা ঘোষণা করেছেন, বাতিল করলেন এবং আজ পর্যন্ত স্যার, এই সেচ দপ্তরের মাধ্যমে আমরা সেই ঘোড়ামারা দ্বীপকে রেখেছি, এখনো মানুষকে অবহেলিত হয়ে কোথাও চলে যেতে হয়নি। এছাড়া আমরা ৮১ কিলোমিটার নদীবাঁধকে সুন্দরবনে ১১৭ কোটি টাকা দিয়ে স্ট্রেনদেনিং করেছি। এইভাবে যে সাফল্য আমরা করেছি, এই সাফল্যের জন্য আমি আপনাদের অনুরোধ করবো, আমাদের পূর্ণ সমর্থন করার জন্য আবেদন জানিয়ে এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পক্ষের এবং বিপক্ষের মাননীয় সদস্য এবং সদস্যারা যা বক্তব্য রাখলেন, আমি প্রত্যেকেই আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাবো। এটা ঠিক যে, গণতন্ত্রে যেমন সরকার পক্ষের সদস্যরা পক্ষে বলেন এবং বিরোধী পক্ষের লোকেরা নিশ্চিতভাবে বিরোধিতা করবেন। তবে আমার খুব ভালো লেগেছে একটা কথায় যে, আজকের এই বাজেটের বিরোধিতা আমার মনে হয় না যে কোনও পক্ষই করতে পেরেছেন। হয়তো অন্য কেনোভাবে বিরোধিতা করেছেন, কিন্তু বাজেটকে নিয়ে বিরোধিতা কিছু করতে পারেননি। আর এই চার বছর আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে সুন্দরভাবে এই দপ্তর কাজ করে চলছে, আজ এই বাজেট বক্তৃতা সেটা প্রমাণ করে দিচ্ছে যে, বাজেটের বিরোধিতা কেউ করেননি, সবাই বলতে গেলে বাজেটের পক্ষেই ভাষণ দিয়েছেন। কেউ প্রশংসা করেছেন, কেউ প্রশংসা রিজার্ভ রেখেছেন, কেউ হয়তো নিন্দা করেছেন। আমি এখনো মনে করি যে, প্রশংসা পাওয়ার জন্য কিন্তু আমরা কাজ করি না। আমরা কাজটা করি মানুষের জন্য এবং মানুষের জন্য কাজ করতে গিয়ে মানুষ দু-হাত ভরে তাদের আশীর্বাদ-দোয়া-সহযোগিতা করছেন, তার প্রমাণ একটু আগে মাননীয় সদস্য উল্লেখ করেছেন যে, নির্বাচনের বিভিন্ন ফলাফল প্রমাণ করে দিচ্ছে যে, মা-মাটি-মানুষের সরকারের সাথেই মানুষ রয়েছেন এবং মানুষ প্রতি মুহূর্তে তাদের সমর্থনের হাত বাড়িয়ে দিয়েছেন। আমি প্রথমেই মাননীয় বর্ষীয়ান সদস্য ...(নয়েজ)... বাজেটের বক্তৃতাটা শুনুন, একটু ধৈর্য ধরুন, এতদিন অধৈর্য ছিলেন, তাই আজকে এই বেঞ্চে বসেছেন, একটু ধৈর্য ধরুন, তাহলে নিশ্চিতভাবে আপনাদের ভালো হবে। বর্ষীয়ান সদস্য যিনি বক্তব্য রেখেছেন, আমাদের মাননীয় প্রবোধ সিনহা মহাশয়, আমি একটা কথা বলি

যে, উনি যে কথাটা বলেছেন, আপনি যদি খেয়াল করেন যে, ডিমান্ডে যে কথাটা আমরা — বিধানসভার বইতেও রয়েছে, আমরা কিন্তু শুধুমাত্র ডিমান্ডটাই প্লেস করেছি, যেটা হচ্ছে ২ হাজার ৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজার টাকা এবং সেপারেটলি আমরা চার্জটা দেখিয়েছি এবং আপনি ২০৩ নম্বর সংবিধানের ধারার কথা বলেছেন। সেখানে একটা জায়গায় উল্লেখ রয়েছে "So much of the estimates as relates to expenditure charged upon the Consolidated Fund of a State shall not be submitted to the vote of the Legislative Assembly, but nothing in this clause shall be construed as preventing the discussion in the Legislature of any of those estimates" অর্থাৎ এখানে কিন্তু আমরা চার্জটাকে সেপারেটলি রেখেছি। আজকে ডিমান্ডের জন্য কিন্তু আমরা শুধুমাত্র ২ হাজার ৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজারের জন্যই আমরা প্লেস করেছি এবং বিগত দিনেও এটা ঠিক কথা, একটু আগেও মাননীয়া সদস্যা দেখিয়েছিলেন যে, বিগত দিনে এইভাবেই বাজেটের বিভিন্ন বইগুলো হয়েছে। আমি মানছি যে, হয়তো এটাতে একটু টেকনিক্যাল ত্রুটি রয়েছে এবং বিগত দিনেও এইভাবেই হয়েছে। ঠিকই কথা যে, আমাদের দপ্তরের যারা এটা প্রিপেয়ার করেন, তারা সেইভাবেই করেছেন এবং আপনি এটা উল্লেখ করেছেন। আমি কিন্তু আবার বলছি যে, আমরা শুধু ডিমান্ডটার জন্যই প্লেস করেছি। এটা যদি ইরেগুলারিটিজ হয়ে থাকে, কিন্তু এটা ইললিগ্যাল কিছু নয়। আমরা চার্জটাকে উল্লেখ করতেই পারি এবং সেটা নিয়ে বাজেটের বইতে ডিসকার্সান হতে পারে। কিন্তু ডিমান্ডের জন্য, শুধু ৩২ নম্বর ডিমান্ড আজকে আমাদের এই ২৫৯৮২৬০৩ থাউজেন্ড — এটাই কিন্তু আমরা শুধু আজকে ডিমান্ডের জন্য প্লেস করছি এবং আগামী দিনে যাতে চার্জের যে irregularitiesটুকু রয়েছে, যাতে আগামী দিনে না থাকে আমি নিশ্চিতভাবে এই সদনকে জানাতে চাই আগামীদিনে এইটুকু ত্রুটিও আর থাকবে না, সেটাকে আমরা assure করছি। আজকে শুধু ডিমান্ডের উপরেই আমরা ভোটটা চাইবো। ...(নয়েজ)... উনি ওনার মতো করে ব্যাখ্যা করেছেন। আমি তো ব্যাখ্যাও করে দিয়েছি, বলেও দিয়েছি, এই charges accountটা আগামী দিনে আর আসবে না।

মিঃ স্পীকার : উনি ওটা মুভ করছেন না, উনি charged অ্যামাউন্টটা উল্লেখ করছেন না। ভবিষ্যতে উনি সচেতন হবেন বলেছেন।

শ্রী রাজীব ব্যানার্জী : আমি স্যার উল্লেখ করে দিলাম, আমার মনে হয় কোথাও আর কোনও ত্রুটি থাকার কথা নয়, আমি উল্লেখ করে দিলাম, যেহেতু বরাবর একই ধরনের বাজেট প্লেস হয়েছে, একটু আগেও দেখিয়েছেন সুভাষ নস্কর মহাশয়, আমার ডিমান্ডটা শুধুমাত্র ভোটিং ডিমান্ডটার উপরেই চাইছি, আমরা কিন্তু ওটার উপরে চাইছি না। আমি তো টেকনিক্যাল ব্যাপারটা ক্লিয়ার করে দিলাম, আমি তো শুধু ৩২ নম্বর ডিমান্ডে ২৫৯৮২৬০৩-এর উপরেই আমরা ভোট চাইছি, আর এর বাইরে চাইছি না। ...(নয়েজ)... আমার মনে হয় আমি এটার বলার পরে আর কোনও বিতর্কের অবকাশ থাকা স্যার উচিত নয়, আমি পুরো ব্যাপারটা ক্লিয়ার করে দিয়েছি স্যার। আমি মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, আপনি যেটা বলেছেন, আমি সেটা ক্লিয়ার করে দিয়েছি। ...(নয়েজ)... স্যার, আমার মনে হয় এই ইস্যুতেই আমার

বাজেট বক্তৃতার সময় শেষ হয়ে যাবে, অন্য কিছু আর বলতে পারবো না আমি। আমি আবার বলছি মাননীয় সদস্যর অবগতির জন্য বলছি যে, শুধু ডিমান্ড ৩২ই আমরা প্লেস করছি। প্রবোধবাবু আর অন্য কিছু বলেননি, শুধু এই সংবিধানের টেকনিক্যাল ধারার কথাই বলেছেন, যেটা আমি অলরেডি ক্লিয়ার করে দিয়েছি। এরপরে আমি মাননীয়া সদস্যা সাবিনা ইয়াসমিন ম্যাডাম কয়েকটা কথা বলেছেন। প্রথমেই আমি মনে করি যে — বাজেটে তিনি একটা কথাই বলেছেন যে আমি খরচা করতে পারিনি এবং এই কথাটা আর একজন সদস্য মাননীয় আক্রুর জামান মহাশয় তিনিও একই কথা উল্লেখ করেছেন। আমি আপনাদের একটা জিনিস জানাতে চাই যে, core সেক্টরের বাজেট, আমরা সাধারণত জানি যখন মার্চ মাসে বাজেট অফিসিয়ালি publish হয় এই হাউসে। আপনারা জানবেন যে ২০১৪-১৫-তে যখন বাজেট পাবলিশ হয়েছিল, তারপরে আপনারা জানেন কিছুদিন আগেও মাননীয়া মুখ্যমন্ত্রী এই পবিত্র সদন থেকেই তিনি বলেছিলেন যে, 'আমরা কাজ করবো কি করে, আমরা কাজ করার পুরো সময় পাই না'। প্রত্যেক বছর নিয়ম করে নির্বাচন লেগে রয়েছে। এটা গণতান্ত্রিক দেশ, গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন হবে, কেউ আটকাতে পারে না, কখনও পঞ্চায়েত নির্বাচন, কখনও লোকসভা নির্বাচন, কখনও পৌরসভা নির্বাচন, কখনও উপনির্বাচন। ২০১৪-১৫ সালে আপনারা জানেন যে যখন বাজেট আমাদের এখানে প্লেস হয় তারপরে ২০১৪-১৫-তে লোকসভা নির্বাচন হয়েছে। এই লোকসভা নির্বাচনে আমরা প্রায় ৩১২.১৯ কোটি টাকা আমাদের কোর সেক্টরে ধরা ছিল ৩১২.১৯ কোটি টাকা এবং মার্চে বাজেট হয়েছে, আমরা সমস্ত রেডিও করে রেখেছিলাম, কিন্তু মডেল কোড অফ কন্ডাক্টের জন্য সেই সময় আমরা কাজটা করতে পারিনি। একটু আগেও আমাদের মাননীয় সদস্যরা বলেছেন যে, বর্ষাকালে আমরা আর কাজ করি না। একটা সময় ছিল বিগত বাম জমানায় কাজটা হতো না, যে সময়ে কাজ করার কথা, সে সময়ে কাজ হতো না, যে সময়ে করার কথা নয়, সেই সময় কাজ হতো, বর্ষার সময় হতো। তাই আমরা যখন মডেল কোড অফ কন্ডাক্ট হল, যখন এপ্রিল মাসে আমরা দেখলাম আর কাজ করা যাবে না, এবং মে মাসের পর থেকে বর্ষা শুরু হবে, আমরা ওই সময়টুকু কাজটা করতে পারিনি, তারপরে কাজটা ধরেছি। এরপরে অন্য যে খাতে আমাদের বিভিন্ন জায়গায় খরচ হয়নি, সেটার যেমন একটা বক্তব্য আছে, আপনারা জানেন যে, কিছু কিছু জিনিস আমার মাননীয় বিরোধী পক্ষের বেঞ্চ থেকেও বলেছেন, আমি তাঁদেরকেও ধন্যবাদ জানাবো, যে এটা ঠিক আমাদের সমস্ত খরচাগুলো ডিপেন্ড করে কিছু যেমন স্টেটের টাকা আছে, তেমনি কিছু কেন্দ্রীয় সরকারের দেয় টাকা রয়েছে। বিগত দিনে কেন্দ্রীয় সরকার আপনারা জানেন যে ওয়ান টাইম সেন্ট্রাল অ্যাসিসটেন্স ফান্ড বলে একটা ফান্ড আছে।

[4.00 - 4.10 p.m.]

যেমন, AIBP, AIFBP তেমনি ওটাকাতেও একটা fund হয় এবং নীতি আয়োগে পাশ হয়ে যাওয়ার পরেও ওটাকা আমাদের দপ্তরের শুধু ১৯৩.৭৪ কোটি টাকা অর্থাৎ বলতে পারেন প্রায় ২০০ কোটি টাকা। এই ২০০ কোটি টাকা আমরা পাইনি। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাবো যে কেন্দ্রীয় সরকার ওটাকার ২০০ কোটি টাকা দেয়নি, কিন্তু

মানুষের কাজ করার জন্য মুখ্যমন্ত্রী তৎক্ষণাৎ অর্থমন্ত্রীকে বলেছেন এবং রাজ্য থেকে এই ২০০ কোটি টাকা আমরা দিয়েছি, বরাদ্দ করেছি, যাতে কারোরই কাজ কোথাও যাতে hamper না হয়। কেন্দ্র না দিলেও যাতে রাজ্য করতে পারে। এবং AIBP, AIFBP এই যে আপনারা প্রশ্ন করেন, আমার তো মনে হয়, আপনারা এমন হালকা বল ফেলেন যে, আমার পক্ষে ছক্কা মারতে সুবিধা হয়ে যায়। এটা আপনাদেরকে আমি প্রশ্ন করব, এই AIBP, AIFBP আপনাদের এখানকার সাংসদ এই কান্দি master plan, আমরা এই যে টাকাটা ধরেছিলাম, ২০১৪-১৫ কেন আমরা খরচাটা করতে পারিনি বলুন তো। যেহেতু sanction-টা আমরা গত আর্থিক বছরে পাইনি। যদি আমরা গত আর্থিক বছরে sanction পেতাম, এখানে অপূর্ববাবু রয়েছেন, তিনি নিজে জানেন, কতবার আমার কাছে বলেছেন। তিনি নিজে তাঁর যিনি সাংসদ আছেন তাঁকেও request করেছেন, একটা কান্দি master plan কেন্দ্রীয় বাজেটে ঘোষণা হয়ে যায়, ২০১২ সালের কেন্দ্রীয় বাজেটে ঘোষণা হয়ে যায়। আর তার sanction আসে ২০১৪ সালে যখন অর্থবর্ষ পেরিয়ে গেছে। তাহলে যদি ওই অর্থবর্ষের মধ্যে আমি sanction-টা না পাই, তাহলে আমি সেখানে খরচাটা দেখাবো কি করে। কিন্তু ...(গোলমাল)... কথাটা শেষ করতে দিন। তারপরে অন্য সময়ে আপনি বলবেন। ...(গোলমাল)... আজকে কান্দি master plan যখন কেন্দ্রে কংগ্রেস সরকার ছিল, যখন কংগ্রেস সরকার ছিল, তখন আপনারা sanction নিয়ে আসতে পারেননি। তাই বছরের পর বছর, এই AIFBP-র টাকা খালি বছরের পর বছর ঘুরেছে। বছরের পর বছর রোল করেছে। যেহেতু কেন্দ্রীয় সরকার অনুমোদন দেয়নি। এই অর্থবর্ষে কান্দি master plan-এর কাজ শুরু হচ্ছে। এবং আপনারা শুনলে খুশি হবেন।

মিঃ স্পীকার : সভার অনুমতি নিয়ে সভার সময় আরো ১৫ মিনিট বাড়ানো হল।

শ্রী রাজীব ব্যানার্জী : বার বার আপনারা একটা কথা বলেন, এই গঙ্গা-পদ্মা ভাঙন, ভাগীরথীর ভাঙন ইত্যাদি আমি দেখছি সবসময় বলেন আপনারা। আমি আপনাদের কাছে আবার প্রশ্ন করব, আপনারা তো মালদা, মুর্শিদাবাদ। এই মালদা, মুর্শিদাবাদ থেকে তো সব থেকে বেশি সংখ্যক সাংসদ গিয়েছিল আপনাদের। বেশির ভাগ বিধায়ক আপনাদের এখানে রয়েছে। কেন্দ্রের সরকারে ছিলেন গত বছর অবধি। তাহলে আপনারা কি কাজ করেছেন আমি আপনাদের কাছ থেকেই জবাবদিহি চাই। গঙ্গা-পদ্মা ভাঙনে তো আপনারা কাজ করতে পারেননি। এখন কেন্দ্রে নতুন সরকার এসেছে। একটা বছর হয়েছে। আমরা চেষ্টা করছি এবং আপনি জেনে আনন্দিত হবেন যে, এই গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ে বিগত দিনে ...(গোলমাল)... গঙ্গা-পদ্মা ভাঙন নিয়ে এখনও জেনে রাখুন যে, Farakka Barrage Project Authority, এখানে চ্যাচালে শুধু হবে না। আপনারা যদি প্রমাণ করতে পারতেন যে, আপনারা আপনাদের সময়ে যদি দেখাতে পারতেন যখন কেন্দ্রীয় সরকারে আপনারা ছিলেন, Farakka Barrage Project Authority আপনাদের ছিল— ক-কিলোমিটার কাজ করেছেন আমি আপনাদের প্রশ্ন করি। সেইখানে রাজ্য সরকার মমতা বন্দ্যোপাধ্যায় বলতে পারেন, আজকে যদি কৃতিত্ব কাউকে দিতে হয়, আমি দায়িত্ব নিয়ে এই পবিত্র সদনে বলতে পারি কৃতিত্ব একজনেরই প্রাপ্য, তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি কারো কথা চিন্তা না করে

ডান-বাম কারো কথা না দেখে তিনি যেভাবে এই গঙ্গা-পদ্মা ভাঙন রোখার চেষ্টা করে গেছেন, আমি অস্বীকার করব না একটা পরিসংখ্যান দিচ্ছি। একটা পরিসংখ্যান দিচ্ছি অপূর্ববাবু আমি জানি আপনারা বলতে বাধ্য হচ্ছেন, পরিসংখ্যানটা শুনুন, আমাদের রাজ্য সরকার ২০১১ থেকে ২০১৪ পর্যন্ত এই ১২০ কিলোমিটার আপনারা জানেন যে, যেটা কাজ করার কথা ছিল Farakka Barrage Project Authority-র। যেখানে Farakka Barrage Project Authority ১৩ কিলোমিটারের মধ্যে খেপে খেপে কোথাও কাজ করেনি। সেখানে রাজ্য সরকার ৭৮ কোটি টাকা ব্যয়ে যেখানে যেটুকু পেরেছে মালদা, মুর্শিদাবাদে আমরা করেছি। এবারেও আপনারা জেনে রাখুন, আমি আপনাদের জানানোর জন্য বলছি, এখানে অনেক সদস্য আছেন, শুনুন আমারও উদ্দেশ্য নয় নিশ্চিতভাবে বিতর্ক করেও মানে এরকম নয়, আবার বলি যে, আমরা একমাত্র চাই, রাজনীতির সাথে উন্নয়নকে মেলাই না। রাজনীতির সাথে উন্নয়নকে মেলাই না বলে আমরা সব জায়গায় সমানভাবে কাজ করছি, বিধায়ক দেখে, সাংসদ দেখে কাজ করি না। যদি বিধায়ক দেখে, সাংসদ দেখে কাজ করতাম তাহলে কান্দী মাস্টার প্ল্যান আজকে রূপায়ণ হত না। এবং সর্বোপরি আপনারা জেনে রাখুন, যে ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট অথরিটির মধ্যে গঙ্গা-পদ্মা ভাঙনে এবছরেও যেখানে ফারাক্কা ব্যারেজ প্রোজেক্ট অথরিটি কাজ করছে না, সেখানেও এবারে আমরা প্রায় আরও ১০ কোটি টাকার মতন গঙ্গা-পদ্মা ভাঙনের জন্য, তার মধ্যে আখরুজ্জামান সাহেবের ওখানেও কিছুটা অংশ আছে, আপনাদের এখানে আবু তাহের, যিনি মাননীয় বিধায়ক আছেন তাঁর জায়গায়ও যেমন আছে, তেমনি সাবিনা ইয়াসমিনের জায়গা থেকে শুরু করে টুকটাক যেখানে যেখানে পেরেছি, আমাদের মাননীয় বিরোধী দলের বিধায়কদের জায়গাতেও আমরা কিছু না কিছু কাজ করেছি। সুতরাং আমাদেরকে অন্তত এইভাবে বলে অপদস্থ করবেন না যে আমরা মানুষের জন্য কাজ করি না। আমরা মনে করি, যে কাজ চার বছরে, শুধু সেচ দপ্তর এবং রাজ্য সরকার যে কাজ করেছে, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, স্বাধীনতার পরে এত মুখ্যমন্ত্রী দেখেছেন, মমতা বন্দ্যোপাধ্যায়ের চেষ্টায় যে কাজ করেছেন চার বছরে কোনও মুখ্যমন্ত্রী এ কাজ করতে পারেননি। আমি দায়িত্ব নিয়ে জানাতে চাই। এবার দ্বিতীয়, কানাইবাবু একটা প্রশ্ন করেছেন, উনি আমায় বলেছেন যে বিধায়করা নাকি জানতে পারেন না। আমি কানাইবাবুর অবগতির জন্য জানাই, আপনার বিরোধী দলের মাননীয় সদস্য-সদস্যরা আছেন, একটু প্রশ্ন করে দেখুন তো কোন সদস্যের কথা আমি শুনিনি। হয়ত সব কাজ করতে পারিনি, আমি বারবার বলেছি, এই সদনে দাঁড়িয়েও আমি বলেছি, যে আমার হাতে ম্যাজিক নেই, আমার হাতে কোনও ওয়ান্ডারফুল ল্যাম্প নেই আলাউদ্দীনের, যে সমস্ত ঘষলে সব কাজ হবে। কিন্তু যখন যে কোনও সদস্য, সে বিরোধী বেঞ্চ-এর হোক, সরকার পক্ষের হোক, আমার কংগ্রেসী মাননীয় সদস্য, সদস্যারা হোক, যখন যেভাবে আমার কাছে এসেছেন, আমি চেষ্টা করেছি সাধ্যমতন তাদেরকে করতে। কয়েকদিন আগেও অনেক বিধায়ক এসেছিলেন, তাঁদেরও অনেক জায়গায় কিছু কাজ আছে, হয়তো একসাথে করা যায় না, কিন্তু করেছি। কিন্তু আপনাকে আমি কোনদিনও দেখিনি কানাইবাবু যে আমার কাছে কোনও প্রোপোজাল নিয়ে এসেছেন, বা আপনার একটা চিঠিও আমি এতদিন মন্ত্রিত্বে আছি, আপনার একটা রিকোয়েস্টও কিন্তু আমি পাইনি। আমি যদি আগামী দিনে যদি আপনি নিশ্চিতভাবে

আপনার রিকোয়েস্ট আমায় দেন, আমি নিশ্চিতভাবে বিবেচনা করবো। বন্যার প্রসঙ্গে আসি। আপনি একটা কথা বলেছেন বন্যা নিয়ে। একটু আগে আমাদের মাননীয় সদস্যরা বলেছেন যে ম্যান মেড বন্যা, অস্বীকার করছি না তো। ম্যান মেড বন্যা কাকে বলে জানেন, এই আমতা, উদয়নারায়ণপুর, হাওড়া জেলার বিধায়করা এখানে বসে রয়েছেন। এই আমতার বিধায়ক, উদয়নারায়ণপুরের সবাই রয়েছেন, পাঁচলা এরা রয়েছেন, খালি ডিভিসির জল ছাড়ার দরুন এই সমস্ত অঞ্চল প্লাবিত হত। কি করেছিলেন আপনারা বলুন তো? আমি অস্বীকার করছি না, যেখানে ৩০০ মিলিমিটার বৃষ্টি হবে, আপনি কিছু রুখতে পারবেন না, যদি তিনদিন পরপর বৃষ্টি হয়, অস্বীকার করছি না। কিন্তু ডিভিসি জল ছেড়ে শুধু হাওড়া, হুগলি জেলা প্লাবিত হত, এটাই বা কোন ধরনের সিস্টেম ছিল, কেন আমি এটা ম্যান মেড বন্যা বলব না? এবং মানুষ সেখানে অভ্যস্ত হয়ে গিয়েছিল, বন্যা দেখবার জন্যে। যে বন্যা একটা উৎসবের মতন যেন মনে হয়েছিল, বাম জমানায়। বন্যা একটা উৎসব। যেমন বারো মাসে তেরো পার্বণ বলি, তেমনি বন্যা একটা উৎসবে রূপান্তরিত হয়েছিল। সেখানে মা মাটি মানুষ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর তৎপরতায় আজকে আপনারা দেখুন তো ২০১৩ সালে ১ লক্ষ ৬৪ হাজার কিউসেক জল ছেড়েছে ডিভিসি, তারপরেও বলুন তো হাওড়া, হুগলির কোন প্রান্ত আপনার প্লাবিত হয়েছে? দুটো-একটা পকেটে হয়তো কিছুদিনের জন্য জলমগ্ন হয়েছে, অস্বীকার করবার জায়গা নয়। কিন্তু পরপর যেভাবে বিভিন্ন খাল, বিভিন্ন নদীগুলো সংস্কার হয়েছে একের পর এক, অস্বীকার করার জায়গা নয়, যে বন্যা মানুষ ভুলতে বসেছে। এবং এই চার বছরে দায়িত্ব নিয়ে বলতে পারি কোথাও মানুষকে বলতে হয়নি তারা বন্যাকবলিত হয়েছেন। পশ্চিমবঙ্গের মানুষ বন্যা শব্দটা ভুলে যাবে নিশ্চিতভাবে। এবং আপনারা অলরেডি উল্লেখ করেছেন আগামী বছরগুলোতে যাতে আমরা ধ্যান দিতে পারি তার মানে আপনারা প্রকারান্তরে স্বীকার করলেন যে আগামী কয়েক বছর রাজ্যে মা-মাটি-মানুষের সরকার থাকবে। এবং আমরা বন্যা ভোলানোর জন্য যা যা করা দরকার আমরা করবো। মাননীয় নর্মদা চন্দ্র রায় মহাশয়কে বলি, আপনি আমাকে একটা প্রশ্ন করেছেন, আয়লার বাঁধ নিয়ে। আমি আপনাকে বলি, আয়লা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমার মাননীয় রাষ্ট্রমন্ত্রী মন্টুরাম পাখিরা মহাশয়, কিছু উত্তর দিয়েছেন। আমি আপনাদেরকে একটু জানাতে চাই, মাননীয় মন্ত্রী এখানে উপস্থিত আছেন। ২০০৯ সালে আয়লা হয়েছিল, ২০১১ সালে আমরা ক্ষমতায় এসেছি। দুই বছর তো আপনারাও ক্ষমতায় ছিলেন, আপনাদের উপরেও তো নিশ্চয় দায়িত্ব বর্তেছিল যে আয়লার বাঁধটা আপনারা দেবেন। এক মিটার বাঁধও কি আপনারা বাঁধতে পেরেছিলেন, আগে এই প্রশ্নটা যদি আমি করি। এবং আপনাদের টোটাল জমি অধিগ্রহণ ছিল ৫৩০০ সামথিং।

[4.10 - 4.20 p.m.]

সেখানে আপনারা আপনাদের সময় জমি অধিগ্রহণ করেছিলেন কত — মাত্র ১২৭ একর। আপনারা প্যাকেজ দিয়েছিলেন ১২৭ একর জমি অধিগ্রহণ করেছেন। প্যাকেজ দিয়ে গেছেন ৬৭৮ কোটি টাকা, 10% mobilization advance দিয়ে। কার শর্তে দিয়েছেন আমি যদি এই প্রশ্ন করি। আমরা তো এসে এই মোবিলাইজেশান অ্যাডভান্স ঘরে ফিরিয়ে এনেছি। মানুষের

টাকা মানুষের কাছে ফিরিয়ে দিয়েছি। এই মোবিলাইজেশান অ্যাডভান্স নিয়ে তারা জমি পায়নি, এক মিটার আয়লার বাঁধ বাঁধেনি। এই মোবিলাইজেশান অ্যাডভান্স তারা ব্যাঙ্কে দিয়ে ইন্টারেস্টের টাকা খাটিয়ে জনগণের টাকা লুট করেছে। তার জবাবদিহি কিন্তু আপনাদেরকে আগামীদিনে করতে হবে। আমি একটু বলি, এই জায়গায় দাঁড়িয়ে আমরা ক্ষমতায় এসেছি ২০১১ সালে। আমরা যখন ক্ষমতায় এসেছি তখন ২০১১ সাল। তখন মে মাস। আপনারা জানেন, এখানে মাননীয় সুভাষ নস্কর প্রাক্তন মন্ত্রী আছেন, আয়লার বাঁধের চরিত্রটা হচ্ছে এই সাগরের দ্বীপটাই এমন যেখানে আপনি মে মাসের পর থেকে জুন থেকে নভেম্বর অবধি সাগরে এত রোলিং হয়, এত ঝড়জলের কারণে আপনি কোনোদিনই সেখানে বাঁধ বাঁধতে পারবেন না। আপনাকে কাজের জন্য চাতক পাখির মতো অপেক্ষা করতে হয় ডিসেম্বর থেকে মে মাস অবধি। অর্থাৎ ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল, মে — এই ছয়টা মাস আপনি পাবেন কাজ করার জন্য। ২০১১-তে যখন আমরা ক্ষমতায় এসেছি, আমরা ২০১১-র ডিসেম্বর থেকে নতুন করে কাজ শুরু করতে পেরেছি। তারপরে ২০১২-র ৬ মাস, ২০১৩-র ৬ মাস, ২০১৪-র ৬ মাস, ২০১৫-র ৬ মাস এখনো আসেনি। সুতরাং এই জায়গায় দাঁড়িয়ে যেখানে আপনারা এক মিটার বাঁধও বাঁধতে পারেননি, সেখানে আমি লাস্ট দাঁড়িয়ে বলেছিলাম যে ২৫ কিলোমিটার বাঁধ বাঁধবো। এবারের বাজেটে দেখুন, আমরা সেখানে বলেছি আগামীদিনে, আগামী অর্থবর্ষের মধ্যে আমরা ৫০ কিলোমিটার বাঁধ তৈরি করব। আমি আপনাদের অবগতির জন্য জানাই, কেন্দ্রীয় সরকার প্রথম যে টাকা বরাদ্দ করেছিল তার অ্যামাউন্ট আপনারা জেনে নিন, এটা সদনের জানা দরকার। না হলে সবার একটা ভুল ধারণা হয়ে থাকবে। প্রথম যে টাকাটা কেন্দ্রীয় সরকার বরাদ্দ করেছিল তার অ্যামাউন্ট হচ্ছে ১৩৩৯ কোটি টাকা। আমাদেরকে যে টাকা দিয়েছিল কেন্দ্রীয় সরকার — অনেকে বলেন নাকি ৫ হাজার কোটি টাকা দিয়ে দিয়েছিল — আমি এক একসময় শুনে হাসি, খবরের কাগজেও দেখি — আমাদের দিয়েছিল মাত্র ৫৩২ কোটি টাকা। এই জায়গায় দাঁড়িয়ে ১৩১৩ কোটি টাকা দিয়ে বাঁধ কতটা বাঁধা হয় জানেন — ১১৭ কিলোমিটার মাত্র। এই ১১৭ কিলোমিটারের মধ্যে ৫০ কিলোমিটারের অলরেডি কাজ চলছে। যেটা আমি বললাম আগামী অর্থবর্ষের মধ্যে শেষ হবে। আরো ৫০ কিলোমিটার আমরা আগামী অর্থবর্ষে ধরব। আপনাদের অবগতির জন্য আমি একটি ছবি এনেছি যে আলয়ার বাঁধ কি জিনিস, আপনারা আয়লার বাঁধটা একবার দেখুন।

...(এই সময় মননীয় মন্ত্রী ছবি দেখান।)...

অনেকে তো জানেন, তারা আয়লার বাঁধ দেখেননি। আমার মনে হয়, আয়লার বাঁধটা একটু দেখুন, কি প্রকৃতির বাঁধ হয়। কিছুদিন আগে আমি সবাইকে নিয়ে গিয়ে ঘুরিয়ে এনেছি। আয়লার বাঁধ কোথাও একটানা যেখানে আমরা চেষ্টা করেছি, ছোট ছোট জায়গায় যেখানে ইনসিডেন্ট হয়েছে সেগুলো স্পর্শ করিনি। যে জায়গায় লম্বা বাঁধ দেওয়া যাবে আমরা সেই সমস্ত লম্বা জায়গায় বাঁধ দিচ্ছি। আমরা চেষ্টা করছি আয়লার বাঁধ দেওয়ার জন্য। এরপরে আপনি আমাকে আর একটি প্রশ্ন করেছেন আত্রেয়ী নদী নিয়ে। আমাদের কৃতিত্বকে খাটো করবেন না। আমার বক্তব্য হচ্ছে আপনারা যে কাজটা করতে পারেননি, আমরা করছি। আপনাদের উচিত আমাদের

গঠনমূলক সহযোগিতা করার। আপনারা যদি গঠনমূলক সহযোগিতা করেন আমি নিশ্চয় তাকে অ্যাপ্রিসিয়েট করব। আগামীদিনে আমাদের চলার পথ আরো মসৃণ হবে। আরো সুন্দর আমরা কাজ করতে পারব। আত্রেয়ী নদীকে নিয়ে আপনি প্রশ্ন করেছেন। নর্মদাবাবু আপনাকে ধন্যবাদ জানাই, আপনি একদম জাস্টিফায়েড প্রশ্ন করেছেন। আমার মাননীয় মন্ত্রীও এখানে উপস্থিত আছেন, আমাদের পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং অন্যান্য বিধায়করাও আছেন। আপনি জানেন, এটা ঠিক যে এই ব্যাপারটা আমরা প্রথম নোটিশ করেছিলাম। সেকেন্ড এপ্রিল, তখন নির্বাচন চলছিল পৌরসভার, আমি যেহেতু যেতে পারিনি code of conduct-এর জন্য, আমি আমার ইঞ্জিনিয়ারদের সেখানে মোতায়েন করেছিলাম এবং তারা সেখানে গিয়েছিলেন। আপনি ঠিক বলেছেন যে আত্রেয়ী বাংলাদেশের জায়গার মধ্যে প্রায় ২ কিলোমিটারের মত একটা কংক্রিটের বাঁধ তারা দিয়েছিল। এই ব্যাপারটা মাননীয়া মুখ্যমন্ত্রীকে তৎক্ষণাৎ আমরা জানিয়েছিলাম এবং মাননীয়া মুখ্যমন্ত্রী হায়েস্ট লেভেলে টেক আপ করে তিনি প্রধানমন্ত্রীকে তার চিঠি দিয়েছেন। আমি এই ব্যাপারটা টেলিফোনে বর্তমান কেন্দ্রে যিনি মন্ত্রী আছেন, উমা ভারতীজি, তাঁর সাথে কথা বলেছি, তাঁকে অফিসিয়িলি চিঠি দিয়েছি। আমি কয়েকদিনের মধ্যে হাউসটা শেষ হয়ে গেলে বা হাউসের মাঝে একদিন আমি নিজেও ভিজিট করতে যাব এবং আমি আপনাদের বলি যে আপনারা জানেন বাংলাদেশের ব্যাপারটা একটা আন্তঃরাষ্ট্রীয় ব্যাপার। Ministry of External Affairs জড়িয়ে রয়েছে। MOWR জড়িয়ে রয়েছেন। সুতরাং সবাইকে নিয়ে যাতে এই ব্যাপারটা সুষ্ঠুভাবে করা যায় মাননীয়া মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী অবধি গেছেন, তিনি আগামীদিনে বাংলাদেশে যাচ্ছেন, তিনি নিশ্চিতভাবে এটা হায়েস্ট লেভেলে টেক আপ করবেন সেইরকমভাবে আমরা জানি। আপনার ব্যাপারটা নিয়ে নিশ্চিতভাবে আমরা সবাই মিলে অবহিত আছি। এটা নিয়ে যা যা করা দরকার সেটা আমরা করব। এরপরে আমি মাননীয় সদস্য অক্ষয় ঠাকুরকে বলব, আপনি আমাকে বলেছেন আমার নাকি উত্তরবঙ্গ নিয়ে আন্তরিকতা নেই। আমি শুধু আপনাকে একটা প্রশ্ন করি, আপনিও নিশ্চয় দীর্ঘদিন ধরে বিধায়ক আছেন, আপনি একটু দেখুন তো আপনাদের সময়ের মন্ত্রীরা যতবার নর্থ বেঙ্গল ভিজিট করেছেন, আমি মন্ত্রী হওয়ার পরে বোধহয় তার থেকে দশগুণ বেশী নর্থ বেঙ্গল ভিজিট করেছি। শুধু নর্থ বেঙ্গল ভিজিট করা নয়, আমি আপনার প্রশ্নের উত্তরও দিচ্ছি। আপনি আমাকে প্রথমে বলেছেন তিস্তা নিয়ে নাকি আমার আন্তরিকতা নেই। আমি তিস্তার কথায় আসি, আমি আপনাকে জানিয়ে রাখি আপনাদের সময়ে তিস্তা থেকে সেচের জন্য যতটা জল দিয়েছেন, আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে সেখান থেকে পনেরো হাজার হেক্টর, যদি একরে যায় প্রায় এক লক্ষ কুড়ি হাজার একর জায়গায় আমরা চাষাবাদ করেছি। একটু আগে আমি একটা তথ্য আনালাম, এটা শুধু জলপাইগুড়ি জেলার তথ্য। আপনি জেনে আশ্বস্ত হবেন, অন্যান্য জেলার তথ্য আমি আনতে চেষ্টা করেছিলাম, কিন্তু শুধু জলপাইগুড়ি জেলার তথ্যটা আমি হাতে পেয়েছি, ২০১৪-১৫ সালে সবথেকে হায়েস্ট তিস্তার জলের মাধ্যমে সেচ করে বোরোতে আমাদের রেভিনিউ কালেকশান হয়েছে ১৩৩.৬০ কোটি টাকা। আপনাদের সময়ে ছিল ৮০ কোটি টাকা, অর্থাৎ সেখানে প্রায় ডাবল না হলেও তার কাছাকাছি আমরা গেছি। আপনি কোচবিহারের লোক, আপনি জানেন, টি.জে.এম.সি. কার সময়ে শুরু হয়েছে বলুন তো?

বাঁ-হাতি ক্যানেল নিয়ে আমরা জোর দিচ্ছি, বাঁ-হাতি ক্যানেল যদি স্পীড আপ করে থাকে, বাঁ-হাতি ক্যানেলের যদি সফলতা কেউ পেয়ে থাকে তার জন্য কৃতিত্বের দাবিদার আমাদের মা-মাটি-মানুষের সরকার, আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়।

মিঃ স্পীকার : এই আলোচনার সময় শেষ হয়ে যাচ্ছে, সভার অনুমতি নিয়ে আমি আরও দশ মিনিট সময় বাড়ালাম।

(সকলের সম্মতিক্রমে সভার সময় আরও দশ মিনিট বাড়ানো হয়।)

শ্রী রাজীব ব্যানার্জী : আপনি আরও বলেছেন উত্তরবঙ্গের জন্য আমরা কি বরাদ্দ করেছি। স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই, ওনাদের আমলে যিনি সেচ দপ্তরের দায়িত্বে ছিলেন উনি এখানে উপস্থিত আছেন, তার আগের মন্ত্রীরা উপস্থিত নেই। ওনাদের সময়ে উত্তরবঙ্গে শুধু তিস্তা ছাড়া আর কোথাও কোনো বরাদ্দ হত বলে আমার জানা নেই। কোচবিহার থেকে শুরু করে উত্তরবঙ্গের জেলাগুলো আমি বলছি — কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি এবং দার্জিলিং — আমাদের মা-মাটি-মানুষের সরকার ২০১৪-১৫ সালে এই চারটে জেলায় প্ল্যান এবং নন-প্ল্যান সব মিলিয়ে ১৫৭.২২ কোটি টাকা বরাদ্দ করেছেন। আমার মনে হয় উত্তরবঙ্গকে যে আমরা সবথেকে বেশি গুরুত্ব দিই, এটাই তার প্রমাণ। যেভাবে উত্তরকন্যা তৈরি হয়েছে, যেভাবে উত্তরবঙ্গ দপ্তর তৈরি হয়েছে, ঠিক সেভাবেই সেচ দপ্তরের বাজেট সমানভাবে বৃদ্ধি পেয়েছে। আমি আপনাদের কাছে একটা পরিসংখ্যান দেব। আপনারা অনেকে বলছিলেন আমরা টাকা নাকি খরচা করতে পারি না, এইসব নানারকম কথা আপনারা বলছিলেন। পরিসংখ্যান দিলেই আপনারা হিসাবটা বুঝতে পারবেন। স্টেট প্ল্যানে যে এক্সপেন্ডিচার হত বাম জমানায় তার যদি আমি অ্যাভারেজ ধরি, এক এক সময় আমারও মনে হয় এবং নিশ্চিতভাবে আপনারাও ভাববেন কি করে এত কম টাকা তখন খরচ হত। যখন ভালো হয়েছিল সেখানকার অ্যাভারেজ যদি আমি ধরি, তাহলে দেখতে পাব বাম জমানার সময় অ্যাভারেজ হচ্ছে ২৭৩.৮৯ কোটি টাকা। স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারে লাস্ট চার বছরে টোটাল খরচ হয়েছিল সেচ দপ্তরে ১০৯৫.৫৪ কোটি টাকা। আর আমাদের চার বছরের খতিয়ানটা বলছি, ২০১১ থেকে ২০১৫ সালের আজ অবধি হচ্ছে ২৬৮৮.৫৯ কোটি টাকা। এই সদনকে আমি জানাতে চাই, স্বাধীনতার পরে সেচ দপ্তরের ইতিহাসে এই বছরে আমরা খরচ করেছি ১০২০.৮১ কোটি টাকা। কোনওদিনও কেউ এটা কল্পনাও করতে পারেনি। প্রায় এগারোশো কোটি টাকা আমরা খরচ করেছি। আমরা স্যার স্থায়ী সম্পদ তৈরি করার উপরে জোর দিই। সম্মানীয় বিরোধী দলনেতা আছেন, তিনি নিশ্চিতভাবে এটা উপলব্ধি করবেন, আমরা জোর দিই স্থায়ী সম্পদ সৃষ্টি করবার উপরে। বিগত দিনে কোনো স্থায়ী সম্পদ সৃষ্টি হয়নি। বিগত দিনে কোথাও মানুষ দেখেনি এত ব্রীজ তৈরি হয়েছে। এগুলো হচ্ছে স্থায়ী সম্পদ। এই ১০২০.৮১ টাকার মধ্যে স্থায়ী সম্পদ সৃষ্টি করেছি ৮১০ কোটি টাকার। এই টাকাটা আমরা খরচা করেছি শুধু স্থায়ী সম্পদ তৈরি করতে।

[4.20 - 4.30 p.m.]

আমি আপনাদের বলতে চাই, স্যার, আমি কিছু কিছু ছবি এনেছি। যে ছবিগুলো দেখানো খুব

জরুরী। একটা যেমন annicut structure স্যার, মেদিনীপুরে আপনার জেলায় হচ্ছে। অ্যানিকেট স্ট্রাকচার একটা এমন স্ট্রাকচার, দীর্ঘদিন ধরে মানুষ সেচব্যবস্থার সুবিধা পেতো না। এই annicut structure-এর জন্য এলাকায় মানুষ সেচ করতে পারতো না, বন্যা হতো। আজকে ১০৪ কোটি টাকা ব্যয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর তৎপরতা, ওনার অনুপ্রেরণায় আজকে annicut structure এই আমলেই হচ্ছে স্যার দেখুন তার ছবি, প্রায় শেষ হয়ে গেছে, এবছরে আমরা আনুষ্ঠানিকভাবে মানুষের জন্য উৎসর্গ করবো। স্যার আপনাকে আরও জানাতে চাই, স্যার, অনেকেই দীঘায় বেড়াতে গেছেন। জীবনে কেউ কোনদিনও ভেবেছিল যে এইরকম দীঘা তারা উপহার পাবে? দীঘায় যে ধরনের ভাঙনরোধী কাজ হয়েছে একদম sheet pile দিয়ে, একদম sheet-কে নীচে ঢুকিয়ে দিয়ে বোল্ডারকে কংক্রিটের করে মার্বেলের রক দিয়ে praver block দিয়ে যেভাবে কাজ হয়েছে তাতে একদিকে যেমন ভাঙন রোধ হয়েছে, তেমনি আর একদিকে আপনারা দেখতে পাবেন আমি তার ছবিও নিয়ে এসেছি, যে যেভাবে কাজ হয়েছে তাতে সৌন্দর্যায়ন বৃদ্ধি হয়েছে, আজকে মানুষ বলতে পারবে, দেখুন স্যার, দীঘা পুরো চেঞ্জ হয়ে গেছে একদিকে praver block, আর একদিকে মার্বেল রক দিয়ে আজকে এত সুন্দর ভাঙনরোধী এবং সৌন্দর্যায়নের কাজ হয়েছে। মানুষ দীঘায় আজকে বেড়াতে গেলে প্রত্যেকে আমাকে এস.এম.এস. করে, কেউ ফোনে বলে যে আগে এত ভাল কাজ হয়নি। স্যার, মিনি ব্যারেজ করেছি। মিনি ব্যারেজ হয়েছে পরপর। দুটো মিনি ব্যারেজই এই আমাদের মা-মাটি-মানুষের সরকারের আমলেই বীরভূমে হয়েছে। এর আগে কখনো কেউ দেখাতে পারবে না। পাম্পিং স্টেশান হয়েছে, স্যার, দেখুন। আমি একদম পরিসংখ্যান ও ছবি নিয়ে এসেছি প্রমাণ করার জন্য। কেননা আমরা মনে করি, আমরা সততার সঙ্গে কাজ করি এবং তার প্রমাণ দিতেও আমাদের কোথাও দ্বিধা হবে না। আমরা প্রমাণ নিয়ে এসে সব কথা বলি। আমরা উন্নয়ন, আর রাজনীতি একসাথে করি না। তার উদাহরণ হচ্ছে স্যার, দেখুন বাসন্তীতে — আমার প্রাক্তন মন্ত্রী সুভাষ নস্কর সাহেব বসে আছেন। ওনার ওখানে দেখুন স্যার, গরান গোসের স্লুইস, সুভাষ নস্কর সাহেবের এলাকায়। স্যার, বাসন্তীতেও আমরা কাজ করে দিয়েছি। এখানেও আমরা কোথাও বাধা দিইনি। আমরা সব কটা জায়গায় কাজ করে দিয়েছি। যেভাবে আমরা মনে করেছি সেভাবে কাজ করেছি। আমি স্যার, মাননীয় হরকা বাহাদুর ছেত্রী সাহেবকে বলছি, Sorry to say Sir. Sir, we have already discussed. I think, I have already discussed with you also because we have transferred everything to GTA. So we do not have any scope to cover it under our scheme. So all, what we have considered here, as Darjeeling is only SMP — Siliguri Mahakuma Parishad. It is not covered under GTA. But still if you have some proposal, because last time also you met me and you have submitted three proposals. I will definitely look into it. And I will do whatever maximum from my side as to what I can do. Thank you. এরপর তরুণ নস্কর সাহেব একটা কথা বলেছেন, এখানে উনি উপস্থিত আছেন। উনি রিজার্ভ রেখেছেন ওনার বক্তব্যে, আমি শুধু একটা কথাই বলতে পারি, উনি খাল সংস্কারের কথা বললেন। স্যার, অনেক খাল সংস্কার হয়েছে। আমি আবার

বলছি স্যার, আমি খুব খুশি হতাম যদি সবার কাজ করতে পারতাম কল্পতরুর মতো। যদি আমার হাতে ম্যাজিক থাকতো। বা আমার হাতে ওয়ান্ডারফুল ল্যাম্প থাকতো। কিন্তু এটাকেও অস্বীকার করার জায়গা নেই, যে তরুণ নস্কর সাহেব তিনি বললেন যে চার বছরে একটা টেন্ডার উনি করাতে পেরেছেন। স্যার, আপনারা শুনলে অবাক হবেন, টেন্ডারের ভ্যালু কত জানেন? ওনার একটা কনস্টিটিউয়েন্সির টেন্ডারের ভ্যালু হচ্ছে ১২ কোটি টাকা। সেটাও তো তরুণ নস্কর সাহেবের এস.ইউ.সি.-র জন্য, আমাদের এই মা-মাটি-মানুষের সরকার কোথাও রাজনীতি করেনি। আমাদের এটাকেও বরাদ্দ করে তার ডি.পি.আর. তৈরির কাজ চলছে যাতে আগামীদিনে সেই কাজটা হয়, সেটাকে তিনি, অনার করলেন না। একটা খাল ওনার হয়নি। আমি নিশ্চিতভাবে ওনাকে বলছি, যাতে খালগুলো আগামীদিনে করা যায় আমরা নিশ্চিতভাবে সেটা দেখবো। সুতরাং স্যার, আমাদের এই দপ্তর, আন্তরিকভাবে আমরা চেষ্টা করেছি, বিভিন্নভাবে বন্যা প্রতিরোধ থেকে শুরু করে সেচব্যবস্থার উন্নতি থেকে শুরু করে গঙ্গা-পদ্মা ভাঙন, ব্রীজ থেকে শুরু করে, আপনাকে স্যার একটা পরিসংখ্যান দিলাম। একটা তথ্য আমি আপনার হাউসকে জানিয়ে রাখি, আমরা ১০৫টা ব্রীজ যেটা বলেছি, অলরেডি টেক আপ করেছি। কিছু হয়ে গেছে, কিছু কাজ চলছে এবং আপনি শুনলে স্যার আরও খুশি হবেন, যে আমরা আগামী অর্থবর্ষে এই ১০৫টা ছাড়াও, আমি এই সদনে কিছুদিন আগে প্রশ্নোত্তরের সময় বলেছিলাম, যে আরও ৬৮ টার মতো আমরা টেক আপ করবো কিন্তু আমি আজকে লেটেস্ট পরিসংখ্যান নিয়ে এখানে জানাই, এত ব্রীজের ডিমান্ড এবং এটা তো অস্বীকার করার জায়গা নেই, সভ্য দেশে — স্যার, আপনি আপনার এলাকার কথা জানেন যে কি অবস্থা এমার্জেন্সিতে একটা অ্যাম্বুলেন্স যাবে না। একটা স্কুলের গাড়ি যাবে না। কারোর বিপদ হলে একটা ফায়ার ব্রিগেড যাবে না। স্যার তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি, যে ধীরে ধীরে সমস্ত ব্রীজকে কংক্রিটে করবো এবং এর আগের দিন আমি বলেছিলাম যে ১০৫টা, এবং স্যার এখানে বলি, ২০১৫-২০১৬ সালে আরও ৮৯টা কংক্রিটের ব্রীজের প্রোপোজাল আমরা হাতে নিয়েছি। অর্থাৎ ইন টোটাল ১৯৪টি ব্রীজ — স্বাধীনতার পরে কোনও দপ্তরের মন্ত্রী, মানে সেচ দপ্তরের আগের মন্ত্রীরা যদি প্রমাণ করে দেন — যে তারা কখনও ১৯৪টা দেখাতে হবে না, ৯৪টা ব্রীজ করেছে দেখিয়ে দিক, তাহলেই স্যার, আমি হার স্বীকার করে নেব। এই বিষয়ে আমার কোথাও কোনও বাধা নেই, বাধ্যবাধকতা নেই। পরপর এখানে check-dam-এর কথা বলেছেন, বাঁকুড়া, পুরুলিয়া অনেক বিধায়করা রয়েছেন — আপনি জানলে স্যার খুশি হবেন যে check-dam মানুষের খুবই উপযোগী সেচসেবিত এলাকায় বৃদ্ধি করার জন্য। আমরা টোটাল ৭২টা হাতে নিয়েছি, কিছু কাজ হয়েছে, কিছু কাজ হবে এবং ধীরে ধীরে মাননীয়া মুখ্যমন্ত্রী চাইছেন — entire area-কে সেচসেবিত এলাকাতে যাতে আরও বৃদ্ধি করা যায়। আমি ১ লক্ষ ৭ হাজার এখানে বলেছি, এই বছরে আরও টার্গেট নিয়েছি ৩৩ হাজার হেক্টর জায়গায় যাতে আরও নতুন করে সেচসেবিত করতে পারি। আমরা নিরলস পরিশ্রম করছি। বিরোধী দল যতই তির্যক মন্তব্য করুক, যতই চেষ্টা করুক — আমাদের এই সমালোচনার মধ্যে দিয়ে রুখে দাঁড়াতে হবে। আমি বলছি, অন্তরে তারাও উপলব্ধি করে, যে কাজ চার বছরে হয়েছে, স্বাধীনতার পরে কখনও

হয়নি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে আমার পক্ষে এবং বিপক্ষে যারা বলেছেন তাদের আরও একবার কৃতজ্ঞতা জানিয়ে, আমি ডিমান্ড নাম্বার ৩২ পাশ করার জন্য অনুরোধ করলাম, ধন্যবাদ।

মিঃ স্পীকার : Before I put the Cut Motions to vote, মাননীয় এখানে বর্ষীয়ান সদস্য শ্রী প্রবোধ চন্দ্র সিনহা একটা প্রসঙ্গের অবতারণা করেছেন যে মাননীয় মন্ত্রী রাজীব ব্যানার্জী, তিনি যে ডিমান্ড পাশ করানোর জন্য এখানে বলেছেন, ঠিক কথা — উনি ২৫৯৮ কোটি ২৬ লক্ষ ৩ হাজার টাকা ব্যয়বরাদ্দ পাশ, অনুমোদন করানোর জন্য বলেছেন। কিন্তু একই সঙ্গে উনি প্রভাবিত বাবদ ৯১ কোটি ১৬ লক্ষ ৭৪ হাজার কোটি টাকা দরে মোট ২৬৮৯ কোটি ৪২ লক্ষ ৭৭ হাজার টাকা মঞ্জুর করা হোক। এই টাকাটা যেটা উনি দিয়েছেন সেটা charged amount, এটা ভোটে দেওয়া যাবে না। সুতরাং এইটুকু portion বাদ চলে যাবে। একই সঙ্গে যেটা উনি দিয়েছেন যে ডিমান্ড নাম্বার ২০৪৯ সুদ বাবদ খরচ এবং ৬০০৪, যেটা উনি বলেছেন কেন্দ্রীয় সরকারের দেয় ঋণ ও অগ্রিম — এই দুটো বাদ চলে যাবে। যদিও উনি এটা বলে দিয়েছেন, যদি আগামী দিন অথবা আগামী বছর যে সমস্ত বাজেট বই হবে, সেইগুলোতে সতর্ক থাকবেন। পুরানো বইগুলো ফলো করতে গিয়ে হয়তো অনিচ্ছাকৃতভাবে ওদের এই ভুলটা এসে গেছে।

Now, I put to vote all the Cut Motions moved by Shri Asit Mitra (Cut Motion No.1) and Shri Gouranga Chatterjee (Cut Motion Nos. 2 & 3). As many as are of that opinion will please say Aye- and as many as are of the contrary opinion will please say, No.- Noes have it. Noes have it. The cut motions are lost.

Now, I put to vote the main Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs.2598,26,03,000 be granted for expenditure under Demand No.32, Major Heads : "2250 Other Social Services, 2700-Major Irrigation, 2701-Medium Irrigation, 2711-Flood Control, 3451-Secretariat-Economic Services, 4700-Capital Outlay on Major Irrigation, 4701-Capital Outlay on Major and Medium Irrigation and 4711-Capital Outlay on Flood Control Projects" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs.866,08,70,000 already voted on account).

As many as are of that opinion will please say "Aye-and as many as are of the contrary opinion will please say, "No-. "Ayes-have it."

"Ayes-have it. The Demand No.32 is passed. The Demand No.32 is passed.

Demand No. 20

Mr. Speaker : Demand No.20 relates to Fisheries Department. There are two Cut Motions to Demand No.20. Both the Cut Motions are in order and Hon'ble Members may now move their Cut Motions.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion No.1) that the amount of the Demand be reduced to Re.1/-.

Shri Gouranga Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move (Cut Motion No.2) that the amount of the Demand be reduced by Rs.100/.

মিঃ স্পীকার : আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি, প্লিজ, আপনারা একটু শুনবেন, যে আমাদের মাননীয় সদস্যরা যেখানে তাদের হাজিরা খাতায় সই করেন, সেখানে ১১০০ টাকা পাওয়া গেছে। কোনও সদস্যের হয়তো পড়ে গিয়ে থাকবে — আপনারা দেখবেন যদি কারও এই টাকাটা খোয়া গিয়ে থাকে, আমাদের Marshal-এর কাছে রাখা রয়েছে, Marshal-এর কাছ থেকে আপনারা নিয়ে যাবেন। আর একটা কথা, আগামীকাল ২টোর সময় আমাদের প্লাটিনাম জুবিলির souvenir উদ্বোধন হবে লবিতে। মাননীয় সমস্ত সদস্যদের অনুরোধ করব, আপনারা ২টোর সময় লবিতে থাকবেন। আমরা প্লাটিনাম জুবিলির souvenirটা উদ্বোধন করব। কাল release হবে ওটা।

[4.30 - 4.40 p.m.]

শ্রী অশোক রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ২০১৫-১৬ সালের জন্য ২০ নম্বর ব্যয়-বরাদ্দের অনুমোদনের বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিন্‌হা মহাশয় যে বাজেট ভাষণ রেখেছেন সেই সম্পর্কে আমি আমার বক্তব্য উত্থাপিত করতে চাই। সেই সঙ্গে সঙ্গে ওনার বক্তব্যের মধ্যে যে বৈপরীত্য লক্ষ করা যায় সেইগুলো আপনার সামনে তুলে ধরতে চাই সভার সামনে। প্রথমত এই দপ্তর অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর, যে দপ্তরের মধ্যে দিয়ে মানুষের, বিশেষ করে বাঙালি সমাজে একটা রসনা তৃপ্ত হয়। এ ছাড়া এখানে কর্মসংস্থানের সুযোগ আছে। মৎস্যজীবীদের সুরক্ষার ক্ষেত্রে এই দপ্তর একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। কিন্তু সেই ক্ষেত্রে কিছু ভাল ভাল কথা বলা থাকলেও এখানে সাধারণভাবে যে বিষয়টা বলা হচ্ছে, সেটার সঙ্গে বাস্তবের মিল নেই। তাই এই বাজেটকে সমর্থন করা যায় না। প্রথমত বলি আমাদের মৎস্যমন্ত্রী তিনি যা লিখেছেন, এতক্ষণ ধরে দীর্ঘ আলোচনা দীর্ঘদিন ধরে চলছে যে ৩৪ বছর ধরে বামফ্রন্ট নাকি সমস্ত বিষয়টা ভেঙে চুরমার করে দিয়েছে, শাসন বলে কিছু নেই, কোনও উন্নয়ন হয়নি — কিন্তু মৎস্যমন্ত্রী একটা লাইন লিখেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। তিনি বলছেন "অন্তর্দেশীয় মৎস্য চাষের ক্ষেত্রে গত ১ দশকেরও বেশি সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ শীর্ষ স্থান অধিকার করে আসছে।" নিশ্চয়ই এক দশক ধরে তৃণমূল সরকার এখানে নেই। কিছু লোক করে, আর কুজন যারা হয় তারা কেবলমাত্র দুর্নামই করে বেড়ায়। আমি মন্ত্রীসভার পণ্ডিতদের উদ্দেশ্যে বলি, যা তাঁরা

আজকে বলছেন তাহলে আজকে মৎস্যমন্ত্রী উল্টো কথা বলছেন কি করে? তাঁর আবার চাকরি থাকবে নাকি কে জানে। তাছাড়া আরও একটা জিনিস লক্ষ করছি দেখুন। ২০১৩-১৪ সালের আর্থিক বর্ষের শেষে উৎপাদন হয়েছে এত লক্ষ মেট্রিক টন, আশা করা যাচ্ছে ২০১৪-১৫ সালের উৎপাদন হবে ১৬.১৭ মেট্রিক টন, যা ১৯৮২-৮৩ সালের উৎপাদনের ৫ গুণেরও বেশি। হঠাৎ ১৯৮২-৮৩ সালের বিষয় টানতে হল কেন? স্বাধীনতার পর থেকে টানলেন না কেন, অনেক গুণ বেড়ে যেত। ১৯৪৭ সালে আমরা স্বাধীনতা পেয়েছি, তারপর থেকে দেখালেই পারতেন। কি দরকার ১৯৮২-৮৩ সাল দেখানোর, কি জাস্টিফিকেশান আছে? আমি তো খুঁজে পেলাম না। একটু খেয়াল করে বলবেন। তা ছাড়া আরো দেখুন এই দপ্তর কিছু ক্ষিছু ক্ষেত্রে বলছেন মৎস্যজীবীদের পেনশান প্রকল্প, আবাসন প্রকল্প, দুর্ঘটনা বিমা ইত্যাদি চালু করা হয়েছে। তাও স্বীকার করেছেন বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে, এখানেই আছে ১৯৮৫-৮৬ সাল থেকে। এখন আমার পরিষ্কার বক্তব্য, এই যে পেনশান কারা পাবেন? কে ঠিক করছে? আবাসন প্রকল্প। এই আবাসন প্রকল্পের তালিকা কারা তৈরি করছেন? আমি পরিষ্কারভাবে এই সদনে বলতে চাই যে, তৃণমূলের অফিস থেকে যে সমস্ত তালিকা পাঠানো হচ্ছে সেই তালিকা থেকে accept করা হচ্ছে এবং এখানে উনি বলছেন যে, আমি পঞ্চায়েতকে যুক্ত করেছি। যেখানে বিরোধী দলের পঞ্চায়েত বা পঞ্চায়েত সমিতি আছে সেখানে তাদের যুক্ত করা হয়নি। এখানে একটা কথা বলা হয়েছে যে, আমার বাড়ি—গীতাঞ্জলি — এই প্রকল্পে প্রথমে order ছিল, দেখেছিলাম, B.D.O, S.D.O, local M.L.A.-দের সঙ্গে আলোচনা করে এই তালিকা তৈরি করবেন। কিন্তু পরবর্তীকালে কি দেখলাম, দলতন্ত্রের নিকৃষ্টতম উদাহরণ হচ্ছে যে, সেখানে বলা হচ্ছে, B.D.O. করবেন, S.D.O., M.L.A./D.M.। যার ফলে M.L.A.-দের বাদ দিয়ে D.M.-এর সই করে এখানে পাঠানো হচ্ছে। এবং সেই তালিকা অনুসারে এই সুযোগ-সুবিধাগুলো দেওয়া হচ্ছে। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি, এই যে তালিকা, এই তালিকা তৈরি করার পেছনে অসৎ উদ্দেশ্য কাজ করছে। এবং তালিকায় যাদের নাম দেওয়া হচ্ছে তাদের সঙ্গে একটা অবৈধ সম্পর্ক, লেন-দেন করার প্রবণতা এবং লেন-দেন হচ্ছে। এটা অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলতে পারি। আপনাদের সরকারের বিভিন্ন wings আছে। সেই wings-এর মাধ্যমে যদি নিজেদের বিন্দুমাত্র সততা থাকে, তাহলে সেই wings-এর মাধ্যমে জানার চেষ্টা করবেন। আমার মুখ দিয়ে শুনতে হবে না। তাছাড়া আর একটা বিষয় আছে। এই যে একটা order দিয়েছেন, যে order-টা অত্যন্ত vague term order. আমরা কি কিছুই বুঝি না, আমরা মূর্খ হতে পারি, আপনাদের মতো পণ্ডিত না হতে পারি, কিন্তু কিছু বুঝি। সেখানে বলছেন — District Magistrate can consider the suggestion of elected Panchayat bodies, elected public representatives. "can" What is this? What do you mean by "can"? এই যে অবস্থা। তারপরে দেখুন, আপনাদের পঞ্চায়েতের মৎস্য দপ্তরের যে Standing Committee সেই Standing Committee-র প্রতিবেদন বলছে, সেখানে কমিটি পর্যালোচনা করে দেখেছে যে, বেশির ভাগ অর্থই পুরোপুরি খরচ করতে পারিনি। উনি খরচ করতে পারেননি। খরচ করতে ব্যর্থ হয়েছে। তাহলে আবার কেন চাইছেন? টাকা আবার বরাদ্দ

করলেই বা কি হবে? আপনি তো খরচ করতে পারবেন না। সেখানে আবার বলছেন যে, অর্থদপ্তরের অনুমোদন পাওয়া যায়নি। তাহলে অর্থদপ্তর কি বামফ্রন্টের কাছে আছে, না বিজেপি'র কাছে আছে যে, আপনাকে অনুমোদন দেয়নি। আপনাদের অর্থদপ্তর তাহলে অপদার্থ। অর্থদপ্তরে যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন তাকে সরান। কি করছেন? তাছাড়া আপনি দেখুন, ২০১৪-১৫ সালে যে টাকা নিয়েছিলেন, তারপরে ২০১৫-১৬ সালে প্রস্তাবিত যে বাজেট, সেই বাজেটে ৯.৪৪ শতাংশ হ্রাস পেয়েছে। কি খাতে? এতে মৎস্যজীবীদের অবসরপ্রাপ্ত ভাতা, তাদের বলছেন, সুরক্ষা দেবেন, তাদের পেনশান দেবেন, তাদের ঘর-বাড়ি করে দেবেন। আর সেইখানে বাজেটে আপনাদের Standing Committee বলছে, ৯.৪৪ শতাংশ হ্রাস পেয়েছে। কোথা থেকে উন্নয়ন হবে? প্রতিটি ক্ষেত্রে বৈপরীত্য দেখা যাচ্ছে। যার জন্য এই বাজেটকে সমর্থন করতে পারছি না। ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

[4.40 - 4.50 p.m.]

শ্রী সমীর কুমার জানা : সম্মানীয় চেয়ারম্যান সাহেব, ২০১৫-১৬ সালের ২০ নম্বর ব্যয়-বরাদ্দ অনুমোদনের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রীচন্দ্রনাথ সিংহের যে বাজেট ভাষণ এবং যে দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে কিছু বলছি।

বিরোধী-বন্ধু অনেকক্ষণ ধরে তাঁর বক্তব্যকে উপস্থাপন করেছেন। বর্তমান তৃণমূল সরকারের চার বছরের আমলে যে সমস্ত দলতন্ত্র হয়েছে সেই দলতন্ত্র দেখেই তিনি বিস্মিত হয়ে গেছেন। যাঁরা দলতন্ত্রকে সৃষ্টি করে গেল ৩৪টা বছর ধরে, গোটা পশ্চিমবঙ্গের বুকে দলতন্ত্রের যে অমোঘ নিদর্শন তারা তৈরি করে দিয়ে গেছেন তাদের মতো ব্যক্তিদের পক্ষে আজকে এই চার বছরে দলতন্ত্রের কথা তুলে ধরাটা ঠিক হচ্ছে কিনা একবার বিবেকের কাছে প্রশ্ন করে দেখতে বলব।

একটা সরকার এখানে দায়িত্বে আসার আগে পর্যন্ত যে অবস্থা ছিল মাননীয় চেয়ারম্যান সাহেব আপনি জানেন। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা এবং যার জন্য ২৫ হাজার কোটি টাকা প্রতি বছরে খরচ করতে হত। এ পর্যন্ত ১ লক্ষ কোটি টাকা কেন্দ্রীয় সরকার কেটে নিয়েছে আমাদের। এরকম একটা অবস্থায় চার বছর দায়িত্ব পালন করার পরে প্রত্যেকটি বিভাগকে কীভাবে উন্নততর স্থানে পৌঁছে দেওয়া যায় তার জন্য মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে দায়িত্ব নিয়ে কাজ করছেন তা প্রতিফলিত হয়েছে সমস্ত দপ্তরের মধ্যে দিয়ে। মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই দপ্তরগুলো কাজ করছে। আপনারা বার বার করে দলতন্ত্রের কথা বলেছেন। আপনারা পঞ্চায়েতের ক্ষেত্রে কীভাবে দলতন্ত্র করতেন? বিরোধীরা কী বক্তব্য রাখার সুযোগ পেত? আপনারা আপনাদের আমলে, যে টাকা ভাগের কথা বলছেন, যেটা আতঙ্কিত হয়েছেন, টোট্যাল-টাই টাকা আপনারা ভাগ করতেন এবং ব্যাঙ্কে গিয়েও আপনারা বসে থেকে তার ভাগ নিয়ে আসতেন। এই রেওয়াজটা আপনাদের সময় তৈরি করেছেন। ফলে আপনারা মনে করছেন তারাও বোধহয় ওই কাজে অভ্যস্ত হয়ে গেছেন। আপনাদের ওই অভ্যাস থেকে একটু সরে আসার চেষ্টা করুন তাহলে বোঝার পক্ষে সহজ হয়ে যাবে।

আমরা মানবিক দৃষ্টিভঙ্গী নিয়ে দেখতে পাচ্ছি মৎস্য উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে মৎস্যদপ্তর ১২ হাজার মৎস্যচাষীকে পুষ্টিকর ভাসমান মৎস্যখাদ্য বিতরণ করে এই ডিপার্টমেন্টের একটা উল্লেখযোগ্য অবদান তৈরি করবার চেষ্টা করেছেন। আমরা দেখতে পাচ্ছি মৎস্যনীতি গ্রহণ করার পরে এবং বেসরকারি উদ্যোগকে আহ্বান করার ফলে 'বিশ্ববঙ্গ বাণিজ্য' সম্মেলনে তাদের সঙ্গে আমাদের চুক্তি হয়েছে। তার ফলে আরো ব্যাপকভাবে আমাদের এই কাজটাকে যদি এগিয়ে নিয়ে যেতে পারি তার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমরা দেখেছি গতবছর পেনশন পেয়েছে ৮,৫০০ জন। মৎস্যজীবীদের কিনে দেওয়া হয়েছে তাপনিরোধক বাক্স ১৬,৬৭৬টি, সাইকেল ৩,৬৭০টি, মৎস্যযান ৮২১, "আমার বাড়ি" ও "গীতাঞ্জলি" প্রকল্পে সুবিধাভোগী হয়েছে ১৩ হাজার মৎস্যজীবী। এটা বোধহয় আপনাদের আমলে এই পর্যায়ে ছিল না। ১৩০ লক্ষ টাকা ব্যয়ে জাল ও হাঁড়ি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। বিভিন্নভাবে উন্নয়নকে সংগঠিত করার চেষ্টা করা হয়েছে। ইতিমধ্যে ১ লক্ষ ৬২ হাজার মৎস্যজীবীকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে সেখানে মৃত্যু সংগঠিত হলে ১ লক্ষ টাকা দেওয়ার ব্যবস্থা হয়েছে। তাতে নাম নথিভুক্ত করার সুযোগ এসেছে। আজকে কাঁথি থেকে আরম্ভ করে ডায়মন্ডহারবারে মোট ৫৩টি মৎস্য খুঁটি আছে এবং সমন্বিত প্রকল্পের মাধ্যমে এই খুঁটি পরিচালনায় বিশেষভাবে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আপনারা শুনে অবাক হয়ে যাবেন মাননীয় চেয়ারম্যান সাহেব, সমগ্র মৎস্যজীবীদের জন্য বায়োমেট্রিক পরিচয়পত্র ১ লক্ষ ৩৮ হাজার প্রদান করা হয়েছে। এটা উল্লেখযোগ্য ঘটনা। যারা গভীর সমুদ্রে মৎস্য ধরতে যায় জীবনের ঝুঁকি নিয়ে তাদের জন্য distress alert transmitter-এর ব্যবস্থা করা হয়েছে। নিরাপত্তার কারণে কোথাও কোনও অসুবিধায় পড়লে এই অ্যালার্ট যন্ত্রের সাহায্যে বিষয়টা উপলব্ধি করা যাবে। এটা একটা গুরুত্বপূর্ণ অধ্যায়। এটা তৈরি করা সম্ভব হয়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি রঙিন মাছ চাষের সমবায় তৈরি করা হয়েছে। এটাকে ভালো করে তৈরি করতে পারলে বিদেশে রপ্তানির মধ্যে দিয়ে অর্থনীতির বুনিয়াদ ভালো করা যেতে পারে। সেই জন্য রঙিন মাছের জন্য আজকে একটা সমবায় তৈরি করা হয়েছে। যেখানে ১১৯ জন মহিলাকে অনুদান দেওয়া সম্ভব হয়েছে। তাদেরকে প্রশিক্ষণও দেওয়া হচ্ছে।

দক্ষিণ ২৪-পরগনার পৈলানে মৎস্য গবেষণা কেন্দ্র আছে। যারা মৎস্যজীবী থেকে গেছে তাদের যাতে হাতে-নাতে প্রশিক্ষণ দেওয়া যায়, তারা কাজ শিখে এলাকায় এলাকায় মাছচাষকে বৈজ্ঞানিক পদ্ধতিতে করতে পারে তার জন্য বিশেষ একটা উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কারণ একসঙ্গে সমস্ত দক্ষ লোক পাওয়া যাবে না। কিন্তু এই প্রশিক্ষণটা যদি দিয়ে দেওয়া যায় তাহলে সর্বস্তরের অন্তর্দেশীয় মৎস্যচাষটাকে বিশেষভাবে গুরুত্বপূর্ণ জায়গায় পৌঁছে দিতে পারবে। এর উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। আমরা জানি আজকে কেন্দ্র উদ্বিগ্ন। আজকে পশ্চিমবঙ্গ সরকার উদ্বিগ্ন, কারণ ইলিশ মাছ কমে গেছে। এই ইলিশ মাছকে সংরক্ষণ করবার জন্য ডায়মন্ডহারবারের সুলতানপুরে একটা ইলিশ সংরক্ষণ গবেষণাকেন্দ্র স্থাপন করা হচ্ছে। ইলিশকে সংরক্ষণ, গবেষণা এবং সচেতনতা বৃদ্ধি করবার জন্য আর.কে.ভি.ওয়াই., NFDB — এদেরকে অর্থ বরাদ্দ করা হয়েছে। এদের নিয়ে প্রচারপত্র বা এগুলোর মধ্য দিয়ে ইলিশটাকে

কীভাবে সংরক্ষণ করা যায়, এটাতে একটা বিশেষ উদ্যোগ গ্রহণ করতে পেরেছে মাননীয় মা-মাটি-মানুষের সরকার। আমরা এখানে দেখতে পাচ্ছি National Mission for Protein Supplement প্রকল্পের আর্থিক সাহায্যে ৪২ হাজার হেক্টর — এই জায়গাটাতে বড় বড় বিল — আজকে কথা হচ্ছিল বড় মাছগুলি আমাদের দরকার। আমাদের চারা মাছ উৎপাদন হয়েছে কিন্তু বড় মাছগুলো উৎপাদন করবার জন্য বড় বড় বিলের দরকার হয়। সেই বিলগুলোকে আজকে বিশেষভাবে মা-মাটি-মানুষের সরকার সেই জায়গাতে যাতে এটাকে সংরক্ষণ করতে পারা যায়, প্রশিক্ষণের মধ্য দিয়ে এই মাছগুলোতে যাতে বড় করে সেগুলোকে বাজারে বিক্রি করা যায় তার জন্য বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। ২০১৪-১৫ সালে যেখানে ১৬টি জলাশয়ে করা হয়েছিল, পরবর্তীকালে ২০১৫-১৬ সালে ১৮৪টি জলাশয় এই প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। এর মধ্যে দিয়ে চারাপোনাগুলিকে বড় পুকুরগুলিতে রেখে দিয়ে উৎপাদনটাকে যাতে সুন্দর করা যায়, বৃদ্ধিপ্রাপ্ত করা যায়, রসনা তৃপ্তির ব্যবস্থা করা যায় তার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এটা কি মনে করবেন না আজকে মা-মাটি-মানুষের সরকার রাজ্যের ৩৪১টি ব্লকে চিন্তাভাবনা করেছেন ল্যাবরেটরি এবং প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের উদ্যোগ গ্রহণের কথা। আজকে ২৬১টি ল্যাবরেটরি সম্পূর্ণ হয়ে গেছে। এর মধ্য দিয়ে আমরা বৈজ্ঞানিক পদ্ধতিতে আমাদের চাষবাসের বিষয়গুলোকে এই ল্যাবরেটরির মাধ্যমে অনেকটা বেশি বাড়াতে পারি। আমরা মনে করি এটা মা-মাটি-মানুষের সরকারের বিশেষ উল্লেখযোগ্য অবদান। আজকে সমবায়, রাজ্যভিত্তিক সমিতি — আমরা দেখতে পাচ্ছি সমিতিগুলোর মধ্যে একটা রাজ্যভিত্তিক সমিতি — বেনফিস থেকে গেছে। তেমনি ২০টি কেন্দ্রীয় সমিতি এবং ১২০৬টি প্রাথমিক সমবায়, ১৯২টি রঙিন মৎস্যচাষ সংক্রান্ত সমিতি — সেই সমিতিগুলোকে সুন্দরভাবে গড়ে তোলার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা এরপরে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গের সব কটি জেলার জলাশয়ের উপগ্রহ চিত্র গ্রহণ সম্পূর্ণ হয়েছে। ১৮ লক্ষ জলাশয় এবং ৩.৬০ লক্ষ হেক্টর জলদেশকে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে মৎস্য খুঁটি, ভ্রমণকেন্দ্র, রাস্তা, রেলপথ, বসতি প্রভৃতিকে নির্দেশ করার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আমরা একের পর এক ৭টি ক্ষুদ্র মৎস্যবন্দর এবং বেশ কয়েকটি খুঁটি, পূর্ব মেদিনীপুরের পেটুয়াঘাটে একশো শতাংশ কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় গভীর সমুদ্রে মৎস্যবন্দর তৈরি করা হয়েছে। যেভাবে আজকের এই বাংলাকে পিছিয়ে পড়ার অবস্থা থেকে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী তার প্রত্যেকটি দপ্তরকে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন, তার প্রতিফলন ঘটেছে দপ্তরের মধ্যে। আমরা মনে করি এই বাজেট প্রচণ্ড প্রাসঙ্গিক এবং এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী ভূপেন্দ্রনাথ হালদার : মাননীয় চেয়ারম্যান সাহেব, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী চন্দ্রনাথ সিনহা মহাশয় ২০ নং দাবীর সমর্থনে যে বাজেট ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করতে পারছি না। কারণ এতবড় একটা দপ্তর, মৎস্য দপ্তর। তিনি তার দপ্তরে গতানুগতিক যে বিগত দিনের বাজেট, সেই বাজেট বই থেকে আমার মনে হয় ওনার আধিকারিকগণ সুন্দর করে সাজিয়ে-গুছিয়ে লিখে দিয়েছেন। তিনি সেই বইয়ে

লিখেছেন যে এই সরকার মৎস্য উৎপাদন, মৎস্যজীবী মানুষের স্বার্থরক্ষা এবং মানুষের পুষ্টি জোগানোর জন্য নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। মৎস্যজীবীদের স্বার্থে রক্ষার কথাই প্রথমে আমি মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে রাখবো। আপনি এই বাজেট বইটিতে লিখেছেন মৎস্যজীবীদের বিভিন্নভাবে আমরা সহযোগিতা করছি।

[4.50 - 5.00 p.m.]

কখনও বলেছেন যে সাইকেল দেওয়া হচ্ছে। কখনও বলছেন যে তাপ নিরোধক বাক্স দেওয়া হচ্ছে। কখনও বলেছেন মৎস্যযান দেওয়া হচ্ছে। এই দিয়ে মৎস্যজীবীদের স্বার্থ সুরক্ষিত হয়নি। কিছুক্ষণ আগে আমার সরকারি পক্ষের মাননীয় বিধায়ক বলছিলেন যে দীর্ঘ ৩৪ বছর ধরে বামফ্রন্টের বন্ধুরা মৎস্যজীবীদের স্বার্থ সুরক্ষিত করার জন্য তারা কিছুই করেননি। আমি মনে করি যে আজকে সরকার পক্ষে যারা রয়েছেন, মাননীয় মন্ত্রী, বিধায়ক, আমরা মনে করি এই চার বছরে চুপ করে থেকেও আপনারা সেই বামফ্রন্টের পথকেই অনুসরণ করেছেন। আর আমরা দেখলাম, আমরা দেখেছি ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার মৎস্যজীবী মানুষদের নিয়ে রাজনীতি করেছে, তারা শুধু ইনক্লাব জিন্দাবাদ করার জন্যই মৎস্যজীবীদের ব্যবহার করেছে। আমরা দেখেছি যে সারা পশ্চিমবঙ্গে মৎস্যজীবীদের সংগঠন করে মৎস্য সমবায় সমিতি, সারা পশ্চিমবঙ্গে ১২০৬টি মৎস্যজীবী সমিতি, প্রাইমারী সমিতি। রাজ্যে একটি সমিতি এবং প্রতিটি জেলায় একটি করে কেন্দ্রীয় সমবায় সমিতি, মোট কুড়িটি মৎস্য কেন্দ্রীয় সমবায় সমিতি, এই দীর্ঘ ৩৪ বছর ধরে এই সমিতির মৎস্যজীবী মানুষেরা অবহেলিত। আমরা দেখলাম এই সরকারও মৎস্যজীবীদের সমিতির কথা ভাবছে না। দীর্ঘ ৩৪ বছর ধরে বামফ্রন্টের বন্ধুরা সেই সময় ভূমিহীন কৃষকদের, যারা ভূমিহীন কৃষক তাদের সরকারি জমিতে পাট্টা দিলেন। সেই সরকারি জমিতে যখন জল হচ্ছে, যখন সেখানে জলাভূমি হচ্ছে, যখন মৎস্যজীবীরা সেই জলাভূমিতে মাছ ধরছে, আমরা দেখলাম সেই মৎস্যজীবীদের প্রচুর টাকা সরকারি খাজনা দিয়ে তাদেরকে মাছ ধরতে হত। প্রতি বছর ফাইভ পারসেন্ট রেন্ট বৃদ্ধি করে প্রতি বছর বছর তাদেরকে সেই মাছ ধরার অধিকার দেওয়া হত। এটা বঞ্চনা নয়? দ্বিচারিতা করেছে মৎস্যজীবীদের সাথে। কারণ কৃষকরা বিনা পয়সায় জমি পেলেন। সেই জমিতে মৎস্যজীবীরা মাছ ধরছেন, সেখানে মাছ ধরার অধিকার তৎকালীন সরকার দেয়নি। আমরা দেখলাম যে এখন আরও ভয়ঙ্কর অবস্থা মৎস্যজীবীদের। আর একটা জিনিস বলতে চাই মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে। তিনি এই বাজেট বইয়েতে লিখলেন যে আমরা এত মেট্রিক টন মাছ উৎপাদন করছি। আমাদের মাছের জোগান, বাইরে থেকে মাছ আমদানি করে মাছের সেই চাহিদা মেটাতে হচ্ছে। আমি সেই প্রশ্নে পরে যাব। আজকে আপনি বলছেন যে মৎস্যজীবীদের স্বার্থ সুরক্ষিত হচ্ছে। মৎস্যজীবীরা মাছ ধরে কোথায়? নদী, নালা, বিল, বাঁওড়, সমুদ্রে এইসব জায়গায় মাছ ধরে। আপনি এই বাজেট বইয়েতে কোন জায়গায় লিখলেন না যে আমার নদীর পরিমাণ কত? আমার জলাশয়ের পরিমাণ কত? আমার পুকুরের পরিমাণ কত? নালার পরিমাণ কত? সেখানে উল্লেখ করলেন না। মৎস্যজীবীরা যেখানে মাছ ধরতেন, নদীতে মাছ ধরতেন, সেই মাছ ধরা আপনারা বন্ধ করে দিলেন। সেখানে আপনারা বললেন যে ফ্লোয়িং রিভার অর্থাৎ বহমান নদীতে কোনও

খাজনা নেওয়া হবে না। মৎস্যজীবীদের অধিকার আপনারা আজকে ক্ষুণ্ণ করলেন। সেখানে মাছ ধরার অধিকার মৎস্যজীবীদের থাকছে না। নদীতে সামান্য পয়সা হলেও তাদের যদি অধিকার দিতেন, সামান্য পয়সাও যদি তাদের লিজ দিতেন, আজকে সেই সব মৎস্যজীবীরা কিন্তু সেখানে মাছ ধরার অধিকার পেত। সেখানে তারা আজকে মাছ ধরার অধিকার না পাওয়ার ফলে শুধু মৎস্যজীবী নয়, অ-মৎস্যজীবী, সকলেই কিন্তু সেখানে মাছ ধরবে। সেখানে মৎস্যজীবীদের কোনও অধিকার থাকল না। এইভাবে মৎস্যজীবীদের সুরক্ষা থাকছে না। আপনারা বললেন যে ১৬ হাজার তাপ নিরোধক বাক্স দিয়েছি। কাদেরকে দিয়েছেন এই বাক্স? কারা সেই মৎস্যজীবী? আপনারা জেলায় জেলায় খোঁজগুলো নিন যে প্রকৃত মৎস্যজীবীরা সেই বাক্স পেয়েছে কিনা। আমরা জানি যারা মাছ চাষ করে, যারা মাছ বিক্রির সাথে যুক্ত থাকে, মাছ যারা ধরে, তারা মৎস্যজীবী। আজকে সেই বাক্স দিয়েছেন তার একটাই উদ্দেশ্য, যারা মাছ বিক্রি করছে সেইসব বাক্স নিয়ে মাছ বিক্রি করতে গিয়ে যে মাছ বিক্রি হবে না থেকে যাবে, সেই মাছ বরফ দিয়ে তারা রেখে দেবে। তাতে তাদের সাশ্রয় হবে। কিন্তু প্রকৃত মৎস্যজীবীদের হাতে সেই বাক্স যাচ্ছে না। মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে আবেদন রাখব, আপনারা জেলায় জেলায় যান। জেলায় গিয়ে সেখানে অন্তত জেলার বিধায়কদের নিয়ে আপনারা মিটিং করুন। তাহলে প্রকৃত মৎস্যজীবীদের কথা নিজের নিজের এলাকা থেকে উঠে আসবে, জানতে পারবেন। যদিও এই দপ্তরের দায়িত্বপ্রাপ্ত নয়, তবুও বলতে বাধ্য হচ্ছি আমাদের তৎকালীন মাননীয় ডাঃ মানসরঞ্জন ভূঞ্যা যখন মন্ত্রী ছিলেন irrigation department-এর ১৫ দিন অন্তর অন্তর জেলায় মিটিং করতেন। Superintending Engineer-দের বলতেন যে জেলায় ১৫ দিন পরপর প্রত্যেকটা বিধায়ককে ডেকে জেলায় মিটিং করতে হবে। আমরা সেই মিটিংয়ের মাধ্যমে দেখতে পেয়েছিলাম কাজের অগ্রগতি। আমি তাই মাননীয় মৎস্যমন্ত্রীকে বলব আপনিও জেলায় জেলায় যান। শুধু ঠান্ডাঘরে বসে থেকে মৎস্যজীবীদের অধিকার সুরক্ষিত হবে না। মৎস্যজীবীদের চোখের জল, মৎস্যজীবীদের কান্না আপনার এই দপ্তরে এসে পৌঁছাবে না। আপনারা FEO বা Fisheries Extension Officer প্রত্যেকটা ব্লকে নিয়োগ করেছেন। আমি মালদা জেলার কথা বলি — আমার নিজের ব্লকে FEO নেই। আমার মনে হয় সারা পশ্চিমবঙ্গে প্রতিটি ব্লকে FEO নেই। Fisheries Extension Officer নেই। আর যে FEO আছে তাদের কাজ কি? এইটুকু শুধু খবর নিন। তারা FEO হয়ে BDO সাহেবের গোমস্তাগিরি করছেন। তারা বসে বসে BDO অফিসে সময় কাটাচ্ছেন, ফিল্ডে যাচ্ছে না। মৎস্যজীবীদের অবস্থাটা কি তারা তা জানতে পারছে না। আজকে তাই মাননীয় মৎস্যমন্ত্রীর কাছে আবেদন রাখব আপনারা যান জেলায় জেলায়। গিয়ে প্রতিটি ব্লকে খোঁজ নিন আধিকারিকদের মাধ্যমে। একটি জেলায় ADF নিয়োগ করে রেখেছেন। Asst. Director of Fisheries তাদের কাজ কি, তারা বলতে পারবে না তার জেলায়, তার ব্লকে কত মৎস্যজীবীদের সংখ্যা। আপনি মৎস্যজীবীদের অধিকারের কথা বলেছেন। আপনার বইটাতে যদি আপনি উল্লেখ করতেন যে এই পশ্চিমবঙ্গে মৎস্যজীবীর সংখ্যা কত, তাহলে আমি বলতাম আপনি মৎস্যজীবীদের অধিকার সুরক্ষিত রাখবার চেষ্টা করছেন। নিজেই বলতে পারছেন না আপনার পশ্চিমবঙ্গে মৎস্যজীবীদের সংখ্যা কত? তাহলে আমরা ভাবতাম কত percentage মৎস্যজীবীদের অধিকার সুরক্ষিত করছেন।

আপনি বলেছেন যে মাছ উৎপাদনের ক্ষেত্রে আমরা প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। মাছ উৎপাদন — আপনি বলেছেন এক দশক ধরে আমরা পশ্চিমবঙ্গে সারা ভারতবর্ষের মধ্যে প্রথম। দ্বিতীয় কে? অন্ধ্রপ্রদেশ। এই কথা আমাদেরকে শুনতে হবে। মাছ উৎপাদনে প্রথম। আমি মনে করি এই পশ্চিমবঙ্গের যে আবহাওয়া, যে পরিবেশ তাতে মাছ উৎপাদনের ক্ষেত্রে সারা ভারতবর্ষে প্রথম, এটা আমি মেনে নিলাম। কিন্তু যে পরিমাণ আপনি উৎপাদন দেখিয়েছেন ১৬.১৭% এটা ২৫ লক্ষ মেট্রিক টন উৎপাদন হতে পারত। আমি মনে করি এটা এই দপ্তরের ব্যর্থতা। কারণ আপনি water body যেটা বলছেন যে — আমাদের যে water body দেওয়া হয়, বিভিন্নভাবে মাছ উৎপাদন হয়। আমাদের নদী-নালা কতটা পরিমাণ? আমাদের rivers & canals— ২৫২৬ কিলোমিটার, reservoirs ১৭ হাজার হেক্টর, tanks and ponds — ২ লক্ষ ৭৬ হাজার হেক্টর, floodplain lakes and derelict water — ৪২ হাজার হেক্টর, brackish water — ২ লক্ষ ১০ হাজার হেক্টর অর্থাৎ ৫ লক্ষ ৪৫ হাজার হেক্টর এই জলাশয়ে চাষের ব্যবস্থা রয়েছে। অথচ এখানে এক হেক্টর জমিতে, এক হেক্টর জলাশয়ে পাঁচ metric ton মাছ উৎপাদন করা যেত। সেই পাঁচ লক্ষ হেক্টর জলাশয়ে ২৫ লক্ষ metric ton মাছ উৎপাদন হত। সেখানে মাছ উৎপাদনে প্রথম দেখিয়ে কিন্তু আমরা শুধু আনন্দ উপভোগ করছি।

[5.00 - 5.10 p.m.]

কিন্তু স্যার যেটা বলতে চাই যে, আজকে সেখানে মাছ উৎপাদনে প্রথম বলেই আমরা সন্তুষ্ট থাকলাম, কিন্তু আমাদের সারা ভারতবর্ষে ৯০ লক্ষ মেট্রিক টন মাছ উৎপাদন হয় এবং সারা ভারতবর্ষে আমরা মাছ যে খাই, তাতে আমাদের যে মাছ ব্যবহার হয়, আমরা যে মাছ খাই, তাতে দেশে গড়ে বছরে মাথাপিছু ১০ কেজি মাছ লাগে, দিনে ২৫ গ্রাম। সেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বছরে মাথাপিছু গড়ে ১৮ কেজি মাছ লাগে। দিনপিছু ৫০ গ্রাম। অর্থাৎ আমাদের এই মাছের চাহিদা যদি পূরণ করতে হয় তাহলে সেটা ১৬ লক্ষ মেট্রিক টনে নিয়ে যেতে হবে। অর্থাৎ আমরা কিন্তু কাছাকাছিতে আছি — ১৭ লক্ষ মেট্রিক টনে। আমার আরও বক্তব্য ছিল। আজকে ইলিশ মাছ নিয়ে কথা হল। আজকে ইলিশ মাছ বিপন্ন। আজকে আমাদের পার্শ্ববর্তী দেশ বাংলাদেশের কাছে ইলিশ মাছের জন্য হাত পাততে হচ্ছে — বলতে হচ্ছে ইলিশ পাঠান, ইলিশ পাঠান। আজকে এখানে ইলিশ উৎপন্ন হওয়ার জায়গায় আজকে বিষাক্ত মারণ অ্যাসিডের ফলে আজকে মাছ উৎপাদনে বাধার সৃষ্টি হচ্ছে। ...(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী বনমালী হাজরা : মাননীয় চেয়ারম্যান স্যার, ২০১৫ সালের জন্য ২০ নম্বর ব্যয়বরাদ্দের দাবীর সমর্থনে আমাদের মাননীয় মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিনহা মহাশয় যে দাবি পেশ করেছেন, সেই দাবির সমর্থনে এবং বিরোধীরা যে কাটমোশান এনেছেন তার বিরোধিতা করে আমি দু-চারটি কথা বলছি। স্যার পূর্ববর্তী বক্তা অনেকক্ষণ ধরে বলছেন যে বার বার একটা প্রশ্নকে উনি তুলে ধরছেন যে কতজন মৎস্যজীবী এই পশ্চিমবঙ্গে আছেন। আমার মনে হয় অতীতের নিরিখে যদি কোনও কথা বলা হয়, বিশেষ করে এই একবিংশ শতাব্দীতে এসে, আমার মনে হয় এটা ভুল হয়ে যাচ্ছে। কারণ আজকে মানুষ তার ক্ষুন্নিবৃত্তির প্রয়োজনে একটা

ব্যক্তি কিন্তু কোনও একটা বৃত্তির মধ্যে নিজেকে স্থির করে রাখেননি। ক্ষুন্নিবৃত্তির প্রয়োজনে বিভিন্ন মানুষ বিভিন্ন সম্প্রদায় থেকে এসে তারা যে পেশাটাকে ভাল মনে করছে, যে পেশাটাকে লাভজনক মনে করছে, সেই পেশার সঙ্গে তারা যুক্ত হয়ে গেছে। সুতরাং এই ক্ষেত্রে আর এই প্রশ্নটাকে মনে হয় এটার কোনও প্রয়োজন নেই যে এই পশ্চিমবঙ্গের বুকে কতজন মৎস্যজীবী আছে বা জেলে সম্প্রদায়ের লোক আছেন — এটা বলার কোনও যুক্তি থাকে না। আমার বক্তব্য স্যার, আমরা ইতিপূর্বে দেখেছি যে ৩৪ বছর থেকে একটা সরকার কিন্তু এই পশ্চিমবঙ্গের বুকে রাজ করে গেছে। পশ্চিমবঙ্গের মানুষের তাদের কাছে অনেক প্রত্যাশা ছিল, কিন্তু এই ৩৫টা বছর আমরা দেখতে পেলাম যে পশ্চিমবঙ্গের মানুষ হতাশ হয়েছে এবং হতাশ হওয়ার কারণে তাদেরকে দূরে ছুঁড়ে ফেলে দিয়েছে এবং ১৯১১ সালে আমরা দেখতে পেলাম যে, মা-মাটি-মানুষের সরকারকে তারা পশ্চিমবাংলার বুকে অত্যন্ত শ্রদ্ধার আসনে বসিয়েছে। আমার একটাই বক্তব্য যে, আমাদের যিনি মুখ্যমন্ত্রী, তিনি সদাসর্বদাই চান এই পশ্চিমবঙ্গকে কি করে সবদিক থেকে — সে কৃষিতে বলুন, মৎস্যতে বলুন — সবকিছুতেই যাতে স্বয়ম্ভর হওয়া করে তোলা যায় তার জন্য তিনি কিন্তু চিন্তা করে যাচ্ছেন বার বার এবং সেটাকে বাস্তবায়িত করার জন্য আমাদের মৎস্যমন্ত্রী চন্দ্রনাথ সিনহা মহাশয় অত্যন্ত সুন্দরভাবে এবং সুচারুভাবে সেটা করে চলেছেন। এটাই ঠিক কথাই যে, আমরা সত্যকে অস্বীকার করি না, সত্যকে আমরা গোপন করি না। এটা ঠিক যে মৎস্যচাষে আমরা মীন যেটাকে বলি, সেই মীনে পশ্চিমবঙ্গ দীর্ঘদিন থেকে প্রথম স্থান অধিকার করে আসছে এবং সবচেয়ে বড় কথা যে, আমরা কিন্তু এই ধারাবাহিকতাকে বজায় রেখেছি এবং সেই সঙ্গে আমরা উৎপাদনটাকে বাড়িয়েছি, সেটা কিন্তু আপনারা অস্বীকার করতে পারবেন না। আমরা এবারে ১৬ হাজার মিলিয়ান আমরা বীজ উৎপাদন করেছি। এটা অন্তর্দেশীয় মৎস্য উৎপাদনে আমরা এই মা-মাটি-মানুষের সরকারের আমলেই কিন্তু মৎস্যচাষে আমরা প্রথম স্থানে আছি অর্থাৎ সামনের সারিতে আছি — এটা অস্বীকার করার কোনও উপায় নেই। দেখুন আজকে সদাসর্বদাই চিন্তা করা হচ্ছে মৎস্য উৎপাদন —বিশেষ করে বড় মাছ যেটাকে আমরা বলি, সেই মাছটা আমরা সদাসর্বদা ৩৫টা বছর ধরে আমরা অন্ধ্রপ্রদেশ আর উড়িষ্যার উপরে তাকিয়ে ছিলাম। তারা যে মাছটা পাঠাত সেই মাছটা আমরা খেতে বাধ্য হতাম। স্বাদহীন মাছ। আজকে বাংলার মানুষ বড় মাছ যাতে খেতে পারে, তার জন্য সদাসর্বদা চেষ্টা করা হচ্ছে। এই কারণে ১২ হাজার মৎস্যজীবীকে অত্যন্ত প্রোটিনসমৃদ্ধ ভাসমান খাবার আমাদের মন্ত্রী মহোদয় দিয়েছেন। এর ফলে মৎস্যজীবীরা অনেক সুবিধা পেয়েছেন। কারণ আমরা জানি একটা মাছকে বড় করতে গেলে বেশ কয়েকবার তাকে নেটিং করতে হয়। সেই খরচটা পুরোপুরি কমে গিয়েছে। ভাসমান খাদ্যের সুবাদে তলার মাছ ওপরে ছুটে আসছে খাবার খাওয়ার জন্য। মাছকে নাড়াচাড়া করার প্রয়োজনে, তাকে ছোটানোর প্রয়োজনে, যত ছুটবে তত সে বড় হবে, এই খাদ্যটা ভীষণ কার্যকরী ভূমিকা নিয়েছে। এর ফলে এই বছর উৎপাদন অনেক বৃদ্ধি পাবে। আমার মনে হয় মন্ত্রীমহোদয়ের যে লক্ষ, সেই লক্ষ্যে তিনি পৌঁছে যেতে পারবেন। শুধু আমরা মৎস্য উৎপাদনের কথা ভাবি না, মৎস্যজীবীদের কথা পাশাপাশি ভাবছি। তাদের আর্থ-সামাজিক কাঠামো কিভাবে উন্নয়ন করা যায় সে কথাও আমরা ভাবছি। কিরকম সুযোগ-সুবিধা দিলে তাদের পরিবারবর্গগুলো ভালোভাবে বেঁচে থাকতে পারে,

সে চিন্তাটাও আমাদের মন্ত্রী মহোদয় এবং মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী কিন্তু করে যাচ্ছেন। এর মধ্যে কি কি প্রকল্প আছে? পেনশান প্রকল্প আছে, আবাসন প্রকল্প আছে, দুর্ঘটনা বিমা ইত্যাদি সব কিছুই আছে। আমরা যদি বলি হাঁড়ি কেন দিলাম, হাঁড়িটার প্রয়োজন আছে। একটা বড় হাঁড়ির দাম কিন্তু অনেক। জালের দাম আছে। আজকে কিন্তু আমরা primitive age-এ বাস করছি না। আজকে আমরা একবিংশ শতাব্দীর প্রথম পার্টে এসে গিয়েছি। সুতরাং জিনিসপত্রের দাম আপনারা তো সবই জানেন কোন জায়গায় গিয়ে পৌঁছেছে। সুতরাং সেই ক্ষেত্রে তাদের যদি হাঁড়ি, জাল দেওয়া হয় আমার মনে হয় তাদের কিছুটা সুযোগ-সুবিধা করে দেওয়া হবে। সবথেকে বড় কথা হচ্ছে ২০১৪-১৫ সালে পেনশান পেয়েছেন সাড়ে আট হাজার মৎস্যজীবী। তারা যে মাছ নিয়ে সওদা করে বেড়ায় তার জন্য তাপ নিরোধক বাক্স দেওয়া হয়েছে, মৎস্যযান দেওয়া হয়েছে, সাইকেল দেওয়া হয়েছে। এটা কি কম কথা নাকি? তাদের জন্য আমাদের হৃদয় আছে। তারা যাতে আর্থিক দিক থেকে পুষ্ট হতে পারে সমস্ত সুযোগ-সুবিধা তাদের হাতে ধরিয়ে দেওয়া হচ্ছে। শুধু তাই না, সেই সঙ্গে তাদের জন্য কি করা হয়েছে? আমার বাড়ি, গীতাঞ্জলিতে ১২ হাজার মৎস্যজীবীকে এই সুযোগ-সুবিধা দিয়ে দেওয়া হয়েছে। প্রশ্ন-উত্তর পর্বে ওপার থেকে এক বন্ধু বলছিলেন যে পুকুরগুলো না কি বুজে যাচ্ছে। আরে বোজানোর পর্বটা তো শেষ হয়ে গিয়েছে। ৩৫টা বছর ছিল বোজানোর পর্ব। এই চার বছরে সংস্কার পর্ব চলছে। জলাশয়গুলোকে সংস্কার করতে হবে। তা না হলে মাছটা হবে কোথায়? এটা তো আর কই মাছ নয় যে ডাঙায় ডাঙায় চরে বেড়াবে, তালগাছে উঠবে। আমাদের সেখানে বড় মাছ উৎপাদন করতে হবে। আপনারা নিশ্চয়ই জানেন আমাদের উপগ্রহ চিত্র তৈরি হয়ে গিয়েছে। সেখানে দেখা যাচ্ছে পাঁচ কাঠা জলাশয় থেকে আরম্ভ করে আরো বড় বড় জলাশয় মিলিয়ে ১৮ লক্ষ জলাশয় আমরা বের করতে পেরেছি। সবথেকে বড় কথা ৩.৬০ লক্ষ একর জলদেশ পাওয়া গিয়েছে। এছাড়া National Mission of Protein Supplement প্রকল্পে আর্থিক সাহায্যে ৪২ হাজার হেক্টর বিল, বাঁওড়, ঝোরাজাতীয় জলাশয়গুলোকে সামগ্রিক উন্নয়নের পরিকল্পনা নেওয়া হয়েছে। এইসব জায়গায় মাছ চাষ যদি করা যায়, আমাদের যেটা লক্ষ্য যে, আমরা ওড়িশামুখী হব না, অন্ধ্রপ্রদেশমুখী হব না, আমরা স্বয়ম্ভর হব। তাছাড়া 'জল ধরো, জল ভরো' প্রকল্পে ১ লক্ষ ২৮ হাজার পুকুরকে সংস্কার করা হয়েছে। আমাদের জলসম্পদমন্ত্রীও বেশ কিছু পুকুরকে সংস্কার করে দিয়েছেন। সেইসব জায়গায় যদি মাছচাষ করা যায় তাহলে আমরা কোন জায়গায় গিয়ে পৌঁছাব, সেটা নিশ্চয়ই আপনাদের বুঝিয়ে বলতে হবে না। আমাদের রাজ্যে ৩৪১টি যে ব্লক আছে, আজকে আপনারা প্রশিক্ষণের কথা তুলেছেন। আপনারা জানেন ব্লকস্তর থেকে আরম্ভ করে জেলাস্তর পর্যন্ত ১৭ হাজার মৎস্যজীবীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। পঞ্চায়েত স্তরে প্রশিক্ষণ দেওয়া হয়, পঞ্চায়েত সমিতি স্তরে প্রশিক্ষণ দেওয়া হয়, ব্লক স্তরে প্রশিক্ষণ দেওয়া হয়। সুতরাং প্রশিক্ষণের কথা তুলে বিরোধিতা করার তো কোনও কারণই নেই! প্রশিক্ষণ তো যথেষ্ট চলছে। আর ইলিশ মাছের প্রসঙ্গে বলেছেন ইলিশ না কি হারিয়ে যেতে বসেছে। ইলিশ তো অনেকদিন আগে থেকে হারিয়ে গিয়েছে। আপনারাই তো

সুযোগ দিয়েছিলেন। ছোট্টো ছোট্টো বাচ্চা ইলিশগুলোকে খয়রা মাছ বলে চালিয়ে দিচ্ছিলেন।

[5.10 - 5.20 p.m.]

প্রতিবাদ করার ভাষাই তো হারিয়ে গিয়েছিল। তাই আজকে এই অবস্থা। আজকে মাননীয় মন্ত্রী চেষ্টা করছেন কেন্দ্রীয় গবেষণা কেন্দ্র যেটা আছে তাকে সঙ্গে নিয়ে একটা সংরক্ষণ কেন্দ্র গড়তে ডায়মন্ডহারবারের সুলতানপুরে। এই কটি কথা বলে, এই বাজেটকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী নমিতা সাহা : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী ২০নং দাবীর অধীনে ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য ৩১৩ কোটি ৩৯ লক্ষ ৬ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা ভাবছি। এখানে পরিকল্পনা খাতে ব্যয় ধরা হয়েছে ২১৮ কোটি ১০ লক্ষ টাকা এবং পরিকল্পনা-বহির্ভূত খাতে ধরা হয়েছে ৯৫ কোটি ২৯ লক্ষ ৬ হাজার টাকা। ২০১৫-১৬ আর্থিক বছরে দ্বাদশ পঞ্চবার্ষিক পরিকল্পনার তৃতীয় বছর অতিক্রান্ত হতে চলেছে। এই দপ্তর মৎস্যজীবীদের স্বার্থ সুরক্ষা, মৎস্য উৎপাদন বৃদ্ধি এবং খাদ্যের পুষ্টি জোগানোর জন্য নিরলস চেষ্টা করে যাচ্ছে এবং এর ফলে গ্রামবাংলায় মানুষের আর্থ-সামাজিক উন্নয়নের পরিকাঠামো এবং দারিদ্র দূরীকরণের ব্যবস্থা হয়েছে। দেখা যাচ্ছে সমস্ত পঞ্চায়েতগুলোকে এই দপ্তরের সঙ্গে যুক্ত রাখা হয়েছে। অন্তর্দেশীয় মৎস্য চাষের ক্ষেত্রে গত এক দশকের বেশী ধরে আমাদের রাজ্য সারা দেশের মধ্যে শীর্ষস্থান অধিকার করে যাচ্ছে। পাশাপাশি সামুদ্রিক মৎস্য শিকারেও এই রাজ্য উল্লেখযোগ্য স্থান অধিকার করেছে। সারা দেশের মধ্যে ৪০% মৎস্য পশ্চিমবঙ্গে উৎপাদিত হয়। ২০১৪-১৫ আর্থিক বছরে এই রাজ্যে ১৬ হাজার লক্ষের বেশী মাছের বীজ উৎপন্ন হয়েছে। এই রাজ্য থেকে সামুদ্রিক মাছ শুধু রপ্তানিই হচ্ছে না, মৎস্যজাত দ্রব্যাদি রপ্তানি করে আমাদের সরকার ৩ হাজার কোটি টাকা উপার্জন করতে পেরেছে। মৎস্যজীবীদের বিভিন্ন কল্যাণমুখী প্রকল্পের সঙ্গে যুক্ত করা হয়েছে। তাদের পরিবারকে আর্থিক সাহায্য করা হবে, আবাসন প্রকল্পের সঙ্গে যুক্ত করা হয়েছে, পেনশন প্রকল্পের সঙ্গে যুক্ত করা হয়েছে, এমনকি বিমা প্রকল্পের সঙ্গেও যুক্ত করা হয়েছে। ধীবররা গভীর সমুদ্রে মাছ ধরতে গিয়ে অনেক সময় মৃত্যুমুখে পতিত হয়, কখনও মারাও যায়। বর্তমানে মা-মাটি-মানুষের সরকার সেইসব ধীবরদের জন্য, তাদের পরিবার যাতে আরও সচ্ছলভাবে চলতে পারে তার জন্য আর্থিক অনুদান ১ লক্ষ টাকা পর্যন্ত দেওয়ার ব্যবস্থা করেছে। তাদের জাল, হাঁড়ি, গাড়ি, বায়ু নিরোধক বাক্স — যাতে দীর্ঘ সময় মাছ নষ্ট হবে না — ইত্যাদি দেওয়ার ব্যবস্থা করছে। মৎস্যজীবীদের আয় বৃদ্ধির জন্য রঙিন মাছের চাষ হচ্ছে এবং এতে মেয়েদেরও কাজে লাগানো হচ্ছে। বামপন্থী বন্ধুরা মেয়েদের হয়ে অনেক কথা বলছেন, তাদের থেকে ভোট নিয়েছেন কিন্তু তাদের পিছিয়েই দিয়েছেন। বর্তমান মা-মাটি-মানুষের সরকার এই বিষয়ে মেয়েদের ট্রেনিং দিচ্ছে, তাদের সার্টিফিকেট দিচ্ছে। তারা যে মাছ চাষ করছে তা বিদেশের বাজারে বিক্রি হচ্ছে এবং তা থেকে তাদের আয়ও হচ্ছে। আয় হচ্ছে সরকারের। শুধু তাই নয়, আমরা জানি অনেক বন্ধুরা বলছিলেন। ইলিশ মাছ আস্তে আস্তে বাজার থেকে শেষ হয়ে যাচ্ছে। আমি বলতে চাই,

ইলিশ মাছের সংরক্ষণের জন্য এবং ইলিশ মাছ যাতে না নষ্ট হয়ে যায়, সেইজন্য বর্তমান সরকার ইলিশ মাছের গবেষণা কেন্দ্র দক্ষিণ ২৪-পরগনার ডায়মন্ডহারবারের সুলতানপুরে স্থাপন করেছে। এছাড়া, আমরা আরও জানি যে মিঠা জলের মাছ কিভাবে বড় হয়, মিঠা জলের মাছ কিভাবে তৈরি হয়। অন্ধ্রপ্রদেশের কথা অনেক বন্ধুরা বলছিল। কিন্তু আমাদের সরকার বড় বড় বিল বা জলাশয় যেগুলো আছে, সেই বিল এবং জলাশয়গুলোর সংস্কার করে সেখানে মৎস্যচাষের ব্যবস্থা করেছেন। আমরা আরও জানি যে এই মৎস্যচাষ করতে গিয়ে সরকার আরও এগিয়ে এসেছেন বিভিন্নভাবে মৎস্যচাষীদের সাহায্য করার জন্য। আমরা দেখেছি মৎস্য গবেষণা কেন্দ্র দক্ষিণ ২৪-পরগনার পৈলানে যেমন একটা হয়েছে, ঠিক তেমনি আমরা দেখেছি কল্যাণীতে মৎস্য গবেষণাগার তৈরি হয়েছে। এই মৎস্য গবেষণাগার তৈরি হওয়ার ফলে মাছের উৎপাদন বৃদ্ধি হবে। শুধু দেশে নয়, বিদেশের বাজারেও মৎস্য যাবে। সরকারের ইনকাম হবে। এমনি ভাবে আমাদের সরকার এগিয়ে চলেছে। তাই আমি বলতে চাই মৎস্যের জন্য যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, ২০১৫-১৬ সালের যে ২০ নম্বর দাবী সম্পর্কে যে ব্যয়বরাদ্দের বাজেট পেশ করেছেন, এই বাজেট সম্পর্কে আমি দু-চারটি কথা বলছি। বিরোধীদের আনা কাট মোশনের সমর্থন করে এই বাজেটের বিরোধিতা করছি। আমি প্রথমে এই কথা বলতে চাই যে আমাদের দক্ষিণ বাংলায় মাঝেমধ্যে কাগজে দেখি, টিভিতে দেখি যে মাছের ভেড়ি নিয়ে নিজেদের মধ্যে গোষ্ঠীদ্বন্দ্ব এবং মারামারি আরও অনেক কিছু ঘটনা ঘটে থাকে সাধারণত। ঠিক তেমনিভাবে আমাদের উত্তরবঙ্গে, আমি যেখানে বাস করি আমার কোচবিহার শহর, সেখানে দেখেছি যে গত ২০ বছর ধরে সেখানে যে পৌরসভা দীর্ঘদিন কংগ্রেস ছিল, তারপরে তৃণমূল এসেছিল, এখনও আছে। আমাদের কোচবিহার হল দীঘির শহর। আমাদের মহারাজারা কোচবিহারের তারা দীঘিগুলি করে গেছেন। কিন্তু এই পৌরসভা এই ২০ বছরে, যারা পৌরসভার ক্ষমতায় এসেছিলেন সেই দীঘি ভরাট করে সেখানে বাড়িঘর তৈরি হয়েছে। বিল্ডিং তৈরি হয়েছে। আমার যেটা কথা। যে এই দীঘিগুলি যদি অক্ষত থাকত তাহলে সেখানে সরকারিভাবে মাছের চাষ করা যেত। কিন্তু আমি দেখছি যে দীঘিগুলি এখন একটার পর একটা দীঘি ভরাট চলছে। যাই হোক, যখন এখানে প্রশ্নোত্তর পর্ব চলছিল ইলিশ নিয়ে কথা এখানে উঠেছিল, আমি এই কথাই বলব যে আমাদের কাগজে দেখেছি যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বাংলাদেশে যাবেন। নিশ্চিতভাবে ইলিশের কথা সেখানে হবে।

[5.20 - 5.33 p.m.]

আমি শুধু অনুরোধ করব যে ইলিশ মাছটা যেন আমাদের চ্যাংড়াবান্ধা যে বর্ডার আছে সেইদিকে যেন আসে, তাহলে উত্তরবঙ্গের মানুষ পদ্মার ইলিশের স্বাদ পাব। সেই সঙ্গে উত্তর-পূর্ব ভারতের যে রাজ্যগুলি আছে তারাও এই ইলিশ মাছের স্বাদ পাবে। সেই সঙ্গে এই কথা বলছি এই শীতলকুচিতে ৪৫টি পুকুর কাটার কথা ছিল। পুকুর তো কাটাই হল না। ছয় কোটি টাকা পুকুর

না কেটে উড়ে গেল। সেই পুকুর যদি কাটা হত তাহলে মানুষ সেচের জল তো পেতই, সঙ্গে সেখানে মাছের চাষ করা যেত। কিন্তু সেটা হল না। টাকা কোথায় গেল এটার খোঁজখবর চলছে। দেখা যাক কি হয়। আর মৎস্য চাষে আমাদের এই পশ্চিমবঙ্গে যখন আমরা ক্ষমতাতে ছিলাম, তখন সতেরো বছর ধরে আমরা প্রথম স্থানে ছিলাম। মন্ত্রিমহাশয় বলবেন এখন কত নাম্বার স্থানে আছি। আর মাছে যদি ঘাটতি নাই থাকে তাহলে অন্ধ্রপ্রদেশ, উড়িষ্যা, বিভিন্ন রাজ্য থেকে মাছ কেন আনতে হচ্ছে সেটা মন্ত্রীমহাশয় জবাব দেবেন। আর মৎস্যজীবীদের জন্য যে গীতাঞ্জলি প্রকল্পের কথা বলা হয়েছে একটা সময়ে, আমাদের সেখানে সিলেকশন কমিটিতে রাখা হয়েছিল। আমাদের অশোক দা অর্ডার দেখিয়ে বলেছেন বিস্তারিতভাবে। আমি সেই কথাতে যাব না। আমি শুধু অনুরোধ করব, আপনি ভেবে দেখবেন, পুনরায় আমাদের সেই কমিটিতে রাখা যায় কিনা। আর বোরোলি মাছের কথা বলা হয়েছে। আমাদের কুচবিহারে তোর্সা নদীর বোরোলি মাছ উত্তরবঙ্গের মধ্যে বিখ্যাত, কিন্তু আমার মনে অত্যন্ত দুঃখ এই কারণে যে কিছুদিন আগে এই যে বোরোলি উৎসব হয়ে গেল, সেখানে আড়াইশো না তিনশো টাকা প্লেট ছিল, সেখানে আমরা বিরোধী সদস্য যারা ছিলাম এই বিধানসভার, তাঁরা আমন্ত্রিত হননি। আমরা আমন্ত্রিত হইনি। আর মন্ত্রীমহাশয় সবাইকেই বলেছেন বিরোধীকেও বলেছেন এবং নিজেদের যারা সদস্য রয়েছেন তাদের সবাইকেই বলেছেন যে সচেতনতা বৃদ্ধি করতে হবে। তাহলে এইরকম যদি বিভাজন হয়, তাহলে কিভাবে আমরা তাদেরকে সহযোগিতা করব, সেটা একবার ভেবে দেখবেন। স্যার, জেলেদের মধ্যে নিরক্ষর মানুষ বেশি। এদের সার্টিফিকেট দেবার ব্যাপারে একটু সরলীকরণ করবেন। আর এই যে মাছ মারতে গিয়ে যাদের দুর্ঘটনাতে মৃত্যু ঘটে, তাদের এক লক্ষ টাকা ক্ষতিপূরণের উল্লেখ আছে। আমি বলছি বিষ মদ খেলে যদি দুই লক্ষ টাকা পায়, তাহলে জেলেরা মাছ ধরতে গিয়ে যদি দুর্ঘটনাতে মারা যান, তাহলে কেন তারা দুই লক্ষ টাকা পাবেন না, সেটা মাননীয় মন্ত্রীকে ভাবতে অনুরোধ করছি। যাই হোক আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমস্ত বিধায়ক গণকে ধন্যবাদ জানাই। যারা বিতর্কে অংশ নিয়েছিলেন তাদেরও ধন্যবাদ জানাই। প্রথমেই নগেন্দ্রনাথবাবু শেষ করলেন, আমি ওনাকে দিয়েই আরম্ভ করছি। উনি বললেন ঠিকই বিষমদে মারা গেলে যদি টাকা পাওয়া যায়, তাহলে মৎস্যজীবীরা কেন পাবে না। সেইভাবেই আমাদের প্রকল্প আছে। যারা সমুদ্রে মাছ ধরতে যায়, তাদের মৃত্যু হলে, তাদের মৃতদেহ পাওয়া গেলে টাকা দেওয়া হয় এবং অন্যান্য জায়গায় আমরা কথা বলছি ইনস্যুরেন্স কোম্পানির সঙ্গে, যাতে সেগুলোকেও ইনস্যুরেন্সের মধ্যে আনা যায় যারা মিষ্টি জলে মাছ চাষ করেন। সেই নিয়েও আমরা চিন্তা-ভাবনা করছি। উনি বললেন যে, বোরোলি মাছ, হ্যাঁ ঠিকই, বোরোলি মাছের উৎসব কোচবিহারে হয়েছিল, আমরা সবাইকেই জানিয়েছিলাম, দুঃখিত আমি আপনি খবর পাননি বলে। কারণ, আপনাদের প্রাক্তন এম.পি. ওই প্রোগ্রামে এসেছিলেন। আর যেটা বললেন, ৪৫টা বাড়ি নিয়ে — সেই রকম কোনও প্রকল্প আমাদের ছিল না। আমার আমলে ছিল না, অতীতে কি হয়েছে সেটা বলতে পারবো না, সেই উত্তরটা আপনারাই দিতে পারবেন যে,

আপনাদের আমলে কি হয়েছিল, না হয়েছিল। আর মাছের ভেড়ি নিয়ে মারামারি — এগুলো আপনাদেরই সৃষ্টি। পাবলিক সেক্টরে যারা মাছ চাষ করে, সেই বিষ আপনারাই সৃষ্টি করে গেছেন, এখনো চলছে। আমরা চেষ্টা করছি। আমাদের সেক্টরে যেখানে আমরা মাছ চাষ করি, সেই ভেড়িতে কোনোরকম কোনো অসুবিধা নেই। অশোকবাবু বললেন, যে ঠিকই — আপনি তো বাজেটটা সাপোর্ট করেছেন, তার কারণ হচ্ছে, আপনি আমার জেলার বিধায়ক। সেই হিসেবে আপনি বিরোধিতা করার চেষ্টা করেও প্র্যাকটিক্যালি সাপোর্টটা করেছেন। আপনি হয়তো দেখেননি, গীতাঞ্জলি বাড়ির ব্যাপারে, আগের বছর আমরা যেটা বলেছি, সেটা করেছি। বর্তমানে গীতাঞ্জলি প্রকল্প আমাদের হাতে নেই। সেইজন্য আপনি যে কমিটির কথা বললেন বা যেগুলো বললেন, সেগুলো আবাসন দপ্তর করছে একবছর ধরেই। সেটা অন্য দপ্তরের ব্যাপার, আমি ঠিক বলতে পারবো না তারা কিভাবে করছে না করছে। আমাদের কোনও গীতাঞ্জলি প্রকল্প নেই। আর ভূপেন্দ্রনাথবাবু যেটা বলছিলেন যে, মৎস্যজীবীদের স্বার্থরক্ষা, হ্যাঁ, আপনি কিছুটা বললেন, বাকিটা বলেননি। আমরা মৎস্যজীবীদের ট্রেনিং দিচ্ছি যাতে তারা কিভাবে মাছচাষ করবে না করবে এবং তার সঙ্গে সঙ্গে বিনা পয়সায় খাবারও দিচ্ছি, যাতে মাছচাষ করতে গেলে যে প্রোটিন লাগে — আপনি ঠিকই বলেছেন, মাছেরও পুষ্টির দরকার হয়। সেইজন্য আমরা বিনা পয়সায় খাবারও দিচ্ছি। তার সঙ্গে জাল, হাঁড়ি ইত্যাদিগুলোও দিচ্ছি। আর বক্সার কথা যেগুলো বলছিলেন, সেই তালিকা আমরা করি না, আমাদের অফিসাররা যায়, পঞ্চায়েত সমিতির সঙ্গে করে। তাদের সঙ্গে বসেই তারা তালিকা করে দেয়। আমরা সেগুলো বিলি করি। আর সমবায়গুলো নিয়ে আমরাও ভাবছি। যাতে সমবায়গুলো আমরা দেখেছি এনকোয়ারি করে অনেক সমবায় আগের সরকারের আমলে যেগুলো ছিল — ভুয়ো। তারা লোন নেওয়ার জন্য সমবায় তৈরি করেছিল। পরবর্তীকালে সেগুলো খুঁজে পাওয়া যায়নি। আমরা তাদের তৈরি করেছি ট্রেনিং দিয়ে। যাতে সেইভাবেই সমবায়গুলো হয় এবং কেন্দ্রীয় সরকারের সংস্থা এন.সি.ডি.সি.র সঙ্গেও কথা বলছি সমবায়ের সঙ্গে। ৫ বছরের একটা স্কিম তৈরি করার চেষ্টা করছি, যাতে তারা নিজেরা স্বাবলম্বী হয় এবং সমবায়গুলো চালাতে পারে। আর নদীতে বা খালে মাছ ধরা নিয়ে যেগুলো বলছিলেন, সেগুলো ঠিকই। আমরা মাছ ছাড়ছি। নদীতে, খালে আমরা মাছ ধরা বন্ধ করিনি। যাতে মৎস্যজীবীরা সেই মাছ খেতে পারেন, সেইভাবেই আমরা চেষ্টা করছি যে, মৎস্যজীবীরা সেই মাছ ধরে যাতে নিজেদের পুষ্টি বা বিক্রি করে কিছুটা রোজগার করতে পারে। হ্যাঁ, আপনি ঠিকই বলেছেন, দীর্ঘদিন কোনও রিক্রুটমেন্ট না হওয়ার ফলে এফ.ই.ও. পোস্ট আমাদের কম আছে। আমরা চেষ্টা করছি, আমরা পারমিশনও পেয়ে গেছি। আমরা এস.এস.সি.কে বলেছি, তারা খুব শীঘ্রই পরীক্ষার মাধ্যমে পদগুলো পূরণ করবে। এক-একজন হয়তো দুটো করে ব্লকের দায়িত্বে আছেন। অসুবিধা হচ্ছে। তা সত্ত্বেও তারা কিন্তু মানুষের সঙ্গে যোগাযোগ রাখছে, পঞ্চায়েতের সঙ্গে যোগাযোগ রাখছে। অতীত দিনে হয়তো তারা কাজ করতো না, ঠিকই বলেছেন। কিন্তু আমাদের আমলে কিন্তু তারা যোগাযোগ করে কাজ করছে এবং আমাদের যে স্কিমগুলো পঞ্চায়েত লেভেল থেকে তারাই তুলে আনছে, কেননা তারাই মেন। যারা পঞ্চায়েত স্তরে যোগাযোগ রাখছে, ব্লকে যোগাযোগ রাখছে এবং সেখান থেকে স্কিমগুলো উঠে আসছে। সেইভাবেই আমরা চেষ্টা করে যাচ্ছি। আর আমাদের

যারা বলেছেন — শমীকবাবু বা বনমালীদা বা নমিতা সাহা মহাশয়া — তারা আমাদের যে প্রোগ্রামগুলো আছে, সেগুলোকে তুলে ধরে ...

মিঃ স্পীকার : উইথ দ্যা কনসেন্ট অফ দ্যা হাউস আমি ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী চন্দ্রনাথ সিনহা : তারা সেগুলোকে তুলে ধরেছেন এবং তার ব্যাখ্যা তারা দিয়েছেন। যে কিভাবে আমাদের মৎস্য দপ্তরের কাজ যেগুলো হত না, সেগুলোর চেষ্টা চলছে। তার সঙ্গে সঙ্গে গ্রামীণ মহিলাদের কর্মসংস্থানের জন্য রঙিন মাছে যাতে তারা ইনকাম করতে পারে সেইজন্য আমরা অনুদানও দিচ্ছি। এবং তাদের সমবায় তৈরি করছি এবং তারা যাতে পেশাদারীভাবে চালাতে পারে, তার জন্য নানা উদ্যোগ এবং নোনা জলে মাছ চাষ এবং নদীতেও আমরা মাছের বৃদ্ধির পরিকল্পনা করছি। মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে মৎস্যক্ষেত্রে প্রভূত বিনিয়োগের সম্ভাবনার কথা বিবেচনা করে এবং ব্যক্তিলগ্নির মাধ্যমে তথা মৎস্যক্ষেত্রকে শিল্পের পর্যায়ে উন্নতি করার লক্ষ্যে আমরা বিশেষ উদ্যোগ নিয়েছি। এবং একটি বিশেষ ইনভেস্টমেন্ট প্রোমোশান ইউনিটও আমরা তৈরি করেছি যে, মৎস্য দপ্তরের মাধ্যমেও যে শিল্প করা যায়, সেটা আমরা চেষ্টা করেছি। আপনাদের জানাই যে আমরা এক বছরের মধ্যে ১৩টি প্রকল্প আমাদের জমাও পড়েছে, মৌ স্বাক্ষরিত হয়েছে, তার মধ্যে কয়েকটির উৎপাদনের কাজ শুরু হতে চলেছে। আমরা ফাঁকা মৌ সাইন করিনি, আমরা সেই রকম লোকের সাথেই মৌ সাইন করেছি এনকোয়ারি করে দেখে, যারা সত্যিকারেই শিল্পটা তৈরি করবে। আমরা সকলকে মাছে-ভাতেই রাখতে চাই এবং তার সঙ্গে সঙ্গে মানুষ যাতে প্রোটিনও পায়, সেটাও লক্ষ করছি। মৎস্যচাষ তথা মৎস্যজীবীকুলের সার্বিক উন্নয়নও আমরা করার চেষ্টা করছি। আমার সম্মানীয় সদস্যদের কাছ থেকে আমি আন্তরিক সহযোগিতা কামনা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়কে জানাই আমি সভার মাননীয় সদস্যদের সামনে ২০১৫-১৬ সালের ২০ নম্বর দাবীর অধীনে আর্থিক বছরের মোট ৩১৩.৩৯০৬ কোটি টাকার ব্যয়বরাদ্দের প্রস্তাবটি অনুমোদনের জন্য পেশ করছি এবং কাটমোশান যেটা আছে তার বিরোধিতা করছি।

Mr. Speaker : Now I put to vote the motions of Shri Asit Mitra that the amount of the demand be reduced to Re.1/- and the motion of Shri Gouranga Chatterjee that the amount of the demand be reduced by Rs.100/-. As many as are of the opinion plese say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Noes have it. Noes have it. The cut motions are lost.

I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a a sum of Rs. 313,39,06,000 be granted for expenditure under Demand No. 20, Major Heads : "2235-Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2405-Fisheries, 2415-Agricultural Research and Education, 2515-Other Rural Development Programmes, 2551-Hill Areas, 3451-Secretariat-Economic Services, 4401-Capital Outlay on

Crop Husbandry, 4405-Capital Outlay on Fisheries and 6405-Loans for Fisheries" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 104,46,39,000 already voted on account.)

As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it. The Demand No. 20 is passed.

Adjournment

The House was then adjourned at 5.32 p.m. till 10.00 a.m. on Friday, the 5th June, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 5th June, 2015 at 10.00 a.m.

PRESENT

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 25 Ministers, 7 Ministers of State, 18 Parliamentary Secretaries and 166 Members.

[10.00 - 10.10 a.m.]

...(গোলমাল)...

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, পয়েন্ট অফ অর্ডার আছে।

...(গোলমাল)...

শ্রী মনোজ চক্রবর্তী : ম্যাগির ব্যাপারে একটা রিপোর্ট এসেছে। সেই ব্যাপারে বিবৃতি দিতে হবে।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : পৌরসভা একটা আলাদা সংস্থা। প্লিজ। পৌরসভা একটা স্বশাসিত সংস্থা তারা কি ব্যবস্থা গ্রহণ করবে সেটা তাদের ম্যাটার। আজকে শুক্রবার এটা একটু বুঝতে হবে।

...(গোলমাল)...

হয়েছে, আমি শুনে নিয়েছি, শুনে নিয়েছি। প্লিজ, সবাই মিলে কথা বললে কারোরটাই শুনতে পারবো না। আপনি বলেছেন আমি শুনেছি। প্লিজ, অসিতবাবু বসুন। একজন বলুন।

শ্রী মনোজ চক্রবর্তী : কলকাতা পুরসভার স্বাস্থ্য দপ্তরে ম্যাগির রিপোর্ট পাঠিয়ে দিয়েছে। সেই রিপোর্ট বিধানসভায় আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে বলুন সকল সদস্যকে, রাজ্যবাসীকে যাতে অবহিত করেন।

মিঃ স্পীকার : আমি বলছি, এটা একটা স্বশাসিত সংস্থা—স্ট্যাটুটারি বডি। কলকাতা কর্পোরেশান একটা স্ট্যাটুটারি বডি। তাদের নিজস্ব ইনফ্রাস্ট্রাকচার রয়েছে। তারা কি সিদ্ধান্ত নেবে সেটা তাদরে ব্যাপার। আমি তাদের ফোর্স করতে পারি না আমাদের বিধানসভায় রিপোর্টটা দেওয়ার জন্য। ধন্যবাদ।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the First Report of the Standing Committee on Power & Non-Conventional Energy Sources (2014-2015)

Shri Md. Sohrab : Hon'ble Speaker, Sir, I beg to present the First

Report of the Standing Committee on Power & Non-Conventional energy Sources (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of Demand for grant relating to the Power & Non-Conventional Energy Sources Department for the year 2015-2016.

Presentation of the first Report of the Standing Committee on Minority Affairs (2014-2015)

Dr. M. Nuruzzaman : Mr. Speaker, Sir, I beg to present the First Report of the Standing Commitee on Minority Affairs (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Minority Affairs and Madrasah Education Department for the year 2015-2016.

GOVERNMENT BUSINESS
LAYING OF REPORT

The 55th annual report containing Annual Accounts, Auditor's Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal State Warehousing Corporation for the year 2012-2013 -- Dr. Amit Mitra to lay

Dr. Amit Mitra : Mr. Speaker, Sir, with your kind permission I beg to lay the 55th Annual Report containing Annual Accounts, auditor's Report and Comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Warehousing Corporation for the year 2012-2013.

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS
Demand No. 25

Mr. Speaker : Demand No. 25 relates to Public Works Department. There is one cut motion of Shri Asit Mitra. The Cut Motion is in order and taken as moved.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re.1/-.

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, আমি প্রথমে একটা জিনিস বলতে চাই, গতকাল মুর্শিদাবাদে একজন সিপিএমের কর্মীকে নৃশংসভাবে খুন করা হয়েছে। রাজ্যে একটা জঙ্গলের রাজত্ব কায়েম হয়ে গেছে। সেই বিষয়টা আমি আপনার দৃষ্টিগোচরে আনতে চাইছি। স্যার, এখানে মাননীয় মন্ত্রী শঙ্কর চক্রবর্তী মহাশয় পূর্ত দপ্তরের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং তার উপরে আমাদের যে কাট মোশান আছে তার সমর্থনে আমি দু-একটা কথা উল্লেখ করতে চাই। আমাদের রাজ্যে এখন Treasury Bench-এর লোকেরা বিভিন্ন budget-এর উপরে

আলোচনা করতে গিয়ে প্রায়ই এটা বলছেন যে, ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের আমলে নাকি কিছুই হয়নি। আমি সেইজন্য তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই এই যে, পূর্ত দপ্তর একটা পুরোনো ঐতিহ্যপূর্ণ দপ্তর। ১৯৭৭ সালে যখন পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার এলো একটা কঙ্কালসার ধ্বংসস্তূপের উপরে দাঁড়িয়ে পশ্চিমবাংলার উন্নয়ন এবং পশ্চিমবাংলার পরিকাঠামো উন্নয়নের কাজকর্ম তারা শুরু করে। আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই যে, দ্বিতীয় হুগলি সেতু থেকে শুরু করে যতগুলো কলকাতার fly-over, আজকে যেখানে নবান্নে বসে ওনারা কাজ করছেন, সেই বাড়ি বামফ্রন্টের আমলে তৈরি হয়েছে। মাননীয় মন্ত্রী যেখান বসে কাজ করেন সেই পূর্ত ভবন বামফ্রন্টের আমলে তৈরি হয়েছে। যোগাযোগ ব্যবস্থা কিছুই ছিল না। লাল মোরামের রাস্তা, সেগুলো পূর্তদপ্তর take over করার পরে সেই রাস্তার উপরে আপনার পিচ হয়। সেই রাস্তাগুলোকে strengthening করা হয়। একই সঙ্গে জেলার বিভিন্ন স্তরে যে প্রশাসনিক ভবন সেগুলোকে তৈরি করা এবং তার পরিকাঠামো আরো উন্নয়ন করা, উন্নতিসাধন করা এই কাজ ক্রমাগত করে গেছে। সেই ভিতের উপরে দাঁড়িয়ে আপনি কাজটা শুরু করেছেন।

আমি সেইজন্য আপনাকে বলতে চাই, সেটা হচ্ছে এই যে, আপনার দপ্তরের দুটোভাগ, একটা হচ্ছে, পূর্ত এবং পূর্ত সড়ক। সেখানে আপনি আমাদের রাজ্যের ভেতরে যে সমস্ত জাতীয় সড়কগুলো আছে, তার আপনি কাজকর্মগুলো করেন। আর আমাদের রাজ্যের ভেতরে যে আপনার state highway আছে, তারও আরো আপনার চারটে, তিনটে ভাগ যা রয়েছে। এগুলোর আপনি কাজকর্মগুলো করেন। আমি আপনার বাজেটে যেটা দেখছিলাম যে, সব মিলিয়ে আপনি ২০১১ সালের পর থেকে bridge এবং রাস্তা সব মিলিয়ে আপনি প্রায় ৪৯টির মতো করেছেন বলে দাবি করেছেন। কিন্তু আপনার এই তথ্যে কারচুপি আছে। যদি আমার ভুল হয়ে থাকে আপনি সংশোধন করে দেবেন। যেমন ধরুন, আপনি কোতুলপুরের ইন্দাস-সাম্রঘাটের উপরে একটা bridge-এর কথা বলেছেন। যে, আপনি নাকি এটা ফের করেছেন। আমার কাছে ২০১০-১১ সালের বাজেট বই আছে। এই ২০১০-১১ সালে এইটার work order দিয়ে কাজ শুরু হয়। আপনি যেটা করেছেন, সেটা হচ্ছে যে, উপরের আপনার কাজটা করার পরে আপনি পিলারটা বসিয়ে রং করে উদ্বোধন করে দিয়েছেন। আপনি দাবি করছেন, এই কাজ আপনি করেছেন। পুরুলিয়ার পলিটেকনিক, বান্দোয়ান। এটা বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে, আপনি সেটাকে দাবি করেছেন আপনার আমলে আপনি নাকি তৈরি করে দিয়েছেন। সেইজন্য অসংখ্য ধরনের কথাবার্তা যা আপনি করেননি সেগুলো আপনি বলবার চেষ্টা করেছেন। আমার বক্তব্য হচ্ছে, আপনার vision-টা কি? আপনি কি করতে চাইছেন? আপনার এখন কাজ করার অনেকগুলো সুযোগ তৈরি হয়ে গেছে। বামফ্রন্টের আমলে ছিল না BRGF (Backward Region Grant Fund) এখন আপনি পাচ্ছেন। অনেক টাকা আপনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনি পাচ্ছেন। আমরা দেখছি যে, জাতীয় সড়কের অনেক অংশে এখনও ভাঙাফুটো হয়ে আছে, সেগুলো মেরামত হচ্ছে না। State highway-রও আপনার কতগুলো জায়গা ভাঙাফুটো আছে সেগুলো মেরামত করা হচ্ছে না। আমার বক্তব্যটা হচ্ছে, রাজ্য সড়ক জাতীয় সড়কের সঙ্গে প্রত্যেক জেলার head quarter,

এর সঙ্গে মহকুমা head quarter এবং মহকুমার সঙ্গে জেলার যোগাযোগকারী যে সমস্ত রাস্তাগুলো আছে আমি খুঁটিয়ে খুঁটিয়ে আপনার ২০১৫ সালের যে প্রস্তাব সেটাও দেখলাম। আর ২০১৪-১৫ সালে আপনি যেগুলো করেছেন সেগুলোও আমি পড়ে দেখলাম। আমি কয়েকদিন আগে আপনাকে একটা চিঠি দিয়েছিলাম, মাননীয় মন্ত্রীকে। একটা ব্লক head quarter যেখানে যোগাযোগের রাস্তা মেরামত হয়নি (তালডাংরা ব্লক)। ব্লক থেকে মহকুমার যোগাযোগের রাস্তা—চার বছর একাদানাও পিচ পড়েনি। যেখানে spot hole হয়ে আছে সেগুলোতে একটা মোরামের ঝুড়ি পর্যন্ত পড়েনি।

[10.10 - 10.20 a.m.]

মানুষের যোগাযোগের যে ব্যবস্থা সেখানে একেবারে সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে। প্রত্যেকটা জেলার এইরকম অসংখ্য রাস্তা আছে, সেইজন্য এগুলিকে স্ট্রেনদেন করবার জন্য আপনার সরকার এবং আপনার ডিপার্টমেন্টের কি দৃষ্টিভঙ্গী এটা? আপনার স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট এখানে বেরিয়েছে, এখানে আপনি দাবী করছেন, আপনি নাকি বিরাট সাফল্য করেছেন। পূর্ত সড়ক বিভাগে আপনার এই যে স্ট্যান্ডিং কমিটির রিপোর্ট, সেই রিপোর্টে দেখা যাচ্ছে যে আপনার ফান্ড যা রিলিজ হয়েছে আপনার বিভিন্ন খাত থেকে, সেই টাকা আপনি সম্পূর্ণ খরচ করতে পারেননি। এর কারণ সম্বন্ধে কমিটির যে অবজারভেশান সেটা হচ্ছে এই, যে ৫ বার, ৬ বার টেন্ডার ডাকার পরেও ঠিকাদাররা কাজ করতে আসছে না। কেন, কাজ করতে আসছে না? শাসকদলের ভৈরব বাহিনী তারা কাজ করার আগে ঠিকাদারকে বলছে এত টাকা লাগবে। টাকার জুলুমের জন্য প্রত্যেকটা জেলায় এই রকম অসংখ্য কাজ আটকে আছে। এই প্রি-ভোটিং বাজেট রিপোর্ট, তাদের রিপোর্টে, এটা আমার কথা নয়, এটা আপনি পড়ে দেখবেন। ঠিক, সেই রকম এখানে দেখা যাচ্ছে, এন্ট্রি ট্যাক্স ফান্ড, সেই টাকাও আপনি খরচ করতে পারেননি, প্রায় ৬০ কোটি টাকা আপনার পড়ে আছে। জমি অধিগ্রহণের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ হয়েছিল, সেই টাকা আপনি খরচ করতে পারেননি। হেরিটেজ কনজারভেশানের জন্য যে টাকা বরাদ্দ হয়েছিল, সেই টাকাও আপনি খরচ করতে পারেননি। ওয়ার্ক চার্জড এসটাবলিশমেন্ট-এর জন্য যে টাকা সেই টাকাও খরচ করতে পারেননি। সবচেয়ে দুঃখের বিষয়টা হচ্ছে এই, দুই বছর আগে মহাকরণ থেকে নবান্নয় চলে গেছে, আজকে এই দুই বছরের মধ্যে মহাকরণের কাজ এখনও শুরু হয়নি। এখানে রিপোর্টে উল্লেখ করা হয়েছে। পরিতাপের বিষয়টা হচ্ছে এই, যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে এখনও নাকি ডিপিআর এখনও তৈরি হয়নি।

(সময় শেষ হয়ে যাওয়ায়, বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী নির্মল ঘোষ : স্যার, পূর্ত দপ্তরের ব্যয়-বরাদ্দের প্রস্তাব ২৫ নম্বর দাবী মাননীয় মন্ত্রী শঙ্কর চক্রবর্তীর আনা একে পূর্ণ সমর্থন জানিয়ে বিরোধী দলের পক্ষ থেকে যে কাটমোশানগুলি নিয়ে এসেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা এই সদনে নিবেদন করতে চাই। স্যার, আমরা সবাই চাই যে আমার রাস্তাটি পি ডাবলিউ ডি করুক। আমরা জানি কেএমডিএ রয়েছে, পৌর দপ্তর রয়েছে, বিভিন্ন দপ্তর রাস্তার কাজ করে থাকে। পঞ্চায়েত করে থাকে, জেলা

পরিষদও করে থাকে। কিন্তু আমরা সবাই চাই, পূর্ত দপ্তর আমাদের রাস্তাটি করুক, কারণ এটাই হচ্ছে পূর্ত দপ্তরের গুণগত মর্যাদা যে, পূর্ত দপ্তর যদি কোনও রাস্তা তৈরি করে সেই রাস্তার একটা দীর্ঘস্থায়ী রাস্তা হয় এবং তার গুণগত মান ঠিক থাকে আমি মাননীয় মন্ত্রীকে স্যার, ধন্যবাদ দিতে চাই, যে এবারেও তিনি এই গুণগত মান রাস্তা তৈরি করলেই হবে না, রাস্তার যে গুণগতমান সেই মানকে নির্ধারণ করার জন্য তিনি একটা সংস্থা তৈরি করেছেন, যার মাধ্যমে তিনি এই রিসার্চ অ্যান্ড ডেভলপমেন্ট এই দুটোকে নিয়ে তিনি কাজ করতে পারবেন। স্যার, এই দপ্তরের দায়িত্ব অসীম। ব্যয়বরাদ্দ নিয়ে বলি, মনোরঞ্জনবাবু বলেছেন, আমি বলি ৩৪ বছরে আপনারা যে বাজেট পেশ করেছেন, একটু টাকার অঙ্কটা যদি দেখেন, সেন্ট্রাল প্রোজেক্ট ছাড়াও শুধু রাজ্যের টাকাটা যদি দেখেন ৪,৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার কোটি টাকা। টাকার অঙ্কটা যদি দেখেন, এই চার বছর পার করে পঞ্চম বছরে যখন আমরা এসেছি, '১৫-১৬-তে তখন এই টাকার অঙ্কটা যদি দেখেন মনোরঞ্জনবাবু তাহলে বুঝতে পারবেন যে এই পূর্ত দপ্তর কি পরিমাণ কাজের দায়িত্ব তারা নিয়েছিল, সেটা করেছে এবং আরো কতবড় দায়িত্ব এই বাংলার উন্নয়নে তারা গ্রহণ করেছেন, স্যার, ১৫৭০২ কিমি রাস্তা পূর্ত দপ্তর রক্ষণাবেক্ষণ করবে নাকি উন্নয়নের দায়িত্বে রয়েছে? এগুলোর মধ্যে রাজ্য সড়ক রয়েছে প্রায় ৩৮৩০ কিমি। ৯৪৫৮ কিমি প্রধান জেলা সড়ক, ৯২০ কিমি অন্যান্য জেলা সড়ক এবং ১৪৫৪ কিমি গ্রামীণ সড়ক এবং ৪০ কিমি সীমান্ত বি.ও.পি. রয়েছে। এগুলো করতে গিয়ে এই সরকার একটা প্রশাসনিক ক্যালেন্ডার বের করেছে। এই ক্যালেন্ডারের অর্থ হচ্ছে, আমি কি কাজ করব, কবে করব এবং আমার দায়বদ্ধতা থাকবে বাংলার মানুষের কাছে এবং এই বিধানসভার কাছে। সেই দায়বদ্ধতা এই সরকার গ্রহণ করেছেন। পরপর প্রশাসনিক ক্যালেন্ডার বের করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী জেলায় জেলায় ঘুরে তিনি প্রশাসনিক স্তরে সভা করে, প্রত্যেকটি দপ্তরের যেমন করে তিনি কাজের পর্যালোচনা করেন, পূর্ত দপ্তরের কাজও তিনি পর্যালোচনা করেন। তার জন্য আজকে রাজ্যে পূর্ত দপ্তর শুধু রাস্তাই তৈরি করে না, পূর্ত দপ্তর তৈরি করে না এমন কোনও জায়গা নেই। অফিস বিল্ডিং বলুন, দমকল বিল্ডিং বলুন, শিক্ষাক্ষেত্র বলুন, টেকনিক্যাল বিশ্ববিদ্যালয় বলুন, যে কোনও ক্ষেত্রেই আমরা সবাই চাই পি.ডব্লু.ডি. আমাদের কাজটি করে দিক। তারপরেই এই দপ্তর আবার একটি নতুন দিগন্ত খুলে দিয়েছে। রাস্তায় চলতে চলতে মানুষের সুলভ শৌচালয় দরকার, সেই সুলভ শৌচালয় হচ্ছে এবং থাকার জন্য রাতে মোটেল দরকার, সেগুলো তারা করছেন। আপনারা জানেন, এই দপ্তর কলকাতার আলিপুরে 'ধনধান্য' বলে একটি সংস্থা তৈরি করে মুক্তমঞ্চ তৈরি করেছেন, বাণিজ্যিক কমপ্লেক্স তৈরি করেছেন এবং আড়াই হাজার আসনবিশিষ্ট কনভেনশান সেন্টার তৈরির কাজ প্রায় শেষ করেছেন। স্যার, এই যে ২০১৪-১৫ আর্থিক বছর গেল, যারা দেখতে পান না বিরোধীরা, তাদের বলি রাজ্যে আমরা সড়ক তৈরি করেছি ৬৮০.৭৯ কিমি এবং প্রধান জেলা সড়ক ৬০৯.৭৬ কিমি। অন্যান্য জেলা সড়ক ৫৮৮.১৩ কিমি, গ্রামীণ সড়ক ৪২৮.৮০ কিমি তৈরি হয়েছে। স্যার, কেন্দ্রীয় সরকার কর্তৃক কতগুলি প্রোজেক্ট রয়েছে, আমরা দীর্ঘদিন আছি এই সদনে, আমরা দেখেছি কেন্দ্রীয় প্রোজেক্ট তৈরি করে দেওয়ার ক্ষেত্রে আমাদের আগের রাজ্য সরকার সবসময় পিছিয়ে থাকতেন। আজকে

এই মা-মাটি-মানুষের সরকার মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে এই পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী তিনি বিশেষ অনগ্রসর অঞ্চল যেটাকে বি.আর.জি.এফ. বলা হয়, সেক্ষেত্রে আপনারা জানেন যে কেন্দ্রীয় অর্থের যে stringency আছে, কেন্দ্রীয় অর্থের যে বঞ্চনা আছে, সেটা আপনারা সবাই জানেন, এই ক্ষেত্রে ২০১৪-১৫ সালে ৬৬৯.৬০ কিমি দৈর্ঘ্য সমন্বিত বিভিন্ন সড়ক প্রকল্প এবং একটি সেতু নির্মাণ প্রকল্পের কাজ তিনি শেষ করেছেন বি.আর.জি.এফ.-এর মাধ্যমে। পশ্চিমবঙ্গ ক্ষতিপূরণমূলক প্রবেশ কর তহবিল, যেটা compensatory entry tax fund পায় তাতেও তিনি অংশগ্রহণ করেছেন। সি.আর.এফ. যেটা কেন্দ্রীয় সড়ক তহবিল সেখানেও তিনি তার আওতায় ৮৯.১৬ কিমি দীর্ঘ চারটি বড় সড়ক করেছেন। গ্রামীণ পরিকাঠামোর ক্ষেত্রে, আর.আই.ডি.এফ.-এর ক্ষেত্রে একটা নতুন দিগন্ত এই দপ্তর খুলেছেন। মূল পরিকল্পনা যেটা কোর প্ল্যান, যেটা সেন্ট্রাল অ্যাসিস্টেন্স, সেখানেও আপনি দেখবেন ৫২৬.৮৫ কিমি দৈর্ঘ্যের ১০৫টি সড়ক এবং ৯টি সেতু নির্মাণের কাজ শেষ করে ফেলেছেন। যেটা অনেক সময় প্রকল্প তৈরি করা এবং কাজে টেন্ডার করা এবং বিশেষ করে ই-টেন্ডারিংয়ে যাওয়া এই সমস্ত কাজগুলো করতে অসুবিধা ছিল সেগুলো এই দপ্তর শেষ করেছে। এই দপ্তরের সবথেকে বড় কাজ, যেকোনো কাজে আমরা যখনই মাননীয় মন্ত্রীর কাছে যাই, যেকোনো দলেরই হোক, কেউ যখন তার কাছে যায়, আমরা দেখেছি তৎক্ষণাৎ তিনি সেটা গ্রহণ করেন এবং সেই অফিসারকে ডেকে কথা বলার চেষ্টা করেন এবং কাজটা সুষ্ঠুভাবে সমাপন করার চেষ্টা করেন। এই যে একটি গুণ, মন্ত্রীর কাছে গিয়ে আমি আমার এলাকার কথা, আমার বিধানসভার কথা, আমার এলাকার রাস্তার কথা আমি বলব এবং মন্ত্রী সেটা শুনবেন। এই সুন্দর ব্যবহারটি আমাদের মন্ত্রীর রয়েছে।

[10.20 – 10.30 a.m.]

স্যার, এখানে কোর পরিকল্পনার কথা আমি বলেছি, কোর পরিকল্পনার তহবিল থেকে বর্ধমান, উলুবেড়িয়া, কামারকুণ্ডু, নৈহাটি, উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের জন্য সড়ক নির্মাণের প্রস্তাব অনুমোদিত হয়েছে। আমাদের উত্তর ২৪-পরগনায় কাটাখাল নদীর উপরে একটা ব্রীজের কাজ ওরা শুরু করেছিলেন। হিঙ্গলগঞ্জের সঙ্গে যোগাযোগের জন্য আজও সেই মান্ধাতার আমলের নৌকা করে ও বার্জ করে পারাপার করা হয়। এখানে আবার নতুন করে রাজ্য ও কেন্দ্রীয় প্রকল্পটি অনুমোদিত হয়ে গেছে এবং কাজ শীঘ্রই শুরু হবে। স্যার, আমি এই রাজ্যের উন্নয়নের বিভিন্ন দিক না গিয়ে জঙ্গলমহলের ছোট্ট একটি উদাহরণ দিতে চাই। জঙ্গলমহল নিয়ে আমাদের বিধানসভা যেমন উদ্বেগের মধ্যে ছিল, রাজ্যবাসী উদ্বেগের মধ্যে ছিল, তেমনি ভারতের মানুষ উদ্বেগের মধ্যে ছিল। সেই জঙ্গলমহল — পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়া — বিশেষ করে জঙ্গলমহলের লালগড় থেকে শুরু করে আমলাশোল পর্যন্ত একটা বিস্তীর্ণ অঞ্চলে এই পূর্ত দপ্তর মেজর কাজগুলো রয়েছে। স্যার, সময়াভাবে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই, প্রত্যেকটি এলাকায়, প্রত্যেকটি রাস্তাতে, শুধু রাস্তা নয় সেখানকার স্কুল, সেখানকার হাসপাতাল, প্রাইমারি হাসপাতাল, সবগুলো তৈরি হয়েছে। আজকে জঙ্গলমহল এলাকার যে সমস্ত বন্ধুরা রয়েছে তারা নিশ্চয় স্বীকার করবেন, পূর্ত দপ্তর এবং রাজ্যের মুখ্যমন্ত্রী বারবার জঙ্গলমহলে গিয়ে রাজ্যবাসীর সঙ্গে সেখানকার মানুষকে জুড়ে দিয়েছেন। সেখানকার মানুষ আজকে না

খেয়ে মরে না, তারা রাস্তা দিয়ে হাঁটতে পারে, তারা হাসপাতালে যেতে পারে, মানুষ স্কুলে যেতে পারে। স্যার, Widening & Strengthening of Jhalda - Bagmundi road; Srengthening of Chakoltore - Barabazar road; Widening & Strengthening of Purulia - Ranchi Road; Wedening & Strengthening of Barakar - Purulia road, এমনি করে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর এবং পশ্চিম মেদিনীপুরের জঙ্গলমহলের বিস্তীর্ণ এলাকায় মানুষের কাছে অনেক রাস্তা তৈরি করে দেওয়া হয়েছে। তাদের দীর্ঘদিনের যে বঞ্চনা ছিল, সেই বঞ্চনার হাত থেকে সরকার তাদের মুক্ত করেছে। আমি কয়েকটি কথা ছোট্ট করে বলতে চাই, ২০১১ সালে আমরা যখন এখানে এসেছি, জাতীয় সড়ক হলেও গ্রান্ড ট্যাঙ্ক রোডের অবস্থাটা কি ছিল। উত্তর ও দক্ষিণ ২৪-পরগনার প্রত্যেকটি রাস্তার অবস্থা খুব খারাপ ছিল। বিগত চার বছরে তার অনেক উন্নতি হয়েছে। এন.আই.এইচ-এর একটি পার্ট যেটা বড় জাগুলিয়া পর্যন্ত রয়েছে, এই রাস্তাটি একেবারে নদীয়া হয়ে উত্তরবঙ্গে গিয়েছে সেটার উপরে আরেকটু জোর দিন। ন্যাশনাল হাইওয়ে থার্টি ফোর রাস্তাটির অবস্থা এখনও খারাপ হয়ে আছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে ঠিক করার জন্য আমি অনুরোধ করব। টাকি রোড অত্যন্ত সুন্দর করে আপনি করেছেন, কিন্তু Build & Operate এই করে যদি আপনি হ্যান্ডওভার করে থাকেন তাহলে রেগুলার মেইনটেনেন্স করছে কিনা, এটা আপনাকে দেখতে হবে। টাকি রোড ও বনগাঁ রোড, এই দুটোই আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সঙ্গে যোগাযোগের রাস্তা। এইজন্য আপনাকে এই রাস্তাটির উপরে নজর দেওয়ার জন্য অনুরোধ করব। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী মইনুল হক : মিঃ স্পীকার স্যার, মাননীয় পূর্তমন্ত্রী ২৫ নম্বর দাবির অধীনে ২০১৫-১৬ সালের জন্য ব্যয়-বরাদ্দ পেশ করেছেন প্রায় ৪,৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকা। এই বরাদ্দের মধ্যে সচিবালয়, পূর্ত ও কর্ম, শিল্প ও সংস্কৃতি, আবাসন, অন্যান্য সামাজিক পরিষেবা, সড়ক ও সেতু ইত্যাদি ইত্যাদি খাত আছে। শুধু সড়ক নিয়ে, বিশেষ করে রাস্তা নিয়ে আমার বক্তব্য সীমিত থাকবে। আমি প্রথমেই বলি, মাননীয় মন্ত্রীর কাছে আমার যেটা জানার আছে, আপনি যে এলাকার প্রতিনিধিত্ব করেন তার সংলগ্ন যে একটা গুরুত্বপূর্ণ রাস্তা এন.এইচ. ৩৪, বারাসাত থেকে ডালখোলা প্রায় ৪৭৫ কিলোমিটার, যে রাস্তা মাননীয় প্রণববাবু ২০০৮ সালে তিনি এর ভিত্তি স্থাপন করেছিলেন ফোর লেনের। যে রাস্তা নিয়ে বিগত বামফ্রন্ট সরকার তারাও উদাসীন ছিলেন এবং আপনারা ২০১১ সালে ক্ষমতায় আসার পর এন.এইচ. ৩৪-এ যতটুকু কাজ হয়েছে আমাদের মুর্শিদাবাদ জেলায় আমরা সর্বতোভাবে সেখানে সাহায্য করে কাজটা আমরা করাতে পেরেছি। বাকি বারাসাত থেকে যে কাজ বহরমপুর পর্যন্ত। বহরমপুর থেকে যে বাইপাস রাস্তা শিবপুর মোড়ে গিয়ে মিলবে, এখনো পর্যন্ত সেখানে জমির সমস্যা মেটেনি। গঙ্গানদীর ওপরে তার ব্রিজের কাজ প্রায় শেষের দিকে, কিন্তু আপনার রাস্তা কমপ্লিট হচ্ছে না। আপনারা ফারাক্কা থেকে মালদা পর্যন্ত আমার জানা আছে কোনও জমির সমস্যা নেই। অথচ গত পাঁচ বছর ধরে কোনও কাজ হচ্ছে না। আপনার নিশ্চয় জানা আছে যে কালিয়াচক — দিনের পর দিন মানুষ যারা সেখানে এই রাস্তা দিয়ে যাতায়াত করেন তা একটা

অভিশাপ, ওই রাস্তা দিয়ে যাওয়া মানে একটা আতঙ্ক। রাস্তা বার বার ক্লিয়ার করেছে, ভাঙচুর হয়েছে। সমস্ত মানুষ বাজার সমিতি থেকে শুরু করে তারা সহযোগিতা করেছে। অথচ সেখানে কাজে হাত দেওয়া হয়নি, অত্যন্ত দুর্ভাগ্যের। আপনারা মালদা-ইংলিশ বাজার ঢোকার আগে যে বাইপাস, আপনি খোঁজ নিন, ব্রিজের কাজ প্রায় শেষ। বাইপাসের কাজ এক ইঞ্চিও করা যায়নি। আজকে অত্যন্ত দুর্ভাগ্যের এইরকম একটা জাতীয় সড়ক, একটা গুরুত্বপূর্ণ জাতীয় সড়ক, সেই নিয়ে আপনার কোনও মাথাব্যথা নেই, আপনার দপ্তরের কোনও মাথাব্যথা নেই। ন্যাশনাল হাইওয়ে — কেন্দ্রীয় সরকারের এই গল্প করে কোনও লাভ নেই। এর আগে ক্ষিতি গোস্বামী, তিনি অন্তত আমাদের জেলায় পাঁচবার মিটিং করেছেন, আপনি একটাও মিটিং করেননি — না মালদা, না মুর্শিদাবাদে। আপনি শুধু দিল্লি — এটা দিল্লির, কেন্দ্রীয় সরকারের এই গল্প শুনতে আমরা রাজি নই। এটা আপনার একটা দায়িত্বের মধ্যে পড়ে। এতবড় গুরুত্বপূর্ণ রাস্তা — কেন? কিসের জন্য সেখানে রাজ্য সরকার কোনও উদ্যোগ নেবে না? আজকে এন.এইচ. ৩১ যেটা শিলিগুড়ি থেকে একদিকে বিহার-ঝাড়খণ্ড, একদিকে শিলিগুড়ি হয়ে আসাম — এত বড় একটা গুরুত্বপূর্ণ রাস্তা, সেখানে আপনার এখনও পর্যন্ত ইসলামপুর ফোর লেন করা সম্ভব হয়নি পনেরো বছর হয়ে গেল।

[10.30 - 10.40 a.m.]

গত ১৫ বছরে ইসলামপুরে আপনি হাত দিতে পারেননি, একটু দয়া করে জানাবেন, কোথায় অসুবিধা ভোট ব্যাঙ্ক? আপনাদের তো ওখানে ভোট ব্যাঙ্ক নেই, তাহলে অসুবিধাটা কোথায়? আজকে অত্যন্ত লজ্জার কথা, যে বিধাননগর থেকে শিলিগুড়ি পর্যন্ত সেই রাস্তা এখনও পর্যন্ত ফোর লেন হল না। জানতে পারি কি কারণে, কীসের জন্য! আপনি আপনার খাতের টাকা যেটা বরাদ্দ হয় সেটা সময় মতো খরচ করতে পারেন না। আপনি সেই টাকা সময় মতো খরচ করতে পারেন না। তার জন্য আপনারা কাজে হাত দেন বর্ষাকালে, যখন কাজ করার কোনও সুযোগ থাকে না। বীরভূমের নিশ্চয় প্রতিনিধিরা এখানে আছেন, ওই পানাগড় দার্জিলিং-এর মোড় থেকে — মৌরগ্রাম পর্যন্ত যে রাস্তা NH-62 — সেখানে আপনি এলাকা ঘোরেন, আমার জানা নেই। আপনি একটু দেখে আসুন তো, কি অবস্থা — শুধু বক্রেশ্বর thermal power-এর কথা বলছি না, ওই রাস্তা অনেক গুরুত্বপূর্ণ রাস্তা। টোটাল Delhi-Mumbai সমস্ত রাজ্য থেকে ট্রাক — North Bengal থেকে Assam সমস্ত পূর্ব ভারত — ওই রাস্তা একমাত্র যোগাযোগের কেন্দ্র। দীর্ঘদিন ধরে এমন অবস্থা ওই Thermal Power-এর সামনে মনে হচ্ছে যে মাছ চাষ করা যাবে, এত গর্তে ভরা। দিনের পর দিন ওই রাস্তা 62 হওয়ার পর, একবারই repair হয়েছে। তার পরে আর কোনও কাজ হয়নি। কেন? আপনারা তো খতিয়ান দিচ্ছেন, এই জেলায় এত কিলোমিটার নতুন রাস্তা করলাম, ওখানে করলাম — কিন্তু যেটা আছে, সেই রাস্তাটা কেন মেরামত হবে না। আজকে আপনাকে বহুবার বলা হয়েছে। ২০০০ সাল থেকে NH-80, নীতীশ কুমার রেলমন্ত্রী, বাজপেয়ী সরকারের আমলে, সেই Mokama থেকে Farakka — বিহার হয়ে ঝাড়খণ্ড হয়ে NH-80-র সূচনা হয়েছিল। NH-80-র কাজ কে করবে? রাজ্য সরকার করবে। টাকা কেন্দ্র দেবে, কাজ আপনারা করবেন। বিহার সরকার,

ঝাড়খণ্ড সরকার তাদের কাজ প্রায় শেষের দিকে। লজ্জা হয় আমাদের পশ্চিমবাংলার মানুষ বলতে। মাত্র ১২ কিলোমিটার রাস্তা — আপনাকে বহুবার বলা হয়েছে, আপনাকে চিঠি দিয়েছি আপনি কোনও রিপ্লাই দেননি। এতদিনে ডি.পি.আর হল—২০১৫, ১৫ বছরে DPR হয়েছে। কার agency জানি না, তারা এখনও survey করেনি। বলুন আপনি, ১১ বছরে ওরা তো করেনি, কিন্তু চার বছরে — DPRটাও আমাদের দৌড়ঝাঁপ করে দিল্লি-টিল্লি করে হয়েছে। মন্ত্রী আমার বাড়ির পাশের মন্ত্রী, আমি Farakka, Malda তারপরে Balurhgat। ওনার কোনও idea নেই ওই রাস্তাটা কতটা গুরুত্বপূর্ণ রাস্তা, আপনার কোনও idea নেই। টোটাল আপনারা balas থেকে বোল্ডার, লালমাটি থেকে শুরু করে সমস্ত maetrial ওই রাস্তা দিয়ে আসে। এই মালদা-মুর্শিদাবাদে ঝাড়খণ্ডের অন্তত দুই হাজার গাড়ি, ওই রাস্তা দিয়ে চলে। বাংলাদেশ পর্যন্ত, হিলি বর্ডার হয়ে বাংলাদেশ পর্যন্ত মালগুলো যায়, অথচ আপনার কোনও ভ্রূক্ষেপ নেই। খুবই লজ্জার বিষয়, বামফ্রন্ট তো করেনি, ক্ষিতি গোস্বামী তো আমাকে লাস্টে বলেছিল, যখন প্রণববাবুকে নিয়ে একটা অনুষ্ঠান করেছিলাম ফারাক্কায়, তখন উনি বলেছিলেন, তুমি বুঝতে পারছো না, কেন হচ্ছে না, আমাকে করতে দেওয়া হচ্ছে না। ক্রেডিট তুমি নেবে বলে হচ্ছে না। অন্ত আপনার তো ভাবা উচিত। এটা নিয়ে আপনার ভাবা উচিত। টোটাল বিহার, ঝাড়খণ্ড চকচকে রাস্তা আর বেঙ্গলে ঢুকলে সেখানে মাছ চাষ করার মতো অবস্থা। আজকে অত্যন্ত দুঃখজনক ঘটনা, আপনি, কাইন্ডলি একটু খবর নিন। আমি পারাপার করিনি, আপনি করেছেন। যখন ফারাক্কা ব্যারেজ তৈরি হয়নি, LCD Ghat দিয়ে লঞ্চে করে এসে ফারাক্কা থেকে ট্রেনে আসতো। পারাপার আমি দেখিনি, শুনেছি। সেই LCD Ghat থেকে মাত্র আড়াই কিলোমিটার রাস্তা PWD road ধুলিয়ান থেকে পুরো রাস্তাটা করছে ফারাক্কা এন.এইচ, পুরানো NH-34, আর মাত্র আড়াই কিলোমিটার রাস্তা ফারাক্কা ব্যারেজের ছিল, আমি No objection দিয়েছি, এখনও পর্যন্ত আড়াই কিলোমিটার রাস্তা আপনার দপ্তর করতে পারেনি। এখানে নওদা ব্লক, যেখানে রাধানগর ঘাটের ব্রিজ, ১০ বছর আগে central-এর টাকা ভিত্তিপ্রস্তর স্থাপন হয়েছে, দুর্ভাগ্য ব্রীজ এখনও কমপ্লিট হল না। নদীয়া এবং মুর্শিদাবাদের মধ্যে ওটা একমাত্র যোগাযোগ স্থল। আমি আপনার কাছে অনুরোধ করবো অন্তত আপনি এই Bridge এবং আড়াই কিলোমিটার রাস্তা যেটা আপনার দপ্তর করছে না, দয়া করে এটা আপনি দেখবেন। ধন্যবাদ।

শ্রী শ্যামল সাঁতরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী শংকর চক্রবর্তী মহাশয় ২০১৫-১৬ সালের বাজেট বরাদ্দ করেছেন তার উপর পূর্ণ সমর্থন জানিয়ে, বিরোধীদের আনা কাটমোশানের তীব্র বিরোধিতা করে কয়েকটি বিষয় সম্পর্কে আলোচনা করছি। পূর্ত বিভাগ একটা বৃহত্তর সংস্থা যে সংস্থার আন্ডারে বিভিন্ন ধরনের সরকারি ভবন, সরকারি সড়ক পথ, সেতু, রেলের উড়ালপুল থেকে শুরু করে সার্বিক উন্নয়নের ক্ষেত্রে এই দপ্তর কাজ করে আসছে। আমাদের প্রিয় মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ করেছেন ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য ৪৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকা। এটা ২০১৪-১৫ আর্থিক বছরে টাকার পরিমাণ ছিল ৪৪২১ কোটি ৭৯ লক্ষ ৩০ হাজার টাকা। এই বছর বৃদ্ধির পরিমাণ হল ৫৪২ কোটি ৬৬ লক্ষ ৪২ হাজার টাকা। সুতরাং এই বাড়তি টাকা কিন্তু আমাদের রাজ্যে বিভিন্ন

রাস্তা সড়ক সেতু ইত্যাদির ক্ষেত্রে ব্যয় করা হবে। সর্বোপরি একটা বিষয় আপনার সামনে তুলে ধরতে চাই, ২০১৪-১৫ সালে আমাদের রাজ্যে যে সড়ক পথ নির্মাণ হয়েছিল তার টোটাল পরিমাণ হচ্ছে ২৩০৩.৪৮ কিলোমিটার।

[10.40 - 10.50 a.m.]

এই যে এতটা সড়ক পথ নির্মিত হয়েছে, তার মধ্যে রাজ্য সড়কের পরিমাণ হচ্ছে ৬৮০.৭৯ কিমি। প্রধান জেলা সড়ক ৬০৯.০৬ কিমি। অন্যান্য জেলা সড়ক ৫৮৮.১৩ কিমি এবং গ্রামীণ সড়ক ৪২৪.৮০ কিমি। সুতরাং আমাদের এই রাজ্যে বিভিন্ন ধরনের রাস্তার যে সম্প্রসারণ হচ্ছে তার বিভিন্ন দিকগুলো পর্যালোচনা করলে সহজে আমরা উপলব্ধি করতে পারি। আমাদের বিরোধী দলের বিধায়ক সম্মানীয় মনোরঞ্জনবাবু যে কথা বলে গেছেন, বাঁকুড়া জেলার কোতুলপুর, ইন্দাস সড়কে যে দ্বারকেশ্বর নদ রয়েছে, সেই সামড়োঘাট ব্রিজের কথা। স্যার, আপনাকে বলতে চাই ২০০১ সালে যখন এই ব্রিজের শুভ ভিত্তিপ্রস্তর শিলান্যাস করেন, সেই সময় অর্থমন্ত্রী ছিলেন অসীম দাশগুপ্ত। আমার স্যার সম্পূর্ণ মনে আছে যে স্কুল মাঠে হয়েছিল, সেই স্কুলে আমি শিক্ষকতা করতাম। সেখানে অসীমবাবু এলেন, এসেই তিনি হাত তুলে বলে দিলেন ২০০১ সালে অর্থাৎ তিন বছরের মধ্যেই এই ব্রিজ কমপ্লিট হয়ে যাবে। ২০০১ থেকে ২০১০-এই ন' বছরের মধ্যে নদীগর্ভে মাত্র চারটি পিলার তৈরি হয়েছিল। সেখানে কিন্তু কোনোরকম ব্রিজই কমপ্লিট হয়নি। কিন্তু মা-মাটি-মানুষের সরকারের সময় ২০১১-২০১৪ সালের মধ্যে সেই ব্রিজ কমপ্লিট হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এই এক বছরের মধ্যে সেই ব্রিজটি উদ্বোধন করে এসেছেন। সুতরাং ভুল তথ্য দিয়ে সেখানকার ইতিহাস নতুন তৈরি করা সম্ভব নয়। তাই আমি বলতে চাইছি, জঙ্গলমহলের উন্নতির ক্ষেত্রে একসময় জঙ্গলমহল যে পিছিয়ে ছিল সেটা ভারতবর্ষ নয়, বিশ্বের বিভিন্ন দেশ কিন্তু তা জানে। কারণ এই জঙ্গলমহলে নিত্যদিনের যে বিভিন্ন ধরনের অশান্তি, বিভিন্ন ধরনের মৃত্যু মিছিল থেকে শুরু করে জঙ্গলমহল পশ্চিমবঙ্গের মধ্যে একটা পতিত অঞ্চল হিসাবে পরিগণিত হয়েছিল। সেই অঞ্চলটাকে পুনরুজ্জীবিত করার জন্য সড়ক পথের যে অগ্রগতি, সেটা কিন্তু মাননীয়া মন্ত্রী গত চার বছরের মধ্যে দেখিয়ে দিয়েছেন। কারণ সেখানে যোগাযোগ ব্যবস্থা একবারে অনুন্নত ছিল। সেই জায়গাতে বিভিন্ন ধরনের কার্যকলাপ করার জন্য তারা রাস্তাঘাটকে বিভিন্ন জায়গাতে কেটে ফেলত। রাস্তাঘাট কেটে ফেলার পরে তারা বিভিন্ন ধরনের দুর্নীতিমূলক কার্যকলাপ করার ক্ষেত্রে ব্যাপক পরিমাণে সুবিধা পেত। আজকে আমরা লক্ষ করতে পারছি লালগড়, বীনপুর, রায়পুর, সাড়েঙ্গা, রানীবাঁধ, বারুইপুর, বান্দোয়ান, বাগমুণ্ডি থেকে শুরু করে জঙ্গলমহলের যে সমস্ত গুরুত্বপূর্ণ অঞ্চলগুলো রয়েছে, সেখানে কিন্তু জাতীয় সড়ক পথের একটা ব্যাপক উন্নতি হয়েছে। এই সড়ক পথের উন্নতি হওয়ার ফলে সেই সমস্ত অঞ্চলগুলোতে মানুষ সহজেই যোগাযোগ ব্যবস্থার একটা সুযোগ-সুবিধা পেয়েছে। সর্বোপরি বলতে চাই, আমাদের পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়ার যে জঙ্গলমহল, জঙ্গলমহলে এই গত চারবছরে যে ব্যাপক উন্নতি ঘটেছে। পূর্ত দপ্তর যে দক্ষতার সঙ্গে কাজ করেছে, তার কয়েকটি দিক আমি আপনার মাধ্যমে তুলে ধরতে চাইছি। বাঁকুড়া এবং শালতোড়ার রাস্তার প্রশস্তকরণ এবং দৃঢ়ীকরণের কাজ

উদ্যম গতিতে চলছে। পশ্চিম মেদিনীপুর জেলার 'পারাং' নদীর উপর সেতু নির্মাণ, সেতু হচ্ছে দুই নদীতীরে পার্শ্ববর্তী অঞ্চলের সঙ্গে সংযোগ স্থাপন করে, তার সাথে বিভিন্ন ধরনের গ্রাম, ব্লক, মহকুমা এবং জেলা স্তর, পাশাপাশি রাজ্যের সঙ্গে একটা সুন্দর সংযোগ স্থাপন করতে পারে। সুতরাং এই ধরনের রাস্তার পাশাপাশি যে সেতু নির্মাণ, আমাদের যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে শিক্ষা থেকে শুরু করে বিভিন্ন ধরনের সার্বিক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে জঙ্গলমহলে। এছাড়া জঙ্গলমহলে পশ্চিম মেদিনীপুর মহকুমায় কাঁথি, বেলপাহাড়ি সড়ক পোল রয়েছে। সেই সড়ক পথে খাকুরদা নদীর উপর সেতু নির্মাণ করা হয়েছে। আমাদের কাছে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। আমাদের দুই পার্শ্ববর্তী অঞ্চলের সঙ্গে যোগাযোগের একটা অন্যতম মাধ্যম হিসাবে কাজ করেছে এই সেতু। এছাড়া আমরা দেখতে পাচ্ছি কি? পুরুলিয়া জেলার বরাকর — পুরুলিয়ার যে সড়ক পথ, সেই সড়ক পথের প্রশস্তকরণ এবং দৃঢ়ীকরণ হচ্ছে। সর্বোপরি বাঁকুড়া জেলায় আমাদের যে ন্যাশানাল হাইওয়ে, এন.এইচ-৬০ রয়েছে, সেই ৬০ সড়কপথে ৩৯৪ কোটি টাকা ব্যয়ে দুই লেন প্রশস্ত রাস্তা প্রশস্তকরণের কাজ চলছে। সুতরাং এর ফলে কিভাবে যোগাযোগ ব্যবস্থার ব্যাপক উন্নতি হয়েছে সেটা আমরা লক্ষ করতে পারছি। কারণ এই সড়ক পথের মাধ্যমে আমাদের প্রতিবেশী রাজ্য ঝাড়খণ্ড থেকে শুরু করে, ওড়িশা থেকে শুরু করে, বিহার — এই যে পার্শ্ববর্তী রাজ্যগুলি রয়েছে, এই রাজ্যগুলি থেকে বিভিন্ন সড়ক যানের মাধ্যমে সহজে যোগাযোগ রক্ষা করা সম্ভবপর হয়েছে। এ ছাড়া আমরা দেখতে পাচ্ছি, পুরুলিয়া জেলার Balarampur, Barabazar রয়েছে। এই দুই অঞ্চল অত্যন্ত গুরুত্বপূর্ণ অঞ্চল। এই দুই অঞ্চলে ভিড় কমানোর জন্য রাস্তা প্রশস্তিকরণ, দৃঢ়করণ করা হয়েছে। যার ফলে এলাকার সার্বিক উন্নয়ন ঘটানো সম্ভব হয়েছে। সর্বোপরি আমি বলতে চাই যে, পশ্চিম মেদিনীপুরে আর জায়গা আছে যেমন, কেশপুর এবং চন্দ্রকোণা রোড-এর প্রশস্তিকরণ এবং দৃঢ়করণের কাজ চলছে। পুরুলিয়া জেলা থেকে বরাকর পর্যন্ত যে রাস্তা সেই রাস্তার প্রশস্তিকরণের কাজ চলছে। এই পূর্তদপ্তর শুধুমাত্র সড়কপথ বা সেতু নির্মাণের মধ্যে সীমাবদ্ধ নেই। সেখানে বিভিন্ন ধরনের গুরুত্বপূর্ণ যে সরকারি ভবন আছে সেই সরকারি ভবন নির্মাণের ক্ষেত্রেও একটা দৃঢ় পদক্ষেপ বহন করছে। সেই দিক থেকে জঙ্গলমহল কোনও অংশে পিছিয়ে নেই। জঙ্গলমহলের মধ্যে পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম, লালগড়, শালবনি, নৈয়াগ্রাম এবং গোপীবল্লভপুর-২, বাঁকুড়া জেলার রানিবাঁধ এবং পুরুলিয়া জেলার মানবাজার-এ সরকারি কলেজ নির্মাণ করা হচ্ছে। সুতরাং পূর্তদপ্তর সেখানে সরকারি কলেজ, বিভিন্ন ধরনের ITI college, বিভিন্ন জায়গাতে শিক্ষায়তনের যে বিভিন্ন ভবন সেগুলির ব্যাপক পরিমাণে কাজ চলছে। সর্বোপরি বলতে চাই, পুরুলিয়া জেলায় মাননীয় মুখ্যমন্ত্রীর সৌজন্যে যে Sidho Kanho Birsa ইউনিভার্সিটি নির্মাণের কাজ, সেটা কিন্তু বর্তমানে চলছে এই পূর্তদপ্তরের অধীনে। সুতরাং মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের বাজেট পেশ করেছেন — আমি একটা কথা বলতে চাই ১৯৭৭ সালে ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)...

শ্রী সুভাষ নস্কর : স্যার, মাননীয় মন্ত্রিমহোদয় শঙ্কর চক্রবর্তী মহাশয় ২৫ নম্বর দাবীর যে ব্যয়-বরাদ্দ-এর দাবী পেশ করেছেন তাতে অল্প দু-চারটি কথা বলার সুযোগ আমি পেয়েছি।

আপনাকে ধন্যবাদ। দুটি বিষয়ে প্রশংসা না করে পাচ্ছি না। একটা হচ্ছে, এই রাজ্যের সুদক্ষ, পরিপক্ক পূর্তদপ্তর। সুদক্ষ, পরিপক্ক। আর একটা বিষয় হচ্ছে, আপনার মতো একজন মানুষ — শুভ্রকেশী, ভদ্রবেশী, সুদর্শন ভদ্র মানুষ। কিন্তু দাদা, সাদা মনে কেন কাদা? এটা বলুন তো, দু-চারটি কথা। ...(নয়েজ)... আমি শুরুতেই বলেছিলাম, আমার বক্তব্যের শুরুতে বলেছিলাম। এই রাজ্যটি পাকাপোক্ত, শক্ত ভিতের ওপরে চৌত্রিশ বছর ধরে দাঁড় করানো আছে এবং তারই মূল কারিগরের মুখ্য ভূমিকা হচ্ছে এই দপ্তর। অনেক ফাংশান হয়তো রাজ্য সরকারকে জানাতে গেল...। আপনাকে ধন্যবাদ। আপনি সেই দিনে চরম সত্য কথা বলেছিলেন যে, রাজ্যে কত কিলোমিটার নতুন রাস্তা হয়েছে। এটার মধ্যে আপনি বলেছেন। কিন্তু এটা তো খুব সত্য কথা। নতুন সড়ক নির্মাণ হয়েছে, নতুন ব্রিজ হয়েছে। এই একটা কথা শুধু পরিষ্কার হলে এই বিতর্কটা থাকে না। শুরুটা কে করেছিল? আপনি নীল-সাদা রং লাগিয়ে শেষ করেছেন। শুরুটা কে করেছিল? কোন সময়ে, কোন সালে হয়েছিল। রাস্তার ক্ষেত্রে বলুন আর ব্রিজের ক্ষেত্রে বলুন। এটা হল এক। আর দুই হচ্ছে, এই নতুন আর পুরনোর এত দ্বন্দ্ব কেন? ...(নয়েজ)... বাসন্তী রোড তো আর নতুন নয়। পুরনো না থাকলে আপনি নতুন করতে পারছেন না। আপনি এক কাচ্চা, এক ইঞ্চি কোথাও নতুন করে রাস্তা করেননি। বুকে হাত দিয়ে বলবেন। একটা শব্দও আছে পূর্ত দপ্তরের। mainitaining, srengthening, widening — এই তিনটির মধ্যে আপনার কাজ। এই তিনটির মধ্যে আপনার কাজ। কিন্তু নতুন শব্দটার ব্যাখ্যা কি? সেটা ওনাকে দিতে হবে। নতুন রাস্তা করেছেন, বলেছেন। সেই ব্যাখ্যা না দিলে House-কে mislead করা হচ্ছে। তাই সবকটাই mainitaining, srengthening, widening হচ্ছে। নতুন আর হচ্ছে না।

[10.50 - 11.00 a.m.]

হিসাবে যেটা চোখে পড়ছে, কিছু ঝাঁ-চকচকে রাস্তা চোখে পড়ছে। অস্বীকার করে লাভ নেই। আমার জেলাও আছে। ...(নয়েজ)... ভেরি গুড। কিন্তু বাস্তবে কী হচ্ছে স্যার? BRGF-এর পিছিয়ে পড়া জেলার জন্য কিছু অঢেল টাকা পাচ্ছেন। সেই টাকায় আপনি বেশ কিছু কাজ করছেন, অস্বীকার করে লাভ নেই। কিন্তু বাস্তবে কী হচ্ছে? এই দপ্তরের প্রতি আমার একটা ব্যক্তিগত দুর্বলতা ছিল, যা আস্তে আস্তে কাটতে শুরু করেছে। কী চোখে পড়ছে? এর ভেতরে চূড়ান্ত গাফিলতি। জেলার সবগুলোকে ধরেছেন। যেখানে মানুষদের একটু বেশী বেশী যাতায়াত। আর গ্রামীণ রাস্তাগুলো একেবারে অজপাড়াগাঁয়ের দিকে ঠেলে দিয়েছেন। তাদের আদৌও গুরুত্ব নেই। নাম না করেই বলছি। বেছে বেছে জেলা-সড়কগুলো ধরেছেন, শহরের সঙ্গে মূল যুক্ত রাস্তাগুলো। ভেতরে চূড়ান্ত গাফিলতি।

আপনি দেখুন, উনি বলেছেন আমি রিপিট করছি না। জমি অধিগ্রহণে আপনি 'জিরো'। মাত্র ৫ লক্ষ টাকা খরচ করেছেন। সাংঘাতিক ব্যাপার। ওয়ার্ক চার্জে আপনি সামান্য খরচ করেছেন।

আর, এতবড় একটা ঐতিহ্যপূর্ণ বিল্ডিং মহাকরণ, সত্যি সত্যি ওখানে কী আপনারা কোনদিন ফিরে আসবেন না বা সরকারকে ফিরে আসতে দেবেন না? গঙ্গার হাওয়া গায়ে

লাগছে বলে ওটাই বেছে নিলেন? এত বড় একটা ঐতিহ্যপূর্ণ বিল্ডিং, আমাদের গর্ব, তাকে এই রকম অবহেলা করে দু'বছর, তিন বছর হতে যাচ্ছে, তার ডি.পি.আর পর্যন্ত হচ্ছে না? শুধু মুখে বলে দিচ্ছেন 'যাদবপুরের ওঁরা করছেন'। যাদবপুরের মতো জায়গায় ডি.পি.আর. করতে এত দেরী হয়? কোনদিন হওয়া উচিত নয়।

রাস্তাঘাটের বাস্তব দৃশ্যের কথা আমি একটু বলি সকলের মনের মধ্যে লেগে যাবে, কেউ হাসবেন, কেউ চিৎকার করবেন। নির্দিষ্ট সময়ে ওয়াক অর্ডার দেওয়া থাকে, কত মাসে, ৬০ মাস, না ৭৫ মাস। নির্দিষ্ট সময়ের দ্বিগুণ তো বটেই তিনগুণ, চারগুণ সময় লেগে যাচ্ছে রাস্তার কাজ শেষ হচ্ছে না। কেন শেষ হচ্ছে না? আপনার কর্মচারীরা অদক্ষ? অদক্ষ আপনার ইঞ্জিনিয়াররা? না। তাদের দক্ষতার বিশ্লেষণ আমি করছি না, তাদের দক্ষতা ঠিক আছে। আর যেটা হচ্ছে, কী? রিপিট করতে চাই না বলে বলছি না। নয়নজুলি থেকে মাটি নিয়ে রাস্তার দুদিকে দিচ্ছে। 'নয়নজুলি' বোঝেন তো? মাটি নেওয়ার কথা ক্যারি করে অন্য জায়গা থেকে এনে। কিন্তু নয়নজুলি থেকে মাটি নিয়ে রাস্তার দু'পাশে দিচ্ছেন, ঝাঁ-চকচকে হয়ে যাচ্ছে বুঝতে পারছেন না। জলে মাটি কেটে নিচ্ছে। যেখানে ব্যাম্বো পাইপ হলেই যথেষ্ট ভালোভাবে রাস্তা থেকে যায়, ভালো আছে, কোনও পুকুর নেই, কোনও খাল নেই, সেখানে ইচ্ছা করে কংক্রিট গার্ডওয়াল দেওয়া হচ্ছে। আর গার্ডওয়ালটা রাস্তার মূল জায়গার, রাস্তার মেঝে, মাঝখানের অংশ যতটা হাইট তার থেকে গার্ডওয়ালের হাইট বেশী হয়ে যাচ্ছে। তাহলে বর্ষায় রাস্তার জল কোথায় যাবে বলুন তো? আমরা তো বাজেটে অনেক বিতর্কে যাই, বাস্তবটা দেখুন না কোথায় যায়। রাস্তার থেকে গার্ডওয়াল উঁচু হয়ে যাচ্ছে।

ব্রিজ হচ্ছে বলছেন। একটু রং লাগিয়ে দিলেন ব্রিজ হয়ে গেল। কিন্তু আপনি এখানে ১৩টা ব্রীজের কথা বলেছেন, ১১টা নতুন সেতুর কথা বলেছেন। আচ্ছা, আপনি প্রথম যে সেতুর কথা বলেছেন সেটা ছিল পারাং নদীর ওপর। এই সেতু নির্মাণ করেছেন আপনি। ওখানে গেলে তো দেখতে পাবেন সেতুর ভিত্তিপ্রস্তর কে স্থাপন করেছিলেন, কোন সালে করেছিলেন। সেই জায়গায় আপনি কী করলেন? আমি জানি না আপনি উদ্বোধন করেছেন কিনা বা করার অপেক্ষায়, রংটা হয়তো করা হয়েছে, নির্মাণের কাজটা শেষ হয়েছে। এইটুকু যা আপনার কৃতিত্ব।

আর বাকি যে ক'টা বলেছেন সবটা এই মুহূর্তে ডিটেলস জানি না, তবে এইটুকু আত্মবিশ্বাস আছে, সব ক'টা অতীতে শুরু, আপনার আমলে হয় শেষ বা শেষের পথে। আপনার এই ৩-৪ বছরের কৃতিত্বে এক ছটাক, একবিন্দু ব্রিজের কাজ আপনি করেননি।

কিন্তু দয়া করে দাদা সাদা মনে কাদা রাখবেন না। একটু আলো দিন না ব্রিজগুলোতে। ব্রিজটা তো প্রশস্ত, অনেকটা লম্বা-চওড়া আছে, গাড়িঘোড়া শুধু চলে না। গ্রামের বা শহরতলির মানুষরা একটু অবসর কাটানোর জন্য নদীর পাশের ব্রিজটাতে হাঁটাহাঁটি করে, সকালে করে সন্ধ্যায় করে, একটু বসে। একটু আলোর ব্যবস্থা করে দিন না। এত কার্পণ্য কেন? আপনারা তো প্রচুর কাজ করছেন। আচ্ছা কেন, আপনি বলুন তো সারা রাজ্যে এত সিন্ডিকেটরাজ কেন হইহই

করে বেড়াচ্ছে? এখন তো ই-টেন্ডারের ব্যবস্থা হয়েছে সর্বত্র। কিন্তু তিন-চার-বার করে ই-টেন্ডারের পরেও সিঙ্গল টেন্ডার করছেন। কারণটা কি? ঠিকাদারের অভাব আমাদের? সুদক্ষ ঠিকাদারের অভাব? কাজ করতে চায় না কেন? চায় না একটা কারণে। লাভের অংশ যদি সব পিঁপড়ে খায় তাহলে ঠিকাদাররা কি খাবে? কাজ পেলে আগে সেই পিঁপড়ের অংশটা জমা দিয়ে আসতে হয় নির্দিষ্ট জায়গায়। একবার-দুবার হয়, কিন্তু ঠকে শেখে তো। তিন-চারবার হলে যেতে চায় না ঠিকাদাররা। এই কারণে আপনার পিরিয়ডটা অনেক লেনদি হয়ে যায়। সেদিন একটা বিতর্কে উঠেছিল। সুন্দরবনের মন্ত্রী উনি গোসাবা ব্রিজের ব্যাপারটা আপনার ঘাড়ে চাপিয়ে দিয়ে গিয়েছেন। গোসাবা ব্রিজটা প্রসঙ্গক্রমে বলছি কেন? মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে ওখানে ঘোষণা করে এসেছিলেন আমি এই ব্রিজের জন্য ৭০ কোটি টাকা বরাদ্দ করলাম। ওখানে ডায়াসে বলেছিলেন, পাবলিকের সামনে। দু'বছর, আড়াই বছর হয়ে গেল। ডি.পি.আর. সম্ভবত আপনার দপ্তর করেছে। কিন্তু উত্তর দিচ্ছে সুন্দরবন উন্নয়ন পর্ষদ। আমার একটি বিনীত অনুরোধ আছে এতবড় দপ্তর রাজ্যের, ইঞ্জিনিয়ারিং দপ্তর। ইঞ্জিনিয়ারিং দপ্তরগুলোর হেড, মাদার বলা যেতে পারে। সুতরাং এই সমস্ত কাজগুলো অন্তত পূর্ত দপ্তরকে দিয়ে করাবেন। অনেক বড় লেন্থ, অনেকটা চওড়া হতে হবে। ৫টি নদীর মুখের উপর একটি ব্রিজ হবে। পাঁচটা নদীর মিলনক্ষেত্র। এই কারণে আমি অতীতে বলেছিলাম, আজও বলছি, আমাদের রাজ্যে প্রচুর কাজ হচ্ছে জেলা পরিষদের মাধ্যমে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা থেকে। সত্যি, সে কথাটা বলা যায় না। আমাদের বলার সুযোগ এখানে নেই। সুযোগ নেই আপনার দপ্তরের। কিন্তু আমার অনুরোধ ওদের ইনফ্রাস্ট্রাকচার আর আপনার ইনফ্রাস্ট্রাকচার আকাশ-পাতাল। সুতরাং আপনার লোক আছে, সুদক্ষ লোক আছে, কারিগর আছে, রাজ্য সরকারকে বলবো, অনুরোধ করবো অন্তত এই ধরনের ওয়ার্ক গ্রামে প্রচুর হচ্ছে। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় টাকার অভাব নেই। সেই কাজের দায়দায়িত্বটা আপনার হাতে তুলে নিন। তাহলে হবে কি? জেলাপরিষদের উপর এতটা লোড থাকবে না। ওদের অনেক কাজ আছে। আর রাস্তাগুলোর কাজটাও হবে। তিন মাস, চার মাসে ঝড়ঝড়ে হয়ে যায়। আর কতগুলো বিনীত নিবেদন দয়া করে এই কাজটা করবেন না। ওই শুরু করেছিলাম সাদা মনে কাদা কেন? অতীতে কয়েকটা ব্রিজের ভিত্তিস্থাপন হয়েছে, ডি.পি.আর. হয়েছে। যেহেতু অতীতের মন্ত্রী ভিত্তিস্থাপন করে গেছেন, ডি.পি.আর. হয়েছে, এতৎসত্ত্বেও, এটা জানার পরেও আপনি সেটা ফেলে রেখেছেন। এইরকম গোসাবার আরো দুটো অলটারনেটিভ জায়গা আছে — একটা চুনোখালির শম্ভুনগর, আর একটা সুন্দরবন উন্নয়ন পর্ষদের হোগলাডুরি পাঠানখালি। আর একটা জেলেখালি, সন্দেশখালির। এই রকম সুন্দরবনের পিছিয়ে পড়া এলাকায় সেই ব্রিজগুলি আপনি করতে পারতেন। অতীতে কেউ ছুঁয়ে গেছেন বলে আপনার ছুঁইলে পাপ হবে, এটা শঙ্করবাবুর কাছে আশা করি না। আমি চাই এই দপ্তরটা আরো ভালভাবে কাজ করুক। শুধু একটা আপশোশ থাকে স্যার, আমার ভিতর যে দুর্বলতাটা ছিল — এবারে প্রথম এম.এল.এ. হয়ে ৬০ লক্ষ টাকা দিয়েছিলাম আমার এমএলএ কোটার একটা কমিউনিটি হলের জন্য। স্যার, আজকে তিন বছর হয়ে গেল এখনও পর্যন্ত ৬ লক্ষ টাকার কাজ হয়েছে কিনা আমি জানতে পারিনি। আমি ডিফলটার হবো, দায়ী কে হবে? আপনার দপ্তর দায়ী হবে। তাই আপনাকে সমর্থন জানাতে পারলাম না। ধন্যবাদ।

শ্রী শ্যামল মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ২৫নং দাবির অধীনে মাননীয় পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শঙ্কর চক্রবর্তী মহাশয় ৪ হাজার ৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকার ব্যয়বরাদ্দ পেশ করেছেন। এই ব্যয়-বরাদ্দের দাবিকে সম্পূর্ণভাবে সমর্থন করে এই পবিত্র সদনে আমি আমার বক্তব্য পেশ করছি।

[11.00 - 11.10 a.m.]

একটু আগে বামফ্রন্টের একজন বিধায়ক, উনি তো প্রথমে দেড় থেকে দু'মিনিট হরিনাম করলেন। ওদিকে হরিনামটা ভালো চলে। কিন্তু হরিনামটা শুনে আমরা সন্তুষ্ট হলাম না। ওনাকে আমি একটাই কথা বলব যে বামফ্রন্ট কিছু শিলান্যাস করেছিল। বিভিন্ন জায়গায় শিলান্যাসই করেছিলেন ৩৪ বছর ধরে। কিন্তু সেই শিলান্যাস শ্যাওলাতে পরিণত হয়েছে। সেই কাজগুলো আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে আজকে সেই কাজগুলি এবং আরও নতুন প্রকল্পগুলি বাস্তবে রূপায়িত হচ্ছে। উনি কি জানেন না সারা পশ্চিমবাংলায়, উনি তো ছয় বছর মন্ত্রী ছিলেন ইরিগেশান দপ্তরের। ক্যানিং মহকুমায় কি কাজ করলেন আমি জানি না। আমি তো ক্যানিংয়ের দিকেই আছি। সারা পশ্চিমবাংলায় ব্যাপকভাবে উন্নয়ন ঘটছে, বিশেষ করে রাস্তা-ঘাটের ক্ষেত্রে। কালো চাদরে মোড়া, মোরাম পিচে, মসৃণ পিচের রাস্তা গত ৪০ বছরে এই পশ্চিমবাংলায় দেখা যায়নি। যেটা পূর্ত দপ্তর করেছে। আমাদের সরকার ২০১৫-১৬ সালে রাজ্য সড়কের ৪৩টি প্রকল্পের ৫৪৩ কিলোমিটার দৈর্ঘ্যের ১০৪৭ কোটি টাকা বরাদ্দ করেছেন, সেই কাজ খুব শীঘ্রই শুরু হবে। উনি বার বার বলছেন সেই কাজ খুব শীঘ্রই শুরু হয়ে যাবে। আমরা তো নতুন কন্সট্রাকশানও করছি। New construction, srengthening upgradation, widening — সবকিছুর কাজ চলছে। তার সঙ্গে গত ৩৪ বছর ধরে বিভিন্ন জায়গাতে তারা যে নিকৃষ্টমানের রাস্তাগুলো করেছিল, সেই রাস্তাগুলোর ঠিক চার বছর আগে আমাদের মনে পড়ে, আমরা বিভিন্ন জায়গাতে গাড়ি নিয়ে গিয়েছি বা মোটর সাইকেলে বিভিন্ন জায়গায় ঘুরেছি। কি করুণ দুর্দশা! কি করুণ দুর্দশা! রাস্তায় গরু, বাছুর, ভ্যান রিকশা চলা দূরের কথা, মানুষ তো চলতেই পারবে না। কিন্তু চার বছর পরে একটা ঐতিহাসিক পরিবর্তন আমাদের মধ্যে দেখা দিয়েছে, এই সরকারের আমলে। আমি ওনাকে প্রশ্ন করতে চাই যে উনি কি কোনদিন ভাবেননি কলকাতা আর ভিন জেলার মানুষ ক্যানিংয়ের উপর দিয়ে মাতলা সেতু হয়ে, গদখালি হয়ে, পাগলায় জেলিয়াখালি যাব। এই রাস্তাটার কি দুর্দশা ছিল? ওনারই কলিগ মন্ত্রী সম্ভবত আর.এস.পি.'র ক্ষিতি গোস্বামী হাজার হাজার মানুষের সামনে পাঁচ থেকে ছয়বার ঘেরাও হয়ে গেলেন। বারুইপুর থেকে ক্যানিং পর্যন্ত রাস্তা করতে পারলেন না। নতুন সরকার আসার পরে আমাদের মন্ত্রী মাননীয় শংকর চক্রবর্তী মমতা ব্যানার্জীর নির্দেশে ২০১৩ সালে জানুয়ারী বা ফেব্রুয়ারী মাসে বারুইপুর থেকে মাতলা সেতু পর্যন্ত রাস্তার construction, reconstruction, এবং widening, upgradation and renovation-এর জন্য ৪৯ কোটি টাকা এবং পরে আরও ৬ কোটি ৫৭ লক্ষ টাকা ধার্য করেছেন। প্রায় ডবল লেনের মতো সেই রাস্তা চকচক করছে। উনি বললেন ঝাঁ-চকচকে, ঝাঁ-চকচকে রাস্তা বারুইপুর থেকে ক্যানিং পর্যন্ত হচ্ছে। আজকে সড়কপথে কলকাতা থেকে

যাওয়ার জন্য ক্যানিং স্টেশন, রেলওয়ে স্টেশন, আমি যদি একটু পিছনের দিকে যাই, এই সোনারপুর থেকে ক্যানিং পর্যন্ত ডবল লাইন করল কে? মমতা ব্যানার্জী আবার কে। বারুইপুর থেকে ডায়মন্ডহারবার রুটে ডবল লাইন করল কে? মমতা ব্যানার্জী, রেলমন্ত্রী যখন ছিলেন তখন করেছিলেন। আমি আবার বলি যে এই রেললাইনের উপর নির্ভর না করে তিনি এই সড়কপথে এই রাস্তাটা উপহার দিলেন। চিৎকার-চেঁচামেচি অনেক সময় করে, আমরাও বলি, আমাদেরও জয়নগরে মানুষ আছে। জয়নগর, কুলতলির মানুষ মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করলেন। আবার বারুইপুর থেকে জয়নগর পর্যন্ত ঝাঁ-চকচকে মসৃণ পিচের রাস্তা তৈরি হল। এটা তো বাস্তব। এই বাস্তবকে কোনোদিন অস্বীকার করা যায় না, কোনদিন যাবেও না। এটা আমাদের অনেক দিনের আশা এবং স্বপ্ন যে আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী শিলান্যাস করে কাজ ফেলে রাখেন না। শিলান্যাস করার আগেই সমস্ত জায়গায় কাজ শুরু হয়ে যায়। ৬৪টি দপ্তরের প্রত্যেকটি দপ্তরের ঐতিহাসিকভাবে অভূতপূর্বভাবে আমরা সাফল্য পেয়েছি গত চার বছরে। আর ৩৪ বছর — ৩৪ বছরে শুধু অত্যাচার, খুন, রক্তক্ষয়ী যুদ্ধের মধ্যে দিয়ে পশ্চিমবাংলা চলেছে পরের জমি দখল করে, লাল ঝান্ডা পুঁতে, কোমর ভেঙে দিয়ে, এরা তৃণমূল করছে — এই তো হয়েছে। সব তৃণমূলের ঝাঁপ ফেলে দেওয়া, রেলের চাকা বন্ধ করো, গাড়ির চাকা বন্ধ করো — এই সবই তো করেছে। কিন্তু এখন বাংলার সাড়ে ৯ কোটি মানুষ দেখতে পাচ্ছে সারা বাংলায় কিভাবে উন্নয়ন ঘটছে। সেই উন্নয়নের মধ্যে দিয়ে আমরা চলেছি। আমি কতবার ঘেরাও হয়েছি। উনি খুব দুঃখিত, ওনার পাশের বিধানসভায় আমি থাকি। তার বামফ্রন্টের আর.এস.পি-র মন্ত্রী ক্ষিতি গোস্বামী তারিপুর ফুলতলা হয়ে ঘটকপুকুর যাওয়ার পথে ঘেরাও হলেন। সোনারপুর থেকে ঘটকপুকুর এবং বাসন্তী হাইওয়ে, বানতলা চৌভাগা হয়ে ঘটকপুকুর মালঞ্চতে যাওয়ার পথে ঘেরাও হলেন। একজন মাননীয় সদস্য বলছিলেন ওনার সদিচ্ছা ছিল, কিন্তু বামফ্রন্টের তো সাতভাই। আর.এস.পি-কে ওরা দেখতে পারে না। সি.পি.আই.এম.-এর মুখ্যমন্ত্রী অতএব ওনাকে দিয় কাজ করাতে চায় না। আমাদের জয়ন্তবাবু বলে গেলেন গত ৩৪ বছর ধরে আমাদের বাসন্তীর একটি রাস্তা পি.ডব্লু.ডি রোডস সরবেরিয়া রামপুরহাট চার থেকে পাঁচ কিলোমিটার রাস্তা। ওই রাস্তাটা বামফ্রন্ট সরকার এবং ওনার নিজের বিধানসভা সুভাষবাবুর, তিনি স্যাংশান করতে পারেননি। আমাদের জয়ন্তবাবু বললেন এস.ডি.পি হলেও ৬৪টা দপ্তরের মধ্যে আপনি সেই রাস্তা ৩৪ বছরে এস.ডি.পি. থেকে করতে পারলেন না। আপনি এস.ডি.পি. থেকে করতে পারলেন না এটা আপনার ব্যর্থতা। আপনি এস.ডি.পি. থেকে করতে পারলেন না। এটাও আপনার পুরোপুরি ব্যর্থতা। আমি মনে করি আমাদের মন্ত্রিমহোদয় যে পরিকল্পনা গ্রহণ করেছেন, এই পরিকল্পনা অনুযায়ী আমাদের সরকার — ভসরাঘাটে সুবর্ণরেখা নদীর উপর ১৬৯.৪৯ কোটি টাকা ব্যয়ে সেতু নির্মাণের মতো অগ্রণী প্রকল্পের কাজ চলছে এবং আশা করা যাচ্ছে যে ২০১৫ সালের ডিসেম্বর নাগাদ এই কাজ সমাপ্ত হয়ে যাবে। আপনি একটু ঘুরে দেখুন যে কাজ হচ্ছে কিনা। সমস্ত জায়গাতে একটার পর একটা কাজ হচ্ছে। আমাদের দক্ষিণ ২৪-পরগনা জেলায় যদিও এটা সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা, কিন্তু এই প্রকল্প সম্পূর্ণ করছে রাজ্য সরকার। পূর্ত

বিভাগের জাতীয় সড়ক শাখা ইতিমধ্যেই ২২৫.৯৩ কোটি টাকা ব্যয়ে হাতানিয়া-দোয়ানিয়া নদীর উপর একটি সেতু নির্মাণের কাজ শুরু করে দিয়েছে। সেই সেতুর কাজ চলছে। ৩৯৪ কোটি টাকা ব্যয়ে জাতীয় সড়কের কাজ চলছে। ৩৯৮.৫২ কোটি টাকা ব্যয়ে পুণ্ডিবাড়ি থেকে বক্সিরহাট অংশের কাজ চলছে। ২৮৯.৬৯ কোটি টাকা ব্যয়ে ফুলহার নদীর উপর একটি গুরুত্বপূর্ণ সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের উত্তর-দক্ষিণ করিডর প্রকল্পকে সম্পূর্ণ করার জন্য (হইচই) প্রস্তাবিত রোড করিডরটির মোট দৈর্ঘ্য ২৩১.৩৪ কিলোমিটার এবং এটির অনুমিত ব্যয়ের পরিমাণ হল ৪৪২০ কোটি টাকা। ১৮৯.৬৬ কোটি টাকা অনুমিত ব্যয়ে কলকাতা-বাসন্তী সড়কের প্রশাস্তকরণ ও দৃঢ়ীকরণ করার কাজ চলছে। ১৫৫.৩৫ কোটি টাকা অনুমিত ব্যয়ে হুগলি জেলায় চণ্ডীতলা-শিয়াখালা-চাঁপাডাঙ্গা সড়কের কাজ চলছে। একটার পর একটা কাজ চলছে। এইভাবে আমরা এগিয়ে চলেছি। তাই আমি পরিষ্কার করে বলতে চাই বিদ্যানদীর উপরে বকখালি গোসাবা ব্রিজে একটার ...(এই সময় মাইক অফ হয়ে যায়)....

শ্রী বাচ্চু হাঁসদা : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী শঙ্কর চক্রবর্তী মহাশয় রাজ্যপালের সুপারিশক্রমে বিভিন্ন খাতে ২০১৫-১৬ আর্থিক বছরের জন্য ২৫ নম্বর দাবির অধীন ৪ হাজার ৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকা ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রেখেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট-মোশনের সম্পূর্ণ বিরোধিতা করে আমি সংক্ষিপ্ত কথা এই মহতী সভায় উপস্থাপন করতে চাই।

[11.10 – 11.20 a.m.]

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে পূর্ত বিভাগ বাংলার মানুষের জন্য অগ্রণী ভূমিকা পালন করছে, যা পশ্চিমবঙ্গকে একটা প্রশংসনীয় জায়গায় নিয়ে গিয়েছে এই পূর্ত বিভাগ। কিছুক্ষণ আগে বিরোধী দলের সদস্যদের অনেক কথা শুনছিলাম। তারা বলছেন যে, শিলান্যাস করলেই নাকি তারা দাবি রাখতে পারে যে এই রাস্তাটি আমরা করেছি। শিলান্যাস করলেই এবং ৪টে পিলার পুঁতলেই নাকি বলা যায় এটা আমাদের ব্রিজ। সেই নিরিখে বলতে চাই যে, আমাদের সরকারের পূর্ত বিভাগ যে কাজের নজির রাখে, বিগত ৪ বছরে আমাদের সরকার ২০১১ সালে আসা থেকে এই পর্যন্ত যে কাজ করেছে, আর আমরা আসার আগে আপনারা যে চার বছর ছিলেন সেই কাজের তুলনা করলে আপনারা অবাক হয়ে যাবেন যে আপনারা এই সরকার আসার চার বছর আগে কি কাজ করেছেন আর আমরা কি কাজ করেছি, তার একটু নজির আপনাদের সামনে রাখছি। আমাদের রাস্তা স্টেট হাইওয়ে — আমাদের সরকার আসার আগের যে চার বছর, সেই ৪ বছরের কথা যদি আমি উল্লেখ করি, আপনাদের সরকারের আমলে রাস্তাঘাটে মাছচাষ, ধানচাষের ছবি দেখতাম আমরা। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আপনাদের আন্দোলনটা নষ্ট হয়ে গেছে। আপনারা সাধারণ গরীব মানুষদের নিয়ে গিয়ে রাস্তার সামনে ধরনা দেওয়াতেন — যে তোমরা আন্দোলন কর, আর আমরা রাজনৈতিক সংগঠন মজবুত করব — এই ছিল আপনাদের ধান্দা। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের দপ্তর —

যে পি.ডবলিউ.ডি, তাদের নেট ওয়ার্কে যতগুলি রাস্তা আছে, সেই রাস্তাগুলো আজকে মোম পালিশ রাস্তা তৈরি হয়েছে, চকচকে করছে, গাড়ি চললে একদম হেলে না - দোলে না, একদম মসৃণভাবে চলছে। উত্তরবঙ্গ থেকে শুরু করে জঙ্গলমহল থেকে শুরু করে — আপনি জঙ্গলমহলের মানুষ, আপনি একটু লক্ষ করবেন, শুধু সমালোচনার জন্য সমালোচনা করবেন না। এখানে উত্তরবঙ্গের মানুষ আছেন, আমাদের পাশের বিধানসভায় নর্মদাবাবু আছেন। তাঁর বিধানসভায় যে রাস্তাগুলি পি.ডবলিউ.ডি-র আন্ডারে আছে, সেগুলো উন্নয়ন হয়েছে কিনা, সেগুলো প্রশস্তিকরণ, দৃঢ়ীকরণ হয়েছে কিনা একটু জিজ্ঞাসা করবেন। আমাদের সরকার আসার আগে আপনাদের আগের ৪ বছরের হিসাব আমি দিচ্ছি — স্টেট হাইওয়ে, ২০০৭-০৮ সালে আপনারা মাত্র করেছেন ১৩৫ কিলোমিটার। আর আমরা সরকারে আসার পর প্রথম বছরে আমরা করেছি ২০১১-১২ সালে ৩৪৮.৭৮ কিলোমিটার। ২০০৮-০৯ সালে আপনারা করেছেন ১৯৮.০৪ কিলোমিটার, আমরা ২০১২-১৩-তে করেছি ৩৮৮.৫৮ কিলোমিটার। ২০০৯-১০ আপনারা করেছিলেন ২৮৮.৬২ কিলোমিটার, আর ২০১৩-১৪-তে আমরা করেছি ৬৩৮.৪১ কিলোমিটার। ২০১০-১১ লাস্ট বছর — আপনারা করেছেন ৩০৫.৬৭ কিলোমিটার আর আমরা করেছি ২০১৪-১৫-তে ৬৮০.৭৯ কিলোমিটার। আমাদের সরকার আসার আগে পর্যন্ত ৪ বছরের হিসাব — আপনারা চার বছরে স্টেট হাইওয়ে করেছিলেন ৬৬৭.৩৩ কিলোমিটার। আমাদের সরকারের চার বছর পূর্ণ হয়ে গেছে। আমরা এই ৪ বছরে স্টেট হাইওয়ে করেছি ২০৫৬.৫৩ কিলোমিটার। আপনারা আগের ৪ বছরে করেছিলেন ৮৬৭.৩৩ কিলোমিটার, আর আমরা এই ৪ বছরে করেছি — স্টেট হাইওয়ে শুধু বলছি ২০৫৬.৫৩ কিলোমিটার। সেটা পার্সেন্টেজের হিসাবে হলে আপনাদের ৪ বছরে পার্সেন্টেজের হিসাব, আর আমাদের চার বছরে পার্সেন্টেজের হিসাব করলে প্রায় ২২৩৭.১১%। আপনাদের বিগত চার বছরের স্টেট হাইওয়ের স্ট্যাটাস এবং আমাদের চার বছরের স্টেট হাইওয়ের স্ট্যাটাস দিলাম। অন্যান্য রোড, আপনারা চার বছরে করেছেন ৩২২০.২৮, আমরা এই চার বছরে স্টেট আদার্স রোড, স্টেট হাইওয়ে ছাড়া, আমরা করেছি ৫,১৮৪.৩৯। পার্সেনটেজের হিসেবে ধরলে আপনাদের আগের চার বছরের কাজের যে স্ট্যাটাস, আমাদের এই চার বছরে ১৬০.৯৯ পার্সেন্ট। আমাদের সরকার আসার আগের চার বছরে আপনারা টোটাল রাস্তা করেছিলেন ৪৮৭.৬১ কিলোমিটার। আর আমরা এই চার বছরে করেছি ৭,২৪০.৯২ কিলোমিটার। আজকে যারা বড় বড় কথা বলছেন আপনাদের সময় শুধু আন্দোলন হয়েছে। আজকে রাস্তাতে আর মাছ চাষ হয় না, ধান চাষ হয় না। আজকে রাস্তা অনেক হয়েছে। এটা আপনাদের ভাবতে হবে ছোট একটা ব্রিজ ভেঙে গেছে, সেই ব্রিজটা আপনারা করেছিলেন, সেটা আবার নতুন করে করতে হচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে এই দপ্তর যে কাজের দাবী রাখে, তা বিভিন্নরকমভাবে এই সরকারকে জনসেবায় নিযুক্ত করতে পারছে। আমাদের নতুন নতুন অনেক প্রকল্প হচ্ছে। সেগুলো আপনারা কোনওদিন ভাবেননি। আমাদের মোটেল হচ্ছে। যেটা আমাদের মুখ্যমন্ত্রী 'পথসাথী' নাম দিয়েছেন। রাস্তায় বা বাজার এলাকায় থাকার সুব্যবস্থা এবং খাওয়ার সুব্যবস্থার জন্য মোটেল তৈরি হচ্ছে। অনেক জায়গায় অনেক ব্লকে নগদ মূল্যে ব্যবহারের জন্য সুলভ শৌচাগার তৈরি হচ্ছে। ২০০টার মধ্যে প্রায়

১১৮টি তৈরি হয়ে গিয়েছে। এছাড়া 'ধনধান্য' নামক একটি মর্যাদাপূর্ণ প্রকল্প, যে প্রকল্পের মধ্যে মুক্ত মঞ্চ, বাণিজ্যিক কমপ্লেক্স সহ গাড়ি পার্কিং-এর কাঠামো, ২৫০০ আসনবিশিষ্ট একটি কনভেনশান সেন্টার হচ্ছে। তার সঙ্গে সঙ্গে আরো একটি দাবি রাখব এই 'ধনধান্য' প্রকল্পের মধ্যে যদি একটা মা-মাটি-মানুষ ভবন তৈরি করতে পারেন, আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রস্তাব রাখব যে আমাদের গ্রামগঞ্জ থেকে অনেক মানুষ কলকাতায় আসে চিকিৎসার জন্য, তারা থাকার সুযোগ পায় না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব এইরকম যদি কিছু একটা করা যায় তাহলে গ্রামের সাধারণ মানুষগুলোর থাকার একটা সুরাহা হবে। ...(এই সময় মাইক অফ হয়ে যায়)।

ডঃ হরকা বাহাদুর ছেত্রী : অ্যাবসেন্ট।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, দাবী নম্বর ২৫-এর ক্ষেত্রে পশ্চিমবঙ্গে পূর্ত দপ্তরের ব্যয়-বরাদ্দ প্রস্তাব উপস্থাপন প্রসঙ্গে ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী শঙ্কর চক্রবর্তী মহাশয় ২০১৫-১৬ আর্থিক বছরে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি সেই বিষয়ে কয়েকটি কথা বলছি। মাননীয় বিধায়কগণ বলছিলেন ২০১৫-১৬ আর্থিক বছরে ২৫ নং দাবীর অধীনে ৪৯৬২,৪৫,৭২,০০০ টাকা বরাদ্দের প্রস্তাব করেছেন। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে বলব, আপনি যে টাকা বরাদ্দের প্রস্তাব করেছেন, কিন্তু পূর্ত দপ্তরের স্ট্যান্ডিং কমিটি যে রিপোর্ট পেশ করেছে, সেই রিপোর্টে আমরা দেখতে পাচ্ছি আগের বছরগুলোতে উনি টাকা খরচ করতে পারেননি। কেন খরচ করতে পারেননি সেই ব্যাপারটা মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন। কমিটি বলতে চাইছে ঠিকাদার সময়মতো না পাওয়ার জন্যই না কি ওনারা খরচ করতে পারেনি। অথচ সরকার পক্ষের যারা বিধায়ক আছেন, তারা বলছেন রাজ্য সরকার এত টাকা বরাদ্দ করেছে। কিন্তু যে মন্ত্রী খরচ করতে পারছে না, তাকে এত টাকা দিয়ে কি হবে?

[11.20 - 11.30 a.m.]

কিছুক্ষণ আগে সরকার পক্ষের একজন বিধায়ক বললেন [***]

মিঃ স্পীকার : এটা যাবে না। This portion will not go on record. আপনি বাজেটের উপরে বলুন।

শ্রীমতী প্রতিমা রজক : আমাদের বিধায়ক মনোজ চক্রবর্তী মহাশয় আপনার কাছে একটা মেনশন করেছিলেন। ...(নয়েজ)... দেখুন স্যার, আমি একজন বিধায়ক, আমি বক্তব্য রাখছি, আর এই রাজ্যের একজন পার্লামেন্টারি সচিব এত চিৎকার করছেন, আমাকে ডিস্টার্ব করছেন, ভদ্রতাটা দেখুন।

মিঃ স্পীকার : প্লিজ ওনাকে আপনারা ডিস্টার্ব করবেন না, বলতে দিন। মন্ত্রীকে ক্রিটিসাইজ করে যেটা বললেন সেটা প্রসিডিংসে যাবে না।

শ্রীমতী প্রতিমা রজক : আপনারা বলছেন, মা-মাটি-মানুষের সরকার কোনও রং দেখেন

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

না, আপনারা কাজ করেন। অবশ্যই করবেন। আমরা মুর্শিদাবাদ জেলার মানুষ। বহরমপুর শহরে রেলের উড়ালপুল হওয়ার টাকা স্যাংশন হয়ে আছে, আমাদের সাংসদ দিল্লি থেকে টাকা স্যাংশন করিয়ে এনেছেন, টেন্ডার হয়ে গেছে, আপনাকে বারবার মেনশন করা হয়েছে, বলা হয়েছে, কিন্তু কাজ হচ্ছে না। ১৯.০২.২০১৪তে আপনি কাগজ নিয়েছিলেন মাননীয় বিধায়ক মনোজ চক্রবর্তীর কাছ থেকে, কথা দিয়েছিলেন যে আপনি চেষ্টা করবেন কাজটি করে দেওয়ার জন্য। কিন্তু এক বছর হয়ে গেলেও কাজটা আপনি করতে পারেননি। তাহলেই বোঝা যাচ্ছে এই সরকার রং দেখে কাজ করে কি করে না। স্যার, এক বছর পরও টেন্ডার হওয়ার পরও কেন কাজটা হল না, সেটা আপনি বিচার করবেন। এটা শুধু বহরমপুরের জন্যই নয়, উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গের সমস্ত মানুষের জন্য প্রয়োজন রেলের এই ওভারব্রিজ, এটা করবার চেষ্টা করবেন। আপনার মন্ত্রী যদি রং না দেখে কাজ করেন, আপনার মুখ্যমন্ত্রী যদি রং দেখে কাজ না করেন, তাহলে আশা করব আগামী একমাসের মধ্যে এই কাজটি আরম্ভ হবে।

মিঃ স্পীকার : এটা এখানকার ব্যাপার নয়, এখানে কেন বললেন জানি না। এটা মন্ত্রীদের দপ্তরে গেছে। মাননীয় মন্ত্রীরা এটা স্থির করবেন। আপনি বলেছেন, আমি মাননীয় মন্ত্রীকে বলব এটা দেখার জন্য।

শ্রীমতী প্রতিমা রজক : কুচবিহার জেলায় সিঙ্গিমারি ধরলা নদীর উপরে সাগরদীঘি ঘাটে যে সেতুর কাজ শুরু হয়েছে তার অ্যাপ্রোচ রোড, এর জমি অধিগ্রহণ হল না, রাস্তাও হয়নি, কেন এখনও হল না মাননীয় মন্ত্রী যদি দয়া করে বলেন। আমরা জানি কেন্দ্রীয় সরকারের অনেক প্রকল্প আছে যেগুলো রাজ্য সরকার নিজেদের প্রকল্প বলে চালু করছে। যেমন ভুটানের ফুন্টশোলিং থেকে নেপালের পানিট্যাংকি রোড, যেটা ADB-এর আন্ডারে, যেটা কেন্দ্রীয় সরকারের টাকা, অথচ রাজ্য সরকার বলছে যে এই রাস্তাগুলো আমাদের। আপনারা বিচার করে দেখবেন আপনারা কি কাজ করছেন আর কেন্দ্রীয় সরকার কত টাকা দিচ্ছে। আপনাদের একজন বিধায়ক বললেন '১১-১২, '১২-১৩-তে কি কি কাজ করেছেন। আপনারা বারবার বলেন যে, কেন্দ্রীয় সরকার কোনও টাকা দেয় না। কেন্দ্রীয় সরকার টাকা না দিলে এত রাস্তাঘাট হল কি করে? মাননীয় মন্ত্রী এটা বলবেন। আমি মুর্শিদাবাদ জেলার বিধায়ক, আমার এলাকা বড়ঞা, সেখানে একটা রাস্তা দু'বছর আগে হয়েছে — কান্দি থেকে ডাকবাংলো রোড। আমি আগেও আধিকারিকদের বলেছি, সেই রাস্তার উপর দিয়ে হাঁটা যাচ্ছে না, এমনই তার অবস্থা হয়েছে। ৫ বছর পর্যন্ত রাস্তাটি ভালো থাকার কথা, অথচ দু-বছর পরেই সেই রাস্তাটি খারাপ হয়ে গেল। তাহলেই বুঝতে পারছেন কাজের কোয়ালিটি কেমন। পাঁচ বছরের জায়গায় দু-বছরেই খারাপ হয়ে যাচ্ছে একটা রাস্তা। বহরমপুর থেকে কান্দি রোড, তার অবস্থাও এমন যে হাঁটা যাচ্ছে না। এটা তাড়াতাড়ি করার জন্য অনুরোধ করছি। আমার বড়ঞা বিধানসভা এলাকার ডাকবাংলো থেকে পোস্ট অফিস পর্যন্ত একটা রাস্তা আছে, দু-বছর আগেই বলেছিলাম রাস্তাটি ঠিক করার প্রয়োজন। বারবার ডি.পি.আর. তৈরি করে পাঠানো হচ্ছে, অথচ পূর্ত দপ্তরের আন্ডারে থাকাকালীন সেই ডি.পি.আর. ঠিক ঠিক হয়নি বলে বারবার ফেরত পাঠানো হয়েছে। আপনার চিফ ইঞ্জিনিয়ারকেও বলেছিলাম রাস্তাটি ঠিক করার জন্য। সেই রাস্তার ডি.পি.আর. এখনও

তৈরি হল না। আমি বারবার বহরমপুরে গিয়েছি আধিকারিকদের বলেছি সেই রাস্তা কেন হল না, আপনারা বলবেন। মাননীয় স্পীকার স্যার, এই যে কমিটি রিপোর্ট আছে, এখানে বারবার বলা হয়েছে যে রাজ্যের বিভিন্ন জায়গা জবরদখল হয়ে যাচ্ছে। এটা সত্যি কথা। আমার বড়ঞা বিধানসভার পি.ডব্লু.ডি. রাস্তার ধারে যে নয়ানজুলিগুলো আছে সেইগুলো তৃণমূলের ক্যাডার বাহিনীরা বড় বড় দোকান করে তারা দোকানদারি করছে। আমি বারবার ওসিকে বলেছি, আপনার দপ্তরকে বলেছি। ওই দোকানদারদের এখনও তুলে সরিয়ে আনতে পারা যায়নি। সেখানে দোকান হয়ে আছে। ওসি'কে বারবার বলা সত্ত্বেও ওসি তাদের তুলতে পারছে না। যারা আধিকারিক আছেন তাদের আমি বলব যে ডাকবাংলো থেকে পাঁচথুপী যে রাস্তা যেটা পি.ডব্লু.ডি'র আন্ডারে আছে দেখবেন বাঁদিকে ডাকবাংলো ঢুকতে যে নয়ানজুলি আছে তার উপরে দোকান করা হয়েছে। যেটা রাস্তার জায়গা। আপনারা দেখে নেবেন আমি অসত্য বলছি কিনা সেটা আপনারা বিবেচনা করবেন। বড়ঞা যাওয়ার রাস্তা ডানদিকে পড়ে ওই নয়ানজুলির উপরে দেখবেন দোকান তৈরি হয়ে গেছে। আমরা বারবার পুলিশের আধিকারিককে বলেছিলাম ওঁরা সরাতে পারেননি। আমি আপনাদের বলছি যদি আমি মিথ্যা কথা বলি আপনারা সেখানে এনকোয়ারি করবেন, আগামী দিনে যখন আবার হাউস হবে তখন আপনারা দেখবেন যে আমি অসত্য কথা বলছি কিনা। মাননীয় স্পীকার স্যার, আমি বলতে চাই যে, আমরা দেখতে পাচ্ছি আপনারা বলছেন যে বিভিন্ন জায়গায় রাস্তা তৈরি হচ্ছে। আমরা মুর্শিদাবাদ জেলায় বাস করি, আমার বড়ঞা বিধানসভায় ময়ূরাক্ষী নদী আছে। ওখানে যে পীচ রাস্তা হয়েছে সেই রাস্তার উপর দিয়ে বালির লরি জল সমেত নিয়ে যাওয়া হচ্ছে। আমরা বারবার বলা সত্ত্বেও সেই বালির লরি নদীতে কিন্তু জল ঝরাচ্ছে না। আমি বিধানসভায় বলেছিলাম যে আপনারা যদি জলটা ঝরান তাহলে হয়তো রাস্তাটা ভালো থাকবে। কিন্তু জল সমেত নিয়ে আসার জন্য রাস্তা বারবার নষ্ট হয়ে যাচ্ছে। আপনাদের সরকার রোজগার করছে। কারণ বালি তোলার জন্য আপনারা একটা রাজস্ব পাচ্ছেন। তাহলে সরকার টাকা নিচ্ছে অথচ সেই রাস্তা পি.ডব্লু.ডি.-র রাস্তা খারাপ হচ্ছে। যারা বালির জন্য রাজস্ব নিচ্ছে তারা কিন্তু রাস্তাটা সারাচ্ছে না। আবার পি.ডব্লু.ডি.-ও রাস্তা সারাচ্ছে না। তাই আমি বলব আপনারা টাকা রোজগার করছেন অথচ আমাদের রাস্তা খারাপ হচ্ছে। সাধারণ মানুষের টাকায় রাজ্য চলছে অথচ সাধারণ মানুষ সেই রাস্তা দিয়ে হাঁটতে পারছে না। আমি বলব এই বিষয়টা যদি আপনি একটু দেখেন। যদি আপনারা মুখ্যমন্ত্রীকে বলেন যে উনি দেখুন যেখানে পীচের রাস্তা আছে সেখানে যে বালি তোলা হচ্ছে জল সমেত নিয়ে আসা হচ্ছে সেখানে যদি নদীর মধ্যে জল ঝরানো যায় তাহলে ভালো হয়। আর মাননীয় স্পীকার স্যার, আমি আপনার কাছে একটা শেষ কথা বলছি, পরিশেষে [***]। আমি সবাইকে নমস্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : লাস্টের পোরশনটা বাজেটে নেবেন না। উনি আমাকে বলেছেন, আমি দেখব ব্যাপারটা আমার নজরে আছে।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমাদের পূর্ত দপ্তরের মাননীয়

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

মন্ত্রিমহাশয়, ২৫ নম্বর দাবির পরিপ্রেক্ষিতে ৪ হাজার ৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের মঞ্জুরী চেয়েছেন আমি প্রথমে একে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এখানে কোনও কাট মোশন নেই। বলতে গেলে প্রায় ৮০-র উপরে বিরোধী সদস্য। সবেধন নীলমণি একজন অসিতবাবু একটা কাট মোশন এনেছেন, সেখানে শুধু বলেছেন, 'সরকারের পূর্ত নীতির অননুমোদন'। অন্যরা কেউ এখানে কাট মোশন আনেননি। স্বাভাবিকভাবেই ধরে নেওয়া যায় যে তারা সরকারের এই নীতিকে তারা সমর্থন করছেন, কাজকে সমর্থন করছেন। আমি প্রথম থেকেই এই বিতর্ক শুনছিলাম।

[11.30 - 11.40 a.m.]

আমাদের বিরোধী সদস্য মনোরঞ্জনবাবু ৩৪ বছরের ইতিহাসের কথা শুনিয়েছেন। তিনি জানতে চেয়েছেন মাননীয় মন্ত্রীর ভিশন কি। সরকারের কি ভিশন পূর্তনীতি নিয়ে, কাজ নিয়ে। কেন্দ্রের নাকি অগাধ টাকা আসছে। কাজ করছে না। আরও একধাপ এগিয়ে আমাদের প্রাক্তন মন্ত্রী সুভাষবাবু কতগুলি টেকনিক্যাল আসপেক্টের বিষয়ে বলেছেন। বলেছেন কোথাও কোথাও নাকি গার্ডওয়াল দেওয়া হচ্ছে যেটা নাকি ঠিক হচ্ছে না। আবার বলছেন যেখানে সেন্ট্রাল পলিসি পি.এম.জি.এস.ওয়াই.-এর রোড হয় শুধু আমাদের রাজ্যের জন্য নয়, ভারতের বিভিন্ন রাজ্যের রাস্তার পলিসি নির্ধারণ করেন ন্যাশানাল হাইওয়ে অথরিটি, আর পি.এম.জি.এস.ওয়াই. হচ্ছে একটা আলাদা সেক্টর। সেই পি.এম.জি.এস.ওয়াই. রোডের উপরে কোথায় ব্রিজ হবে, কি হবে না সেগুলির সমস্ত ব্যাপারগুলির ক্ষেত্রে উনি বলছেন রাজ্য সরকারকে হাতে নিতে। আমি জানি না উনি কেন এই অবাস্তব কথাগুলি বললেন। মানুষ তো সোজা পথেই তো চলে, উল্টো পথে তো মানুষ হোঁচট খায়। আমি মনে করি মাননীয় মন্ত্রী নিশ্চিতভাবে সেই সম্পর্কে বলবেন। আমি শুধু এটুকু বলি যে বিরোধিতার জন্য শুধু বিরোধিতা করছেন এই মনোভাব নিয়ে যতদিন তারা থাকবেন, আজকে ওখান থেকে তারা এখানে এসেছেন, এরপরে তারা কোথায় যাবেন, আমি জানি না। স্বাভাবিকভাবে আমি বলব যে আজকে উনি যে প্রথম পদক্ষেপ নিয়েছেন সেটা দেখবেন। আজকের দিনটা বিশ্ব পরিবেশ দিবস। পরিবেশ রক্ষার ক্ষেত্রে শুধু নর্দমা পরিষ্কার, রাস্তাঘাট ঝাঁট দিয়ে এই কাজ সম্পন্ন হয় না। কাজের পরিবেশ ঠিকভাবে তৈরি করাটা হচ্ছে সরকারের মূল দায়িত্ব। আমাদের ডানদিকে যারা বসে আছেন তারা ৩৪ বছরে কাজের পরিবেশ তৈরি করতে পারেননি। সেটা কোন জায়গায় ছিল তা নতুন করে বলার অপেক্ষা রাখে না। প্রথম বলব যে এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী কাজের পরিবেশ তৈরি করেছেন। এটা শুধু কথার কথা নয়, জেলায় জেলায় গিয়ে অ্যাডমিনিস্ট্রেটর মিটিং করছেন। কাজের মূল্যায়ন করছেন। একটা ব্লকে একবারে নীচুতলার অফিসারের সঙ্গে ইন্টারকশন করছেন। কাজে গতি আসছে। এই মুহূর্তে দাঁড়িয়ে প্রায় ৯৩টি সভা করে ফেলেছেন। এই ৯৩টা সভা হলে দেখুন জেলায় প্রায় চারটি করে সভা হয়ে গেছে। ওখানেই শুধু থেমে থাকেননি, অ্যাডমিনিস্ট্রেটিভ ক্যালেন্ডার করে কাজের নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিচ্ছেন। কাজ ভালো হলে যেমন পুরস্কার আছে, তেমন কাজ খারাপ হলে তিরস্কারেরও ব্যবস্থা করছেন। আমি এই দপ্তরের কথাতে আসছি। এই দপ্তর আগে এলোমেলোভাবে চলছিল। কোনও বিন্যাস ছিল না। প্রথমেই আমি মন্ত্রীকে ধন্যবাদ জানাব এই

কারণে যে, একটা কাজের জন্য ওই নর্থ বেঙ্গল থেকে কলকাতায় আসতে হচ্ছে। তার আর্কিটেকচারাল ভিউজ কি হবে, প্ল্যান কি হবে, তার অনুমোদনের জন্য। আমি প্রথমেই ধন্যবাদ জানাব যে এই সরকার এসে প্রথমে তিনটি জোনাল অফিস তৈরি করলেন। এই জোনাল অফিসের ক্ষেত্রে আপনি দেখবেন একটা নর্থে করলেন, একটা সাউথে করলেন, আর একটা ওয়েস্টে করলেন এবং সেই তিনটি জোনাল অফিসকে আবার আলাদা বিন্যাস করলেন। শুধুমাত্র অফিস করলেন তা নয়, তার যে তিনটি উইং আছে, আর্কিটেক্ট, ইলেকট্রিক্যাল আছে এবং এখন একটা নতুন পদ্ধতি আনলেন। একটা দপ্তর রাস্তাও করবে, কনস্ট্রাকশানও করবে এটা কখনো হয় না। আবার সোসাল সেক্টর বলে একটা উইং করলেন। আজকে এই রাজ্য সরকারের যা কিছু উন্নয়নের ক্ষেত্রে একটা ব্যাপক দায়িত্ব আছে এই পূর্ত দপ্তরের। এমন কোনও দপ্তর নেই যে দপ্তরের বিল্ডিং কনস্ট্রাকশন হচ্ছে না। আর এই মা-মাটি-মানুষের সরকার আসার পরে চার বছরে বিভিন্ন জায়গায় গিয়ে নতুন কলেজ, নতুন হাসপাতাল, নতুন আই.টি.আই., নতুন ইউথ হস্টেল তৈরি করা এই সমস্ত কাজই বর্তাচ্ছে কিন্তু এই পূর্ত দপ্তরের উপরে। সেই জায়গায় দাঁড়িয়ে সোসাল সেক্টরের আলাদা উইং করে দিয়ে শুধুমাত্র কনস্ট্রাকশানের কাজ করবেন তারা। এইভাবে কাজের একটা গতি এনেছেন। আমি মনে করি তিনি এইভাবে কাজের পরিবেশ ফিরিয়ে এনেছেন। এইজন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। শুধু তাই নয়, আপনি দেখবেন ডিভিশনাল অফিসগুলি করেছেন। তাকে ভেঙে আবার সাব-ডিভিশনাল অফিস করছেন। এর উদ্দেশ্য একটাই যে এই সরকার মানুষের কাছে দায়বদ্ধ। মানুষের কাজের নিরিখে মমতা ব্যানার্জীর নেতৃত্বে এই সরকার কাজ করছে এবং সেই জন্য মানুষ যত নির্বাচন আসছে, তত দু'হাত তুলে আশীর্বাদ করছে। তার কারণটা কি? কারণ, কথার সঙ্গে কাজের একটা এর আগে যে ফারাক ছিল, শুধুমাত্র শিলান্যাসের মধ্যে দিয়ে — আজকে শ্যামলবাবু বললেন বলে অনেকে ব্যঙ্গ করছেন — শিলান্যাসের মধ্যে দিয়ে যে সরকারটা চলছিল, আজকে কিন্তু নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়ে এই কাজের গতি এনেছেন এবং গতি আনা সম্ভব হচ্ছে সমস্ত দপ্তরের কাজগুলোকে আরও অ্যাকটিভ করতে সক্ষম হচ্ছেন আমাদের মাননীয় মন্ত্রীরা। শুধু তাই নয়, পূর্ত দপ্তরের কাজ নিয়ে শুধু নয়, ইরিগেশনের কাজ নিয়ে একটা সময় ধারণা ছিল যে, বর্ষার সময় কাজ হবে। বর্ষার সময় কাজ হলেই ভেঙে যাবে। এই সিস্টেমটাকে চেঞ্জ করে দিলেন। কালকে ইরিগেশন দপ্তরের বাজেটে আমরা শুনছিলাম, পূর্ত দপ্তরও ঠিক সেই জায়গাটা এনেছে। আর হচ্ছে, কোয়ালিটি। এই কোয়ালিটিটা তো মেন্ ব্যাপার। আজকে একটা রাস্তা হচ্ছে, কাল সেটা ভেঙে যাবে। তাহলে সেটা কে দেখবে? তার জন্য আমি মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে, তিনি এক্সপার্ট কমিটি তৈরি করে দিয়েছেন। তারা দেখবে। একটা কনট্রাক্টর কাজ করবে, তার আন্ডারটেকিং দিতে হবে, তিন বছরের মধ্যে রাস্তাটা ভেঙে গেলে সেই রাস্তাটাকে তাকেই ঠিক করে দিতে হবে। তার জন্য তাদের ১০% বা ৫০% টাকা কেটে রাখছেন। যদি তা না হয়, তাহলে তার থেকেই টাকা কেটে নেওয়া হবে। শুধু তাই নয়, তাকে ব্ল্যাক লিস্টেড করে দেওয়া হয়েছে। তার আর কাজ করা যাবে না এই দপ্তরে। এই যে অ্যাকশান, এই যে পদ্ধতি, এই পদ্ধতির কথা এর আগে ওরা ভাবতেও পারতেন না, সেই জন্য আজকে

তারা দেখতেও পাচ্ছেন না। আমি মনে করি, সেই জায়গায় দাঁড়িয়ে এই দপ্তর একটা গতি আনছেন কাজের মধ্যে দিয়ে, একটা নির্দিষ্ট সময়সীমা বেঁধে দিয়ে সে কাজের চেষ্টা করছে। ওরা বলছেন, কেন্দ্রের নাকি টাকা আসছে না। কেন্দ্র নাকি অনেক টাকা পাঠাচ্ছে মনোরঞ্জনবাবু বলছেন। আমি খবর নিয়ে দেখলাম বি.আর.জি.এফ.-এর, আমি দেখলাম পি.এম.জি.এস.ওয়াই.-এর টাকা বন্ধ হয়ে যাচ্ছে, ১০০ দিনের কাজের টাকা বন্ধ হয়ে যাচ্ছে। ১২টা জেলা পিছিয়ে পড়া জেলা। এই যে আর.আই.ডি.এফ. — বিভিন্ন যে কাজ, বিভিন্ন জায়গায় যে টাকাগুলো বন্ধ হচ্ছে, এই জায়গায় দেখুন তো আপনি, ভাষণটা দেখবেন তো। তার বক্তৃতার যে বিভিন্ন জায়গাগুলো আছে। বাজেট স্পিচে তিনি কি বলছেন? যে, পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরে শুধু রাস্তা না, বিভিন্ন জায়গায় কনস্ট্রাকশনের কাজ কিন্তু অব্যাহত রেখেছেন। আমি খবর নিয়ে জানলাম, তিন বছর ধরে টাকা বন্ধ। বি.আর.জি.এফ.-এর বকেয়া টাকা এখনো আসেনি। এই জায়গাটা তো আপনারা বলছেন না কেউ। স্যার, আমার সময় খুব অল্প, আমি দু-একটি কথা বলে তাই শেষ করছি। এই রাজ্য সরকার বিভিন্ন জায়গায় মোটেল এবং পে-অ্যান্ড-ইউজ করছে। আমি মাননীয় মন্ত্রীকে বলব, যে মোটেলগুলো হচ্ছে, সেগুলো কারা পরিচালনা করবে, এই নিয়ে এখনো কোনও পলিসি ওনারা নির্ধারণ করতে পারেননি। আজকে আমার এলাকায় দীর্ঘদিন ধরে একটা মোটেল তৈরি হচ্ছে। আমি বলব, এই ব্যাপারে দ্রুততার সঙ্গে সিদ্ধান্ত নিন। নাহলে লোকাল স্টেট বডিগুলোকে দিন। মিউনিসিপ্যালিটিগুলোকে দিতে পারেন, জেলা পরিষদকে দিতে পারেন। অন্তত কাজগুলো যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছে — আমি জেলার বিষয়ে আসি, দু-একটা কথা। কৃষ্ণনগর থেকে করিমপুর রাস্তাটা — ওখানে রেল যোগাযোগ নেই। এই জায়গাটা একটু দেখার দরকার। কালনা থেকে শান্তিপুরের একটা সেতু অনেকদিন ধরে সার্ভে হয়ে পড়ে আছে। এটা একটু দেখতে আমি অনুরোধ করব। আর পরিশেষে আমি শুধু একটা অনুরোধ করব, যে বিভিন্ন কাজ বিধায়কদের এলাকায় হচ্ছে — ইরিগেশন থেকে আসে, অনেক সময় আসতে দেরি হয়। এটা একটু দেখবেন যে সমস্ত কাজ হচ্ছে তার একটা কপি যেন সংশ্লিষ্ট বিধায়ক পেতে পারে। তাতে কাজের রক্ষণাবেক্ষণ হবে, বা কাজের দেখভাল হবে এবং এই সম্পর্কে আমরা সবাই একমত হব। এতে কোনও অসুবিধা নেই, এই সরকারের কোনও অসুবিধা নেই। এই গভর্নমেন্ট সব মানুষের সহযোগিতা চায়, আমরাও জনপ্রতিনিধি হিসেবে চাই সবাই মিলে একসঙ্গে চেষ্টা করি, যাতে কাজের প্রপার কোয়ালিটি থাকে, কাজের গুণমান যাতে ঠিক থাকে, সেই জায়গাতে আমরাও সহযোগিতা করতে পারি। আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম, ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী ২৫ নম্বর দাবীর ওপর ব্যয়-বরাদ্দের জন্য যে বাজেট পেশ করেছেন, তার ওপর আলোচনা করতে গিয়ে প্রথমেই একটা খটকা লেগেছে। গতদিনে হিসেবের কথা বলতে গিয়ে একজন মন্ত্রী যা-তা ভাষায় কথা বলেছেন, আপনি শুনেছেন, আপনি কিছু বাদ দিয়েছেন। মাননীয় মন্ত্রী ২০১৫-১৬ সালে ৪ হাজার ৯৬৪ কোটি ৪৫ লক্ষ ৭২ হাজার টাকা বরাদ্দ করেছেন।

[11.40 - 11.50 a.m.]

মাননীয় অর্থমন্ত্রী ২৭শে ফেব্রুয়ারি যে মূল বাজেট পেশ করেছেন, সেখানে তিনি সড়ক পরিকাঠামো এবং পূর্ত বিভাগ উভয় মিলিয়ে ২ হাজার ৬৫৯ কোটি ১১ লক্ষ ১১ হাজার টাকা মঞ্জুর করেছেন। আমরা যোগ-বিয়োগ করে দেখছি ২ হাজার ৩০৫ কোটি ৩৪ লক্ষ ৭২ হাজার টাকা এখানে ঘাটতি আছে। ননপ্ল্যান হতে পারে, কিন্তু পি.ডব্লু.ডি. স্ট্যান্ডিং কমিটি সেখানে ২০১৫-১৬ সালে বাজেট বরাদ্দ করছে ৩৩৮৮ কোটি ৯৫ লক্ষ ৯ হাজার টাকা। এই হিসাবটা মিলছে না, একটু জেনে যদি বলেন, সুবিধা হবে। Budget at a Glance সেখানে বলা হচ্ছে পি.ডব্লু.ডি. ৭১৪ কোটি ৪০ লক্ষ টাকা, পি.ডব্লু.ডি. রোডস্ ১৪৮৪ কোটি ৬০ লক্ষ টাকা, মোট ২১৯৯ কোটি টাকার কথা বলা হচ্ছে বাজেট অ্যাট এ গ্লান্সে। ফলে এই বিষয়টা একটু খট্‌কা লেগেছে। হয়তো বিষয়টা আমার বোঝার ভুল হতে পারে, আপনারা যদি বুঝিয়ে দিতে পারেন তাহলে আমার সুবিধা হবে। আমি এবারে মূল বিষয়ে আসছি, প্রথমেই বলি আমাদের সরকার পক্ষের অনেক বক্তা অনেক কথা বললেন, বাজেটেও অনেক ভালো ভালো কথা বলেছেন। কিন্তু আমার যেটা প্রশ্ন — মাননীয় মন্ত্রী ২০১৪-১৫ সালের বাজেট পেশ করেছিলেন, সেখানে লক্ষ করেছি বামফ্রন্টের আমলে যে সমস্ত কাজগুলি ছিল, সেই সমস্ত কাজে হয় কোনও জায়গায় হয়েছে, কোনও জায়গায় হয়নি, চলছে, এই কথা বলেছেন। এখানেও লক্ষ করছি একইভাবে বামফ্রন্ট আমলে যে সমস্ত রাস্তা, সড়ক, আবাসন এবং অন্যান্য যে বিষয়গুলি হয়েছে সেগুলি তিনি করে আসছেন। তার উদাহরণ হিসাবে আমরা অনেক জায়গায় দেখতে পাচ্ছি আমরা এই যে সদনে সভা করছি সেই সদনেরও কাজ করে যাচ্ছে পি.ডব্লু.ডি.। এই রকমভাবে সেই বামফ্রন্ট আমলের কাজ করা এই কথাটা এরা স্বীকার করতে রাজি হয় না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমরা লক্ষ করলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী তিনি ঘোষণা করেছেন কলকাতা হাইকোর্টের অধীনে সার্কিট বেঞ্চ হবে জলপাইগুড়ি জেলায়, সার্কিট হাউস বেঞ্চ। আমরা দেখলাম স্ট্যান্ডিং কমিটির রিপোর্টে আছে ২০১২ সালে ঘোষণা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কাজ শুরু হয়নি। ৬০ কোটি টাকা বরাদ্দ করার কথা বলা হয়েছে, জানি না কি অবস্থায় আছে? কালকে দেখলাম ওখানকার মানুষ বিক্ষোভ করছে, কারণ কথা দিয়েছেন, কিন্তু কেন কাজ হচ্ছে না? এই যে অসত্য কথা বলে এসেছেন তার বিরুদ্ধে মানুষ আন্দোলন করছেন। ইংলিশ মিডিয়াম মাদ্রাসার কথা বলা হয়েছে। এটা MSDP-র আন্ডারে হচ্ছে। MSDP-র আন্ডারে অনেক গার্লস্ হস্টেল হচ্ছে, অনেক ইংলিশ গার্লস্ মাদ্রাসার হচ্ছে, কিন্তু এর টাকার পরিমাণটা কত, কি পরিমাণ খরচ হয়েছে, সেই কথাটা এই বাজেটে কিন্তু উল্লেখ করা নেই। ফলে আমি চাইবো MSDP-র টাকা ২০১৫-১৬ সালে কেন্দ্রীয় সরকার কত টাকা দিয়েছে, জলপাইগুড়ি সার্কিট হাউস কেন এখন পর্যন্ত হল না। স্যার, আমি দেখলাম ২০১১ সালে পরিবর্তনের সরকার এসেছে, মা-মাটি-মানুষের সরকার বলে থাকেন ওনারা। ২০১০-১১ বাজেট, বামফ্রন্ট সরকার তখন ক্ষমতায় ছিল, মাননীয় ক্ষিতি গোস্বামী তখন মন্ত্রী ছিলেন, সেই সময় উত্তর ২৪-পরগনার টাকি, মুরাসিয়া, চৈতা, ভেদিয়া ২০ কিমি কাজের ২০% কাজ হয়েছিল। ২০১৫ সালে প্রশস্তকরণ ও দৃঢ়করণ হয়েছে এই কথা বলছেন উনি। এই কাজটা বামফ্রন্ট সরকারের আমলে, এটা আমার

কথা নয়, এটা বাজেটে উল্লেখ করা আছে, সেই বাজেট দেখেই বলা হচ্ছে। তিনি পশ্চিম মেদিনীপুরের কেশপুরে সড়ক পারং নদীর উপর ব্রিজ, এটা ২০১০-১১-তে কাজ শুরু হয়েছিল। এটাতে এই সময় নীল-সাদা রং লাগিয়ে তাঁরা বলছেন কাজ শেষ হয়ে গেল বলে এখানে বলা আছে। তাহলে আমাদের বামফ্রন্ট আমলে — বীরভূম জেলা রামপুরহাট পারুলিয়া রাস্তায় গুসকরা নদীর উপর সেতু ২০১০-১১ সালে ৭০% কাজ হয়ে গিয়েছিল। এখনও সেই কাজ শেষ করতে পারেনি, এই বাজেটে এই কথা বলা হয়েছে। ফলে স্বাভাবিক নিয়মে এইরকমভাবে এই কাজগুলি তারা শেষ করছে। ২০১৫-১৬ অর্থবর্ষে সেই কাজ শেষ হচ্ছে বলে দেখানো হচ্ছে। আমি মনে করি এই বাজেট যাই বলুক মন্ত্রিমহাশয়, যাই বলুক সরকারি বেঞ্চের সদস্যরা, বামফ্রন্ট সরকারের যে উন্নয়ন, বামফ্রন্ট সরকার পশ্চিমবাংলার রাস্তাঘাট এবং তার আবাসন কাজ করে গিয়েছেন সেই কাজকে repairing করতে, বৃহদিকরণ করতে, মজবুতিকরণ করতে, প্রশস্তিকরণ করতে আরও আপনাদের ৫ বছর সময় লাগবে। আজকে আপনাকে বলতে হবে নতুন রাস্তা কত কিলোমিটার হয়েছে? আমরা প্রশ্ন করেছিলাম। হ্যাঁ, আপনি কাজ করছেন আমরা দেখছি। Repairing-এর কাজ চলছে, প্রশস্তিকরণের কাজ চলছে, কিন্তু মানুষের চাহিদা এখনও আছে। গ্রাম বাংলায় গ্রাম্য সড়কের কথা বলেছেন। গ্রাম বাংলায় এখনও অনেক রাস্তা আছে যে রাস্তাগুলো দিয়ে মানুষ যোগাযোগের অভাবে যথাস্থানে যেতে পারছে না। কেন আপনি পরিকল্পনা নিয়ে এই রাস্তাগুলো করবেন না? কেন আপনার বাজেটে এই রাস্তাগুলোর উল্লেখ থাকবে না যে নতুন রাস্তা আমরা এত কিলোমিটার করছি? আপনি ২০১১ সালের একটা প্রশ্নের উত্তরে বলেছেন বামফ্রন্ট ৪ হাজার কিলোমিটার রাস্তার প্রশস্তিকরণ করেছে। আমরা চার বছরে ৭ হাজার করলাম। আপনার কথা দিয়ে বের হয়ে আসছে বামফ্রন্ট সরকারের আমলে যে সমস্ত কাজগুলো ছিল সেই কাজগুলোকে আপনাকে প্রশস্তিকরণ, repairing করতে হচ্ছে। কিন্তু অনেক রাস্তা এখনও করতে পারেননি। এখানে অনেক রাস্তা করতে পারেননি। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে যাচ্ছিলেন, কিন্তু রাস্তার অবস্থা দেখে বিরক্তি প্রকাশ করলেন। এটা আমার কথা নয়। তিনি বিরক্তি প্রকাশ করলেন, কোন দিকে গেলেন, কাকে ধমক দিলেন, কেন হল না ইত্যাদি। আজও কিন্তু উত্তরবঙ্গের সেই রাস্তা সেভাবে হয়নি। আমরা দেখছি আপনাদের মুর্শিদাবাদকে নিয়ে অবহেলা করাটা একটা অভ্যাসে পরিণত হয়েছে। জানি না মুর্শিদাবাদে তৃণমূলের কোনও সদস্য নেই বলে বা একজন-দু'জন আছে বলে আপনারা মুর্শিদাবাদকে সব সময়ের জন্য deprive করছেন। আপনাদের মুর্শিদাবাদের প্রতি অবহেলা আছে। আমি লক্ষ করছি মুর্শিদাবাদের একটা রাস্তার কথাও আপনারা উল্লেখ করেননি। একটা সেতুর কথাও বলেননি। আমরা লক্ষ করেছি পাটকেবাড়ি রাধানগর ঘাট, জলঙ্গী নদীর উপর সেতু — কেন্দ্রীয় সরকার সেই সময় সাহায্য করেছে আমাদের রাজ্য সরকারের সহযোগিতায়। আজ পর্যন্ত কাজটা complete হল না। কেন কাজটা complete হল না? মুর্শিদাবাদ-নদীয়ার সংযোগস্থল ফাজিলনগরের সেতু complete হল না। মুর্শিদাবাদের আধপুর গরাইমারী রাস্তার বক্সীপুর জলঙ্গী নদীর উপর যে সেতু সেই ব্রিজ আজও আপনি শেষ করতে পারলেন না। নদীয়ার আরপারা ছাড়িগঙ্গার উপর ব্রিজ বামফ্রন্ট সরকারের আমলে তৈরি। আজও আপনি শেষ করতে পারেননি। পূর্ত বিভাগে এই কাজগুলো

না করার ক্ষেত্রে কোথায় আপনার আপনার বাধা আছে? আজকে এই কাজগুলোকে যদি মনোযোগ দিয়ে দেখেন মুর্শিদাবাদের মেহেদীপুরের রাস্তা যেখানে আপনার জমি অধিগ্রহণ করার ক্ষেত্রে অসুবিধা আছে, সেখানে Standing Committee-র report কি বলছে? Standing Committee-র report বলছে, পর্যবেক্ষণ বলছে আমার কথা নয় — Standing Committee পরিষ্কার ভাষায় বলছে যে জমি অধিগ্রহণে আপনি টাকা কমিয়ে দিয়েছেন। জমি যদি না নেয় তাহলে রাস্তা হবে কি করে? আজকে জমি না পাওয়ার জন্য অনেক সেতু নির্মাণের কাজ বিলম্বিত হচ্ছে। আবার কোথাও সেতু নির্মাণ করা হলেও approach road নির্মাণ করা সম্ভব হচ্ছে না। এটা আমার কথা নয়। Standing Committee বলছে রাজ্যের বিভিন্ন জেলায় পূর্ত-সড়ক বিভাগের জায়গা জবরদখল হয়ে যাচ্ছে। বিশেষ করে VIP road-এর পাশে নয়নজুলি ও রাজারহাটের খাল অসাধু promoter-রা ভরাট করে ফেলছে। আপনারা শুনছেন syndicate রাজ চলছে গোটা বাংলাজুড়ে। আপনাদের একজন সদস্য স্বীকার করে নিয়েছে যে হ্যাঁ, syndicate রাজ চলছে, এ বন্ধ করা যাবে না। আর মুখ্যমন্ত্রী বলছেন বন্ধ করে দেবে, চলবে না, কিন্তু তাঁর ধমকে আর কাজ হচ্ছে না। জানি না কোথায় দুর্বলতা আছে। পূর্ত (সড়ক) বিভিন্ন বিভাগ থেকে রিলিজ হওয়া অর্থ খরচ করতে সমর্থ হয়নি। আপনার দপ্তর এর কারণ সম্পর্কে বলছে বিভিন্ন প্রকল্পে কাজের জন্য ঠিক সময় ঠিকাদার পাওয়া যায়নি। এক-একটি কাজের জন্য ৫ বার/৬ বার tender করতে হয় কেন? একটা রাস্তা করতে গিয়ে tender officer-দের সঙ্গে আপনাদের কি যে বোঝাপড়া আছে আমরা জানি না। মুর্শিদাবাদ জেলা পরিষদে কিছু কাজের জন্য e-tender হয়। সেই tender-এ কাগজপত্র সই হচ্ছে না।

[11.50 - 12.00 noon]

কোথায় বাধা, কোথায় এরকম কাজ হচ্ছে? আমরা বুঝতে পারছি না। বিষয়গুলিকে আপনাকে নজর দেওয়ার জন্য বলব। মুর্শিদাবাদের Rail Station-এর উপরে over bridge হওয়ার কথা PWD জায়গা দিলেন না। কেন্দ্রীয় সরকার সেখানে ব্যবস্থা নেওয়ার চেষ্টা করল। Rail দপ্তর করার চেষ্টা করল। PWD কিন্তু সেখানে জায়গা দিলেন না যে, এখানে মানুষের এরকম জায়গায় অসুবিধা হচ্ছে। আপনি লক্ষ করবেন, পাঁচকুঠিতে ঝুমঝুম নদীতে যে ব্রিজ সেটার অবস্থা খুবই খারাপ, মুর্শিদাবাদে, সেটার সারানোর চেষ্টা করবেন। বীরভূম জেলার ময়ূরেশ্বর ২ নম্বর ব্লকের অধীন হটিনগর মোড় থেকে রামনগর পর্যন্ত রাস্তার অবস্থা বেহাল। বীরভূম বিধায়ক আপনাকে বার বার চিঠি লিখেছে। জানি না এই রাস্তাটা কেন মেরামত হচ্ছে না? কেন এই কাজটি হচ্ছে না। ফলে স্বাভাবিকভাবে আপনার কাছে আমার বিশেষ আহ্বান যে, এই বামফ্রন্ট সরকারের সাফল্যের কথা যে স্বীকার করে নিয়েছেন। ফলে আপনাদের এই বাজেটে আপনারা সেইভাবে নতুন অভিমুখ দেখাতে পারেননি বলে আমরা বাজেটকে সমর্থন করতে পারছি না। এবং আপনি অ্যাকাউন্টসের হিসাবটা একটু দেবেন এই আশা-ভরসা রেখে স্যার, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage Hon'ble Member Shri Samik Bhattacharyya rose to speak.)

Mr. Speaker : No. Not in the midst of discussion.

...(Noise)...

শ্রী শঙ্কর চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পূর্ত দপ্তরের ব্যয়-বরাদ্দের উপরে যে ২৫ নম্বর দাবি সেই সম্পর্কে আজকে বিধানসভায় যারা অংশগ্রহণ করেছেন, সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের তাঁদের সবাইকে আমি আন্তরিক শুভেচ্ছা এবং ধন্যবাদ জানাই। আমরা যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থাপিত করেছি সে সম্পর্কে সম্মানীয় বিধায়করা তাঁদের মতামত জানিয়েছেন। বিরোধীপক্ষের যে সমস্ত সম্মানীয় বিধায়ক বক্তব্য রেখেছেন, তাঁদের কথার মধ্যে মাঝে মাঝেই একটা কথা তাঁরা বলেছেন যে, বাজেটের কোনও দিশা দেখতে পাচ্ছি না। আমি দিশার কথাটা আগে একটু বলি। এই হাউসেরই দীর্ঘদিনের বর্ষীয়ান সদস্য দেখছিলাম আমি কিছুক্ষণ আগে, হাউসে ছিলেন, ডাঃ মানস ভূঞ্যা উনি একদিন একটা বাজেট বিতর্কে অংশ নিয়ে বলেছিলেন যে, একটা বাজেটের অভিমুখ যদি জানতে হয়, তাহলে তার ব্যয়-বরাদ্দ কিভাবে করছেন সেটাই সেই বাজেটের অভিমুখ বলে দেখানো যায়। সুতরাং আমরা ব্যয়-বরাদ্দের জন্য যে প্রস্তাবটা এনেছি, এই প্রস্তাবটা তিনি যদি তাকান, এবং আমাদের আগে যে সরকারে যখন আপনারা ছিলেন, তখন আপনাদের বাজেটের পরিস্থিতি কি ছিল, এটা যদি একটু পর্যালোচনা করেন তাহলেই বুঝতে পারবেন যে এই পূর্ত বিভাগের আজকের দিনে মা-মাটি-মানুষের সরকার তার যিনি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর নেতৃত্বে যে সরকার চলছে, তাঁর এই দপ্তরের দিশাটা কোনদিকে। আমি কয়েকটা পরিসংখ্যান আপনাদের সামনে একটু তুলে ধরব। ২০০৭-০৮ সালে আপনাদের বাজেট বরাদ্দ ছিল, ৬৬৬.০৮ কোটি টাকা। Revised budget কমিয়ে আনলেন ৪৫৮.৩৯ কোটি টাকা। ২০০৮-০৯ সালে ৭০১.৭ কোটি টাকা revised budget করলেন ৫৯৭ কোটি টাকা। আবার কমালেন। ২০০৯-১০ সাল করলেন ৭৬৩ কোটি ৯৫ লক্ষ টাকা, রিভাইসডে নিয়ে এলেন ৭২৮.৫০ কোটি টাকা। ২০১০-১১-তে অরিজিনাল বাজেট করলেন ৮১৩.৭৩ কোটি টাকা, রিভাইসডে নিয়ে এলেন ৭৮৬.২৮ কোটি টাকা। বাজেট বরাদ্দটা দেখুন এবং রিভাইসডে কিন্তু বাজেট হয়ে যাচ্ছে নিম্নমুখী। এই করে আপনারা, আপনাদের যে প্লান এক্সপেন্ডিচার ছিল, এই চার বছরে আপনারা খরচ করেছিলেন ২,৩৩৪.৬৮ কোটি টাকা। যেটা পার্সেন্টেজের হিসাবে দেখা যাচ্ছে ৭৯.২৭ পারসেন্ট। এই ছিল আপনাদের সময়ে বাজেট বরাদ্দ এবং তার খরচ করবার যে অবস্থাটা সেটা আমি আপনাদের সামনে তুলে ধরলাম। আমরা এলাম। আমাদের আসবার পর কি হল। আমরা যখন প্রথম এলাম, আমরা বছরের প্রায় মাঝামাঝি সময়ে এসেছি। আমাদের সময়ে এসে আমরা প্রথম বছর বরাদ্দ করলাম, ৮৯৫ কোটি ১৯ লক্ষ টাকা। রিভাইসডে বাজেটে সেটা একটু কমে হল, ৭৯৪.৬৮ কোটি টাকা। দ্বিতীয় বছর '১২-১৩-তে আমরা বাজেট বরাদ্দ বাড়িয়ে করলাম ১,১৮৪ কোটি ৬ লক্ষ টাকা। রিভাইসড সেটা হল, ১,৬১১ কোটি ৯৪ লক্ষ টাকা। ২০১৩-১৪-তে ১,৩৫৫.০৭ কোটি টাকা, রিভাইসড বাজেটে হল সেটা ২,১৫৯.৮০ লক্ষ

টাকা। ২০১৪-১৫-তে ১,৭৭৬.৯১ লক্ষ টাকা, রিভাইসড বাজেটে সেটা এসে দাঁড়াল ২, ২৬০.৭২ কোটি টাকা। তাহলে বাজেট বরাদ্দ কিভাবে বাড়ানো হয়েছে এবং রিভাইসড বাজেটে সেটা কিভাবে বাড়ানো হয়েছে, আমাদের সময়ে এসে এই পরিসংখ্যান থেকে সেটা একদম পরিষ্কার। টোটাল আমরা বাজেট বরাদ্দ এই চার বছরে করেছি ৫,৮৭১ কোটি ৫৩ লক্ষ টাকা। খরচার হিসাবে সেটা ২৫১.৪৯ পার্সেন্ট খরচা করা হয়েছে। অর্থাৎ যেখানে আপনারা করেছিলেন ৭৯.২৭ কোটি পার্সেন্ট, সেখানে আমরা করেছি ১৪২.১৫ পার্সেন্ট। এটাই হচ্ছে বাজেটের অভিমুখ। এবং এই অভিমুখ অনুযায়ী কিন্তু আমরা চলছি। আসল কথাটা কি জানেন, কথাটা হচ্ছে, যারা কাজ করতে পারেন না বা কাজ করতে চান না তাদের সবসময় অভিযোগটা হয় নেগেটিভ। আর আমাদের সরকার, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উনি যে দিশা দিয়েছেন, সেই দিশায় আমরা এগিয়ে যাচ্ছি। এবং সেই দিশা অনুযায়ী আজকে আমরা বাজেট বরাদ্দ বাড়িয়ে দিয়ে আমরা পশ্চিমবাংলায় যে বিভিন্ন অঞ্চলে যে রাস্তাঘাট ব্রিজ এবং অন্যান্য যে সমস্ত কন্সট্রাকশানের কাজগুলি আছে, সেগুলিকে কিন্তু আমরা এগিয়ে নিয়ে যাচ্ছি। সুতরাং যারা বলছেন যে বাজেট বরাদ্দ যেটা হয়েছে, সেই বাজেট বরাদ্দ ঠিকমতন আমরা খরচ করতে পারিনি, আমি যে পরিসংখ্যানটা আপনাদের সামনে তুলে ধরলাম, সেই পরিসংখ্যান বলছে কিন্তু যে আমরা ১৪২.১৫ পারসেন্ট খরচা করে দিয়েছি এই চার বছরে আমাদের যা বাজেট বরাদ্দ ছিল যেটা আপনাদের থেকে প্রায় ডাবল। দ্বিতীয়ত অনেকে প্রশ্ন তুলেছেন, সুভাষবাবুর কথাতেই আসি, সুভাষবাবু আপনাকে ধন্যবাদ। আপনি আমাকে প্রশংসা করলেন, কিন্তু আমি আরো খুশী হতাম যে আজকে পশ্চিমবাংলায় আমাদের দপ্তর থেকে যে কর্মকাণ্ড চলছে তাতে যারা যুক্ত আছেন, সেইসব ইঞ্জিনিয়ার, আধিকারিক তাদেরকে যদি আপনি ধন্যবাদ দিতেন, তাদের নিরলস প্রচেষ্টায় কিন্তু আমাদের এই অগ্রগতি, এই উন্নয়নটা কিন্তু চলছিল, তাহলে কিন্তু আমি বেশী খুশী হতাম। আপনি রাস্তাঘাট সম্বন্ধে দুটো প্রশ্ন করেছেন, আপনাকে আমি বলি সুভাষবাবু, একটু ভেবে দেখেন তো, আপনি যে রাস্তায় যাতায়াত করেন, আপনাদের সময়ে কিভাবে সেই রাস্তায় যাতায়াত করতেন?

[12.00 noon - 12.10 p.m.]

আজকে বারুইপুর থেকে ক্যানিং, ক্যানিং থেকে ঝড়খালি কি রাস্তায় আপনি যাচ্ছেন? আপনি একটু চিন্তা করে দেখুন তো। আমি শুধু আপনার নিজের এলাকাতেই বলছি। গোটা পশ্চিমবাংলার কথা আমি ছেড়ে দিচ্ছি। আজকে যে ঝাঁ-চকচকে রাস্তা দিয়ে, সুন্দর মসৃণ এই রাস্তা দিয়ে আপনি যাতায়াত করছেন আপনাদের সময় রাস্তার অবস্থা কি ঠিক এইরকম ছিল? আজকে বারুইপুর থেকে ক্যানিং, ক্যানিং থেকে ঝড়খালি কি সুন্দর রাস্তা আমরা বানিয়ে দিয়েছি। ঘটকপুর থেকে বাসন্তী-ঝড়খালি সেই রাস্তার কাজ চলছে। সেই রাস্তাও এইরকম ঝাঁ-চকচকে রাস্তা হবে। সুতরাং আপনি যেটা বলেছেন যে রাস্তাঘাট অনেক জায়গাতেই ঠিকরকম হয়নি, এটা কিন্তু ঠিক নয়। আমরা যে রাস্তাগুলি করছি প্রত্যেকটা রাস্তার কোয়ালিটি মেন্টেন করে রাস্তা করছি। রাস্তার জন্য রাস্তা করে দিচ্ছি, এটা নয়। আপনাদের সময় আপনারা রাস্তা করেছিলেন সেই হিসেবটা দেখুন। চার বছরে আপনারা রাস্তা করেছিলেন ৪০৮৭.৬১

কিমি। প্রথম বছর ২০০৭-০৮-এ করেছিলেন ৭৪২, পরের বছর করেছিলেন ৯১৫.৮২, তার পরের বছর করেছিলেন ১০৬৬.৭৭, তার পরের বছর করেছিলেন ১৩৬৩.০২। বিগত চার বছরে টোটাল আপনারা করেছিলেন ৪০৮৭.৬১ কিমি। দেখুন, আমরা এই চার বছরে এটাকে নিয়ে এসেছি — প্রথম বছরে আমরা করেছি ১৩২৪.৬৪ কিমি, পরের বছর ১৫৪১.২৫ কিমি, তার পরের বছর ২০৭১.৫৫ কিমি, তার পরের বছর ২৩০৩.৪৮ কিমি, টোটাল ৭২৪০.৯২ কিমি। আপনাদের থেকে প্রায় ডবল রাস্তা আমরা তৈরি করে দিয়েছি এই চার বছরে। যে রাস্তা আমরা তৈরি করেছি সেই রাস্তার গুণগত মান বজায় রেখেই আমরা রাস্তা তৈরি করেছি। আজকে যদি আপনারা সেই রাস্তায় যান তাহলে দেখবেন যে সেই রাস্তার অবস্থা কি। আপনারা যদি আপনাদের সময়ের রাস্তার সঙ্গে এই রাস্তার পর্যালোচনা করেন তাহলে আপনাদের চোখে পড়ে যাবে যে গুণগত পার্থক্যটা কোথায়। এটা সম্ভব হয়েছে কেন? এটা সম্ভব হয়েছে কয়েকটি কারণে। ইনসার আলি বিশ্বাস সাহেব বলছিলেন। আপনাকে আমি উত্তর দিচ্ছি। আপনি যে বঞ্চনার কথা বলেছেন, তারও উত্তর আপনাকে আমি দিচ্ছি। আপনি যে কথাটা বলেছেন, বাইরে দয়া করে এই কথাটা বলবেন না। এটা আমি আপনাকে অনুরোধ জানাই। বাইরের মানুষ তাহলে আপনার এই কথা শুনে হাসবেন। আপনি বলেছেন যা কিছু রাস্তাঘাটের উন্নয়ন হয়েছে সেটা আপনাদের সময়। আমি আপনাদের সময় পরিসংখ্যান দিলাম। আমরা যে পরিসংখ্যান দিই সেটা মানুষ দেখতে পায়, সেটা কাগজে-কলমে পরিসংখ্যান নয়। আমরা কোথায় রাস্তা করেছি, কোথায় ব্রিজ করেছি, কোথায় কোন্ বিল্ডিং করেছি, সেটা মানুষ নিজের চোখে দেখতে পায়। সেটা শুধু আমাদের পরিসংখ্যান কথা বলে না। মানুষের চোখ কথা বলে। আমি অনুরোধ করবো এই কথাগুলো বাইরে গিয়ে বলবেন না। তাহলে বাংলার মানুষ হাসবে। বাংলার মানুষ দেখতে পাচ্ছেন যে এই সরকার কি উন্নয়ন করে গেছেন — রাস্তাঘাট এবং সেতুর ব্যাপারে।

মিঃ স্পীকার : সভার অনুমতি নিয়ে আরো ১০ মিনিট সময় বাড়ানো হল।

শ্রী শঙ্কর চক্রবর্তী : কয়েকটা প্রশ্ন আমাকে মাননীয় সদস্যরা করেছেন। আমি সেইসব প্রশ্নের উত্তর খুব সংক্ষেপে দিয়ে দিচ্ছি। দু'জন মাননীয় সদস্য প্রশ্ন তুলেছেন যে রং দেখে কাজ করা হচ্ছে। আমাদের মাননীয়া বিধায়িকা তাঁকে আমি এখন দেখতে পাচ্ছি না। উনি এই কথাটা বলেছেন। তিনি বলেছেন, রং দেখে আমরা কাজ করি। আমি আপনাদের একটা পরিসংখ্যান দিই। আপনার জেলা মুর্শিদাবাদ জেলা। সেই মুর্শিদাবাদ জেলায় আমরা বিগত ২০১৪-১৫ আর্থিক বছরে ৯৯.৪৬ কিমি রাস্তা করেছি এবং ইনসার আলি সাহেব আপনার জ্ঞাতার্থে বলি, আমরা ২০১৪-১৫-তে তিনটি আর.ও.বি. তৈরি করেছি। তার মধ্যে একটা আপনার জেলায়। বীজপুর আর.ও.বি. আপনার জেলার মধ্যে পড়ে। সুতরাং আমরা রং দেখে কোনও কাজ করি না। তিনটি রাস্তায় আর.ও.বি. করেছি। সেই তিনটি আর.ও.বি.-র মধ্যে একটা আপনার জেলাতে পড়ে। ১০০ কিমি রাস্তা আমরা মুর্শিদাবাদ জেলাতে করেছি। সুতরাং আপনি যে রং দেখে কাজের কথা বলছেন, এটা মোটেই কিন্তু ঠিক নয়। মইনুল হক সাহেব বলেছেন, তাকে আমি বলি এবং আপনার এটা জেনে রাখা উচিত নির্দিষ্ট কতগুলো জাতীয় সড়কের দায়িত্ব আমাদের উপরে দেওয়া আছে। সেখানে আমরা শুধুমাত্র মেইনটেনেন্সের কাজ করি, অন্য

কোনও কাজ করি না। ৩৪ নম্বর জাতীয় সড়কের এয়ারপোর্ট গেট থেকে বারাসাত পর্যন্ত মেইনটেনেন্সের দায়িত্ব আমাদের উপরে রয়েছে এবং তার কাজ চলছে। তার পরের যে অংশটা সেটার দায়িত্ব কিন্তু আমাদের উপরে নেই, এটা NHAI-র উপরে দায়িত্ব আছে। আপনি সেই রাস্তার দায়িত্ব আমাদের ঘাড়ে চাপিয়ে দিলেন। এই NHAI দায়িত্বে যেটা আছে সেই ডালখোলা বাইপাসের কথা আপনি বলছেন। ১৯৯৬ সালের পর থেকে আজ পর্যন্ত সেখানে কিছুই করা হয়নি। সেখানে LA-টাও করা হয়নি, আমরা সেই LA-টা কমপ্লিট করে দিয়েছি। এখন টেন্ডার হবে সেখানে। ৩১নং ইসলামপুর জাতীয় সড়কের বাইপাস সম্বন্ধে আপনি বলেছেন। ১৯৯৮ সাল পর্যন্ত সেখানে কোনও কাজ করা হয়নি। সেখানে আমরা LA প্রোজেক্ট কমপ্লিট করে দিয়ে NHAI-কে বলে দিয়েছি টেন্ডার প্রসেসে যাওয়ার জন্য। ৩৪নং জাতীয় সড়কের যে পোর্শানটা NHAI-এর সেখানে আমরা কোনরকম ফোর্স না ইউস করে, মানুষকে কম্পেনসেশান দিয়ে আমরা LA প্রসেসিং কমপ্লিট করে দিয়েছি, এন্টায়ার জায়গায় National Highway Act অনুযায়ী। আমাদের যেটুকু করণীয় ছিল সেটা আমরা করে দিয়েছি। আপনি নিশ্চয় এটা মানবেন বিগত কেন্দ্রীয় সরকারে আপনারা যখন ছিলেন, তখন আপনারা কিন্তু ৩৪ নং জাতীয় সড়কের NHAI-এর ডালখোলা এবং ইসলামপুর বাইপাসের ব্যাপারে সেইভাবে সোচ্চার হয়ে সেই কাজটা করিয়ে নেননি। আমরা সরকারে আসার পর সেই কাজটা কিন্তু দায়িত্ব নিয়ে করে দিয়েছি। এখন NHAI-কে এই কাজটা করতে হবে। আপনি আড়াই কিলোমিটার একটা বাইপাসের কথা বলেছেন, এটাও আপনাকে NHAI-এর মাধ্যমে নিতে হবে। ওটা আমাদের জুরিসডিকশানের মধ্যে পড়ে না। এখানে NH-80 সম্বন্ধে কথা হয়েছে। ফারাক্কা থেকে ১২ কিলোমিটার রাস্তা হচ্ছে আমাদের State portion-এর মধ্যে। সেই ১২ কিলোমিটার DPR consultant appointment করার জন্য আমরা Government of India-কে বলেছি। এটা আমাদের রাস্তা নয়। আমরা এটা তাদেরকে জানিয়ে দিয়েছি। DPR consultant নিয়োগ করে রাস্তা তৈরি করবার জন্য বলেছি, আমাদের যেটুকু কাজ সেটা কিন্তু আমরা করিয়ে দিয়েছি। আর আপনি ৬২ নং জাতীয় সড়কের কথা বলেছেন, এটা ৬২ নং হবে না, এটা ৬০ নম্বর জাতীয় সড়ক হবে। আপনি এই ব্যাপারটা একটু খোঁজ নিয়ে দেখবেন। ৬০ নম্বর যে জাতীয় সড়ক, তাতে বাঁকুড়া, বীরভূম এবং এন্টায়ার রুটের কিন্তু কাজ শুরু হয়ে গেছে। এটা আপনার অবগতির জন্য জানালাম, ৬২ নং জাতীয় সড়ক আমাদের এক্তিয়ারের মধ্যে আসে না। ন্যাশনাল হাইওয়ের যে প্রশ্নগুলো তুলেছেন আমি তার জবাব দিলাম। যেখানে আমাদের যেটুকু দায়িত্ব আছে, সেটুকু কিন্তু আমরা যথাযথভাবে পালন করে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে জানিয়ে দিয়েছি। মাননীয় সদস্যর জ্ঞাতার্থে এটুকু বলি, মাননীয় কেন্দ্রীয় মন্ত্রী কিছুদিন আগে এখানে এসেছিলেন। আমাদের সঙ্গে তার একটা মিটিং হয়েছিল এবং মাননীয়া মুখ্যমন্ত্রী ওনার দৃষ্টি আকর্ষণ করে এই এন.এইচগুলো সম্পর্কে, ডালখোলা সম্বন্ধে বিশেষভাবে জানিয়েছিলেন। মাননীয় মন্ত্রিমহাশয় কথা দিয়েছেন বিষয়গুলো নিশ্চয় গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। সুতরাং আমরা যেখানে যেটুকু করবার সেটুকু আমাদের দিক থেকে আমরা করে যাচ্ছি। ইনসার আলি সাহেব উত্তরবঙ্গ নিয়ে অনেক কথা বললেন। আমি আপনাকে অনুরোধ করব দয়া করে আপনি একবার উত্তরবঙ্গটা ঘুরে আসুন। আগে উত্তরবঙ্গে আপনি গিয়েছেন

কিনা আমি জানি না, উত্তরবঙ্গ থেকে অনেক সদস্য হাউসে আছেন। অক্ষয় ঠাকুর আছেন, নর্মদাবাবু আছেন, গোকুলবাবু আছেন, তজমুল সাহেব আছেন, আর আমাদের শাসকদলের সদস্যরাও আছেন। আপনি একবার উত্তরবঙ্গে গিয়ে দেখবেন সেখানকার রাস্তাঘাট কি করা হয়েছে।

মিঃ স্পীকার : With the consent of the House আলোচনার সময় আরও পাঁচ মিনিট বাড়ালাম।

[12.10 - 12.16 p.m.]

দয়া করে ওখানে ঘুরে এসে তারপরে এই সদনে আপনার মন্তব্য করবেন যে উত্তরবঙ্গে কোনও কাজ হয়নি। আজকে এতগুলি সদস্য এখানে আছেন দয়া করে তাদের কাছ থেকে একটু খোঁজ নিয়ে নেবেন যে উত্তরবঙ্গে কি কাজ হচ্ছে এবং উত্তরবঙ্গে কোন কাজ হচ্ছে না। কাজের বিলম্ব সম্বন্ধে আপনারা একটা কথা বলেছেন। আমরা কাজ করবার জন্য উত্তরবঙ্গে মাত্র সাত মাস সময় পাই। দক্ষিণবঙ্গে মাত্র আট মাস সময় পাই। আমাদের কাজের সময়টা হচ্ছে নভেম্বর টু জুন। এই পিরিয়ডের মধ্যে বিভিন্ন সময় বিভিন্ন নির্বাচন এসে পড়ে। এবং সেই নির্বাচনের জন্যে model code of conduct চালু হয়ে যায় দেখে আমাদের অনেক কাজ বিলম্বিত হয়। যার জন্যে আপনারা যেটা বলছেন যে বাজেটের পূর্ণ টাকা অনেক সময় ধরা যায় না। সেটা এই সমস্ত কারণে যায় না। এই কারণে কাজটা বিলম্বিত হয়। আপনারা বলেছেন টেন্ডার প্রক্রিয়ার বিলম্বর কথা, অনেকে বলেছেন syndicate raj — আপনাকে আমি হাউসে দাঁড়িয়ে একথা বলতে পারি, আমাদের দপ্তরের কাজে কোনও সিন্ডিকেট রাজ চলে না। কারণ আমাদের দপ্তরের সমস্ত কাজ e-tender-এর মাধ্যমে হয়। e-tender আপনারা জানেন সেই প্রক্রিয়াতে ২১ দিন করে এক একটা টেন্ডারে সময় দিতে হয়। প্রথমে technical bid হয়, technical bid হবার পর financial bid হয়। সেই financial bid এবং technical bid দেখে নিয়ে তারপরে তার tender committee বিচার বিবেচনা করে approval নেন, নিয়ে তারপরে work order দেন। সুতরাং এখানে কোনওরকম দুর্নীতি, কোনওরকম অস্বচ্ছতার কোনও কারণ নেই। সমস্তটা কিন্তু স্বচ্ছতার সঙ্গে এখানে কাজটা করে দেওয়া হয়। সেই কাজ করতে গিয়ে কোনও কোনও জায়গায় বিলম্ব হওয়ার কারণ হয়ে যায়। সেই কারণের মধ্যে অনেক সময় থাকে, টেকনিক্যাল কিছু অসুবিধা হয়ে যায়। সেই টেকনিক্যাল কারণের জন্যে হয়তো কাজটা দু-একটা সময়ে বিলম্বিত হতে পারে। যেমন নেপালবাবু জানেন, ওনার ওখানে ব্রিজ করতে গিয়ে টেকনিক্যাল অসুবিধা হয়ে ব্রিজটা বিলম্বিত হয়েছে। মাননীয় সদস্য যিনি বললেন একটু আগে, তিনি তাঁর একটা রাস্তার কথা বললেন। আপনার অবগতির জন্যে জানাই, মাননীয় বিধায়ক আজকে এখানে নেই। নেপালবাবুর পাশেই বসেন অপূর্ববাবু। উনি কয়েকদিন আগেই আমাকে এই রাস্তাটা সম্বন্ধে বলেছেন এবং আমি খবর নিয়ে দেখেছি, এটা আমাদের defect liability period-এর মধ্যে আছে। এবং সঙ্গে সঙ্গে নির্দেশ দেওয়া হয়েছে যে সেই সম্বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ যেন নিয়ে নেওয়া হয়। আপনার দু-পাশে যে দুজন মাননীয় বিধায়ক বসে আছেন অসিতবাবু আছেন, নেপালবাবু আছেন। তাদেরকে জিজ্ঞেস করে দেখবেন, তারা যখনই

কোনও সমস্যা নিয়ে আসেন, তৎক্ষণাৎ কিন্তু আমরা সেটার দিকে নজর দিই। এবং পরবর্তীকালে জানিয়ে দিই কি ব্যবস্থা নিয়েছি। তবে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি আপনি কিন্তু কোনওদিনও আমাকে এসে এই রাস্তাটার কথা বলেননি, যেটা অপূর্ববাবু আমাকে চার-পাঁচদিন আগে বলেছিলেন। আমি তৎক্ষণাৎ সেটার ব্যবস্থা নিয়েছি। তাই আজকে আমার বাজেট বিতর্কে অংশ নিয়ে আপনারা যে কথা বলেছেন, আমি তাতে একটু হতাশ হলাম এই কারণে আমি ভেবেছিলাম বিরোধী অনেক পক্ষ গঠনমূলক কথা বলবেন এবং সেইগুলোকে আমরা আমাদের পাথেয় করে নিয়ে এগিয়ে যাব আগামী দিনের কাজের ক্ষেত্রে। যাই হোক, আপনাদের সবাইকে এবং সুভাষবাবুকেও ধন্যবাদ। সুভাষবাবুর একটু বাধ্যবাধকতা আছে। উনি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হিসাবে দেখেছেন যে বিভিন্ন সময়ে আমার দপ্তর কিভাবে কাজ করে যাচ্ছে। সেই জন্য ওনার একটু বাধ্যবাধকতা আছে। এই ব্যাপারটা বুঝতে পারি। যাই হোক আপনাদের সবাই যারা এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করেছেন, যারা আজকে এখানে উপস্থিত ছিলেন সবাইকে আবারও ধন্যবাদ জানাই এবং শুভেচ্ছা জানাই। আমি আবেদন করবো, যে এই বাজেট বিতর্কে আমরা যে ব্যয়-বরাদ্দ মঞ্জুর করেছি সেটাকে আপনারা সর্বসম্মতিক্রমে অনুমোদন দিন। সবাইকে নমস্কার।

Mr. Speaker : The question before the House is the cut motion that the Amount of the Demand be reduced to Re.1/-.

As many as are of that opinion, will please say 'Aye'. As many as are of the contrary opinion, will please say 'Noe'.

Noes have it, noes have it.

The cut motion is lost.

Now the question before the House is the motion moved by Dr. Amit Mitra that a sum of Rs.4964,45,72,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads : 2052-Secretariat-General Services, 2059-Public works, 2205-Art and Culture, 2216-Housing, 2250-Other Social Services, 3054-Roads and Bridges, 3451-Secretariat-Economic Services, 4059-Capital Outlay on Public Works, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture, 5054-Capital Outlay on Roads and Bridges and 7075-Loans for Other transport Services during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs.1654,81,94,000 already voted on account.)

মাননীয় মন্ত্রী ব্যয়-বরাদ্দের জন্য আপনি যে খাতগুলো দিয়েছেন, তার মধ্যে আপনার 4202 এবং 7075 নেই। এটা ইনক্লুড করে নিতে বলবেন আপনার দপ্তরকে। কেননা, এটা মাননীয় অর্থমন্ত্রী এই দুটো হেডেও টাকা বরাদ্দ করেছেন।

As many as are of that opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

The Demand No. 25 is passed. The Demand No. 25 is passed.

মাননীয় সদস্যদের জ্ঞাতার্থে জানাই, ২টোর সময় আমাদের একটা স্মরণিকা প্রকাশ হবে। লবিতে মাননীয়া মুখ্যমন্ত্রী প্রকাশ করবেন, সবাইকে আমি অনুরোধ করব আপনারা ওই সময় উপস্থিত থাকবেন। আমি একটা হাই টির অ্যারেজমেন্ট করেছি, ধন্যবাদ।

Adjournment

The House was then adjourned at 12.16 p.m. till 11.00 a.m. on Monday, the 8th June, 2015 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 8th June, 2015 at 11.00 a.m.

P R E S E N T

Mr. Speaker (**SHRI BIMAN BANERJEE**) in the Chair, 28 Ministers, 7 Ministers of State, 16 Parliamentary Secretaries and 182 Members.

[11.00 - 11.10 a.m.]

মিঃ স্পীকার : *১৮০, এর সঙ্গে আমাদের পার্থবাবু আরো ৩টি প্রশ্ন আছে। *১৮৬, *১৮৮, *১৯২, সব রিলেটেড প্রশ্ন। অসিতবাবুরটা হয়ে গেলে বাকিগুলো আমি নেব, তারপর সাপ্লিমেন্টারি হবে।

Starred Questions
(to which oral answers were given)

উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা

*১৮০। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী অসিত মিত্র** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা মে, ২০১৫ সাপেক্ষে রাজ্যে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের মোট সংখ্যা কত; এবং

(খ) তন্মধ্যে, কত সংখ্যক 'স্ট্যান্ডার্ড স্কুল' হিসাবে স্বীকৃতি পেয়েছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক শ্রী অসিত মিত্র মহাশয় কর্তৃক উত্থাপিত প্রশ্নের উত্তরে বলি—

(ক) ১লা মে, ২০১৫ সাপেক্ষে রাজ্যে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের মোট সংখ্যা ৬২০২টি।

(খ) 'স্ট্যান্ডার্ড স্কুল' হিসাবে আলাদা কোনও চিহ্নিতকরণ করা হয়নি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই যে ৬২০২টি উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে, এই ৬২০২টি উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে বর্তমানে কত শিক্ষক আছে এবং কত শিক্ষকের পদ খালি আছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : আপনার প্রশ্নটা ছিল কটা স্কুল আছে, শিক্ষক নয়। আমাকে ১৫ মিনিট টাইম দিন আমি বলে দিচ্ছি। তার কারণ আপনাকে জানাই এই প্রশ্নটা আপনি করবেন জেনেই লাস্ট ১ মাস ধরে চেষ্টা করছি কোন স্কুলে কত ছাত্র আছে, কত শিক্ষক আছে, আর কোন স্কুলে

শিক্ষক আছে ছাত্র নেই, আর কোন স্কুলে ছাত্র আছে শিক্ষক নেই, তার র‍্যাসানালাইজেশান করা। কাজটা সম্পন্ন হয়েছে, আমি দু-এক মিনিটের মধ্যে জানিয়ে দেব।

শ্রী অসিত মিত্র : ধন্যবাদ মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি চেষ্টা করেছেন উত্তর দেওয়ার জন্য। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আর একটা প্রশ্ন করছি, পরিসংখ্যান নিয়ে নয়, আমার প্রশ্নটা হল এই, আমি যত দূর জানি অনেক শিক্ষকের পদ খালি আছে। আমি শুধু আপনাকে বলতে চাই গত কয়েক বছর অর্থাৎ প্রায় ৫ বছর হতে চলল আমাদের মাত্র ২০১২ সালে এস.এস.সি পরীক্ষাটা হয়েছিল যার মাধ্যমে এখন শিক্ষক নিয়োগ হয়। কিন্তু তারপরে আর কোনও এস.এস.সি. পরীক্ষা হয়নি। ব্রাত্যবাবু চলে গেছেন, আপনি এসেছেন, দায়িত্ব নিয়ে কাজ করছেন। আপনার কাছে আমার প্রশ্ন, এস.এস.সি. পরীক্ষা না হলে তো শিক্ষক নিয়োগ হবে না। এবারে কি এস.এস.সি. পরীক্ষা হবার কি কোনও তারিখ ঠিক হয়েছে বা করা যাবে? এতোগুলো বছর তো হয়নি।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বিধায়ককে জানাই যে, আগের প্রশ্নে আপনি বলেছিলেন যে কত ভ্যাকান্সি আছে। আমি ১৯টি জেলার জেলাওয়ারি হিসাব আপনাকে দিতে পারি। সেটা হচ্ছে দার্জিলিং জেলার শিলিগুড়িতে ২৮৬টি, জলপাইগুড়িতে ১৪৪৩টি, কুচবিহারে ১২৮৭টি, উত্তর দিনাজপুরে ১৫০৩টি, দক্ষিণ দিনাজপুরে ৫৫০টি, মালদায় ১৩২৩টি, মুর্শিদাবাদে ২৭৯৪টি, নদীয়ায় ১০৬২টি, নর্থ ২৪-পরগনায় ১৫২৮টি, কলকাতায় ৪২৩টি। সাউথ ২৪-পরগনায় ২ হাজার ২৯টি, হাওড়ায় ৮৯৫টি, হুগলিতে ১৬৫২টি, পূর্ব মেদিনীপুরে ১৭৮০টি, পশ্চিম মেদিনীপুরে ৯৯৪টি, বাঁকুড়ায় ১৩৯৩টি, পুরুলিয়ায় ১২০২টি, বর্ধমানে ২৮৬৪টি, বীরভূমে ৯৯৩টি, মোট ২৫ হাজার ৮৯৭টি। তার মধ্যে অনার্স এবং পি.জি. (পোস্ট গ্র্যাজুয়েট) ১৩০৯৪টি এবং পাস গ্র্যাজুয়েটের সংখ্যা ১২৮০৩। আপনি জানেন এগুলো নিয়ে ইতিমধ্যেই কেউ কেউ বিচারালয়ে গেছেন। বিচারালয়ে যাওয়ার প্রশ্ন থাকার জন্য আমরা ইচ্ছা থাকলেও পরীক্ষাগুলোকে সংগঠিত করতে পারিনি। এন.সি.টি.ই-র নিয়ম আমাদের একবার করবার অধিকার দিয়েছিল। নির্বাচন থাকার জন্য পরে সেই সময় চলে যায়। পরবর্তীকালে আবার দরবার করি। সেই অনুমোদন এসেছে — ৩১শে মার্চ ২০১৬-র মধ্যে আমাদের এই প্রক্রিয়াকে সম্পূর্ণ করতে হবে। সেটা প্রাইমারী এবং এস.এস.সি. দুটোই।

*প্রশ্ন নং-১৮৬

শ্রী ইনসার আলি বিশ্বাস : ....(নট কল্ড)...

*প্রশ্ন নং-১৯২

শ্রী তোয়াব আলি : ...(নট কল্ড)...

*প্রশ্ন নং-১৮৮

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : ...(নট কল্ড)...

ডঃ তরুণ কান্তি নস্কর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন যে, গত কয়েক বছরের পরীক্ষার সূচী অনুযায়ী মাধ্যমিক এবং হাই সেকেন্ডারী আগামী বছর শুরু হচ্ছে, মাধ্যমিকটা ২০-২১ দিন আগে, আর উচ্চমাধ্যমিকটা তার একমাস পরে। এবারে যেহেতু নতুন সিলেবাস ছিল, ফলে অনেক জায়গায় সিলেবাস শেষ করতে একটু মুশকিল হয়েছে, বিশেষ করে সায়েন্সে। এইরকমভাবে একমাস কুড়ি দিন পরীক্ষা এগিয়ে দিল, বোর্ড এবং কাউন্সিল দুটোই অটোনমাস বডি। কিন্তু বোর্ড ওয়ান মেম্বার, সেটা ইলেকটেড বডিও এখন নয়। আমার যেটা প্রশ্ন, ছাত্র-ছাত্রীরা কিন্তু পরীক্ষার প্রিপারেশান করার ক্ষেত্রে অসুবিধায় পড়বে। এইরকম একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বোর্ড এবং কাউন্সিল একা একা নিল? তারা কি গভর্নমেন্টকে পুরোপুরি ইগনোর করে এইরকম একটা সিদ্ধান্ত নিল? এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। বিশেষ করে, ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের ক্ষেত্রে। এই বিষয়টা স্যার আমি বুঝতে পারছি না। মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন, অটোনমাস বডির ক্ষমতা আছে বলে গভর্নমেন্টকে ইগনোর করে এইরকম একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে পারে?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুনে ভাল লাগছে যে আমি যদি কোনও সিদ্ধান্ত নিই, তখন বলবেন যে স্বাধিকার ভঙ্গ হয়েছে। বলে মিছিল করবেন, এখানে ওখানে যাবেন। আবার যদি না নিই, তাহলে আপনি এখানে আবার প্রশ্ন করবেন যে, গভর্নমেন্ট কেন এটা জানল না? আসলে গভর্নমেন্টের যতটুকু জানার, গভর্নমেন্ট ততটুকুই জানে। আপনি যে কথাটা বললেন, নতুন কোর্স হয়েছে। সেটা এ বছর থেকে নয়, গত বছর থেকে চালু হয়েছে। তার একটা দিক চলে গেছে। ফার্স্ট এখনও কিন্তু বাকি আছে। নতুন কোর্সের প্রথম পরীক্ষা এ বছরেই। আর আপনি যেটা বললেন, আমাকে যদি প্রশ্ন করেন যে যদি আমার কাছে আসত তাহলে আমি দ্বিমত পোষণ করতাম না। এই কারণেই করতাম না, যে মার্চ মাসে যে সমস্ত সময় হয়, আজকে যে আবহাওয়ার অবস্থা হয়েছে, যে স্কুলগুলোকে আবার মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে সাতদিন করে গরমের ছুটি বাড়াতে হচ্ছে। এইরকম একটি অবস্থার মধ্যে দিয়ে যদি আমাদের যেতে হয়, তাহলে ফেব্রুয়ারীতে যে দিন-ক্ষণ ঠিক করেছেন আমার মনে হয় না কোনও অসুবিধা আছে। বিগত দিনেও আমি দেখেছি যে ফেব্রুয়ারীতে পরীক্ষা হয়েছে। ছাত্রদের কোনও অসুবিধা যাতে না হয়, সেই দিকটা আমাদের মাথায় আছে এবং যারা পড়াশোনা করেন, তাদের টেস্ট পরীক্ষা আছে। এই পরীক্ষাটা নভেম্বর-ডিসেম্বর মাসে হয়ে যায়। সুতরাং প্রিপারেশনে তাদের থেকেই যায়। যেটা হয় না সেটা হচ্ছে যে, এই গরমের মধ্যে ভীষণ কষ্ট হয়। সেই কষ্টে লাঘব দেওয়ার জন্য হয়তো মধ্যশিক্ষা পর্ষদ বা উচ্চশিক্ষা পর্ষদ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমি মনে করি না, এতে কোনও অসুবিধার কারণ হবে।

[11.10 - 11.20 a.m.]

শ্রী অশোক কুমার সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন যে, চন্দননগর বিধানসভার অন্তর্গত বাগবাজার এলাকায় ইন্দুমতী গার্লস স্কুল আছে। ওই স্কুলকে যাতে উন্নতিকরণ করা যায় — সেকেন্ডারি থেকে হায়ার সেকেন্ডারি তার

জন্য সমস্তরকম কাগজপত্র ব্রাত্যবাবুকে দেওয়া ছিল। সেই কাগজপত্র দেওয়া সত্ত্বেও এখনও কোনও পত্রালাপ হয়নি বা কোনও চিঠিপত্র আসেনি। সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী যদি উত্তর দেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : একটি স্কুল সম্পর্কে উত্তর দেওয়া তো খুব কঠিন। তবে অশোকবাবুকে আশ্বস্ত করতে পারি যে, যদি কাগজ দিয়ে থাকেন আর তা যদি নিয়ম-কানুন মেনে হয়ে থাকে তাহলে কোনও বিলম্ব হবে না।

শ্রী নগেন্দ্র নাথ রায় : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমাদের কুচবিহারে আমরা যারা মাধ্যমিক শিক্ষক তাদের পি.এফের টাকার হদিশ পাওয়া যাচ্ছে না। এ ব্যাপারে আপনি আশ্বস্ত করবেন নিশ্চয়। এটা আমার একটা আর্জি।

ডঃ পার্থ চ্যাটার্জী : কথা হচ্ছে যে, পি.এফের টাকা পাওয়া যাচ্ছে না, এটা প্রথম আপনার কাছ থেকে শুনলাম। আপনি তো আগে কোনদিন বলেননি বা আপনাদের যে জেলার বিষয় আছে তারা কি অ্যাকশান নিয়েছে, বলেননি। আপনি লিখিতভাবে আমাকে জানান যে, কারা পাচ্ছে না, আমি ইমিডিয়েটলি তার ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : স্যার, আপনার মাধ্যমে আমার বিভাগীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রিমহাশয় বললেন যে, ১লা মে ২০১৫ পর্যন্ত উচ্চমাধ্যমিক স্কুলের সংখ্যা হচ্ছে ৬২০২টি, আমার প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে, ২০১১ সালে মে মাস থেকে আজ পর্যন্ত আমাদের এই সরকার আসার পর উচ্চমাধ্যমিকের কতগুলি নতুন স্কুল খোলা হয়েছে, যদি জানান তাহলে হাউস খুব বাধিত হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমাদের যে স্কুল আছে তার মধ্যে তো কিছু স্কুল আমরা নতুন করে বোধহয় আড়াই হাজারের মতো স্কুল এবং উচ্চমাধ্যমিকে আমরা প্রায় দেড় হাজারের কাছাকাছি স্কুল আমাদের এই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকারের আমলে তৈরি হয়েছে। আপনি শুনলে আশ্বস্ত হবেন যে, আমরা শুধুমাত্র স্কুল তৈরি নয়, তার পরিকাঠামোর দিকটিতেও নজর দিচ্ছি। এবং সেইখানে আমরা নতুন স্কুল করার থেকে যেখানে পরিকাঠামো আছে সেখানে হায়ার সেকেন্ডারি আপগ্রেডেশান করেছি ১৭১৫টি। এবং আপগ্রেডেশান ফর স্কুল — প্রাইমারি থেকে সেকেন্ডারি করেছি ৩৩১টি। আর আপনি যে প্রশ্নটা করলেন সেটা হচ্ছে শুধুমাত্র উচ্চমাধ্যমিক নয়, প্রাইমারি স্কুলেও ৭০৮টি এবং নিউ-সেট-আপ আপার-প্রাইমারি হচ্ছে ১৬৯৩টি। এছাড়া দশ হাজার নতুন করে ঘর তৈরি হয়েছে, ক্লাসরুম তৈরি হয়েছে। আমরা চেষ্টা করছি সর্বদিক থেকে যাতে elementary education, হায়ার এডুকেশান — সবদিক থেকে আমাদের এই রাজ্যের ছাত্ররা রাজ্যে থেকেই সুযোগ-সুবিধা এবং পরিকাঠামোগত উন্নয়ন করার ফলে তারা যেন উন্নত মানের শিক্ষা পায়। এবং সেই দিকেই লক্ষ্য রেখেই ৪৫টি নতুন কলেজ করা হয়েছে। নিশ্চয় মুখ্যমন্ত্রী এই হাউসে জানিয়েছিলেন এবং আমিও জানিয়েছিলাম। তার মধ্যে ৩১টি সরকারি কলেজ এবং বাদবাকি প্রাইভেট কলেজ। এছাড়াও ১৩টি বিশ্ববিদ্যালয় করা হয়েছে। আগে ১৩টি ছিল। আমরা এই চার বছরে ১৩টি বিশ্ববিদ্যালয় করেছি। একটাই

কারণ হচ্ছে যে, আমাদের যে সংখ্যক ছাত্রছাত্রী পাশ করছে, অনেকে এখানে প্রশ্ন তুলেছিলেন, যারা পাশ করছে তারা ভর্তি হতে পারবে কিনা, এবারে আড়াই হাজার ফার্স্ট ডিভিশন পেয়েছে। আমি তাঁদের আশ্বস্ত করে বলেছিলাম এবং এখনও বলছি, আমাদের ৬ লক্ষ ২৩ হাজার সিট আছে। সেল্ফ ফাইন্যান্সিং, প্রাইভেট কলেজ, সরকারি কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ, মেডিকেল, সব মিলিয়ে। আড়াই লক্ষ ফার্স্ট ডিভিশনে গেছে আর ৬ লক্ষ ২৩ হাজার সিট আছে। কিন্তু মুশকিল হচ্ছে, সকলে একটা জায়গায় পড়তে চাইছে। বেছে নিচ্ছে। আপনি জেলাতে যান, জেলার ভালো স্কুলগুলোতে ভিড় হচ্ছে। অন্য স্কুলগুলো পড়ে থাকছে। ভালো কলেজগুলোতে ভিড় হচ্ছে। অন্যগুলো পড়ে থাকছে। সেই কারণে আপনাদের আশ্বস্ত করছি, আমাদের বিদ্যালয় শিক্ষার প্রসার আছে, আমাদের প্রাইমারী শিক্ষার প্রসার আছে, আমাদের উচ্চশিক্ষারও প্রসার আছে। সর্বদিক থেকেই এই চার বছরে শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য প্রগতি এবং উন্নয়ন হয়েছে।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের বিষয়ে আপনি কিছুক্ষণ আগে কিছু কথা বললেন। আমরা শুনতে পাচ্ছি, ২০১২ সালে 'টেট' পরীক্ষার সময় NCTE-র guideline নাকি মানা হয়নি। একথা কী সত্য যে NCTE-র guideline না মেনেই পরীক্ষা নেওয়া হয়েছিল? এ ব্যাপারে আপনি যদি আমাদের আশ্বস্ত করেন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আপনি একটি সাব-জুডিস ব্যাপার এখানে এনেছেন। বিচারপতিও এরকমভাবে জিজ্ঞাসা করেননি। বিচারালয়ে এটা সাব-জুডিস। যেটা সাব-জুডিস আমি তার উত্তর দিতে বাধ্য নই।

শ্রীমতী অপর্ণা সাহা : ২০০১ সালে সর্বশিক্ষার মাধ্যমে সব ছেলেমেয়েকে স্কুলে আনার সুবাদে ২০১০-১১ সালে বেশ কয়েকটি স্কুলকে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার পরিকল্পনা ছিল। আপনি কয়েকটা করেছেনও। সে জন্য ধন্যবাদ। আমার জিজ্ঞাস্য, যে স্কুলগুলো মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক হল সেই স্কুলগুলোতে বাড়তি শিক্ষক কী নিয়োগ করা হয়েছে?

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি প্রথমেই বলি, সকলে মিলে যখন আমাদের কাছে আসেন, মাননীয় বিধায়করাও এসে বলেন যে, স্কুলটাকে upgrade করুন। আমাদের মধ্যে প্রবণতা আছে, upgrade করলেই বোধহয় এটা হয়ে যাবে এবং তখন ওখানকার গভর্নিং বডি বা কর্তৃপক্ষরা আমাদের বলেন, আমাদের যা শিক্ষক-টিক্ষক আছে তাঁদের দিয়ে আমরা চালিয়ে নেব, আপনি শুধু upgrade করে দিন। এইটা চলে আসছে। আমরা এটাকে দৃষ্টিতে এনেছি। এবং rationalisation of teachers, যেটা মূল বিষয়, সেটাকে আমরা করছি। এবং সঙ্গে সঙ্গে নিয়োগেরও আমরা ব্যবস্থা করছি। যদিও দু-একটা জায়গায় বিচারালয় আমাদের সামনে বাধা হয়ে দাঁড়িয়েছে। আমরা নিশ্চয় বিচারালয়কে বোঝাতে পারব এবং যতশীঘ্র সম্ভব এই যে আপনি প্রশ্নগুলো তুললেন, আমাদের এক থেকে ছয় এবং আট পর্যন্ত এক নিয়ম, আর, আটের

পর থেকে বারো পর্যন্ত আরেক নিয়ম SSC-র। এগুলোর সমন্বয় ঘটিয়ে আমরা করব। কিন্তু যেখানে বেশী টিচার আছে সেখান থেকে টিচার সরিয়ে নিয়ে গিয়ে যেখানে টিচার নেই সেখানে দেওয়ার আমরা একটা বন্দোবস্ত করছি। আর, যেখানে একেবারে দিতেই হবে সেখানে আমরা দিয়ে দেব।

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অতিরিক্ত প্রশ্ন। কিছু মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্কুল স্পনসর্ড হয়েছে। স্পনসর্ড বিদ্যালয় হওয়ার ফলে কিছু আর্থিক সাহায্য দেওয়ার কথা। কবে নাগাদ ওই বিদ্যালয়গুলো আর্থিক সাহায্য পেতে পারে?

ডঃ পার্থ চ্যাটার্জী : আমরা ইতিমধ্যেই প্রথম ৪৮৭টি স্কুলে পাঠিয়েছি। দ্বিতীয় দফায় টাকা আসলে নিশ্চয় তাদের জন্যও ব্যবস্থা করব। তবে স্পনসর্ড স্কুলেরও কিছু নিয়ম-কানুন আছে। সেই নিয়ম-কানুনগুলো মেনেই আমরা অর্থ সাহায্য করব। অর্থের জন্য ভাববেন না, নিশ্চয় প্রত্যেকটা স্পনসর্ড স্কুল, খুব সম্ভবত আমি জানি ৫০ হাজার টাকা করে বোধহয় বা তার বেশীও পেতে পারে। কিন্তু আমরা তা দেওয়ার ব্যবস্থা করবো এবং তা যেন স্কুলের কাজে, যে কাজে দেওয়া হচ্ছে সেই কাজে ব্যবহার করা যায়, সেই দিকে সকলকে নজর রাখতেও বলবো।

[11.20 - 11.30 a.m.]

শ্রী শমীক ভট্টাচার্য্য : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, এই মুহূর্তে পশ্চিমবঙ্গে ইঞ্জিনিয়ারিং কলেজে কত আসন আছে? গত অর্থবর্ষে কতগুলো আসন ভর্তি হয়েছিল? এবং এই বছরে মাননীয় মন্ত্রীর আশা কত সংখ্যক আসন ভর্তি হবে?

মিঃ স্পীকার : আপনি মাল্টিপল কোশ্চেন করেছেন। একটা স্পেসিফিক কোশ্চেন করুন, আপনি অনেকগুলো করেছেন। ঠিক আছে, আপনি উত্তর দিতে পারলে দিন।

ডঃ পার্থ চ্যাটার্জী : আসল কথা, শমীকবাবুকে বলি এটা তো বিদ্যালয় শিক্ষা নিয়ে আলোচনা হচ্ছে। উচ্চ শিক্ষা যখন আসবে তখন আপনার প্রশ্নের উত্তর দেব।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই আমাদের রাজ্যে কতগুলো স্কুল আছে, তার মধ্যে কতগুলো স্পনসর হয়েছে। আর এই স্পনসর করা — শুধুমাত্র সরকারের লোক কমিটিতে বসানো ছাড়া আর কি লাভ হয়েছে আমি তো বুঝলাম না। কেন করলেন, এটা আমি জানতে চাই?

ডঃ পার্থ চ্যাটার্জী : কেন করলাম? আপনার মতে কি করা উচিত ছিল না? আপনি কি চাইছেন? আমি তো বুঝতে পারলাম না। আপনি বলুন না, আপনি কি মনে করেন স্পনসর করা উচিত না, সরকার পোষিত হওয়া উচিত নয়? আমি আপনার থেকেই জানতে চাই। আপনি তো আমায় বললেন, পোষিত করেছি কি লাভ হয়েছে? তাহলে লোকসানটা কি হয়েছে বলুন?

শ্রী আনিসুর রহমান : গভর্নমেন্ট করলে ভাল হত।

ডঃ পার্থ চ্যাটার্জী : গভর্নমেন্টের নিয়মের মধ্য দিয়েই — আগে পোষিত ছিল না, অর্ধেকও সরকার পোষিত ছিল না, ধীরে ধীরে সরকার পোষিত করা হচ্ছে। সেইজন্য ধীরে ধীরে করা হচ্ছে। এখন এক লাফে আপনি উঠে পড়বেন সেটার তো সম্ভাবনা কম। রুসাতেও সেই সম্ভাবনা নেই, রুসাতেও সেই জিনিস দেয়নি। না, না, রুসাতেও সেই জিনিস বলেনি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন — আমাদের রাজ্যে যেসব মাধ্যমিক শিক্ষাকেন্দ্র এবং শিশুশিক্ষা কেন্দ্র চলছে — আমরা শুনেছিলাম এগুলোকে একই ছাতার তলায় নিয়ে আসা হবে। এই পরিকল্পনাটি রূপায়িত হওয়ার জন্য আর কতদিন সময় লাগতে পারে, মাননীয় মন্ত্রী যদি দয়া করে বলেন?

ডঃ পার্থ চ্যাটার্জী : এই মুহূর্তে এই ধরনের কোনও পরিকল্পনা নেই।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন—হুগলি জেলার হেড কোয়ার্টার এবং আমার বিধানসভার মধ্যে সরকারি কলেজ—হুগলি মহসিন কলেজ। পশ্চিমবঙ্গ সরকার অনেক কলেজকে ইউনিভার্সিটি করেছেন এবং অনেক নতুন ইউনিভার্সিটি করেছেন। তার জন্য শিক্ষামন্ত্রীকে এবং মা-মাটি-মানুষের সরকারকে আমি ধন্যবাদ জানাই। আমি শুধু মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা করতে চাই হুগলি মহসিন কলেজকে ইউনিভার্সিটি করা কি সম্ভব?

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে বলি, আলোচনা হচ্ছে বিদ্যালয় শিক্ষা নিয়ে। হঠাৎ উচ্চশিক্ষা, বিশ্ববিদ্যালয় করা সম্ভব কিনা আপনি বললেন — ওটা উচ্চশিক্ষার দিন বলবেন নিশ্চয়ই উত্তর দেব।

শ্রী সেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন মাধ্যমিক জেলা পর্ষদ, প্রাথমিক শিক্ষা পর্ষদ তার যে কাউন্সিলের চেয়ারম্যান, তাদের মেয়াদ গত ৩১ তারিখে শেষ হয়েছে। এরপরে সেখানে কি আপনি তাদের কোনও এক্সটেনশান করেছেন অথবা সেখানে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন, নাকি তারাই আছে? যদি থাকে তাহলে সেটা বেআইনি হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : এখনও পর্যন্ত তাদের কাজ চালিয়ে যেতে বলা হয়েছে। তবে কিছু ক্ষেত্রে পরিবর্তন যদি সরকার হয় নিশ্চয় করবো।

মিঃ স্পীকার : *১৮৬, *১৮৮, *১৯২ এগুলি পার্থবাবুরই ছিল These answers are laid। এর পরে আমি *১৮১ এবং *১৮৭ একসাথে নিচ্ছি। প্রথমে *১৮১টা নিলাম।

সমবায় সমিতিগুলির নির্বাচন

*১৮১। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) **শ্রী সমরেশ দাস :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সমবায় সমিতিগুলির নির্বাচনের খরচ বহন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়; এবং

(গ) বোর্ডের মেয়াদ শেষ হবার পূর্বে নির্বাচন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রী জ্যোতির্ময় কর :

(ক) না, পশ্চিমবঙ্গ সমবায় আইনের ৯৬ ধারামতে সমবায় সমিতির উপরই নির্বাচনের খরচের ব্যয়ভার ন্যস্ত।

তবে সমবায় সমিতির তহবিল থেকে ভোটকর্মীদের পারিশ্রমিক না বহন করার জন্য সমবায় নির্বাচন আয়োগ একটি নির্দেশিকা জারি করেছে।

(খ) প্রযোজ্য নয়।

(গ) না।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার স্যার, সমবায় ব্যবস্থাপনায় একটা কমিটি থাকতে থাকতে আগেকার দিনে নির্বাচন হত। এখন যদি সেই ব্যবস্থার বিলোপ সাধন ঘটে তাহলে গণতান্ত্রিক ব্যবস্থাপনার যে ধারা ছিল সেটা তো নষ্ট হয়ে যাচ্ছে। তাই স্বাভাবিকভাবেই নির্দিষ্ট মেয়াদকালের মধ্যে যদি করেন তাহলে অসুবিধাটা কোথায় আছে?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা বোর্ডের মেয়াদ শেষ হবার পূর্বে — একটা বোর্ডের মেয়াদ শেষ হওয়ার পূর্বে আমরা নতুন বোর্ড করে দেবো কি করে? বোর্ডের প্রসেসটা হবে কিন্তু একটা বোর্ড থাকতে থাকতে আমি তাকে খতম করবো কি করে? যে ধরনের টাইম দরকার, আমি নির্বাচন প্রক্রিয়াটা শুরু করতে পারি। কিন্তু আমি বোর্ড থাকতে থাকতে, টাইম থাকতে থাকতে নতুন বোর্ড, নির্বাচন করে দিয়ে ক্ষমতায় আনবো কি করে? সেটা ঠিক হবে না।

শ্রী সমরেশ দাস : বর্তমান নির্বাচন আয়োগের মাধ্যমে কতগুলি সমিতির নির্বাচন হয়েছে এবং কতগুলি সমিতির নির্বাচন এখনও বাকি আছে দয়া করে জানাবেন কি?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত বর্ষে ১ হাজার ৭০৯টি সমবায় সমিতিতে নির্বাচন হয়েছে এবং বর্তমান আর্থিক বছরে প্রায় ২ হাজার সমিতিতে নির্বাচন হবে, তার প্রক্রিয়া শুরু হয়েছে। আপনি যেটা জানতে চাইছেন, আমি আর একটু বলি, বর্তমানে ১০৭টি সমবায় সমিতিতে nominated board চলছে এবং সেটা মহামান্য High Court-এর নির্দেশে অধিকাংশটাই। ৪ হাজার মতো হয়েছে আর বাকি ৪ হাজারের মতো সমিতিতে যেগুলিতে direct নির্বাচন করতে হবে। ২৬ হাজার মোট সমিতিকে আমরা ধরি, অনেকগুলি dormat আছে। সেখানে নির্দিষ্ট করে বলা সম্ভব নয় যে কতটা সমিতিতে বাকি আছে।

আলু চাষে অর্থ লগ্নি

*১৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) **ডঃ আবুল হাসেম মণ্ডল** : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গত আর্থিক বর্ষে সমবায় প্রতিষ্ঠানগুলি আলু চাষের জন্য কত টাকা ঋণ হিসাবে লগ্নি করেছিল?

শ্রী জ্যোতির্ময় কর : গত আর্থিক বর্ষে সমবায় প্রতিষ্ঠানগুলি আলু চাষের জন্য ৭৭৯.৭৫ কোটি টাকা ঋণ হিসাবে লগ্নি করেছিল।

ডঃ আবুল হাসেম মণ্ডল : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন যে আলু চাষের সাথে অন্যান্য কৃষি ফসলের জন্য কি সমবায় প্রতিষ্ঠানগুলি ঋণ প্রদান করেছে? করলে পরিমাণ কত?

[11.30 - 11.40 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : এটা কৃষি ঋণ এবং অকৃষি সংক্রান্ত প্রশ্ন। এর জন্য নির্দিষ্ট নোটিশ চাই।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে নির্বাচনের কথা আপনি বলেছেন, আপনি তখন মন্ত্রী ছিলেন না, যখন ভাগীরথীর নির্বাচনের জন্য দিন ক্ষণ তারিখ, ভেনু ঘোষিত হয়। আপনাকে আমি তাই পরিষ্কার করে বলতে চাই যে ভাগীরথী দুগ্ধ সমবায়ের নির্বাচন কবে নাগাদ অনুষ্ঠিত হবে? কোন অজ্ঞাত কারণে নির্বাচনের আগে, আপনি Election Adjourn করে পাঠিয়ে দিলেন, আপনি এই হাউসে বলবেন? কেন ইলেকশান ঘোষণা করা সত্ত্বেও, ...(গোলমাল)... ওই কথা কিন্তু আমি শুনব না। ভুয়ো ভোটার লিস্ট আছে তার দায়িত্ব আপনার। আপনি যা বলছেন এটা উত্তর কিন্তু নয়। ভুয়ো ভোটার লিস্ট থাকলে দায়িত্ব আপনার। তার কারণ আপনি দপ্তরের মন্ত্রী। ইলেকশান ডিক্লেয়ার করে দিয়েছেন। তারপরে আপনি Adjourn করেছেন!

মিঃ স্পীকার : আপনি অন্য প্রশ্ন করুন। এর উত্তর আগে হয়ে গেছে। মনোজবাবু এর উত্তর উনি আগে দিয়েছিলেন।

শ্রী মনোজ চক্রবর্তী : না, উনি উত্তর দেননি।

মিঃ স্পীকার : উনি উত্তর দিয়েছেন।

শ্রী মনোজ চক্রবর্তী : আমি যখন জিজ্ঞাসা করলাম তখন আপনি শুনুন। উনি উত্তর দেননি, উনি রয়েছেন। শুনুন আপনি। ভুয়ো ভোটার লিস্ট আছে সরকার কি জানত না? নির্বাচন ঘোষণা করে ডেট, ভেনু, তারিখ, ...(গোলমাল)... স্যার, আপনাকে শুনতে হবে কিন্তু। ডেট, ভেনু করে দিয়ে, symbol allot করে দিয়ে...

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী, আপনি উত্তর দিন। এই প্রশ্নটা disallowed করা উচিত আমার। কিন্তু আপনি যেহেতু বললেন, ইনসিস্ট করছেন, আমি অ্যালাউ করলাম। This question should have been disallowed. Please give a reply.

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, এই ভাগীরথী সমবায় বিষয়ক প্রশ্নটি, এটা প্রাণীসম্পদ বিকাশের মধ্যে পড়ে। দপ্তর হচ্ছে, ডাইরেক্টরেট হচ্ছে প্রাণীসম্পদ বিকাশ। তবুও সমবায় সম্পর্কে বলে আমি বলেছিলাম। প্রাণীসম্পদ বিকাশের মধ্যে পড়ে। প্রাণী সম্পদবিকাশ যখন আমাকে নির্বাচন করতে বলবে আমি তখন করে দেব।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনাকে ধন্যবাদ। আপনার মাধ্যমে মাননীয় সমবায়মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে পশ্চিম মেদিনীপুর জেলার চন্দ্রকোণা ১ নম্বর ব্লকে, মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কিনা যে ১ নম্বর ব্লকে চন্দ্রকোণা কো-অপারেটিভ কোল্ড স্টোরেজ আছে। তার ৯৫% শেয়ার পশ্চিমবঙ্গ সরকারের। আর ৫% শেয়ার হল চন্দ্রকোণা এক এবং দুই নম্বর ব্লক, তার PACS গুলো, তাদের মালিকানা ৫%। ২০১০ সালে পাঁচ বছরের জন্য এটা লিজ দিয়ে দেওয়া হয়েছিল। জনৈক ব্যক্তি সৌমেন মাইতি এবং সনাতন পাল। শোনা যাচ্ছে যে এটা, সরকার পূর্বের যে অবস্থা মানে আপনার দপ্তর আবার পূর্বের অবস্থায় ফিরে যাবেন কিনা লিজ বাতিল করে বা লিজের যে মেয়াদ, সেটা রিন্যুয়াল না করে আবার সেই পরিচালনভার এই PACSগুলোর স্বার্থে, কৃষকদের স্বার্থে, সোসাইটির স্বার্থে আপনার দপ্তর দায়িত্ব নেবেন কিনা যদি দয়া করে বলেন ভাল হয়।

শ্রী জ্যোতির্ময় কর : আমাদের সরকার বা দপ্তর সর্বাধিক গুরুত্ব দিয়েছে এই ধরনের হিমঘরগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য। আপনাকেও অনুরোধ করছি আপনি যদি নির্দিষ্ট করে প্রপোজাল আনেন ARCS-এর মাধ্যমে। আমরা সব হিমঘরগুলোকে রিভাইভ করার জন্য সচেষ্ট আছি।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করছি। সারা রাজ্য যে কৃষি সমবায় সমিতিগুলো আছে, তাদের ম্যানেজার আছে, তাদের অন্যান্য স্টাফ আছে। তাদের অ্যাডহক বাদ দিয়ে মাসিক পারিশ্রমিক দেওয়ার কোনও পরিকল্পনা আছে কিনা জানাবেন কি?

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয় অ্যাডহককে বাদ দিয়ে পারিশ্রমিক দেওয়া—পারিশ্রমিক তো সোসাইটি দেবে। বিনা পারিশ্রমিকে তো তারা কাজ করছে না। সমিতি তার এমপ্লয়িকে পারিশ্রমিক দিচ্ছে। যেহেতু তারা অনেকে অল্প বেতন পায়, সেইজন্য পরিপোষক হিসাবে আমরা অ্যাডহকটা দিচ্ছি। বেতন ছাড়া তো তারা কাজ করছে না। বেতন দেওয়ার মালিক বেতন দিচ্ছে। সংশ্লিষ্ট সমিতি বেতন দিচ্ছে।

শ্রী খগেন মুর্মু : ধন্যবাদ স্যার। স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন মালদা জেলার গাজল ব্লকের উত্তর দেয়তলা সমবায় সমিতির নির্বাচন এর মধ্যে

ঘোষিত হয়েছিল। কিন্তু নির্বাচন প্রক্রিয়া চলাকালীন সেখানে দেখা যাচ্ছে যে নির্বাচনের জন্য ঘোষিত মনোনয়নপত্র দাখিলও হয়েছে। কিন্তু ওখানে যিনি মনোনয়নপত্র পরীক্ষা করতে গিয়েছিলেন সেটা বিনা কারণে, তার যুক্তিযুক্ত কোনওরকম কারণ না থাকা সত্ত্বেও তিনি ওখানে মনোনয়নপত্র বাতিল করেছেন কয়েকটা। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর কাছে নির্দিষ্টভাবে জিজ্ঞাসা এই বিষয়টি আপনার নজরে এসেছে কিনা উত্তর-দেয়তলা সমবায় কৃষি উন্নয়ন সমিতি। সেখানে কোনও কারণ ছাড়া এটাকে তিনি বাতিল করছেন এবং যেখানে নির্বাচন প্রক্রিয়া এখন বন্ধ হয়ে আছে — এই বিষয়টি যদি এখানে হাউজে বলেন ভাল হয়।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি হাউজে আগে বলেছি সমবায় প্রতিষ্ঠানগুলির নির্বাচন পরিচালনা করেন যিনি নির্বাচন কমিশন, কো-অপারেটিভ ইলেকশান কমিশন। এটি সম্পূর্ণ স্বতন্ত্র সত্তা, সেখানে সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। তবে আমি ফ্র্যাংকলি আপনাকে বলছি এটা আমার নজরে এসেছে। আমি এটা জেনেছি এবং আমি বিশ্বাস করি যে এই ধরনের কোনও ঘটনা ঘটলে নির্বাচন কমিশন এর উপর যথাযথ গুরুত্ব আরোপ দিয়ে আপনার যা প্রার্থিত সেটাকে বিহিত করবে, কোনও অন্যায় নির্বাচন কমিশন হতে দেবে না। কোনও স্পেশালের কাছে মাথানত করবে না এবং সরকারও এই ব্যাপারে হস্তক্ষেপ করবে না, এটুকু আমি আশ্বস্ত করতে পারি।

শ্রী দুলাল মুর্মু : ধন্যবাদ স্যার, আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য। স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন, বিগত সরকারের আমলে এই সমবায় সমিতি থেকে প্রচুর টাকা তছরুপ হয়েছে। এই টাকা তছরুপের ব্যাপারে মাননীয় মন্ত্রী কিছু ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা সেটা যদি বলেন ভাল হয়।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় বিধায়ককে জানাই ব্যাপারটা সরকার প্রত্যক্ষভাবে নিয়ন্ত্রণ করে না, সেখানকার পরিচালক সমিতি পুনর্গঠিত হলে অথবা স্পেশাল অফিসার যিনি থাকেন অডিটের রেকমেন্ডেশানের মারফত তিনি নির্দিষ্ট ব্যবস্থা নেন, কেবলমাত্র কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি ছাড়া। এক্ষেত্রে রিজার্ভ ব্যাঙ্ক আমাদের যা প্রেসক্রাইপ করে আমরা হুবহু সেইভাবে সরকার সেই রেকমেন্ডেশনকে — সেটা ক্রিমিনাল কেস স্টার্ট করতে হতে পারে, বোর্ড বা সভার সিদ্ধান্ত হতে পারে। এই যে মাননীয় অসিতবাবু হাউজে আছেন ওনার এলাকায় আমি বলেছি রিজার্ভ ব্যাঙ্কের রেকমেন্ডেশান এই — আমরা প্রয়োজনীয় শাস্তির বন্দোবস্ত করেছি।

মিঃ স্পীকার : *১৮২ (নট রেসপন্ডেড)

মিঃ স্পীকার : *১৮৩ এবং *১৯০—দুটোই একসঙ্গে নিয়ে নেব।

ধান উৎপাদনের পরিমাণ

*১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **শ্রী কল্লোল খাঁ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১৪-১৫ অর্থবর্ষে এ রাজ্যে ধান উৎপাদনের পরিমাণ ২০১৩-১৪ অর্থবর্ষের তুলনায় কত পরিমাণ হ্রাস/বৃদ্ধি পেয়েছে?

শ্রী পূর্ণেন্দু বসু : ২০১৪-১৫ অর্থবর্ষে এ রাজ্যে ধান উৎপাদনের পরিমাণ ২৩২.৯৫ লক্ষ মেট্রিক টন। ২০১৩-১৪ অর্থবর্ষে এ রাজ্যে ধান উৎপাদনের পরিমাণ ২২৯.৭০৫ লক্ষ মেট্রিক টন। ২০১৩-১৪ সালের তুলনায় ধান উৎপাদন ৩.২৪৫ লক্ষ মেট্রিক টন বৃদ্ধি পেয়েছে অর্থাৎ ১.৪১ শতাংশ উৎপাদন বৃদ্ধি পেয়েছে।

[11.40 – 11.50 a.m.]

শ্রী কল্লোল খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন ২০০৯-১০ এবং ২০১০-১১ সালে, অর্থাৎ বামফ্রন্ট সরকারের আমলে ধান উৎপাদনের পরিমাণ কত ছিল তা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই ২০০৯-১০ সালে ধান উৎপাদনের পরিমাণ ছিল ২১৫ কোটি ১০ লক্ষ ৯০৮ মেট্রিক টন। ২০১০-১১ সালে এটা ছিল ২ কোটি ৮৪ লক্ষ ৪১৫ হাজার মেট্রিক টন।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ধান উৎপাদন নিশ্চয়ই বৃদ্ধি পেয়েছে বর্তমান সরকারের আমলে, এটা খুব ভালো। আমার জিজ্ঞাসা মাননীয় মন্ত্রীকে অত্যন্ত অল্প সময়ে কোন ধান ব্যাপকভাবে উৎপাদন হয়, তা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : দেখুন এ বিষয়ে বলি অনেকগুলি প্রজাতির ধান আছে। আমাদের ধান গবেষণা কেন্দ্র চুঁচুড়ায় এ নিয়ে গবেষণা হয়। সেই অনুযায়ী ৮০ দিন থেকে ১২০, ১৪০ দিন পর্যন্ত নানারকম ধানের প্রজাতি আছে। কোনও একটা বিশেষ প্রজাতির নাম করার প্রয়োজন নেই, অনেকগুলি আছে।

খাদ্যসামগ্রী উৎপাদনের পরিমাণ

*১৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সালে রাজ্যে ধান, গম, ডালসহ অন্যান্য খাদ্যসামগ্রী কত পরিমাণ উৎপাদন হয়েছে; এবং

(খ) উৎপাদিত খাদ্যসামগ্রী খাদ্যের চাহিদা মেটাতে পারছে কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক ডাঃ মানস রঞ্জন ভূঞ্যাকে ওনার প্রশ্নের উত্তরে জানাই (ক) ২০১৩-১৪ ও ২০১৪-১৫ সালে রাজ্যে ধান, গম, ডাল সহ অন্যান্য খাদ্যসামগ্রীর মোট উৎপাদনের পরিমাণ যথাক্রমে ১৭১.৫৬ ও ১৭৩.৮৮ লক্ষ টন।

(খ) চালের চাহিদার তুলনায় উৎপাদন বেশী। কিন্তু ডালশস্যের চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় ডাল ও অন্যান্য শস্যের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যের চাহিদা পূরণের চেষ্টা সরকার আন্তরিকভাবে করছে।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী পূর্ণেন্দুবাবুর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় সদস্য কল্লোল খাঁ মহাশয়ের প্রশ্নের উত্তরে উনি বলেছেন ধান ২০১৪-১৫ সালে উৎপাদন হয়েছে ২৩২.৯৫ লাখ মেট্রিক টন। আর আমার প্রশ্নের উত্তরে উনি বলেছেন ২০১৪-১৫ সালে ধানসমেত ডালশস্য, টোটাল প্রোডাকশান খাদ্যদ্রব্যের ১৭৩.৮৮ লক্ষ মেট্রিক টন। আমার তো হিসেব গুলিয়ে যাচ্ছে স্যার! ধান যদি ২৩২ লক্ষ মেট্রিক টন একাই হয় ২০১৪-১৫ সালে, আর ধানসমেত টোটাল খাদ্যশস্য ১৭৩ লক্ষ মেট্রিক টন — এ কেমন গুলিয়ে যাচ্ছে। এটা যদি একটু মন্ত্রী মহোদয় আমাকে পরিষ্কার করে বলেন তাহলে ভালো হয়।

শ্রী পূর্ণেন্দু বসু : আসলে এখানে একটা বোঝার অসুবিধা হয়েছে। উনি প্রশ্ন করেছিলেন ধান। সরকারের কাছে যে হিসেব থাকে সেই হিসেবটা হচ্ছে প্রধানত চালের। ধানের হিসেব জোগাড় করেই আমি দিয়েছি। আপনার প্রশ্নের উত্তরে যেটা জানিয়েছি সেটা হচ্ছে চাল, ডাল, খাদ্যশস্যের। আমি আবারও বলছি এখানে আমার যেটা ভুল হয়েছে সেটা হচ্ছে আপনাকে বলে দেওয়া উচিত ছিল ধানের যে হিসেব, তার থেকে ১.৫ এটা যদি আপনি হিসেবে ধরেন, তাহলে আপনি চালের হিসেবটা পেয়ে যাবেন। আপনাকে যেটা দেওয়া আছে সেটা চালের হিসেব।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় মন্ত্রী কারেকশন করলেন। কিন্তু উত্তরগুলো খুব স্পেসিফিক হওয়া উচিত। দপ্তরকে একটু অ্যালার্ট করলে মনে হয় ভালো হবে।

আমার দ্বিতীয় প্রশ্ন। পশ্চিমবঙ্গে এখন ৯ কোটি ৪২ লক্ষ পপুলেশন — '১১-এর সেনসাস ধরে পার ইয়ার যদি একটু একটু করে বৃদ্ধি পায়। তাতে মাথাপিছু খাদ্যের টোটাল চাহিদা ১৮২ থেকে ১৮৪ লক্ষ মেট্রিক টন। সেক্ষেত্রে ২০১৪-১৫ সালে ১৭৩.৮৮ লক্ষ মেট্রিক টন খাদ্যশস্য উৎপন্ন হয়েছে। বাকি যে ঘাটতি সেটা কিভাবে মেটাচ্ছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ককে যে হিসাবটা দিয়েছি ১৭৩.৮৮ লক্ষ মেট্রিক টন, সেটা টোটাল খাদ্যশস্যের। ডাল খাদ্যশস্যে আমাদের ঘাটতি আছে প্রায় সাড়ে ৯ থেকে ১০ লক্ষ মেট্রিক টন। আমরা এই ক'বছরে এই খাদ্যাশস্য উৎপাদনের দিকে জোর দিয়েছি। এই বিষয়ে একটা তথ্য আমি আপনাকে দিতে পারি। গত ৩ বছরে ডালের এরিয়া বৃদ্ধি পেয়েছে ৩৩%, প্রোডাকটিভিটি বেড়েছে ৪০% এবং প্রোডাকশন বেড়েছে ৩৫%। আগে আমাদের অবস্থা খারাপ ছিল। তৈলবীজের ক্ষেত্রে এরিয়া বৃদ্ধি পেয়েছে ১৬%, প্রোডাকটিভিটি বেড়েছে ৩২% এবং প্রোডাকশন বেড়েছে ৪৩%। গত তিন বছরে ভুট্টার ক্ষেত্রে এরিয়া বৃদ্ধি পেয়েছে ৩৫%, প্রোডাকটিভিটি বেড়েছে ৭.২% এবং প্রোডাকশন বেড়েছে ৪২%। এর মধ্যে দিয়ে আপনাকে এটুকু বলতে চাইছি যে, সরকার আন্তরিকভাবে চেষ্টা করছে এই ঘাটতি মেটানোর জন্য।

কিষান ক্রেডিট কার্ড প্রদান

*১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী প্রবোধ চন্দ্র সিনহা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে এপ্রিল, ২০১৫ সাপেক্ষে রাজ্যে কতজন কৃষককে কিষান ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে;

(খ) ক্রেডিট কার্ড প্রাপক কৃষকদের ঋণ প্রদানের জন্য সরকারের নীতির রূপরেখাটি কীরূপ?

শ্রী পূর্ণেন্দু বসু :

(ক) ২০১৪-১৫ অর্থবর্ষে, ডিসেম্বর ২০১৪ অবধি স্টেট লেভেল ব্যাঙ্কার্স কমিটি এই সংক্রান্ত তথ্য সঙ্কলিত করতে পেরেছে। — অর্থাৎ ৩০-এ এপ্রিল পর্যন্ত হিসেব আমাদের হাতে আসেনি, আগের ডিসেম্বর পর্যন্ত তথ্যই আমাদের কাছে আছে। এই রিপোর্ট অনুযায়ী — অর্থাৎ ওই সময়ের মধ্যে — মোট ১২.৩৪ লক্ষ কৃষককে কিষান ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে।

(খ) কিষান ক্রেডিট কার্ড প্রকল্পটির (কে.সি.সি.) মাধ্যমে কৃষকরা অল্প সময়ের মধ্যে ও সহজে ব্যাঙ্কের থেকে চাষ করার জন্য কৃষি ঋণ পেতে পারেন।

পশ্চিমবঙ্গ সরকার ব্যাঙ্কের সাহায্যে কৃষকদের সহজ শর্তে স্বল্প ও মেয়াদী ঋণ প্রদান করার ব্যাপারে বিশেষ উদ্যোগ নিয়েছে।

পশ্চিমবঙ্গ সরকার রাজ্যের যোগ্য কৃষকদের সকলকে কিষান ক্রেডিট কার্ড দেওয়ার জন্য ২০১১ সালে 'পশ্চিমবঙ্গ ঋণ মিশন' চালু করেছে। এই কর্মসূচীতে জেলা ও ব্লকস্তরে নিয়মিতভাবে ক্রেডিট ক্যাম্পের মাধ্যমে কৃষি দপ্তরের কর্মী, ব্যাঙ্ক এবং প্রশাসনিক স্তরের কর্মীরা কৃষকদের মধ্যে কে. সি. সি. নিয়ে ক্রমাগত প্রচার চালিয়ে যাচ্ছেন। জেলাস্তরে ডিস্ট্রিক্ট ক্রেডিট কমিটির মাধ্যমে এই বিষয়ে নজরদারি চালু আছে।

[11.50 – 12.00 noon]

সাথে সাথে আরও দু-একটি বিষয় আমি জানাব যে কিষান ক্রেডিট কার্ড নিয়ে কৃষকদের জমি ও উৎপন্ন ফসলের উপর নির্ভর করে, কৃষিঋণের পরিমাণ ঠিক করার বিষয়টা। দুই, বর্তমানে কৃষকদের পাঁচ বছরের জন্য কে.সি.সি. দেওয়া হচ্ছে। তিন, কৃষক যদি সময়মতো এই ঋণ পরিশোধ করেন তাহলে ঋণের সুদে ছাড় দেওয়ার ব্যবস্থা আছে। বিগত চার বছরে ২০১১ থেকে '১১-১২ এবং '১৪-১৫ অব্দি মোট আটত্রিশ লক্ষ উনত্রিশ হাজার কে.সি.সি. রাজ্যে বিলি করা হয়েছে।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন তিনি বললেন যে মোট ১২.৩৪ লক্ষ কৃষককে কিষান ক্রেডিট কার্ড প্রদান করা হয়েছে। আমার রাজ্যে তো কৃষকদের সংখ্যা অনেক। যে সমস্ত কৃষকরা ক্রেডিট কার্ড পাননি

তাদের ক্রেডিট কার্ড দেওয়ার জন্য দু'বছর, তিন বছর কোনও নির্দিষ্ট সময়সীমা আপনি নির্দিষ্ট করেছেন যাতে করে সমস্ত কৃষককে ইনক্লুড করা যায়।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, আমাদের রাজ্যে এখনও পর্যন্ত যা হিসাব ৭১ লক্ষ কৃষি পরিবার। তার মধ্যে ইতিমধ্যেই ৬৪ লক্ষ ৮৬ হাজার ৭৪৬ জনকে কিষান ক্রেডিট কার্ড দেওয়া হয়েছে। বাকী যেটা আছে সরকারের লক্ষ্য বছরে অন্তত দশবারো লক্ষ করে দেওয়ার। আমার আশা আগামীদিনে এটা পূর্ণ হয়ে যাবে। পাশাপাশি আমি আপনাকে এই তথ্যটা জানাব যে আগের আমলে '৯৮-৯৯ এই অর্থবর্ষ থেকে ২০১০-১১-তে মোট ২৬ লক্ষ ৫৭ হাজার ৫১৭ জনকে দেওয়া হয়েছিল। এই চার বছরে পরিমাণ কিন্তু অনেক বেড়েছে।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই কিষান ক্রেডিট কার্ড প্রাপক কৃষকদের আপনি মোট কত টাকা বিগত আর্থিক বর্ষে ঋণ দিতে পেরেছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, এর আগের বছরে '১৩-১৪-তে মোট ঋণ দেওয়া হয়েছে আমার কাছে যা হিসাব আছে ২০ কোটি ৬ লক্ষ ৬৬ হাজার টাকা। তার পরের বছর '১৪-১৫-তে লক্ষ্যমাত্রা হল ৩৯ কোটি টাকার মতো।

মিঃ স্পীকার : যারা যারা সাপ্লিমেন্টারি করতে চান আমি লিখে রেখেছি। আর একটা প্রশ্ন আছে ১৯১ আব্দুর রেজ্জাকের, আমি একই সঙ্গে নিয়ে নেব।

ক্ষতিগ্রস্ত চাষীদের সাহায্য

*১৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৪) **শ্রী আব্দুর রেজ্জাক :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাট, ধান ও আলু চাষ করে চাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, ওই ক্ষতিগ্রস্ত চাষীদের সাহায্য করার জন্য দপ্তর কী উদ্যোগ গ্রহণ করেছে?

শ্রী পূর্ণেন্দু বসু :

(ক) না।

(খ) প্রযোজ্য নহে।

শ্রী আব্দুর রেজ্জাক : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। সারা দেশ যা বলছে উত্তরটা অন্যরকম। আমি বিতর্কে যাচ্ছি না। কিন্তু সত্যি যেটা, যে জন্য জানতে চেয়েছিলাম, শুধু এটা আমার কথা নয়, সারা বাংলার কৃষক এবং মানুষের কথা। আমি জানতে চাইছি যে, যে ধান ক্রয় হচ্ছে সরকারি যে মূল্য নির্ধারণ করা হয়েছে সেটা কৃষকের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্যের থেকে অনেকটাই কম। তারপরেও আমি বলছি, কৃষকরা আসলে সেই দামটা পাচ্ছে না।

অনেক সময় ফড়েরা সেই সুযোগটা গ্রহণ করছে। সেটা প্রতিহত করার ব্যাপারে আপনার কোনও চিন্তাভাবনা আছে কিনা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় বিধায়ককে আগে জানাই যে কৃষকের পরিবারপিছু যে আয়ের পরিমাণ সেটা দিয়ে বোঝা যায় যে কৃষক ক্ষতিগ্রস্ত হচ্ছে কিনা। দু-হাজার চার-পাঁচে তাদের পারিবারিক যে ইনকাম ছিল সেটা হল পঞ্চান্ন হাজার তিনশো তেইশ টাকা বছরে, ২০০৯-১০-এ এক লক্ষ তিন হাজার দুশো একাশি টাকা, ২০১০-১১ একলক্ষ পনেরো হাজার নশো উনচল্লিশ টাকা, ২০১১ এক লক্ষ ছাব্বিশ হাজার আটশো পনেরো টাকা, ২০১২-১৩-তে এক লক্ষ চল্লিশ হাজার পাঁচশো পঞ্চাশ টাকা, ২০১৩-১৪-তে এক লক্ষ তিপান্ন হাজার উনত্রিশ টাকা। এই সরকারি যে হিসাব এটা শুধু আমরাই করি না, এই হিসাবের মধ্য দিয়ে এটা প্রতিভাত হয় যে পারিবারিকভাবে কৃষকদের রোজগার বেড়েছে। দ্বিতীয়ত আপনার প্রশ্নের উত্তরে জানাই — গোটা দেশ ডিসট্রেস সেল বা অভাবী বিক্রি এটা একটা বড় সমস্যা। এই সমস্যার সমাধানের জন্য সকলকেই একভাবে কাজ করতে হয়। এর মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যাটি হল আমাদের রাজ্যে বছরে বছরে বেড়ে ওঠা মধ্যস্বত্বভোগীদের কারবার, যারা গোটা ব্যবস্থাটিকে একেবারে পঙ্গু করে দেয়। সরকার উদ্যোগ নিচ্ছে যাতে এই ব্যবস্থা দূর করা যায় এবং আগামীদিনে কৃষকরা যাতে তাদের ফসলের ন্যায্য দাম পান। সাথে সাথে আপনাকে এটা জানাই, এই প্রশ্নগুলি খাদ্য দপ্তর এবং কৃষিজ বিপণন দপ্তরের বিষয়। তবুও আপনাকে জানাই খাদ্য দপ্তর সিদ্ধান্ত গ্রহণ করেছে বোরো ধান তোলার জন্য প্রত্যেকটি রাইস মিলের গেটে ক্যাম্প করবে এবং সেখানে ১৩৬০ টাকা যে এম এস পি, অর্থাৎ ন্যূনতম সহায়ক মূল্য, তার সাথে আরও পনেরো টাকা দেওয়া হবে, এবং পার কিলোমিটার যাতায়াতের খরচ বাবদ, গাড়ির তেল বাবদ আট টাকা পঞ্চাশ পয়সা করে দেওয়া হবে। আগামী এক সপ্তাহের মধ্যে এই প্রক্রিয়া শুরু হয়ে যাবে।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত কৃষকরা কিষান ক্রেডিট কার্ড পেয়েছেন সেই কৃষকরা যখন ঋণ নেওয়ার ক্ষেত্রে ব্যাঙ্কে যাচ্ছে তখন কিছু কিছু ব্যাঙ্ক তাদেরকে হয়রানি করছে। রাজ্য সরকারের কোনও ব্যবস্থা আছে কি যাতে সেই ব্যাঙ্কগুলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যেতে পারে?

শ্রী পূর্ণেন্দু বসু : স্যার, মাননীয় বিধায়ককে জানাই আপনারা জানেন যে স্টেট লেভেল ব্যাঙ্কারস কমিটি আছে। সেখানে নিয়মিত আলোচনা হয় এবং ডিস্ট্রিক্ট লেভেলে কমিটি আছে সেখানেও আলোচনা হয়। আপনি নির্দিষ্টভাবে যদি নির্দিষ্ট ব্লকে কোথায় এই ধরনের ঘটনা ঘটছে এটা যদি জানান, তাহলে অবশ্যই আমাদের যে ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া আছে, তাতে এর ব্যবস্থা নেব।

শ্রীমতী ফিরোজা বেগম : মিঃ স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন — উনি এখনই বললেন যে রাইস মিলের গেটে ক্যাম্প করে ধান কেনার ব্যবস্থা হবে। আমার প্রশ্ন — সমস্ত ব্লকে রাইস মিল নেই। তাহলে সেখানে কি ব্যবস্থা নেওয়া

হবে? আর রাইস মিলের গেটে ক্যাম্প করে ধান কেনা হলেও পার ডে পার হেড কত কুইন্টাল করে এই ধান বিক্রি করা যাবে এই ব্যাপারে মননীয় মন্ত্রিমহাশয় জানান তাহলে ভালো হয়।

শ্রী পূর্ণেন্দু বসু : এই সংক্রান্ত বিষয়ে আমি মাননীয়া বিধায়িকাকে জানাই যে এটি খাদ্য দপ্তরের বিষয় আপনি অনুগ্রহ করে যদি এই ব্যাপারে নির্দিষ্ট প্রশ্ন করেন তাহলে উত্তর পেয়ে যাবেন।

শ্রী সুভাষ নস্কর : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন — মাননীয় মন্ত্রী একটা অদ্ভুত উত্তর দিলেন যে আমাদের রাজ্যে পাট, ধান, আলুচাষীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে না। এর সপক্ষে কি যুক্তি দেখাতে পারেন আপনি যেটা বলছেন তাতে আমরা সন্তুষ্ট নই যে অ্যাভিশনাল ইনকাম দেখিয়ে আপনি সেটা পারিবারিক ইনকাম বলে ধরছেন। কেবলমাত্র পাটচাষী অথবা ধানচাষী অথবা আলুচাষীরা এই চাষের উপর নির্ভর করে কি তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে না, এই ব্যাপারে আপনার ব্যাখ্যাটা কি?

[12.00 noon - 12.10 p.m.]

শ্রী পূর্ণেন্দু বসু : এই প্রশ্ন সম্পর্কে আমি যে উত্তর দিয়েছি বিষয়টা এই রকম — আপনি একজন অভিজ্ঞ বিধায়ক। মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনাকে জানাই যে, ধান-চালের বিষয় বা গ্রামের চাষের বিষয়ে আপনি জানেন। সবথেকে গুরুত্বপূর্ণ প্রশ্ন যেটা, আমাদের রাজ্যে এখনো প্রকৃতি-নির্ভর চাষ, বৃষ্টি-নির্ভর চাষ এবং নানারকম সমস্যাজনিত কারণে কোনও কোনও ফসলের ক্ষেত্রে অধিক ফসল উৎপাদনের সমস্যা তৈরি হয়, কখনো কখনো কম উৎপাদন হয়, তার ফলে সমস্যা হয়। সেখানে কোনও কোনও শস্যের ক্ষেত্রে যথোপযুক্ত দাম চাষীরা সব সময় পান, আমি এই কথা বলব না এবং এটা আজকের কোনও নতুন বিষয় নয়, আমার উত্তরে আমি আগেই বলে গেছি যে, ডিসট্রেস সেলের সমস্যা গোটা ভারতবর্ষের সমস্যা। সেই সমস্যার সমাধানের জন্য আমরা চেষ্টা করছি যাতে ঘাটতি ফসলগুলো বা বাণিজ্যিক ফসলগুলোর উৎপাদন বাড়ানো যায়, একদিকে যদি ক্ষতি হয়, তাহলে আরেক দিকের উৎপাদনের মাধ্যমে চাষীরা যাতে বিকল্প চাষের মাধ্যমে তাদের যে ক্ষতি, সেই ক্ষতিটা পূরণ করে নিতে পারে। এছাড়া অন্যান্য ব্যবস্থা তো আছেই।

Starred Questions
(to which answers were laid on the Table)

পুরুলিয়া জেলার কিষানমান্ডি

*১৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮) **শ্রী নেপাল মাহাত :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার বিভিন্ন ব্লকে নির্মিত হওয়া কিষানমান্ডিগুলি কবে থেকে কৃষকেরা ব্যবহার করতে পারবেন বলে আশা করা যায়?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : প্রথম পর্যায়ে পুরুলিয়া জেলায় ৬টি ব্লকে কৃষক বাজার নির্মাণের কাজ শেষ হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ে আরও ৭টি ব্লকে নির্মাণকাজ চলছে।

প্রথম পর্যায়ে নির্মিত কৃষকবাজারগুলি (পুরুলিয়া সহ) চালু করার জন্য সমস্ত জেলা নিয়ন্ত্রিত বাজার সমিতির সভাপতি তথা জেলাশাসকদের একটি সরকারি নির্দেশিকা পাঠান হয়েছে।

হিমঘর নির্মাণের পরিকল্পনা

*১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯) **শ্রী বনমালী হাজরা :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সংরক্ষণের কোনও ব্যবস্থা না থাকায় যে সব ব্লকের আলুচাষীরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, সেখানে হিমঘর নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি থাকে, তাহলে কোন্ কোন্ ব্লককে চিহ্নিত করা হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সরকার নিজের উদ্যোগে কোনও হিমঘর নির্মাণ করেন না। বেসরকারি উদ্যোগে যেসব হিমঘর নির্মাণ হয় সরকার আইন অনুযায়ী সেগুলোকে নিয়ন্ত্রণ ও দেখভাল করেন। পশ্চিমবঙ্গে মোট ৪৩৫টি আলু সংরক্ষণের হিমঘর এবং ১৬টি আলু ও বহুমুখী হিমঘর বিভিন্ন ব্লকে নির্মিত হয়েছে এবং সেখানে আলুচাষীরা আলু সংরক্ষণ করছেন। যে ব্লকে আলু সংরক্ষণের জন্য হিমঘর নেই, সেখানকার আলুচাষীরা পার্শ্ববর্তী ব্লকে আলু সংরক্ষণ করেন।

(খ) প্রযোজ্য নহে।

স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা

*১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৫) **শ্রী ইনসার আলি বিশ্বাস :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কর্মরত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগণ স্কুল সার্ভিস কমিশন-এর পরীক্ষায় বসতে পারবেন না; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, সত্য। কর্মরত মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাগণ একই পদে পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন না।

(খ) কারণ, একই পদে আবেদন করলে তিনি যে পদে আছেন সেই পদটি শূন্য হয়ে যায়। এর প্রভাব পঠন-পাঠনের উপর পড়ে। যেহেতু সাধারণ বদলি এবং আপস বদলি নিয়ম চালু হয়েছে, তাই শুধুমাত্র বিদ্যালয় বদল করার জন্য একই পরীক্ষায় বসার প্রয়োজন নেই।

ছাত্র-শিক্ষকের আনুপাতিক হার

*১৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১) **শ্রী রণজিৎ কুমার মণ্ডল :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের প্রাথমিক শিক্ষাস্তরে কোনও জেলায় ছাত্র-শিক্ষকের আনুপাতিক হারের সাপেক্ষে অতিরিক্ত শিক্ষক আছে কি; এবং

(খ) থাকলে, উক্ত বিষয়ে সরকারের কি কোনও পরিকল্পনা আছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বিভিন্ন জেলায় ছাত্র-শিক্ষকের অনুপাতে কোথাও কোথাও অতিরিক্ত শিক্ষক আছেন, কোথাও কোথাও শিক্ষকের ঘাটতি আছে। এই বিষয়টি বর্তমানে খতিয়ে দেখার কাজ চলছে।

(খ) যেসব স্কুলে শিক্ষকের ঘাটতি আছে সেখানে শিক্ষক দেবার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে।

জলাশয় সংস্কার

*১৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭৯) **শ্রী অসিত মজুমদার :** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় কতগুলি গুরুত্বপূর্ণ জলাশয় সংস্কার করে সৌন্দর্যায়ন করা হয়েছে; এবং

(খ) উক্ত সৌন্দর্যায়নের জন্য সরকারের কত টাকা খরচ হয়েছে?

পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সাধারণত স্থানীয় জলাশয় সংস্কার ও সৌন্দর্য্যায়নের দায়িত্ব সংশ্লিষ্ট পঞ্চায়েত ও পৌর দপ্তরের। হুগলি জেলার ধনিয়াখালি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত একটিমাত্র জলাশয় সংস্কারের ক্ষেত্রে সার্বিক উন্নয়নখাতে পরিবেশ দপ্তরের নির্দেশে পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ আর্থিক সহায়তা প্রদান করেছে।

(খ) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের আর্থিক সহায়তার পরিমাণ ৯,৭২,০০৮/- (নয় লক্ষ বাহাত্তর হাজার আট টাকা)।

শিক্ষক ও অশিক্ষক কর্মীদের অনুমোদিত পদের সংখ্যা

*১৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৩) **শ্রী তোয়াব আলি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকারপোষিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক ও অশিক্ষক কর্মীদের অনুমোদিত পদের সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : সরকারপোষিত এবং সরকারি সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে অনুমোদিত মোট শিক্ষক পদ ২১২৮৭৬ (দু লক্ষ বারো হাজার আট শত ছিয়াত্তর) এবং অশিক্ষক কর্মচারী পদ ৩২৯৬১ (বত্রিশ হাজার নয় শত একষট্টি)।

হিমঘরগুলির রক্ষণাবেক্ষণ

*১৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৮) **শ্রী রবিউল আলম চৌধুরী :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে মার্চ, ২০১৫ সাপেক্ষে রাজ্যে হিমঘরগুলির রক্ষণাবেক্ষণে সরকার কী কী পদক্ষেপ নিয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ৩১শে মার্চ, ২০১৫ সাপেক্ষে রাজ্য সরকার হিমঘরগুলি রক্ষণাবেক্ষণের জন্য নিম্নলিখিত পদক্ষেপ নিয়েছেন।

(ক) সঠিক তাপমাত্রা নিয়ন্ত্রণ ও অন্যান্য কারিগরী বিষয় নিয়মিত পরিদর্শন।

(খ) আলুবিমাসহ অন্যান্য প্রশাসনিক বিষয়ে নিয়মিত পরিদর্শন।

(গ) সংরক্ষিত দ্রব্যের গুণমান রক্ষা করার জন্য নিয়মিত পরিদর্শন।

হোমগার্ড নিয়োগের পরিকল্পনা

*১৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৯) **শ্রী তজমুল হোসেন :** অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৫-১৬ আর্থিক বছরে কতজন হোমগার্ড নিয়োগের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) তন্মধ্যে, কতজন মহিলা হোমগার্ড নিয়োগ করা হবে?

অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমান আর্থিক বছর ২০১৫-১৬-এর পরিকল্পনা অনুযায়ী ১৮৭১ জন হোমগার্ড স্বেচ্ছাসেবক নথিভুক্ত হবেন।

(খ) এক্ষেত্রে কতজন মহিলা হোমগার্ড নথিভুক্ত হবেন তা নির্ভর করছে ১৮৭১ জন হোমগার্ড স্বেচ্ছাসেবক নথিভুক্তকরণ প্রক্রিয়ায় প্রস্তুত করা মেধাতালিকায় মহিলাদের সাফল্যের সংখ্যার উপর।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely:

	Subject		Name
(i)	Urge for banning 'Maggi' in the State for food security	:	Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan
(ii)	Present status of the Pipeline Drinking Water Supply Scheme at Habibpur and Bamongola Blocks in Maldaha District	:	Shri Khagen Murmu
(iii)	Urge for setting up of a Fire Brigade Station at Sainthia town in Sainthia Assembly Constituency area	:	Shri Dhiren Bagdi
(iv)	Urge for changing name of 'Joynagar Gramin Hospital' to Kultali Block Hospital	:	Shri Ram Sankar Halder
(v)	Urge for restoration of the waterbody on the western side of VIP Road	:	Shri Sabyasachi Dutta

I have selected the notice of Shri Khagen Murmu on the subject of present status of the Pipeline Drinking Water Supply Scheme at Habibpur and Bamongola Blocks in Maldaha District.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় খগেন মুর্মু কর্তৃক আনত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের ব্যাপারে মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ জানাবো, তাঁর উত্তর এই সদনে দিতে।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the Seventh Report of the Committee On Government Assurances (2014-2015)

Dr. Manas Ranjan Bhunia : Sir, I beg to present the Seventh Report of the Committee on Government Assurances (2014-2015) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Micro, Small and Medium Enterprises and Textiles, Government of West Bengal on the floor of the House during the year 2013-2014.

Presentation of the Eighth Report of the Standing Committee on Commerce & Industries, Industrial Reconstruction and Public Enterprises (2014-2015)

Shri Paresh Chandra Adhikari : Sir, I beg to present the Eighth Report of the Standing Committee on Commerce & Industries, Industrial Reconstruction and Public Enterprises (2014-2015) on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Public Enterprises Department and Industrial Reconstruction Department for the year 2015-2016.

Presentation of the Eight and Ninth Reports of the Standing Committee On Micro & Small Scale Enterprises and Textile and Animal Resources Development (2014-2015)

Shri Partha Bhowmick : Sir, I beg to present :

(a) The Eighth Report on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Animal Resources Development Department for the year 2015-2016; and

(b) The Ninth Report on Pre-Voting Budget Scrutiny of the Demand for Grant relating to the Micro, Small and Medium Enterprises and Textiles Department for the year 2015-2016.

MENTION CASES

শ্রী মনোজ কুমার ওরাওঁ : স্যার, আপনার মাধ্যমে সেল্ফ হেল্প গ্রুপের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, কুমারগ্রাম বিধানসভা এলাকায় বিভিন্ন সেল্ফহেল্প গ্রুপের দুর্নীতি এবং অনিয়ম দেখা দিচ্ছে। বিভিন্ন গ্রুপের RP-রা ছলে-বলে, কৌশলে লোনের টাকা আত্মসাৎ করছে। পরবর্তীতে লোনের বোঝা বাকি মহিলাদের কাঁধে চাপছে এবং তারা সর্বস্বান্ত হচ্ছে। অবিলম্বে কোনও কঠোর ব্যবস্থা গ্রহণ না করলে এটা রাজ্যব্যাপী মহামারী আকার ধারণ করতে পারে। স্যার, কিছু উদাহরণ দিচ্ছি ভল্কবারবিশা ২ নম্বর জি.পি.-র শতরূপা সেল্ফহেল্প গ্রুপ, মা

সারদা সেল্ফহেল্প গ্রুপ, অনামিকা সেল্ফহেল্প গ্রুপ, দিশা, বীণাপাণি, সাথী ইত্যাদি সেল্ফহেল্প গ্রুপের বিরুদ্ধে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ না গ্রহণ করলে মহামারী আকার ধারণ করবে। স্যার, এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, সুন্দরবন এলাকার স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা আদৌ ভালো নয়। হাসপাতালের সংখ্যা খুবই নগণ্য, আবার যে কটি হাসপাতাল আছে তার অনেকগুলিতে ডাক্তার নেই, নেই নার্স, এবং ওষুধপত্রের অভাব। হাসপাতালের ঘরগুলো ভেঙে ভেঙে পড়ছে, কিছু কিছু ঘরের উপর গাছগাছালিও গজিয়েছে। সুন্দরবন এলাকা দ্বীপাঞ্চল হওয়ায় প্রত্যন্ত গ্রাম থেকে অসুস্থ ব্যক্তিদের শহরের হাসপাতালে নিয়ে আসা যেমন ব্যয়বহুল, সময়সাপেক্ষ, কষ্টসাধ্য তেমনি ঝুঁকিপূর্ণ। অনেক সময় প্রাণহানির ঘটনাও ঘটে। কারণ এই এলাকার গরীব জনসাধারণের পক্ষে প্রত্যন্ত গ্রাম থেকে শহরের হাসপাতালে চিকিৎসা হতে আসা অসম্ভব হয়ে পড়ে। এইসব হাসপাতালগুলোর ঘর রক্ষণাবেক্ষণ, নতুন হাসপাতাল গৃহ নির্মাণ, ডাক্তার, নার্স এবং ওষুধপত্রের জন্য আমি আপনার মাধ্যমে সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন করছি হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রের রামেশ্বরপুর হাসপাতালে নিয়মিত কোনও ডাক্তার নেই, নেই ডাক্তার কালীতলায় এবং সন্দেশখালির কোরাকাটি হাসপাতালেও, চিকিৎসা...(এই সময় মাইক অফ হয়ে যায়।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় সদস্যগণ, আমি সবার কাছে বিনীতভাবে অনুরোধ করছি প্রায় ৪ বছর অতিক্রান্ত আমাদের এই সেশান, আপনারা এখনও readout করে Mention Cases বা Zero Hour পড়ছেন। এর পরদিন কিন্তু আমি allow করবো না।

শ্রী শাহাজাহান চৌধুরী : সম্মানীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গত ৫ই মে পাঁশকুড়া শহরের রূপদেবপুরে সেখানে একজন শ্রমিক মহঃ সারাফত, মার্বেল ঠিকাদার আসরাফের নেতৃত্বে একটি দল তাকে তুলে ক্লাবে নিয়ে যায় এবং ৫ হাজার টাকা দাবী করে। বলে ৫ হাজার টাকা না দিলে তাকে পুড়িয়ে মারা হবে। পরবর্তী ক্ষেত্রে তাকে ক্যানেল পাড়ে তার অগ্নিদগ্ধ দেহ পাওয়া যায়। তার বাড়ির লোকেরা এই ঠিকাদার সহ ৫ জনের নামে অভিযোগ দায়ের করেছে থানায়। এখনও কেউ গ্রেপ্তার হয়নি। এই ৫ জন অভিযুক্তের মধ্যে তৃণমূল কাউন্সিলারের ছেলে পিন্টু আছে। আমি এই অভিযুক্তদের গ্রেপ্তার ও শাস্তির দাবী জানাচ্ছি।

শ্রী বাসুদেব খাঁ : ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। প্রতিদিন মেনশন কেস বলছি আইনশৃঙ্খলার প্রশ্নে, কিন্তু তার কোনও কার্যকারিতা হচ্ছে কিনা জানি না। গত ৬ তারিখে আমার বিধানসভা এলাকার বল্লভপুর অঞ্চলে বিনোদপুর গ্রামেতে তৃণমূল বাহিনী তারা মিছিল করে একটি পাড়াকে আক্রমণ করে এবং পুলিশের সহায়তায় আবার পরবর্তী ক্ষেত্রে সেই গ্রামের ১৬ জনের নামে পুলিশ FIR করে এবং ৫ জনকে অ্যারেস্ট করে ইতিমধ্যেই জেলখানায় পাঠিয়েছে। যদি প্রতিদিন এই রকম সন্ত্রাস চলে — মানুষ

অতিষ্ঠ হয়ে যখনই তার প্রতিরোধ গড়তে চাইছে, তখনই পুলিশ অন্য ভূমিকা নিচ্ছে। তাই আমি পুনরায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এইরকম ঘটনা না ঘটে।

[12.10 - 12.25 p.m.]

শ্রী রামেশ্বর দলুই : ধন্যবাদ ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য জুড়ে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য, অরাজকতা চলছে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে। শিক্ষিকাদের নিরাপত্তা নেই। ছাত্রীরা নিগৃহীত হচ্ছে। ম্যাডাম, আপনি জানেন মালদহের সামসী কলেজে টি.এম.সি.পি.'র এক নেতা দু'জন অধ্যাপিকাকে সার্বিকভাবে নির্যাতন এবং ধর্ষণের কথাও বলেছেন এবং আরও নানানভাবে তাঁদের হুমকি দিয়েছেন। আমি এই ঘটনার তীব্র নিন্দা করছি। গোটা রাজ্য জুড়ে অধ্যাপক-অধ্যাপিকারা ক্ষোভে ফেটে পড়েছেন। শিক্ষানুরাগী মানুষরা রাস্তায় শামিল হয়েছেন। সেই ভাঙড় কলেজ, রায়গঞ্জ, কলকাতার মিলিয়ালম আমিল কলেজ, নলহাটির ঋষি বঙ্কিম কলেজ, আশুতোষ কলেজ ইত্যাদি এই সব কলেজগুলোতেও শিক্ষিকা এবং ছাত্রীরা আক্রান্ত হয়েছেন বিভিন্ন সময়। এই সময় কলেজে online-এ ভর্তির ব্যাপার চলছে, ফলে কিছু সমস্যা হচ্ছে। কিছু জায়গায় help desk নাম করে বাড়তি অর্থ নেওয়া হচ্ছে, ফলে ছেলেমেয়েরা হয়রান হচ্ছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে একান্তে দেখা করেও কিছু কথা বলেছি। ম্যাডাম, আপনার মাধ্যমে আমি হস্তক্ষেপ করতে বলছি যে আপনিও বলুন যাতে উচ্চশিক্ষা দপ্তর ছাত্র ভর্তির ব্যাপারে কোথাও হয়রানির ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, কুলতলি বিধানসভার সিকিরহাট থেকে মণি নদী ক্লোজার পর্যন্ত দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদের ৫.২৪ কিলোমিটার রাস্তা RIDF-13 এই টাকার থেকে sanction হয়েছিল। কিন্তু গত ২০০৮ সালে এটা ৩ কিলোমিটার করবার পর এটা পড়ে আছে। এই ৩ কিলোমিটার রাস্তা মেরামত হচ্ছে না এবং বাকি রাস্তার কাজটাও হচ্ছে না। মথুরাপুর ২নং ব্লক, কুলতলি ব্লক, জয়নগর ২ ব্লক এটি তিনটে ব্লকের সংযোগকারী রাস্তা। আমি অবিলম্বে যেটা হয়ে গিয়েছিল সেটা মেরামত করা এবং সিকিরহাট থেকে কোম্পানীর ঠেক পর্যন্ত এই রাস্তার মেরামত এবং নতুন কাজ করবার জন্য আবেদন জানাচ্ছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : শ্রী আনিসুর রহমান কোর্টের ব্যাপারটা বাদ দিয়ে বলবেন।

শ্রী আনিসুর রহমান : ম্যাডাম, আমার বিষয়টা বলার আগে আমার একটা কথা আছে। আপনি একটু আগে বললেন দেখে পড়ার ব্যাপারে। তা আমাদের দেশে তো নিয়ম আছে তাতে এম.এল.এ. একজন নিরক্ষরও হতে পারে। কোনও আইনে বাধা নেই। নিরক্ষর এম.এল.এ. হতে পারে আর দেখে একটা মেনশান পড়তে পারবে না? আমি কোথাও এরকম দেখিনি। আমার পয়েন্ট হচ্ছে, আপনি কামদুনির নাম নিশ্চয়ই জানেন। প্রায় দু'বছর হয়ে গেল — দু'বছর পূর্ণ হয়েছে গতকাল কামদুনির। কি অত্যাচার হয়েছিল, কিভাবে নৃশংসভাবে খুন হয়েছে একটা মেয়ে, তা এই ঘটনা স্মরণ করিয়ে দেয়। আমি স্মরণ করছি এই কারণে যে সারা পশ্চিম বাংলার

লজ্জার দিন হচ্ছে কামদুনি। কামদুনিতে যে ঘটনা ঘটেছে সেটা আমাদের সবথেকে লজ্জার। মাননীয়া মুখ্যমন্ত্রী ওখানে গিয়েছিলেন। তিনি কথা দিয়ে এসেছিলেন ১৫ দিনের মধ্যে charge sheet হবে, ৩০ দিনের মধ্যে শুনানি হবে, বিচার হবে, গ্রামে আলো জ্বলবে, রাস্তা হবে অনেক কথা বলেছিলেন। কিন্তু কামদুনির কিচ্ছু হয়নি। কামদুনি আমাদের লজ্জা, কামদুনি আমাদের কলঙ্ক, আমি এই জন্য জানতে চাই কামদুনির জন্য কি করা হয়েছে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি জানি কামদুনি যেমন আমাদের লজ্জা তেমনই আমাদের লজ্জা বহু আগের ঘটনাগুলোও যেমন — বানতলা, ধানতলা, বাসন্তী, ডেবরা, ঘোকসাডাঙা সবই আমাদের লজ্জার ঘটনা। কিন্তু আপনি দীর্ঘ দিনের বিধায়ক, এই আইনসভার সদস্য। আপনি জানেন যে আইন, যখন বিচার ব্যবস্থার মধ্যে দিয়ে একটা কেস চলে তখন তার ভাগ্য নির্ধারণটা রাজ্য সরকার করে না, তার সময় নির্ধারণ রাজ্য সরকার করে না। এর আগেও আমি বলেছি Charge sheet দেওয়া হয়ে গেছে। Supplementary charge sheet দেওয়া হয়ে গেছে, এর আগেও আমি বলেছি। কোথাও রাজ্য সরকার দেরি করছে এমন কোনও অভিযোগ কোনও স্তর থেকে আসেনি।

...(গোলমাল)...

সুতরাং একটা মামলা দীর্ঘসূত্রতা লাভ করে অনেক কিছুর উপর। আপনি বলে দিলেন আর শুনবো নাকি। আপনি বলে দিলেন আর শুনবো। আপনি বহুদিন ধরে আইনসভার সদস্য। এটা আমাদের উপর নির্ভর করে না। আপনি তাহলে বিচারকের কাছে গিয়ে বলুন। এটা আমাদের উপর নির্ভর করে না। আপনি কি বলতে চান? ...(গোলমাল)... আমাদের এমন কোনও অভিযোগ নেই যে রাজ্য সরকারের জন্য কোনও দীর্ঘসূত্রতা হচ্ছে। ফলে এখানে বলার কোনও মানে হয় না। ছবি তুলুন, ছবি তুলুন, এটাই হবে। কামদুনির কিছু করছেন বলে তো মনে হয় না। নির্যাতিতার পরিবারও যায়নি আপনাদের স্মরণসভায়।

শ্রী শমীক ভট্টাচার্য : মাননীয়া Deputy Speaker Madam, ফেব্রুয়ারী ১৮ তারিখ ২০০৯ থেকে রাজ্যে লোকায়ত পদটি শূন্য আছে। ভবানীভবনে এর অফিস আছে। ১০ জনের staff strength, এখন তা কমে দু'জনে দাঁড়িয়েছে। তারা complain receive করেন। ২০১১-এ ক্ষমতা পরিবর্তনের আগে রাজ্যের মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, লোকায়ত গঠিত হবে। পরিবর্তনের পরে তিনি কথা দিয়েছিলেন লোকায়ত গঠিত হবে। এবং আন্না হাজারের সঙ্গে দিল্লিতে যৌথ press conference করে মুখ্যমন্ত্রী বলেছিলেন লোকায়ত গঠিত হবে যদি রাজ্যসভায় এবং লোকসভায় বিলটি পাশ হয়ে যায়। এখন রাজ্যসভায় এবং লোকসভায় বিলটি পাশ হয়ে যাওয়ার পরেও এটা গঠিত হয়নি এবং ২০১৪ সালে কেন লোকায়ত গঠিত হচ্ছে না, এই প্রশ্ন আমাদের পরিষদীয় মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায়কে করা হলে তিনি এটার বিষয়ে কোনও মন্তব্য করতে চাননি। যেখানে মাননীয়া ম্যাডাম, আমাদের এখানে এত পরিষদীয় সচিব নিয়োগ হয়েছে। সেখানে আমাদের এই লোকায়ত যার প্রতিশ্রুতি রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী দিয়েছিলেন, যৌথ press conference-এ আন্না হাজারের সঙ্গে, তাঁর

নির্বাচনের আগের প্রতিশ্রুতিতে এবং তার পরে। কেন এই লোকায়তটা এখনও গঠিত হল না। তাই লোকায়ত কবে গঠিত হবে এই নিয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রক...

(এই সময়মাইক অফ হয়ে যায়)

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ ম্যাডাম, বীরভূম জেলায় পাথর শিল্প যেখানে আছে। সেই শিল্প এলাকায় প্রতিনিয়ত পরিবেশ দূষণ হচ্ছে। সেখানে হাজার হাজার মানুষ প্রত্যক্ষ পরোক্ষভাবে এবং ওখানকার স্থানীয় বাসিন্দা যারা আদিবাসী, তারাও আক্রান্ত হচ্ছে। ম্যাডাম, এখন দেখা যাচ্ছে যে, ওখানকার যারা স্থায়ী বাসিন্দা আদিবাসীরা সিলিকোসিস রোগের মতো মারাত্মক রোগে আক্রান্ত হচ্ছে, মারা যাচ্ছে। সুতরাং আমি রাজ্য সরকার এবং সেই সঙ্গে পরিবেশ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে সেই পরিবেশ দূষণ রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে। ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : ম্যাডাম, আপনার মাধ্যম আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, Nestle Company-র একটা product নিয়ে প্রশ্ন উঠেছে। কিন্তু এর সঙ্গে যেগুলো আছে। যেগুলো আমরা জানতে পেরেছি যে, চকলেট কিটক্যাট সেটা beef-এর juice থেকে তৈরি হয়। তারাই স্বীকার করেছে। কোক, পেপসি — এটা আমরা আগেই দেখেছি যে, সেটা bathroom cleaner হিসাবে বড়জোর ব্যবহার করা যেতে পারে। বুস্ট, কমপ্ল্যান, হরলিক্স, মালটোভো, প্রোটিনেক্স — এগুলো IIT, দিল্লির laboratory বলছে যে, সেগুলো নানারকম এই যে ground nut তার oil extract করার পরে যে ভুষি, সেই ভুষি থেকে এইগুলো তৈরি হয়। পিজা'তে E631 নামক একটা flavour enhancer করা হয়। এবং এরকম নানা এই যে brand দিয়ে যে সমস্ত খাবারগুলো আছে সেগুলোর মধ্যে সত্যি শিশু বা কিশোরের খাদ্যের উপযোগী কিনা বা মানুষের খাদ্য উপযোগী কিনা, এই বিষয়টা কিন্তু ভাবার দরকার আছে। এবং একটা বিষয় আমাদের নজরে এসেছে আমি রাজ্য সরকারকে অনুরোধ করছি এই সমস্ত বিষয়গুলো নিয়ে একটা test করা, যাতে এগুলোর খাদ্যগণ আছে কিনা, না মারণ poison আছে এর মধ্যে, সেগুলো বিচার-বিবেচনা করা দরকার। ধন্যবাদ।

শ্রী বুলুচিক বারাইক : মাননীয়া Deputy Speaker Madam, আমার এলাকা মাল বিধানসভা কেন্দ্রে যেখানে ২৮টি চা-বাগান আছে। ওখানে পানীয় জলের খুবই সমস্যা। এর আগেও আমি বলেছিলাম। কিন্তু আমি চাইছি যাতে ওখানে PHE-র মাধ্যমে এই ২৮ চা-বাগানে যাতে জলের সমস্যার সমাধান হয় তার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ ম্যাডাম, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৪ঠা জুন, মালদা থেকে ৫০ কিলোমিটার দূরে চাঁচল মহকুমার অন্তর্গত শামসি কলেজে হরিশচন্দ্রপুর কলেজের ছাত্রছাত্রীরা পরীক্ষা দিতে এসেছিল। এবং সেই কলেজে পরীক্ষা চলাকালীন দুপুর দুটোর সময় তৃণমূল নেতা তাজমুল হক বারমুডা পরে তার সাঙ্গোপাঙ্গকে নিয়ে class room-এ উপস্থিত হয়। অধ্যাপিকা তাঁদেরকে বেরিয়ে যেতে বললে, সেই তৃণমূল নেতা তাজমুল হক অধ্যাপিকাকে বলে যে আমরা বেরবো না, যদি

আমাদের বেরিয়ে যেতে হয়,আপনার আমরা অনেক কিছু করতে করতে পারি, আপনাদেরকে ছাদ থেকে তুলে ফেলে দিতে পারি এবং আপনাদের রেপ করিয়ে দিতে পারি। আমি এই ব্যাপারে তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং অধ্যাপক-অধ্যাপিকাদের এই ধরনের অসম্মানজনক কথা যারা বলেছে তার গুরুতর শাস্তির জন্য আপনার নিকট আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যেন তার কঠোর থেকে কঠোরতম শাস্তি হয়, যাতে কোনও ছাত্রছাত্রীর জন্য অধ্যাপিকাকে এইভাবে আরো নীচে নামতে না হয়। ধন্যবাদ।

শ্রী খগেন মুর্মু : ধন্যবাদ উপাধ্যক্ষা মহোদয়া। আমি মাননীয় পূর্তমন্ত্রী এবং উত্তরবঙ্গ দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি বিষয় আমি এখানে নির্দিষ্টভাবে বলতে চাই, এখানে মাননীয় পূর্তমন্ত্রী আছেন। আমার বিধানসভা কেন্দ্রের হবিবপুর ব্লকের ১১ মাইল থেকে আড়াগাছি ভায়া ডাললা রাস্তাটি দীর্ঘদিন একেবারে চলাচলের অযোগ্য হয়ে আছে; প্রায় ৩/৪ বছর ধরে। ওখানে বেশ কয়েকটি কালভার্ট আছে সেটাও ভেঙে গেছে। সেখানে ম্যাক্সি ট্যাক্সি চলত, বাস চলত, অন্যান্য যান লরি-বাস ইত্যাদি চলত, এখন ভটভটি পর্যন্ত যেতে পারছে না। এইরকম একটা অবস্থায় যে রাস্তাটার চারিদিকে এত হাজার হাজার মানুষ যারা বসবাস করছেন তারা যাতায়াত করেন, ওখানে একটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় আছে, ডাললা চন্দ্রমোহন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, সেখানেও হাজার হাজার ছাত্রছাত্রী প্রতিদিন যায়, আর ওখানকার সমস্ত মানুষকে পার্শ্ববর্তী যে হাসপাতাল যেমন হচ্ছে বুলবুলচণ্ডী হাসপাতাল এবং মোদীপুকুর হাসপাতাল, সেখানেও প্রতিদিন তাদের যেতে হয়। এই অযোগ্য রাস্তায় যেখানে মানুষ যাতায়াত করতে পারে না, সেই রাস্তা অবিলম্বে যদি মেরামত করা না হয় বা পুনর্নির্মাণ না করা হয় তাহলে সেখানকার লোকের এই যে সমস্যা সেই সমস্যা থেকে তারা কখনও সেখান থেকে রেহাই পাবেন না। সেই কারণেই আমি চাইছি যে দ্রুততার সাথে এই রাস্তাটাকে মেরামত করা হোক বা পুনর্নির্মাণ করা হোক। বিষয়টি আমি মাননীয় দুই মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ ম্যাডাম।

ZERO HOUR

শ্রী দীপক কুমার হালদার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ডায়মন্ডহারবারে নগেন্দ্র বাজার ইলিশ বিক্রির জন্য একটি উল্লেখযোগ্য নাম, যা বিশ্বের বাজারে অত্যন্ত সমাদৃত নাম। এই বাজারে মাছ আসার জন্য আমাদের সুলতানপুরে একটি জেটি ছিল। সেই জেটিটা ভেঙে গেছে এবং এই মাছ নিয়ে আসতে বা ট্রলারে করে মাছ তুলতে ভীষণ অসুবিধা হচ্ছে, সমস্যা হচ্ছে। তাই ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের কাছে আমার অনুরোধ, যদি কোনওভাবে এই বন্দরটা নির্মাণ করা যায় তাহলে খুব উপকৃত হবে। নমস্কার।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : ধন্যবাদ মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া। বৃষ্টি হচ্ছে না — উত্তরবঙ্গে নেমেছে, দক্ষিণবঙ্গ জ্বলছে। পানীয় জলের স্তর মাটির নীচে হুহু করে নেমে গেছে। পুকুরগুলো শুকিয়ে গেছে। গাছপালা শুকিয়ে যাচ্ছে, শস্য শুকিয়ে যাচ্ছে। সংবাদমাধ্যমে ছবিও

বেরচ্ছে। আমি কাল রাত্রেই ফিরেছি। পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বর্ধমান, বীরভূমের অবস্থা অত্যন্ত কাহিল। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে, ডিজাসটার্স ম্যানেজমেন্ট মন্ত্রী জাভেদ সাহেব আছেন এবং পি এইচ ই মিনিস্টার সুব্রতবাবুর কাছে বলব — দপ্তরে নেই — আপনার মাধ্যমে সমস্ত মন্ত্রিসভাকে জানাচ্ছি, Entire South Bengal is reeling with drought এবং এটা মোকাবিলা করার জন্য জেলাশাসকদের, মহকুমা শাসকদের, বিডিও-দের বলা হোক, পানীয় জলের নলকূপ মঞ্জুর করা হোক এবং গৃহপালিত জীব গরু, ছাগল, মোষ তারাও পর্যন্ত জল পাচ্ছে না, পুকুরগুলো শুকিয়ে গেছে। আমি অত্যন্ত জরুরি ভিত্তিতে আপনার মাধ্যমে একটা নির্দেশ আপনি মন্ত্রিসভাকে দিন, যে জরুরি ভিত্তিতে এটা করা হোক, কারণ পরিষ্কারভাবে বলছি, পরিস্থিতি ভয়ঙ্কর।

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30 - 1.40 p.m.]

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 15

Mr. Speaker : There are four cut motions to Demand No.15. All the cut motions are in order. I now request Shri Md. Sohrab and Shri Asit Mitra to move their motions.

Shri Md. Sohrab : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-. (cut motions No.1-2).

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-. (cut motions No.3-4).

শ্রী আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী পার্থবাবু ১৫নং ডিমান্ডের যে বাজেট বিবৃতি রেখেছেন তাকে কোনোমতেই সমর্থন করতে পারছি না। কারণ পার্থবাবুর ব্যক্তিগত দক্ষতা, তাঁর যোগ্যতা, তাঁর প্রজ্ঞা এই নিয়ে আমার কোনও সন্দেহ নেই। আশা করি এই হাউসে কারোরই থাকার কথা নয়। ওনার দক্ষতা, ওনার যোগ্যতা, তার সাক্ষী শুধু এই হাউস নয় স্যার, বিগত দিনে বামফ্রন্ট সরকার তারাও সাক্ষী আছেন ওনার দক্ষতা, ওনার যোগ্যতা নিয়ে। স্যার, ওনার ক্ষমতা, ওনার যোগ্যতা যে জায়গায় — কমার্স, বিজনেস, ইন্ডাস্ট্রি — সেখানে উনি তার নজির রেখেছিলেন বামফ্রন্ট সরকারের আমলে। স্যার, বাইরের রাজ্যে শুধু নয়, বাইরের দেশ থেকে, বিদেশ থেকে পশ্চিমবাংলায় শিল্প আনার জন্য, কলকারখানা আনার জন্য বামফ্রন্ট আমলে মন্ত্রীদের সঙ্গে উনি বিদেশ গেছেন। সরকারি অফিসাররা গেছেন। উনি শিল্পায়নের পক্ষে সেখান থেকে কলকারখানা এনেছেন, পশ্চিমবাংলায় হয়েছে। কিন্তু তাঁর দক্ষতা, যোগ্যতা, প্রজ্ঞা যেখানে ছিল, সেখানে থেকে তুলে এনে এমন একটা দপ্তরে এবং এমন একটা সময়ে তাঁকে বসানো হল, কিছু করার নেই ওনার। এমন সময় ওনাকে শিক্ষার দায়িত্বটা দেওয়া হল স্যার যে পশ্চিমবাংলায় এই মুহূর্তে শিক্ষার

সংজ্ঞা কি সেটা খুঁজে পাওয়া যাচ্ছে না। শিক্ষাকে কোনও সংজ্ঞায় সংজ্ঞায়িত করা যাচ্ছে না। ইট ক্যান নট বি ডিফাইনড বাই এনি ডেফিনেশান। আসলে কি করবেন উনি। ওনার যাই দক্ষতা থাক, যেখানে [***] মতো লোক আছে, যেখানে [***] সাহেবের মতো লোক আছে, যেখানে আবার সম্প্রতি যোগ হয়েছে [***] সাহেবের মতো লোক।

মিঃ স্পীকার : এই নামগুলি বাদ যাবে।

শ্রী আমজাদ হোসেন : এইসব মহারাজ, সাহেবরা যেখানে আছেন সেখানে তো নৈরাজ্যই নেমে আসবে। সেখানে তো জঙ্গলের রাজত্ব কায়েম হয়েছে। ক'দিন আগে মন্ত্রীকে পর্যন্ত স্বীকার করতে হয়েছে, সব মিডিয়াতেও বেরিয়েছে, আমরা দেখলাম, উনি একটা ভালো কাজ করেছিলেন অনলাইন। সেখানে টেবিল পেতে মন্ত্রী নিজে বলছেন যে এইসব অনলাইন-ফনলাইন কি হবে। টাকা, ছুরি, লাঠি, বোমা এত কিছু নিয়ে দৌড়ঝাঁপ হচ্ছে, সেখানে আর অনলাইন কি হবে। এই হচ্ছে স্যার পশ্চিমবাংলার শিক্ষাক্ষেত্রের চিত্র। যাই হোক, স্যার, এত কিছুর মধ্যেও যে পার্থবাবু নিজের দপ্তরের ডিগ্রিটা করতে পেরেছেন তার জন্য ওনাকে ধন্যবাদ। সেটা দক্ষিণবঙ্গের কোনও বিশ্ববিদ্যালয় থেকে না হলেও উত্তরবঙ্গ থেকে করেছেন, তার জন্য রাত জেগে পড়াশুনা করেছেন, ধন্যবাদ ওনাকে। আরো বেশি ধন্যবাদ যে ডিগ্রিটা অন্তত ওনাকে বিদেশ থেকে আনতে হয়নি। দক্ষিণবঙ্গ থেকে না হোক, উত্তরবঙ্গ থেকে এনেছেন। এটাতে আমরা আনন্দিত যে উনি সারা জীবন এই ডক্টরেট ডিগ্রিটা ব্যবহার করতে পারবেন, মাঝপথে মুছে দিতে হবে না। এরজন্য ওনাকে বাড়তি ধন্যবাদ স্যার। স্যার, ১৯৫০ সালে সংবিধান গৃহীত হওয়ার পরে ৪৫ নং অনুচ্ছেদে ১৯৬০ সালের মধ্যে ১৪ বছর বয়স পর্যন্ত শিশুর অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা বলা হল। তাকে ফলো করে ১৯৫২ থেকে ১৯৫৪ মুদালিয়ার কমিশন একই কথা বললেন, কিন্তু তারপর যেটা পরিতাপের বিষয়, স্বাধীনতার পর কয়েকটা দশক কেটে গেলেও সেটা গোটা দেশে কার্যকর করা গেল না। কিন্তু আবার এটাতেও আমরা আশ্বস্ত ও আনন্দিত যে এর বিপরীত চিত্র আমরা এই রাজ্যেই দেখতে পেয়েছি, এই রাজ্যেই দেখতে পেয়েছি স্যার। আমি গাঁয়ের ছেলে। স্যার, নিজের চোখে দেখা, নিজের বাড়ির পাশে দেখা। আমাদের গ্রামে বড় বড় গরুর গোয়াল থাকতো। সেই গোয়ালগুলোতে সকালবেলায় গরু বের করে নিয়ে গিয়ে সন্ধেবেলায় ঢুকিয়ে দিয়ে যেত বাচ্চা ছেলেরা-রাখাল। ১৯৭৭ থেকে ২০১০, ৩৪ বছরের বামফ্রন্ট সরকার, ১৯৭৭-এ পশ্চিমবাংলায় ক্ষমতায় আসার আগে তাদের ইলেকশান ম্যানিফেস্টোতে ৩৬ দফা কর্মসূচির কথা বলেছিল তারা। তার মধ্যে ২৪ থেকে ২৯ নম্বর কর্মসূচিতে তারা শিক্ষার পক্ষে শিক্ষাকে অবৈতনিক করার জন্য শিক্ষাক্ষেত্রে যারা ব্রাত্যজ মানুষ, প্রান্তজ মানুষ তাদের কাছে কি করে শিক্ষার আলো পৌঁছে দেওয়া যায় তার কথা ঘোষণা করেছিলেন ইলেকশান ম্যানিফেস্টোতে। আর মানুষের প্রতি একটা দায়বদ্ধতা তারা বজায় রাখলেন সরকারের আসার পর। যা গোটা বাংলার দাবী ছিল অষ্টম শ্রেণি পর্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থা। সেটাকে অষ্টম শ্রেণী নয়, দ্বাদশ

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

শ্রেণী পর্যন্ত অবৈতনিক শিক্ষাব্যবস্থা করলেন। স্যার, প্রত্যেকটা পাড়ায় পাড়ায় বুথে বুথে যেখানে জায়গা পাওয়া যায়নি বাদ দিলে, এরকম একটা বুথ খুঁজে পাওয়া যাবে না যেখানে ৩৪ বছরের প্রাইমারী স্কুল তৈরি হয়নি। প্রত্যেকটা অঞ্চলভিত্তিক দুটো, তিনটে, চারটে করে হাইস্কুল স্যার। প্রত্যেকটা ব্লকভিত্তিক কম করে একটা করে কলেজ স্যার। এইরকম শিক্ষার পরিকাঠামো, আর এইরকম শিক্ষার নীতি গৃহীত হওয়ার ফলে বাবুদের গোয়ালঘরগুলোতে তালা পড়লো স্যার — আর রাখাল খুঁজে পাচ্ছে না তারা। আজকে আর চায়ের দোকানে নয়-দশ-বারো বছরের ছেলে পাওয়া যায় না। সবাই শিক্ষার আলোয় আলোকিত — সবার শিক্ষার আঙিনা। এই জায়গায় শিক্ষাকে নিয়ে গিয়ে পৌঁছালো বামফ্রন্ট সরকার। স্যার, বলি, একটা চিত্র। একটা চিত্র তুলে ধরলে সহজেই বুঝতে পারবেন। আজ থেকে ১৫০ বছর আগে। স্যার, ইংল্যান্ডে ক্লাস নাইন, টেনের ছেলেমেয়েদের নিয়ে একটা প্রবন্ধ প্রতিযোগিতা হল। তাতে সাবজেক্ট দেওয়া হল, 'দ্য স্কুল দ্যাট আই উড লাইক'। সেখানে একটা ১৫ বছরের ছেলে উইলিয়াম, কেমন স্কুল আমি পছন্দ করছি সেই প্রবন্ধ লিখতে গিয়ে বলল, যে স্কুলটাকে যদি একটা ব্যবসা ধরা হয়, তাহলে সমাজে এরকম অবহেলিত ব্যবসা আর কোথাও নেই যেখানে খরিদ্দারের কথা ভাবা হয় না। স্কুলের মূল খরিদ্দার হচ্ছে স্কুলে যারা শিক্ষা গ্রহণ করতে আসছে সেই বিদ্যার্থীরা, সেই শিক্ষার্থীরা। স্যার, সেই শিক্ষার্থীদের সংখ্যা দিয়ে গুণগত মান, পরিমাণগত মান দিয়ে যদি বলতে হয় ১৯৭৭-এ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে পশ্চিমবাংলা থেকে ২ লক্ষ ৫ হাজার ছাত্র-ছাত্রী। আর ২০১০ সালে স্যার, যখন বামফ্রন্ট সরকার চলে যাচ্ছে মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে প্রায় সাড়ে ৯ লক্ষ থেকে ১০ লাখ ছেলেমেয়ে। ১৯৭৭-এ উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে ৫৮ হাজার ছাত্রছাত্রী। ২০১০ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে প্রায় ৬ লক্ষ ছেলেমেয়ে। এইরকম যখন শিক্ষার একটা পরিমাণগত একটা গুণগত মান বৃদ্ধি পেল সেইরকম অবস্থায় আপনারা পশ্চিমবাংলার সরকার পরিচালনার দায়িত্ব পেলেন। দায়িত্ব পাওয়ার পর কি করলেন? এমন শিক্ষানীতি নিলেন, যে প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে বইটাই তুলে দেওয়া হল স্যার, বই তুলে দেওয়া হল এই অর্থে, বই কি নেই? স্যার বই আছে। 'কিশলয়', 'সহজপাঠ' এইসব তুলে দিয়ে মহাভারতের চাইতেও ওজনে বেশী মহাভারতের চাইতে আয়তনে বড় ক্লাস ওয়ান - টু'য়ের একটা বই হল 'ওয়ার্ক বুক শিখন সম্ভার' আবার বলে দেওয়া হল বইটা স্কুলে রেখে আসতে হবে বাড়িতে আনতে পারবে না। ন্যাশনাল কারিকুলাম ফ্রেমওয়ার্ক ২০০৫, শিক্ষার অধিকার আইন ২০০৯। এই সমস্ত কিছুকে মাথায় রেখে যেরকম করা উচিত ছিল সেটা না করে শুধুমাত্র রাজনৈতিক স্বার্থ সিদ্ধি করতে গিয়ে সিলেবাস কমিটির নামে, বিশেষজ্ঞ কমিটির নামে আপনারা যা করলেন তাতে করে আপনাকে একটা উদাহরণ দিই, এই বই তুলে দেওয়ার দরুন শুধুমাত্র হুগলি জেলায় স্যার, ২০১৩ সালে প্রাইমারীতে ছাত্রছাত্রীর সংখ্যা কমলো ৩০ হাজার।

[1.40 - 1.50 p.m.]

আর ২০১৪-তে কমল ৩৫ হাজার, এ বছরের শিক্ষাবর্ষে কমেছে ৫০ হাজার ছেলেমেয়ে। এই রকম একটা ভয়ঙ্কর অবস্থা। স্কুলে ভর্তি, বামফ্রন্টের আমলে ফাইভ প্লাসে ভর্তিতে তিন মাসের ছাড় ছিল। কি করলেন আপনারা? সিক্স প্লাসে বলা হল ১লা জানুয়ারীতে ভর্তি হবে। যে

ছেলেটার বয়স ২রা জানুয়ারীতে হচ্ছে, সে আর ভর্তি হতে পারছে না, তার এক বছর মার খাচ্ছে। পাশাপাশি সি.বি.এস.সি., আই.সি.এস.সি. প্রাইভেট যে ছাতার মতো স্কুলগুলো আছে — সেখানে এই নিয়ম নেই। তার দরুণ সেখানে ছাত্র-ছাত্রীর সংখ্যা বাড়ছে, আর আমাদের সরকারি স্কুলের ছাত্র-ছাত্রীর সংখ্যা কমছে। ...(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)... এবারেই দেখতে পারেন আপনারা, যে মেধার কেমন অবলম্বন হয়েছে। পশ্চিমবঙ্গে কোনদিন দেখা যায়নি জয়েন্ট এন্ট্রান্সের রেজাল্ট নিয়ে, যা এবারে দেখা গেল। উচ্চ মাধ্যমিকে জয়েন্ট এন্ট্রান্সে ইঞ্জিনিয়ারিং-এ র‍্যাঙ্ক করেছে — প্রথম দশ জনের মধ্যে দুইজন হচ্ছে একজন চন্দননগর, আর একজন বর্ধমান। আর মেডিকেলে দুইজন। বাকি কেউ নেই আমাদের এই সরকারি বিদ্যালয় থেকে। এইরকম জায়গায় মেধার অবলম্বন হচ্ছে — সরকারি স্কুলগুলোর ক্ষেত্রে। আর যেটা মূল বিষয় বলার, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি ২০১৫-১৬ সালের বিদ্যালয় শিক্ষাখাতে ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন প্রসঙ্গে মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জীর বিবৃতি যার পোশাকি নাম অভিযাচন নং ১৫-র সমর্থনে কিছু বক্তব্য নিবেদন করছি। মূল বাজেটেই মোট বরাদ্দকৃত অর্থের কথা লেখা থাকে। বিভিন্ন খাতে, বিভিন্ন দফার হিসেব পেশ হয় দফাওয়ারি দাবিতে, দফা-রফার নেতিবাদের অর্থে নয়। যা এতক্ষণ করবার চেষ্টা করছিলেন, আমাদের মাননীয় বাম বিধায়ক। এ তো কেবল অঙ্কে লেখা কতগুলি অর্থের সংখ্যাদর্শ নয়, কথায় লেখা, কাজে সংখ্যাদর্শনও বটে। সরকার বিগত বছরগুলিতে কি করেছে, তার সিদ্ধপিঠেই—এ বছরে কি করতে চাই, কি করবে — তার সাধনপিঠে সূচনার থাকে এই বাজেটে। এ পথেই, এভাবেই আমি এই দাবির মূল্যায়ন এবং সমর্থন করতে চাই। ভেবেছিলাম, বিগত বাম অপশাসন পর্বের সেই ভয়াবহ ইতিহাসের কথা অলুপ্ত রাখব, কেবল মা-মাটি-মানুষের সরকারের ভয়াবহ সৃষ্টির কথা বলব। সাফল্যের সেই উজ্জ্বল instantগুলিই eternity-র মর্যাদা বণ্টিত করব। কিন্তু বিধি বাম, দাবি নম্বর ১৫-র পুস্তিকার বাংলার তর্জমার ফাটলটা কি দেখলাম? পাতার সংখ্যা ৩৪। বাম অপশাসনে সেই কালা ৩৪ বছরের কথা আবার মনে এল। সেই বছরের পাতা খুললেই চোখে পড়বে — এতক্ষণ যা বলা হচ্ছিল, শিক্ষার প্রগতির কথা সেই বছরে, সেই প্রগতির নমুনার কথা চোখে পড়বে। চোখে পড়বে পরীক্ষা সংস্কারের বদলে, পরীক্ষা সংহারের কথা। চোখে পড়বে, ইংরেজির চিরনির্বাসন প্রাথমিক শিক্ষা পর্ব থেকে। চোখে পড়বে, পাঠ্যক্রমে জাতীয় স্বদেশী চেতনা ক্রমবিলোপ। চোখে পড়বে, স্বামীজি, গান্ধীজি, কবিগুরুর স্বপ্নিত শিক্ষানীতিকে ব্রাত্য করা। চোখে পড়বে, মাতৃভাষার, মাতৃদুগ্ধ-এ রবীন্দ্র মন্ত্র উচ্চারণ করেও—সহজপাঠ্যের বিতারণ চক্রান্ত। চোখে পড়বে, পাঠ্যক্রম থেকে স্বামীজির প্রাচ্য ও পাশ্চাত্য তালিকাভুক্তির নামাঞ্জুর। চোখে পড়বে, আমাদের প্রাণের কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের মহাত্মাজির উদ্দেশ্যে লেখা কবিতার পাঠ্যপুস্তক থেকে বর্জন। হাতে ভাতে আত্মে মারার শিক্ষক নিগ্রহ, চোখে পড়বে সহ-উপাচার্যের নিরুদ্দেশ রহস্য, চোখে পড়বে এথোড়ার প্রধানশিক্ষক নিগ্রহের চক্রান্ত, চোখে পড়বে নীতি ব্যবস্থার মধ্যে নৈতিকরণের একটা লাগাতার প্রয়াস। আর এই ৩৪ পাতার পুস্তিকায় কি আছে? আছে কৃতীর কথা, বিশ্বাসের

কথা, আছে এই শিক্ষা পরিবেশকে শান্ত সুন্দর করার উদ্দেশ্যে কৃতী ছাত্রছাত্রীদের শিক্ষক-শিক্ষিকাদের সম্মাননার কথা। আছে শিক্ষা দর্শনের কথা, আছে এতাবৎকাল শিক্ষা জগৎ থেকে বঞ্চিত অনাথ পথশিশুদের কাছে আলো নিয়ে আসার ব্রত উদযাপন কথা। আছে সাফল্যের কথা, আছে সিদ্ধির কথা, আছে স্বপ্ন পূরণের কথা, আছে স্বপ্ন রূপায়ণের কথা। নীতি এবং রীতি শিক্ষাঙ্গনে হাত ধরাধরি করে প্রীতি নৃত্য করছে। আলোর পূজারী বলেই এই অভিযাচন আমার পছন্দ। এই অভিযাচন আমার পূর্ণ সমর্থন। অনেক সাফল্যমুদ্রিত ছত্র বহন করছে এই ভাষণ। আমি কিছু কথা বলতে চাই। পাঠ্যসূচি এবং পাঠক্রমে শুভংকর পরিবর্তন, ২২১টি শিরোনাম গ্রন্থে পাঠ্যপুস্তক প্রকাশ। মিড-ডে মিলের নিয়ম নীতিকরণ এবং নিম্ন প্রাথমিক বিদ্যালয়ে ৯৯.৯৮ শতকরা হিসাবে নির্দেশ বিতরণের সমস্ত ব্যবস্থা গ্রহণ করা। আমি উল্লেখ করতে চাই নির্মল বিদ্যালয় অভিযান, প্রায় ১৪৪৩টি বিদ্যালয়ে পুরস্কৃত করা হয়েছে, এই নির্মল বিদ্যালয় অভিযান বিষয়ে তাদের ব্যুৎপত্তির জন্য। আমি উল্লেখ করতে চাই ৮২টি ছাত্রী আবাস, ১৩টি বিদ্যালয় ভবন, দুটি পি.টি.টি.আই নির্মাণ করে চরম বামপন্থী এলাকায় ৩৪টি ছাত্রীনিবাস প্রতিষ্ঠা করা হয়েছে। আমি উল্লেখ করতে চাই বিদ্যালয়ের উন্নতিকরণ, শিক্ষাকেন্দ্র নির্মাণ, কন্যাশ্রী ও শিক্ষাশ্রীর প্রবর্তন, শ্রেণীকক্ষ, লাইব্রেরী, ল্যাবোরেটরী, পোশাক পরিবর্তনের পোশাকে ভাতা প্রভৃতি প্রদান, বিভিন্ন অনুদান, বিদ্যালয়ে শিক্ষার অধিকার, সর্বশিক্ষা অভিযান মধ্যশিক্ষা পর্ষদ এবং উচ্চ শিক্ষা সংসদ, প্রাথমিক শিক্ষা পর্ষদ, রবীন্দ্র মুক্ত বিদ্যালয় এবং এস.সি.এস.টি প্রভৃতির ব্যবস্থাপনায় কোয়ালিটি এডুকেশানের লাগাতার প্রয়াসের সাক্ষ্য বহন করছে এ ভাষণ। ক্রমবর্ধমান পরীক্ষার্থীর সংখ্যা সাফল্যের মাপকাঠি শিক্ষাক্রমের যথার্থ সূচক। সময় সংক্ষেপের জন্যই আমি দু-তিন বিষয়ে সাফল্যের কথা উল্লেখ করবো। আমরা জানি উৎকর্ষ অভিযান, যা পরীক্ষা সংহার নয়, পরীক্ষা সংস্কার। এক অর্থে বিকল্প পরীক্ষা পদ্ধতি অবার নতুনভাবে প্রবর্তন। মাতৃভাষার মাধ্যমে বিভিন্ন পাঠ্যপুস্তক রচনা যেখানে বিভিন্ন ভাষাভাষী মানুষদের সুযোগ এনে দেওয়া হয়েছে এবং ইউনিটির মাধ্যমে সুদূর গ্রামাঞ্চলে মডেল স্কুল স্থাপন যেখানে পাঠভার লাঘব করা হয়েছে। পরীক্ষার সংস্কার, প্রাথমিক শিক্ষা অভিযানের ৭৩৯৫টি উচ্চ মাধ্যমিক এবং মাধ্যমিক বিদ্যালয়কে স্পনসর স্কুলে পরিবর্তন করা হয়েছে অনুদানকে সহজ প্রাপ্য করার জন্য। যেখানে বি.পি.এল তালিকাভুক্ত ২ লক্ষ ১২ হাজার ৫০০ ছাত্রীকে বছরে ১২০০ টাকা হিসাবে অনুদান দিয়েছে যার মোট পরিমাণ ২৫.৫০ কোটি। কবে কবিতায় পড়েছিলাম, ছাত্রধারা কবিতায়, "আকাশে হেরিয়া ঘুড়ি মন তার যায় উড়ি বিষাদের ছায়া খানি রাখি" ছাত্রী স্বপ্ন দেখে খেলা, ছাত্র দেখে আকাশে ঘুড়ির সেই উড়ে যাওয়া। সেই কষ্ট নিবারণের জন্য খেলার মাঠ, বেশ কিছু বিদ্যালয়কে মাঠ নির্মাণের জন্য, মাঠ তৈরির জন্য প্রায় ৪৫টি বিদ্যালয়কে ১ লক্ষ টাকা করে দেওয়া হয়েছে। শিক্ষার মান উন্নয়নের জন্য বিভিন্ন ট্রেনিং, শিক্ষক পদ পূরণ, প্রধান শিক্ষক, শিক্ষিকা নিয়োগের নিশ্চিত আশ্বাস এই দাবিতে আছে।

[1.50 - 2.00 p.m.]

এই কথা বলার সঙ্গে সঙ্গে একথা আমি নিশ্চয়ই উল্লেখ করব রাইট টু এডুকেশানে বিধিকের উদার অর্থে লাগু করতে চাইছেন মা-মাটি-মানুষের সরকার। স্বামীজির স্বপ্ন, অপারেশন ব্ল্যাক

বোর্ড। সেই বিদ্যালয় যাদের শিক্ষার্থী সমীপে সেই শিক্ষা মন্ত্র জপ করবে সক্রেটিসিয় চির আদর্শে অনুপ্রাণিত ভ্রাম্যমাণ শিক্ষকেরা, যারা পথশিশুর শুধু অন্ন-বস্ত্র এবং বাসস্থানের সংস্থান করবে না, শিক্ষার ব্যবস্থা করতে চায় এ সরকার, তাই তাদের বিশেষ চাহিদা, বিশেষ ধরনের শিক্ষা পদ্ধতি অনুসরণ করছে এই সরকার। স্বামীজির সেই স্বপ্নকে ছুঁতে ডঃ পার্থ চট্টোপাধ্যায় ভগীরথ সাধনায় ব্রতী হয়েছেন, তাকে ধন্যবাদ জানাই। শিক্ষা ভাগীরথী, সর্বত্র প্রবাহমানা হোক, এই তাঁর লক্ষ্য। সর্বশিক্ষা অভিযান প্রকল্পে কয়েকটি বিশেষ সাফল্যের সমস্ত উল্লেখ এই মুদ্রিত পত্রিকায় করা হয়েছে, তার আমি আলাদা করে উল্লেখ করতে চাইছি না। আমি শুধু বলতে চাইছি, প্রাপ্তি প্রত্যাশার গরজ বাড়ায়। আমি বলতে চাইছি, আমাদেরও তাই প্রত্যাশা। স্বামীজির শিক্ষাবোধের আরও কাছাকাছি আমাদের নিয়ে চলুন মাননীয় শিক্ষামন্ত্রী। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শিক্ষা স্বপ্ন পূরণের যে ভূমিকা আপনি করেছেন তারই যথার্থ ভূমি আপনি রচনা করুন। বহুদিনের দূষণে যে ভাইরাস এখনও উঁকিঝুঁকি দেবার চেষ্টা করছে, তা সমূলে দমন করুন। আমাদের প্রাথমিক শিক্ষা পর্ষদ, মধ্য শিক্ষা পর্ষদ, উচ্চ শিক্ষা সংসদের পরিচালনায় শিক্ষাব্যবস্থা সুদক্ষ, নিরপেক্ষ এবং সুপ্ত পরিচালনায় সক্রিয় আছে, তাকে অব্যাহত রাখুন। তাই আপনার কাছে আমাদের বিনীত আবেদন এই, আমরা এই দাবীকে পূর্ণ সমর্থন যেমন জানাচ্ছি, বিরোধী পক্ষের বন্ধুদের কাছে আবেদন করতে চাই মেনে না নিতে পারলেও রাজনৈতিক ব্যবসাবাদের কথা মনে নিন। আর যদি মনে করেন, আমাদের সেই ৩৪ বছরের আঁধারি হোক, এ আঁধার আলোর অধিক, তাহলে সেই আঁধারকে আলিঙ্গন করে রাখুন। আসুন আমরা সবাই আলোর জগতে যাই। নমস্কার।

শ্রী আশীষ মার্জিত : স্যার, এই মহতী সদনে মাননীয় শিক্ষামন্ত্রী আগামী শিক্ষাবর্ষের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে এবং বিরোধীদের আনা কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। স্যার, আমি সমর্থন করছি না এই কারণে, আমি লক্ষ্য করলাম ২০১০-১১-র পার্থ দে এবং ২০১৫-১৬-র পার্থ চ্যাটার্জীর মধ্যে বিশেষ কোনও তফাত নেই। একটা ২৬ পাতা, আর একটি ৩৪ পাতা। আমরা সবাই জানি শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি। তাই শিক্ষার প্রগতি কোনও দেশের সামাজিক, মানবিক বিকাশকে প্রভাবিত করে। শিক্ষার অগ্রগতি মানে শুধু ব্যাপ্তি বিকাশ নয়, সমাজ ও জাতির বিকাশ। শিক্ষার অগ্রগতির জন্য বিদ্যালয় পরিচালন কমিটির একটা বড় ভূমিকা আছে। সেক্ষেত্রে কি দেখলাম, পরিচালন কমিটির যে নির্বাচন, সেই নির্বাচনকে তুলে দিয়ে গণতন্ত্রের গলা টিপে দিয়ে দলতন্ত্র কায়েম করার জন্য সরকারের প্রতিনিধি সেখানে পাঠানো হল। এক্ষেত্রে একটা জিনিস লক্ষ করলাম, যারা বিরোধী পক্ষের বিধায়ক, তাদের কিন্তু এক্ষেত্রে কোনও মূল্যায়ন থাকল না, তাদের কোনও মূল্য থাকল না, তাদের কোনও মতামতের জায়গা থাকল না। তাদেরকে একবার জানানোরও প্রয়োজনও মনে করেন না। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে যে সহশিক্ষক নিয়োগ হবে, যাদের পার্সোনালিটি টেস্টের জন্য পাঁচ নম্বর বরাদ্দ ছিল, এক্ষেত্রে বিরোধীপক্ষের হলেও যারা প্রকৃত ভাল ছেলে, যারা রিটিনে ভাল নম্বর পাবে, তারা কিন্তু ওই পাঁচ নম্বরের উপর ভরসা না করে নিয়োগপত্র পেতে পারতেন। এক্ষেত্রেও সেই দলতন্ত্র, সেই তৃণমূলের

ক্যাডার বাহিনীদের, ঝান্ডা বাহিনীদেরকে সুযোগ দেওয়ার জন্য, নিয়োগ করার জন্য পাঁচ নম্বরের জায়গায় কুড়ি নম্বর করা হল। এটা কি দলতন্ত্র নয়? এটা কি মা-মাটি-মানুষের মর্যাদা রক্ষা হচ্ছে, না বিঘ্নিত হচ্ছে এটা মন্ত্রীর কাছে আমার প্রশ্ন। আমি প্রত্যন্ত এলাকার বিধায়ক হিসাবে আমি একটা আবেদন রাখব মাননীয় মন্ত্রীর কাছে, অন্তত পার্সোনালিটি টেস্টের ক্ষেত্রে কুড়ি নম্বরের জায়গায় আবার পাঁচ নম্বরে ফিরিয়ে আনলে ভালো হয়। স্যার, প্রাথমিক বিদ্যালয়ে যে পঠন-পাঠন তা একেবারে শিকেয় উঠেছে। তলানিতে এসে ঠেকেছে। কোনও বিদ্যালয়ে ছাত্র আছে তো শিক্ষক নেই, কোনও বিদ্যালয়ে শিক্ষক আছে তো ছাত্র নেই। আমি লক্ষ করি, বিভিন্ন জায়গায় বিশেষ করে বিভিন্ন প্রত্যন্ত এলাকায় — আমি নিজে একজন প্রত্যন্ত এলাকার বিধায়ক, আমি নিজে প্রত্যন্ত এলাকায় শিক্ষকতা করি, আমি দেখেছি, এমনও স্কুল আছে, মুর্শিদাবাদের প্রত্যন্ত এলাকার একটি স্কুলে যেখানে সাতশো-আটশো ছাত্র আছে, সেখানে টিচারের সংখ্যা চারজন কি পাঁচজন। আবার এমন স্কুলও আছে যেখানে ছাত্রের সংখ্যা চল্লিশ থেকে পঞ্চাশজন সেখানে শিক্ষক আছে পাঁচ-ছ'জন। আমার দেখা একটি স্কুল, আমি উদাহরণ দিয়ে বলে দিতে পারি, by name. মুর্শিদাবাদের ক্ষেত্রে লক্ষ করেছিলাম, সেখানে যে বদলির ব্যবস্থাটা চালু আছে, আমি দেখতে পাচ্ছি যে, টাকার বিনিময়ে সেখানে বদলি করা হচ্ছে। এর আগে যিনি পিএসসি-র চেয়ারম্যান ছিলেন — আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, আমি কাউন্সিলরের মেম্বার, মুর্শিদাবাদ স্কুল কাউন্সিলের, আমাকে কিছু না জানিয়ে বদলির ক্ষেত্রে কি করা হল? কিলোমিটারের হিসাবে রেট ধার্য করা হল। আমরা জানতাম, একটা গাড়ি ভাড়া করব সেই ক্ষেত্রে কত কিলোমিটারে কত ভাড়া লাগবে। সেই একটা রেটের ব্যবস্থা ছিল। কিন্তু বদলির ক্ষেত্রে এই মা-মাটি-মানুষের সরকার যেখানে রেট ধার্য করেছে। এটা ধন্যবাদ জানাই। আমি দেখেছি, যার যতটা কিলোমিটার হবে তাকে সেইমতো রেট দিয়ে, ঘুষ দিয়ে তাদের বদলি নিতে হয়েছে। একটা স্কুল আছে মুর্শিদাবাদ জেলার সুতি-১ সার্কেলের কালিনগর প্রাথমিক বিদ্যালয় সেখানে দু'জন টিচার ছিল, টাকা নিয়ে একজনকে তুলে দেওয়া হয়েছে। অথচ ওই এলাকাতে বৈষ্ণবডাঙা নামে একটা স্কুল আছে সেখানে সাতশো স্টুডেন্টস, সেখানকার টিচারকে বদলি করা হল না। কারণ সে টাকা দিল না। মিড-ডে মিল নিয়ে যত কম কথা বলা যায় ততই ভালো। মিড-ডে মিলে খাবারের মান এত খারাপ, এত বাজে! আমি নিজে দেখেছি। আমি নিজে স্কুল এডুকেশন কমিটির একজন মেম্বার হওয়ার সুবাদে বিভিন্ন বিদ্যালয়ে আমি গেছি। সেই সমস্ত বিদ্যালয়ে দেখেছি যে, খাবারের মান অত্যন্ত খারাপ। যে চালটা দেওয়া হয় সেটা গরুতেও খাবে না। যে চাল দেওয়া হয় সেটা গরুতেও খাবে না। সেখানে কচি কচি বাচ্চাদের সেই চালের ভাত খেতে হয়। গ্রাম-বাংলার ছেলেমেয়েরা খায়। অনেক ক্ষেত্রে সেটা আমরা দেখি। আমরা দেখতে পাই, এমনও অনেক বিদ্যালয় আছে, সেখানে প্রধানশিক্ষক পরিচালন সমিতি এবং এস.এইচ.জি. গ্রুপের মেয়েরা একত্রিত হয়ে তারা কি করেন? যে ছেলে উপস্থিত থাকে তারচেয়ে উপস্থিতির হাত বাড়িয়ে দিয়ে বিল-ভাউচার সাবমিট করে গুচ্ছ গুচ্ছ টাকা তছরুপ করছে। এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি দেখেছি, কলকাতার একটা বালিকা বিদ্যালয়ে গিয়েছিলাম। বড় একটা বিদ্যালয়, বালিকা বিদ্যালয় সেখানে কোনওদিন ভাত

রান্না হয় না। সবজিটা আনা হয়। সেই ক্ষেত্রে কোনও কোনও ছাত্রীরা যদি একটু ইচ্ছে হয়, সবজি নিয়ে টিফিন করে অন্যথায় সেই সবজি ফিরে চলে যায়। অথচ আমরা জিজ্ঞাসা করলাম, এখানে সমস্ত মিড-ডে মিলের বিল-ভাউচার সাবমিট করা হয়? হ্যাঁ হয়। তাহলে সেই টাকা কোথায় যাচ্ছে? একটা বড় স্কুলের ঘটনা। কলকাতার ক্ষেত্রে আমি সেটা দেখলাম। এই মিড-ডে মিলের ক্ষেত্রে আমার পূর্ববর্তী বক্তা একটা কবিতা বলেছেন। অতএব, এই ক্ষেত্রে আমারও একটা কবিতা বলা প্রয়োজন আছে বলে আমি মনে করি। এই মিড-ডে মিল নিয়ে যে— ছেলের মাথা দেখতে ভালো, কোঁকড়া কোঁকড়া চুল। উঠোনেতে দেখতে ভালো, থাকলে গাঁদা ফুল। বুড়ো মানুষকে দেখতে ভালো, থাকলে হাতে লাঠি। বাসর-ঘর দেখতে ভালো, জামাই আর বেটি। নদীর মাঝে দেখতে ভালো, দু'দিক ভরা পুল। ফাল্গুনেতে দেখতে ভালো, গাছে ভরা কুল। যুবতীরে দেখতে ভালো, থাকলে গালে তিল। আর হেড মাস্টারদের বড্ড ভালো, চললে মিড-ডে মিল। এই হচ্ছে গ্রাম-বাংলার সাধারণ মানুষের কথা।

[2.00 - 2.10 p.m.]

এই কবিতা, এই ছড়া তারা আউড়াচ্ছে। বাধ্য হয়ে মিড-ডে মিলের ওপর বীতশ্রদ্ধ হয়ে এই কবিতা গ্রামে-গঞ্জে তারা বলছে।

মাননীয় মন্ত্রী আপনি এই বইয়ে উল্লেখ করেছেন জঙ্গলমহলের ছাত্রীদের সাইকেল দিয়েছেন বলে। খুব ভালো করেছেন। বিরোধিতা করছি না। আমার গ্রাম-বাংলার প্রত্যন্ত এলাকার ছাত্রীরা সাইকেল পাক, সাইকেলে চেপে তারা বিদ্যালয়ে যাক, এতে আমি গর্ব অনুভব করি। আমি নিজেও গর্বিত। কিন্তু আমি এই কথা বলতে চাই, জঙ্গলমহল ছাড়া অন্যান্য যে প্রত্যন্ত জেলাগুলো আছে সেই জেলায় নিপীড়িত, নির্যাতিত, নিষ্পেষিত, তফশীলি, তফশীলি আদিবাসী বা O.B.C. সম্প্রদায়ের ছেলেমেয়েরা কী বিদ্যালয়ে যায় না? তাদের জন্য কী সাইকেলের ব্যবস্থা করা যায় না? এটা আপনার কাছে আমার প্রশ্ন। আপনি একটু ভেবে দেখবেন।

স্যার, বামপন্থী-বন্ধুরা ক্যাডার বাহিনীকে করে-কম্মে খাওয়ার জন্য SSK ও MSK বিদ্যালয় করেছিল। আপনারাও করেছেন সিভিক পুলিশের ক্ষেত্রে, ক্যাডাদের করে-কম্মে খাওয়ার জন্য ব্যবস্থা করেছেন। জানি না, এর প্রয়োজন আগে ছিল কিনা, আজও আছে কিনা। আমার জানা নেই। এই প্রসঙ্গে আমি কিছু বলতে যাব না। কিন্তু আমি লক্ষ করেছি একটা ছেলে বা একটা মেয়ে SSK-তে পড়ে আবার সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়েও নাম আছে। অতএব এক্ষেত্রে আমার কিছু বলার নেই।

মাননীয় মন্ত্রী পার্থবাবুর কাছে আমার অনুরোধ, যে সমস্ত পার্শ্বশিক্ষক, শিক্ষিকা আছেন, আমরা জানি যোগ্যতা এক, কাজ এক, বিদ্যালয়ে একই সময়ে পঠন-পাঠন করাবে অথচ বেতন বৈষম্য রয়েছে। এটা খুব খারাপ লাগে, লজ্জার। তারা বিদ্যালয়ে পার্শ্বশিক্ষকের কাজ করার পরে আর এক্সট্রা কোনও কাজ করতে যেতে পারে না। তাই এই পার্শ্বশিক্ষকদের ক্ষেত্রে যদি একটু কিছু ভাবনা-চিন্তা করা যায় তাহলে ভালো হয়।

আপনার কাছে একটা প্রস্তাব রাখছি। আমাদের বিভিন্ন বিদ্যালয়ে অনেক সামগ্রী আছে। সেগুলো রক্ষণা-বেক্ষণের জন্য যদি 'নৈশ-প্রহরী'র কোনও পোস্ট দেওয়া যায়, রিক্রুট করা যায় তাহলে ভালো হয়।

আরেকটা হচ্ছে, অনেক 'বিদ্যালয় পরিদর্শক'ও 'অবর বিদ্যালয় পরিদর্শকে'র পোস্ট খালি আছে। অ্যাপয়েন্ট দিয়ে যদি বিদ্যালয় পরিদর্শকের ব্যাপারটা সুদৃঢ় করা যায় তাহলে স্কুলগুলো উপকৃত হবে। এই বলে, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, ২০১৫-১৬ আর্থিক বছরে বিদ্যালয় শিক্ষা খাতে বিদ্যালয় শিক্ষা দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় মহাশয় ১৫ নম্বর ব্যয়-বরাদ্দ মারফত ২১ হাজার ১৫৬ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার টাকার ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব রেখেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে এই পবিত্র সদনে দু-একটি কথা উপস্থাপিত করতে চাই।

স্যার, আপনি নিশ্চয় জানেন, কিছুক্ষণ আগে আমাদের বিধায়ক বন্ধু আমজাদ আলি বক্তব্য রাখতে গিয়ে বলেছিলেন শুনছিলাম এবং কংগ্রেসের বিধায়কও বলছিলেন যে 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে প্রগতি'। আর, প্রগতির পথ ধরে একটা দেশ, একটা জাতি, একটা সমাজ কিন্তু এগিয়ে চলে। আমি বামপন্থী-বন্ধুকে জিজ্ঞাসা করব, আমাদের পশ্চিমবাংলা সারা ভারতবর্ষে শিক্ষায় দ্বিতীয় স্থানে ছিল কিন্তু আপনাদের ৩৪ বছরের রাজত্বে পিছতে পিছতে ১৭তম স্থানে গিয়ে পৌঁছেছে। এটা অস্বীকার করতে পারবেন? এটা পরিসংখ্যান তথ্য থেকে আপনাকে অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি। স্যার, আজকে সেই জায়গাতে দাঁড়িয়ে পরিবর্তনের সরকার ক্ষমতায় আসার পর, ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুদক্ষ নেতৃত্বে এবং বাস্তবমুখী পরিকল্পনাকে সামনে রেখে আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জীর অনলস প্রচেষ্টায় আজকে যখন পশ্চিমবঙ্গের সর্বত্র একটা নতুন দিশা পৌঁছে দেওয়ার চেষ্টা করা হচ্ছে তখন আমরা দেখতে পাই বিরোধী বিধায়ক বন্ধুরা শুধু সমালোচনা করছেন, কোনও গঠনমূলক প্রস্তাব তা কিন্তু আপনারা উপলব্ধি করতে পারছেন না। স্যার, সেই জায়গাতে দাঁড়িয়ে বলতে চাই ২০০৫ সালের জাতীয় শিক্ষানীতি এবং ২০০৯ সালের শিক্ষার অধিকার আইনকে সামনে রেখে যখন আমাদের মা-মাটি-মানুষের সরকার সারা রাজ্যে বিদ্যালয়স্তরে শিক্ষার গুণমান, বৃত্তি, ছাত্রছাত্রীদের নাগরিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যালয় শিক্ষার অধিকারের কাজ করে চলেছে এবং বিদ্যালয় শিক্ষা বিভাগের নানা প্রকল্পের বাস্তবায়ন সহ স্কুল পরিদর্শন, স্কুল পরিচালন সহ সিলেবাস পুনর্নবীকরণ, সুসমৃদ্ধ পাঠ্যপুস্তক মুদ্রণ, পুস্তকগুলি ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ, পরিদর্শক ও শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান, স্কুলের উন্নতিকরণ, ছাত্রবৃত্তি প্রদান, দারিদ্র্যসীমার নীচে থাকা ছাত্রছাত্রীদের উৎসাহমূলক ভাতা প্রদান, যখন বিভিন্ন প্রকল্পকে বাস্তবায়িত করবার জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী বদ্ধপরিকর, তখন আমরা দেখতে পাই বিরোধীরা শুধু

বিরোধিতাই করছেন। আপনারা আমাদের সরকারের বিরুদ্ধে সমালোচনা করছেন। চেয়ারম্যান স্যার, আপনাকে আনন্দের সঙ্গে জানাচ্ছি, এই রাজ্যে শিক্ষার মানোন্নয়নের জন্য একটি রোড ম্যাপ প্রস্তুত করতে শিক্ষা কমিশন গঠন করা হয়েছে। এর মধ্যে প্রাথমিক শিক্ষা, উচ্চশিক্ষা, কারিগরি শিক্ষা, মাদ্রাসা এবং প্রথাবহির্ভূত বৃত্তিমূলক শিক্ষা অন্তর্ভুক্ত। ইতিমধ্যে আমাদের এক কংগ্রেস বিধায়ক বন্ধু বলছিলেন, মিড-ডে-মিল সম্পর্কে। ওনার বাস্তব কতটুকু অভিজ্ঞতা আছে আমি জানি না। আমিও সুন্দরবন এলাকার একজন বিধায়ক হিসাবে অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি আমাদের সরকারের যে অ্যাচিভমেন্ট, সেই জায়গাতে চেয়ারম্যান স্যার, আমাদের বর্তমানে ৯৯.৯০ শতাংশের বেশি প্রাথমিক বিদ্যালয়ে এবং ৯৯.৮৬ শতাংশের বেশি উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে মিড-ডে-মিল প্রকল্পের আওতায় আনা হয়েছে। গুণগত মান নিয়ে যেটা উনি বলেছেন আমরা দায়িত্ব নিয়ে বলতে পারি বামফ্রন্ট সরকারের আমলে মিড-ডে-মিলের যে গুণগত মান ছিল, সেই জায়গাতে দাঁড়িয়ে আমাদের সরকার বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে তার গুণগত মানকে আনা হয়েছে। এবং ছাত্রছাত্রীরা নিউট্রেশান যাতে পায় সেই ব্যবস্থাকে সুনিশ্চিত করেছে। আগামী ২০১৫-১৬ সালের মধ্যে যাতে শতকরা ১০০ ভাগ ছাত্রছাত্রীকে এই পরিকল্পনার মধ্যে আনা যায় তার ব্যবস্থা আমাদের সরকারের রয়েছে। স্যার, আমাদের রাজ্য সরকারের আরেকটি বড় অ্যাচিভমেন্ট হচ্ছে, স্কুলগুলোয় ৯৮.২৬ পারসেন্ট এবং ৮২ পারসেন্টের বেশি মেয়েদের জন্য নির্দিষ্ট স্কুলে শৌচাগার তৈরির কাজ অত্যন্ত সাফল্যের সঙ্গে শেষ হয়েছে। চেয়ারম্যান স্যার, আপনি জেনে আনন্দিত হবেন যে প্রাথমিক বিদ্যালয়গুলিতে বৈদ্যুতিক সংযোগ দেওয়া হয়েছে। যাতে গরমকালে ছেলেমেয়েরা ভালভাবে পড়াশোনা করতে পারে। প্রায় ৩৩ হাজার ৬২৮টি প্রাথমিক বিদ্যালয়ে বৈদ্যুতিক সংযোগ দেওয়া হয়েছে। অনারেবল চেয়ারম্যান স্যার, ২০১৪-১৫ সালে ১৫৫টি নতুন মাধ্যমিক বিদ্যালয় এবং ৩৫০টি নতুন উচ্চমাধ্যমিক বিদ্যালয় নির্মিত হয়েছে।

[2.10 - 2.20 p.m.]

৫৮৪টি নতুন প্রাথমিক বিদ্যালয় এবং ১৩১৯টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় নির্মাণের কাজ চলছে। স্যার, ২০৬টি উচ্চ বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এবং ১০৪টিকে জুনিয়র উচ্চ বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। ১১ হাজার ৪৩০টি বিদ্যালয়ে দুটি করে অতিরিক্ত শ্রেণীকক্ষ নির্মাণ করা হয়েছে। তাছাড়া স্যার, ১৪ হাজার ১৭৫টি বিদ্যালয়ে অ্যাডিশনাল ক্লাসরুম নির্মাণের কাজ চলছে। আজকে ১১টি অনুন্নত জেলায় প্রায় ১০৫টি ছাত্রী আবাস, ৪০টি নতুন আবাসিক বিদ্যালয় ভবন, ১১টি পি.টি.টি.আই. প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের কাজ চলছে। তার মধ্যে ৭১টি ৫০ শয্যাবিশিষ্ট ছাত্রী হস্টেলের কাজ শেষ হয়ে গেছে। স্যার, আমাদের জঙ্গলমহল যেটা বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরে বিদ্যালয়গুলিতে সাঁওতালি এবং অলচিক ভাষায় পাঠ্যদানের জন্য ১১৭১ জন প্যারা-টিচার নিয়োগ করা হয়েছে। আমাদের এক কংগ্রেসী বন্ধু বলছিলেন, আমাদের প্যারা-টিচারদের ক্ষেত্রে অত্যন্ত সাফল্যের সঙ্গে আমাদের সরকার আংশিক সময়ের শিক্ষক ও চুক্তিভিত্তিক পূর্ণ সময়ের শিক্ষকদের নিয়মিত মাসিক বেতন প্রদান এবং ৩ বছর অন্তর ৫% বেতন বৃদ্ধি ছাড়াও ১.১০.২০১৩ তারপরে চাকরি জীবনে ১০ বছর

মেয়াদ পূরণ করবেন যে সব আংশিক সময়ের শিক্ষক তাদের এককালীন অতিরিক্ত ১০% বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে আমাদের এই সরকার। তাই এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে বিরোধীদের আনা কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী মনোজ কুমার ওরাওঁ : মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দাবী নং ১৫-তে শিক্ষা বিষয়ে যে বাজেট তাকে বিরোধিতা করছি। স্যার, প্রথমেই বলছি, গত বছর যখন ব্রাত্যবাবুকে চেঞ্জ করা হয় এবং পার্থবাবুকে আনা হয় তখনই জনগণের মধ্যে প্রশ্ন জাগছিল যে ব্রাত্যবাবু কি এমন ঘটনা ঘটিয়েছেন যে তাকে তাড়িয়ে দেওয়া হল এবং আনা হল পার্থবাবুকে। পরবর্তীতে একটার পর একটা ঘটনা, একটার পর একটা সিদ্ধান্ত দেখিয়ে দিল না, এটা চরম রাজনীতির উদাহরণ আর কিছুই নয়। যেমন ধরে নিন, হায়ার এডুকেশান বিলে আমরা কি দেখলাম, শিক্ষাবিদকে নামিয়ে এমন একজনকে নেওয়া হল যার আপাদমস্তক রাজনীতিতে ভরা। ছোট থেকেই আমি রাজনীতি করা দেখেছি। স্যার, যেমন ধরুন রামশায় দুদিন আগে আপনারা কি ঘটনা ঘটালেন? যে না, বি.এ., বি.এস.সি. পাশ তারা এর মেম্বার হবে। যারা গ্রুপ-ডি অনেকেই আছেন যারা মাধ্যমিক পাশ, টুয়েলভ পাশ তারা কি করে ঢুকবে? তাদের বললেন, না উল্টো দিকে আমরা দেখেছি যাদের আপনারা পাঠাচ্ছেন, যারা আপনাদের দলের লোকদের পাঠাচ্ছেন সেখানে দেখা যাচ্ছে তাদের কি কোয়ালিফিকেশান — আদৌ টুয়েলভ পাশ করেছে কিনা কিংবা মাধ্যমিক পাশ করেছে কিনা, সেটা নিয়ে দেখার কেউ নেই। স্যার, বাজেট বলতে গেলে শুধুমাত্রই কি চেয়ার, টেবিল, আসবাবপত্র আনা। অথবা মনে করুন শ্রেণীকক্ষ নির্মাণ বা জুনিয়র হাইস্কুল থেকে হাইস্কুল, হাইস্কুল থেকে হায়ার সেকেন্ডারি স্কুল করা বা মিড-ডে-মিল। এটা হচ্ছে গতানুগতিক একটা প্রক্রিয়া। আমাদের গণতান্ত্রিক ব্যবস্থায় প্রতিষ্ঠিত হয়ে গেছে সেটা কংগ্রেস আমল হোক, বা বাম আমল হোক প্রত্যেকটা বাজেটেই একটু একটু করে বাড়াতে হয়, এটাই নিয়ম। এটা একটা গতানুগতিক প্রক্রিয়া। এখানে এমন কিছু ব্যাপার নেই যেটা আলোচনা করতে হবে। এখানে আলোচনা কি করবো? গত চার বছরে এই বাজেটের পরিপ্রেক্ষিতে সমগ্র শিশুদের কি অবস্থা আছে? তাদের অবস্থার উন্নতি হচ্ছে কি না। তারা ঠিকমতো পরিষেবা পাচ্ছে কিনা। সেটা যদি আমরা পর্যালোচনা করি তাহলে এই বাজেটটা সাফল্যমণ্ডিত হয়। সেইদিকে যদি দেখি তাহলে এই বাজেট পুরোপুরি ফেল। প্রথমেই যেটা আমি বলতে চাইছি, ধরে নিন আমাদের শিক্ষামন্ত্রী সকালেই বললেন, বর্তমানে মোট অ্যাসিস্টেন্ট টিচারের ভ্যাকেন্ট পোস্ট প্রায় ২৫ হাজার। তার মধ্যে হেডমাস্টার মহাশয় আছেন, গ্রুপ-ডি আছেন, ক্লার্ক আছেন প্রায় ৩০ হাজারের মতো। এটা ভাবা যায়? ৩৫ হাজার শিক্ষকের পরিষেবা প্রতিদিন শিশুরা পাচ্ছে না, বঞ্চিত হচ্ছে। এটা লজ্জা নয়? প্রতিদিন এই পরিষেবাটা পাচ্ছে না। যদি ধরে নিই একজন শিক্ষকের গড় বেতন বিশ হাজার। কারও ষোলো হাজার, কারও সাড়ে ষোলো হাজার, কারও সতেরো হাজার, এইসব ধরে গড়ে ধরে নিলাম বিশ হাজার। তাহলে পঁচিশ হাজার শিক্ষকের মোট বেতন মাসে কত হচ্ছে? প্রায় পাঁচ কোটি টাকা। তার মানে এই খাতে প্রতি মাসে পাঁচ কোটি টাকা লুঠ করা হচ্ছে। যেটা শিশুদের শিক্ষা দেওয়ার জন্য শিক্ষকদের প্রাপ্য। আর সেই টাকাটা দিয়ে কি করা হচ্ছে? এমন কিছু সব করা হচ্ছে যেমন

উৎসব করা হচ্ছে, মেলা করা হচ্ছে, যা তা করা হচ্ছে। এটা শিশুদের কোনও কাজেই লাগছে না। আমাদের কাছে এটা একটা লজ্জার ব্যাপার। আজকে আমরা যদি দেখি যে বাবা, মা বাদ দিয়ে সবথেকে কাছে শিশুরা কাদেরকে পায়? একমাত্র পায় শিক্ষক, শিক্ষিকাদের। তাদের কি অবস্থা আজকে? শিক্ষকরা হচ্ছেন সমাজের মেরুদণ্ড। অথচ ৪৮% ডি.এ. বোঝায় তাদের মেরুদণ্ড নুয়ে পড়েছে, ভাঙার মতো অবস্থা। আপনারা সেই জ্বালাটা বুঝবেন কি করে? আপনারা যারা নেতারা এখানে আছেন, অনেকেই তো কোটিপতি। কেউ আগের থেকে আছেন, কেউ চার বছরে হয়ে গেছেন। তারা মধ্যবিত্তদের খবর রাখেন না। রাখার প্রয়োজন মনে করেন না। আপনারা ভাবতে পারেন, একজন শিক্ষকের এত বোঝা, তারা কি করে প্রপার এডুকেশান দেবে? এটা ঘুরপথে বাচ্চাদের প্রতি অন্যায় করা হচ্ছে কিনা? অবশ্যই অন্যায় করা হচ্ছে। শুধু তাই, অন্যদিকে যদি দেখি, প্যারা-টিচারদের অবস্থা, আমাদের মাননীয় মন্ত্রী পার্থবাবু, উনি এর আগে বাম আমলে যখন প্যারা-টিচাররা আন্দোলন করত, সমাবেশ করত, অবস্থান করত, উনি প্রতিনিয়ত যেতেন। ১০ সালে যে একটা বিল আনা হয়েছিল, সেখানে বলা হয়েছিল তিন বছর অন্তর প্যারাটিচারদের ইনক্রিমেন্ট করা হবে। কবার হয়েছে? আর যে সমাবেশের কথা বলছি, সেখানে গিয়ে বলেছিলেন যে স্থায়ী করা প্যারা-টিচারদের। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই সদনেই ঘোষণা করেছিলেন যে আগামী তিন বছরের মধ্যে স্থায়ী করা হবে। তার খবরটা কি? এখনও অব্দি কোনও খবর নেই। আর স্কুল এডুকেশানের ব্যাপারে বলি। আমি জানি না কলকাতায় কি হচ্ছে, না হচ্ছে। আমার উত্তরবঙ্গের কথায় আসি। উত্তরবঙ্গে দেখি ক্লাস এইট, নাইন, টেন, ইলেভেন, টুয়েলভ — প্রায় প্রত্যেকটা ছেলেমেয়ের হাতে মোবাইল। প্রত্যেকে যে যার মতো রেকর্ডিং করছে। উপর থেকে করছে, নীচ থেকে করছে, সাইড থেকে করছে, সবদিক থেকে রেকর্ডিং করা হচ্ছে। কারও মাথা, কারও ধড় নিয়ে যুক্ত করে নেটে ছাড়া হচ্ছে। এটা একটা ভয়ঙ্কর ক্রাইম। ইতিমধ্যে বেশ কিছু জায়গায় অভিযোগ এসেছে। অনেককে ব্ল্যাকমেল করা হচ্ছে। এসবের কি খবর রাখেন আপনারা? ব্ল্যাকমেল শুধু তাই নয়, এটা নিয়ে অনেকগুলো কেসও হয়ে গেছে। এটা বন্ধ করার কোনও বুদ্ধি নেই। বন্ধ করা হবে কি করে? আপনারা এইট পর্যন্ত পাশফেল তুলে দিয়েছেন। ওইসব ছাত্ররাই তো নাইনে উঠছে। ফাইভ থেকে এইট পর্যন্ত পড়াশোনা করতে হচ্ছে না। সরাসরি ভর্তি হচ্ছে ক্লাস নাইনে। এইরকম অবস্থা তো হবেই। এটা একটু খেয়াল করে দেখবেন। আর হচ্ছে বইয়ের অবস্থা। বইয়ের যা অবস্থা, আমি ক্লাস ফাইভের কথাই বলছি। ক্লাস ফাইভের বই, চারটে সাবজেক্ট নিয়ে এতবড় একটা বই করা হয়েছে। বাচ্চারা ক্যারি করতে পারছে না। দুদিনের মধ্যে দু'ভাগ, তিন ভাগ হয়ে যাচ্ছে। আর অনেকে নিজেরাই সুবিধের জন্য করে নিচ্ছে। আর পুরো বইয়ের মধ্যে হিজিবিজি আঁকা। ছাত্ররা নিজেরাই বুঝতে পারছে না এখানে কি আছে। শিক্ষকেরাও বুঝতে পারছেন না ওখানে কি আছে, কি পড়াব। এটা আপনারা খেয়াল করে দেখবেন। আর মাননীয় বিধায়ক বলছিলেন অলচিকি ভাষা, সাঁওতালী ভাষা — দু'দিন আগে আমাদের মন্ত্রী বললেন যে জানুয়ারী থেকে সেসান শুরু। এখন অব্দি সাঁওতালী যে স্কুলগুলো আছে, সেখানে বই পৌঁছায়নি। তারা পড়াশোনা করছে না। মাননীয় মন্ত্রী বলেছেন, এই পবিত্র সদনে বলেছেন যে

এখন অব্দি নতুন সিলেবাসের বই আসেনি, তারা বসে আছে। রিসেন্টলি যে ঘটনা ঘটেছে, আমাদের স্কুলের কথাই বলছি আমি। সেখানে বেশ কিছু ছেলে, তারা সরাসরি শাসক দলের আশ্রিত হয়ে আছে। তারা না পড়াশোনা করছে, না অন্য কিছু করছে, শুধু সকলের মাঝে শার্ট খুলে ঘোরাঘুরি করছে। শুধুমাত্র শাসক দলের আশ্রিত হয়ে। হেডমাস্টার মহাশয় পর্যন্ত কিছু বলতে পারছেন না। যদি উনি কিছু বলেন তাহলে সঙ্গে সঙ্গে লোকজন চলে আসছে। এই বাজেটকে কি করে সমর্থন করব? তাই সমস্ত চিন্তা-ভাবনা করে বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : মাননীয় চেয়ারম্যান স্যার, ১৫ নম্বর দাবীর সমর্থনে রাজ্যের বিদ্যালয় শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী ২ লক্ষ ২১ হাজার ১৫৬ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার টাকার যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন, আমি তা সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য পেশ করছি এবং বিরোধীদের আনা কাট মোশানের তীব্র বিরোধিতা করছি।

[2.20 - 2.30 p.m.]

স্যার জাতীয় পাঠ্যক্রম কাঠামো ২০০৫ এবং শিশুদের শিক্ষার অধিকার আইন ২০০৯ অনুসারে আমাদের রাজ্য সরকার শিক্ষা খাতে উন্নয়নে বদ্ধপরিকর। তার জন্য ২০১৫ সালের জানুয়ারী মাসের ২ তারিখে পুস্তক দিবস পালন করে স্কুলের ছেলেমেয়েদের বিনামূল্যে পুস্তক বিতরণ করেছেন। কিছুক্ষণ আগে আমার বিরোধী দলের কংগ্রেস বন্ধু মিড-ডে মিল নিয়ে যে কথাগুলি বলছিলেন আমার মনে হয় বাস্তবের সঙ্গে তার কোনও সম্পর্ক নেই। আমরা দীর্ঘদিন ধরে ২০১১ সালে আমরা মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার আগে প্রায়ই আমরা খবরের কাগজে পড়তাম স্কুলে মিড-ডে মিল খেয়ে ছোট ছোট ছেলেমেয়েরা অসুস্থ হয়ে পড়েছে। কখনও তাদের স্কুল থেকে নিয়ে গিয়ে নার্সিংহোমে ভর্তি করাতে হয়েছে। স্কুল থেকে তাদের বাবা-মায়েরা সেইসব ছেলেমেয়েদের তাদের বাড়িতে পৌঁছে দিয়ে এসেছে। কিন্তু স্যার ২০১১ সালে মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর শিক্ষার অধিকার এবং শিক্ষার আইন অনুযায়ী মিড-ডে মিলের যে ব্যাপক উন্নতি হয়েছে, আমরা যারা প্রত্যন্ত গ্রামাঞ্চলে থাকি এবং আমরা যারা নিয়মিত এইসব স্কুলের সঙ্গে যোগাযোগ রাখি আমরা দেখেছি, এর আগে যখন স্কুলে খাওয়া দেওয়া হত, তখন সেই সকল কাঁচা সবজি কখনও পরীক্ষা করা হত না। এবং রান্নার পর সেই সকল খাবার স্কুলের যারা শিক্ষক এবং স্কুলের যারা স্টাফ আছেন তারা কখনও পরীক্ষা করে দেখত না। কিন্তু এই সরকার আসার পর ২০১১ সালের মে মাসের পর থেকে আমাদের রাজ্য সরকার আইনের মাধমে কাঁচা খাদ্যদ্রব্য যেগুলি আসে প্রত্যেকটা খাদ্যদ্রব্য তাদের ওজন, তাদের গুণগত মান সম্বন্ধে আগে নিঃসন্দেহ হয়, তারপর সেগুলি স্কুলে প্রবেশ করে। পরবর্তীকালে যখন রান্না হয়, রান্না হওয়ার পর সেই রান্না খাবার শিশুদেরকে দেওয়ার আগে আপনার, আমার বাড়ির ছোট ছোট ছেলেমেয়েরা যারা স্কুলে পড়ে তাদেরকে খাওয়াবার আগে স্কুলের শিক্ষক এবং সেই সকল স্কুলের স্টাফেরা আগে পরীক্ষা করে খেয়ে দেখে যে খাবারটা ছোট ছোট ছেলেমেয়েদের উপযোগী কিনা, তারপর সেইসব খাবারগুলি ছেলেমেয়েদের দেওয়া হয়। আপনি লক্ষ করে দেখবেন স্যার এখন আর খবরের কাগজে

মিড-ডে মিল খেয়ে অসুস্থ হয়ে পড়েছে এই ধরনের সংবাদ আমরা বিশেষভাবে দেখতে পাই না। আমি আমার কংগ্রেস বন্ধুর কাছে অনুরোধ করব আপনি আসুন, আমরা দায়িত্ব নিয়ে বলছি আমার জেলার অন্তত ১০০টা স্কুলে ঘোরাব। আপনাকে প্রমাণ করে দেব আমার বক্তব্য কতটা সারবত্তা এবং সত্য। আপনি যে হাউজে যে কথাগুলি বলেছেন, সেই কথাগুলি যে সর্বৈব সত্য এই কথা আমরা মানতে পারব না। রাজ্য সরকার চেষ্টা করছে স্যার, মিড-ডে মিলে যে সকল ছেলেমেয়েরা খাওয়াদাওয়া করে তাদেরকে চেষ্টা করছে থালা এবং গ্লাস দিতে। কারণ যাতে তারা আরো পরিচ্ছন্ন এবং সুষ্ঠুভাবে খাওয়া-দাওয়া করতে পারে। আপনি অবাক হয়ে যাবেন স্যার আজকে যারা চেঁচাচ্ছেন তাদের কাছে প্রশ্ন করুন যে ২০১১ সালের আগে খবরের কাগজে এই ধরনের খবরগুলি কেন বেরোত? আমি আপনার কাছে বলতে চাই স্যার প্রাথমিক এবং উচ্চ প্রাথমিকে ৯৯.৮৯% ছাত্রছাত্রী মিড-ডে মিলের সঙ্গে যুক্ত। যেখানে একটা স্কুলে ১০০ জন ছাত্র মিড-ডে মিল গ্রহণ করছে — সেখানে তারা কি করে বলে যে মিড-ডে মিলে ব্যর্থ? গোটা পশ্চিমবাংলার ১০০% ছাত্রছাত্রী মিড-ডে মিল গ্রহণ করে সেখানে তারা কোন অধিকারে বলতে পারে যে মিড-ডে মিলে আজকে আমরা ব্যর্থ হয়েছি। রাজ্য সরকার চেষ্টা করছে স্যার, শিক্ষায় সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার বদ্ধপরিকর। আমাদের রাজ্যের মন্ত্রী মাননীয় পার্থ চ্যাটার্জী দায়বদ্ধভাবে এবং নিজের প্রচেষ্টায় উনি বার বার প্রমাণ করে দিয়েছেন যে শিক্ষাখাতে উন্নয়ন কিভাবে দরকার। কখনও 'শিক্ষাশ্রী'-র মাধ্যমে, কখনও 'কন্যাশ্রী'-র মাধ্যমে, কখনও খেটে খাওয়া গরিব মানুষদের সাইকেল উপহার দিয়ে রাজ্য সরকার তাদের স্কুলমুখী করার চেষ্টা করছে। আপনি অবাক হয়ে যাবেন একটা ছোট্ট পরিসংখ্যান দিচ্ছি। ২০১৫ সালের উচ্চমাধ্যমিকের রেজাল্ট বেরিয়েছে। আমরা খবরের কাগজে দেখেছি যে সম্প্রদায়ের মানুষরা দীর্ঘদিন ধরে সমাজ থেকে বঞ্চিত হয়ে আছে, যে সমাজের মানুষগুলোকে দীর্ঘদিন ধরে আমরা শুধু ভোটার হিসাবে ব্যবহার করেছি। যাদের সমাজের মূলস্রোতে ফিরিয়ে আনার কোনও চেষ্টা আমরা করিনি সেই আদিবাসী সম্প্রদায়ের মানুষ রাজ্য সরকারের নিরবচ্ছিন্ন শিক্ষার উন্নয়নের প্রচেষ্টার ফলে এই বছরে প্রায় ৯% বেশি আদিবাসী সম্প্রদায়ের মানুষরা পাস করেছে। এটা রাজ্য সরকারের একটা সাফল্য। আপনি স্বীকার করুন আর না করুন আজকে এর একটা রিপোর্ট বেরিয়েছে। খবরের কাগজে বেরিয়েছে প্রায় ৯ পার্সেন্ট আদিবাসী সম্প্রদায়ের ছেলেমেয়েরা এই বছর বেশি পাশ করেছে। একটা চেষ্টা হচ্ছে স্যার, নির্মল বিদ্যালয় অভিযানের মাধ্যমে। নির্মল বিদ্যালয় অভিযান, আমরা চেষ্টা করছি, আমাদের সরকার চেষ্টা করছে। প্রত্যন্ত গ্রামাঞ্চলের স্কুলগুলো, যেখানে কোনও পরিকাঠামো নেই, আমি দায়িত্ব নিয়ে বলছি ২০১১ সালে আমরা ক্ষমতায় আসার আগে এবং ২০১১ সালে আমরা ক্ষমতায় আসার পর আমি স্থানীয় বিধায়ক হিসেবে আমার বর্ধমান জেলার বিভিন্ন স্কুলে গিয়েছি। বর্ষাকালে যখন স্কুলে গিয়েছি, দেখেছি স্কুলের ছাদ থেকে টপটপ করে জল পড়ছে। মাস্টারমশাই চেয়ারের উপর কোনোরকম গুটিশুটি দিয়ে বসে আছেন। ছোটো ছোটো ছেলেমেয়েরা জামার ভেতরে বইগুলোকে লুকিয়ে রেখে কোনরকমে মাথাটাকে বৃষ্টি থেকে বাঁচাবার চেষ্টা করছে। এই ছিল শিক্ষার হাল ২০১১ সালের আগে। আমি দায়িত্ব নিয়ে বলছি স্যার, আমাদের সরকার আসার পর নতুন ক্লাসরুমের জন্য টাকা বরাদ্দ করেছে। আমার ব্লক জামালপুরে প্রায় ১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে

২০১২-১৩ সালে। সেইসব স্কুলে কারা পড়ে? আপনার আমার বাড়ির ছেলেমেয়েরা। আমি কমরেড বন্ধুদের কাছে প্রশ্ন করতে চাই আপনারা বলুন ২০১১ সালের আগে কেন স্কুলগুলোর ছাদ থেকে জল পড়ত? আর আজকে আপনারা স্কুলগুলো দেখুন। প্রত্যেকটা স্কুলে নতুন ক্লাসরুম হয়েছে, ছাত্রদের নতুন করে পড়াশোনার ইচ্ছে জাগছে। রাজ্য সরকারের আর একটা বড় উল্লেখযোগ্য সাফল্য হল কলকাতায় যারা পথশিশু আছে, যারা অভিভাবকহীন ছেলেমেয়েরা যাতে শিক্ষিত হতে পারে, নতুন করে তারা সমাজের মূলস্রোতে ফিরে আসতে পারে, সেই পথশিশু এবং অভিভাবকহীন ছোটো ছোটো ছেলেমেয়েদের চালু স্কুলগুলোতে ছাত্রাবাস তৈরি করা হয়েছে। স্কুলে প্রায় দেড় হাজার ছাত্রছাত্রী বিনামূল্যে তারা পড়াশুনা করার সুযোগ পাচ্ছে। শুধু তাই নয় স্যার, তাদের খাওয়া-দাওয়া, তাদের চিকিৎসা এবং তাদের জামাকাপড়ের পর্যাপ্ত ব্যবস্থা রাজ্য সরকার করেছে। এখনও পর্যন্ত কলকাতাতে ১৫টা ইউনিট খোলা হয়েছে। আমি আশা করব রাজ্য সরকার এই ধরনের প্রকল্প বর্ধমান এবং অন্যান্য জেলাতে যাতে চালু করেন এই অনুরোধ রেখে এবং বিরোধীরা যে উদ্দেশ্যপ্রণোদিতভাবে কাটমোশান এনেছেন তার তীব্র বিরোধিতা করে ও এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ তরুণ কান্তি নস্কর : চেয়ারম্যান স্যার, আমি স্কুল বাজেটের উপর বলতে গিয়ে প্রথম যে কথাটা আমার বলার ইচ্ছে হচ্ছে যে, এই সরকার ক্ষমতায় এসে স্কুলশিক্ষার গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থাটাকে প্রথমেই বাতিল করে দিয়েছেন। এবং তারা বলেছিলেন রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান বা আর.এম.এস.-এর মধ্যে দিয়ে সেন্ট্রাল গভর্নমেন্ট না কি টাকা দেবে, দিলেই সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলো যদি sponsored করা হয় তাহলে তারা টাকা দেবে। কিন্তু আমি দেখছি কেন্দ্রীয় সরকার হাইকোর্টে হলফনামা দিয়ে বলেছে তারা কেবলমাত্র রাষ্ট্রীয় স্কুলগুলোকেই টাকা দেবে। তারা এডেড স্কুলগুলোকে কোনও টাকা দেবে না এবং টাকা দেয়ওনি। ফলে এদের গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থাটাই চলে গেল এবং আপনি তাদের সেই অধিকারটাকে কেড়ে নিলেন। পাশাপাশি দেখুন বোর্ড, চার বছর সরকার কিন্তু বোর্ডের নির্বাচন করতে পারল না। আপনারা একজনকে বসিয়েছেন administrator হিসেবে, তাকে আবার extend করতে যাচ্ছেন খুব সম্ভবত এবং তিনি কাউন্সিল চেয়ারম্যানের সঙ্গে বসে এমন কাজ করছেন যে ছাত্রছাত্রীদের প্রিপারেশনের টাইমটা কমিয়ে দিচ্ছেন, প্রায় এক মাসের মতো সময় কমিয়ে দিচ্ছেন হায়ার সেকেন্ডারি পরীক্ষার্থীদের। ফলে কেবলমাত্র একজন অ্যাডমিনিস্ট্রেটর গণতান্ত্রিকভাবে নির্বাচিত নয়, তাদের এত ক্ষমতা আপনারা দিয়ে দিলেন এবং বোর্ড নির্বাচন কবে করবেন তা কিন্তু কোথাও আপনারা বলছেন না। দেখুন এস.এস.সি. পরীক্ষায় এই নিয়ে প্রচুর অভিযোগ উঠেছে। আপনার আগে যিনি মন্ত্রী ছিলেন সেই সময় যে পরীক্ষা হয়েছিল, প্রচুর অভিযোগ উঠেছে। দুর্নীতির বন্যা বইয়ে দেওয়ার সুযোগ কিন্তু আরও করে দিচ্ছেন। অর্থাৎ personality test-এ যেটা ৫ ছিল, সেটা থেকে ২০ করলেন, কেন ৫০ করলেন না আমি জানি না। আমার কাছে একটা খাতা আছে, আমি চেয়ারম্যানের কাছে জমা দেব। এখানে হাতে কেটে কেটে নম্বর কমিয়ে দেওয়া হয়েছে, যাকে পছন্দ হয় না হয়তো। কেটে কেটে নম্বর কমিয়ে

দিয়ে পেয়েছিল ৪১.৫, সেটাকে ৩৮ করে দেওয়া হয়েছে। আমি চেয়ারম্যানের কাছে এটা জমা দেব। এইরকম দুর্নীতি কিন্তু আবার হতে যাচ্ছে এবং সেই ব্যবস্থা এটার মধ্যে দিয়ে আপনারা করলেন।

[2.30 - 2.40 p.m.]

দেখুন ১৮ হাজার প্রাথমিক শিক্ষক হাইকোর্টের রায়ে নিযুক্ত হয়েছে, আবার হাইকোর্টের রায়েই তাদের চাকরি যাবে কিনা আমি জানি না। এদের চাকরির নিশ্চয়তা নিয়ে কি বলবেন সেটা কিন্তু আমার কাছে পরিষ্কার নয়। শিক্ষার অধিকার আইনের নাম করে আপনারা ক্লাস ৮ পর্যন্ত পাশ-ফেল তুলে দিয়েছেন। শিক্ষার বারোটা বেজেছে। ক্লাস ফোরের ছেলেরা ক্লাস ওয়ানের বই পড়তে পারে না। এটা নানা রিপোর্টে বার হচ্ছে। অথচ ৩ বছরের মধ্যে তার পরিকাঠামো তৈরি করার কথা, ২০১০ সাল থেকে ৫ বছর হয়ে গেছে, এখনও পরিকাঠামো হয়নি, আপনার বাজেট বক্তৃতাতেই সেটা আছে। কেন সেই পরিকাঠামো তৈরি হল না সেটা আপনি বলেননি। আমার দাবি, পাশ-ফেল ব্যবস্থা ক্লাস ৮ পর্যন্ত আবার চালু করুন। করুন সিলেবাসের কমিটি। সিলেবাস নিয়ে অনেক অভিযোগ এসেছে এই হাউসে। সময় থাকলে কিছু উদাহরণ আমিও আপনাদের কাছে দিতাম। সিলেবাসটা ঠিকঠাক করুন শিক্ষকদের নিয়ে, শিক্ষাবিদদের নিয়ে। কেবলমাত্র নিজেদের পরিচিত কিছু শিক্ষকদের দিয়ে না করে ঠিকঠাক শিক্ষকদের দিয়ে এবং শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে কেন সিলেবাস কমিটি গঠন করছেন না, সেটা কিন্তু আমার কাছে একেবারেই পরিষ্কার নয়। আপনি বাজেট বক্তৃতাতে বলেছেন সাঁওতালি ভাষায় ১১০০ জন পার্শ্বশিক্ষক নিয়োগ করেছেন। পার্শ্বশিক্ষক কেন? ওরকম একটা প্রত্যন্ত জায়গায়, পিছিয়ে পড়া জায়গায় আপনারা রেগুলার টিচার নিয়োগ করুন, তাহলে তো এই ব্যবস্থাটা আরও ভালো হতে পারত। সেখানে পূর্ণ সময়ের শিক্ষক দিন। আমার পরের প্রশ্ন, আপনি মডেল স্কুল তৈরি করার কথা বলেছেন। কিন্তু কেবলমাত্র ইংলিশ মিডিয়ামের ছাত্ররাই মডেল স্কুলে পড়বে, কেন বাংলা মিডিয়ামের ছাত্ররা মডেল স্কুলে পড়বে না? তাদের ব্যবস্থা কেন করছেন না, সেটা কিন্তু আপনার বাজেট বক্তৃতায় পরিষ্কার নয়। আমি একটা কথাতে খুব অবাক হয়ে গেছি। আপনি লিখেছেন হস্টেল তৈরি করেছেন এবং 'চরম বামপন্থী উপদ্রুত এলাকায়'। কেন এই শব্দগুলো ব্যবহার করলেন? বহু জায়গায় তো জঙ্গলমহল শব্দটা ব্যবহার করেছেন। সেখানে চরম বামপন্থী উপদ্রুত এই শব্দগুলো ব্যবহার করার কি দরকার ছিল আপনার বাজেট বক্তৃতায়? এটা কিন্তু আমার কাছে একেবারেই পরিষ্কার নয়। আমার কাছে পরিষ্কার নয়, ৮৯৭০টা উচ্চ বিদ্যালয়ের মধ্যে কয়েকটি ছাড়া লাইব্রেরি নেই। আমার পয়েন্ট হচ্ছে, সব স্কুলে ৫০ হাজার টাকা লাইব্রেরি গ্রান্ট এবং লাইব্রেরিয়ান দেওয়া দরকার। গোটা স্কুল শিক্ষাব্যবস্থাটা আজকে দাঁড়িয়ে গেছে, নানান অভিযোগ আসছে। আপনি দুটো শিক্ষা দপ্তরই পরিচালনা করছেন — গোটা শিক্ষাব্যবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে? কোথাও স্বাস্থ্য কিন্তু হচ্ছে না। এবং যেসমস্ত ভাষায় শিক্ষকদের অপমান করা হচ্ছে, যেসমস্ত ভাষায় শিক্ষকদের ধমকি দেওয়া হচ্ছে, যেসমস্ত ভাষায় মাতৃসম শিক্ষিকাদের কথা বলা হচ্ছে — এটা উচ্চশিক্ষা কি স্কুল শিক্ষা, কি নিম্নশিক্ষা সেটা বিচার্য নয় — গোটা শিক্ষাব্যবস্থায় আজকে এই বিষয়গুলো আসছে, এটা কিন্তু

শিক্ষার স্বাস্থ্যের পক্ষে মাননীয় মন্ত্রী একেবারেই স্বাস্থ্যকর নয়। আপনি অত্যন্ত বিচক্ষণ মানুষ, আপনাকে আমি জানি এই বিষয়গুলো যদি না দেখেন তাহলে শিক্ষাব্যবস্থাটাই ধ্বংস হয়ে যাবে। আপনার বাজেটকে মাননীয় মন্ত্রী আমি সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী শমীক ভট্টাচার্য্য : মাননীয় চেয়ারম্যান স্যার, প্রচণ্ড গরমের জন্য গরমের ছুটি ৭ দিন বাড়ানো হয়েছে, মাধ্যমিক ২০ দিন, উচ্চমাধ্যমিক ১ মাস এগিয়ে এসেছে। সম্পূর্ণ সিলেবাস এই অল্প সময়ের মধ্যে কি করে শেষ করা যাবে, এই নিয়ে শিক্ষা মহলের বিভিন্ন জায়গায় একটা বিতর্ক উঠেছে। আমি স্যার একটা অন্য বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, আমাদের এই হাউসের একজন প্রাক্তন সদস্য, তিনি কতকটা কেন্দ্রীয় রাজনীতিতে চলে গিয়েছিলেন, লোকসভার সম্মানিত সদস্য নির্বাচিত হয়েছিলেন। যদিও সেই প্রেমহীন ভালোবাসাটা ভেঙে গেছে, এখন তিনি আবার স্বস্থানে ফিরে এসেছেন। তিনি মাধ্যমিকের বিভিন্ন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে, প্রাইমারী শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সি.বি.আই. তদন্তের দাবী জানিয়েছিলেন। অভিযোগ যে শুধু বিরোধী দল থেকেই আসছে তা নয়, অভিযোগ আসছে শাসক দলের নিজেদের মধ্যে থেকেও। টেট পরীক্ষা করে হবে, এস.এস.সি. নিয়োগবিধি কবে তারা ঘোষণা করবেন, সেই নিয়ে সরকার স্বচ্ছভাবে মানুষের সামনে কোনও দিন তারিখ ঘোষণা করতে পারেনি। কেন্দ্রীয় সরকারের রিল্যাক্সেশন এক বছরের কথা, মাননীয় শিক্ষামন্ত্রী বারবার বলেছেন, কিন্তু এর মধ্যেই ৩ মাস চলে গেছে। ১ বছর ১ মাস, অর্থাৎ ১৩ মাস আগে সরকার ফর্ম বিক্রি করে ফেলেছেন, যারা পরীক্ষাদেবে তারা সেই ফর্ম কিনেছে। টাকা সরকারের কাছে আছে, সেই টাকা কিন্তু ফেরত হয়নি। কিন্তু পরীক্ষা কবে হবে সে নিয়ে কিন্তু কেউ কিন্তু খুব একটা বেশি কিছু জানেন না। আমরা বিভিন্ন সময়ে, ছোটবেলা থেকে '৭০-এর দশকের টোকাটুকির গল্প শুনেছিলাম। কিন্তু সাম্প্রতিককালে বিভিন্ন দূরদর্শনের পর্দায় যেভাবে পাঁচিল বেয়ে ওপরে উঠতে দেখা যাচ্ছে, যেভাবে অসামান্য দক্ষতায় কার্নিশের উপরে দাঁড়িয়ে প্রশ্নপত্র দিয়ে আসতে দেখা যাচ্ছে অন্তত এটা মনে করা যাচ্ছে পশ্চিমবঙ্গের এক শ্রেণীর যুবকের শারীরিক সক্ষমতা অ্যাক্রোব্যাটিক স্কিল অত্যন্তভাবে বেড়ে গেছে। এদের প্রতিভাটাকে যদি অন্যদিকে চ্যানেলাইজ করা যেত, মাননীয় শিক্ষামন্ত্রী যদি উদ্যোগ নেন আমার মনে হয় ভাল হবে। শিক্ষাক্ষেত্র বিভিন্ন সময়ে রক্তাক্ত হয়ে উঠছে। আক্রান্ত হচ্ছে বিভিন্ন সময়ে। যারা শিক্ষাকে সম্পূর্ণ দলতন্ত্রমুক্ত করার প্রতিশ্রুতি দিয়েছিলেন, যারা বলেছিলেন শিক্ষার অঙ্গনে আর কোনওদিন উগ্র রাজনৈতিক অনুপ্রবেশ ঘটবে না। আজকে পরিস্থিতি কোথায় এসে পৌঁছেছে। যদি দিনের পর দিন একটি নিয়োগকে কেন্দ্র করে বিতর্ক চলতে থাকে, ১৮ হাজার যারা চাকরি পেয়েছিলেন সে আদালতের কারণেই হোক আর যে কারণেই হোক তাদের ভবিষ্যৎ কিন্তু সম্পূর্ণ প্রশ্নচিহ্নের মুখে। আজকে চার বছরের মধ্যে একবার এস.এস.সি. করাতে পেরেছেন। পশ্চিমবঙ্গের এই একটা সুযোগ ছিল ছাত্রছাত্রীদের কাছে যে পড়াশোনা করে একটা চাকরি অন্তত পাবে। যেখানে একটা ভদ্রস্থ মাসিক বেতনের ব্যবস্থা আছে। আজকে সেই জায়গা থেকেও বঞ্চিত হয়েছে। এই সরকার কর্মসংস্থান তৈরি করতে যেরকম বহু ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন, বিভিন্ন ক্ষেত্রে লক্ষ লক্ষ চাকরি দেওয়ার প্রতিশ্রুতি এবং লক্ষ লক্ষ চাকরি দিয়ে ফেলেছি বলে

যে বিবৃতি চলেছে তার মাঝখানে দাঁড়িয়ে যেখানে একটা পর্যাপ্ত স্কোপ আছে সেটাকেও এক্সারসাইজ করতে এই সরকার, এই সরকারের মস্ত্রক স্বাভাবিকভাবে ব্যর্থ। আমি আবেদন করব মাননীয় মন্ত্রীর কাছে, তাঁর মাথার উপরে প্রবল দায়িত্ব আছে এর আগে তিনি শিল্পের প্রভূত উন্নতি সাধন করেছেন। উনি এখন শিক্ষায় এসেছেন, পরিষদীয় দলের দায়িত্ব আছেন। ওঁর দয়াদৃষ্টি যদি ছাত্রগুলোর উপরে পড়ে, কারণ অতীতে তিনি বিভিন্ন সময়ে অনশনরত, আন্দোলনরত ছাত্রদের পাশে গিয়ে দাঁড়িয়েছেন, তাদের আশ্বাস দিয়েছেন, আজকে যখন তিনি ক্ষমতায় আমি আশা করব তাঁর কাছ থেকে এই সমস্যা সমাধানে একটা রাস্তা দেখবেন। ধন্যবাদ।

শ্রী কালিপদ মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ পার্থ চট্টোপাধ্যায় বিদ্যালয় শিক্ষাক্ষেত্রে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উপস্থাপন করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাটমোশন খণ্ডন করে আমার বক্তব্য রাখতে চাই। প্রথমেই স্যার, বিরোধীদের কথা শুনে একটা কথাই মনে হয়। ছোটবেলায় পড়েছিলাম প্রত্যেকটা সাবজেক্টের একটা করে ডার্ক সাইড থাকে আর একটা ব্রাইট সাইড থাকে। একজন ব্যক্তি ওই ডার্ক সাইডটাই দেখত সমাজের। টীকা-টীপ্পনি দিত। হঠাৎ একদিন যে সমালোচনা করত তার ট্রেনলাইনে পা কাটা গেল। হসপিটালে ভর্তি হল। বন্ধুবান্ধব বলল যে সকলকেই তো টীকা-টীপ্পনি দিত তাহলে ওকে দেখতে যাই চল। তো সকলে দেখতে যেতে, তাকে বলা হল কি রে এখন কি করবি? তুই তো সকলকে টীকা-টীপ্পনি দিতিস। কারো বাড়িতে একটা লোক মারা গেলে বলতিস একটা লোক কমে গেল, কম খেতে দিতে হবে। এখন কি হবে? সে বলল বয়েই গেল। আগে দুটো জুতো লাগত এখন একটা জুতো লাগবে। খরচ কমে গেল আমার। আমরা চার বছর এসেছি, আর চৌত্রিশ বছর যারা রাজ্য শাসন করেছেন সেই বামপন্থী বন্ধুরা এই চার বছরে কোনও ব্রাইট সাইড দেখতে পেলেন না। ডার্ক সাইড। এই কোট মোশন নিয়েই বলি। জানি না অসিতদা থাকলে হয়তো বলতাম যে টোকাটুকির রাজত্ব আবার ফিরিয়ে আনতে চাইছেন কিনা? কাট মোশনে দেখবেন দুটো দুটো চারটে। একই ভাষা। অসিতদার যা ভাষা। সোহরাব সাহেবেরও তাই ভাষা। টেবিলে আছে দেখবেন একই ভাষা। দুজনের কাট মোশনে। দেখাদেখি করে। তার মানে টোকাটুকির রাজত্ব ফিরিয়ে আনতে চাইছেন কিনা বলতে পারলাম না। এই বাজেট সম্পর্কে বিতর্ক করতে গেলে ২০০১ সাল থেকে আমি এই প্রথম দেখলাম এত সুন্দরভাবে বাজেট উপস্থাপনা হয়েছে। যেটা '১৪-১৫ সালে কি আমরা করেছি, '১৫-১৬ সালে কি করতে চাই কতটা তফাত। সার্বিকভাবে কিন্তু একটা কমপেয়ার অ্যান্ড কন্ট্রাস্ট করার সুযোগ আমাদের করে দিয়েছে।

[2.40 - 2.50 p.m.]

আমরা যদি সেটাকে ভালোভাবে উপলব্ধি করি তাহলে আমরা দেখব যে যেগুলি করা হচ্ছে যেমন, বিদ্যালয়ের উন্নতিকরণ, নতুন বিদ্যালয়ের অনুমোদন, নতুন বিদ্যালয় নির্মাণ, ল্যাবরেটরী অনুদান, লাইব্রেরী অনুদান, শৌচালয় নির্মাণ, পানীয় জলের ব্যবস্থা, কমপিউটার প্রদান,

অতিরিক্ত শ্রেণীকক্ষ, মিড-ডে মিল, মডেল স্কুল, প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎসংযোগ, শিক্ষক প্রশিক্ষণ, ডি এল এড, বি এড, নির্মল বিদ্যালয় অভিযান, উৎকর্ষ অভিযান, সেগুলি অত্যন্ত ভালো কাজ। এতগুলি পয়েন্ট সম্বন্ধে কিন্তু চোদ্দ-পনেরো সালে কি করেছেন কতটা অগ্রগতি হয়েছে এবং পনেরো সালে কতটা অগ্রগতি হয়েছে সেটা দেখিয়ে দিয়েছেন। আপনাদের আমলে যে নিউ সেট আপ স্কুলগুলি স্থাপন করেছিলেন সেখানে কি করেছিলেন বলুন তো? রিটায়ারডদের খুঁজে খুঁজে এনে কোনও জায়গায় একজন কোনও জায়গায় নেই। এইভাবে নিউ সেট আপ স্কুল হয়ে গেছে। সেখানে গেস্ট টিচারদের উপস্থাপন করেছিলেন। আমাদের সরকার এই প্রথম ২১৮১টি নিউ সেট আপ উচ্চ প্রাথমিক বিদ্যালয় প্রত্যেকটির জন্য পাঁচজন করে সহশিক্ষক পদের অনুমোদন দেওয়া হয়েছে। শিক্ষক অনেক জায়গাতে এসেছে। অনেক জায়গাতে পাঁচজন আসেনি, তিনজন এসেছে, আরও দুজন করে দেওয়া হবে। ৩৭০০টি নিউসেট আপ বিদ্যালয়, একজন করে গ্রুপ ডি-এর অনুমোদন দেওয়া আছে। গ্রুপ ডি-ও আমরা এর মধ্যে পেয়ে যাব। আমরা সকলেই একটা কথা ইদানীং বলতে শিখেছি—কোয়ালিটি এডুকেশন। আমরা সকলেই বলি যে আমাদের একান্তভাবে দরকার কোয়ালিটি এডুকেশন। আমরা কি কোয়ালিটি এডুকেশনের দিকে এগিয়ে যাচ্ছি। আজকে যদি পি.জি. হসপিটালের ঘটনা দেখি — সেটা কি কোয়ালিটি এডুকেশন? যাদবপুরের ঘটনা — কোয়ালিটি এডুকেশন? প্রেসিডেন্সীর ঘটনা — কোয়ালিটি এডুকেশন? রবীন্দ্রভারতীর ঘটনা — কোয়ালিটি এডুকেশন? কিসের কোয়ালিটি এডুকেশন? ৩৪ বছর ধরে শিক্ষাব্যবস্থাকে ছাত্রসমাজকে আপনারা চাবিতালা বন্ধ করে মিছিল-মিটিং-এ হাঁটিয়েছেন। তাদের স্পিরিট, মরালিটি এবং মেন্টালিটি সমস্ত কিছু সাপ্রেস করে দিয়েছেন। তাদের সার্বিক শিক্ষা দেওয়ার প্রয়োজন মনে করেননি আপনারা? আপনারা এটা করেননি দীর্ঘ ৩৪ বছরে। যার ফল এখন ভোগ করতে হচ্ছে। চার বছরের কথা তো ভাবলে হবে না। ৩৪ বছরের অপশাসনের প্রতিকৃতির কথা ভাবতে হবে। '৯৫ সালের একটা ঘটনা, নিজের অভিজ্ঞতা থেকে বলছি — আপনারা শুনুন, ব্রিক ফিল্ডে কাজ করে। তার ছেলেটা পড়াশোনাতে ভালো ছিল। কলকাতা থেকে ভালোভাবে কাজ করে প্রফেসারীতে চান্স পায়। আমরাই সাহায্য করেছি তাকে। বাবা যাচ্ছে ছেলের কাছে। বিয়ে-থা করে ছেলে ফ্ল্যাট নিয়ে রয়েছে। সেই ফ্ল্যাটে বাবা যখন ছেলের কাছে গেছে তখন ছেলে বন্ধুবান্ধব নিয়ে পরিবেষ্টিত হয়ে আছে। সে পরিচয় দিচ্ছে যে ও সারভেন্ট। গ্রামে থাকে। শুনুন, ভালো খেয়েদেয়ে, ছেলে টাকাপয়সা দিয়েছে। বাড়িতে এসে তিনি তার বন্ধুদের কাছে বলছেন — সবই ভালো, টাকাপয়সা দিল ভালো, কিন্তু একটা কথা আমি বুঝতে পারলাম না। কি কথা—সারভেন্ট। আমার পরিচয় দিল সারভেন্ট। ভাবুন বাবাকে যদি সেই লোকটি বলে দেয় তাকে এই ভাষাটা বলেছে, তাহলে কি হবে? এটা কি কোয়ালিটি এডুকেশন? তাহলে কিসের কোয়ালিটি এডুকেশন বলুন। আপনারা বলুন না মাস পড়লে বেতন পান না! আমাদের সরকার আসার পরে মাস পড়লে আপনাদের বেতন দেওয়ার ব্যবস্থা হয়েছে। অসিতদা এখানে আছেন। উনি জানেন সিপিএফ থেকে জিপিএফ-এর কথা উনিও বলেছিলেন। রিটায়ার্ড শিক্ষক মহাশয়রা আর্তনাদ করত। আমি প্রথম এখানে মেনশন তুলেছিলাম সিপিএফ থেকে জিপিএফ-এর ব্যাপারে। অসিতবাবুও তুলেছিলেন। আমি সমর্থন করি। ওনারা এখানে আমাদের অর্থমন্ত্রী বারে

বারে বলতেন এই হয়ে গেল। এইবারের বাজেটে এল বলে, এই কথা বলতে বলতে আপনারা কাটিয়ে দিলেন। '৯২ সালের রোপা রুলে যারা অপশন দেয়নি সেই শিক্ষকগুলি কিন্তু মর্মে মর্মে হা-হুতাশ করছিল। আজকে আমাদের সরকার আসার পরে চালু হয়ে গেছে। অনেকে পেয়ে গেছে। অনেকে পেতে চলেছে। তাহলে আপনারা বাহবা দেবেন না এই সরকারকে? অসিতদার তো দেওয়া উচিত দু-বাহু তুলে। সিপিএফ থেকে জিপিএফ হয়েছে, এটা একটা ভালো কাজ করেছে। আমাদের সরকার এটা করেছে। আমরা এটা বলতে পারি সিপিএফ থেকে জিপিএফ। আপস বদলি — যেটা ছিল। আপনাদের সময়ে পানিশমেন্ট অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। তৃণমূল করে, কংগ্রেস করে, ফরোয়ার্ড ব্লক করে। জেলার একেবারে শেষপ্রান্তে দিতে হবে। যেখানে পাঁচ থেকে দশ ঘণ্টা সময় নিয়ে যেতে হয়। ১০ ঘণ্টা যেতে হয়। আমাদের সরকার আপস বদলির ব্যবস্থা করেছে এবং আপনারা জেনে রাখুন ৩৮৪২ জন সহ শিক্ষক-শিক্ষিকার বদলি হয়েছে। এছাড়াও সাধারণ বদলি — আজকে আপনারা জানেন অনেকে কলকাতা থেকে প্রত্যন্ত গ্রামাঞ্চলের হাইস্কুলে চাকরি করতে যায়। তার ছেলেমেয়েরা হয়তো বাপের মুখ কোনদিন দেখতে পায়নি। সেই ব্যবস্থাও কিন্তু করা হয়েছে। সাধারণ বদলি ৭৩৮৫ জন। জেনে রাখুন, টেট-এ যারা পরীক্ষা দিয়েছে — শংসাপত্র — তাদেরও পার্ট-টু'তে আর বসতে হবে না, ১৭ লক্ষ পরীক্ষার্থীকে এই শংসাপত্র দেওয়া হয়েছে। আর কি? আপনারা কি করেছিলেন? পেনশনভোগীদের ক্ষেত্রে? পেনশনভোগীদের ক্ষেত্রে কি করেছিলেন? যারা পেনশনার — একটা অপশন আছে — কমিট করতে পারি আমি। ৪০% কমিট করতে পারি, বিক্রি করতে পারি আমি। ৭৫ বছর বয়স হলে সেই কমিটটা আমি ফিরে পাবো। এই নিয়মটা বরাবর চলে আসছে, পাবো। কিন্তু তার পরিবার-পরিজন, যে নমিনি, তার যেহেতু পেনশন পি.পি.ও.তে ডেট অফ বার্থ দেওয়া থাকতো না, অনেকেই শিক্ষিত ছিলেন না, শিক্ষকতা করেছেন। তাদের যেহেতু ডেট অফ বার্থ নেই তাদেরকে আপনারা বঞ্চিত করেছেন। জেনে রাখুন, আমাদের সরকার করেছেন হয় স্কুল ফাইনাল সার্টিফিকেট, না হয় ভোটার আইডেনটিটি কার্ডের সার্টিফিকেট, আর না হয় ডাক্তারবাবুর দেওয়া জন্ম তারিখের যদি সার্টিফিকেট হয়, তাহলেও তার পরিবার কিন্তু পেনশন পাবে। তাহলে আপনারা একটা বাহবা দেবেন না? শিক্ষক আর সরকারি কর্মচারীদের মধ্যে আপনারা ডিফারেন্স করেছিলেন। ১ তারিখে যাদের অ্যাপয়েন্টমেন্ট সরকারি কর্মচারী — তারা ১ তারিখ থেকেই পেনশন পাবে। আর ১৫ তারিখ থেকে যাদের অ্যাপয়েন্টমেন্ট শিক্ষকরা — তারা ১৫ তারিখ থেকে পাবে। আমাদের সরকার আসার পর বলেছে, এই বৈষম্য দূর করা হল। সরকারি কর্মচারী ১ তারিখ থেকে পেলে শিক্ষক-শিক্ষিকারাও ১ তারিখ থেকে পাবে। ভালো কাজ নয়? আপনারা ভালো কোনদিন দেখতে পাবেন না। অতএব, এতদিন পরে এত সুন্দর বাজেট — এই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী পার্থ চ্যাটার্জী মহাশয় ১৫ নম্বর দাবীর সপক্ষে ব্যয়-বরাদ্দের যে প্রস্তাব নিয়ে এসেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা এখানে তুলে ধরছি। সেই সঙ্গে বিরোধীদের আনা কাট মোশন সমর্থন করে

আমার বক্তব্য শুরু করছি। আমি এই বিধানসভায় আসার পর চার বছর ধরে শুনি শুধু '৩৪ বছর, ৩৪ বছর'। ব্যাপারটা হল, যারা ওইদিকে আছেন, আপনারা ওই আমাদের ৩৪ বছরে আমাদের স্কুল-কলেজে-বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করে বড় বড় চাকরি করছেন। আপনাদের কি কৃতজ্ঞতা নেই স্বীকার করার? কৃতজ্ঞতা স্বীকার করতে শিখুন। যাই হোক, আমি গতকাল একটা সংবর্ধনা অনুষ্ঠানে ছিলাম। আমার জেলার মাধ্যমিক পরীক্ষায় যে চতুর্থ হয়েছে অভীক সরকার, তাকে একটা প্রতিষ্ঠানের পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছিল। অভীকের বাবা বলল, আমার ছেলের প্রথম বা দ্বিতীয় হওয়ার কথা ছিল। যে স্কুল থেকে পড়াশুনা করেছে — কোচবিহারের সরকারি স্কুল, নামকরা স্কুল জেনসিন স্কুল। এখন আমার মনে প্রশ্ন, কেন প্রথম বা দ্বিতীয় হল না? আমি জানতে পারলাম, সেখানে স্থায়ী প্রধানশিক্ষক নেই। আর গতবার আমি প্রশ্ন করেছিলাম, সেই স্কুলে মাস্টারমশাই এবং কর্মচারী — তারা রাত্রে বসে বদ বিক্রি করেছে, মদ খেয়েছে — সেটা তুলে ধরেছিলাম। আমি উত্তর পাইনি।

[2.50 - 3.00 p.m.]

এই যে তার বাবার আক্ষেপ এটাতে আমার মনের খুব দুঃখ হয়েছে, আঘাত লেগেছে। এবারে বলি এই যে, স্কুলে যে কমিটি গড়া হয়েছে, এই কমিটিতে আমাদের সময় ভোটের মাধ্যমে আসতো। এবারে সভাপতি নিয়ে আসা হয়েছে। প্রথমে শুনলাম যে বি.এ. পাশ লাগবে। কোথায় বি.এ. পাশ? যারা অল্প পড়াশোনা করেছে তারা সভাপতি হয়েছে। আমি মনে মনে ভাবছি যে পার্টির সভাপতি হয়, জোনাল তারপরে ব্লকের সভাপতি যারা হচ্ছে দুইটা পয়সা কামাই করার জন্য, ইস্কুলে তাই করছে। আমার স্কুলে, আমি যে স্কুলে শিক্ষকতা করছি আমি বলবো, কারণ আমার স্কুলে সর্বশিক্ষা মিশনের টাকায় বিল্ডিং হয়েছে, সেটা রং করতে হবে। দুজন রং মিস্ত্রির সাথে আলোচনা করা হল, একজন বলল ১২ হাজার টাকা লাগবে, আর একজন বলল ১৬ হাজার। আর ওখানকার যিনি সভাপতি তিনি বললেন ৩০ হাজার টাকা লাগবে এবং আমার লোক কাজ করবে। এটা কি? এটা কি? আমার যিনি হেড মিস্ট্রেস্ তিনি আমাকে বলছেন মাস্টারমশাই কি করি বলুন তো? আমি বললাম রং বন্ধ করুন, রং ছাড়াই চলবে। এবারে আসছি টেট এবং এসএসসি সম্বন্ধে বলতে, আশা করি যে অনতিবিলম্বে টেট এবং এসএসসি পরীক্ষাটা নেওয়া দরকার। এই যে আমার কুচবিহারে ডি.পি.এস.সি. আমার পাশে বসা অক্ষয় ঠাকুর, তিনি একজন মেম্বার, তিনি আমাকে বললেন যে, কমিটি গঠন হওয়ার পরে একটামাত্র মিটিং হয়েছে, আর কোনও মিটিং হয়নি। তাহলে কি করে অগ্রগতি হবে প্রাইমারি স্কুলের শিক্ষার? যাই হোক মিড-ডে মিল সম্পর্কে বলি, মিড-ডে মিলের যে চাল দেওয়া হচ্ছে সেটা নিম্নমানের, আর বিশেষ করে যেহেতু আলুর দামটা কম সবজিতে আলু বেশি, এটা একটু দেখবেন। প্যারা-টিচারদের সম্পর্কে একটু না বললেই নয়, প্যারা-টিচার যাঁরা কাজ করছে তাদের ট্রেনিং-এর ব্যবস্থাটা যত তাড়াতাড়ি সম্ভব করবেন, আর এমনও স্কুল আছে, ক্লাস, ১১, ১২ অনুমোদন হয়েছে, ইস্কুলে কোনও বিষয়ের শিক্ষক নেই, সেখানে সেই প্যারা-টিচার দিয়ে স্কুল চালাতে হচ্ছে, ক্লাস চালাতে হচ্ছে। এটা একটু ভেবে দেখার জন্য বলব। আর এখানে বই বিতরণের কথা বলছেন জাতীয় পাঠক্রম পরিকাঠামো-২০০৫ এবং শিশুদের অধিকার আইন

২০০৯ অনুসারে উন্নত মানের শিক্ষা প্রদানে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ এবং পুস্তক বিতরণ করা হবে। ক্লাস নাইনের বই, অঙ্ক বই, সেটা খুব কঠিন হয়েছে ছাত্রদের মাধ্যমে আমি জানতে পারি। সেখানে উঁচু ক্লাসের সিলেবাস অন্তর্ভুক্ত করা হয়েছে। এটা একটু ভেবে দেখবেন। বিশেষ করে এই যে নিউ সেটআপ স্কুল, অনেক স্কুল আমার ব্লকে হয়েছে, অথচ সেখানে ঘর, দরজা নেই, পরিকাঠামোর অভাব। তারা আমার কাছে আবেদন করছে আমি এখানে যাঁরা আছেন দায়িত্বে, তাঁদেরকে বলব যে আপনারা এটাকে কি করে আরও উন্নত করা যায় সেটা একটু দেখবেন। এই যে গত পরীক্ষাতেও আমরা কাগজে দেখেছি টুক্‌লি পাচার এটা একটা শিল্প, হ্যাঁ এটা রামপুরহাটের একটা স্কুলে হয়েছে, মালদাতে হয়েছে। ...(মাননীয় সদস্যর নির্ধারিত সময় শেষ হওয়ার জন্য মাইক অফ হয়ে যায়।)...

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় শিক্ষামন্ত্রী এই সদনে তাঁর ১৫ ডিমান্ডে যে বাজেট বিবৃতি রেখেছেন আমি তার উপরে আলোচনা করছি, আলোচনা করতে গিয়ে এটা বলব যে এটাকে সমর্থন করা যাচ্ছে না। প্রথম কারণ হচ্ছে এই যে, শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্য থাকা উচিত। কয়েকটা ডাক্তার, কয়েকটা ইঞ্জিনিয়ার তৈরি করাই আমাদের লক্ষ্য নয়, আমরা মনে করি ছাত্র শিক্ষান্তে এমনভাবে আসবেন সে ছাত্র হবে বহুত্ববাদী, গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, সমাজ সচেতন, বিজ্ঞানমনস্ক একজন নাগরিক। এই জায়গায় দাঁড়াতে গেলে আমরা দেখব যে এই সরকার আসার পর বিশেষ করে অতীতে শিক্ষার ক্ষেত্রে বিকশিত বা পল্লবিত হয়েছিল বিভিন্ন স্তরে, বিশেষ করে পরীক্ষা ব্যবস্থায় যে বিশুদ্ধতা, ফল প্রকাশ করানো, পরীক্ষা গ্রহণ করা, মধ্যশিক্ষা পর্ষদ থেকে শুরু করে সমস্ত স্তরে একটা নির্বাচন করা ইত্যাদি একটা গণতান্ত্রিক ব্যবস্থা established হয়েছিল। আমরা এটা আশা করেছিলাম যে এই সরকার আসার পর তারা দলতন্ত্রের পরিবর্তে গণতন্ত্রকে কায়েম করবে ইত্যাদি তারা বক্তব্য রেখেছে। কিন্তু চার বছরের মাথায় এটা আমরা পরিষ্কারভাবে দেখতে পারছি যে, primary to secondary সমস্ত স্তরে আমাদের যে বিদ্যালয় ব্যবস্থা, শিক্ষাব্যবস্থা তার গণতান্ত্রিক পরিবেশ ধ্বংস হয়েছে এবং রক্তাক্ত, জখম, শিক্ষক-ছাত্র-অভিভাবকদের সম্পর্ক ধ্বংস হয়েছে। আগামী দিনে এই বিদ্যালয়গুলি থেকে কোন ধরনের ছাত্র বার হয়ে আসবে এতে আমাদের আতঙ্ক অনুভূত হচ্ছে। আমি একটা উদাহরণ দিয়ে বলতে পারি মাইনর শিক্ষামন্ত্রীর সঙ্গে আমি কয়েকবার দেখা করেছিলাম — পাঠ্যসূচী। পাঠ্যসূচী ও পাঠ্যবই ২০০৫-এর national curriculum framework-এ যা বলা হয়েছে, teaching-learning process in class room situation কি হওয়া উচিত। যা ওয়েস্ট বেঙ্গলে লঙ্ঘিত হচ্ছে। পাঠ্যবই যা হয়েছে তা বিজ্ঞানসম্মত নয়। তা অত্যন্ত নিম্নমানের এবং অবিলম্বে পরিবর্তন করা দরকার। মাননীয় মন্ত্রী বলেছিলেন আমার কাছে অভিযোগ আসছে এগুলো আমরা review করব। আমি বলব, তাঁকে আবেদন করব এগুলো review করুন। সবাই বলেছেন একটা কথা না বললে উপায় নেই যে গণতন্ত্র-গণতন্ত্র-গণতন্ত্র। সুতরাং আজকে যদি তাই বলি sponsored school আপনারা যেটা করলেন Right to Education Act, 2009 পাশ হওয়ার পর সারা ভারতবর্ষে চালু হয়েছে তার ২১(২) ধারাতে বলা হয়েছে, একটা school committee,

management committee কি হবে। কিন্তু এটা দুর্ভাগ্যের বিষয় এটাকে লঙ্ঘন করে আপনারা ১৯৭২ সালের একটা দানবীয় আইন, বলা যেতে পারে একটা ফতোয়া জারি করে সেটাকে নিয়ে এসে সমস্ত গণতান্ত্রিক system ধ্বংস করে আপনাদের দলের লোকদের বসিয়ে দিলেন। কি হব? What will happen then? কালিপদবাবু বলছিলেন অনেক কথা। তাঁকে শুধু একটা কথা স্মরণ করিয়ে দিই, এই হাউসকে স্মরণ করিয়ে দিই যে আমাদের কি শিক্ষকদের pension ছিল? ছিল না। পাওনাদারের ভয়ে শিক্ষকরা শীতকালে ছাতা মাথায় দিয়ে যেতেন। It was the real picture in West Bengal. ১৯৮০ সালে লেফ্‌ট ফ্রন্ট গভর্নমেন্ট শিক্ষকদের pension system চালু করে। হ্যাঁ, মাস পয়লার কথা বলেছেন, আমি বলছি এই হাউসে দাঁড়িয়ে, আজ ৮ তারিখ আমি যেখানে বাস করি Nadia-র তেহট্ট Subdivision-এ শিক্ষকরা আজ বেতন পায়নি। অনেক জায়গায় বেতন পায়নি। হতে পারে কোনও disturbance হয়েছে। আমি challenge করে বলছি দেখুন না আপনারা পরীক্ষা করে। এবার আসি examinations system. আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব। স্যার, উনি বিচক্ষণ মানুষ With due respect I draw his kind attention যে higher secondary examination হয়ে গেল। আপনি কি জানেন যে ১ লক্ষর উপর PPS, PPR already submitted হয়েছে? ১০০ টাকা আর ৬০ টাকা করে। ছাতা মাথায় দিয়ে রোদে লাইন দিয়েছে কেন? তার result-এ তারা satisfied হয়নি? আসুন পশ্চিম মেদিনীপুরে। Please note it. পশ্চিম মেদিনীপুরে রত্নেশ্বর বাটি নেতাজী হাইস্কুলের ছাত্র সমিত রঞ্জন কোটাল কোনও পরীক্ষা না দিয়ে ৪০% মার্কস পেয়ে higher secondary পাশ করেছে। কোনও পরীক্ষা না দিয়ে। I challenge it and I can produce the document to the Chairman. সুতরাং এটা কি হচ্ছে? আমি মাননীয় মন্ত্রীকে বলব Please go through the enquiry. এবার আসুন মাননীয় মন্ত্রী ২০১৩-১৪। Pre-budget scrutiny যেটা আমরা দেখলাম প্ল্যান হেডে আপনি ১০% টাকা খরচ করতে পারেননি। আর একটি জায়গাতেও আপনি অর্ধেক টাকা খরচ করতে পারেননি। ১৫.৯৭ কোটি থেকে ৬.৭৩, ২% খরচ করেছেন। Social Welfare-এ ১৫ কোটি খরচ করেছেন। এরকম adult education আমরা দেখেছি ২৪ ছিল এক পয়সা খরচ করতে পারেননি। Public library যেখানে, সেখানে আপনি খরচ করত পারেননি। স্যার, আরও মারাত্মক হচ্ছে জঙ্গলমহলের মানুষ, যারা দুস্থ মানুষ, আদিবাসী মানুষ যারা সেইসব tribal area sub-plan সেখানে আপনি ২৩৩.৪ ধরেছিলেন সেখানে ১৩৫.৫৭ কোটি খরচ করতে পেরেছেন। সুতরাং এগুলো হচ্ছে একটা মারাত্মক জায়গা। এবারে আসি appointment. দুর্নীতি যে হয়েছে তা অস্বীকার করার কোনও উপায় নেই। এটা ঘটনা একজন আধিকারিক তিনি বললেন SSC যারা মেধা তারা চাকরি পায়নি। Combined list একটা দুর্নীতির আখড়া হয়েছে। তারা অনশন করেছে, আত্মহত্যা করেছে স্যার, আমরা কোন শিক্ষার কথা বলব? খুব দুঃখ লাগে এ জন্যে যে এ কথা যদি শুনতে হয় এই পবিত্র হাউসে রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা আইন পাশ করেছিলেন।

[3.00 - 3.10 p.m.]

স্যার, এ কথা যদি আমাদের শুনতে হয় যে, রবীন্দ্রনাথ ঠাকুর কমলালেবুর রস খাইয়ে গান্ধীজীর অনশন ভঙ্গ করেছিলেন। তাহলে কোন শিক্ষার কথা বলব স্যার? আমরা তো ইতিহাস পড়ে এসেছি। শিক্ষার সঙ্গে তো আমরা যুক্ত। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব যে, text book এটাকে immediate পরিবর্তন করুন। পরীক্ষার system-টা পরিবর্তন করুন। Teachers appointment-এর ক্ষেত্রে ২০ নম্বর এখনও হয়নি, অনেক বন্ধুরা বলেছেন আমি জানি, মাননীয় শিক্ষামন্ত্রী আছেন, আমি যত দূর জানি এটা এখনও পর্যন্ত আইনে পরিণত হয়নি। আমি তাকে আবেদন করব যে, এই মেধার যে জায়গাটা সেখানে ২০ নম্বর যদি oral হয়, তাহলে মেধার যারা ছাত্র তারা বঞ্চিত হবে। আমি আপনাকে অনুরোধ করব, আপনি বিচক্ষণ মানুষ এটা যেন কিছুতেই না হয়, সর্বনাশ হয়ে যাবে। আর DA-এর ব্যাপারে না বলাই ভালো। ৪৮ শতাংশ বাকি আছে, অনেকেই বলেছেন। আমিও বলছি এটা যদি পারেন আপনি দেখবেন এটা কি করা যায়। স্যার, আপনি ২৬.০৫.২০১৫-তে ঘোষণা করেছেন যে, ১৫০ নম্বরের একটা পরীক্ষা নেওয়া হবে। সময় দিয়েছেন এক ঘণ্টা ৩০ মিনিট। এভাবে হয় না স্যার। কেন্দ্র হারে এটার নিয়ম হচ্ছে অন্তত আড়াই ঘণ্টা সময় থাকা উচিত। আপনি এই বিষয়গুলো একটু বিবেচনা করে দেখবেন। আমি পরিশেষে এটা বলব, যে বিষয়গুলো আপনি নিয়ে এসেছেন, কালীপদবাবু বলছিলেন, আমিও বলছি প্রত্যেকটা বিষয় আগে থেকে শুরু হয়েছে। নতুন সরকার আরো ভালো করে কাজ করুক। শিক্ষায় গণতন্ত্র ফিরিয়ে নিয়ে আসুক। শিক্ষাকে আরো সুন্দরভাবে তারা পরিচালনা করুক। তাহলে আমাদের তো বিরোধিতা করার কিছুই নেই। সুতরাং আমরা এটাই বলব, please আপনি দলতন্ত্রের বাইরে এসে শিক্ষাকে গণতান্ত্রিক প্রক্রিয়ায় তার যে অবৈজ্ঞানিক জায়গাগুলি আছে — শিক্ষাকে একটা বিজ্ঞানভিত্তিক জায়গায় নিয়ে এসে সুন্দরভাবে শিক্ষাকে পরিচালনা করুন এই আবেদন রেখে এবং আপনি যে বাজেট পেশ করেছেন এবং যে বিবৃতি আপনি রেখেছেন তাকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমি আমার আলোচনা শেষ করছি। নমস্কার।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় চেয়ারম্যান মহোদয়, বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় ডঃ পার্থ চ্যাটার্জী মহোদয়, বিদ্যালয় শিক্ষাখাতে ২০১৫-১৬ সালের যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এই মহতী সদনে এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের তীব্র বিরোধিতা করে স্যার গুটিকয় কথা বলার চেষ্টা করছি। স্যার, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর অনুপ্রেরণায় শিক্ষামন্ত্রী যে বাজেট আজকের এই মহতী সদনে এনেছেন আমি মনে করি সেই বাজেট একটি আলোড়ন সৃষ্টিকারী বৈপ্লবিক বাজেট। সেই বাজেটের মধ্য দিয়ে শিক্ষামন্ত্রী বোঝাতে চেয়েছেন শিক্ষা হবে সবার জন্যে। কোনও গণ্ডি থাকবে না। শিক্ষা দলদাসে পরিণত হবে না। কিংবা বামফ্রন্টের মতো শিক্ষাব্যবস্থাকে আলিমুদ্দিন স্ট্রিটের মতো জায়গাতে কোনোভাবে বন্দী হয়ে থাকতে হবে না। তাই স্যার, "জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর, আপন প্রাঙ্গণ তলে দিবস শর্বরী, বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি।" শিক্ষা বলে তাই। আমি স্যার বলি, যার মধ্য দিয়ে ছাত্রছাত্রীদের গুণগত মানের উন্নতি

হবে, উৎকর্ষসাধন হবে, ছাত্রছাত্রীদের দৈহিক এবং মানসিক বিকাশ ঘটবে। স্যার, তাই তো আমরা এই সরকারের আমলে দেখতে পাই, পাঠ্যক্রম সংশোধন করে প্রাক্ এবং প্রাথমিক শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত মনোগ্রাহী চিত্রসমৃদ্ধ পাঠ্যপুস্তক তৈরি হতে। স্যার, আমরা দেখি পুস্তক দিবস পালন করতে। মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমে নবম শ্রেণীর ছাত্রছাত্রীদের জন্য প্রথম ভাষা ইংরেজি থেকে অঙ্কে আজকে নতুন পুস্তক মুদ্রিত হয়ে বিনা ব্যয়ে তা বিতরণ হতে আমরা দেখতে পাই। স্যার, প্রাথমিক উচ্চ প্রাথমিক-এ প্রায় ৯৯ শতাংশ বিদ্যালয়ে আজকে মিড-ডে মিল চালু হয়েছে। শিক্ষার অগ্রগতির মূল্যায়নের জন্য উৎকর্ষ অভিযান চলছে। সাঁওতালি ভাষায় শিক্ষক নিয়োগ হচ্ছে। কলকাতার Town Hall-এ আজকে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকের ছাত্রছাত্রীদের তার সাথে সাথে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে শিক্ষক দিবসে আজকে শিক্ষকদের সম্মাননা জ্ঞাপন করতে আমরা দেখি এই সরকারের সময়ে। স্যার, আমরা দেখি বিভিন্ন বিদ্যালয়ে আজকে ১০টা করে কম্পিউটার দিতে। নতুন নতুন প্রাথমিক, উচ্চ প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপিত হতে। অতিরিক্ত শ্রেণীকক্ষ তৈরি হচ্ছে। পানীয় জলের ব্যবস্থা হচ্ছে। স্যার, আজকে বালক-বালিকাদের মধ্যে পৃথক পৃথক শৌচালয় নির্মিত হচ্ছে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের পোশাক প্রদান করা হচ্ছে। দারিদ্রসীমার নীচে থাকা ছাত্রীদের উৎসাহভাতা প্রদান করা হচ্ছে। শিক্ষক নিয়োগ এবং প্রশিক্ষণের ব্যবস্থা হচ্ছে। স্যার আমরা দেখি PSC-এর মাধ্যমে আজকে অবর পরিদর্শক নিয়োগ হচ্ছে। বিভিন্ন জায়গায় অবর পরিদর্শক ছিল না। স্যার, তার সঙ্গে সঙ্গে আমরা দেখতে পাই জঙ্গলমহলে ছাত্রীরা আজকে বাই-সাইকেল চড়ছে। স্যার, ২০১১ সালের মে মাসের আগে আমরা দেখেছি এই সমস্ত জায়গাতে সেখানে বিদ্যালয়ের পরিকাঠামো বলে কিছু ছিল না। বেশির ভাগ বিদ্যালয়ে শিক্ষক ছিল না। এটা আমার কথা নয় স্যার। কিংবা আমাদের দলের কথা নয় স্যার। ২০১০-১১ সালের শিক্ষাখাতে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর বাজেট ভাষণের বইতে তিনি বলেছেন তার তিন নম্বর পাতায় ১২ নম্বর লাইনে বলেছেন, 'রাজ্যে বহু প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক না থাকার কারণে অত্যন্ত অসুবিধা ঘটেছে।' স্যার, পেটে খিদে থাকায় বিদ্যালয়ে ছাত্র ছিল না। স্যার, জঙ্গলমহল স্কুলগুলিতে বামফ্রন্ট-এর বন্ধুরা হার্মাদ তৈরির কারখানা করেছিল। স্যার, আমরা দেখেছি, ভয় দেখিয়ে, ভীতি প্রদর্শন করে বহু পিস্তল গোলাবারুদ নিয়ে মাওবাদীদের নামে ভোট লুঠ করার জন্য বামফ্রন্টের হার্মাদরা ওই স্কুলগুলোতে অবস্থান করতো। স্যার, জঙ্গলমহল সহ সারা পশ্চিমবঙ্গ রাতের অন্ধকারে নিমজ্জিত ছিল। স্যার, আমরা দেখি, আজ সেখানে আলো ফুটেছে। সারা জঙ্গলমহল আলোয় উদ্ভাসিত। স্যার, নতুন নতুন প্রাথমিক বিদ্যালয়, উচ্চ প্রাথমিক বিদ্যালয় আজকে কলেজ থেকে শুরু করে, আজকে ইউনিভার্সিটি তৈরি হচ্ছে। রাস্তা হয়েছে, আলো হয়েছে, হাসপাতাল হয়েছে, খেলার মাঠ হয়েছে, পানীয় জলের ব্যবস্থা হয়েছে, দুই টাকা কেজি দরে চাল পাচ্ছে। মিড-ডে-মিল পাচ্ছে। ছাত্রীরা আজকে বাই-সাইকেলে চড়ে সেই জঙ্গলমহল ঘুরছে। কিন্তু বামফ্রন্টের বন্ধুরা কিছুই দেখতে পাচ্ছে না। স্যার, এদের চোখে ন্যাবা হয়েছে স্যার। স্যার, আমি শুনেছি স্যার, তবে ভুল হলে ক্ষমা করবেন। মানুষ পরিবেশের দাস, তিনি যে পরিবেশে তৈরি হন বা বড় হয়ে ওঠেন, সেই পরিবেশের মতোই তিনি হয়ে ওঠেন।

স্যার, এটা তাদের দোষ নয় স্যার। আসলে স্যার, ৩৪ বছর ধরে বন্ধুরা অন্ধকার শ্মশান বাংলায় থাকতে থাকতে আজকের বামফ্রন্টের বন্ধুদের চোখে অন্ধকার নেমে এসেছে। ওনারা অন্ধকার ছাড়া আর কিছুই দেখতে পান না। কোনও কিছুই উপলব্ধি করতে পারেন না। স্যার, আমি বলছিলাম স্যার, আমরা মা-মাটি-মানুষের সরকারের প্রতিনিধি, আমাদের মুখ্যমন্ত্রী আমাদের শিখিয়েছেন, প্রত্যেকটা মানুষের পাশে দাঁড়িয়ে কাজ করার জন্যে প্রত্যেকটি মানুষকে সাহায্য সহযোগিতা করা। আমি তাই বলছিলাম স্যার, আপনার মধ্য দিয়ে, আমি স্যার, শিক্ষামন্ত্রীকে বলব, আমাদের যদি বাজেটকে কার্টেল করে কিংবা অর্থমন্ত্রীর থেকে যদি কিছু বাড়তি অর্থ আদায় করে স্যার, বামফ্রন্টের বন্ধুদের জন্য একটু হাই পাওয়ারের চশমার ব্যবস্থা করেন, আমার মনে হয়, বাংলার মমতা ব্যানার্জীর আনা আজকের এই যে শিক্ষাব্যবস্থার আলো আজকের বাংলার এই বামফ্রন্টের বন্ধুরা দেখতে পান। স্যার, আমরা বলি কি স্যার, ২০০৭ সালে আমরা একটা বাজেট দেখেছিলাম। স্যার, ২০০৭-০৮ সালে ৫৬৭৭ কোটি ৬৪ লক্ষ ৮১ হাজার টাকা বাজেট করেছিল। সেটাও বেড়ে ২০১০ সালে ওদের সময়ে '১০-১১-তে ১০৭৮৩ কোটি ২৫ লক্ষ ২৮ হাজার টাকার বাজেট করেছিলেন। শিক্ষার কোনও উন্নতি হয়নি স্যার। আমরা ২০১৫ সাল দেখছি, ২১১৫৬ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার টাকার বাজেট বরাদ্দ করে এই বাংলার শিক্ষাব্যবস্থাকে সমৃদ্ধ করার চেষ্টা করছেন বাংলার মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী। তাই তো আমরা দেখতে পাই বিদ্যালয়ে নতুন করে উন্নীতকরণ হচ্ছে, ১৫০টি মাধ্যমিক বিদ্যালয় উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীতকরণ হয়েছে। ১৯০টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে মাধ্যমিক স্তরে উন্নীতকরণ করা হচ্ছে। আজকে ১০০টি নতুন প্রাথমিক বিদ্যালয়, ১০০টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় অনুমোদন করা হচ্ছে। ১০০টি নতুন প্রাথমিক বিদ্যালয়, ৩০০টি নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় নির্মাণ করা হবে। ১৪৫টি উচ্চ প্রাথমিক বিদ্যালয় প্রতিটিতে ২ লক্ষ টাকা করে ল্যাবরেটরী অনুদান দেওয়া হচ্ছে। স্যার, ১৪৫টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রতিটিতে ৫০ হাজার টাকা করে বই কেনা বাবদ সাহায্য করা হচ্ছে। স্যার, এমনি করে যখন সাহায্য করা হয়, তাই আমি বলি, ৩৪ বছরে শিক্ষাব্যবস্থা বলে যে কিছু ছিল না, এটা বাংলার মানুষ সবাই জানে। তাই শিক্ষামন্ত্রীর এই বাজেটকে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় বলি, 'হে বিধাতা, দাও হে গৌরব দাও, দুঃসাধ্যের নিমন্ত্রণে, দুঃসহ দুঃখের গর্বে নিঃসঙ্কোচে মস্তক তুলিতে দাও, অনন্ত আকাশে, উদাত্ত আলোকে, মুক্তির বাতাসে।' তাই বলি, বল বল বলে সবে, শত বীণা বেণু রবে, শত শত কুৎসা, অপপ্রচার, চরিত্রহননের পরেও মমতা ব্যানার্জীর নেতৃত্বে বাংলা এবার ভারত সভায় শ্রেষ্ঠ আসন লবে। এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাট মোশনের বিরাধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয় চেয়ারম্যান স্যার, এই মহতী সদনে মাননীয় শিক্ষামন্ত্রী যে ১৫ নম্বর ডিমান্ড এনেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশানকে সমর্থন করে আমি আমার কিছু কথা বলছি। প্রথমে আমরা দেখলাম যে এখানে অনেক সরকার পক্ষের বন্ধুরা অনেক কথা বললেন। বিশেষত আমি কালীপদবাবুকে বলব, উনি এডুকেশান কমিটির মেম্বার, উনি টোকাটুকির কথা বলছিলেন।

[3.10 - 3.20 p.m.]

কিন্তু দুঃখের বিষয়, কয়েকদিন আগে আমরা দেখলাম যে একজন শিক্ষিকা যখন এই বিশৃঙ্খল অবস্থা থেকে মুক্তি পাওয়ার জন্য বেরিয়ে যেতে বলে কোনও ছাত্রনেতাকে, দুর্ভাগ্যের হলেও সেটা তৃণমূল ছাত্র পরিষদের নেতা, তিনি শিক্ষিকাকে ধর্ষণ, রেপ করিয়ে দেওয়ার হুমকি দিচ্ছেন। কোন্ রাজত্বে আছি আমি জানি না। শিক্ষা আমাদের কোন্ পথে চলবে, আমি জানি না। আমরা জানি, শিক্ষা আমাদের জাতির মেরুদণ্ড। কিন্তু আমাদের মেরুদণ্ড আজকে কোন্‌দিকে চলেছে। এই প্রশ্ন কিন্তু আজ সমস্ত বুদ্ধিজীবীর সমাজের কাছে। প্রশ্নচিহ্নের মুখে দাঁড়িয়েছে শিক্ষা। মাননীয় সদস্যরা আরো অনেক কথা বলছিলেন। আমি এইজন্য একটু বলি, প্রায়শই বলতে শুনি সরকার পক্ষের লোকেদের যে বিরোধীরা একটু পড়াশুনা করবেন। উনি বললেন যে নিউ সেট আপ স্কুল, আগে শিক্ষক দিত না, এখন দিচ্ছেন। নিউ সেট আপ স্কুল, যখনই একটা স্কুল নিউ সেট আপ এস্টাবলিশড হয়, তখনই এডুকেশান রুলস অনুযায়ী ছয়জন শিক্ষকের পারমিশান, একজন ক্লার্ক এবং একজন পিওন পেয়ে যান অটোমেটিক্যালি। এটাই সিস্টেম। কিন্তু ঘটনা হচ্ছে বর্তমানে এই যে নিউ সেট আপ স্কুলগুলো হয়েছে, এসএসসি এই চার বছরে একবার মাত্র হয়েছে। আগামীতে কবে হবে আমরা জানি না। বহু স্কুল মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিকে রূপায়িত হয়েছে, নিউ সেট আপ স্কুল হয়েছে, প্রাথমিক থেকে উচ্চপ্রাথমিক হয়েছে। কিন্তু স্কুলগুলো শিক্ষকের অভাবে ধুঁকছে। আমরা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে দেখছি, সারা বাংলায় প্রচুর স্কুল আছে যাদের হেড মাস্টার নেই। প্রচুর স্কুল আছে একজন শিক্ষক নিয়ে প্রাইমারি স্কুল চলছে, দুজন শিক্ষক নিয়ে প্রাইমারি স্কুল চলছে। আমরা গতকালের পেপারে দেখেছি, ১৮ হাজার যে প্রাথমিক শিক্ষক নিয়োগ হয়েছিল হাইকোর্টের নির্দেশে, আবার হাইকোর্টই তাদেরকে প্রশ্নচিহ্নের সামনে দাঁড় করিয়েছে। এই টিচারদের ভাগ্যে কি জুটবে সেটা আমরা জানি না। এনসিটিই-র যে নর্মস, সেই নর্মস মেনে এদের অ্যাপয়েন্টমেন্ট হয়নি বলে শুনছি। কয়েকদিন আগে 'বর্তমান' পত্রিকায় দেখলাম, আমি সত্য-মিথ্যে জানি না, মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইবে যে বিগত 'টেট' পরীক্ষায় যে সকল ছাত্ররা পরীক্ষা দিয়েছিলেন তাদের মধ্যে থেকেই আবার ৯ হাজার শিক্ষক নিয়োগ হবে। আমার প্রশ্ন, এটা প্রকৃতপক্ষে ঠিক হবে কিনা তা আপনারা আমাদের জানাবেন। এখানে অনেক কথা বলা হয়েছে। এই বাজেট ৩৪ পাতার বাজেট। পুস্তক দিবস করা হয়েছে। আমি প্র্যাকটিক্যাল সমস্যাগুলো নিয়ে বলব। উনি বলছিলেন, অনেকে স্কুল যান না বা স্কুলের সঙ্গে সঙ্গতি রাখেন না। আমি নিজে বক্তব্য জাহির করার জন্য নয়, আমি একটা স্কুলের প্রধানশিক্ষিকা। একেবারে ওতপ্রতোভাবে জড়িত। এখনো প্রায় দিনই স্কুল যাই। পুস্তক দিবস করা হয়েছে, ভালো কথা। ধন্যবাদ দিই। কিন্তু পুস্তক দিবসে এখনো প্রতিটি সাবজেক্টের বই পাওয়া যায় না। কয়েকদিন আগে আমাদের এডুকেশান কমিটির মিটিং হল। সেই মিটিঙেও আপনাদের শাসকদলেরই এমএলএ বন্ধু বলছিলেন যে অলচিকি ভাষার বই এখনো সেখানকার স্কুলের ছাত্রছাত্রীরা পায়নি। এই হচ্ছে বর্তমান পরিস্থিতি। আমি 'প্রয়াস'কে অবশ্যই ধন্যবাদ জানাব। কিন্তু বাস্তব যে সমস্যা সেগুলো বোধহয় বিরোধী বা সরকার পক্ষ নয়, সবাইকে মেনে নিয়ে সেই সমস্যার সমাধান করাটাই বুদ্ধিমানের কাজ বলে

আমি মনে করি। মিড-ডে মিল নিয়ে অনেক কথা হচ্ছে। মিড-ডে মিল চালু হয়েছিল কত সালে — ২০০৫ সালে প্রাথমিকে মিড-ডে-মিল চালু হয়। মিড-ডে মিল ইউপিএ গভর্নমেন্ট এনেছিল। আমাদের দেশের বহু ছেলেমেয়ে, আমরা গ্রামবাংলায় থাকি, গ্রামবাংলার মানুষ, গ্রামবাংলার অনেক ছেলেমেয়ে তারা না খেয়ে স্কুলে আসে। তাদের জন্য অবশ্যই মিড-ডে মিল দরকার। ফেডারাল স্ট্রাকচারে সেন্ট্রাল গভর্নমেন্টের প্রোজেক্ট, রাজ্য সরকার সেটা ইমপ্লিমেন্ট করবে এটাই স্বাভাবিক। কিন্তু সেই জায়গাটা কতটা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং সঠিকভাবে হচ্ছে কিনা সেটা বোধহয় সবারই মেনে নেওয়া উচিত। মিড-ডে-মিলের প্রথম সমস্যা হচ্ছে, আমি বাস্তব সমস্যাগুলো মাননীয় মন্ত্রীকে জানাচ্ছি। প্রথমের দিকে মিড-ডে মিলের যে কিচেন শেড হয়েছিল মাত্র ৬০ হাজার টাকায়। ৬০ হাজার টাকায় এই দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে কতটুকু কিচেন রুম হতে পারে, তা আপনাদের নিশ্চয় জানা আছে। ওইটুকু রুমে বিশাল সংখ্যক ছেলেমেয়ে এক হাজার, দেড় হাজার মিনিমাম, কোনও কোনও স্কুলে তিন হাজার, চার হাজার, মুর্শিদাবাদে ম্যাক্সিমাম পপুলেশান থাকার জন্য ওখানে স্কুলে ছেলেমেয়ের সংখ্যা বেশি। প্রায় কিচেন শেডে এখনো ২ লক্ষ টাকা করে দেওয়া হবে সর্বশিক্ষা মিশন থেকে বলা হয়েছে ঠিকই, সমস্ত স্কুলে সেই কিচেন শেডের অর্থ না পৌঁছানোর জন্য এখনো স্কুলগুলো প্রচণ্ড সমস্যায় ভুগছে। ছেলেমেয়েদের খাওয়ানো এক ঘণ্টার টিফিনের মধ্যে সম্ভব হয় না। তাই ডাইনিং হল বা উপযুক্ত পরিকাঠামোর অভাব আছে মিড-ডে মিলে। সেটা যদি আশু সমাধান করা যায় তাহলে অবশ্যই ভালো হবে। প্রাথমিক স্তরের ছেলেমেয়েদের জন্য ১০০ গ্রাম চাল এবং যে অর্থ বরাদ্দ হয়েছে আনাজ, অন্যান্য সবজি এবং ডিমের জন্য তা হচ্ছে ৩ টাকা ৬৯ পয়সা। ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত দেড়শো গ্রাম চাল ছেলেমেয়েদের এবং ৫ টাকা ৩৮ পয়সা মাথাপিছু দেওয়া হয়। এই অর্থে — আমি সকলের কাছে এই মহতী সদনে প্রশ্ন রাখছি, মাননীয় মন্ত্রীর কাছেও প্রশ্ন রাখছি এই অর্থে কতটুকু কোয়ালিটির খাবার দেওয়া যায় — আমার অন্তত জানা নেই। আমি নিজে মাঝে মাঝে মিড-ডে-মিলের খাবার জাস্ট পরীক্ষা করবার জন্য খাই। যে চাল দেওয়া হয়, স্যার জানি না সাপ্লায়ারসদের সঙ্গে কোনও অশুভ আঁতাত আছে কিনা, unholy nexus কিন্তু সেই চালে রীতিমতো গন্ধ বেরোয়। আমরা যতটা পারি পরিষ্কার-পরিচ্ছন্নতার সঙ্গে খাওয়ানোর চেষ্টা করি। একদিকে হেল্‌থ অ্যান্ড হাইজিনের কথা বলা হচ্ছে, স্বাস্থ্যের কথা বলা হচ্ছে, উন্নত পরিষেবার কথা বলা হচ্ছে আর এদিকে এই পরিমাণ স্বল্প অর্থে কি করে তা সম্ভব আমার অন্তত জানা নেই। এই মিড-ডে মিল যারা রান্না করে সেল্ফ হেল্প গ্রুপ, এখানে বাজেটের বইয়ে লেখা রয়েছে — প্রচুর পরিমাণে, ২ লক্ষ ৩৬৯৪২ জন হেল্পার কাজ করছেন। এদের নাকি আমরা এস্টাবলিশড করছি। আমি জানি না কত এস্টাবলিশ করছি। এই এতজন মহিলা তারা ভাবে, এখনো গ্রাম বাংলার মহিলারা ভাবে যে এই মিড-ডে মিলে সেল্ফ হেল্প গ্রুপের মেয়েরা কাজ করলে, স্কুলে রাঁধুনীর কাজ করলে ভবিষ্যতে তাদের চাকরি হতে পারে, সেই আশায় — তাদের জানা নেই যে এটা জাস্ট একটা contract system বা ইচ্ছে করলে যে কোনও দিন MC এদের বাদ দিয়ে আবার নতুন গ্রুপ ঢোকাতে পারে। ঘটনা হচ্ছে যে বর্তমানের যে সিস্টেম সেই সিস্টেমে একশো জন স্টুডেন্ট পিছু একজন মহিলা অর্থ পাবেন। কিন্তু ঘটনা হচ্ছে যে তারা গ্রুপ সিস্টেমে রান্না করে। কোনও স্কুলে যদি এক হাজার স্টুডেন্ট

হয়, দশ জন এই অর্থ পায়। অর্থাৎ দশ হাজার টাকা। সেটা পাঁচশো টাকা বাড়িয়ে পনেরোশো করে করা হয়েছে অর্থাৎ পনেরো হাজার টাকা। এই দশ জন গ্রুপ থাকলে ১৫০টি মেয়ে থাকে। তারা আর্থিকভাবে কতটা স্বাবলম্বী হয়েছে সে প্রশ্ন এই সদনের কাছে এবং মাননীয় মন্ত্রীর কাছে আমি রাখলাম। Right to Education Act, 2009 সালে শিক্ষক-ছাত্র অনুপাত ছিল 1:40। সেই অনুযায়ী টিচার-ছাত্র রিলেশানকে বেস করে প্রায় ৫০ হাজার পোস্ট ক্রিয়েট হয়েছিল। ৫০ হাজার পোস্ট এখনো স্কুলগুলোতে ভ্যাকেন্ট আছে। বহু স্কুল-এর মধ্যে মাধ্যমিক থেকে উচ্চমাধ্যমিক হয়েছে। প্রাথমিক থেকে উচ্চ প্রাথমিক হয়েছে। এটা অবশ্য ভালো কথা। কিন্তু ঘটনা হচ্ছে এই যে এতগুলো স্কুল বাড়লো, এখনো তাদের স্কুলে শিক্ষক নেই। এই প্রচুর পরিমাণে ছাত্র সংখ্যা তাদের এডুকেশান কিভাবে হবে? গেস্ট টিচার নতুন করে অ্যালাউ নয়, প্যারা টিচার স্টপ সেই জায়গায় আমার প্রশ্ন, যত তাড়াতাড়ি শিক্ষক নিয়োগ করা যায় — বিগত চার বছরে মাত্র একবার এস.এস.সি. হয়েছে। প্রথমে প্রশ্নোত্তর পর্বে মাননীয় মন্ত্রী জানিয়েছেন, ওনাকে ধন্যবাদ যে আগামী ২০১৬ সালের মার্চের মধ্যে এস.এস.সি. হবে। কিন্তু সেই সময় তো আবার ইলেকশানের নোটিফিকেশানও তো হয়ে যাবে। আমার প্রশ্ন, কতদিন আর স্কুলগুলো শিক্ষকের অভাবে ভুগবে? আমার নিজের স্কুল, ২০১১ সালে উচ্চমাধ্যমিক হয়েছে। ৬০ খানা ভ্যাকেন্সি আছে। ক্লার্ক, পিয়ন পাওয়ার কথা উচ্চমাধ্যমিক হয়ে গেলে। আজও পাইনি। আমরা অতি কষ্টে, অত্যন্ত পরিশ্রমের সঙ্গে চালাচ্ছি, এই পরিস্থিতিতে। এর সঙ্গে সঙ্গে আমি বলি, যে পার্শ্বশিক্ষকদের ঘটনা। পার্শ্বশিক্ষকদের প্রচুর পরিমাণে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। ইলেকশানের আগে ২০১১ সালে বলা হয়েছিল এদেরকে পার্মানেন্ট করা হবে। পার্শ্বশিক্ষকদের সেই সকল প্রতিশ্রুতি কিন্তু পূরণ হয়নি। পার্শ্বশিক্ষকদের নিয়োগের সময় কিন্তু বলা হয়েছিল না যে, তাদের ৫০ পার্সেন্ট মার্কস থাকতে হবে গ্র্যাজুয়েশানে এবং উচ্চ মাধ্যমিকের ক্ষেত্রে। বহু পার্শ্বশিক্ষক আছেন, যাদের এই মার্কস নেই। গ্রামবাংলায়, সাবজেক্ট বেস করে অর্থাৎ কোন বিষয়ে সে গ্র্যাজুয়েশান করেছে, গ্র্যাজুয়েট কিনা, সেটার ওপরে বেস করে তাদের অ্যাপয়েন্টমেন্ট হয়েছিল। আজকে বহু পার্শ্বশিক্ষক প্রশ্নের সম্মুখীন হয়ে দাঁড়িয়েছেন যে তারা Bed বা Ded করতে পারবেন কিনা এবং তাদের চাকরী থাকবে কিনা। পার্শ্বশিক্ষকদের তিন বছর পর মাত্র ৩ পার্সেন্ট ইনক্রিমেন্ট — এই ইনক্রিমেন্ট এই দ্রব্যমূল্য বৃদ্ধির বাজারে একজন পার্শ্বশিক্ষক হাইস্কুলের ক্ষেত্রে বেতন পান ৭৭৯৬ টাকা। আর প্রাথমিকের ক্ষেত্রে ৪০০০ সামথিং এই স্বল্প মূল্যে তাদের সংসার কিভাবে চলবে? সপ্তাহে পাঁচদিন তাদের ক্লাসের সংখ্যা বাড়ানো হল, কিন্তু তাদের যে ন্যূনতম সাম্মানিক সেই সাম্মানিক কিন্তু বাড়ানো হয়নি। এই অল্প মূল্যে অল্প স্যালারিতে তারা তাদের সংসার, তাদের ছেলেমেয়েদের নিয়ে কিভাবে চলবে? সে প্রশ্ন আমার মাননীয় মন্ত্রী সাহেবের কাছে। আমরা আরও দেখলাম, আরও দেখলাম যে ২০১২ সালে টেট-এর যে এলিজিবিলিটি টেস্ট হয়েছিল, ২০১৩ সালের ৩১ মার্চ রেজাল্ট হয়েছে, সেই TET পাশ করে যারা বসে আছে তাদের ভবিষ্যৎ কি হবে?

[3.20 - 3.30 p.m.]

ক্লাস IX to XII, ক্লাস IX to XII-এ এস.এস.সি. টিচার্স রিক্রুটমেন্টের ক্ষেত্রে — এর আগে

অনেকেই বলেছেন, আমি আবারও কোশ্চেন রাখছি, personality test-এর ক্ষেত্রে মাত্র পাঁচ মার্ক ছিল, সেটি এস.এস.সি.-র ক্ষেত্রে ২০ মার্ক করা হয়েছে। আমার আশঙ্কা, এখানে সীমাহীন গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে। কেন-না যে কোনও মেধাবী স্টুডেন্টকে ইচ্ছে করলেই জিরো বা ওয়ান — মিনিমাম মার্ক দিয়ে তার থেকে কম মেধাসম্পন্ন ক্যান্ডিডেটকে বেশি মার্ক দিয়ে ইচ্ছা করলেই আমরা কিন্তু চাকরির ক্ষেত্রে নিয়োগ করতে পারব। তাই এই জায়গায় আমার আশঙ্কা, আগামীদিনের বহু মেধাবী ছেলেমেয়ে তারা যদি সরকার পক্ষের না হয় তাদের চাকরী হবে কিনা আমার আশঙ্কা রইল। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, নিশ্চয় আপনাদের স্মরণে থাকবে দশ হাজার Unaided Madrasah-কে recognition দেবেন। মাদ্রাসায় কারা পড়ে? সংখ্যালঘু মুসলিম ঘরের ছেলেমেয়েরা। কত Madrasah recognition পেয়েছে? মাননীয় মন্ত্রী যদি দয়া করে বলেন, আপনার কাছে আমার প্রশ্ন। বেকার যুবকদের কিভাবে আপনি বিনা পয়সায় quality education দেবেন, এইসব unaided মাদ্রাসায় — আমার অন্তত জানা নেই।

"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়,
পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।"

একদিকে সংখ্যালঘুদের প্রতি সীমাহীন দরদ উথলে পড়ছে, অন্যদিকে আমরা দেখতে পাচ্ছি যেখানে বাঁকুড়ার মতো জেলায় প্রতি ৮০০ জন populationপিছু একটি করে primary school আছে। মাননীয় মন্ত্রী মহোদয়, আপনাকে আমি স্বহৃদয় চিত্তে দেখবার জন্য অনুরোধ করছি। বাঁকুড়া-পুরুলিয়াকে প্রতি ৮০০ populationপিছু একটা করে প্রাথমিক school আছে। আমি মুর্শিদাবাদ জেলায় সংখ্যালঘু সম্প্রদায়ের একজন মহিলা। মুর্শিদাবাদ জেলায় ১৬০০ জন পপুলেশানপিছু একটি করে প্রাথমিক বিদ্যালয় আছে। আপনি আপনার department-এর মাধ্যমে খোঁজখবর নেবেন, মুর্শিদাবাদ জেলায় যে এত পরিমাণ ছাত্রছাত্রী — এমন কিছু স্কুল আছে, সেখানে ৫০০, ৬০০, ১০০০০ স্টুডেন্ট ক্লাস পঞ্চম(V) শ্রেণীতে ভর্তি হয়, স্কুলগুলো তাদেরকে সপ্তাহে দুই দিন করে পঞ্চম শ্রেণীর ছাত্রছাত্রীদের আসতে বলেন স্কুলে। এই যে বিপুল সংখ্যক স্টুডেন্ট, সেখানে দয়া করে যদি আরও বেশি সংখ্যক স্কুল নতুন করে স্থাপন করা যায় তাহলে ভালো হয়। বর্তমান সরকার শিক্ষাকে দলতন্ত্রের উর্ধ্বে রাখবেন মনে হয় না। প্রতিটি স্কুলে MC ভেঙে দেওয়া হল। আমার মনে আছে, আপনি circular দিয়েছিলেন কিনা জানি না, মন্ত্রিমহাশয়, কিন্তু DI office থেকে বলা হয়েছিল, যদি প্রতিটি জোন government sponsored হিসাবে yes বা না করে তাহলে তাদের ভবিষ্যতে বেতন বন্ধ হয়ে যেতে পারে। আমি জানি এর কোনও প্রামাণ্য নেই, কারণ এর কোনও circular ছিল না। কিন্তু সেদিন সেই সমস্ত কথা ভেবে স্কুলগুলো প্রত্যেকে resolution করে জমা দিয়েছিল যে তারা government sponsored হতে চায়। আর সেই base করে যে সকল স্কুলগুলোকে gvoernment sponsored-এর নামে অর্থাৎ কমিটিগুলোকে যেভাবে ভেঙে দেওয়া হল, সেখানে আজও কোটার সমস্ত managing committee, আপনাদের মনোনীত প্রতিনিধিরা সেখানে কিন্তু পৌঁছায়নি। সেখানে

managing committee-র ক্ষেত্রে আপনারা বলেছিলেন, যে তিনজন করে মনোনীত প্রতিনিধি থাকবেন তারা অবশ্যই graduate হবে, কিন্তু আমরা অনেক জায়গায় খোঁজ নিয়ে দেখেছি, যে যাদের নাম পাঠানো হচ্ছে প্রত্যেকেই কিন্তু graduate নয়। Not only that সেই গ্র্যাজুয়েটদের মধ্যে একটা স্কুলের existing teacher অন্য স্কুলে যেতে পারবে না। আমি জানি না কেন এটা নিয়ন্ত্রণ করছেন? একজন শিক্ষক সবথেকে ভালো জানে সেখানকার problem, সমস্যা এবং স্কুলের বিষয়ে। অথচ school teacher, একটা স্কুলের স্কুল টিচারস অন্য স্কুলের কেন MC member হতে পারবেন না? আমার জানা নেই, যদি আপনি কিছু এই বিষয়ে বলেন। MC-তে পরিচালনা করবে, head teacher, হচ্ছে তিনি হচ্ছেন all in all — একটু ভালো করে শুনবেন, এই যে নতুন MC যে গঠন করতে চলেছেন, সেই এম.সি.-তে head teacher maximum জায়গায় ডাবল সিগনেচার করছে এবং একটা সমস্যা দেখা দেয় গ্রামবাংলায়। স্যার, আমাকে kindly এক মিনিট সময় দেবেন। যে সমস্যাগুলোর কথা হচ্ছে সেটা হচ্ছে, গ্রামবাংলায় অনেক সময় problem-এ পড়লে MC-র কাছে লোকাল মানুষগুলো এসে বলে। কিন্তু যখন আমাদের salary-র Requisition, headmaster, একবার হেড মাস্টারের জায়গায় signature করছেন, আবার secretary-র জায়গায় signature করছেন। সেই আইন অনুযায়ী এবং এখানে প্রবলেম হবে, যদি কোনও প্রশ্নচিহ্ন ওঠে, সমস্ত দায়ভার গিয়ে হেড মাস্টারের ঘাড়ে গিয়ে পড়বে, তাই signatories-এর ক্ষেত্রে যদি দয়া করে আপনি clear কোনও notification দেন, আমার মনে হয় ভালো হয়। আর সর্বত্র দলতন্ত্র কায়েম করতে গিয়ে পরিস্থিতি এমন এক জায়গায় দাঁড়িয়েছে মানসম্মান নিয়ে মহিলাদের জীবিকা নির্বাহ করতে গিয়ে বিশ্বাসভঙ্গ হচ্ছে। কোথাও শিক্ষিকাদের তৃণমূল ছাত্র পরিষদের নেতা রেপ করিয়ে দেবে বলছে, আবার কোনও নেতা শিক্ষিকাকে জগ ছুঁড়ে মারছেন,কোথাও ছোট ছেলের দরুন কান কেটে নেওয়া হচ্ছে, কোথাও চোখ তুলে নিচ্ছেন। এহেন বাংলায় নতুন করে মস্তানরাজ গড়ে উঠেছে। শিক্ষায় সীমাহীন দলতন্ত্র বন্ধ করুন এবং আমার সাজেশান শিক্ষার ক্ষেত্রে ভালো জিনিসগুলো আরো বেশী করে করুন। আপনার যে বাজেট সেই বাজেটের অনেক টাকা গত বছরে শিক্ষাখাতে খরচ হয়নি। আমার সময় নেই, প্রত্যেকটা বাজেট অ্যালোকেশানকে সঠিক প্ল্যান করে রিক্রুটমেন্ট করে ঠিকভাবে যদি খরচ করেন, নিশ্চয়ই ভালো হবে। যে সকল ত্রুটিগুলোর কথা বললাম সেইগুলোর উত্তর দেবেন এই আশা করে ধন্যবাদ জানিয়ে শেষ করছি।

শ্রী দুলাল মুর্মু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী কর্তৃক ২০১৫-১৬ সালের জন্য শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন এই অভিযাচন নাম্বার ১৫-কে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে সংক্ষিপ্তভাবে আমার বক্তব্য নিবেদন করছি। স্যার, এই বাজেটে মাননীয় মন্ত্রী যেটা নিয়ে এসেছেন, এই বাজেট অত্যন্ত যুগপোযোগী এবং যুগোপযোগী এবং আগামীদিনে এবং ভবিষ্যতে শিক্ষাব্যবস্থাকে সমৃদ্ধশালী করবে মজবুত করবে এটা নিঃসন্দেহে বলা যেতে পারে। এই বাজেট আমাদের সরকার যা নিয়ে এসেছে, বিগত বামফ্রন্ট সরকারের আমলে যে জরাজীর্ণ বেহাল

অবস্থা শিক্ষাব্যবস্থা ছিল তার থেকে এই বাজেট নতুন করে পথ দেখাবে, নতুন করে আলো এবং দিশা দেখাবে। মাননীয় মন্ত্রিমহাশয় এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর অক্লান্ত প্রচেষ্টায় সারা বাংলায় জলপাইগুড়ি থেকে, উত্তরবঙ্গ থেকে, সুন্দরবন থেকে সামগ্রিক বাংলার শিক্ষাব্যবস্থার পটভূমিকাকে সুন্দর ব্যবস্থাপনার দিকে নিয়ে যাবে। আজকে মাননীয় মন্ত্রী যে বাজেট নিয়ে এসেছেন একেবারে পূর্ণাঙ্গ এবং পুঙ্খানুপুঙ্খভাবে সরকারের সাফল্য, সরকারের অভিমুখ, সরকারের দিশা এবং সরকার আগামী দিনে শিক্ষাব্যবস্থাটাকে কিভাবে প্রত্যন্ত জায়গায় গরীব ছেলেমেয়েদের ক্ষেত্রে সাধারণ ঘরের ছেলেমেয়েদের ক্ষেত্রে শিক্ষাব্যবস্থাপনাটাকে কিভাবে এগিয়ে নিয়ে যাবে সরকার তার পূর্ণাঙ্গ রূপ এই বাজেটের মধ্যে তুলে ধরা হয়েছে। ভালো কাজ করলে স্যার ওদের গাত্র জ্বালা হয়। এটা হচ্ছে সমস্যা। কাজের ক্ষেত্রে প্রশংসা করবে না। আসলে ওরা বিগত দিনে যা কাজ করেছে, ওরা নিজেদের এমন জাহির করতে চাইছে তাতে অবাক হতে হয়। ওরা নিজেদের এমনভাবে জাহির করতে চায় ওরা যেন সাধুবাবা। আবার সাধুর সময় সাধুবাবা আবার বাঁচাও সাধুবাবা। ওরা এইরকম ওদের পরিচয়টা দিতে চায় স্যার। বাঁচাও সাধুবাবা কি হতে পারে, কি করে থাকে, কি করেছিল সেটা বাংলার মানুষ জানে। সেটা বাংলার মানুষ জানে স্যার। আমরা এই হাউসে বলার প্রয়োজন বোধ করি না। এই ব্যাপারটা আপনি দেখবেন পুঙ্খানুপুঙ্খভাবে বাজেট বিবৃতিতে এখানে বলা হয়েছে যেটা, পাঠ্যসূচী পাঠ্যক্রম ছাত্র-ছাত্রীদের একটা অত্যন্ত মনোযোগী এবং মনোগ্রাহী করে তুলেছে। অনেকে বলছেন বইটা এমন ভারী হয়েছে যে রামায়ণ থেকে মহাভারত থেকে ওজন বেশী। কিন্তু বইটা সম্পর্কে ধ্যানধারণা কিছুই নেই। আমাদের বিধায়ক বন্ধু আমজাদ ভাই বললেন বইটা ভারী। কিন্তু বইটা সম্বন্ধে তাঁর ধ্যানধারণা কিছুই নেই।

[3.30 - 3.40 p.m.]

আমার যেটা মনে হয় স্যার, বইটা যেভাবে বিজ্ঞানভিত্তিতে, যেভাবে যুক্তির মধ্যে দিয়ে লেখা হয়েছে, যদি কেউ টিচারশিপ করে থাকেন, বইটা যদি পড়ে থাকেন, আমার ধারণা বইটা পড়তে ছাত্রছাত্রীদের টিচার লাগবে না, বইয়ের মধ্যে টিচার লুকিয়ে আছে। এত সুন্দরভাবে মাননীয় মন্ত্রী এবং আমাদের সিলেবাস কমিটিতে যারা আছেন, দক্ষতার পরিচয় দিয়ে বইটাকে তৈরি করেছেন। অতএব এরা বাঁচাও সাধুবাবার দল। আমি মনে করি স্যার, সাড়ে চারটে লোক যেখানে চিৎকার করে, এই সাড়ে চারটে লোকের কথা শোনার কোনও প্রয়োজনীয়তা নেই বলে আমরা মনে করি। এই সাড়ে চারটে লোকের দ্বারা দেশ চলে না, রাজ্য চলে না, মুখ্যমন্ত্রী চলে না। অতএব আমি মনে করি, যুগোপযোগী এবং সঠিক একটা বাজেট এই পবিত্র হাউসে মাননীয় মন্ত্রী পেশ করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রীকে এবং মাননীয় শিক্ষামন্ত্রীকে আমি স্যালুট জানাব। আমাদের শিক্ষামন্ত্রীকে সুন্দর একটা বাজেট পেশ করার জন্য আমি স্যালুট জানাব, আমি জোহার জানাব, আমি গরজোহার জানাব, আমি প্রণাম জানাব, আমি নমস্কার জানাব। পাঠ্যসূচী থেকে শুরু করে মিড-ডে মিলের অ্যারেঞ্জমেন্ট এত সুন্দর ভাবা যায় না। ভাবা যায় না, যে চাল রান্না হচ্ছে, বামফ্রন্টের বন্ধুরা মনে রাখবেন এই চালটা বাজারের দরে ৩০-৩৫ টাকা দরে কিনতে হবে। এত সুন্দর চাল। এরা কোথায়, কোন্ জায়গায় বলছে। সব সময় এদের নেচারটা

সরকারের বিরুদ্ধে কুৎসা, অপপ্রচার করা। একটা ভাল মানুষ হওয়ার চেষ্টা করুন না। ভালো মানুষ হওয়া জায়গার ক্ষেত্রে কিছু প্রশংসা করতেই হবে। আপত্তি কোথায়? এত গাত্রজ্বালা কেন? প্রশংসা করার জন্য এমন কোনও মহাভারত অপবিত্র হবে বলে মনে হয় না আমার। অতএব আজকে মিড-ডে মিল, নির্মল অভিযান, বিদ্যালয় নির্মল যে অভিযান, বিদ্যালয় নির্মল অভিযানটা একটা কত ভালো কনসেপ্ট, কত সুন্দর একটা ধ্যান-ধারণা। এই নির্মল অভিযানের মধ্যে দিয়ে স্কুলের পরিকাঠামো, স্কুলের পরিবেশ এবং ছাত্র-ছাত্রীদের সুস্বাস্থ্য সম্পর্কে সচেতন হওয়ার একটা সম্ভাবনা থাকে। অতএব এগুলো প্রশংসা করার প্রয়োজন বলে মনে করেন না? বরং হাউসকে একটা মিস গাইড করার চেষ্টা করে থাকেন। যেহেতু ওনাদের ওটা স্বভাব। আমি যেটা বলতে চাই, সাঁওতালী ভাষা, অলচিকি লিপি, এই সাঁওতালী ভাষা নিয়ে অলচিকি লিপি নিয়ে আমাদের শিক্ষামন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর যে অক্লান্ত প্রচেষ্টা, সাঁওতালী ভাষার এত পাঠ্যবই সঠিক সময় দেওয়া এবং টিচার রিক্রুটমেন্ট, প্যারাটিচার এবং জেনারেল টিচার এবং জেনারেল ঘরেও টিচার রিক্রুটমেন্ট হচ্ছে। আপনারা জানেন না, বিগত ৩৪ বছরে বামফ্রন্টরা আদিবাসী সাঁওতাল সম্প্রদায়ের মানুষকে একটা অন্ধকার কুয়োর মধ্যে রেখেছিল। সেই জায়গা থেকে আমাদের শিক্ষামন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে সুন্দর একটা ব্যবস্থাপনা করেছেন। আজকে ভাবতে পারবেন না—নিউ জেনারেল ট্রান্সফার, জেনারেল ট্রান্সফার আপনারা করতে পারেন না। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের শিক্ষামন্ত্রী করতে পেরেছেন এবং করছেন। আপনারা জানেন, আজকে জঙ্গলমহলে মেয়েদের সাইকেল দেওয়া হয়। বাই-সাইকেল। আপনারা জানেন, স্যার অবাক হবেন, এই সাইকেল দেওয়া হচ্ছে, এই যে এরা চিৎকার করছে, এদের ঘরের ছেলেমেয়েরাও সাইকেল পাচ্ছে এবং সেটা তো দূরের কথা স্যার। সাইকেল তো পাচ্ছে। মেয়েটা স্কুল থেকে সাইকেল নিয়ে ফিরে আসার সাথে সাথে এদের ঘরের লোকেরা তার বাবা, জ্যাঠা, কাকা সাইকেলে চড়ছে। অবাক হবেন স্যার। তবুও এরা প্রশংসা করবেন না। সাইকেল তো বাবা, জ্যাঠা, কাকা সবাই তো চড়ছেন। চা খেতে যাচ্ছেন, বাজার যাচ্ছেন, তবুও প্রশংসা করেন না। করতে হবে স্যার। আমাদের নেত্রী, আমাদের মমতাদি, আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের শিক্ষামন্ত্রী যে ব্যবস্থা করছেন এটা সর্বত্র সারা বিশ্বের মানুষের মধ্যে এবং সারা ভারতবর্ষের মানুষের মধ্যে একটা আলোড়ন সৃষ্টিকারী শিক্ষাব্যবস্থাটাকে তৈরি করেছেন, যেটা কেন্দ্রীয় সরকার করেন না, শমীকবাবুরা করেন না, আমাদের শিক্ষামন্ত্রী পারেন, আমাদের মুখ্যমন্ত্রী পারেন। অতএব আমি বিরোধীদের কাট মোশানকে বিরোধিতা করে আমাদের শিক্ষামন্ত্রী যে বাজেট নিয়ে এসেছেন, সেই বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অরুণ মহাপাত্র : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয়ের যে বাজেট এখানে পেশ করেছেন সেই বাজেটকে আমি সমর্থন করছি না। তার কারণ পার্থবাবু অত্যন্ত ভালো লোক, ডক্টরেট লোক, খুব ভালো, কিন্তু পার্থবাবুর দলটা শিক্ষা জগতে পুরোপুরি দলতন্ত্র কায়েম করার চেষ্টা করেছেন, কি প্রাথমিক, কি মাধ্যমিক — সব জায়গায়। এবং শিক্ষামন্ত্রী কে? গ্রামের মানুষেরা সেটা জানে না। অনেক

গ্রামের লোক আমাদের এলাকায় তারা বলে যে, শিক্ষামন্ত্রী কিছুদিন তো [***] ছিল, পার্থবাবুর সময়ে কিছুদিন [***] ছিল।

মিঃ স্পীকার : [***] নামটা যাবে না।

শ্রী অরুণ মহাপাত্র : আবার শিক্ষামন্ত্রী হয়েছে। তারপর হল, [***]। আর লাস্টে শিক্ষাজগতে [***] এসে পৌঁছিয়েছে। কি কাণ্ড-কারখানা আপনারা দেখছেন সব?

মিঃ স্পীকার : একটাও নাম যাবে না।

শ্রী অরুণ মহাপাত্র : আপনারা ক্ষমতায় এসেছিলেন, শিক্ষা জগতে গণতন্ত্র আনবেন। এর আগের গভর্নমেন্টের আমলে গণতন্ত্র ছিল না। শিক্ষায় গণতন্ত্র নিয়ে আসবেন এবং শান্তির পরিবেশ আনবেন। তা তো আমরা ক'বছরে দেখতে পেলাম না। চার বছর তো হয়ে গেল। চার বছরে কেটে গেল। কি প্রাথমিক, কি মাধ্যমিক কোনও শিক্ষা দপ্তরে শান্তি নেই। সব জায়গায় অশান্তির বাতাবরণ চলছে। আর কি হবে, হবে কি? টাকা-পয়সা যা আসছে সেটাও সঠিকভাবে খরচ হচ্ছে না। টাকা থেকে যাচ্ছে। এই যে বাজেটের টাকা যা ধার্য হচ্ছে সেই টাকা আপনারা খরচ করতে পারছেন না। প্রতি বছরে বাজেটে টাকা থেকে যাচ্ছে। কেন থাকছে? খরচ হচ্ছে না কেন? থেকে যাচ্ছে কেন? সর্বশিক্ষায় টাকা থেকে যাচ্ছে। বিভিন্ন খাতে যে টাকা ধরা হয়েছে, থেকে যাচ্ছে। পার্থবাবু যথেষ্ট যোগ্যবান লোক আছেন। একবছর আছে আর টাইম। একবছরে শিক্ষায় কি পরিবর্তন আনতে পারবেন সেটা আমরা দেখব। কি শিক্ষায় পরিবর্তন করতে পারেন। কিন্তু যেভাবে চার বছর চালিয়েছে সেইভাবে চললে শিক্ষার কোনও উন্নতি হবে না। শুধু অবনতিই হবে। আজকে দুলালভাই আমার বক্তৃতা দিচ্ছিলেন। অলচিকি ভাষার বই কি গ্রামে গেছে আদিবাসী ছেলেমেয়েদের কাছে? অনেক বক্তৃতা দিলেন দুলালভাই। কিন্তু বললেন না যে, অলচিকি ভাষায় বই ছাপানো হয়নি। এই বইটা আদিবাসী ছেলেমেয়েদের হাতে যায়নি। কেন যায়নি? কেন যায়নি? হচ্ছেটা কি? কেন যায়নি? এগুলি তো আপনাদের দেখতে হবে। মন্ত্রিত্ব পেলে কি হবে। মন্ত্রিত্বকে কাজে লাগাতে হবে। অলচিকি ভাষায় বই গেল না। প্রাথমিকে যেভাবে স্কুলগুলি চলার কথা সেইভাবে চলছে না। মাধ্যমিকে টিচার নেই। মাধ্যমিকে একেবারে দলতন্ত্র কায়েম করার জন্য পার্থবাবু তো সমস্ত গণতন্ত্রকে শেষ করে দিয়ে এবার একটা বিল নিয়ে এলেন। এই বিলে কি-সব নমিনেটেড বডি হবে, আমরা গ্রামে শুনছি। গ্রামের হাইস্কুলগুলিতে এতদিন যেটা ছিল যে, নির্বাচিত লোকেরা গার্জিয়ানরা যাদের মনোনীত করবে, ভোট দেবে, তারা স্কুল চালাবে। তাদের একটা দায়িত্ব থাকবে জনগণের প্রতি। এখন আপনারা চেষ্টা করছেন, সেখানে একেবারে গণতন্ত্রকে শেষ করে দিয়ে ব্যক্তিগতভাবে দলতন্ত্রের ধ্বজা ধরে ডিকটেটরশিপ দিয়ে স্কুলগুলো চালাবেন। এই চেষ্টা করছেন। শিক্ষায় এই পরিবর্তন আসছে! কি পরিবর্তন আনবেন আপনারা, জনগণকে বলেছিলেন? কি পরিবর্তন আনছেন। শিক্ষার পরিবর্তন এটাই আসছে। শিক্ষার পরিবর্তন আসছে এই যে সব বিভিন্ন জায়গায়। আবার সেই সত্তর দশকের রাজ্য ফিরে আসছে। যেখানে যেখানে পরীক্ষা হচ্ছে সেখানে সেখানে

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

গণ-টোকাটুকি হচ্ছে। কারও প্রতিবাদ করার উপায় নেই। এক জায়গায় অধ্যাপিকা প্রতিবাদ করলেন বলে তাকে কি শুনতে হল?

[3.40 - 3.50 p.m.]

যে রেপ করে দেওয়া হবে এবং ছাদের নিচে ফেলে দেওয়া হবে। এই সব শুরু হয়েছে। এইসব যদি চলতে থাকে তাহলে অবস্থা কী দাঁড়াবে? তাহলে শিক্ষাব্যবস্থা থাকবে নাকি? শিক্ষাব্যবস্থা উঠে যাবে। একবছর মাননীয় মন্ত্রী মহাশয়ের টাইম আছে। তাই পার্থবাবুকে অনুরোধ আপনি এইসব জিনিসগুলো বিচার-বিবেচনা করুন। বিচার-বিবেচনা করে শিক্ষাজগতে একটা পরিবর্তন আনুন। কারণ শিক্ষা হচ্ছে জাতির মেরুদণ্ড। সেই শিক্ষাকে যদি আরাবুল চালায়, শঙ্কুদেববাবু চালায়, তজমুল চালায় তাহলে সর্বনাশ হয়ে যাবে আমাদের এখানে। আপনি শিক্ষাক্ষেত্রে ভালো ভালো ব্যবস্থা নেবেন, এই আশা রেখে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার মহাশয়, বিদ্যালয় শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব মাননীয় শিক্ষামন্ত্রী ডঃ পার্থ চ্যাটার্জী মহাশয় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশানের সম্পূর্ণ বিরোধিতা করে এবং এই সদনের সকল সদস্যকে এই বাজেটকে সমর্থন করার আবেদন জানিয়ে আমি কয়েকটা কথা নিবেদন করব।

শিক্ষাক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সাফল্য আকাশচুম্বী। আপনারা ৩৪ বছর শাসন ক্ষমতায় থেকেছেন, কিন্তু কোনও উন্নয়নের দিশা এই শিক্ষাক্ষেত্রে আপনারা দেখাতে পারেননি। আপনারা গণতন্ত্র, গণতন্ত্র করে চিৎকার করছেন। দলতন্ত্রের সবচেয়ে বড় নিদর্শন আপনারা রেখে গেছেন ৩৪ বছরের প্রতিটি দিনে। আর, ৩৪ বছর পর মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে আহ্বান জানিয়েছিলেন মানুষের কাছে, জনতার কাছে তার ফলশ্রুতিতে আজকে গণতান্ত্রিক চেহারাটাই এই সদনে পরিস্ফুট। আপনারা কোথায় এই সদনে আর অন্য সদস্যরা কোথায়! মমতা বন্দ্যোপাধ্যায়ের সমর্থনে মানুষ কাদের পাঠিয়েছে। গণতন্ত্রের শিক্ষা আপনাদের কাছ থেকে নেওয়া ধৃষ্টতামাত্র। ধৃষ্টতা এই জন্য বলছি, আপনাদের কাছ থেকে গণতন্ত্রের যে কথা, গণতন্ত্রের যে অর্থ, অর্থটাই পাল্টে গেছে। বামফ্রন্টের আমলে আমরা দেখেছি স্কুল আছে, ছাত্র নেই। ছাত্র আছে, শিক্ষক নেই। এই সদনে আমি বহুবার প্রশ্ন তুলেছি, বহুবার বলেছি যে, একটামাত্র শিক্ষক দিয়ে চার-চারটে ক্লাস চলছে। Class-I, Class-II, Class-III, Class-IV. সমস্ত ক্লাস চালাচ্ছেন, শিক্ষক ক'জন? একজন। আজ সে সমস্যা নেই। বলছেন গায়ের জোরে, গলার জোরে। বাস্তব কিন্তু সে কথা বলছে না। মাধ্যমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক-শিক্ষিকার অভাব পূর্ণ করা হয়েছে। নতুন শিক্ষক-শিক্ষিকার পদ সৃষ্টি করে সে অভাব পূর্ণ করা হয়েছে। আমরা দেখেছি বহু স্কুলে additional post সৃষ্টি করে, আমি আপনাকে অনুরোধ করব, বিদ্যালয়গুলোতে গিয়ে খোঁজ নিন। মাঠে আপনার ক্যাডার কী কথা বলে দিলে তাই শুনে বিধানসভায় বক্তব্য রাখবেন না। স্কুলে যান, স্কুলে গিয়ে খবর নিন যে আগে বিদ্যালয়, স্কুল কত ছিল, শিক্ষক কত ছিল আর আজ সেই শিক্ষকের সংখ্যা কতটা বেড়েছে। বিষয়গুলো জেনে এখানে বক্তব্য রাখবেন।

বিভিন্ন বিদ্যালয়ে ছাত্রী নিবাস তৈরি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আরেক সাফল্য। ক'টা মহকুমাতে কয়েকজন করে ছাত্রীর নিবাস তৈরি হয়েছে? আপনারা এর প্রয়োজনীয়তা কোনওদিন অনুভব করেননি। আপনারা কোনদিন ভাবেননি যে ছাত্রীনিবাসের প্রয়োজন রয়েছে। কোনদিনও ভাবেননি যে ছাত্রীনিবাস করলে দূরবর্তী এলাকার ছাত্রীরা এসে পড়াশোনার সুযোগ পাবে।

আজ ৯৬ শতাংশ ছাত্রছাত্রী মিড-ডে মিলের সুযোগ পাচ্ছে। হ্যাঁ, কয়েক শতাংশ বাকি আছে। কেন বাকি আছে? তার কারণ জায়গার অভাব, রান্নার শেডের অভাব এবং সেগুলোতেও আমাদের সরকার চিন্তা করছেন যে Philanthropic organization-কে দিয়ে কিভাবে তাদের মিড-ডে মিল চালু করা যায়। আদিবাসী ভাইবোনদের জন্য চোখের জলে গেঞ্জিটাকে আপনারা ভিজিয়ে দিতেন। কিন্তু কোনও উন্নয়নের কথা ভাবেননি। সাঁওতালি ভাষা শিক্ষার জন্য এক হাজারের উপরে পার্শ্বশিক্ষককে নিয়োগ করা হয়েছে। আপনারা কখনও চাননি। কারণ এটা আপনাদের পাপ, আপনাদের অন্যায়। আজকে কেন সেই শিক্ষক আমরা পাচ্ছি না? পরিপূর্ণ যোগ্যতাসম্পন্ন সাঁওতাল শিক্ষক, সাঁওতালি ভাষায় অভিজ্ঞ শিক্ষক আমরা পাচ্ছি না। পাচ্ছি না, তার কারণ আপনারা এই শিক্ষাটাকে অবহেলিত করে রেখেছিলেন। এই শিক্ষার জন্য কোনও প্রয়াস চালাননি, কোনও চেষ্টা চালাননি। আপনারা কখনও চাননি এই উপেক্ষিত অবহেলিত আদিবাসী মানুষগুলো শিক্ষার আলোকে উজ্জ্বল হয়ে উঠুক। মমতা বন্দ্যোপাধ্যায় এটা হৃদয় দিয়ে অনুভব করেছিলেন বলেই জঙ্গলহলে এত ব্যাপক উন্নয়ন করেছেন। আপনারা কি করতেন? ১১৪ বছরের বিদ্যালয়কে জুনিয়র করেই রেখেছিলেন। ১১৪ বছর ধরে বিদ্যালয় চলছে। বললেন কি? বললেন, তাদের পড়াশোনার দরকার নেই। তারা ওই জুনিয়র হাইস্কুলেই থাক। উচ্চবিদ্যালয় করবার তাদের কোনও প্রয়োজন নেই। ভাবলেন না, ভাবলেনই না, বাচ্চা বাচ্চা ছেলেমেয়েরা রেললাইন পার হয়ে কিভাবে পড়তে যাবে অন্য স্কুলে? ভাবলেন না, কেমন করে এই অসহায় ছেলেগুলো সমস্ত প্রতিবন্ধকতাকে কাটিয়ে শিক্ষার আলো লাভ করবে? এই বেড়ি ভাঙলেন মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই বেড়ি ভাঙলেন। তিনি অনুভব করলেন গ্রামের এইসব ছেলেমেয়েরা যদি গ্রামেই পড়ার সুযোগ পায় তাহলে ড্রপ আউটের সংখ্যা কমবে। অর্থাৎ একটা বৈজ্ঞানিক চিন্তা তার মাথায় কাজ করেছিল বলেই এই ড্রপ আউটের সংখ্যা কমানোর জন্যই তিনি আজ এত স্কুলকে উচ্চশিক্ষার আলো দেখাবার জন্য এগিয়ে এসেছেন এবং উচ্চশিক্ষায় যাতে সকলে শিক্ষিত হতে পারে তার প্রয়াস চালিয়েছেন। আমার সময় কম, আমি বেশি কথা বলব না। আপনারা ইংরেজিকে বিদায় দিয়েছিলেন। সেই ইংরেজিকে সুপ্রতিষ্ঠিত করবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী মডেল স্কুলের কথা বলেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী সাইকেল দিয়েছেন, সাইকেল দিচ্ছেন। আপনাদের তাতেও গাত্রদাহ। আপনি জানেন, একটা আদিবাসী এলাকা থেকে আরেকটা আদিবাসী এলাকায় যেতে গেলে তার কতক্ষণ সময় লাগে? একটা মেয়ে তার ঘর থেকে বেরুতে পারবে না। সেই আদিবাসী এলাকায়, সাঁওতাল এলাকায় আপনি যেতে পারবেন না। আর সংখ্যালঘু মেয়েদের পাশে দাঁড়ালেন। আর এবার বললেন, ভালো করে একটু পড়ে

নেবেন — একজন আমার ছাত্র এসে বলছিল সবাইকে সাইকেল দিচ্ছেন না কেন? আমি বলব তুমি ভাল করে জেনে নাও ৪০ লক্ষ ছেলেমেয়েকে সাইকেল দেওয়ার কথা এই বিধানসভাতেই মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছেন এবং তারা পাবেন। স্যার, আর একটা কথা বলে শেষ করব। আপনারা কাস্তের কবি, এযুগের চাঁদ হল কাস্তে বলে আপনারা বহু ছবি টাঙিয়ে ছিলেন, বহু কথা বলেছিলেন। সেই কবি দীনেশ দাসের অবস্থা পেনশন নেওয়ার সময় কি হয়েছিল? একটু স্মরণ করবেন কি? আজ রিটায়ারমেন্টের আগেই শিক্ষকের হাতে পেনশানের কাগজ চলে যাচ্ছে। এর থেকে বড় সাফল্য আর কোথায় আছে? মমতা বন্দ্যোপাধ্যায় এই সাফল্যের স্বর্ণদুয়ার খুলে দিয়েছেন বলেই আজ বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাট মোশনের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[3.50 - 4.00 p.m.]

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিদ্যালয় শিক্ষার ডিমান্ড নং ১৫, বাজেট বরাদ্দ অনুমোদনের জন্য এই হাউসের সকলের কাছে আবেদন জানাচ্ছি। বিদ্যালয় শিক্ষার উপর ভাষণ দিতে গিয়ে ঠিক আমার আগে ১৬ জন বক্তার বক্তব্য আমি মন দিয়ে শুনেছি এবং এটাও উপলব্ধি করেছি যে বিদ্যালয় শিক্ষা — যারা শিক্ষাকে এগিয়ে নিয়ে যেতে চান, তাদের অনেকের এই হাউসের বিধায়ক হয়ে আছেন। সমস্যাটাতে রাজনীতির দিকে না গিয়ে সমস্যার দিকে তাকালে সমাধানের পথ সহজ হয়। অনেকে বক্তৃতা দিয়েছেন। পক্ক কেশ হলেই যে পরিণত হয় ... আমি ভাবছিলাম যে পক্ক কেশে পরিণত হবে, কিন্তু এমন বিধায়কও আছেন যিনি লঘু করে ফেলছেন এই বিদ্যালয় শিক্ষার উপরে ভাষণ দিতে গিয়ে। আমি প্রথমে আসি, প্যারাটিচারদের ব্যাপারে। হ্যাঁ, এটা ঠিক বামফ্রন্টের আমলে নিয়ম না দেখে, নীতি না দেখে প্রায় ৫০-৬০ হাজার প্যারাটিচারকে নিয়োগ করা হয়েছে এবং এটাও ঠিক তারা যখন বিভিন্ন সময় রাস্তাজুড়ে আন্দোলন করতেন তখন সেই বামফ্রন্ট সরকারই তাদের রানী রাসমণি রোডের উপরে পিটিয়ে তুলে দিতেন। এখন তারা অনশন যদিও করেন — সংখ্যায় কম — কিন্তু লাঠি দিয়ে পিটিয়ে দেওয়ার ঘটনা ঘটেনি। আমি বলি কি একটু ধৈর্য ধরে শুনতে হবে। বিকাশ ভবনটি একটি অফিস যার নিয়ন্ত্রণের অধিকার সেখানকার কর্মচারীদের এবং সেখানকার প্রবেশটা সকলের জন্য নয়। বিকাশ ভবনের বাইরে গিয়ে তারা যখন অনশন করেছিলেন তখন কেউ তাদের বাধা দেয়নি, এগুলি জানতে হবে। হঠাৎ হঠাৎ জেলা থেকে এসে এখানে বসে পড়লাম আর ভাষণ দিয়ে গেলাম তাহলে তো হবে না। এবার প্যারাটিচারদের ব্যাপারে বলি — ২০১০-এ নানা নামে কোথাও টিচার, কোথাও প্যারাটিচার, কোথাও গেস্ট টিচার, কোথাও পার্ট টাইম টিচার, কোথাও অর্গানাইজড টিচার — এই নানা ধরনের টিচারদের এবং অন্যান্য কন্ট্রাকচুয়ালদের তৎকালীন অর্থমন্ত্রী এখানে বার বার বলতেন এগুলো সব হয়ে যাবে। ২০১০-এ গিয়ে তিনি ঠিক করলেন, যখন একেবারে বুঝতে পেরেছিলেন মমতা বন্দ্যোপাধ্যায় জনস্রোতে আসছেন সরকারে — তখন তাড়াতাড়ি কর বাবা, গুছিয়ে কর। ফলে ২০১০ সালে তিনি কি করলেন — এদের সকলেরই ওই মাইনে — তিন বছর অন্তর অন্তর ৩% করে বৃদ্ধি

করা হবে এবং ৬০ বছর পর্যন্ত তারা থাকবেন। প্যারাটিচারদের ব্যাপারটা কি তার হাতে সম্পূর্ণ ছিল — এটা তিনি দেখেননি। অনেকগুলো জিনিস আছে — আপনারা শুধু বলেন অর্থ। অর্থ তো একটা ব্যাপার, মাইনে তো একটা ব্যাপার, কিন্তু তাদের যে অন্য জিনিসগুলো ছিল, যা অন্য পেশায় যুক্ত মানুষরা পায় প্যারাটিচাররা সেটা পেত না। এমপ্লয়িজ পি.এফ. যেটা, সেটা আমরা চালু করেছি, যেটা নির্লজ্জের মতো আপনারা করেননি যারা সরকারে ছিলেন। এরা জানেন না, প্যারাটিচারদের পেশাগাত যোগ্যতার বৃদ্ধি — অনেকে বলেছেন ওখানে বোধহয় রণজিৎবাবু বলছিলেন — ঠিকই তো আমরা তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করেছি। প্যারাটিচারদের যারা ৫০-এর নিচে নম্বর পেয়েও ঢুকে গিয়েছিলেন আপনাদের পকেট থেকে বেরিয়ে, তাদের কি করে রাখব। একটা নিয়ম আছে, NCERT-র তো একটা নিয়ম দিয়েছে। সেই নিয়মটাকে তোয়াক্কা না করে আপনাদের পতাকার জোরে সবাই যদি ঢুকে গিয়ে বসে থাকে তাদেরকে শুশ্রূষা করব কি করে? সুতরাং এখন আমরা ঠিক করেছি এটা হোক, তাদেরকেও বঞ্চিত করা হবে না। তাদেরকেও আমরা বলব যে দাদারা তোমাদের ভুল পথে চালিত করে এনেছিল, আমরা তোমাদের ভুল পথে চালিত করতে চাই না। তোমরা নিশ্চয় শিক্ষক হও। তোমরা যোগ্যতা অর্জন করো, তারপরে শিক্ষকতার চাকরি হাতে ধর। আমরা সেক্ষেত্রেও এই বছরে এক লাখের বেশি প্রশিক্ষণ দিচ্ছি, ব্যবস্থা হয়েছে এবং তাদের ...

... (এই সময়ে বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় মন্ত্রীর উদ্দেশে কিছু বলা হয়।)...

যিনি কিচ্ছু হয়নি বললেন তিনি আমার সঙ্গে দেখা করবেন। স্যার, যিনি এখানে বললেন কিচ্ছু হয়নি, আই ওয়ান্ট টু ব্রিং-এ প্রিভিলেজ। যেহেতু আমরা করেছি বলেই বলছি। উনি বলছেন কিচ্ছু হয়নি। এই দেখুন, আবার বলছেন।

...(গোলমাল)...

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের উদ্দেশে বলছি প্লিজ, আপনারা কোনও লুজ কমেন্ট করবেন না। মাননীয় মন্ত্রী বলছেন। আপনারা শুধু শুধু লুজ কমেন্ট করবেন না।

ডঃ পার্থ চ্যাটার্জী : তারা বারো দিন সি.এল পেত না। সুতরাং তাদেরকে সি.এল দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তাদের মেডিকেল লিভটাকে অ্যাকুমুলেট করবার ব্যবস্থা করা হয়েছে। আগে দশ দিন ছিল, এখন কুড়ি দিন পর্যন্ত তারা পাবেন এবং মেটারনিটি লিভ, মাতৃকালীন ছুটি একশো আশি দিনের পাবে। এই ব্যবস্থাগুলো আগে ছিল না। এই যে চিৎকার করে করে বক্তৃতা দিয়ে গেলেন, নানা রকম তির্যক মেরে, কাজের কাজ তো কিছু বললেন না। এগুলো আমাদের আমলে আমরা করেছি। মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে হয়েছে এবং আপনারা ধৈর্য ধরুন, সরকারের আর্থিক অবস্থা ভালো হলেই আমরা প্যারাটিচার সহ যে সমস্ত টিচাররা আছেন, তাদের ব্যাপারটা নিশ্চয় মুখ্যমন্ত্রী দেখছেন এবং দেখবেন, এই ব্যাপারে কোনও সন্দেহ নেই। আমরা এর মধ্যে কোনও দল দেখিনি। দল দেখলে বুঝতাম যে এইগুলো তো আমাদের আমলে ঢোকেনি, সবই তো আপনারা ঢুকিয়ে দিয়ে গেছেন, দায়িত্ব ফেলে দিয়ে গেছেন আমাদের ঘাড়ে। যেমন এক লক্ষ ৯২ হাজার কোটি টাকার দেনার দায় চাপিয়েছেন, তেমনি দুলক্ষ

লোককে আমাদের ঘাড়ে চাপিয়ে দিয়ে চলে গেছেন। এইগুলো আপনাদের সব কৃতিত্ব। এইবার আসি — মিড-ডে মিল নিয়ে অনেকে বলেছেন। আমরা মনে করি আপনাদের মতন আমাদেরও মনে হয়েছে, আমি তো রেগুলারই যখন বিরোধী দলে ছিলাম, মিড-ডে মিলের ব্যাপারে বহুবার বলেছি। তার চরিত্রগত দিক বদল হওয়া দরকার, আমরা বদলের চেষ্টা করছি। যিনি প্রধান শিক্ষিকা বলে নিজেকে এখানে বললেন, খুব সুন্দরই বলেছেন। তাঁরও একটা দায়িত্ব আছে। গন্ধ শুঁকে ছাত্রদের খাওয়ানো নয়। প্রতিবাদ করা যে এই চাল আমরা নেব কেন? সেই প্রতিবাদটা তিনি করেননি। এখানে এসে প্রতিবাদ করছেন। প্রতিবাদটা সেখানেই হওয়া উচিত, জেলার থেকে যাবে, জেলার থেকে যাবে স্কুলগুলোর মাধ্যমে, সেখানে কেন পোকা চাল যাবে? এখানে আমাদের ডিপার্টমেন্টের সঙ্গে, আগে তো কোনদিন হয়নি। আমি পরেশবাবুকে বলেছিলাম যে আপনার সময়ে তো হলই না। এখন তো জ্যোতিপ্রিয় মল্লিকের সঙ্গে আমাদের কথা হয়েছে। খাদ্যমন্ত্রীর সাথে কথা হয়েছে। আমরা চূড়ান্তভাবে এই সিদ্ধান্তে সকলেই উপনীত হয়েছি যে যেটা মিড-ডে মিল, আমাদের ছাত্রছাত্রীরা খায়, আমাদের বাচ্চাগুলো খায়, তাদেরকে মিড-ডে মিলের বদলে বিষ মিল দিতে পারি না। যারা এই কথাগুলো বলছেন, তারা নিজেরাও কিছু করেননি। একজন বললেন রাঁধুনীদের টাকা বাড়লেন না কেন? আরে খেতে দেওয়াটা বলুন। কোয়ালিটি, কোয়ালিটি ফুড। এই তো টাকা, অল্প একটু টাকা। সেই টাকার মধ্যে যে চাল যাচ্ছে, সেই চাল, কত চুরির কেস আছে পুলিশ থানায়। দলমত নির্বিশেষে আপনাদের সেটার জন্য এগিয়ে আসা উচিত এবং আপনাদের দৃষ্টিতে যদি কোনও কিছু পড়ে, মিড-ডে মিল নিয়ে যদি কোনও দুর্নীতি চোখে পড়ে, বেআইনি পড়ে, শক্ত হাতে আমরা ধরতে চাই। আপনারা শক্ত হাতে আমাদের সঙ্গে আসুন। আপনাদের অভ্যেস পরিবর্তন করতে হবে। এর মধ্যে আমি, তুমি নয়। আমার পাপ ও তোমার পাপ। শুধু ঝলসানো রুটি দেখলে হবে না, রুটি কেন ঝলসে গেছে তারও ব্যবস্থা করতে হবে। ইতিমধ্যেই আমাদের সরকার মুখ্যমন্ত্রীর নির্দেশে, মমতা ব্যানার্জীর নির্দেশে ৯৬৯টি ডাইনিং হলের ব্যবস্থা করছি, অস্বাস্থ্যকর পরিবেশ আছে, অনেকে বললেন। আমরা চেষ্টা করছি যে স্বাস্থ্যকর পরিবেশের মধ্যে যাতে রান্নাগুলো হয় এবং সেক্ষেত্রে আমরা ইতিমধ্যেই ব্যবস্থা নিয়েছি। প্রায় ২৯ কোটি টাকা আমরা এই ব্যাপারে খরচ করেছি। বাঁকুড়াতে হয়েছে, পুরুলিয়াতে হয়েছে, পশ্চিম মেদিনীপুরে হয়েছে, উত্তর ২৪-পরগনাতে হয়েছে, দক্ষিণ ২৪-পরগনাতে হয়েছে। অন্য জেলাগুলিতেও আমরা ছড়িয়ে যাচ্ছি।

[4.00 - 4.10 p.m.]

মিঃ স্পীকার : ১০ মিনিট সময় আরো বাড়িয়ে দেওয়া হল।

ডঃ পার্থ চ্যাটার্জী : অনেকে বললেন থালা নিয়ে, ঠিকই তো আমিও দেখেছি। খেতে দেব অথচ থালা দেব না, থালার কোয়ালিটি খারাপ। এই ব্যাপার নিয়ে আমাদের সঙ্গে অর্থমন্ত্রীর কথা হয়েছে। মুখ্যমন্ত্রী নির্দেশে দিয়েছেন এই বিষয়টা দেখার জন্য। আমরা চেষ্টা করছি কিছুদিনের মধ্যে বিদ্যালয়গুলিতে থালা এবং গ্লাসের যাতে বন্দোবস্ত করা যায়। সেই ব্যাপারে নিশ্চয়ই আর্থিক অনুমোদন এসে গেলে সিদ্ধান্ত নিয়ে নেব। আমরা শুধু ভাষণ দিচ্ছি না। চালের গুণগত

মান দেখার জন্য পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য সরবরাহ দপ্তর মান নির্ধারক আধিকারিককে নিয়ে FCI গোডাউন থেকে চাল সংগ্রহ করবার আগে পরীক্ষা করবেন এবং স্যাম্পেল তৈরি করে, সিল করে বিভিন্ন অফিসে আগে পাঠিয়ে দেবেন। চাল নিম্নমানের হলে চাল না তোলার নির্দেশ দেওয়া হয়েছে। তাহলে গন্ধ পাবেন কেন? নেবেন না। রাঁধুনীদের ব্যাপার নিয়ে উনি বলেছেন — ঠিকই তো এটা শুধু ভাববেন না এটা রাজ্য সরকারের প্রকল্প। এটা কেন্দ্রীয় প্রকল্প, কিন্তু রাজ্য সরকার তার বাস্তবায়ন করে। রাঁধুনীদের বিশেষ ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা হয়েছে খাবারে গুণগত মান বজায় রাখার জন্য। খাবার পরিবেশন করার আগে কমপক্ষে একজন শিক্ষক এবং একজন রাঁধুনী ওই খাবার খেয়ে দেখবেন। এছাড়াও আপনাদের বলি যে আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী যখন জেলা সফরে যান, আধিকারিকদের নিয়ে বসেন — সমস্ত আধিকারিকদের বলেছেন যে আপনারা যেখানে কাছাকাছি স্কুলে মিড-ডে মিল আছে সেখানে চলে যাবেন। গিয়ে দেখে আসবেন ওরা কি করছে, কি খাচ্ছে। আপনাদের তো বলছি আপনারাও একদিন যান। আপনারা কত যান সেটা আমি জানি। যে জামাকাপড় পরে এসেছেন কত যাচ্ছেন, সেটা বুঝতে পারছি। আমি সেই কারণেই বলছি এটাকে যেন লাইটভাবে নেবেন না। একদমই লাইটভাবে নেবেন না। আপনারা সবাই মিলে যান। আপনাদের অভিজ্ঞতাগুলি আমাদের বলুন। আপনাদের অভিজ্ঞতাগুলি আপনারা জানান যে আমরা এখানে এই দেখলাম, ওই দেখলাম। আমরা নিশ্চয়ই দলগতভাবে সবাই মিলে সিদ্ধান্ত নেব।

এরপরে অনেকগুলি প্রস্তাব ছিল আলোচনা করেছেন আপনারা, তার কিছুটা আশিস ব্যানার্জী বলেছেন। আমরা ইতিমধ্যেই বাজেটে ৪০ লক্ষ সাইকেল দেওয়ার প্রভিশান রেখেছি। ইতিমধ্যেই ১ লক্ষের সামান্য বেশি সাইকেল আমরা জঙ্গলমহলের ওই অঞ্চলে দিয়েছি। বাদবাকি অঞ্চলেও আমরা দেব। কিন্তু মুশকিল হচ্ছে যে সাইকেল তৈরির কারখানা আমরা প্রেফার করব এই রাজ্যে। এই রাজ্যে সাইকেল তৈরির কারখানা — আপনাদেরকে ধন্যবাদ জানাই যে আপনাদের আন্দোলনের ফলে অনেক আগেই উঠে গেছে। সাইকেল কর্পোরেশান বলুন — ওইগুলি আমি জানি ভালো মতন। গৌরাঙ্গবাবু থাকলে বলতাম — আছেন নাকি? হ্যাঁ। আসানসোলের সাইকেল কর্পোরেশান অফ ইন্ডিয়া, সেন রালে — এখানে সবই গেছে। আমি এখন বলছি এই সাইকেল কোম্পানি যদি আবার ফিরে আসে, এখানে যদি কেউ করতে পারে খুব ভালো। মুখ্যমন্ত্রী বলেছেন তাদেরকে অর্ডার দেওয়ার ব্যবস্থা করবেন এবং আমরা ধীরে ধীরে এই ৪০ লক্ষ ছাত্রছাত্রীর কাছে সাইকেল পৌঁছে দেব।

এইবার আসি — আপনারা অলচিকি নিয়ে দুই বার আমাকে জানিয়েছিলেন মাননীয় বিরোধী বিধায়করা। ইতিমধ্যে অলচিকির বই ডিস্ট্রিবিউশান করা হয়েছে। যিনি জানবার তিনি ঠিকই জানেন। জেনে নিন পেয়েছে কি না। আবার এখানে চলে এল উর্দু, উর্দু নিয়ে তো কেউ বলল না, তাহলে আপনার বলা উচিত ছিল। অলচিকি শিক্ষকদের, যেটা মাননীয় বিধায়ক দুলাল মুর্মুবাবু বললেন। আমরা এখন শিক্ষক নিয়েছি অনিয়মিত। তাদের নিয়মিতকরণ করা যায় কিনা সেই ব্যাপারে একটা পলিসি রচনা করবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আমাদের দপ্তরকে নির্দেশ দিয়েছেন। আমরা চেষ্টা করছি, সেইরকম একটা পলিসি তৈরি করলে — কারণ

অলচিকি শিক্ষকদের সংখ্যা অত্যন্ত কম। তাদেরকে ধরে রাখতে হবে। তাদের ধরে রাখবার জন্য এবং তাদের নিয়মিতকরণ করবার জন্য আমরা প্রচেষ্টা চালাব। রণজিৎবাবু দুটো খুব কঠিন প্রশ্ন করেছেন এবং দুটোই এই হাউসের মধ্যে। তাই আপনাকেই এটার প্রমাণ দিতে হবে। একটা আপনি বলেছেন রঞ্জিত কোঠার বলে একটি ছেলে পরীক্ষায় বসেনি, অথচ সে ৪০ শতাংশ পেয়ে পাস করেছে। আপনি স্পীকারের কাছে লিখিতভাবে জমা দিবেন, তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে। আর ভুল হলে স্পীকার ব্যবস্থা নেবেন। স্কুল বাড়ির রং, এক্ষেত্রেও আমি আপনাকে বলছি আপনি লিখিত দিন, বাড়ির রং করা বন্ধ থাকবে। এ ব্যাপারে যদি দুর্নীতি কেউ করে থাকে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এটা আগে বন্ধ থাকবে। আর দ্বিতীয় কথা আপনারা তজমুল — অনেকের নামটাম বললেন কিন্তু আপনাদের আমলেও তো আমরা ছিলাম। আমরা বহুবার বলেছি। আমি ৩৪ বছর বলি না, আমি ৩৪ বছর তো এই হাউসে ছিলাম না। অন্তত ১০টা বছর ছিলাম। সেই ১০ বছরের মধ্যে কত ধর্ষণের ঘটনা ঘটল, কত শিক্ষকের অপমান হল, কই কাউকে তো তাড়িয়ে দেওয়ার খবর শুনিনি। মাটির নিচে কঙ্কাল পাওয়া গেল সে যে দল থেকে বেরিয়ে গেছে তাও তো হয়নি। সুতরাং আপনারা এই প্রশ্নগুলো কেন করেন? "ধুলির প্রাপ্য ধুলিকে না দিলে জঞ্জাল বাড়ে শেষটায়।"

আমি এবার আসি টেট পরীক্ষা নিয়ে। চার বছরে বললেন এস.এস.সি. একবার হয়েছে। ওটা চার বছরে একবার হওয়ার কারণটাও আপনি জানেন। বিচারালয়ে বারবার আবেদন হয়েছে, স্থগিত ছিল। সাম্প্রতিককালে টেটের ব্যাপারে বিচারালয় থেকে আমরা ছাড়িয়ে এনেছি। আমরা একটা নোটিশও দিয়েছিলাম। আমি জানি না কেন আপনারা প্রশ্ন তুললেন। নোটিশটা তো ওয়েবসাইটে ছিল। এত কিছু দেখেন, এটা দেখলেন না কেন? সেই নোটিশে খালি আমরা বলিনি ডেটটা কবে হবে। সুতরাং টেট পরীক্ষা যারা দিয়েছিলেন, পাশ করেছিলেন, তিন বছর পর্যন্ত তাদের সুযোগ দিয়েছি। নতুন করে যারা আবেদন করতে চান তারা আবেদন করতে পারবেন, সেই নোটিফিকেশান দিয়েছে। এটা সরকারের কাজ নয়, এই কাজ করে মধ্যশিক্ষা পর্ষদ, প্রাইমারি শিক্ষা পর্ষদ এবং এস.এস.সি। সুতরাং তাদেরকে বলা আছে, তারা তাদের মতো কাজ করছে। ঠিকই এবার যেন কোনোরকম দেরি না হয়, সময়টা অনেকটা পিছিয়ে আছে। বার বার হাইকোর্টে গিয়ে পিছিয়ে দেওয়ার যে চেষ্টা চলছে, আমরা এই ব্যাপারে ডিপার্টমেন্টের সঙ্গে ঘন ঘন মিটিং করছি যে সদাসর্বদা যেন নজর রাখা হয়। যাতে নিয়মিতভাবে আমরা শিক্ষকের যে ভ্যাকেন্সি আছে, সেই ভ্যাকেন্সিগুলো যেন যোগ্য লোক দিয়ে ভরিয়ে দিতে পারি। এটা আমাদের লক্ষ্য। এস.এস.সি.-তেও তাই। এস.এস.সি. মনে হয় আর কয়েকদিনের মধ্যেই নোটিশ বেরিয়ে যাবে। আপনারা ওয়েবসাইট এবং কাগজে, কাগজেও তো এটা বেরিয়েছে। প্রাইমারিটা কাগজেও বেরিয়েছে। সুতরাং এগুলোকে একটু দেখবেন মাঝেমধ্যে। শুধু নিজেদেরটা দেখলে হবে না। বলতে আসার আগে নিজেদের জ্ঞানটাকে একটু সমৃদ্ধ করে আসতে হবে এবং বলার আগে দেখতে হবে এটা হয়েছে কি হয়নি।

[4.10 - 4.20 p.m.]

যখন হয়েছে, তখন বলছেন হয়নি। সুতরাং আমি আপনাদেরও সাহায্য চাই যাতে সব জায়গায় হয়। আর এটা ঠিকই বলছেন টোকাটুকি রয়েছে, দু-তিনটে জায়গায় হয়েছে। আপনাদের সময় ব্যাপকভাবে হয়েছে টোকাটুকি। আপনারা এমন শিখিয়েছেন, যে '৭০ সালে জন্মায়নি সেও '৭০ সাল নিয়ে বলছে। যারা যুক্ত আছে তাদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা নিতে হবে। সেখানে যদি শিক্ষকদের ইন্ধন থাকে, কর্তৃপক্ষের ইন্ধন থাকে, তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে হবে। আমরা সকলেই চাই, যারা শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য সৃষ্টি করছে, দলমত নির্বিশেষে সকলে মিলে তার মোকাবিলা করি। আসুন সকলে মিলে এই বাজেটকে সমর্থন করি। কাট মোশানগুলো আমি গ্রহণ করতে পারছি না।

Mr. Speaker : Now I put to vote all the motions of Shri Md. Sohrab (Cut Motion Nos. 1 & 2) and Shri Asit Mitra (Cut Motion Nos. 3 & 4) that the amount of the demand be reduced to Re.100-. As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Noes have it. Noes have it. The cut motions are lost.

I put to vote the main demand moved by Dr. Amit Mitra that a sum of Rs. 21156,30,90,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads: "2202-General Education, 2204-Sports and Youth Services, 2251-Secretariat-Social Services, 2551-Hill Areas and 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 7052,10,32,000 already voted on account.)

As many as are of the opinion please say, Ayes, and as many as are of the contrary opinion please say, Noes. Ayes have it. Ayes have it. The Demand No. 15 is passed.

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 66th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Revised Programme of Business for 10th, 11th and 12th June, 2015 and the Programme of Business for 15th June, 2015 as follows:

10.6.2015, Wednesday :	(i)	Demand No.43 : Power and Non-Conventional Energy Sources Department	...2 hrs.
	(ii)	Demand No.56 : Women Development & Social Welfare Department	...1½ hrs.
	(iii)	Demand No.64 : Child Development	

	(iv)	Demand No.7 : Backward Classes Welfare Department	...1½ hrs.
	(v)	Demand No.65 : Tribal Development Department	
11.6.2015, Thursday :	(i)	Demand No.13 : Higher Education Department	...2½ hrs.
	(ii)	Demand No.62 : North Bengal Development Department	...1 hr.
	(iii)	Demand No.11 : Micro and Small Scale Enterprises and Textiles Department	...1 hr.
12.6.2015, Friday :	(i)	The West Bengal Municipal (Amendment) Bill, 2015 (Introduction, Consideration and Passing)	...45 mins.
	(ii)	The West Bengal Municipal Corporation (Amendment) Bill, 2015 (Introduction, Consideration and Passing)	...45 mins.
	(iii)	Motion under rule 185 on the subject of Urging upon the Union Government for withdrawal of Land Ordinance – Notice given by Shri Purnendu Basu and others	
	(iv)	Motion under rule 185 on the subject of urging upon the Union Government for withdrawal of Land Ordinance – Notice given by Shri Anisur Rahaman and others	...2 hrs.
	(v)	Motion under rule 185 on the subject of Urging upon the Union Government for withdrawal of Land Ordinance – Notice given by Shri Md. Sohrab and others	
	(vi)	Motion under rule 185 on the subject of Urging upon the Union Government for enhancement of fund in	...1 hr.

		different projects and remission of loans of the State – Notice given by Dr. Partha Chatterjee and others	
	(vii)	Motion under rule 185 on the subject of Urging upon the Union Government for revival of two fertilizer factories in Haldia and Durgapur – Notice given by Dr. Partha Chatterjee and others	...2 hrs.
	(viii)	Motion under rule 185 on the subject of Urging upon the Union Government for revival of two fertilizer factories in Haldia and Durgapur – Notice given by Shri Susanta Ghosh and others	
15.6.2015, Monday :	(i)	Demand No.21 : Food and Supplies Department	...2 hrs.
	(ii)	Demand No.47 : Disaster Management Department	...1½ hrs.
	(iii)	Demand No.19 : Fire & Emergency Services Department	
	(iv)	Demand No.60 : Civil Defence Department	
	(v)	Demand No.50 : Sundarban Affairs Department	...1 hr.

N.B. There will be no Question for Oral Answer, new Calling Attention and Mention Case on Friday, the 12th June, 2015.

Mr. Speaker : Now the Minister in Charge of Parliamentary Affairs, to please move the motion for acceptance.

MOTION

Dr. Partha Chatterjee : Mr. Speaker কার্য উপদেষ্টা কমিটির ৬৬তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the motion is adopted. The motion is adopted.

Demand No. 14

Mr. Speaker : Demand No. 14 relates Mass Education Extention and Library Services Department. There is one cut motion to Demand No. 14. The cut motion is in order and taken as moved.

Shri Gouranga Chatterjee : I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

শ্রী অশোক রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ২০১৫-১৬ সালের পশ্চিমবঙ্গের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা খাতে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন প্রসঙ্গে মাননীয় মন্ত্রী জনাব আব্দুল করিম চৌধুরী মহাশয় যে ভাষণ বিবৃতি রেখেছেন আমি তার বিরোধিতা করে আমি আমার কিছু বক্তব্য উপস্থাপিত করতে চাই। প্রথমত বলি, যে এই দপ্তর পশ্চিমবঙ্গে আছে কিনা সেই বিষয়ে সন্দেহ আছে। এটা তো আই.সি.ইউ.-তে চলে গেছে মন্ত্রীসহ। কারণটা হচ্ছে যে প্রথমে দেখলাম যে এত অগণতান্ত্রিক এবং অন্যায় অযৌক্তিক সার্কুলার তিনি প্রথমে জারি করলেন করে তিনি বলছেন যে পাঠাগারে কোন কোন পত্র-পত্রিকা থাকবে, কে কি পড়বে, না পড়বে সেটা তিনি ঠিক করে দিচ্ছেন। অর্থাৎ পাঠকের মন এবং মননের উপরে আঘাত হানা হয়েছে অত্যন্ত অগণতান্ত্রিকভাবে এবং যার জন্যে আমরা এই সার্কুলারকে অত্যন্ত নিন্দা করছি। দ্বিতীয়ত, প্রমথ চৌধুরী বলেছিলেন এদেশে লাইব্রেরীর সার্থকতা হাসপাতালের চেয়ে কিছু কম নয় এবং স্কুল-কলেজের চেয়ে কিছু বেশি। তাই মনে করি দারিদ্র্য নিরক্ষরতায় পরিবৃত সামাজিক পটভূমিতে এই উক্তি আজও যথেষ্ট তাৎপর্যপূর্ণ। সাক্ষরতার ক্ষেত্রে বলা হয়েছে যে বিরাট কাজ নাকি করা হচ্ছে। বামফ্রন্ট যখন ক্ষমতায় ছিল তখন সাক্ষরতা বিষয়ে যে পরিকাঠামো তৈরি করেছিলেন আজকে সেই পরিকাঠামোকে সম্পূর্ণ ভেঙে চুরমার করে দেওয়া হয়েছে। সাক্ষরতার কাজ একেবারে বন্ধ হয়ে আছে। প্রেরকদের যে ভাতা দেওয়া হত সেটাও বন্ধ হয়ে আছে। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের বিভিন্নভাবে যে সুযোগসুবিধা ছিল, যারা সাক্ষরতার সঙ্গে যুক্ত ছিলেন তারা তাদের সুযোগসুবিধাগুলো দেওয়ার ক্ষেত্রে একটা ভূমিকা পালন করতেন। কিন্তু আজকে এমন একটা অবস্থা হয়েছে তারা দুয়ারে দুয়ারে ঘুরে বেড়াচ্ছেন যে কি করলে তারা সুযোগসুবিধা পাবেন কেউ তা বলতে পারছেন না। জনগ্রন্থাগারের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে এই সরকার আসার পরে আজ চার বছর ধরে গ্রন্থাগারিকরা কোনও ভাতা পান না। কেন পান না জানি না। তাদের কোনও ভাতা দেওয়া হয় না সাড়ে চার বছর হয়ে গেল। আমি অত্যন্ত দায়িত্ব নিয়ে বলতে পারি। অথচ বলছেন যে খুব ভালো চলছে, খুব ভালো চলছে। কি করে চলবে? বলছেন শিক্ষার অগ্রগতি ঘটাবে এরা। বলছেন যে গ্রন্থাগারগুলো গ্রামের মানুষদের শিক্ষায় উদ্বুদ্ধ করবে। অধিকাংশ ক্ষেত্রে গ্রন্থাগারিক নেই। পশ্চিমবাংলায় কোথায় কোথায় গ্রন্থাগার আছে সরকার পোষিত বলুন বা সরকারি। জেলা, মহকুমা ব্লক স্তরে যেখানেই আছে, কোথাও স্টাফ নেই। আমরা দেখছি গ্রামীণ গ্রন্থাগারগুলোয় কবে রিটায়ার করে গেছেন, গ্রন্থাগারিকদের নিয়োগ করার কোনও ব্যাপারই নেই। আজকে গ্রন্থাগারমন্ত্রীকে আমি একটা সুনির্দিষ্ট প্রশ্ন করছি।

[4.20 - 4.30 p.m.]

কটা গ্রন্থাগারে গ্রন্থাগারিক আছে। কটা গ্রন্থাগারে পিওন আছে, আর কটা গ্রন্থাগারে পিওন নেই। দেখবেন অধিকাংশ গ্রন্থাগারেই পিওন নেই, গ্রন্থাগারিক নেই। তাহলে কি করে এই গুরুত্বপূর্ণ দপ্তরটা চলবে? আপনি এই দপ্তরটাকে ঠান্ডাঘরে পাঠিয়ে দিচ্ছেন কিছু না করে। তাছাড়া বামফ্রন্টের আমলে যা গ্রন্থাগার হয়েছিল, যা গ্রামীণ গ্রন্থাগার হয়েছিল, জনগ্রন্থাগার হয়েছিল, সেগুলিই আছে। এখন নতুন করে কোনও গ্রন্থাগার হয়নি। কিন্তু এই চার-সাড়ে চার বছরের মধ্যে কোনও গ্রন্থাগার এখনও স্থাপিত হয়নি। আমি বীরভূমের মানুষ হয়ে বলতে পারি আমার ওখানে ১৪টি জনগ্রন্থাগার আছে, তার মধ্যে দুটি গ্রন্থাগারের ঘর আছে। বাকীগুলি কোথায় চলবে, কিভাবে চালাবে কিছু জানা নেই। তার পরিকাঠামোগত উন্নয়ন করার কোনও চিন্তাভাবনা নেই। এইরকম একটা অবস্থার মধ্য দিয়ে লাইব্রেরী চলছে। এখানে বলা হচ্ছে এই দপ্তরের মাধ্যমে বইমেলার আয়োজন করা হয়। বইমেলা এমনভাবে আয়োজন করা হয় সেখানে বামপন্থী এম.এল.এ., এম.পি.-দের আমন্ত্রণ করা হয় না। আমরা হঠাৎ করে দেখি কখন একটা কার্ড চলে এল এবং সেই কার্ডটা যখন এল তখন দেখছি বইমেলা শেষ হয়ে গেছে। এই অবস্থা চলছে। আর এখন আপনারা বলছেন সাক্ষরতার বিষয় ইত্যাদি সবার সাহায্য ছাড়া হবে না। তা বামপন্থী এম.এল.এ.-দের যদি সাহায্যের দরকার হয় তাহলে সেইমতো মিটিং করতে হবে। তাদের কাজের সঙ্গে যুক্ত করতে হবে। কিন্তু কার্যত তাদের যুক্ত করা হয় না। কারণ এরা গেলে বোধহয় ওই অনুষ্ঠানটাই অপবিত্র হবে এইরকম মনে করছেন শাসকদলের এম.এল.এ, এম.পি.-রা। আমিও তাই বলি এই দলতন্ত্রের চরমতম উদাহরণ হচ্ছে খবরের কাগজগুলিকে সিলেক্ট করে দেওয়া। দলতন্ত্রের চরমতম নিদর্শন হচ্ছে সমস্ত জায়গায় নিজেদের লোককে বসানো। গ্রন্থাগারকে সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে যে যোগ্য ভূমিকা সরকারের পালন করা উচিত, সরকার তা পালন করছে না। যার ফলে এই যে লাইব্রেরী বলে একটা দপ্তর আছে পশ্চিমবাংলার মানুষ যেন ভুলে গেছে। আমরা মনে করি এই জায়গা থেকে একে সরিয়ে আনতে হবে এবং একে এই জায়গা থেকে সরিয়ে এনে একটা শিক্ষার পরিবেশ তৈরি করতে হবে। এখানে বলা হচ্ছে জনশিক্ষার প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের জাতি-ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে রাজ্যের সকল স্তরের মানুষের আশা-আকাঙ্ক্ষা পূরণের লক্ষ্যে ব্রতী। কি করে ব্রতী হবে? আপনার গ্রন্থাগারের দরজা খোলবার লোক নেই। আপনার গ্রন্থাগারের বই দেবার লোক নেই। আপনার গ্রন্থাগারকে উন্নত করার কোনও চিন্তাভাবনা নেই। কি করে এই জিনিস হবে? বড় বড় কথার মারপ্যাঁচ দিয়ে কেবলমাত্র থামিয়ে রাখা যাবে না। বাস্তবের কথার সঙ্গে এই বিবৃতির যদি সামঞ্জস্য থাকত, তাহলে আমরা সমর্থন করতে পারতাম। কিন্তু বাস্তবের সঙ্গে বিন্দুমাত্র মিল এখানে নেই। তাই বারবার বলছি আমরা একদিন এভিডেন্স করেছিলাম। সেই সময়ে আমরা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম যে কটা পোস্ট খালি রয়েছে। আর তাদের নিয়োগের কি ব্যবস্থা করছেন? তিনি বলেছিলেন দেখছি। এই দেখছি করে চারটি বছর পেরিয়ে গিয়েছে। কিন্তু নিয়োগ হয়নি। গ্রন্থাগারগুলিকে আপনি ঠান্ডাঘরে পাঠিয়ে দিয়েছেন। সেইজন্য আমরা এই যে বিবৃতি তিনি রেখেছেন একে আমরা সমর্থন করতে পারছি না।

শ্রী বিপ্লব রায়চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, জনাব আব্দুল করিম চৌধুরী মহাশয়ের ১৪ নাম্বার বাজেটের সমর্থনে গ্রন্থাগার পরিষেবা এবং জনশিক্ষা প্রসারের খাতে যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে আমি কিছু কথা বলতে চাই। পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তাঁর বাবাকে একটা চিঠি লিখেছিলেন ৪০ বছর বয়সে। সেই চিঠিতে তিনি বাবাকে লিখেছিলেন যে, ''আমি ভাড়া বাড়ীতে আছি এবং কষ্টে আছি। আমি কলিকাতায় একটি বাটি নির্মাণ করিতে চাই এবং আপনার অনুমতি প্রার্থনা করিতেছি। আমার ভাড়া বাড়ীতে আমি যে পুস্তকগুলি সংগ্রহ করিয়াছি তাহাদের অবস্থা বড়ই করুণ হইতেছে। নিজস্ব বাড়ী নির্মাণ করিয়া তাহাদের যদি যত্ন করিয়া রাখিতে পারি আমার হৃদয় শান্ত হইবে। আপনার অনুমতি প্রার্থনা করিতেছি।'' বাড়ি তৈরি করবেন বলে বাবার কাছে অনুমতি চাইছেন নিজে ভালোভাবে থাকবার জন্য নয়, যে বইগুলো তিনি সংগ্রহ করেছেন, সেই বইগুলো অত্যন্ত যত্ন করে রেখেছিলেন, সেই বইগুলোর যত্ন হচ্ছে না। সেই বইগুলোকে ভালোভাবে রাখবেন বলে তিনি একটি বাড়ি নির্মাণ করতে চান, বাবার অনুমতি চাইছিলেন। সেই বাড়িটি এতই বিখ্যাত যে, এক সময় রামকৃষ্ণদেব যখন বিদ্যাসাগরের সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, তখন বিদ্যাসাগর মহাশয় তাঁকে আস্তে আস্তে দোতলায় নিয়ে গিয়ে তাঁর সেই লাইব্রেরী ঘরে বসিয়েছেন এবং সেখানে তাঁদের পরস্পরের সেই বিখ্যাত কথোপকথন হয়েছিল। বিদ্যাসাগরের এই মনোভাব দেখে বোঝা যায় যে, বই কত প্রয়োজনীয় এবং সভ্যতার হাতিয়ার যে বই, এটা কত গুরুত্বপূর্ণ। স্যার, আশুতোষ মুখোপাধ্যায় যখন মারা যান, তখন তাঁর লাইব্রেরীর বইয়ের সংখ্যা ছিল ৪৬ হাজার। তার ছোট ছেলে উমাপ্রসাদ মুখোপাধ্যায় কলকাতার ন্যাশনাল লাইব্রেরীর গ্রন্থাগারিককে চিঠি লিখে বললেন যে, ''বাবার এই যে পুস্তকগুলি আছে, বাবার অবর্তমানে উহাদের যত্ন হইবে কিনা জানি না। তাই আপনাদের অনুরোধ করিতেছি, ওই পুস্তকগুলি যদি ন্যাশনাল লাইব্রেরীতে নিয়া যান, রক্ষণা-বেক্ষণ করেন, তাহলে আমরা উপকৃত হইব।'' তিনি লিখলেন, ''আমাদের কিছুই দাবী নাই, সমস্ত আলমারি সহ দিয়া দিব। খালি ওপরে আশুতোষ মুখোপাধ্যায়ের স্মৃতিকক্ষ — এটা যদি লেখা থাকে, তা হইলেই কৃতজ্ঞ হইব।'' এই যে কথাগুলো, পরবর্তী পর্যায়ে আবারও দেখলাম, নীলশ্রী চৌধুরী অক্সফোর্ডে মারা গেলেন। তাঁর ছেলে ধ্রুবনারায়ণ চৌধুরী দিল্লিতে ন্যাশনাল লাইব্রেরীতে চিঠি লিখে বললেন, ''আমার বাবার যে পুস্তকগুলি আছে মরোক্কো বাঁধাই করা, এই পুস্তকগুলি সংরক্ষণের জন্য আমাদের কোনো ব্যাক্তিগত ব্যবস্থা নাই। অক্সফোর্ডের বাড়ি ছাড়িয়া দিতে হইবে। আমার মা মারা গিয়াছেন, বাবাও মারা গিয়াছেন। সেই বইগুলি কোথায় রক্ষা করিব?'' দিল্লীর ন্যাশনাল লাইব্রেরী সেই বইগুলো নিয়ে এসে দিল্লীতে রেখেছে। পুস্তকের প্রতি এই যে গভীর প্রাণবন্ত ভাব, গভীর ভালোবাসা, এটা প্রমাণ করে যে, ওরা সবাই শিক্ষিত মানুষ ছিলেন, বিদগ্ধ মানুষ ছিলেন এবং এই লাইব্রেরী অত্যন্ত যত্ন করে করতে হবে, ভালো করে রক্ষা করতে হবে। এর জন্যই তারা এই ব্যবস্থাগুলো করেছিলেন। বোঝা যায়। সমস্ত বিদগ্ধ মানুষদের জীবনী পাঠ করলে বোঝা যায় যে, লাইব্রেরী সভ্যতার একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গ এবং এই গুরুত্বপূর্ণ অঙ্গকে আমরা যদি ছোট করে দেখি, তাহলে আমরা নিজেরাই ছোট হয়ে যাব। তাই আমি ধন্যবাদ দেব আমাদের লাইব্রেরী মন্ত্রীকে যে, তিনি অত্যন্ত যত্ন করে বিষয়টি দেখার উদ্যোগ নিয়েছেন এবং তার বাজেটের শেষের দিকের একটা অংশ

পড়ে আমার ভালো লাগল। আমি দেখছিলাম নীরদ চৌধুরীর সঙ্গে দেখা করতে গিয়েছিলেন কলকাতার বিখ্যাত সাহিত্যিক সুনীল গাঙ্গুলী। যিনি দু'বছর আগে মারা গিয়েছেন। সুনীল গাঙ্গুলী বললেন, "আমি অক্সফোর্ডে তার ঘরে গিয়ে দেখলাম যে, সেই ৯০ বছরের মানুষটি একটা বড় আতস কাচ নিয়ে ভালো করে পড়ছেন বিদ্যাপতি চণ্ডীদাস"। পড়ছেন — "মাধব বহুত মিনতী করি তোয়, দেহি তুলসি তিল। এ দেহ সমর্পিনু, দয়া যদি কোরবি মোয়।" সুনীল বলছেন যে, উনি বিদ্যাপতি চণ্ডীদাস পড়ছেন অক্সফোর্ডে বসে, তা আমাকে চমৎকৃত করেছে। তার কারণ, কলকাতার মতন জায়গাতে বাঙালির পীঠস্থান, সেখানে কতজন বিদ্যাপতি চণ্ডীদাস পড়ছেন, তা আমি জানি না। ঠিক এই জন্য আমি চিন্তিত নই। আমি চিন্তিত হয়েছি বিদ্যাপতি চণ্ডীদাস কলকাতার ন্যাশনাল লাইব্রেরীতে কি আছে? তা কি উপযুক্ত সংরক্ষণের ব্যবস্থা হয়েছে? আমি যখন এই বাজেট পড়ছি, তখন এই বাজেটে দেখছি একটা জায়গায় আছে,ন্যাশনাল মিশন অফ ম্যানাসক্রিপ্টস-এর সাহায্যে গ্রন্থ ও নথিপত্র সংরক্ষণ। এটা যদি না করা হয়, তাহলে প্রকৃতপক্ষে সভ্য মানুষদের প্রতি অবিচার করা হবে, অসভ্যতা করা হবে। আর মন্ত্রী মহাশয় যে লিখেছেন এবং রাজ্য সরকার ও ন্যাশনাল মিশন অফ ম্যানাসক্রিপ্টস্ — যৌথ সহযোগিতায় রাজ্যব্যাপী কর্মকাণ্ডের আয়োজন করা হয়েছে এবং গ্রন্থাগারগুলির প্রতি সমীক্ষা, সংরক্ষণ, প্রচার ইত্যাদি ক্ষেত্রে যৌথভাবে কাজ করা হচ্ছে। যাতে সাধারণ মানুষের মধ্যে পুঁথি সম্পর্কে সচেতনতা জন্মায় এবং দেশের দুষ্প্রাপ্য পুঁথিগুলির যথাযথা সংরক্ষণ হয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ দেব এই কাজগুলি যদি তিনি উপযুক্তভাবে করেন। উত্তরপাড়ার জয়কৃষ্ণ সাধারণ পাঠাগারের এই রকম কিছু সংগ্রহ আছে, যেগুলো বহুদিনের। এই বহুদিনের সংগ্রহ পুস্তকগুলো হাতে নিলে বোঝা যায়, যেকোনো সময় চুরচুর করে ভেঙে যেতে পারে। এখন নতুন মিডিয়াম হয়েছে। সেই ইলেকট্রনিক মিডিয়ামের মধ্য দিয়ে সেই বইগুলোর ফটোকপি করে সেগুলো রক্ষা করা যেতে পারে এবং এইভাবে রক্ষা করে অক্সফোর্ডে যদি বিদ্যাপতি চণ্ডীদাসের ম্যানাসক্রিপ্ট সংগ্রহ করা যায়, তাহলে আমাদের এখানে কেন করা যাবে না? আমাদের এটা ভাবতে হবে। আমরা যদি না ভাবি, তাহলে প্রকৃতপক্ষে আমরা এই অত্যন্ত গুরুত্বপূর্ণ, সভ্যতার এই গুরুত্বপূর্ণ দিকটা আমরা অবহেলা করব। আমরা এই কাজটা উপযুক্তভাবে করব না। আমি মাননীয় মন্ত্রীকে পরামর্শ দেব, যারা লাইব্রেরীয়ান, তাদের যে ট্রেনিং-এর ব্যবস্থা হয়, সেখানে দয়া করে ওদের বলবেন, ওরা মাইনে পাওয়ার জন্য আর লাইব্রেরী থেকে বই নামিয়ে দেওয়ার জন্য নয়। আমি কোনও কোনও লাইব্রেরীতে গিয়ে দেখেছি যে, বইকে তারা এত ভালোবাসেন যে, কোনও একটা বিষয় সম্পর্কে জিজ্ঞাসা করলে তারা সেই বিষয়ে পুঙ্খানুপুঙ্খভাবে বলে যান এবং সাহায্য করেন অন্য বিষয়গুলো কোথায় পাওয়া যেতে পারে, সেগুলো সম্পর্কে খোঁজ দেন তারা।

[4.30 - 4.40 p.m.]

এই যে লাইব্রেরীয়ান, এই লাইব্রেরীয়ানদের আমার সম্মান করতে, শ্রদ্ধা জানাতে, প্রণাম করতে ইচ্ছা হয়। কিন্তু সব জায়গায় এদের পাওয়া যায় না। পাওয়া যায় না তার কারণ, আমরা দায়িত্ব পেতে চাই, কিন্তু দায়িত্ব পালন করতে চাই না। দায়িত্ব পালন না করার অভ্যাস তৈরি হলে, আমরা এই দায়িত্ব অবহেলা করব এবং দায়িত্ব অবহেলা করলে প্রকৃতপক্ষে সভ্যতাকে এগিয়ে

যেতে দেব না, সভ্যতাকে পিছিয়ে দেব। তাই লাইব্রেরীয়ানদের শুধু লাইব্রেরীর মাহিনা পাওয়া আর বই দেওয়া নয়। বইকে ভালোবাসা, বইকে জানা, আরও বেশী করে জানানো, আরো বেশী করে এগিয়ে দেওয়া, এটাই প্রকৃতপক্ষে তাদের কাজ। ন্যাশানাল লাইব্রেরীতে ঘুরে ঘুরে দেখেছি এইরকম কয়েক জন আছেন যাদের খালি গিয়ে বললেই হবে যে এই এই বিষয়ে আমি তথ্য সংগ্রহ করতে চাই, আপনি আমাকে দয়া করে সাহায্য করুন। তিনি আলাদা করে বসিয়ে বলেন দাঁড়ান, আমি সেই বইগুলো এনে দিচ্ছি, আপনার কি কি চাই বলুন আমি সেগুলো প্রয়োজন হলে জেরক্সও করে দেব। এই যে কিছু কিছু মানুষ আছেন, এই মানুষগুলো যখনই রিটায়ার করে যাচ্ছেন তখন তাঁদের প্রজন্মের সেই শিক্ষাগত মান সেগুলো সব নষ্ট হয়ে যাচ্ছে। পরবর্তী যাঁরা আসছেন তাঁরা শুধু লাইব্রেরীয়ানের কাজ করতেই আসছেন। এটা আমাদের কাম্য নয়। আমাদের কাম্য হচ্ছে এই লাইব্রেরী গ্রন্থাগারে অন্য আরো অনেক কিছু করা। আমি ধন্যবাদ দেব আরও একটি কারণে আমাদের মাননীয় মন্ত্রীকে, তিনি বিভিন্ন গ্রন্থাগারে বৃত্তি সহায়ক কেন্দ্র চালু করার ব্যবস্থা করেছেন। এই যে বৃত্তি সহায়ক কেন্দ্র চালু করার যে ব্যবস্থা করেছেন, এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। বিভিন্ন চাকরীপ্রার্থী যুবক-যুবতীরা বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষা, ইন্টারভিউতে অবতীর্ণ হওয়ার জন্য বিভিন্ন তথ্য, গ্রন্থ, পত্রিকা ইত্যাদির মাধ্যমে এই প্রকল্পের দ্বারা সমৃদ্ধ হওয়ার সুযোগ পাচ্ছে এবং লাভবান হচ্ছে। প্রকৃতপক্ষে এই যে সেকশানটা করেছেন, এই সেকশানটা যদি সব জায়গায় চালু করতে পারেন, তাহলে প্রকৃতপক্ষে আপনি বাংলার যুবক-যুবতীদের জন্য একটা অসাধারণ উপকার করবেন। কত জায়গায় কত নতুন পরিকল্পনা চালু হচ্ছে আমরা অনেকেই জানতেই পারি না। জানব কেমন করে? জানতে গেলে যে মাধ্যমগুলো আছে, সেই মাধ্যমগুলোর উপযুক্ত ব্যবহার আমরা শিখছি না, সেই ব্যবহারের জন্য জায়গাগুলো পাচ্ছি না। লাইব্রেরী হচ্ছে সবচেয়ে ভালো জায়গা এবং সেখানে যদি এগুলো করা যায় তাহলে সবচেয়ে ভালো হবে। আমি আপনাকে আর একটা বিষয়ে ধন্যবাদ দেব বেসরকারী এবং অপোষিত গ্রন্থারগুলিকে অনুদান প্রদান করছেন আপনারা। লাইব্রেরী তো আছেই, যেখানে লাইব্রেরী আছে, সেখানে লাইব্রেরীয়ান আছে, সেখানে ব্যবস্থা আছে। কিন্তু দুটো সমস্যা দেখা দিচ্ছে। একটা সমস্যা হচ্ছে লাইব্রেরীয়ান যখনই রিটায়ার করে যাচ্ছেন নতুন লাইব্রেরীয়ান আসছেন না, এবং অনেকেই আমাকে বলছেন যে আমাদের লাইব্রেরীয়ান দিন, নতুন করে ব্যবস্থা করুন, তা না হলে লাইব্রেরী চালাব কেমন করে? আর একটা হচ্ছে যে অনেক জায়গাতে প্রথাগত স্বীকৃতি পায়নি লাইব্রেরীর, কিন্তু আমার একটা ভালো লাইব্রেরী আছে, ময়নায় জীবানন্দ বাহু বলিন্দ বলে এক বন্ধু ছিলেন, তিনি নিজে একটা ট্রেনিং নিয়েছিলেন লাইব্রেরীয়ানশিপ্ ট্রেনিং কোর্সের, আমি তাঁকে জিজ্ঞাসা করলাম আপনি এই ট্রেনিং নিচ্ছেন কেন? তিনি বললেন আমার বাড়িতে একটা লাইব্রেরী আছে, সেই লাইব্রেরীর সরকারি স্বীকৃতি আমি চাই না, আমার লাইব্রেরীটাকে আমি উপযুক্তভাবে চালাতে চাই, তার জন্যই ট্রেনিংটা নিচ্ছি যাতে করে এটাকে ভালোভাবে পরিচালনা করা যায়। এই যে উদ্যোগ, এই উদ্যোগগুলি যদি আমরা ঠিকমতো করতে পারি, এই যে এটা বেসরকারি এবং অপোষিত গ্রন্থাগারগুলিকে অনুদান প্রদান, এগুলি যদি আপনি করেন তাহলে অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ আপনি করবেন, এটা আমি মনে করতে পারব। এছাড়াও এখন অনেক কিছু নানাভাবে ইন্টারনেটের মাধ্যমে জানা

যাচ্ছে, সেগুলো লাইব্রেরীতে আরও বেশী করে জানানো, লাইব্রেরীর লোকেদের সমৃদ্ধ করা এবং যে সমস্ত অভিজ্ঞ ছেলেমেয়েরা আসছেন তাদের যাতে এই ব্যাপারে আরও বেশী করে আগ্রহী করে গড়ে তোলা যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা, সব মিলিয়ে লাইব্রেরীটাকে একটা পূর্ণাঙ্গ পাঠাগার, পূর্ণাঙ্গ পুস্তকাগার, পূর্ণাঙ্গ জ্ঞানের ভাণ্ডারে পরিণত করার চেষ্টা করা এটাই হবে প্রকৃতপক্ষে আপনার কাজ। আপনি সেই কাজে ধাপে ধাপে এগোচ্ছেন। এটা একটা বিশাল কাজ, এই বিশাল কাজকে মুহূর্তের মধ্যে সম্পূর্ণ করা যাবে না, ধীরে ধীরে আপনি কাজ করতে করতে ক্রমশ এগিয়ে যাবেন এই প্রত্যাশা রেখে, আপনার এই বাজেট বিবৃতিকে আমার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পীকার স্যার, দাবী নং ১৪, ২০১৫-১৬ আর্থিক বছরের পশ্চিমবঙ্গের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা খাতে ব্যয়বরাদ্দের প্রস্তাব উপস্থাপন প্রসঙ্গে জনাব আব্দুল করিম চৌধুরী ভারপ্রাপ্ত মন্ত্রী জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ বিষয়ে যে বাজেট পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। আমরা জানি জনশিক্ষা এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের সাধারণ উদ্দেশ্যই হল নিরক্ষরতা দূরীকরণ। এটি শারীরিক প্রতিবন্ধীদের মধ্যে শিক্ষা বিস্তার, অডিও ভিস্যুয়াল শিক্ষা, বয়স্ক শিক্ষা ইত্যাদি এবং সমাজকল্যাণ আবাসগুলির দায়িত্বে রয়েছেন। আমার দুর্ভাগ্য এই যে আমি এমন একটা বিষয় আলোচনা করছি যার অবস্থা খুবই খারাপ। আগের সরকারও এই লাইব্রেরীর ব্যাপারে কোনও কিছু ভাবেনি বা কোনও উন্নতি করেনি। এই সরকারও কোনও কিছু করছে না। যার জন্য আমরা দেখতে পারছি লাইব্রেরীর অবস্থা খুবই খারাপ। ২০১৪-১৫ এবং ২০১৫-১৬ আর্থিক বছরের দুটো বাজেট বইই আমি দেখলাম। দুটো বই সম্পূর্ণ এক, শুধু টাকার অঙ্কটা একটু আলাদা। আমরা দেখছি ২০১৪-১৫ আর্থিক বছরে ব্যয়বরাদ্দ ছিল ২৭৪ কোটি ৫৭ লক্ষ ৩৮ হাজার টাকা। ২০১৫-১৬ আর্থিক বছরে ব্যয়বরাদ্দের প্রস্তাব করেছে ২৫৯ কোটি ১৭ লক্ষ ৯০ হাজার টাকা। আমরা দেখলাম এই বছর টাকার পরিমাণ কমে গেল। তাহলে কি মন্ত্রী সাহেব টাকা খরচ করতে পারছেন না? না, অর্থমন্ত্রী দিচ্ছেন না? কোনটা হয়েছে মাননীয় মন্ত্রী বলবেন। আমরা এই বিধানসভায় শুনছি প্রত্যেকটা বিষয় মাননীয় মন্ত্রীরা বলছেন, মেম্বাররা বলছেন যে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই সরকার চলছে। সবকিছু মাননীয়া মুখ্যমন্ত্রী করছেন। যদি সবকিছু মাননীয়া মুখ্যমন্ত্রী করছেন তাহলে এই মন্ত্রীদের রাখার দরকার কি আছে? তাহলে কি মন্ত্রীরা কোনও কাজ করেন না? মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বলবেন মন্ত্রিমশাইরা কি সেটাই করবেন? তাহলে কি আমাদের মন্ত্রী সাহেবের মাথায় মাননীয়া মুখ্যমন্ত্রীর হাত নেই? তিনি কি নিষেধ করেছেন যে লাইব্রেরীর ব্যাপারে তিনি কোনও উন্নতি করবেন না। যদি মাননীয়া মুখ্যমন্ত্রী বলেই দেন যে হ্যাঁ, আপনি লাইব্রেরীর বিষয় উন্নতি করুন তাহলে কেন তিনি পারছেন না? চার বছর হয়ে গেল। মাননীয়া মুখ্যমন্ত্রী কি দেখতে পারছেন না যে তাঁর মন্ত্রী লাইব্রেরীর ব্যাপারে কোনও উন্নতি করতে পারছেন না। আমি মাননীয় মন্ত্রীকে বলব, মাননীয়া স্পীকার সাহেব আছেন তাঁকেও বলব ব্যাপারটা একটু দেখার জন্য। আমরা দেখছি রাজ্যে ১২টি সরকারি গ্রন্থাগার, ২৪০৭টি সরকার পোষিত গ্রন্থাগার এবং ৭টি স্বেচ্ছাসেবী সংস্থা দ্বারা পরিচালিত সাহায্যপ্রাপ্ত

গ্রন্থাগার আছে। সরকার পোষিত গ্রন্থাগারের মধ্যে ১৯টি জেলা গ্রন্থাগার, ২৩২টি শহর বা মহকুমা, ২২০৯টি গ্রামীণ। মাননীয় মন্ত্রিসাহেব বলবেন এই চার বছরে আপনি কটি নতুন গ্রন্থাগার করেছেন এবং কোন কোন জেলায়। আমরা জানি লাইব্রেরীতে যেমন বই পড়া হয় সে রকম বিভিন্ন রকম খবরের কাগজ, পত্রিকা পড়া হয়। কিন্তু এই সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন কোন কোন কাগজ লাইব্রেরীতে পড়া হবে। মাননীয় মন্ত্রীকে বলব এখনও অবধি লাইব্রেরীতে কোন কোন খবরের কাগজ রাখা হয় এবং শিশুদের জন্য আপনি যদি শিশু পত্রিকা রাখেন তাহলে আমার মনে হয় খুব ভালো হবে। কারণ আমরা দেখতে পারছি লাইব্রেরীগুলোর যা অবস্থা বেশির ভাগ লাইব্রেরীতেই লাইব্রেরীয়ান নেই, নাইট গার্ড নেই, অফিসার নেই। আমি বলব আগামীদিনে আপনি যদি লাইব্রেরীর উপর নজর রাখেন তাহলে খুব ভালো হবে। আমরা দেখতে পাই প্রতিটা জেলাতেই গ্রন্থাগার মেলা হয়। আগে ওদের আমলেও হত। যদিও আমরা বামফ্রন্টের আমলে জন্মগ্রহণ করেছি। আমি জেলা পরিষদের মেম্বারও ছিলাম। আগে জেলার গ্রন্থাগার মেলাগুলা হত জেলা পরিষদের দায়িত্বে। আমি যখন জেলা পরিষদের মেম্বার ছিলাম তখন জেলা পরিষদ থেকেই মেলাগুলো করা হত। কিন্তু এখন করা হয় না। কারণ এখন গণতন্ত্রের জায়গায় দলতন্ত্র বেশি বেড়েছে। তাই আমরা দেখতে পারছি মাননীয় মন্ত্রীর গ্রন্থাগার মেলা আপনার দলের মন্ত্রীরা করছেন, আপনার দলের বিধায়করা করছেন, আপনার দলের ক্যাডাররা করছেন। আমরা যারা বিরোধী আছি এই চার বছর হয়ে গেল আমাদের কিন্তু কোনওদিন ডাকা হয়নি। আগে বামফ্রন্টের আমলে আমরা জেলা পরিষদ থেকে মেলা করতাম। আমরা নিজেরা করেছি। কিন্তু আপনাদের আমলে আপনারা ছাড়া বিরোধীরা কেউ সুযোগ পায়নি। আপনি এখন বলছেন আমরা সকলকে নিয়ে একটা উন্নতি করতে চাই। আপনি কি করে উন্নতি করবেন এই গ্রন্থাগার পরিষেবা বলুন, জনশিক্ষা প্রচার বলুন আপনারা তো বিরোধীদেরকে নিতেই চান না। আপনারা তো সবকিছু একা করতে চান। আমার মনে হয় না সেই জায়গায় কোনও উন্নতি হবে। নিরক্ষরতা একটি সামাজিক অভিশাপ। এটা আমরা সকলেই জানি। আমরা দেখছি সাক্ষরতা কর্মসূচী প্রকল্পে কেন্দ্র ও রাজ্য ৩:১ অনুপাতে টাকা দেয়। ২০১৪-১৫ আর্থিক বছরে ১ হাজার ৫৯৭ লক্ষ টাকা বরাদ্দ প্রস্তাব হয়েছিল। এর মধ্যে কত টাকা পাওয়া গেল এবং আপনি কত টাকা খরচ করেছেন এই বইয়ে কিন্তু আপনি সেটা বলেননি। আপনি বলবেন, আপনি কত টাকা পেয়েছেন এবং কত টাকা খরচ করেছেন। ২০১৫-১৬ আর্থিক বছরে ৭৪৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব হয়েছে।

[4.40 - 4.50 p.m.]

এই খাতেও টাকার পরিমাণ কমে গেল। আমরা জানি যে, কোনও বিষয়ে উন্নয়ন করতে গেলে প্রতি বছর টাকার পরিমাণ বাড়ানো হয় কিন্তু আমরা দেখছি আগে যা ছিল তার থেকে টাকার পরিমাণ কমে যাচ্ছে। কেন? আপনি কি তাহলে উন্নয়নটা করতে পারছেন না? না আপনার মানসিকতা নেই যে এই বিষয়ে আপনি কিছু করবেন। আপনি সেটা বলবেন। ২০১৪-১৫ আর্থিক বছরে ৯টি জেলায় আপনি সাক্ষরতা কর্মসূচী আরম্ভ করেছিলেন। '১৫-১৬-তে একটি বেড়েছে। বাকি জেলায় তাহলে আপনি সাক্ষরতা কর্মসূচী কবে শুরু করবেন? সেটা আপনি

জানাবেন। আর আমাদের মুর্শিদাবাদ জেলার কোন কোন ব্লকে আপনার এই সাক্ষরতা কর্মসূচী চলছে আপনি যদি দয়া করে জানান তাহলে আমরা উপকৃত হব। কারণ আমরা জানি যখন ছোটো ছিলাম কিছুক্ষণ আগে বামপন্থীরা বলছিলেন যে, উনারাও সাক্ষরতা কর্মসূচী শুরু করেছিলেন। আমরাও দেখেছি, আমাদের মায়েরা যারা পড়াশুনা জানত না তারা কিন্তু ওই সাক্ষরতার স্কুলে রাত্রে পড়তে যেত। আমরা তখন ছোটো ছিলাম। হ্যাঁ, তাদের আমরা দেখেছিলাম, প্রত্যেক পাড়ায় পাড়ায়, ব্লকে তারা সাক্ষরতা কর্মসূচী করত। তখন যারা স্কুলে পড়াতো তাদের একটা certificate দেওয়া হত। কিন্তু একটা জায়গায় তারা খারাপ কাজ করেছিল। যারা সাক্ষরতা কর্মসূচীতে পড়াতো তারা কিন্তু certificate পেত না। যারা পড়াতো না বা তাদের ক্যাডার বাহিনী তাদেরকেই সেই certificate গুলো দেওয়া হত। আপনাদের আমলে যারা সাক্ষরতার স্কুলে পড়াচ্ছে তাদের কি certificate দেওয়ার ব্যবস্থা আছে? যারা পড়াশুনা শেখাবে তাদেরকে কি আপনারা certificate দেবেন? যদি আপনার এরকম কোনও ব্যবস্থা থাকে তাহলে আপনি বলবেন সেগুলো কিভাবে দেওয়া যাবে।

রাষ্ট্রীয় সমাজকল্যাণ আবাস। আমরা দেখছি রাজ্যে ৫৩টি সমাজকল্যাণ আবাস আছে। কোন কোন জেলায় এগুলো আছে এটা যদি আপনি বলেন। আগের সরকার কটা করেছিল? আর আপনারা এই চার বছরে কটা করেছেন এই ৫৩টির মধ্যে, জানালে ভালো হয়। আপনি বলেছেন অনাথ এবং আর্থিক ও সামাজিকভাবে দুর্বল পরিবারভুক্ত শিশুদের আনার জন্য। সরকার কি সত্যি সত্যি এই কথাটা ভাবছে? যারা পিছিয়ে পড়া, যারা দুর্বল, আর্থিকভাবে পিছিয়ে পড়া, যারা খেতে পায় না, সেইসব শিশুদেরকে আমরা এই অনাথ আশ্রমে রাখব। তাহলে আমার মনে হয় না পিংলাতে ১২ জন শিশু এইভাবে মারা যেত। কারণ তারা খেতে পায় না বলেই ওইরকম একটা বোমের কারখানায় বোম তৈরি করতে গিয়েছিল। যদি সরকারের এদের প্রতি নজর থাকত তাহলে আমার মনে হয় এইসব শিশুদেরকে ওই আবাসনে নিয়ে গিয়ে ভালো করে পড়াশুনা শেখানোর ব্যবস্থা করত। বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য ৭৪টি বিদ্যালয় আছে। এর মধ্যে আগের সরকার ক'টা করেছে এবং আপনারা এই চার বছরে ক'টা করেছেন আপনি বলবেন। ২০১৪-১৫ সালে এই স্কুলগুলোতে এক হাজার লক্ষ টাকা আপনার বরাদ্দ ছিল। ২০১৫-১৬-তে আছে ৪৯০ লক্ষ ছিল। এতেও আপনার বরাদ্দের পরিমাণ কমে গিয়েছে। বৃত্তিশিক্ষার জন্য ২০১৪-১৫ সালে ২০০ লক্ষ, ২০১৫-১৬-তে ৯০ লক্ষ। আপনি আগে দিয়েছিলেন ২০০ এই বছরে দেবেন ৯০। তাহলে আপনাদের দেওয়ার মানসিকতাটাও কিন্তু কমে যাচ্ছে বৃত্তি দেওয়ার ক্ষেত্রে। তাহলে কি আপনি আগের বছরের যে বৃত্তি দিতে পারেননি সেই টাকা বাকি আছে? না এবছর আপনি টাকা কমিয়ে দিয়েছেন? আপনি বলবেন। আমরা আর একটা কথা বলতে চাই, আমরা গ্রামে বাস করি। প্রতিটি জেলাতেই জানি যে, লাইব্রেরী আছে। কিন্তু আপনি কি খোঁজ নিয়ে দেখেছেন যে, এই লাইব্রেরীগুলোর অবস্থাটা কেমন আছে? কারণ আমরা দেখেছি আমাদের এলাকাতে যে লাইব্রেরীগুলো আছে কোনোটাতে হয়তো লাইব্রেরীয়ান নেই, কোনোটায় নাইট গার্ড নেই বা ভালো বইপত্র নেই। আমরা জন্মলগ্ন থেকে বড় হয়ে পরে জানতে পেরেছি একটা লাইব্রেরী আছে। তখন যা ছিল

এখনও অবধি সেই লাইব্রেরীর অবস্থা একই আছে। আমরা দেখেছিলাম, লাইব্রেরীতে একটা কমিটি থাকে। হয়তো কখনও ভোটের মাধ্যমে হয় কিংবা সেখানে কিছু লোকজন নিয়ে ঠিক হয় যে সেই লাইব্রেরী কারা পরিচালনা করবে। আমরা বামফ্রন্টের জমানায় দেখেছি তাদের ক্যাডার বসিয়ে পরিচালনা করা হত। এখনও কিন্তু সেই নিয়ম বদলায়নি। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, বদলা নয়, বদল চাই — আমরা পরিবর্তন করতে চাই। কিন্তু পরিবর্তন আমরা কোথাও দেখতে পেলাম না। বামফ্রন্টের ক্যাডারের জায়গায় তৃণমূলের ক্যাডার সেখানে বসে গেল এবং লাইব্রেরী তারা পরিচালনা করছে। ফলে আমরা পরিবর্তনটা কোথায় দেখতে পেলাম। আর আপনারা পরিবর্তন করবেনই বা কি করে, কারণ আপনাদের যারা এখন আছে সবই তো বামপন্থী থেকে আপনাদের দলে গিয়েছে। তাই আপনারা যদি মনে করেন মাননীয়া মুখ্যমন্ত্রী যদি মনে করেন যে, আমরা এই সরকারকে পরিবর্তন করতে পারব কখনও করতে পারবেন না। তাই আমি আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রীমতী রত্না ঘোষ কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে ২০১৫-১৬ আর্থিক বছরের পশ্চিমবঙ্গ জনশিক্ষা ও গ্রন্থাগার পরিষেবার যে বাজেট আজকে পেশ করা হয়েছে তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা শুধুমাত্র রাজনৈতিক কারণে বিরোধিতা করার জন্য যে কাটমোশান তার সম্পূর্ণ বিরোধিতা করে আমি দু-একটা কথা বলব। স্যার, আমরা জানি যে শিক্ষাই একমাত্র পারে মানুষকে প্রকৃত আলোয় নিয়ে আসতে আর জনশিক্ষা প্রসারের মাধ্যমেই একমাত্র সমাজেরও উন্নয়ন সম্ভব। আমরা বিভিন্ন সময়ে, বিভিন্ন মনীষী, বিভিন্ন কবি, বিভিন্ন সাহিত্যিকের লেখায় আমরা দেখেছি যে শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে সমাজকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তারা পরামর্শ দিয়েছেন। আমরা দেখেছি বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তিনি তাঁর লেখায় সর্তকবাণী শুনিয়েছিলেন। তিনি বলেছিলেন যে, 'শিশুকাল হইতে মানুষ করিবার সদুপায় ও তাহার উদ্যোগ যদি নিজে না করি, তবে আমরা সর্বপ্রকারে বিনাশপ্রাপ্ত হইব। অন্নে মরিব, স্বাস্থ্যে মরিব, বুদ্ধিতে মরিব, চরিত্রে মরিব।' স্যার, আমরা আজকে পরবর্তী সময়ে দেখেছিলাম যে এই মনীষীদের হয়ত লেখা আমাদের সরকারের ভারত সরকারের মনে কিছুটা হলেও দাগ কেটেছিল। তাই আমরা জনশিক্ষা প্রসারের জন্যে পরবর্তী সময়ে সরকারের যে উদ্বেগ, সেই উদ্বেগকে সঙ্গে নিয়ে আমরা নতুন করে উদ্যোগ নিতে দেখেছিলাম জনশিক্ষা প্রসারে। আমরা দেখেছিলাম যে সরকার বুঝেছিলেন যে প্রথানির্ভর সরকারি, বেসরকারি শিক্ষাব্যবস্থা সমগ্র জনসমাজের কাছে যথেষ্ট নয়। তাই প্রথাবহির্ভূত শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা অবশ্য প্রয়োজন। এবং আমরা তার জন্য দেখেছিলাম বয়স্ক শিক্ষা, সর্বশিক্ষা অভিযান, শ্রমিক বিদ্যালয় এবং নৈশ বিদ্যালয়ের মাধ্যমে পরিকল্পনা নিয়েছিলেন ভারত সরকার এই জনশিক্ষা প্রসারের জন্য। কিন্তু আমাদের দুর্ভাগ্য, আমরা ভারত সরকারের এই পরিকল্পনা, এই প্রকল্প আমরা দেখেছিলাম আমাদের এই পশ্চিমবাংলার মাটিতে এসে মুখ থুবড়ে পড়েছিল। আজকে আমাদের বিরোধী আসনে বসা মাননীয় বিধায়ক বললেন যে সাক্ষরতায় নাকি তারা সর্বোচ্চ জায়গায় চলে গিয়েছিলেন। আজকে নাকি আমাদের সরকার এসে সাক্ষরতার জায়গাটাকে নষ্ট করে দিয়েছে। আমি তাঁর উদ্দেশ্যে বলতে চাই, পশ্চিমবঙ্গে

আমরা দেখেছিলাম একসময়ে সাক্ষরতার নাম করে দুধে যেমন জল মিশিয়ে তার ওজনটাকে বাড়ানো হয়, তেমনি সর্বশিক্ষার নামে সাক্ষরতার নামে বিগত বামফ্রন্ট সরকার জল মিশিয়েছিলেন। বিভিন্ন সময়ে আমরা দেখেছিলাম ক্রীড়া প্রতিযোগিতার মাধ্যমে জেলায় জেলায় তারা প্রমাণ করতে চাইতেন যে আমাদের এত শতাংশ নবসাক্ষর, আজকে আমরা বাংলায় তৈরি করেছি। স্যার, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, স্কুল থেকে ক্লাস থ্রী ফোর ফাইভের ছেলেমেয়েদের তুলে নিয়ে এসে সেই সাক্ষরতার অভিযানের নাম করে সেখানে বিভিন্ন ক্লাব প্রতিযোগিতায় নাম লিখিয়ে মানুষকে বিভ্রান্ত করা হত, মানুষের সামনে মিথ্যেকে তুলে ধরে নিজেদের কৃতিত্ব নেওয়ার চেষ্টা করা হত। আমরা দেখেছিলাম নৈশ বিদ্যালয়। স্যার, তখনকার সময়ে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছাতে পারেনি এই বামফ্রন্ট সরকার। নৈশ বিদ্যালয়গুলো চালানোর জন্য কেরোসিন তেল দেওয়া হত। তেলের পাচারকারী হিসাবে সি.পি.এম.-এর নেতারা গ্রামে গ্রামে কারখানা করেছিল, নৈশ বিদ্যালয়ের নাম করে। স্যার, আমরা দেখেছিলাম যে নৈশ বিদ্যালয় বলে কিছু ছিল না। গ্রামে একটা নৈশ বিদ্যালয়ের নাম করে সরকারের দেওয়া কেরোসিন তেল তুলে এই কমরেডরা বিক্রি করে খেয়েছেন। আমাদের লজ্জা হয় স্যার, যে জায়গাটায় গিয়ে বাংলার একদম দরিদ্রসীমার নীচে থাকা মানুষ, গ্রামের মানুষকে শিক্ষায় উন্নীত করা যেত, সেই জায়গাটাকে এই সি.পি.এম. দল, সি.পি.এম. সরকার ধ্বংস করে দিয়ে গিয়েছিল বাংলায়।

[4.50 - 5.00 p.m.]

আজকে আমরা গর্বিত আমাদের বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি একদিকে যেমন বাংলার উন্নয়ন করে চলেছেন, তেমনি অন্যদিকে সাধারণ মানুষের জীবনযাত্রার এবং শিক্ষার উন্নয়নে ব্রতী হয়েছেন তিনি। আজকে বংলার দশটা জেলাতে ভাবনার স্বাক্ষর ভারত হিসাবে তাঁকে কাজ করতে আমরা দেখেছি। আমাদের গর্বের বিষয় পশ্চিম মেদিনীপুরের যে এলাকা এই সি.পি.এম.-রা মাওবাদী অধ্যুষিত এলাকা হিসাবে পরিগণিত করেছিল, সেই জায়গায় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে এবং আমাদের এই জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর উদ্যোগে সেই জেলাকে সাক্ষর ভারত অভিযানের আওতায় এনে সেখানকার দরিদ্র্যসীমার মানুষের কাছে শিক্ষাকে পৌঁছে দেওয়ার কাজ শুরু হয়েছে। স্যার, আমাদের সরকারের যে পরিকল্পনা সেই পরিকল্পনার মাধ্যমে আমরা জানাতে চাই, শুধু স্বচ্ছ ভারত সরকারের দিকে তাকিয়ে নয়, আজকে পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে রাজ্য সরকার টাকা দিয়ে সাক্ষরতার আওতায় এনে আজকে আমাদের এলাকায় এলাকায় নিরক্ষর মানুষকে আজকে শিক্ষার আলো দিয়ে বাংলাকে উন্নত করার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যাত্রা শুরু করেছেন। আজকে শিক্ষার সঙ্গে গ্রন্থাগার পরিষেবা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় — শিক্ষার অঙ্গ আজকে এই লাইব্রেরীগুলো। এখানে আমাদের মাননীয় বিধায়ক বলেছেন যে লাইব্রেরীগুলো একসময় কিভাবে তৈরি হয়েছিল। আমরা গ্রামে গ্রামে দেখেছিলাম, জ্ঞানপিপাসু মানুষ তারা নিজেরা আর্থিক সহায়তা দিয়ে গ্রামে গ্রামে লাইব্রেরী তৈরি করেছিলেন এবং বিভিন্ন সরকারি সাহায্যে যে লাইব্রেরীগুলো তৈরি হয়েছিল, এই বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর

লাইব্রেরীগুলো ধ্বংসপ্রাপ্ত হয়েছিল। আমরা স্কুলকলেজের লাইব্রেরীগুলোতে দেখতাম, ৫০ বছর আগে যে লাইব্রেরীটা তৈরি হয়েছিল, দীর্ঘ ৩৫ বছরে এই বামফ্রন্ট সরকার সেই লাইব্রেরীগুলোর উন্নয়ন করতে পারেনি। আজকে সেই লাইব্রেরীগুলোকে নতুন তথ্যপ্রযুক্তির মাধ্যমে কম্পিউটারাইজড করে সেখানকার পুঁথি সংরক্ষণ করে সেই লাইব্রেরীগুলোর নতুন করে পরিকাঠামোগত উন্নয়ন ঘটিয়ে বাংলার লাইব্রেরীকে বাঁচানোর লড়াই শুরু করেছে আমাদের সরকার।

...(এই সময় লালবাতি জ্বলে ওঠে।)...

তাই স্যার আপনার মাধ্যমে বলতে চাই আমাদের বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় তিনি পশ্চিমবাংলার মাটিতে শিক্ষার উন্নয়নের স্বার্থে, লাইব্রেরী হল জ্ঞানের মহাসমুদ্র, সেই সমুদ্রকে রক্ষা করার জন্য আজকে আমাদের শাস্ত্রের সেই বাণী 'তেজস্বীনাম অবনিতমস্তু', তেজস্বিতার সঙ্গে অধ্যয়ন এবং অধ্যাপনাকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্রত সঙ্গে করে নিয়েছেন। তাই আমি মনে করি এই বাজেট আগামীদিনে জনশিক্ষার প্রসার হবে, পাঠাগারের উন্নয়ন হবে। তাই একে আরো একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার, এই সদনে উপস্থিত রাজ্য সরকারের বিভিন্ন মন্ত্রীগণ এবং অন্যান্য সদস্যরা, আমি পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের ১৪নং দাবী সমর্থনে এবং বিরোধীদের আনা কাট মোশানের বিরোধিতা করে কয়েকটি কথা বলব। স্যার, আমি জানি না এই বিশ্ব ব্রহ্মাণ্ডে পৃথিবীর মতো কোনও গ্রহ আছে কিনা যেখানে প্রাণের অস্তিত্ব আছে, প্রাণের সঞ্চার আছে। কিন্তু আমি জানি এবং আপনারা সকলেই জানেন, পৃথিবীতে যে জীবজগৎ আছে তার মধ্যে শ্রেষ্ঠ হচ্ছে মানুষ। তার কারণ মানুষ শুধু খেয়ে বেঁচে থাকে না, মানুষ ভাবনা করতে জানে, মানুষ চিন্তা করতে জানে, মানুষ নিজেকে কর্ষণ করে আরো উন্নত থেকে উন্নততর করতে জানে। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাই বলেছেন, পেটের ভাত পশুর ক্ষেত্রে যথেষ্ট, কিন্তু মানুষের ক্ষেত্রে নয়। তাই মানুষ যা চিন্তা করতে পারে, পশু তা চিন্তা করতে পারে না। সেই শ্রেষ্ঠ মানুষ এবং সেই শ্রেষ্ঠ মানুষের শ্রেষ্ঠত্বের একটা বড় প্রমাণ হল গ্রন্থ এবং গ্রন্থাগার। খ্রীষ্টীয় প্রথম শতকে রোমে প্রথম গ্রন্থাগার চালু হল। উদ্দেশ্য ছিল একটাই যে সাধারণ মানুষ গ্রন্থাগারে গিয়ে জ্ঞান আহরণ করবে। গ্রন্থাগার হল জ্ঞানের ভাণ্ডার। বিভিন্ন বিষয় সংগ্রহ করবে গ্রন্থাগার, জ্ঞান মজুত করবে গ্রন্থাগার এবং সেখানে সেই জ্ঞানের সমুদ্রে মানুষ অবগাহন করে মৌনত্ব আবাহন করবে। রবীন্দ্রনাথ ঠাকুর খুব সুন্দর কথা বলেছেন স্যার। বলেছেন — মহাসমুদ্রের শতবর্ষের কল্লোল কেহ যদি এমন করিয়া বাঁধিয়া রাখিতে পারিতো যে সে ঘুমাইয়া পড়া শিশুটির মতো চুপ করিয়া থাকিতো। তবে সেই নীরব মহাশব্দের সহিত এই লাইব্রেরীর তুলনা হইতো। রবীন্দ্রনাথ ঠাকুর গ্রন্থাগারের সাথে তুলনা করলেন মহাসমুদ্রের নীরব মহা শব্দের সাথে। সেই নীরব মহাশব্দকে যারা পার্টি মিটিং করে সরব করেছিল, মুখরিত করেছিল সেটা হচ্ছে বামফ্রন্টরা। স্যার, এরা পাঠাগারগুলোকে একেবারে পার্টিবাজির আখড়ায় পরিণত করেছিল এবং পাঠাগার ছিল একটা

দলীয় সংগঠন তৈরির সূতিকাগার। তাই সেখানে সাধারণ মানুষ ভয়ে পা মাড়াতো না। আমরা সেই অবস্থার পরিবর্তন ঘটিয়ে দিয়েছি। আমরা পাঠাগারগুলোকে সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করে দিয়েছি। এর পরিচালন সমিতি এমনভাবে গঠন করা হয়েছে যাতে প্রকৃত বিদ্যানুরাগীরা সেখানে থাকতে পারে এবং প্রত্যন্ত প্রান্তরেও সাধারণ মানুষের কাছে এর সুফল পৌঁছে যেতে পারে। স্যার, পশ্চিমবঙ্গে ১২টি সরকারি এবং ২৪৬০টি সরকার পোষিত গ্রন্থাগার আছে এবং আরও কিছু মহকুমা স্তরে বিশেষ মর্যাদাসম্পন্ন গ্রন্থাগার আছে। যেমন ধরুন উত্তরপাড়ার জয়কৃষ্ণ লাইব্রেরী। এই গ্রন্থাগারগুলোর পরিকাঠামো উন্নয়ন এবং আধুনিকীকরণের কাজ আমাদের সরকার করছে। আমি কোন্নগরে থাকি। আমার পাশেই জয়কৃষ্ণ লাইব্রেরী। অনেকেই তার নাম জানেন। সেই জয়কৃষ্ণ লাইব্রেরীতে ইতিমধ্যেই সেমিনার হলের সংস্করণ, আধুনিকীকরণ এবং বৈদ্যুতিকরণের কাজ সুসম্পন্ন হয়েছে। কোচবিহার এবং উত্তরবঙ্গ সরকারি গ্রন্থাগারে পরিকাঠামো উন্নয়নের কাজ চলছে। এখানে সি.সি. টিভি বসবে। স্যার, নতুন নতুন গ্রন্থাগার স্থাপনের উদ্যোগ নিয়েছে আমাদের সরকার। আমরা মূলত টার্গেট যেটা করেছি, লক্ষ্য যেটা রেখেছি, সেটা হল সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চল এবং তপশিলী অধ্যুষিত জাতি, উপজাতি অধ্যুষিত অঞ্চলে আমরা পাঠাগারগুলো খুলতে চাই। সেই পাঠাগারের মাধ্যমেই পিছিয়ে পড়া এই শ্রেণী যাতে আরও বেশী করে চেতনার আলো পেতে পারে এটা সরকারের উদ্দেশ্য। আমরা পাঠাগারগুলোর রক্ষণাবেক্ষণের কাজ করছি। রক্ষণাবেক্ষণ মানে, আমার আগে বিপ্লবদা বলছিলেন, যে অনেক প্রাচীন এবং খুব দামী মূল্যবান বই — যেটা আগে ছিল এবং বর্তমান কালেও লেখা হয় সেগুলোর প্রকৃত সংরক্ষণ ভীষণ দরকার। আসলে খুব পুরোনো হয়ে গেছে অথচ ভীষণ দামী সেইসব বইগুলোকে আধুনিক পদ্ধতিতে সংরক্ষণের চেষ্টা আমাদের সরকার করছে এবং এই ব্যাপারে আমাদের সরকার সংবেদনশীল। তাই এই গ্রন্থাগার বিভাগ, যে বাজেট বরাদ্দর দাবী করেছে আমি তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, অত্যন্ত পরিতাপের বিষয়, যে স্বাধীনতার পর ৬৮ বছর কেটে গেছে অথচ এখনো আমাদের দেশের মোট জনসংখ্যার একটা বিরাট সংখ্যক মানুষ শিক্ষার আলো থেকে বঞ্চিত। এখানো স্বাক্ষরতা অভিযান শুরু হলেও আমরা কিন্তু একশো শতাংশ সাক্ষর করতে পারিনি। নিরক্ষরতার অভিশাপ থেকে আমরা মুক্ত হতে পারিনি। যদিও উন্নয়ন চলছে। আমরা যতই বিভিন্ন ক্ষেত্রে উন্নয়ন করি না কেন, যদি শিক্ষার আলো সব জায়গায় না পৌঁছোয়, তাহলে দেখবেন জ্বলন্ত প্রদীপের নীচে যেমন অন্ধকার থাকে সেটাই কিন্তু দৃশ্যমান হয়। রবীন্দ্রনাথ ঠাকুর এক্ষেত্রেও আরও সুন্দর একটি কথা বলেছেন — উনি বলছেন যে — আমাদের ভদ্র সমাজ আরামেই আছে। কেননা আমাদের লোক সাধারণ নিজেকে বোঝে নাই। এইজন্যই জমিদার তাহাকে মারিতেছে। মহাজন তাহাদিগকে ধরিতেছে। মানুষ তাহাদিগকে গালি দিতেছে। পুলিশ তাহাদিগকে শুষিতেছে। গুরুঠাকুর তাহাদিগকে মাথায় হাত বুলাইতেছে। মোক্তার তাহাদিগকে গাঁট কাটিতেছে। আর তাহারা কেবল অদৃষ্টের নামে নালিশ করিতেছে, যাহার নামে সমন জারি করিবার যো নাই। স্যার, এই নিরক্ষরতার অভিশাপ থেকে দেশকে মুক্ত করা আমাদের সকলেরই লক্ষ্য হওয়া উচিত। এক্ষেত্রে আমাদের সরকার কিন্তু অত্যন্ত দায়িত্ব সহকারে কাজ করছে। মানুষের জীবনের প্রধান চাহিদা বা প্রধান প্রয়োজন হচ্ছে পাঁচটি — খাদ্য, বস্ত্র, বাসস্থান এবং শিক্ষা ও স্বাস্থ্য। কিন্তু

আমাদের মতো দরিদ্র দেশে যেখানে খাদ্য, বস্ত্র, বাসস্থান জোগাড় করতে মানুষকে হিমশিম খেতে হয়। সেখানে স্বাস্থ্য এবং শিক্ষা কিন্তু থেকে যায় অবহেলিত এবং মানুষ বঞ্চিত থেকে যায়।

[5.00 - 5.10 p.m.]

এবং বহু ছাত্রছাত্রী যারা স্কুলে ভর্তি হয়ে স্কুল ছেড়ে দিতে বাধ্য হয়। এবং এই কারণে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের উদ্যোগে সর্বশিক্ষা অভিযান শুরু করা হল অর্থাৎ সকলের জন্য শিক্ষা। এখানে শুধুমাত্র ছোটো বাচ্চাদের স্কুলে নিয়ে যাওয়া নয়, যারা স্কুল ছেড়ে দিচ্ছে তাদের স্কুলে টেনে আনা, অনেক বয়স্ক মানুষ আছে যারা কোনদিন শিক্ষা পায়নি — তাদেরকে বয়স্ক শিক্ষার মাধ্যমে তাদেরকে শিক্ষিত করা এবং সঙ্গে সঙ্গে অনেক পেশাগত কারণে যারা শিক্ষা পায়নি, তাদেরও শিক্ষার মধ্যে টেনে আনা — এই কাজগুলো আমাদের সরকার করছে, দশটি জেলায় সাক্ষরতা অভিযান চলছে — আমার আগের বক্তা বলেছেন। সবথেকে উল্লেখযোগ্য হল আমরা পশ্চিম মেদিনীপুরটা যুক্ত করতে পেরেছি। অর্থাৎ যে জঙ্গলমহল ব্রাত্য ছিল, অবহেলিত ছিল — আমরা সাক্ষরতার অভিযানের মাধ্যমে তাকে সংযুক্ত করতে পেরেছি। আমরা বিশেষ চাহিদাপূর্ণ শিশুদের জন্য ছাত্রাবাস এবং আরও বিদ্যালয়ের পরিধি বাড়ানোর উপর জোর দিচ্ছি। যাই হোক, আমি এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের জনশিক্ষা প্রসার এবং গ্রন্থাগার পরিষেবা বিভাগের মন্ত্রী মহোদয় যে ১৪ নম্বর দাবীর ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন, সেই প্রসঙ্গে দুটি কথা বলতে চাই। আজকে শিক্ষার বাজেট নিয়ে আলোচনা হচ্ছে, ২০১৩ সালের ৭ই জুন একজন কলেজ ছাত্রী বাড়ি ফেরার পথে দুষ্কৃতীদের দ্বারা ধর্ষিত হয়ে খুন হন। তার দুই বছর পূর্ণ হল গত ৭ই জুন। এইরকম পরিবেশের মধ্যে দিয়ে আমরা পশ্চিমবঙ্গে চলছি। আমরা সেই শিপ্রা ঘোষের আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে দুটি কথা বলব। প্রথমে হচ্ছে, গ্রন্থাগার ও জনশিক্ষা প্রসার গ্রন্থাগার হচ্ছে বইয়ের ভাণ্ডার। জ্ঞানীদের কথা হচ্ছে, বই পড় এবং বই সংরক্ষণ কর। যারা জ্ঞানীগুণী এবং যাদের কিছু চাহিদা আছে লেখাপড়ার প্রতি বা কিছু জানার প্রতি তারা লাইব্রেরীতে যায়। লাইব্রেরী জ্ঞানের ভাণ্ডার হিসাবে পরিগণিত হয় লাইব্রেরীটা হচ্ছে সেই জায়গা। লাইব্রেরীতে সমস্ত বিষয়ে, সমস্ত সাবজেক্টের বই থাকবে, তাদের যেটা জানা দরকার তারা সেটা জানবে। কিন্তু লক্ষ্য করলাম, পরিবর্তিত সরকার ২০১১ সালের আসার পর — প্রথম আঘাতটা আনলেন লাইব্রেরীর উপরে, প্রথম আঘাতটা আনলেন জ্ঞানীগুণী ব্যক্তিদের উপরে, প্রথম আঘাতটা আনলেন ছাত্রছাত্রী উপরে। তিনি এমন একটা সারকুলার জারি করলেন, যে লাইব্রেরীতে এই এই খবরের কাগজ ছাড়া আর কেউ কোনও কিছু পড়তে পারবে না। এটা একটা গণতন্ত্রের উপর আঘাত। গণতন্ত্রের পিঠে আঘাত এবং যে জ্ঞানীগুণী ব্যক্তিরা বলেছিলেন যে, লাইব্রেরীতে যাও, শেখো, পড়, তাদের প্রতি বাধা সৃষ্টি করেছেন এবং আজকে কিন্তু সেই কাগজগুলি কাদের দ্বারা পরিচালিত হত সেই সমস্ত অনুসন্ধান পশ্চিমবাংলায় চলছে। মন্ত্রী মহোদয় বলবেন কি, সেই সরকারের সেই কাগজগুলি কোথায়

কোথায় গেল? আর বর্তমানে লাইব্রেরীতে কোন কোন কাগজগুলি পঠনপাঠন করা হচ্ছে। আজকে অবাক হয়ে যাবে আমাদের অনেক শাসকপক্ষের বিধায়ক বললেন, নীরদ চৌধুরি থেকে আরম্ভ করে, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর এই সমস্ত ব্যক্তিদের কথা বললেন। আমি স্মরণ করি তাদেরকে, শ্রদ্ধা করি এবং তারা হচ্ছেন মহান ব্যক্তি, তাদের শিক্ষায় শিক্ষিত হয়ে আমরা এই জায়গায় উপস্থিত হয়েছি। কিন্তু বলুন তো, আজকে লাইব্রেরীতে গেলে আমরা বই পাই না, লাইব্রেরীয়ান নেই। লাইব্রেরীয়ান নেই, অর্থাৎ এক একটি লাইব্রেরীতে একজন লাইব্রেরীয়ান পাবেন না, অ্যাপয়েমেন্ট নেই, লাইব্রেরী রোজ বন্ধ থাকে। আপনার যদি কোনও বই চাই, বাই পাবেন না। আমি একটা লাইব্রেরীর সভাপতি আছি, সেখানে লক্ষ্য করেছি, সেখানে একটা দপ্তরি আছে, সে আবার ১৪ কিলোমিটার দূরে একটা লাইব্রেরীতে গ্রন্থাগারিকের কাজ করছে। তাহলে মানুষের যে চাহিদা, শুধু খাওয়া-দাওয়ার চাহিদা নয়, মানুষের মনের চাহিদা, লেখাপড়ার চাহিদা, জানার চাহিদা — সেই চাহিদা পূরণ করবে লাইব্রেরী। কিন্তু এইখানে এই সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ। আমরা চার বছর ধরে যেটা লক্ষ করছি, স্যার, আমি আপনাকে দেখাতে পারি ২০১৩-১৪, ২০১৪-১৫ ও ২০১৫-১৬। তিনটি সালে যে বাজেট বিবৃতি দেওয়া হয়েছে দেখবেন একই কথা বলা হয়েছে। যে কটা লাইব্রেরী ছিল সরকার পোষিত, সুসঙ্গবদ্ধ সেই লাইব্রেরীগুলোই আছে। সেইগুলোর আমরা উন্নতি সাধন করব একই কথা বলা হচ্ছে। তাহলে ৪ বছরে কেন কোন রকম উন্নতি সাধন হল না? মহিলাদের জন্য লাইব্রেরী করার কথা বলা হচ্ছে। আজকে আমি স্যার আপনাকে আবদেন করব, অনুরোধ করব আজকে পশ্চিমবাংলার যে পরিবেশ, যেখানে মহিলারা কোনও জায়গায় বার হতে পারছে না। লাইব্রেরীতে যেতে পারছে, কলেজে যেতে পারছে? আগে পরিবেশটাকে ঠিক রাখতে হবে। আজকে যেরকম চলছে গোটা পশ্চিমবাংলায়, স্কুলকলেজেগুলোতে যে অবস্থা চলছে আজকে মহিলারা লাইব্রেরীতে গিয়ে কাজ করতে পারবে? বাজেটে তিনি বার বার বলার চেষ্টা করেছেন আগামী দিনে করবেন, করতে চাই, শুধু এই কথা বলা হয়েছে এই বাজেটের মধ্যে। তাহলে এতদিন তিনি কি করলেন? আজকে মুখ্যমন্ত্রীর কথা বার বার বলা হচ্ছে, মুখ্যমন্ত্রীর অনুমতিতে সবকিছু হচ্ছে, তাহলে কি এই ডিপার্টমেন্টকে অবহেলা করা হচ্ছে? তিনি কি এই ডিপার্টমেন্টকে অবহেলা করছেন? নাকি মন্ত্রী, তিনি তাঁর কাজ করতে পারছেন না। তিনি বুঝতে পারছেন না, নাকি কিছু করতে পারছেন না? অনুগ্রহ করে বলবেন। কারণ একটা গ্রন্থাগার দপ্তর, জনশিক্ষা দপ্তর আছে কিনা পশ্চিমবাংলায় মানুষের মধ্যে সন্দেহ দেখা দিয়েছে। আজকে বলছেন, জঙ্গলমহল, সুন্দরবন, সংখ্যালঘু তফশিলী জাতি এলাকায় লাইব্রেরী আপনারা কটা করেছেন? আপনি এই সময়কালে কটা করেছেন আপনি জানাবেন, একটু উত্তরটা দেবেন। এড়িয়ে যাবেন না, আমাদের জানার দরকার আছে। স্যার, আপনি অভিজ্ঞ মানুষ, আপনি চেয়ারে আছেন, রাজা রামমোহন রায়ের ফাউন্ডেশান এবং রাজ্য সরারের যৌথ প্রচেষ্টায় কিছু কাজ হচ্ছে বলছেন। কিন্তু দুঃখ লাগে যখন আমাদের পরবর্তী প্রজন্ম যখন দেখবে যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন বক্তৃতা দিলেন। রাজা রামমোহন রায় এই সভার সদস্য ছিলেন। এবং তিনি সতীদাহ প্রথা রদ করেছেন। আমরা যেটা জানি রাজা রামমোহন রায়কে নিয়ে এইভাবে তাঁর কথাটা বিকৃত করাটা সঠিক হয়েছে কিনা জানাবেন। আমি বিতর্কে যাচ্ছি না, আমরা জানি, যেটা পড়েছি রাজা

রামমোহন রায় আন্দোলন করেছিলেন সতীদাহ প্রথা নিয়ে, সতীদাহ প্রথা রদ করার ব্যাপারে তাঁর একটা ভূমিকা ছিল সকলে জানে। কিন্তু লর্ড উইলিয়ম বেন্টিঙ্ক ১৮২৯ খ্রিস্টাব্দে তিনি এটা রদ করেছিলেন। কিন্তু আমরা হঠাৎ করে বিভিন্ন পত্রপত্রিকায় দেখছি আমরা অবাক হয়েছি, ছেলেমেয়েরা হাসাহাসি করছে। ছেলেমেয়েরা বলছে এটা কি ব্যাপার কি বৃত্তান্ত। আমরা যেমন দেখলাম সিদু কানু ডহরবাবুর নাম শুনলাম, মানুষের মধ্যে আশা, শেক্সপিয়ারকে নিয়ে চলে আসলেন রবীন্দ্রনাথ ঠাকুরের কাছে। আমরা জানি না, আমরা যে কথা নিয়ে আলোচনা করছি, জ্ঞানীরা বলছেন বই পড়ো, বইকে সংরক্ষণ করো, বইকে দেখ। আমরা যখন বলি, এই কথা শুনি, আজকে জ্ঞানীরা চলে গেছেন, নেই আজকে, কিন্তু অনেক শিক্ষিত মানুষ আপনাদের মধ্যে আছে আমাদের মধ্যেও আছে, আপনি একজন শিক্ষিত মানুষ। ফলে এই বার্তা যেন ছেলেমেয়েদের মধ্যে না যায় কারণ এটা আমাদের রাজ্যের ক্ষেত্রে দুর্নাম হবে বা অবহেলা করা হবে বলে আমি মনে করি। একটা গ্রন্থমেলা হচ্ছে, একটা বইমেলা হচ্ছে, সবাই যাব আমরা, কলকাতায় বইমেলা হয়, জেলায় বইমেলা হয় কিন্তু আমরা তো ডাক পাই না। কাকে দিয়ে উদ্বোধন করা হয়, আমি কাউকে ছোট করছি না, কিন্তু এই কথা বলছি বইমেলা যিনি উদ্বোধন করবেন তাকে কিছু জানতে হবে, এই বই সম্পর্কে তাঁর জ্ঞান থাকা দরকার। কিন্তু আমি লক্ষ করলাম, আমি মুর্শিদাবাদ জেলার কথা বলছি, মুর্শিদাবাদ জেলায় উদ্বোধন করেছেন কে জানেন? একটু খোঁজ নিয়ে দেখবেন। তাহলে এই জিনিসকে নিয়ে ছেলেখেলা করবেন না। আমি মন্ত্রীকে একটা অনুরোধ করব আপনি এই দপ্তরটাকে তুলে দেবেন না, আপনি এই দপ্তরটাকে একটু দেখুন। সেই জন্য আমি এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আব্দুল করিম চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমার জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা দপ্তরের ব্যয়বরাদ্দ ২০১৫-১৬ সালের জন্য প্রস্তাব পেশ করা হয়েছে। আমি তার অনুমোদনের জন্য এই হাউসে রেখেছি।

[5.10 - 5.20 p.m.]

এখানে অনেকে অংশগ্রহণ করেছেন। তিনজন সরকার পক্ষের, তিনজন বিরোধী পক্ষের। আমি দেখেছি স্যার যে, বিরোধীপক্ষ মানেই সে বিরোধী কথা বলবেই। কয়েকটা কথা ওরা বলেছেন। আমার বিবৃতিতে, আমার স্পীচে, আমি যা পেশ করেছি আপনাদের সামনে, সেখানে ইলাবোরেটলি একটা কথা লেখা আছে যে, কিভাবে আমরা এই দপ্তরের উন্নয়ন করেছি চার বছরের মধ্যে। অপানারা ওভারলুক করে যাচ্ছেন। আমি পরিসংখ্যান যখন আপনাদের দেব, তখন আপনারা দেখবেন যে আপনাদের আমলে কি হয়েছিল, আর আমাদের আমলে এই চার বছরে আমরা কত দূর এগিয়ে গেছি। আমার সময় কম আছে, আমার অ্যালটমেন্টে। এই জন্য আমি বেশি সময় বলতে পারব না। সেই জন্য আমি বেশি কথা বলব না। কয়েকজন বলে গেলেন। আমার শুনতে ভালো লাগল বিপ্লব রায়চৌধুরী মহাশয় এবং আমাদের রত্না ঘোষ মহাশয়া খুব ভালোভাবে তথ্যগুলো দিয়েছেন। এখানে আমার বক্তব্যটা হচ্ছে যে, গ্রন্থাগার

পরিষেবা আমাদের পশ্চিমবাংলায় এই কয়েক বছরের মধ্যে যা করেছে সেটা আপনারা অবাক হয়ে যাবেন। সেকেন্ডলি কথাগুলো আপনাদের বলতে সময় লাগবে, এই জন্য আমি বেশি সময় নিতে চাইছি না। কিন্তু এখানে সিস্টেমটা যেভাবে করেছে, একটা নেট ওয়ার্কের মাধ্যমে কাজ করা হচ্ছে central library থেকে নিয়ে, ছ'টা district library নিয়ে, ২০০টা গ্রামীণ লাইব্রেরী নিয়ে। এইভাবেই জেলার মধ্যে district Connectivity করা হয়েছে লাইব্রেরীর সঙ্গে। বড় আশ্চর্যের ব্যাপার, প্রত্যেকটা জায়গায় প্রত্যেকটা লাইব্রেরীর সঙ্গে কম্পিউটারাইজেশন করে দেওয়া হয়েছে। আপনাদের সামনে আমি যে কথাগুলো বলছি, আমাদের WAN/Net work system দিয়ে অনেকের কাছেই আমরা আমাদের পরিষেবা পৌঁছে দিচ্ছি। ১৭০টি শহর গ্রন্থাগার এবং ২০০টি গ্রামীণ গ্রন্থাগারের কাজ করার জন্য একটি প্রকল্প আনা হয়েছে। স্যার, এখানে আরও কথা বলা হচ্ছে যে অনুশীলন দেওয়া হয়েছে প্রায় ৪০,০০০ দুস্থ ছেলেমেয়েদের, যেহেতু আপনারা বলেছিলেন, তাই আমি বললাম। ডিটেলসে বললে আমার টাইমটাই চলে যাবে। আমরা যে কাজ করেছি, সেই ব্যাপারে ইনসার সাহেব বলেছিলেন ওমেন কলেজের ব্যাপারে, মহিলা কলেজের ব্যাপারে, মহিলা লাইব্রেরীর ব্যাপারে। মহিলা লাইব্রেরীর কথা আমরা চিন্তা করেছিলাম, চিন্তাতে এনেছিলাম। কিন্তু দেখলাম যে আর্থিক অবস্থা তো আমাদের ঠিক নেই। সেই জন্য ৪০টি ডিস্ট্রিক্টে লাইব্রেরীর মধ্যে আমরা মহিলা কর্নারগুলো করে দিয়েছি। Because there are so many people। অনেকেই আছেন যারা সঙ্কোচবোধ করতেন, পুরুষের এর সঙ্গে বসা যাবে না। যার ফলে আমরা সাধারণ গ্রন্থাগারে মহিলাদের জন্য একটি মহিলা কর্নার করে দিয়েছি। সেখানে আমরা বলছি, আমরা নতুন লাইব্রেরীর করার কথা তো ভাবিনি। নতুন লাইব্রেরীর বদলে যে existing libraryগুলো আছে, সেগুলো বাঁচানোর জন্য চেষ্টা করছি। সেই existing libraryগুলোতে অনেক পদ শূন্য আছে বলে একজন বলছিলেন। যে পদগুলো শূন্য আছে, লাইব্রেরীর দেখাশোনা করার লোক নেই। সেইগুলো লিখে আমরা অর্থবিভাগে পাঠিয়েছি। সেই অর্থ বিভাগ থেকে এখনও কোনও সদুত্তর আসেনি। যার ফলে একটু দেরী হচ্ছে। আবার 31st August of every year আমরা 'লাইব্রেরী ডে' অবজার্ভ করছি। Central library থেকে নিয়ে একবারে sub division library, জেলা লাইব্রেরী সব জায়গায় আমরা এইদিনে আমরা লাইব্রেরী ডে হিসাবে পালন করছি। স্যার, আর একজন বুক ফেয়ারের কথা বললেন। Book Fair is not done by the জেলা পরিষদ। এটা করেন কে? আমাদের লোকাল লাইব্রেরী অথরিটি বা এল.এল.এ. আছে, তারাই এটা করে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হল প্রেসিডেন্ট। সেই লাইব্রেরী কমিটিকে দিয়ে প্রত্যেকটি ডিস্ট্রিক্টে বুক ফেয়ার করা হয়। সেই বুক ফেয়ার সময় সময় লাইব্রেরী কমিটিকে দিয়ে সাব-ডিভিশানে করা হয়। এই জন্য অনেক জায়গায় টাইমলি নিমন্ত্রণপত্র পৌঁছায় না, আবার অনেক জায়গায় টাইমলি পৌঁছেও যায়। আর একজন একটি কথা বলছিলেন। গ্রন্থাগার বিভাগের যে চার্টটা দেখালেন, সেই চার্টের ব্যাপারে বলব, স্যার আমি পরিসংখ্যান দিচ্ছি। আমাদের এই ডিপার্টমেন্টে ২০১০ একবছর মিনিমাম, আমরা চারটি বছর নিচ্ছি। ২০১০-১১ ৬৫.৫৮ ক্রোড় বাজেট অ্যালোকেশান ছিল। তার থেকে খরচ হয়েছে ১৯.৫৪ ক্রোড়। যেখানে ৩০ শতাংশ খরচা করেছিল বাম আমলে। ২০১১-১২ সেখানে আমরা

দেখছি যে, বাজেট অ্যালোকেশান ৭২.৬০ ক্রোড় ছিল। সেখানে ২৭.৬৫ ক্রোড় খরচ হয়েছে। অর্থাৎ, ৩৮ শতাংশ। টাকা বেড়ে গেল। ২০১২-১৩-এ ৭৫ কোটি টাকা অ্যালোকেশান হয়েছিল, ৪৩.৩৭ ক্রোড় খরচ হয়েছে। ৫৮ শতাংশ। ২০১৩-১৪ সেখানে আমরা দেখছি যে, ৮০ ক্রোড় আমাদের বাজেট অ্যালোকেশান ছিল।

মিঃ স্পীকার : With the consent of the House, আরও পাঁচ মিনিট সময় বাড়ালাম।

শ্রী আব্দুল করিম চৌধুরী : ২০১৪-১৫ সালে আমরা দেখছি যে, ৮০.৯১ ক্রোড় অ্যালোকেশান ছিল সেখানে খরচ হয়েছে ৫৫.২৩ ক্রোড়। ৬৮ শতাংশ। Uprising — আমরা তো উপরের দিকে যাচ্ছি। এই পরিসংখ্যানগুলো দিলাম। নেক্সট বলছি আপনাকে, আমি এখন বলব জনশিক্ষা প্রসারের কথা। জনশিক্ষা প্রসারের বিষয়ে আপনি বললেন কিছু — সাক্ষর ভারত। সাক্ষরতার বিষয়ে আপনারা রেসিওটা বলছেন। আমরা ৭৫ শতাংশ কেন্দ্রীয় সরকার থেকে পাচ্ছি। ২৫ শতাংশ আমাদের রাজ্য দিচ্ছে। সেখানে গত বছর কেন্দ্রীয় সরকারের দেওয়ার কথা ছিল ১২ কোটি টাকা। উনারা বলছিলেন যে, আপনারা কমিয়ে দিয়েছেন। কিন্তু আমরা লাস্টে পেলাম ৯ কোটি টাকা। যার ফলে আমাদের রেসিওটা কমে গেছে। ৩:১ হয়েছে। রাজ্য সরকারের ৩ কোটি টাকা আমরা পুরোটা খরচা করতে পারিনি। এ কথা ঠিক। কিন্তু আমি বলছি কি, যে আমাদের জনশিক্ষা প্রসারে অনেকগুলি কাজ আছে। তার মধ্যে যেমন, ওয়েলফেয়ার হোমগুলি আছে। তারপর আমাদের সাক্ষর ভারত আছে। এই কাজগুলো যে আমরা করেছি এই সরকারের আমলে। অনেক কাজই আমরা করেছি। যেখানে আমরা ২০ মডেল অ্যাডাল্ট এডুকেশান সেন্টার করেছি। দশটি জেলায় আমাদের সাক্ষর ভারত কর্মসূচী চলছে। এর মধ্যে যেমন, কুচবিহার, মালদহ, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজুর, বীরভূম, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার — এইসব জেলায় সাক্ষরতার হার কম আছে বলে দেওয়া হয়েছে। এবারে পশ্চিম মেদিনীপুরকে সাক্ষর ভারত কর্মসূচীর অন্তর্গত আনা হয়েছে। সেখানে যে মূল্যায়ন করা হয়েছে তাতে ১০ লক্ষ ১৯ হাজার ৩৩ জন নব্যশিক্ষা/শিক্ষার্থীর মূল্যায়ন করা সম্ভব হয়েছে। মাননীয় বিধায়ক বলেছেন যে, আরও কোথায় আছে, সেটা বলে দিই। ফিগারটা বলে দিই স্যার। সাক্ষর ভারত কর্মসূচীর অন্তর্গত concor পোষিত এবং CSR-এর সহায়তায় সাক্ষর ভারত কর্মসূচীর জন্য নির্দিষ্ট ১০টি জেলায় মোট ২০টি মডেল অ্যাডাল্ট এডুকেশান সেন্টার করা হয়েছে, যেটা আমি বললাম। পশ্চিম মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার অন্তর্গত মাওবাদী এলাকার মধ্যে দুধকুণ্ডিতে গত বছর একটি ১০০ জন আবাসিকের জন্য নতুন রাষ্ট্রীয় কল্যাণ আবাস নির্মাণ করা হয়েছে। অনুরূপ একটি রাষ্ট্রীয় কল্যাণ আবাস পূর্ব মেদিনীপুর জেলার কাঁথিতে নির্মাণকল্পে ইতিমধ্যেই ১.৫ একর জমি অধিগৃহীত হয়েছে। বাঁকুড়া রাষ্ট্রীয় কল্যাণ আবাসে শুধুমাত্র মহিলা আবাসিকদের রাখা হয়েছে। তার জন্য ১০০টি বেডের ব্যবস্থা করা হয়েছে। জঙ্গলমহল অঞ্চলে পুরুলিয়া-২ ডেভেলপমেন্ট ব্লকে একটি রাষ্ট্রীয় আবাস নির্মাণের জন্য ১০ একর জমি এবং উত্তর দিনাজপুর জেলার ইসলামপুরে

অনুরূপ আবাস নির্মাণকল্পে ১.৫২ একর জমি ইতিমধ্যেই অধিগৃহীত হয়েছে। এই পরিকল্পনাগুলো আমরা করেছি।

আমি একটা ভালো খবর আপনাদের শোনাচ্ছি। বিগত চার বছরে ৫,৮৩৭ জন নবম এবং দশম শ্রেণীর ছাত্রছাত্রীকে বৃত্তি দেওয়া হয়েছে। আরেকটা কথা বলব, আমার কাছে পেন্ডিং অ্যাপ্লিকেশন আছে সেগুলো দিতে পারিনি। ...(নয়েজ)... বামফ্রন্ট আমলে embargo লাগিয়ে চলে গিয়েছিলেন। এটা আমি এখনও কিছু করতে পারলাম না আমাদের সরকারের আর্থিক দুরবস্থা চলার জন্য।

[5.20 - 5.30 p.m.]

মিঃ স্পীকার : With the consent of the House সভার কাজের সময় পাঁচ মিনিট বাড়ানো হল।

শ্রী আব্দুল করিম চৌধুরী : আমাদের অনেক home আছে। অনেক ওয়েলফেয়ারের ব্যবস্থা আছে যেগুলো un-recognized। এই বছর থেকে আমি তাদের প্রত্যেক বছর এককালীন অনুদান দেব। আশা করি আপনারাও এতে খুশী হবেন। হোমগুলো খুলে বসে আছে ছাত্রছাত্রীদের নিয়ে, handicap physically, প্রতিবন্ধীদের নিয়ে খুব কষ্টের মধ্যে চলছে। আমি ঠিক করেছি, এককালীন অনুদান তাদের অবস্থা দেখে দেব। আমি add দিয়ে application call করব। যারা যারা এই অনুদান নিতে চান তাদের ডাকব এবং তাদের দেব।

আমাদের জনশিক্ষা প্রসার দপ্তর থেকে নব-সাক্ষরদের জন্য sports and cultural programme করা হয়েছে। প্রত্যেক বছর আমরা observe করি। Sports করাই প্রত্যেকটা জেলায়। এক একবার করে করি এই নব-সাক্ষরদের জন্য। আমাদের Government District Welfare Home আছে ১১টা। আগে এখানে এই Sportsগুলো হত। এখন, এ বছর ৫৩ আছে। এই ৫৩-র মধ্যে ১১টা আমাদের গভর্নমেন্টের আছে। ডাইরেক্ট গভর্নমেন্ট। বাকিগুলো স্পনসর্ড। ৫৩টাই এবার থেকে প্রত্যেক বছর sports-এর মধ্যে এবং cultural program-এর মধ্যে নিয়ে আসব। আমি যে পদক্ষেপ নিয়েছি তাতে বলা যেতে পারে পশ্চিমবাংলার জনশিক্ষা প্রসার বিভাগে এবং গ্রন্থাগার বিভাগে ভালো কাজ হয়েছে, উন্নয়নের দিকে যাচ্ছে।

আর, রিগার্ডিং সার্ভিসেস, employment, এটা এখনও পেন্ডিং পড়ে আছে। আমি আবার চিঠি লিখব। যদি আমাদের vacancyগুলো fill up করার জন্য সিগনাল আসে, অনুমোদন আসে, তাহলে নিশ্চয় ফিল আপ করব। ধন্যবাদ।

Mr. Speaker : Now I put to vote the cut Motion moved by Shri Gouranga Chatterjee. As many as are of that opinion will please say Aye - and as many as are of the contrary opinion will please say, No.- Noes have it. Noes have it. The cut motion is lost.

Now, I put to vote the main Demand moved by Dr. Amit Mitra that a sum of Rs.259,17,90,000 be granted for expenditure under Demand No.14, Major Heads : "2202" General Education, 2205-Art and Culture, 2235-Social Security and Welfare, 2251-Secretariat-Social Services, 2515-Other Rural Development Programmes, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture and 4235-Capital Outlay on Social Security and Welfare" during the year 2015-2016. (This is inclusive of a total sum of Rs. 86,39,32,000 already voted on account).

As many as are of that opinion will please say Aye- and as many as are of the contrary opinion will please say, No.- Ayes-have.

Ayes-have it. Demand No.14 is passed. Demand No.14 is passed.

Demand No. 51

Mr. Speaker : Now, discussion on Demand No.51. Demand No.51 relates to Technical Education and Training Department. There is one Cut Motion. The Cut Motion is in order and the Hon'ble Member, Shri Asit Mitra, may now move his Cut Motion.

Shri Asit Mitra : Mr. Speaker, Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-.

শ্রী বাসুদেব খাঁ : স্যার, ২০১৫-১৬ অর্থবর্ষে পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের অভিযাচন নম্বর ৫১-তে ব্যয়-বরাদ্দ যা পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি। আপনি পশ্চিমবঙ্গকে ভারতের দক্ষতার রাজধানী হিসেবে গড়ে তুলতে চেয়েছেন। এই দক্ষতার রাজধানী হিসাবে আপনি গড়ে তুলতে চেয়েছেন ঠিকই, কিন্তু তার সঙ্গে আমার কয়েকটি প্রশ্ন রয়ে গেছে। আজকে শিক্ষার ক্ষেত্রে প্রতিযোগিতা হোক। কিন্তু আমরা চাইছি রাজনীতির ক্ষেত্রে প্রতিযোগিতা না হোক। কারণ এখানে আপনি যে অর্থ ধরেছেন, ভেবেছেন, এটা আমাদের রাজ্যের মঙ্গলের জন্যই, বেকার যুবকদের জন্য, সব যুবক-যুবতীর কথা চিন্তা করেই। আপনি আপনার চিন্তাভাবনাকে সেই জায়গায় পোষিত করার চেষ্টাতে আছেন। কিন্তু সেই ভাবনাগুলো প্রতিফলিত এই জায়গায় হচ্ছে না। তার জন্যই বিরোধিতা আমাকে করতে হচ্ছে। শিক্ষার ক্ষেত্রে কখনও আমরা বিরোধিতা করছি না, করবোও না। আপনি জানেন, কেন্দ্রীয় সরকার যে টাকা দেয় — আপনি দাবি করছেন, রাজ্য সরকার এই সময়কালে দাবি করছে — এই সময়কালে বিশেষত কারিগরি শিক্ষার ক্ষেত্রে আমরা যা উন্নয়ন করেছি বিগত সরকারের থেকে, আমাদের অ্যাচিভমেন্ট অনেকাংশে। ঠিকই, আপনারা করেছেন। আমরা কি করেছি? আমাদের বিগত সরকারের সময়তে ২০১০ সালে আমরা কি দেখেছিলাম? আমাদের রাজ্যেতে ২৬টি পলিটেকনিক ছিল। কিন্তু এই সময়কালেতে সরকারি-বেসরকারি সমস্ত কিছু মিলে ১১১-টার মতো আপনারা করেছেন। ভালোর দিক। কিন্তু যখন কেন্দ্রীয় সরকারের কোটি

কোটি টাকা রাজ্য সরকার পাচ্ছে, সেই টাকার ক্ষেত্রে আপনারা বিল্ডিংগুলো করছেন একটার পর একটা। তাহলে আপনারা চিন্তাভাবনা করেছেন, আপনারা সিদ্ধান্ত নিয়েছিলেন যে প্রত্যেকটি মহকুমাতে একটি করে পলিটেকনিক করব। ভালোর দিক, আমরা তো এটা খারাপ দিক ভাবছি না। কিন্তু বিল্ডিং করেই কি আপনাদের শেষ কথা। আমরা দেখতে পাচ্ছি এই বিল্ডিং করার পর যে ইনফ্রাস্ট্রাকচার তৈরি করার কথা সেগুলো কিন্তু আপনি কোনমতে করছেন না। এগুলো কেন্দ্রীয় সরকারের দায়িত্ব নয়। এগুলো রাজ্য সরকারের দায়িত্ব। তাহলে রাজ্য সরকার এই জায়গাতে দাঁড়িয়ে আজকে সেখানে লেকচারার থেকে আরম্ভ করে, কর্মচারী থেকে আরম্ভ করে কোনও জায়গাগুলোতে আপনি হাত দিচ্ছেন না। কিন্তু বিল্ডিংয়ের পর বিল্ডিং আপনি করে যাচ্ছেন। আমরা কি দেখলাম? ২০১০ সালে পিএসসি ছিল। সেই পিএসসিতে সত্তর থেকে আশিজন লেকচারার সেই সময় তারা পেয়েছে। কিন্তু এই সময়তে আপনি কি করলেন? পিএসসি'র মাধ্যমে আজকে যে লেকচারারের সংখ্যাটা হওয়া উচিত ছিল, সেই জায়গায় কিন্তু আপনি হাত দিলেন না। কারণ আপনি জানেন, অ্যাজ পার এআইসিটি গাইডলাইনে যেটা আছে টিচার স্টুডেন্টদের রেসিও বলা হচ্ছে 1:20. 1:20 যদি হয়, তাহলে এতগুলো শিক্ষাপ্রতিষ্ঠানের ক্ষেত্রেতে, সেই জায়গায় আপনার স্ট্রেন্থ কত আছে? এখানে টিচারের, এখানে লেকচারারের? ৬৫০ জন টিচার আছে। আর ছাত্র স্ট্রেন্থ কত আছে? ১০ হাজার। তাহলে আপনি যে চিন্তা-ভাবনা নিয়ে রেসিওটা ঠিক করেছেন, সেই জায়গায় আপনি পৌঁছাতে পারছেন না। এর ফলে কোনও এক কলেজ থেকে আরেক কলেজে লেকচারারদের আপনি নিয়োগ করছেন। এই সময়কালে দেখা যাচ্ছে একই নাম দুটো কলেজে রয়ে যাচ্ছে।

[5.30 - 5.40 p.m.]

কারণ এটা আমার কথা নয়, AICTE আপনাদের ক্ষেত্রে যে complain করেছিল, সেই complain-এর তারিখ ৫.৬.২০১৫, e-mailও করেছিল। তাতে বলা হয়েছিল, এই রকম কলেজগুলোতে যেভাবে শিক্ষক নিয়োগ করা হচ্ছে, সেই নিয়োগটা কিন্তু ঠিক হচ্ছে না। সেগুলি জানা সত্ত্বেও আপনি এই বিষয়গুলিতে কি উদ্যোগ নিয়েছেন, সেগুলি এই সময়কালে আমাদের জানার বিষয়। আপনি জানেন present Government যে বিলটি পাশ করিয়েছিল Legislative Assembly-তে ২০১৩ সালে The West Bengal State Council of Teachers - Education, Vocational Education and Skill Development Act 2013। এই সময়তে আমরা কি দেখলাম, যে আইনটা পাশ হয়েছিল, কিন্তু সেই আইনটা কার্যকরী এই সময়কালে করলেন না। যার ফলে আমরা এই কি দেখতে পাচ্ছি যে, as per new Act no post for President vocational education। Vocational education-এর ক্ষেত্রে যে প্রেসিডেন্ট তার থাকার কথা এখানে বলছে না, কিন্তু দেখা যাচ্ছে ৮০ হাজার টাকা দিয়ে তাকে রাখা হল এবং শুধু ৮০ হাজার টাকা নয়, উত্তরোত্তর এই টাকা কিন্তু বর্ধিতহারে আরো অনেক কিছু পাওনা তিনি পেতে শুরু করেছিলেন। কারণ আপনারা জানেন যে, ২০১৭ সালেতে একটা পরিসংখ্যান বলছে উচ্চশিক্ষায় শিক্ষিত হবে প্রায় ১১ লক্ষ ছাত্র-ছাত্রী। তাদের মধ্যে কাজের সুযোগ হবে সাড়ে ৪ লক্ষ ছাত্র-ছাত্রীর।

এইরকম একটা কর্মযজ্ঞের মাঝখানে দাঁড়িয়ে যে অবস্থা তৈরি হয়েছে আপনি যদি এই চিন্তাভাবনাগুলি না করেন তাহলে আপনার যে ভাবনাচিন্তাগুলো সেগুলো প্রশমিত হবে না। আমরা কি দেখলাম, State Council, Vocational Council- ১১০ S. N. Banerjee রোডে যে অফিসটা রয়েছে, এই অফিসটাকে আপনি নিউটাউন, রাজারহাটে নিয়ে যেতে চাইছেন। আমরা জানি না, এই জায়গাতে যেখানে কাউন্সিলিং হয়, সেখানে বহু দূরদূরান্ত থেকে ছাত্ররা আসছে। তাদের অনেক সুযোগ-সবিধাগুলি থাকছে। এই সুযোগ-সুবিধার ফলে ছাত্ররা সমস্যার মধ্যে পড়ছে না। সরকারের এমন কি ভাবনাচিন্তা আছে এইরকম যেখানে ছাত্রদের সুযোগ-সুবিধার আছে তা সত্ত্বেও আপনি কি ভাবনাচিন্তা করেছেন S. N. Banerjee থেকে নিউটাউন রাজারহাটে এই রকম একটা বিল্ডিংকে সেখান থেকে সরানোর? এখানে দেখা যাচ্ছে এটাকে hand over করতে চাইছেন P.C. Chandra and Senco-কে। জানি না, P.C. Chandra and Senco-কে এর মধ্যে দিয়ে আপনার ভাবনাচিন্তা থাকতে পারে। এই ভাবনার মধ্যে দিয়ে আর কি ভাবনাচিন্তা আছে সেই ভাবনাটা অন্তত খোলখুলি হাউসের কাছে বললে আমাদের খুবই সুবিধা হবে বলে আমরা মনে করছি। ইতিমধ্যে আপনারা জানেন, বৃত্তিমূলক শিক্ষা এবং আই.টি.আই.গুলি যেভাবে করতে চাইছেন — আপনারা বলতে চাইছেন এগুলি আমরা ব্লক লেভেলে করব। ব্লক লেভেলে কেন আপনারা অঞ্চল লেভেলে করুন, কিন্তু কি দেখা যাচ্ছে, ভ্যাকান্সির পোস্টটা যা লক্ষ করেছি আই.টি.আই.-তে...

...(এই সময় মাইক অফ হয়ে যায়)...

শ্রী পার্থ সারথী চ্যাটার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, ২০১৫-১৬ আর্থিক বর্ষে পশ্চিমবঙ্গ সরকারের কারিগরী শিক্ষা, প্রশিক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় উজ্জ্বল বিশ্বাসের ডিমান্ড নম্বর ৫১-তে ৮২৬ কোটি ৫১ লক্ষ ৪৪ হাজার টাকা যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং বিরোধীদের আনা যে কাট মোশান তার সম্পূর্ণ বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাইছি। চেয়ারম্যান স্যার, গত ১৫ই মে থেকে বাজেট অধিবেশন শুরু হয়েছে। ইতিমধ্যে বিভিন্ন দপ্তরের বাজেট পেশ হয়েছে। বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের সদস্যরা বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেছেন। মন্ত্রী মহোদয়রা জবাবী ভাষণও রেখেছেন। তার মধ্য দিয়ে একটা বিষয় পরিষ্কার হয়েছে যে সামগ্রিকভাবে গোটা রাজ্যে একটা কর্মযোগ্য চলছে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। আমি নিশ্চিত যে কারিগরি শিক্ষা প্রশিক্ষণ দপ্তর তার ব্যতিক্রমী নয়। তার ব্যতিক্রমী নয় এই কারণে যে আমরা যদি ব্যয়-বরাদ্দের দিকটা একটু দেখি ২০১৪-১৫ আর্থিক বছরে যেখানে ৭৩৯ কোটি ২৪ লক্ষ ৯৯ হাজার টাকা বরাদ্দ করেছিলেন। আর ২০১৫-১৬-তে এসে ৮২৬ কোটি ৫১ লক্ষ ৪৪ হাজার টাকা, প্রায় সাড়ে সাতাশি কোটি টাকা বৃদ্ধি করেছে। তাই খুব স্বাভাবিক কারণেই এই ব্যয়-বরাদ্দ বৃদ্ধির মধ্য দিয়ে বোঝা যায় যে কারিগরি শিক্ষা দপ্তরও উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছে আমাদের এই রাজ্যকে। দীর্ঘদিন ধরে এই দপ্তরটিকে অবহেলিত করে রেখেছিল বামপন্থীরা। আর আজকে মাননীয়া মুখ্যমন্ত্রীর উপলব্ধির মধ্য দিয়ে এবং আমাদের মাননীয় মন্ত্রী উজ্জ্বল বিশ্বাসের প্রচেষ্টাতে আমরা সারা ভারতবর্ষে দক্ষতার রাজধানীর দিকে এগিয়ে যাওয়া চেষ্টা করছি। তার

ফলস্বরূপ ২০১৪ সালে অখিল ভারত দক্ষতা প্রতিযোগিতায় সর্বোত্তম রাজ্য হিসাবে আমরা স্বীকৃতি পেয়েছি। নিশ্চিতভাবে এটা আমাদের অনেকটাই পাওনা, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। স্যার, পুঁথিগত বিদ্যার পাশাপাশি কারিগরি শিক্ষা একটা অন্য মাত্রা নিয়েছে। সেটা স্যার আমাদের এই রাজ্যের জন্য নয় বা আমাদের এই দেশের জন্য নয়, সার্বিকভাবে সারা পৃথিবীতে একটা অন্যমাত্রা কারিগরি শিক্ষাক্ষেত্রে নিয়েছে। আমি স্যার এই সদনে একটা তথ্য রাখতে চাইছি। সারা বিশ্বে পুঁথিগত বিদ্যাতে শিক্ষিত হয়ে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন মাত্র ত্রিশ শতাংশ মানুষ। আর তার পাশাপাশি কারিগরি শিক্ষাতে শিক্ষিত হয়ে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পেরেছেন সত্তর শতাংশ মানুষ। তাই কারিগরি শিক্ষা নিশ্চিতভাবে একটা অন্য মাত্রা নিয়েছে এবং সেই দিকে লক্ষ্য রেখে সরকারে আসার পর আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে রাজ্যের প্রতিটি মহকুমাতে একটি করে পলিটেকনিক কলেজ স্থাপন করা হবে এবং প্রতিটি ব্লকে একটি করে আই.টি.আই. স্থাপন করা হবে। সেই দিকে লক্ষ্য রেখে কারিগরি শিক্ষা দপ্তর এগিয়ে যাওয়ার চেষ্টা করছে। এই দপ্তর মূলত তিনটে বিষয়ে শিক্ষা দিয়ে থাকে। একটা হচ্ছে পলিটেকনিক অর্থাৎ ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং শিক্ষা দেওয়া। দ্বিতীয় হচ্ছে আই.টি.আই. শিল্প প্রশিক্ষণালয় বা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে শিক্ষা দেওয়া। আর একটা হচ্ছে ভি.টি.সি. বা বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ। স্যার, প্রথমেই আমরা যদি পলিটেকনিকের ক্ষেত্রে রাজ্যের অবস্থানের দিকে তাকাই, পলিটেকনিকে ১লা জুনের নিরিখে এই রাজ্যের সংখ্যা ছিল মোট ২৬টি। যদিও সবটা ওদের আমলে নয়, আমরা স্বাধীনোত্তর যুগ থেকে যদি ধরি, ডাঃ বিধান রায়ের আমল থেকে ধরে ২৬টি ১লা জুন পর্যন্ত ছিল। আর মাত্র চার বছরে ৪৩টি পলিটেকনিক স্থাপনের উদ্যোগ আমাদের এই সরকার, আমাদের এই দপ্তর থেকে নেওয়া হয়েছে। এই পরিসংখ্যান থেকে বোঝা যাচ্ছে যে এই দপ্তরের কার্যযোগ্য কিভাবে চলছে। আমরা যদি ছাত্রছাত্রী ভর্তির পরিসংখ্যানে যাই তাহলে দেখা যাবে ২০১১ সালে যেখানে ১৭১৮৫ জন ভর্তি হয়েছে, আর ২০১৫ সালে সেখানে ৩১ হাজার ৫২৭ জন, প্রায় ডবল। এর মধ্যে ৪২৯৩ জন ছাত্রছাত্রী এ.আই.সি.টি.-র স্কীম অনুযায়ী ল্যাটারাল এন্ট্রির অন্তর্ভুক্ত। এই রাজ্যে মহিলারাও যাতে কারিগরি শিক্ষার বেতনে উৎসাহ পেতে পারে, সেইজন্য মহিলাদের জন্য হস্টেল গড়ে তোলার উদ্যোগ আমাদের কারিগরি প্রশিক্ষণ দপ্তরের পক্ষ থেকে দেওয়া হয়েছে। সরকারি পলিটেকনিকে ইতিমধ্যেই ২৫টি লক্ষ্যমাত্রা রাখা হয়েছে, যার মধ্যে ১৮টি সম্পূর্ণ হয়েছে। এবার আই.টি.আই.-এ তে যদি আসি, আই.টি.আই.-এ আমাদের যা অবস্থান আছে, সেটা আমি বলবার চেষ্টা করছি। আমি আগেই বলেছি যে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন প্রতিটি ব্লকে একটি করে আই.টি.আই. স্থাপনের কথা।

[5.40 - 5.50 p.m.]

সেই লক্ষ্যে মাননীয় মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাসের প্রচেষ্টার মধ্যে দিয়ে দপ্তর এগিয়ে যাওয়ার চেষ্টা করছে। স্যার ২০১১ সালে আমাদের এখানে ৮০টি আই.টি.আই. ছিল, যার মধ্যে সরকারিভাবে ৫২টি এবং ২৮টি বেসরকারিভাবে। আর ২০১৫ সালে এসে ১৩৫টি আই.টি.আই, যার মধ্যে সরকারিভাবে ৬২টি এবং ৭৩টি বেসরকারিভাবে। ছাত্রছাত্রীর ভর্তির যে পরিসংখ্যান সেখানে

স্যার ২০১১ সালে ১৭ হাজার ৬৩৬ আর ২০১৫ সাল ২৩ হাজার ১১২। অর্থাৎ চেয়ারম্যান সাহেব চার বছরে প্রায় ৫ হাজার বৃদ্ধি পেয়েছে। এটা নিশ্চিত ভাবে এই দপ্তরের একটা বড় সাফল্য। স্যার VTC নিয়ে একটু বলি। বৃত্তিমুলক শিক্ষা প্রশিক্ষণ আমাদের এই রাজ্যে যে অবস্থান এই মুহূর্তে আছে, দুটি ভাগে ভাগ করা হয়েছে। একটা হচ্ছে ক্লাস এইট প্লাস আর দ্বিতীয়টা হচ্ছে ক্লাস—টেন প্লাস টু অর্থাৎ উচ্চমাধ্যমিক স্তরে। ক্লাস এইট প্লাস-এর ক্ষেত্রে ছয় মাসের স্বল্পমেয়াদি প্রশিক্ষণের ২০১৪-১৫ সালে ৭০ হাজার ৩২৯ জনকে দক্ষতা সার্টিফিকেট প্রদান করা হয়েছে। আর ক্লাস-টেন প্লাস টু অর্থাৎ উচ্চমাধ্যমিক বৃত্তিমূলকের ক্ষেত্রে ৩১ হাজার ৪৪২ জনকে দক্ষতা সার্টিফিকেট দেওয়া হয়েছে। এখানেই এই দপ্তর থেমে থাকেনি, কর্মসংস্থানের দিকে লক্ষ্য রেখে এগোবার চেষ্টা করছে। ১.৮.২০১৫ তারিখে আমাদের দেশে সাতটি বাণিজ্যিক সংস্থার সাথে বাসুদেববাবু বলছিলেন ...(এই সময় মাইক অফ হয়ে যায়)...

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয় চেয়ারম্যান স্যার পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাস যে বাজেট ভাষণ এখানে পেশ করেছেন, বিবৃতি দিয়েছেন সেই পরিপ্রেক্ষিতে আমি প্রথমেই যেটা কড়াভাবে সমালোচনা করতে চাই যে ব্যয়-বরাদ্দ সম্পর্কে আপনি একটি জায়গায়ও লিখলেন না। একটা বাজেট একটা পেপার, একটা দলিল আপনি দিচ্ছেন একটি জায়গাতেও আপনি কত টাকা ব্যয় হয়েছে কথাটা প্রকাশ পেল না। আজকে বাজেট বক্তব্য আমরা কিসের ভিত্তিতে দেব? খরচের ভিত্তিতেই তো আমরা বাজেট পেশ করব। গতবারের বাজেট কত ধরা হয়েছিল, কত খরচ হয়েছে এবং এই বারের বাজেট কত ধরা হয়েছে — এই নিয়ে আলোচনা। কিন্তু যে আলোচনা সেটা গল্পের আকারে আমাদের করতে হবে। আমি খুবই হতাশ নতুন সদস্য হয়ে। আমি খুব হতাশ বোধ করেছি আপনার বাজেট বক্তব্যের বই দেখে। কোথায়ও আপনি ব্যয় সম্পর্কে একটি কথাও খরচ করেননি। তাই আপনাকে অনুরোধ করব ব্যয়বরাদ্দ না লিখে আপনি বরাদ্দ কথাটি শুধুমাত্র লিখলে মনে হয় ভালো হত। আপনি ২০১৫-১৬ সালে ৮ শত ২৬ কোটি ৫১ লক্ষ ৪৪ হাজার ব্যয়-বরাদ্দের ৫১ নম্বর দাবীর অনুসারী যা পেশ করেছেন সেটাকে আমি বিরোধিতা করে আমার বক্তব্য পেশ করব। আজকে দিনটা খুব সুন্দর দিন, ভালো দিন — এর জন্যই শিক্ষা হল জাতির মেরুদণ্ড। আজকে সকাল ১১টা থেকে শিক্ষা নিয়ে সমস্ত আলোচনা চলছে — স্কুল এডুকেশান, মাস এডুকেশান, টেকনিক্যাল এডুকেশান। কিন্তু খুব দুঃখের বিষয় যাদের বিবৃতিতে, যাদের সিদ্ধান্তে আজকে কচিকাঁচারা শেখে, যারা কম্পিটিশান পরীক্ষায় উত্তর দিয়ে কম্পিটিটিভ মনোভাব বাচ্চাদেরকে আমরা তৈরি করি। সেই জায়গায় অনেকেই বিরোধিতা করেছেন। সেই জায়গায় আজকে তিনটি ডিপার্টমেন্টের যে বাজেট, গত শুক্রবার যে শুভেনিয়ার প্রকাশ পেয়েছে, একজন মাননীয় মুখ্যমন্ত্রী সতীদাহ প্রথা এবং এখানকার আইনসভা নিয়ে যে বক্তব্য পেশ করেছেন, সেটা আপনাদের লজ্জা নয়, এটা আমাদের সবার লজ্জা। বিশেষ করে আমাদের যারা ছোটো ছোটো ছেলেমেয়েরা আমরা মানুষ করছি, আমার মেয়ে ক্লাস ফোরে পড়ে। ইংলিশ মিডিয়ামে পড়ে। আধা আধা বাংলা পড়তে জানে। নিউজ পেপার দেখে জিজ্ঞেস করছে মা, এটা নিয়ে বির্তক কেন, সি.এম. কি বলেছেন? আমি তাকে বোঝানোর চেষ্টা করলাম লাইন বাই

লাইন। কি বলব! কার আন্ডারে, কার নির্দেশে আজকে আমরা এই বিধানসভায় আসছি? যেখানে আমরা আমাদের কাছে সঠিক তথ্য তুলে ধরতে পারছি না। এইরকম একটা আইনসভার সদস্য হয়ে আমরা নিজেকে খুব লজ্জিত মনে করছি। অন্ততপক্ষে একটু প্রিপেয়ার্ড হয়ে আসুন। আপনাদেরও অনুরোধ করব এমন সব ভুল তথ্য আপনারা এই মহতী সদনে পেশ করেন, যেটা আমাদের কাছে গর্বের নয়, আমাদের কাছে লজ্জার ব্যাপার হয়ে দাঁড়ায়। আমি এবার ডিপার্টমেন্টের বাজেটে আসছি। আজকে যে ডিপার্টমেন্টের বাজেট, সত্যিকারে বর্তমানে এটার গুরুত্ব খুবই অপরিহার্য। কারণ আজকালকার ছাত্রছাত্রীদের এবং আগের ছাত্রছাত্রীদের মেন্টালিটি একটু চেঞ্জ হয়েছে, চিন্তাভাবনার চেঞ্জ হয়েছে। কি চেঞ্জ হয়েছে? আগে যখন আমরা পশাশুনা করতাম তখন ভাবতাম হয় জেনারেল এডুকেশান নিয়ে পড়ব, একজন টিচার হব, প্রফেসর হব, লেকচারার হব এই স্বপ্ন থাকত। আর একটা স্বপ্ন থাকত খুব ভালো স্টুডেন্ট হলে সায়েন্স যে ভালো পারত তারা স্বপ্ন দেখত হয় ইঞ্জিনিয়ারিং পড়ব, কিংবা ডাক্তারি পড়ব। কিন্তু খুব দুঃখের বিষয় আজকে এই মেন্টালিটি থেকে সাধারণ ছাত্রছাত্রীরা বেরিয়ে এসেছে। কারণ যে এস.এস.সি. এবং প্রাইমারির উপর নির্ভর করে সাধারণ ছেলেমেয়েরা জেনারেল এডুকেশন নিত, সেই এস.এস.সি. পরীক্ষায় আজকে তারা চাকরি পাচ্ছে না। এই রাজ্য সরকার ব্যর্থ তাদেরকে চাকরি দিতে। প্রাইমারি এবং এস.এস.সি. আজকে প্রহসনের জায়গায় পরিণত হয়েছে। অন্যদিকে আমাদের মেধা চলে যাচ্ছে অন্য রাজ্যে, অন্য দেশে। আজকে আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকারের ভ্রান্ত জননীতির জন্য এবং রাজ্য সরকারের শিল্পবিরোধী নীতির জন্য কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট আমাদের রাজ্যে আসছে না। ফলে কোনও বিষয় নিয়ে আমরা আজকে আলোচনা করব, কোনও পলিটেকনিক নিয়ে আলোচনা করব, কোনও আই.টি.আই নিয়ে আলোচনা করব — যেখানে প্লেসমেন্টের কোনও সুযোগ নেই। আজকে শুধু আমরা ছাত্রছাত্রীদেরকে, বিশেষ করে রাজ্য সরকার ধোঁকা দিয়েছে। কতগুলো বিল্ডিং তৈরি করে সমস্যার সমাধান হয় না। আশু সমস্যার সমাধান তখনই সম্ভব হবে, যদি আমরা সেই উদ্দেশ্যকে চরিতার্থ করবার জন্য উপযুক্ত প্ল্যান তৈরি করি, তবেই আমরা সেই সমস্যার সমাধান করতে পারব। আজকের কথা নয়, আমাদের দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হওয়ার আগে তদানীন্তন আমাদের অর্থমন্ত্রী ছিলেন প্রণববাবু। তিনি এটা উপলব্ধি করতে পেরেছিলেন যেভাবে দিনের পর দিন ছেলেমেয়েরা আজকে বেকারত্বের জ্বালায় ভুগছে, বেকারের সমস্যা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। শুধু তাই নয়, বর্তমানে আপনাদেরই তথ্য দেওয়া এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে বেকারের সংখ্যা দেখতে পাচ্ছি ৭৬ লক্ষ, এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে বেকারের সংখ্যা আমরা দেখতে পাচ্ছি ২০ লক্ষ, প্রায় এক কোটি বেকার যুবক-যুবতী আজকে তারা কর্মসংস্থানের সুযোগ থেকে বঞ্চিত, তারা বেকারের জ্বালায় দিশেহারা হয়ে ছুটে বেড়াচ্ছে। সেই জায়গাটায় আজকে বাংলা নয়, সারা ভারতবর্ষে এ একটা বিশাল সমস্যা তৈরি হবে, সেই জন্য তখনকার বিচক্ষণ আমাদের অর্থমন্ত্রী প্রণববাবু বুঝেছিলেন এবং তিনি টেকনিক্যাল এডুকেশানের উপর জোর দিয়েছিলেন যে, ইমিডিয়েট আমাদের ৫০ কোটি ছাত্রছাত্রীকে টেকনিক্যাল এডুকেশানে পারদর্শী করে তুলতে হবে। নিজের কাজ নিজেই করতে হবে, অন্যের কাছে যেতে হবে না রুজিরোজগারের জন্য, সেই শিক্ষায় শিক্ষিত করতে চেয়েছিলেন। ওনার এই চিন্তাধারাকে সারা ভারতবর্ষে বহিঃপ্রকাশ

করবার জন্য, ছড়িয়ে দেওয়ার জন্য তখন ইমপ্লিমেন্ট হতে লাগল প্রত্যেকটা রাজ্যে এই টেকনিক্যাল এডুকেশানের উপর জোর দেওয়া শুরু হল।

[5.50 - 6.00 p.m.]

এবং আমাদের খুব আনন্দের বিষয় যে, ভারতবর্ষের মধ্যে প্রথম খড়্গপুরে IIT করেছিলেন তখনকার সরকার। আমরা দেখতে পাচ্ছি বর্তমানে ITI, Polytechnic-এর গুরুত্ব বাড়ছে। এটা ঠিক। কিন্তু এর পাশাপাশি এর পরিকাঠামো উন্নয়ন যদি আমরা না করতে পারি — কেননা যখন আমরা স্কুল নিয়ে আলোচনা করছি, তখন দেখছি টিচারের অভাব, যখন হাসপাতাল নিয়ে আলোচনা করছি তখন দেখছি ডাক্তারের অভাব। আজকে কেন্দ্রীয় সরকারের অর্থানুকূল্যে আমরা বড় বড় বিল্ডিং তৈরি করছি, কিন্তু উপযুক্ত পরিকাঠামো তৈরি করতে পারছি না, উপযুক্ত পরিবেশ তৈরি করতে পারছি না, আমরা শিক্ষক দিতে পারছি না। একজন বন্ধু আমাদের বললেন, ৬৬টা মহকুমার মধ্যে সি.পি.এম-এর আমলে ২০১১-তে যেটা দেখিয়েছে ২৬টা পলিটেকনিক হয়েছে এবং আপনাদের আমলে হয়েছে ৪৭টা। এটা বাহবা পাওয়ার যোগ্য। কিন্তু দুঃখের বিষয় এই যে, আপনাদের আমলে সরকারি ৪৭টা পলিটেকনিক হল, সেখানে কতজন টিচার এবং কতজন ননটিচিং স্টাফ নিয়োগ করেছেন, সেই প্রসঙ্গে একটি কথাও উল্লেখ করলেন না, সেখানে কতজনের কর্মসংস্থান হয়েছে বললেন না। আজকে জোর গলায় বলছেন আপনারা ১১১টা ITI করেছেন, করছেন। বই পড়েও আমি পরিষ্কার হতে পারিনি, তাই আপনার কাছে জানতে চাইছি কটা ITI চালু হয়েছে, কটার construction on going আছে এবং কটা আগামী ২০১৫-১৬-তে complete করে চালু করবেন। আপনার জবাবী ভাষণে আপনি এটা বলবেন এই আশা রাখছি। কেননা এই বই দেখে গুলিয়ে যাচ্ছে সংখ্যা—কোথাও ৪৭, কোথাও ৪৩ আছে। আপনি জবাবী ভাষণে পরিষ্কার করে বলবেন। এখানে আপনি বলেছেন ১১১টা polytechnic কলেজ এবং ৪৭টা সরকারি, ৬২টা নিজস্ব আর্থিক ব্যবস্থাপনা-নির্ভর। একটা অদ্ভুত data পেলাম, যেটা মাননীয় মন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করব। এখানে আপনি লিখেছেন ৬২টি নিজস্ব আর্থিক ব্যবস্থাপন নির্ভর পলিটেকনিকের মধ্যে ৭টি নতুন polytechnic AICTE-এর অনুমোদন পেয়েছে। কি ভয়ঙ্কর চিত্র আপনি তুলে ধরেছেন! কি করে আপনি লিখলেন যে ৭টির অনুমোদন দিয়েছে এবং কি করে বাকিটা আপনি allow করলেন? কেন এতজন ছাত্রছাত্রীর ভবিষ্যৎ নিয়ে ছিনিমিনি খেলা খেলছেন? কেন তাদের Allow করলেন? তার উত্তর আপনাকে দিতে হবে। আজকে মাননীয় মন্ত্রীকে বলি, GKCIET, এটা খুব গুরুত্বপূর্ণ engineering Technological college, যেটা UPA সরকার চেয়েছিল ভারতবর্ষের মধ্যে second largest করে গড়ে তুলতে। প্রণববাবু তার সাক্ষী, রাজ্যপাল সাক্ষী ছিলেন, Prime Minister সাক্ষী ছিলেন। দেখাতে পাচ্ছি সেখানে ৮ মাস থেকে সেখানে চেয়ারম্যান নেই। সেখানে affiliation না থাকার ফলে student ভর্তি হচ্ছে না। এটা এই রাজ্যের সম্পদ। সেখানে আপনারা এই রাজ্যের আমাদের সদস্য যিনি এই department-এর মন্ত্রী হয়েছিলেন, তাকে নিয়ে গিয়েছেন শুনছি নাকি তাকে Chairman করা হবে। ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় চেয়ারম্যান স্যার, করিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাস এই দপ্তরকে আরও উজ্জ্বলতর করে দিয়েছেন, আকাশের চাঁদের মতো উজ্জ্বল করেছেন এই দপ্তরকে, তাই আপনাকে আন্তরিক ধন্যবাদ, কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাই। আমরা জানি আমাদের অজান্তেই আমাদের গ্রামবাংলার মানুষেরা অভ্যস্ত কারিগরি বিষয়ে কাজ করতে। আমরা জানি যে, গত ৩৪ বছরে ১ কোটি শিক্ষিত বেকার পশ্চিমবঙ্গে। এইরকম অবস্থার মধ্যে কি করে চাকরি হবে। মানুষ কি করবে? বেকার যুবক-যুবতীরা পথ হারিয়েছে। দিশা হারিয়েছে পশ্চিমবাংলায়। তাই প্রথাগত যে শিক্ষা, শিক্ষাব্যবস্থাটা আস্তে আস্তে পিছিয়ে যাচ্ছে এবং গুরুত্ব পাচ্ছে বেশি কারিগরি শিক্ষা। সেই গুরুত্বকে গুরুত্ব দিয়ে আমাদের মাননীয় মন্ত্রী উজ্জ্বলবাবু তিনি তাঁর সাধ্যমতো প্রচেষ্টা চালাচ্ছেন, মাননীয় মুখ্যমন্ত্রীর ইচ্ছাকে বাস্তবায়িত করার জন্য। আমরা এই বিষয়ে বলতে গেলে সকলেরই তো একই রকম বক্তব্য এসে যাবে। আমি অত্যন্ত সংক্ষেপে দু-একটি কথা বলছি। বেশি কিছু বলার নেই। দপ্তরের উদ্দেশ্য হল, কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণের মাধ্যমে সার্বিকভাবে দক্ষতা বিকাশ করে বেকার যুবক-যুবতীদের কর্মবিনিয়োগ করা এবং তাদেরকে স্বনির্ভর করে তোলা। এটাই হচ্ছে আমাদের মূল উদ্দেশ্য। এটাই হল আমাদের অভিমুখ। আমরা এই অভিমুখকে বাস্তবায়িত করার জন্য অনেক বেশি অর্থ আমরা এবারে চেয়েছি। আমাদের মাননীয় মন্ত্রী চেয়েছেন। ২০১৫-১৬ সালে তিনি যে আর্থিক বরাদ্দ চেয়েছেন তা হল আটশো ছাব্বিশ কোটি একান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা। যেটা আমরা যদি ধরি বামফ্রন্টের শেষ বছরে, ২০১০-১১-তে তারা কত টাকা চেয়েছিল। পাঁচশো আট কোটি একষট্টি লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা। তাহলে এই চার বছরের মধ্যে পাঁচশো আর এখানে আটশো ছাব্বিশ কোটি, কত টাকার ডিফারেন্স হয়ে গেছে। এতে বোঝা যায় যে কারিগরি শিক্ষাকে কত বেশি গুরুত্ব দিচ্ছে আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস মহাশয়। যার জন্য এই টাকা তিনি বরাদ্দ চেয়েছেন। এর সঙ্গে সঙ্গে আমরা যদি বলি যে ওই সময়ে ২০১০-১১ সালে কতগুলো পলিটেকনিক ইনস্টিটিউশন ছিল পশ্চিমবাংলায়। আমরা দেখেছি যে একান্নটি পলিটেকনিক ইনস্টিটিউশন ছিল। এর মধ্যে সরকার এডেড ছিল থারটি এইট এবং সরকার স্পনসর্ড ছিল টু। সতেরোটি ছিল সেল্ফ স্পনসর্ড। এই সময়ে এই অবস্থা ছিল। এর পরে আমরা কি দেখছি। বর্তমানে আমরা দেখছি রাজ্যে একশো এগারোটি পলিটেকনিক কলেজ। এর মধ্যে সাতচল্লিশটি স্টেটের, দুটি গভর্নমেন্ট এডেড এবং বাষট্টিটি সেল্ফ স্পনসর্ড। এত ডিফারেন্স হয়ে গেছে। এছাড়াও আমরা যদি দেখি যে তাহলে দেখব বিশেষ গুরুত্ব দিয়েছেন ছাত্র ভর্তিতে। কি করে আরও বেশি ছাত্র ভর্তি হতে পারে, কি করে তাদের প্রশিক্ষণ দেওয়া যায়, প্রশিক্ষণ যদি না দেওয়া যায়, তাহলে সে কাজ পাবে কি করে? এই জন্য আমরা যদি দেখি তাহলে দেখব '১০-১১ সালে ছাত্র ভর্তির যে ক্ষমতা ছিল তার থেকে ডাবল হয়ে গেছে। যেখানে সতেরো হাজার একশো পঁচিশ ছাত্র ভর্তির ক্ষমতা ছিল এই দপ্তরে, সেখানে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে বৃদ্ধি পেয়ে প্রায় ডাবল হয়ে গেছে। একত্রিশ হাজার পাঁচশো সাতাশ। এছাড়া, রাজ্যের পলিটেকনিকগুলিতে বর্তমানে একত্রিশটি ডিপ্লোমা দুটি ডিপ্লোমা উত্তর পাঠক্রম

চালু আছে। বিশেষ করে তিনি মহিলাদের জন্য তিনি বিশেষ ভাবনাচিন্তা করেছেন। যে তারা কি করে সেখানে থাকবেন পড়াশোনা করবেন কি করে, দূর থেকে আসবেন কি করে, তাদের নিরাপত্তা এই নিয়ে যে ভেবেছেন এই জন্য আমি আপনাকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাই। পঁচিশটি পলিটেকনিক কলেজে মহিলাদের থাকার জন্য হস্টেল আপনি চালু করেছেন। এর মধ্যে আঠারোটির নির্মাণকাজ শেষ হয়ে গেছে। আপনাদের আমলে হয়নি। আঠারোটির নির্মাণকাজ শেষ হয়ে গেছে পঁচিশটির মধ্যে। এই ভাবনাই আপনাদের ছিল না। ফলে একটু অন্যরকমভাবে ভাবুন। বামপন্থীদের ভাবনা ডানপন্থীদের ভাবনার মিল হবে না। ফলে আপনাদের গণতন্ত্র একরকম আর আমাদের গণতন্ত্র একরকম। সব ব্যাপারে ডিফারেন্স আছে। ফলে মিলবে না। আবার যদি দেখি ২০১০-১১ সালে ৩৯টি আই.টি.আই. কলেজ ছিল। এখন কতগুলো আছে? এখন একশো পঁয়ত্রিশটি আই.টি.আই. কলেজ হয়েছে। এগিয়ে গেছে, না বেশি হয়েছে, না, কম হয়েছে, ভাল করেছে না ঠিক করেছেন এটা আপনারাই বলবেন। আপনারা চৌত্রিশ বছরে করেছিলেন উনচল্লিশটা। আর আমরা করেছি চার বছরে একশো পঁয়ত্রিশটি। তাহলে কোনটা বাহবা দেওয়া যাবে? যদিও আমাদেরটা বাহবা না দিতে চান দেবেন না।

[6.00 - 6.10 p.m.]

আমাদেরকে আপনাদের পছন্দ হয় না। আমাদের বিরুদ্ধে বলুন। যা ইচ্ছা হয় আপনারা বলতে পারেন। আমরা অনগ্রসর শ্রেণীদের নিয়ে ভাবছি। তাদের আলাদা সুযোগ দিতে হবে, তাদের কাজের ব্যবস্থা করে দিতে হবে। তার জন্য প্রশিক্ষণ দিতে হবে। এই ডেইটি অনুমোদিত যে আই.সি.টি. বেসড যে রিসোর্স সেন্টার রয়েছে সেই সেন্টারে প্রতি বছরে তিনশো জন করে অনগ্রসর জাতিগুলিকে নিয়ে যে আপনারা ট্রেনিং দিচ্ছেন এবং তাদেরকে প্রতি বছরে কাজ দেবার ব্যবস্থা করছেন এইজন্য আপনাকে ভীষণভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি। আপনার এই যে ভাবনাচিন্তা রয়েছে, আমাদের সরকারের যে ভাবনাচিন্তা রয়েছে, আমাদের মুখ্যমন্ত্রীর যে ভাবনাচিন্তা রয়েছে এই জিনিস আমরা কিন্তু সেদিন দেখতে পাইনি। ওরা নিজেদের দরদী বলে। ওরা কৃষকদরদী কিন্তু কৃষককে শেষ করে দেয়। ওরা কৃষকদরদী কিন্তু জমি ভাগ করে দেয়। ওরা যেটা বলে তার বিরুদ্ধে কাজ করে। মুখে কৃষকদরদী হলেও তার বিরুদ্ধে কাজ করে। এই হচ্ছে অবস্থা। তাই আজকে আমাদের বৃত্তিমূলক শিক্ষা এবং প্রশিক্ষণের যে প্রসার, এই ভি.টি.সি. যেটা, এই ভি.টি.সি.-র দু-হাজার একশো আটচল্লিশটা কেন্দ্র। সেখানে প্রশিক্ষণ চলছে। তাই আজকে আমাদের বেকার যুবক-যুবতীদের কর্মবিনিয়োগ সুনিশ্চিত করার লক্ষ্যে সুদক্ষ মানবসম্পদকে উন্নত করা এবং যথাযথ কর্মসংস্থানের প্রচেষ্টায় রাজ্য সরকার সর্বত্রভাবে চালিয়ে যাবে যতক্ষণ না পর্যন্ত আমাদের শপথ, এই সরকারের শপথ আমাদের বেকার যুবকদের আমরা চাকরী দেব, অর্থনৈতিক দিক থেকে উন্নত করব, নতুন বাংলা গড়ব, কোনও বেকার রাখব না আগামী কিছুদিনের মধ্যে সেই লক্ষ্যে আমরা এগিয়ে যাচ্ছি। তাই সকলকে এই বাজেটকে সমর্থন করার আবেদন জানিয়ে আমি নিজে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় চেয়ারম্যান স্যার, কারিগরী শিক্ষা এবং প্রশিক্ষণ দপ্তরের সম্মানীয় ভারপ্রাপ্ত মন্ত্রী উজ্জ্বল বিশ্বাস মহাশয় যে বাজেট বিবৃতি দিয়েছেন এবং যে দাবিসনদ আজকে পেশ করেছেন তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে বিরোধীদের আনা কাটমোশান এর তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য উপস্থাপন করছি। আমরা কিছুক্ষণ আগে শুনছিলাম মাননীয় বাসুদেবের তার বক্তব্য উপস্থাপন করতে গিয়ে যদিও তিনি বর্তমান মা-মাটি-মানুষের সরকারের এই দপ্তর যে উদ্যোগ গ্রহণ করেছেন তাকে তিনি সাধুবাদ দিয়েছেন। তবে প্রসঙ্গক্রমে তিনি বলেছেন যে এই জায়গায় এখনও পর্যন্ত লেকচারার নেই। কর্মচারীর ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এই প্রসঙ্গটাই তিনি তুলে ধরবার চেষ্টা করেছেন। আমি বলি যে ৩৪টা বছর যদি সঠিকভাবে দায়িত্ব পালন করতেন, এবং সেইভাবে যদি শিক্ষার প্রসার ঘটাতেন তাহলে আজকের এই মা-মাটি-মানুষের সরকারের চার বছরের মধ্যে আজকে এই প্রশিক্ষক খোঁজার জন্য আমাদের দায়িত্ব পালন করতে হত না। এবং কর্মচারীর যে নিয়োগের কথা বলছেন নিশ্চয় মা-মাটি-মানুষের সরকার দায়িত্ব নিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেছেন, কারণ যে পরিকাঠামোটা একেবারে শেষ করে দিয়ে গেছেন একেবারে ৩৪ বছরে আপনাদের যে পরিসংখ্যান বলছে তাতে আপনাদের কারিগরী দপ্তরের কোনওরকম উন্নয়ন সংগঠিত হয়নি বলেই প্রমাণিত হয়েছে। ফলে এই কাজটা যদি চালু থাকত তাহলে আজকে আমাদের প্রশিক্ষককে খুঁজে বেড়ানোর জন্য আমাদের চেষ্টা করতে হত না। যে কারণের জন্য আমরা ডাক্তারের ক্ষেত্রে দেখতে পাচ্ছি একই ঘটনা। ডাক্তার পাওয়া যাচ্ছে না বলে অনেকে চিৎকার করছে। কিন্তু তাদেরকে ডাক্তারী পরীক্ষায় পাশ করিয়ে নিয়ে আসার যদি কোনও পরিকাঠামো না থেকে থাকে তাহলে সেই জায়গায় যেমন আমরা কার্যকরী করতে পারি না, এখানেও সেই একই অবস্থা থাকার জন্য আমাদেরকে সমস্যায় পড়তে হচ্ছে। তবে সমস্যাকে কিভাবে ওভারকাম করা যাবে সেই বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী দায়িত্ব নিয়ে চিন্তাভাবনা করছেন বলে গোটা বাংলার বুকে রাজ্যের উন্নয়নের দিগন্তসূচী তৈরি হয়েছে। এখানে আপনাদের কোনও কিছু বলার অপেক্ষা রাখে বলে আমি মনে করি না। মাননীয় ইয়াসমিন ম্যাডাম বলছিলেন তিনি মহিলা হিসাবে লজ্জা বোধ করছেন। মুখ্যমন্ত্রীর কোনও বিবৃতিকে কেন্দ্র করে নাকি তিনি লজ্জা বোধ করছেন। আমি ওনাকে বলব দীর্ঘ ৩৪ বছর ধরে সি.পি.এম-এর জমানায় যে অত্যাচার অবিচার লাঞ্ছনা ছিল, তখন কি কংগ্রেসের দায়িত্ব, কর্তব্য ছিল না গোটা জায়গায় তার বিরুদ্ধে প্রতিবাদ করবার? আপনারা কি প্রতিবাদ করবার সক্ষমতা দেখাতে পেরেছিলেন? সেটা পারেননি? তার জন্য বাংলা যেভাবে কলুষিত হয়ে গিয়েছিল, তার জন্য আপনারা একটা কথাও বলতে পারেননি। আজকে এখানে লজ্জা পাচ্ছেন! চারটা বছরের মধ্যে ৩৪টা বছরের সমস্ত কিছুকে দূরে সরিয়ে দিয়ে সমস্ত বিভাগ নিয়ে মুখ্যমন্ত্রী যেভাবে কাজ করেছেন, পারবেন? একজন মুখ্যমন্ত্রী গোটা পশ্চিমবঙ্গে চার বছরের মধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিং করে সমস্ত আধিকারিকদের সঙ্গে আলাপ-আলোচনার মধ্য দিয়ে আজকে সব জায়গায় উন্নতির চরম শিখরে পৌঁছে গিয়েছে বলে আজকে এতটা ডেভেলপমেন্ট হয়েছে। এটাকে বাস্তবে অস্বীকার করার কোনও কারণ থাকতে পারে না। আজকে কাজের কথা বলতে লজ্জা বোধ করছেন? তাহলে আমারও তো মনে হয় আপনার আরো লজ্জা করা দরকার ছিল। আপনারা যদি প্ল্যান ওয়েতে চলেন, যেটা নাকি

মুখ্যমন্ত্রী চলতে পারেননি। আজকে এত বড় একটা দায়িত্ব থেকে কেন দুর্নীতি বা অন্যান্য কারণের জন্য কোথা থেকে নেমে এসেছেন ৪৫-এ। এর জন্য বোধহয় লজ্জা থাকার দরকার। লজ্জাটা আছে কিনা ভেবে দেখবেন। মুখ্যমন্ত্রীকে কথা বলার আগে ভেবে দেখতে হবে, আমি যার বিরুদ্ধে বলছি তিনি বাংলার মুখ্যমন্ত্রী, বিশ্ববন্দিত মুখ্যমন্ত্রী হিসেবে দেশের বরেণ্য ব্যক্তিত্ব হিসেবে তিনি আজকে চিহ্নিত হয়েছেন। ফলে এই ব্যাপারটা নিয়ে নতুন করে বলার অপেক্ষা থাকে না। আমি আলোচনা প্রসঙ্গে আসি। বামফ্রন্টের আমলে যে কাজগুলো হয়েছিল, আজকে যদি আমরা পলিটেকনিকের কথা বলি, পলিটেকনিকের কথা বলতে গেলে আমরা দেখতে পাচ্ছি কি? ১লা জুন ২০১১, পলিটেকনিক যেখানে ৬৬টা সাবডিভিশন ছিল, সেই জায়গায় আমরা দেখতে পাচ্ছি আজকে ২৬ এবং ৩৯, ৬৫টা করেছিলেন এবং সেখানে আমাদের সিটের ব্যবস্থা ছিল ১৭ হাজার ১৮৫। আজকে মা-মাটি-মানুষের সরকার আসার পরে ৪৭ এবং ৬২টা করে ১১১টি এবং পরবর্তীকালে আরও ২৭টিকে আজকে পলিটেকনিক করার জন্য প্রস্তাব গ্রহণ করা হয়েছে। এর দ্বারা বোঝানো যায় যে, বামফ্রন্টের আমলের গতিপ্রকৃতি এবং বর্তমান মা-মাটি-মানুষের সরকারের গতি-প্রকৃতির মধ্যে কতটা তফাৎ থেকে গেছে। আমরা ২০১৩ সালের পরিসংখ্যান দেখেছি। সেই পরিসংখ্যান অনুপাতে আই.টি.আই. করার জন্য ২০১৩ সালের যে বিবৃতি আমরা পাচ্ছি, সেখানে যেখানে উত্তরপ্রদেশ মোট গভর্নমেন্ট ৩১৫ এবং প্রাইভেট ১৬৯২, অন্ধ্রপ্রদেশে ১৪৮, ৫৮১ থেকে ৭২৯, তামিলনাড়ু যেখানে ৭১৩, বিহার দেখতে পাচ্ছি ৫৯৫টা, আজকে সেই জায়গায় ওয়েস্ট বেঙ্গলে আমরা দেখেছি যে আজকে ৫২, পরে ২০১৩ সাল ধরে ৫১, মোট ১০৩ আমরা করতে সক্ষম হয়েছি। কেন আজকে বাংলাকে এতটা পিছিয়ে দিলেন? বাংলার ডেভেলপমেন্টের জন্য কেন আজকে আপনারা এগিয়ে যেতে পারেননি? এটা তো আপনাদের নিঃসন্দেহে বলার দরকার। আজকে ১লা জুন ২০১১ আই.টি.আই. যেখানে করা হয়েছিল ৫২ এবং ৮০টা করেছিলেন, যেখানে ১৭ হাজার ৬৩৬টা সিটের ব্যবস্থা করেছিলেন। আজকে অ্যাট প্রেজেন্ট ১৩৫টা এবং যেখানে ২৩ হাজার ১১২ জনের সিটের ব্যবস্থা করা হয়েছে। ২০১৫-১৬ সালের জন্য ৫০টার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ২৯৬টা আই.টি.আই. তৈরি করার জন্য যে উদ্যোগ গ্রহণ করা হয়েছে মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে, একে উপেক্ষা করার কোনও বিষয় আছে বলে আমার মনে হয় না। আমরা পরবর্তী ধাপে যদি যাই, ভি.টি.সি.এস.-এর ক্ষেত্রে এইট প্লাসের ক্ষেত্রে আমাদের ৬ মাসের যে ডিউরেশন, সেখানে আমরা দেখতে পাচ্ছি ২০১৪-১৫-তে ৭০ হাজার ৩২৯ জনকে সার্টিফিকেট দেওয়া সম্ভব হয়েছে এবং টেন প্লাস টু-তে সেখানে আমরা দেখতে পাচ্ছি ২০১৪-তে, ৩১ হাজার ৪৪২ জনকে আজকে সার্টিফিকেট দেওয়ার চেষ্টা করা হয়েছে। মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে আমরা দেখেছি, একেবারে প্রাইমারি লেভেলে — প্রাথমিক স্তর এবং উচ্চমাধ্যমিক স্তরে অধিকাংশ বেকার যারা থেকে গেছে, তাদেরকে প্রশিক্ষিত করে গড়ে তোলার জন্য যেমন উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং পরবর্তীকালে সেই উদ্যোগের মধ্য দিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করেছি আই.টি.আই. এবং পলিটেকনিকের মধ্য দিয়ে আরো কয়েকজনকে যাতে এগিয়ে নিয়ে যাওয়া যায়, তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আমরা যে এগিয়ে চলেছি তার প্রমাণ হচ্ছে যে, ২০১৩-১৪-তে অনুষ্ঠিত ৫০তম অখিল ভারত দক্ষতা

প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গ সর্বোত্তম রাজ্য হিসেবে ঘোষিত হয়েছে। এটা আমাদের কাছে একটা গর্বের বিষয়। আমরা সুন্দরবনের প্রত্যন্ত এলাকার মানুষ হিসেবে বলতে পারি, আজকে কাকদ্বীপের মতো সাব-ডিভিশনে পলিটেকনিক তৈরি করবার জন্য প্রাথমিকভাবে উদ্যোগ গ্রহণ করা হয়েছে, জমি অধিগ্রহণ করা হয়েছে। এমনিভাবে প্রত্যেকটি প্রত্যন্ত এলাকায় যাতে আমরা এগিয়ে যেতে পারি, তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে আজকে পশ্চিমবঙ্গ দক্ষতা বিকাশ মিশন গঠন করা হয়েছে। ...(এই সময় মাইক অফ হয়ে যায়।)...

[6.10 - 6.20 p.m.]

শ্রী রণজিৎ কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী উজ্জ্বল বিশ্বাস ৫১ নম্বর দাবীতে তার যে বাজেট বিবৃতি, যা তিনি বিধানসভায় প্লেস করেছেন, আমি তার উপরে দু-একটি কথা বলছি। আমার যেটা মনে হয়েছে মাননীয় শ্রী উজ্জ্বল বিশ্বাস মাননীয় মন্ত্রী তিনি একটা উজ্জ্বল স্বপ্নের জাল বুনিয়াছেন। স্বপ্ন আর বাস্তবতার যে মিল কত দূর, দিল্লি যে বহু দূরে তা এই বইটা পড়লে বোঝা যায়। প্রথমত আমাদের সরকার পক্ষের বন্ধুরা বলতে চাইছেন যে, এই বৃত্তিমূলক শিক্ষা বা কারিগরী শিক্ষা যেন ২০১১ থেকেই শুরু হয়েছে। কিন্তু বিগত দিনে বামফ্রন্ট সরকার গভীর চিন্তাভাবনা করে, বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে ২০০৬ সালে এই বৃত্তিমূলক শিক্ষা বা কারিগরী শিক্ষাব্যবস্থার একটা ভিত তৈরি করেন। এটা ঠিক, এটা করার পর মাননীয় মন্ত্রী যেভাবে এটা দেখিয়েছেন যে, অনেক কিছু তিনি করছেন, এখানে করছেন, ওখানে করছেন। আমরা যদি দেখি তাহলে দেখবো যে ৮.১.২০১৫ বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনে ৭টি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়েছে, তারপরে দেখছি centre of excellence, অনেকগুলি সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে, হোয়াট হ্যাপেন টু দি রিয়ালিটি। বাস্তবে কি হয়েছে? ৭টি মৌ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আমি যদি বলি আমাদের সময়ে বামফ্রন্ট আমলে 63% placement ছিল, polytechnic-এ যারা পাশ করেছে — মাননীয় মন্ত্রী আপনি কি জানাবেন যে, আপনার এই ৪ বছরে What is the condition of the placement ? Placement কি হয়েছে? যদি আমরা মূল্যায়নে দেখি তাহলে দেখবো যে, placement প্রায় শূন্য জায়গায় দাঁড়িয়ে আছে। উন্নয়নের ভাবনাচিন্তা করেছেন, ভালো কথা, কিন্তু সেগুলি কাজ করবে? ১১১টি আপনারা বলছেন যে আপনারা করছেন, আগে ২৬ ছিল, পরে ৬৬টি, আমরা লক্ষ করছি আপনারা সব কিছুকে বিক্রি করে দেওয়ার চেষ্টা করছেন। যার মধ্যে ৬২টি আপনারা private sector-কে দিয়ে দিলেন। যাদের শিক্ষা পরিচালনা করবার যোগ্যতা আছে, কি নেই, জানি না। শুধু অর্থনৈতিক অবস্থা বিবেচনা করেই ৬২টা দিয়ে দিলেন যে তোমরা এখানে ব্যবসা করো। আমরা বলছি এখানে যে সন্তান জন্ম হওয়া একটা জিনিস, আর রুগ্ন সন্তান জন্ম দেওয়া আর একটা জিনিস। সে সুস্থ নাগরিক হতে পারে না। He never lead the nation, সে দেশকে চালাতে পারবে না। আপনারা কি করছেন, আপনারা জন্ম দিচ্ছেন, এই যে polytechnicগুলি আপনারা করতে যাচ্ছেন, বা কয়েকটি করেছেন, কয়েকটার কাজ চলছে ইত্যাদি। কিন্তু শিক্ষক নেই, non-teaching নেই। PSC বা যে সব জায়গা থেকে আপনারা চাইছেন সেই post vacant পড়ে আছে। তাহলে কি করে আপনি এই জায়গাটায় কাজ করবেন? সুতরাং আমি আপনাকে বলবো মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি চেষ্টা করছেন, আপনি অনেক আধুনিক বিষয়

এনেছেন। Welcome, অনেক বিষয় ভেবেছেন যে এই করা দরকার, embroidery করা দরকার। অনেক বিষয় আপনি ভেবেছেন যে এই এই জিনিস করা দরকার, ঠিক আছে। কিন্তু মুশকিল হচ্ছে যেগুলি ভেবেছেন, সেগুলির বাস্তবতা কোন জায়গায় দাঁড়াবে। সেই জায়গাগুলি ভেবেছেন কি? ভাবা অনেক ভালো, কিন্তু বাস্তবে কি নিয়ে আসছেন। আমি একটু উদাহরণ দিচ্ছি আপনাদের কাছে ধরুন, মাননীয় মন্ত্রী জানেন কিনা জানি না, মাননীয়া মন্ত্রী আপনি যদি জানেন তাহলে বলবেন যে, VTC যেটা তাতে কয় ধরনের শিক্ষক আছেন? জানলে আপনি বলবেন। আমি বলি আপনাকে যে, এই VTC teacher তার বেতন হচ্ছে ৭৮০০ টাকা, যা বামফ্রন্ট আমলে ছিল, আপনি এক পয়সাও বাড়াননি। Contractual instructor যার বেতন হচ্ছে ৫৮৫০ টাকা, তারা যে তিমিরে ছিল সেই তিমিরেই আছে, বামফ্রন্ট আমলের থেকে আপনি এক পয়সাও বাড়াতে পারেননি। Part time teacherদের ছিল ১৮০০ টাকা, যা আগে ছিল, তার চেয়ে এক পয়সাও বাড়াতে পারেননি। Part time instructor ১৬০০ টাকা যার এক পয়সাও বাড়াতে পারেননি। আমি বলছি এই জন্যই যে যারা এইগুলি পরিচালনা করবে তারা যদি বুভুক্ষু থাকে, তাদের পেটে যদি জ্বালা থাকে, তারা যদি ক্ষুধা নিবৃত্ত করতে না পারে, তারা একটা জায়গায় কাজ করে যদি তাদের একটু মোটা ভাত মোটা কাপড়ের ব্যবস্থা করতে না পারে, তাহলে কি হবে, How can they teach in such a situation? কি ভাবে তারা কাজ দেবেন? মাননীয় মন্ত্রীকে বলবো আপনার চিন্তাভাবনা আপনি অনেক করেছেন। এবার আমি আসছি — আগে যে সিস্টেম ছিল তাতে সমস্যা হয়েছে,আপনি কি জানেন? এই VTC-তে যারা 10+2-তে পাশ করছে, এই ছেলেমেয়েরা আপনি যে অনলাইনে ভর্তির ব্যবস্থা করেছেন poly-technic ইত্যাদি JEXPO পরীক্ষার মাধ্যমে তারা যে option-এ যাচ্ছে ওখান থেকে reject হয়ে যাচ্ছে ফলে যে software-এ ওখানে আপনার VTC ওই WBSCVT option নেই। যার ফলে যে formটা ছাপাচ্ছে সেখানে সেটা back করছে। আমি বলছি আপনি দেখে নেবেন। অসুবিধার কথাগুলো বলছি please এগুলো আপনি শুনবেন। অসুবিধার কথাগুলো বলছি আপনি দেখে নেওয়ার চেষ্টা করবেন। সমস্যা হচ্ছে। এবার হচ্ছে যারা ITI pass করছে — আপনি কি জানেন যে তারা যখন pass করে সঙ্গে সঙ্গে certificateটা পায় না। ওই certificate পেতে কোনও কোনও ক্ষেত্রে অনেক দেরি হয়ে যায়। যার ফলে তারা চাকরির ক্ষেত্রে খুব অসুবিধার সম্মুখীন হচ্ছে। ওই জায়গাগুলো আপনি দূর করবার চেষ্টা করবেন তাহলে অনেক ক্ষেত্রে সেটা ভালো হবে। আমি এবার syllabus curriculum-এ আসি। এটা ঠিক যে ২০১৫-এ আপনি new syllabus curriculum এনেছেন। অনেকগুলো বিষয় নিয়ে এসেছেন, নতুন নতুন বিষয়। Thanks for that. এ বিষয় কোনও সন্দেহ নেই। কিন্তু মুশকিল হচ্ছে এখানেই এই যে আপনি করলেন তার ফলে যে নতুন বিষয়গুলো আসলো একমাত্র eight plus-এ, VTC-এর ক্ষেত্রে eight plus-এ আপনি তাদের একটা training করলেন। যারা আছে instructor যারা আছে। কিন্তু Ten plus two-এ যারা আছে তাদের ক্ষেত্রে আপনি কিছু করলেন না। যার ফলে বলা যেতে পারে নতুন subject curriculum যেটা আসলো তার উপর তাদের কোনও knowledge থাকলো না। তারা কিভাবে class নেবে — এক? দুই হচ্ছে, এই সময়ের মধ্যে

কোনও একটা জায়গাতে একজনও নতুন শিক্ষক নিয়োগ হল না। আপনি বলেছিলেন কিন্তু আমরা দাবী করছি ৬ মাসের সেলাইয়ের training নিয়ে, ৬ মাস Electric House Wiring-এর training নিয়ে, ৬ মাসের surveyor training নিয়ে কেউ নিজের পায়ে দাঁড়াতে পারে না। দক্ষতা-স্কিল্ড ডেভলপমেন্ট, দক্ষতা কি বলছে? আমি আপনাকে বারবার বলেছিলাম যে এটা এক বছরের করা হোক। আপনি বলেছিলেন যে এক বছরের আমরা ভাবছি। এখনও পর্যন্ত স্কুলগুলোতে এ ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব যায়নি। এগুলো এক বছরের minimum হওয়া দরকার। তাহলে পরে অন্তত after training তারা কোনও জায়গায় দাঁড়াতে পারবে। আপনি কি বলতে পারবেন যারা eight plus থেকে যাচ্ছে, ten plus two-এর পর যারা poly technic-এ ভর্তি হতে পারছে না এদের জন্য bank কোনও loan দিচ্ছে? Bank একেবারে চুপচাপ। কোনও market নেই। আবার আপনি বলছেন ten plus two equivalent to H.S. Ten plus two equivalent যদি HS হয় তাহলে আপনি কি লক্ষ করেছেন যারা এখানে হওয়ার পর poly technic-এ যারা চান্স পাচ্ছে না JEXPO-তে যারা যেতে পারছে না তারা আবার সেই ঘরে বসে থাকছে। They do not find any alternative to earn something to maintain their families. সুতরাং আমি মাননীয় মন্ত্রীকে বলবো এই জায়গায় দাঁড়িয়ে আপনি banker-দের বলুন, banks যাতে পর্যাপ্ত পরিমাণে loan দেয়, যাতে তারা নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করতে পারে। আর একটা বিষয় হচ্ছে non recurring ...(এস সময় মাইক অফ হয়ে যায়)...

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে ২০১৫-১৬ অর্থবর্ষে কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণ দপ্তরের ডিমান্ড নং ৫১ ব্যয়বরাদ্দ সম্পর্কে আমাদের এই সদনে যে বাজেট আমরা আলোচনার মাধ্যমে উপস্থিত হয়েছি আমি তার পক্ষে, বিভিন্ন বিরোধী পক্ষ এবং আমাদের নিজস্ব পক্ষের যে বিবৃতি, ভাষণ সেই ভাষণে — আপনাদের কাছে পক্ষ না বললে তো অসুবিধা আছে, কারণ আপনারা চিরকাল কারিগরি অস্তিত্ব রাখছেন একটা পক্ষ পক্ষ করে। আলোচনার মাধ্যমে নিজেদের অস্তিত্ব বজায় রাখছেন। এছাড়া তো আপনাদের কাছে কোনও ভাষায় কথা বলা যাবে না। যাই হোক আমি আপনাদের সামনে বেশি সময় নেবো না কারণ অনেকক্ষণ ধরে সময় ব্যয় হয়েছে। আসল উদ্দেশ্য হচ্ছে কারিগরি শিক্ষা। যে শিক্ষাটা নিয়ে আপনারা এতক্ষণ আলোচনায় অংশগ্রহণ করলেন, বাস্তব জিনিসটাই আমরা হাউসে সবাই ভেবেছিলাম বিরোধীপক্ষ বিষয়টা বুঝবে, কিন্তু আপনাদের যে ভাষণ সেই ভাষণে আমি অবাক হয়ে গেলাম এবং আপনাদের বক্তব্যের একটু জবাব না দিলে হয় না তাই আমি ওইটুকু জবাব দিয়েই শেষ করবো। আমার ৫ মিনিটের বেশি সময় লাগবে না। আমি প্রথমেই বলি যিনি বক্তব্য রেখেছেন।

[6.20 - 6.31 p.m.]

বাসুদেববাবু আপনি একটা কথা এই হাউসে বললেন, আপনি বুঝতেই পারছেন না Vocational Council Office-এ আজকে gems & jewellery কি সব সেন না কি তাকে দেওয়া হচ্ছে। আপনারা তো জানেন যে, এই বাংলা থেকে আজকে কতজন স্বর্ণশিল্পী তারা বাইরে বিভিন্ন রাজ্যে গিয়ে তারা কাজ করে। জানা আছে? আপনারা ভেবেছিলেন?

চিন্তাভাবনা করেছিলেন? এই সমস্ত gems & jewellery-এর training দিয়ে এই কার্যক্রমের মাধ্যমে তাদেরকে চাকরির ব্যবস্থা করা যায়, এটা আপনাদের ভাবনা ছিল? ছিল না তো আপনাদের মধ্যে। আপনারা চিন্তাই করতে পারেননি। আপনাদের মাথায় কি ছিল জানি না, কিন্তু আমার মুখ্যমন্ত্রীর মাথা কতটা উর্বর মস্তিষ্ক যে আমাদের সাবিনা ইয়াসমিনের মতো আজকে মাননীয়া বিধায়িকা তা বুঝতে পারেন না। এটা বড় দুঃখের। এটা দুঃখের এই জায়গায় যে, আমি বলছি এই কারণে, ম্যাডাম আপনি যে কথা বললেন, আপনি ভাবলেন না, বইটা পড়ে একটু চিন্তা করলেন না, ৬২টি এই Polytechnic-এর ব্যাপারে আপনি কথাটা তুললেন। কিন্তু এর মধ্যে যে কথাটা লেখা আছে সেটা কি দেখেছেন? দেখেছেন? এখানে বলা হয়েছে যে, ১৩টি degree engineering college-এ দ্বিতীয় shift-এ diploma course-এর জন্য অনুমোদন পেয়েছে। জিনিসটা বুঝেছেন এটা? জানি না এটা কেন বললেন। এই ৬২টি নিজস্ব মানে কি ৬২টি AICTE অনুমোদন দিয়েছে। আপনি পড়ে বুঝতে পারলেন না ব্যাপারটা। কারণ আপনার চিন্তাধারার মধ্যে আছে এই—আবু নাসের খান যিনি মাননীয় বিধায়ক তিনি ওখানকার, আপনি যার কথা বললেন, সেটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প এবং সেই প্রকল্পে তিনি Chairman ছিলেন, এখানে রাজ্য সরকারের কিছু নেই। এই দপ্তরের সঙ্গে কোনও সংযুক্তই নয়। আমরা polytechnic পর্যন্ত আমরা চালাই। আপনারা সেই জায়গাটা নিয়ে কেউ IIT-এর সঙ্গে ITI গুলিয়ে ফেলেন। তাহলে কি করে বোঝাবো আপনাকে যে আজকে vocational এই বৃত্তিমূলক এই প্রযুক্তি। এই প্রযুক্তি ব্যাপারটা মাথায় ছিল না বলে পশ্চিমবাংলার এই হাল। তাই এই প্রযুক্তি আর পুঁথি এই যে দ্বন্দ্ব, এই দ্বন্দ্ব আজকে আমরা যবে থেকে জন্মেছি তবে থেকেই আছে। আজকে কে আগে? প্রযুক্তি আগে, না পুঁথি আগে? আজকে যখন আমরা পুঁথি তৈরি করেছি, প্রযুক্তি আমাদের মস্তিষ্কে ছিল বলেই আজকে আমরা পুঁথি তৈরি করেছি। নয়তো আমরা পুঁথি তৈরি করতে পারতাম না। আজকে এই যে দ্বন্দ্ব, এই দ্বন্দ্বের ক্ষেত্রে চিরকাল। প্রযুক্তি যেকোনো বিষয়ে আমাদের সমাজকে আমাদের society-কে আজকে এগিয়ে দিয়েছে। সেই বাস্তববোধটা পশ্চিমবাংলায় আপনারা চিন্তা করেননি। তাই আজকে উচ্চমাধ্যমিকে আজকে ৭ লক্ষ ছেলে পাশ করছে, ২০১০ সালে, ২০১১ সালে তখন আপনারা ভাবেননি। মাধ্যমিকে যখন চার লক্ষ, পাঁচ লক্ষ ছেলে আজকে পাশ করছে — ভাবেননি যে, এই ছেলেগুলোর ভবিষ্যৎ কি হবে। মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবাংলার পরিবর্তনের দায়িত্ব পেয়ে পশ্চিমবাংলায় বললেন, এই যে, এতগুলো ছাত্র আজকে পাশ করে বেরোচ্ছে, এদের ভবিষ্যৎ রক্ষা করতে গেলে প্রযুক্তিগত শিক্ষা দিতে হবে। প্রযুক্তি শিক্ষা দেওয়ার জন্যই বললেন বছরে পাঁচ লক্ষ ছেলেদের ট্রেনিং দিতে। ভাববেন না? আপনারা দেখতে পাচ্ছেন না, মমতা দেখছেন। কিন্তু লক্ষ্য করেছেন কি, যান কি সেই জায়গায়, যান না। দেখে আসুন, Samsung Company দেখে আসুন কল্যাণী আছে। নদীয়ার MLA ঘুরে এসেছেন কি? পাঁচ হাজার ছেলের ট্রেনিং দিয়ে appointment দিয়ে বসে তারা — তাদের চাকরি দিয়েছে। আপনারা লক্ষ করেন না, জানেন না। কেবল পক্ষ-প্রতিপক্ষতে বসে খালি গল্প আওড়ান — মানুষকে বিভ্রান্ত করেন। তাই আমি আপনাদের বলতে চাইছি, এই যে প্রযুক্তি এখন অনেকে শিক্ষকের ব্যাপারে হাতাশ প্রকাশ করলেন। ভাবতে পারেন, শিক্ষকের ব্যাপারে এই প্রথম আমরা পশ্চিমবাংলায় e-learning-এর ব্যবস্থা করেছি। এই e-learning সমস্ত কলেজে কলেজে

Polytechnic College-এ কিভাবে প্রত্যেকটা জায়গায় আমরা directly তাদেরকে technical শিক্ষাটা আধুনিক প্রযুক্তিতে তাদের সামনে হাজির করছি। এমনি এমনি আজকে পশ্চিমবাংলায়, আপনারা দেখুন এই তো এইবারে এক লক্ষ পনেরো হাজার ছেলে polytechnic-এ ভর্তি করার জন্যে JEXPO পরীক্ষায় বসেছে। আপনাদের সময় তো এটা হত না। দুঃখ করছেন যে সবার জায়গা হত দক্ষিণ ভারতে। শুনে রাখুন, এই গত তিন বছরের মধ্যে দক্ষিণ ভারতের Polytechnic Collegeগুলো আজকে ২৫০ Polytechnic College বন্ধ হয়ে গিয়েছে। একমাত্র মমতা ব্যানার্জীর নেতৃত্বে আমরা পশ্চিমবাংলায় নতুন করে আধুনিক প্রযুক্তিতে syllabus তৈরি করেছি। আপনারা সেটা ভাবতেই পারেন না। চিন্তাই করতে পারেন না। এটা বড় দুঃখের।

মিঃ স্পীকার : উইথ দি কনসেন্ট অফ দি হাউস ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয়া মুখ্যমন্ত্রীই আমাদের আদর্শ। আজকে এরা এত উল্টোপাল্টা কথা বলছে। এই ভাষণে বলেছি আমরা, আমার বড় দুঃখ লেগেছে শুনে রাখুন। আমার বড় দুঃখ লাগছে এই কারণে, এই আধুনিক প্রযুক্তিতে আমি অনুভব করেছি, যাদের যাদের সঙ্গে মউ হয়েছে, শুনে রাখুন, তাদের সাথে চুক্তি হয়েছে যে তারা ট্রেনিং দেবে, সঙ্গে সঙ্গে চাকরি দেবে। সুতরাং এইরকম নয়, আপনারা তাদের নিয়ে পার্টি অফিসে বসিয়ে রেখে, তাদের দিয়ে খেলা করেছেন, দক্ষতার জন্যে আজকে ভেবেছেন ওই পিস্তলের দক্ষতা দেখাবেন, বোমা বানানোর দক্ষতা দেখাবেন, তা নয় বন্ধু। আজকে বিরোধী দলকে বলতে চাই, পশ্চিমবাংলায় আজকে সঠিকভাবে তাদের ভবিষ্যতের দিশা আজকে যারা ভাবছেন আগামীদিনের যুবকদের নতুন করে এগিয়ে যাওয়ার জন্যে যে প্রচেষ্টা আজকে কারিগরী দপ্তর থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী দক্ষতার রাজধানী এটা আজকে বলা হয়নি, ২০১২-১৩ সালে বাজেট বইটা দেখবেন আপনারা, ২০১২-১৩ সালে মুখ্যমন্ত্রীর সেই কথা বইয়ে লেখা আছে, পশ্চিমবাংলাকে আজকে আমরা ভারতবর্ষের দক্ষতার রাজধানী করবো। আর কেন্দ্রীয় সরকার এই একই কথা বলছে, আমাদেরটা নকল করে বলছে, ভারতবর্ষ দক্ষতার রাজধানী হবে, এইটা গর্ব করুন। গর্ব করুন মমতা বন্দ্যোপাধ্যায়ের এই চিন্তাধারাকে। এটা আপনাদের ভাবতে হবে। আমি খালি বলছি, আপনাদের কাছে ১১১টা নতুন আই.টি.আই., আপনারা তো গ্রামের লোক, এই যে যারা বিরোধী আসনে বসেছেন, আপনাদের এলাকা তো গ্রামের মধ্যে আই.টি.আই. তৈরি হয়ে গিয়েছে ঝকঝকে। আজকে গাঁয়ের লোক বলছে, দেখেছো এত বছর তারা ক্ষমতায় ছিল কিছুই দেখাতে পারল না। আর এই তৃণমূল কংগ্রেস মাত্র আড়াই বছরে প্রত্যেকটা এলাকায় এলাকায় এই ঘরগুলো দেখিয়েছে। আপনাদের লজ্জা হওয়া উচিত। এই জায়গায় দাঁড়িয়ে আমরা বলছি, এই বছরে ৮০টি পলিটেকনিক এবং এই বছরে ৮০টি আই.টি.আই. খোলা হচ্ছে এবং এটা আমাদের মুখ্যমন্ত্রী নবান্ন থেকে তিনি প্রত্যেকটি আই.টি.আই.-এর ক্লাস শুরু হবে, এটা আপনাদের সামনে জানিয়ে যাচ্ছি। এবং এইখানে যারা ট্রেনিং দেবে এবং যারা পড়বে তাদের ৭০ শতাংশ চাকরির কন্ডিশান আমরা ঠিক করেই, তবে আমরা সেখানে এই ট্রেনিং করবো। আমরা খুলছি। আর যারা ভোকেশানাল নিয়ে বড় বড় কথা বললেন — বৃত্তিমূলক, জিজ্ঞাসা করি আপনাকে, ২০০৫ সালে এই বৃত্তিমূলক শিক্ষায় আপনারা সাড়ে তিন হাজার স্কুলে আপনারা

পয়সা লুঠলেন। লুঠলেন, লুঠ করলেন আপনারা সরকারের টাকা। আমি জিজ্ঞাসা করি আপনাদের কাছে, বলুন তো কোর্সে আপনারা, আপনারাই বাজেটে লিখলেন সব কথা। বললেন একটাতে, একটা কোর্সে, একটা টিচার থাকবে। আর কি দিলেন, কি দিলেন, একটা কোর্সে দশটা টিচার। এখন যে অবস্থা। আমি এসে দেখলাম সাড়ে তিন হাজার নেই। খোঁজ করে দেখলাম অস্তিত্বই নেই। আছে মাত্র সদস্য। আর আপনারা সাড়ে তিন হাজারের নাম করে টাকা তুলে নিলেন। আর কে দিল, সরকারের কোনও দায়িত্ব নেই। মাস্টারমশাই আপনাদের, আপনারা যাকে যা মনে করেছেন, পার্টিতে মিছিল করার জন্যে বৃত্তিমূলক শিক্ষায় তাকে দিলেন, ভাবতে পারেন, টাকাটা কোথায় গেল, এইটা আমরা গরীব মানুষের কাছ থেকে চাইনি বন্ধু। আমরা চাই যে এদের সঠিকভাবে মূল্যায়ন করে সঠিক ট্রেনিং করিয়ে তাদেরকে এগিয়ে দেওয়া। আমি তাই বলছি, এই যে বাজেট পশ্চিমবাংলার আগামীদিনের যুবকদের নতুন দিশা দেখানোর বাজেট। তাই এই বাজেটে পূর্ণ সমর্থন আপনাদের কাছে জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is the cut motion that the Amount of the Demand be reduced by Rs.100/-.

As many as are of that opinion, will please say "Aye". As many as are of the contrary opinion, will please say "Noe".

Noes have it, noes have it.

The cut motion is lost.

Mr. Speaker : Now I put to vote the main motion moved by Dr. Amit Mitra that a sum of Rs. 826,51,44,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2203-Technical Education, 2230-Labour and Employment, 2251-Secretarist-Social Services, 4202-Capital Outlay on Education, Sports, Art and Culture and 4250-Capital Outlay on Other Social Services" during the year 2015-2016.

(This is inclusive of a total sum of Rs. 275,50,48,000 already voted on account)

As many as are of the opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say NO.
Asyes have it. Ayes have it.
Demand No., 51 is passed. Demand No.51 is passed.

Adjournment

The House was then adjourned at 6.31 p.m. till 11.00 a.m. on Tuesday, the 9th June, 2015, at the Assembly House, Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol. 144, No. III

(Budget Session, 2015)

[The 28th, 29th May, 1st, 2nd, 3rd, 4th, 5th and 8th June, 2015]

Dated : 28th May, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১০৫ — শ্রী তজমুল হোসেন
— শ্রী শ্যামল সাঁতরা
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু
— শ্রী ইনসার আলি বিশ্বাস
— শ্রী অপূর্ব সরকার
— শ্রী অজয় দে
— Dr. Harka Bahadur Chhetri
— শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন
— শ্রী স্বপন কুমার বেলথারিয়া
replied by — শ্রী রাজীব ব্যানার্জী / PP-1-7

*১০৬ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
*১১০ — শ্রী বনমালী হাজরা
— শ্রী রামেশ্বর দলুই
— শ্রী জয়ন্ত নস্কর
— শ্রী নিরাপদ সর্দার
— শ্রী যোগরঞ্জন হালদার
replied by —শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-7-11

*১০৭ — শ্রী অসিত মিত্র
— শ্রী পরশ দত্ত
— শ্রী মনোজ কুমার ওরাওঁ

— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রী পার্থসারথী চ্যাটার্জী
replied by —শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ / PP-11-14

*১১৪ — শ্রী রামেশ্বর দলুই
— শ্রীমতী মমতা রায়
— শ্রীমতী দেবলীনা হেমব্রম
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু
— শ্রী কেশব চন্দ্র রায়
replied by —শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ / PP-14-16

*১০৮ — শ্রী সমীর কুমার জানা
— আবু তাহের খান
— শ্রী বাচ্চু হাঁসদা
replied by —শ্রী রাজীব ব্যানার্জী / PP-16-18

*১০৯ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা
— শ্রী সমীর কুমার পোদ্দার
replied by —শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-18-21

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১১১ — শ্রী মনোরঞ্জন পাত্র / PP-21
*১১২ — শ্রী বিশ্বনাথ কারক / PP-21-22
*১১৩ — শ্রী নিরাপদ সর্দার / P-22
*১১৫ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ / PP-22
*১১৬ — শ্রী অপূর্ব সরকার / P-23
*১১৭ — শ্রী বাসুদেব খাঁ / P-23
*১১৮ — শ্রী নগেন্দ্রনাথ রায় / P-23

ADJOURNMENT MOTION

by — ডাঃ সূর্য্যকান্ত মিশ্র / P-24

CALLING ATTENTION (NOTICE)

by (i) Shri Sekh Sahonawez
(ii) Shri Tajmul Hossain

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presented by – Shri Gyan Singh Sohanpal / PP-33-24-25
– Shri Nirmal Ghosh / P-25
– Dr. Manas Ranjan Bhunia / P-25
– Shri Asit Mitra / P-25
– Shri Apurba Sarkar / PP-25-26
– Shri Ashok Shau / P-26
– Shri Sital Kumar Sardar / P-26

LAYING OF REPORTS, ACCOUNTS AND BUDGET

laid by – Shri Upendra Nath Biswas / PP-26-27
– Shri Purnendu Basu / P-27

MENTION CASES

by — শ্রী অপূর্ব সরকার / P-27
— Dr. Harka Bahadur Chhetri / P-28
— ডঃ তরুণ কান্তি নস্কর / P-28
— শ্রী শেখ শাহনাওয়াজ / PP-28-29
— শ্রী শ্যামল সাঁতরা / P-29
— ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা / P-29
— শ্রী মনোজ চক্রবর্তী / PP-29-30
— শ্রী শ্যামল মণ্ডল/ P-30
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / P-31

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND No. 22 / PP-32-56

discussed by — শ্রী বাসুদেব খাঁ / PP-32-33
— অশোক কুমার সাউ / PP-33-35
— শ্রী মহঃ সোহরাব / PP-35-38
— শ্রী শ্যামল সাঁতরা / PP-38-40
— শ্রী অনন্ত দেব অধিকারী / PP-40-41

— শ্রীমতী মমতা রায় / PP-41-43
— শ্রী সত্যজিৎ বিশ্বাস / PP-43-44
— শ্রী নিরাপদ সর্দার / PP-44-47
— শ্রী শুভাশীষ বটব্যাল / PP-47-50
replied by — শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-50-55

Demand No. 23 / PP-56-79

Discussed by — শ্রী দিবাকর হাঁসদা / PP-56-58
— শ্রী অর্ঘ্য রায় প্রধান / PP-58-60
— শ্রী যোসেফ মুণ্ডা / PP-60-63
— শ্রী জয়ন্ত নস্কর / PP-63-65
— শ্রী মনোজ কুমার ওরাওঁ / PP-65-66
— শ্রী অনিল অধিকারী / PP-66-68
— Dr. Harka Bahadur Chhetri / PP-68-71
— শ্রী নগেন্দ্রনাথ রায় / PP-71-72
— শ্রী রবীন্দ্র নাথ ঘোষ / PP-72-74
— শ্রী বাসুদেব মেটে / PP-74-75
replied by — শ্রী বিনয় কৃষ্ণ বর্মণ / PP-75-79

Dated : 29th May, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১১৯ — শ্রী তজমুল হোসেন
— শ্রী শেখ শাহনাওয়াজ
— শ্রী আবু তাহের খান
— শ্রীমতী মমতা রায়
— শ্রী পার্থসারথী চ্যাটার্জী
— শ্রী জটু লাহিড়ী
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী মহঃ সোহরাব
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-81-87

*১২২ — শ্রী অসিত মজুমদার
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
— শ্রী অজয় দে
— শ্রী রামেশ্বর দলুই
— শ্রী নির্মল ঘোষ
— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রী আনিসুর রহমান
— শ্রী স্বপন দেবনাথ
replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-87-95

*১২০ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রীমতী প্রতিমা রজক
— শ্রী অপূর্ব সরকার
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা
— ডঃ পার্থ চ্যাটার্জী
replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-95-98

*১২৪ — শ্রী কল্লোল খাঁ
— ডাঃ সূর্য্যকান্ত মিশ্র
replied by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-98-104

Starred Questions
(to which oral answers were laid on the 'Table')

*১২১ — শ্রী মনোরঞ্জন পাত্র / PP-104-105
*১২৩ — শ্রী বিজয় বাগদী / PP-105-106
*১২৫ — শ্রী নেপাল মাহাত / P-106
*১২৬ — শ্রী নির্মল ঘোষ / P-107
*১২৭ — শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-107
*১২৮ — শ্রী দীপক কুমার হালদার / P-108
*১২৯ — শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো / PP-108-109
*১৩০ — শ্রী সমীর কুমার পোদ্দার / PP-109-110
*১৩১ — শ্রী বিশ্বনাথ কারক / P-111
*১৩২ — শ্রী নিরাপদ সর্দার / P-111

RULLING FROM THE CHAIR

by Mr. Speaker / PP-112-113

ADJOURNMENT MOTION

by — শ্রী মনোজ চক্রবর্তী / PP-113-114

CALLING ATTENTION (NOTICES)

by (i) Shri Shajahan Choudhury
(ii) Shri Tajmul Hossain
(iii) Shri Khagen Murmu (Selected) / P-114

PRESENTATION OF COMMITTEE REPORTS

(A) Presentation of the Fifth Report of the Committee on Government Assurances (2014-2015)

by – Dr. Manas Ranjan Bhunia / PP-114-115

(B) Presentation of the Eighth Report of the Standing Committee on Higher Education (2014-2015)

by – Shri Jiban Mukhopadhay / P-115

(C) Presentation of the Seventh Report of the Standing Committee on Commerce Industries, Industrial Reconstruction and Public Enterprises (2014-2015)

by – Shri Paresh Chandra Adhikary / P-115

(D) Presentation of the Sixth and the Seventh Reports of the Standing Committee on Labour (2014-2015)

by – Shri Gouranga Chatterjee / P-115

(E) Presentation of the Fifth Report of the Standing Committee on Self-Help Group & Self-Employment (2014-2015)

by – Shri Shrimati Banasri Maity / P-115

MENTION CASES

by — শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-116
— শ্রী শাহাজাহান চৌধুরী / P-116
— শ্রী আনন্দময় মণ্ডল / P-116
— শ্রী বাসুদেব খাঁ / P-116
— শ্রী আনিসুর রহমান / PP-116-117
— শ্রী নেপাল মাহাত / P-117

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

Demand No. 40 / PP-117-170

discussed by — শ্রী রামেশ্বর দলুই / PP-117-120
— শ্রী স্নেহাশীষ চক্রবর্তী / PP-120-122
— শ্রী নেপাল মাহাত / PP-122-125
— শ্রী অখিল গিরি / PP-125-127
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-127-128
— শ্রী সমরেশ দাস / PP-128-130
— শ্রীমতী রত্না ঘোষ (কর) / PP-130-132
— শ্রী দীপক চ্যাটার্জী / PP-132-134
— শ্রী সমীর কুমার জানা / PP-134-137
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-137-139
— শ্রীমতী বীণা মণ্ডল/ PP-139-141
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-141-143
— ডঃ আবুল হাসেম মণ্ডল / PP-143-144
— শ্রী রামশঙ্কর হালদার / PP-144-147
— শ্রী শেখ শাহনাওয়াজ / PP-147-148
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-148-150
— শ্রী আবির রঞ্জন বিশ্বাস / PP-150-151
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / PP-151-155
— শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-155-158
— শ্রী আনিসুর রহমান / PP-158-163
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-163-169

Dated : 1st June, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১৩৩ — শ্রী অসিত মিত্র

এবং

*১৩৪ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা

— শ্রী বিরাম মাণ্ডি

— ডঃ হরকা বাহাদুর ছেত্রী

— শ্রী পরেশ চন্দ্র অধিকারী

— শ্রী দীপক কুমার হালদার

— শ্রী নেপাল মাহাত

— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা

— শ্রী সুভাষ নস্কর

— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী

replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-171-179

*১৩৬ — শ্রী সমরেশ দাস

— শ্রী শমীক ভট্টাচার্য্য

— শ্রী তাপস রায়

— শ্রী মনোজ চক্রবর্তী

— শ্রী জটু লাহিড়ী

— শ্রীমতী অপর্ণা সাহা

replied by — শ্রী জ্যোতির্ময় কর / PP-180-183

*১৩৮ — শ্রী কল্লোল খাঁ

— শ্রী দীপক চ্যাটার্জী

— শ্রীমতী বাঁশরী মাইতি

— শ্রী তজমুল হোসেন

— শ্রী পরশ দত্ত

— শ্রী রামেশ্বর দলুই

replied by — শ্রী জ্যোতির্ময় কর / PP-183-187

*১৩৫ — শ্রী বিজয় বাগদী
— শ্রী মহঃ সোহরাব
— শ্রী শীতল সর্দার
— শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো
— ডাঃ নির্মল মাজী
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা
— ডঃ তরুণ কান্তি নস্কর
Replied by — শ্রী অরূপ রায় / PP-187-189

*১৪২ — শ্রী বনমালী হাজরা
— শ্রী শাহাজাহান চৌধুরী
Replied by — শ্রী অরূপ রায় / PP-189-190

*১৩৭ — শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
replied by — শ্রী পূর্ণেন্দু বসু / P-190

Starred Questions
(to which oral answers were laid on the 'Table')

*১৩৯ — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা / P-191
*১৪০ — শ্রী সমীর কুমার পোদ্দার / P-191
*১৪১ — শ্রী অপূর্ব সরকার / PP-191-192
*১৪৩ — শ্রী তজমুল হোসেন / P-192
*১৪৪ — ডঃ আবুল হাসেম মণ্ডল / P-193
*১৪৫ — শ্রী বাসুদেব খাঁ / P-193
*১৪৬ — শ্রী স্বর্ণকমল সাহা / PP-193-194

LEAVE OF ABSENCE UNDER RULE 242

— Shri Subhranshu Roy / P-194

CALLING ATTENTION (NOTICES)

by (i) Shri Ram Sankar Halder (Selected)
(ii) Shri Nepal Mahata
(iii) Shri Tajmul Hossain / P-195

MENTION CASES

by — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / PP-195
— শ্রী অসিত মিত্র / P-196
— শ্রীমতী অপর্ণা সাহা / P-196
— শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-196
— শ্রী শাহাজাহান চৌধুরী / PP-196-197
— শ্রী আনিসুর রহমান / P-197
— শ্রী রামশঙ্কর হালদার / P-197
— শ্রী বাসুদেব খাঁ / P-197
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-198
— শ্রী শেখ শাহনাওয়াজ / P-198
— শ্রী বনমালী হাজরা / PP-198-199
— শ্রী যোগরঞ্জন হালদার / P-199
— শ্রী তজমুল হোসেন / P-199
— শ্রী জটু লাহিড়ী / PP-199-200
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ / P-200

ZERO HOUR

by — শ্রী দীপক কুমার হালদার / P-200
— শ্রী শমীক ভট্টাচার্য্য / P-200
— শ্রী হিতেন বর্মন / PP-200-201

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

by — Mr. Speaker / PP-202-203

MOTION

moved by —শ্রী মণীশ গুপ্ত / P-203

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

(A) Demand No. 5
—PP-203-236

discussed by — শ্রী পরেশচন্দ্র অধিকারী / PP-204-206
— শ্রী পরশ দত্ত / PP-206-208

— শ্রী আবু তাহের খান / PP-208-213
— শ্রী রফিকুর রহমান / PP-213-214
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ / PP-215-218
— শ্রী শ্যামল মণ্ডল / PP-218-219
— শ্রী আব্দুর রহিম বক্সি / PP-219-221
— শ্রী সমরেশ দাস / PP-221-222
— শ্রী সমীর কুমার জানা / PP-222-225
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-225-227
— শ্রী শুভাশীষ বটব্যাল / PP-227-229
— শ্রী আনন্দময় মণ্ডল / PP-229-230
— শ্রী বেচারাম মান্না / PP-230-232
replied by — শ্রী পূর্ণেন্দু বসু / PP-232-235

(B) Demand No. 4
—PP-236-257

discussed by — শ্রী বিপ্লব রায় / PP-236-238
— শ্রী নেপাল মাহাত / PP-238-241
— শ্রী যোগরঞ্জন হালদার / PP-241-242
— শ্রীমতী প্রতিমা রজক / PP-243-245
— শ্রী বনমালী হাজরা / PP-245-246
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-247-248
— শ্রী শুভাশীষ বটব্যাল / PP-248-251
— শ্রী বেচারাম মান্না / PP-251-253
replied by — শ্রী অরূপ রায় / PP-253-257

Dated : 2nd June, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১৪৭ — শ্রী তজমুল হাসেন
— শ্রী উজ্জ্বল প্রামানিক
— শ্রী সুভাষ নস্কর

— শ্রী কল্লোল খাঁ
— শ্রীমতী দেবলীনা হেমব্রম
— শ্রী আবু তাহের খান
— শ্রী গোকুল রায়
— শ্রী সমরেশ দাস
— শ্রী আনিসুর রহমান
— শ্রী নেপাল মাহাত
replied by — শ্রী শঙ্কর চক্রবর্তী / PP-259-264

*১৪৮ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা
— শ্রী এস. এম. সাদি
— শ্রী ধীরেন বাগদী
— শ্রী শেখ শাহনাওয়াজ
— শ্রী বাসুদেব মেটে
— শ্রী পার্থসারথী চ্যাটার্জী
— শ্রী শেখ আমজাদ হোসেন
replied by —শ্রী মলয় ঘটক / PP-264-267

*১৪৯ — শ্রী অসিত মিত্র
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন
— শ্রী তোয়াব আলি
— শ্রী যোগরঞ্জন হালদার
— Dr. Harka Bahadur Chhetri
replied by — শ্রী মলয় ঘটক / PP-267-270

*১৫০ — শ্রী সমীর কুমার জানা
— শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ
— শ্রী বাসুদেব খাঁ
replied by — শ্রী সাধন পাণ্ডে / PP-270-274

*১৫১ — শ্রী শাহাজাহান চৌধুরী
replied by — শ্রী মলয় ঘটক / PP-274-275

*১৫২ — শ্রী জয়ন্ত নস্কর

replied by — শ্রী মণ্টুরাম পাখিরা / PP-275-276

Starred Questions

(to which oral answers were laid on the 'Table')

*১৫৩ — শ্রী অপূর্ব সরকার / PP-276-277

*১৫৪ — শ্রী নির্মল ঘোষ / P-277

*১৫৫ — শ্রী বাসুদেব খাঁ / PP-277-278

*১৫৬ — শ্রী দীপক কুমার হালদার / P-278

*১৫৭ — শ্রী বনমালী হাজরা / P-278

*১৫৮ — শ্রী অনন্তদেব অধিকারী / PP-278-279

*১৫৯ — শ্রী স্বর্ণকমল সাহা / PP-279-280

NOTICE OF ADJOURNMENT MOTION

/ P-280

CALLING ATTENTION (NOTICE & STATEMENT)

Notice given by (i) Shri Sahajahan Choudhury and Shri Basudeb Khan

(ii) Shri Nirapada Sardar and Shri Rameswar Dolai

(iii) Shri Sekh Sahonawez

(iv) Shri Khagen Murmu

(v) Shri Kallol Khan (Selected)

(vi) Shri Shri Nepal Mahata

Statement made by — Smt. Chandrima Bhattacharya / PP-280-282

LAYING OF REPORTS

laid by — Dr. Amit Mitra / P-282

MENTION CASES

by — Dr. Harka Bahadur Chhetri / PP-282-283
— ডঃ তরুণ কান্তি নস্কর / P-283
— শ্রী নেপাল মাহাত / P-283
— শ্রী শেখ শাহনাওয়াজ / P-284
— শ্রী পার্থ সারথী চ্যাটার্জী / P-284
— শ্রী শীতল কুমার সর্দার / PP-284-285
— শ্রী হিতেন বর্মণ / P-285

ZERO HOUR

by — শ্রী দীপক কুমার হালদার / P-285
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / PP-285-286
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-286-287

LEGISLATION

The West Bengal Panchayat (Amendment) Bill, 2015 – Introduced, Considered and Passed / PP-287-301

discussed by — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা / PP-288-289
— শ্রী কল্লোল খাঁ / PP-289-290
— ডঃ আবুল হাসেম মণ্ডল / PP-290-292
— ডঃ রমেন্দ্র নাথ বিশ্বাস / PP-292
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-293-294
— শ্রী যোগরঞ্জন হালদার / PP-294-295
— শ্রী রামেশ্বর দলুই / PP-295-298
replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-298-300

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 10 / PP-302-316

discussed by — শ্রী সমীর কুমার জানা / PP-302-305
— শ্রী নগেন্দ্রনাথ রায় / PP-305-306

— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-306-309
— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-309-311
replied by — শ্রী সাধন পাণ্ডে / PP-311-316

DEMAND No. 59
/ PP-316-333

discussed by — শ্রীমতী অপর্ণা সাহা / PP-316-319
— শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-319-322
— শ্রীমতী নমিতা সাহা / PP-322-323
— Dr. Harka Bahadur Chhetri / PP-323-325
— শ্রী স্বপন বাউড়ি / PP-325-326
— শ্রীমতী দেবলীনা হেমব্রম / PP-327-332
replied by — শ্রী সাধন পাণ্ডে / PP-328-332

Dated : 3rd June, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১৬১ — শ্রী সমীর কুমার জানা
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী সমরেশ দাস
— ডঃ অনুপ ঘোষাল
— শ্রী সুভাষ নস্কর
— ডঃ আবুল কাসেম মোল্লা
— শ্রীমতী অপর্ণা সাহা
replied by — শ্রী মণীশ গুপ্ত / PP-335-339

*১৬২ — শ্রী তজমুল হোসেন
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু
— শ্রী নবীন চন্দ্র বাগ
— শ্রী অশোক সাউ
— শ্রী বিরাম মাণ্ডি

— শ্রী শ্যামল সাঁতরা
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী
— শ্রী তাপস রায়
— শ্রী রামেশ্বর দলুই
— শ্রী গৌর চন্দ্র মণ্ডল
— শ্রী উদয়ন গুহ
replied by — শ্রী হায়দার আজিজ সফি / PP-339-344

*১৬৩ — শ্রী অসিত মজুমদার
— শ্রী নর্মদা চন্দ্র রায়
— শ্রী অজয় দে
— শ্রী রণজিৎ কুমার মণ্ডল
— শ্রী কল্লোল খাঁ
— শ্রীমতী জাহানারা খান
— শ্রী হিতেন বর্মণ
— শ্রী তাপস রায়
— শ্রীমতী মমতা রায়
— শ্রী তজমুল হোসেন
replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-344-348

*১৬৬ — শ্রীমতী অপর্ণা সাহা
— শ্রী কালিপদ মণ্ডল
— শ্রী বাসুদেব খাঁ
— ডাঃ রুদ্রনাথ ভট্টাচার্য্য
— শ্রী শাহাজাহান চৌধুরী
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু
— শ্রী বিরাম মাণ্ডি
— শ্রী পার্থ ভৌমিক
— শ্রীমতী জাহানারা খান
— শ্রী শীতল সর্দার
replied by — ডাঃ শশী পাঁজা / PP-348-352

Starred Questions
(to which oral answers were laid on the 'Table')

*১৬০ — শ্রী অপূর্ব সরকার / P-352-353
*১৬৪ — শ্রী অসিত মিত্র / P-353
*১৬৫ — শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-353

CALLING ATTENTION (NOTICES)

by (i) Shri Sahajahan Choudhury and
Shri Basudeb Khan
(ii) Shri Sekh Sahonawez
(iii) Shri Tajmul Hossain
(iv) Shri Sujit Bose (Selected)
(v) Shri Ram Sankar Halder / PP-353-354

PRESENTATION OF COMMITTEE REPORTS

(A) Presentation of the Sixth Report of the Committee on Government Assurances (2014-2015)

by — Dr. Shri Narmada Chandra Roy / P-354

(B) Presentation of the Thirty First Report of the Standing Committee on Finance, Excise and Development and Planning (2014-2015)

by — Shri Jatu Lahiri / PP-354-355

(C) Presentation of the Fifth Report of the Standing Committee on Health and Family Welfare (2014-2015)

by — Dr. Rudra Nath Bhattacharya / P-355

(D) Presentation of the Twelfth Report of the Standing Committee on Housing, Hill Affairs and Fire Services (2014-2015)

by — Shri Sital Kumar Sardar / P-355

MENTION CASES

by — শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-355
— শ্রী আনন্দময় মণ্ডল / P-355
— শ্রী বাসুদেব খাঁ / PP-355-356
— শ্রী শাহাজাহান চৌধুরী / P-356
— শ্রী নবীন চন্দ্র বাগ / P-356
— শ্রী শেখ শাহনাওয়াজ / P-356
— শ্রী বাসুদেব মেটে / P-356
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ / P-357
— শ্রী কল্লোল খাঁ / P-357
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / P-357
— শ্রী শ্যামল সাঁতরা / P-358
— ডঃ তরুণ কান্তি নস্কর / P-358
— শ্রী দীপক কুমার হালদার / P-358
— শ্রী রণজিৎ কুমার মণ্ডল / P-359
— শ্রী ধীরেন বাগদী / P-359

ZERO HOUR

by — শ্রী নবীন চন্দ্র বাগ / PP-359-360

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

Demand No. 39 and 54 / PP-360-400

Jointly discussed by — শ্রী খগেন মুর্মু / PP-360-362
— শ্রী আনিসুর রহমান / PP-362-367
— শ্রী জটু লাহিড়ী / PP-367-370
— শ্রী ঈদ মহম্মদ / PP-370-371
— শ্রী সুজিত বোস / PP-372-375
— শ্রীমতী মমতা রায় / PP-375-377
— শ্রী অনন্তদেব অধিকারী / PP-377-379
— ডঃ তরুণকান্তি নস্কর / PP-379-381

— শ্রী অশোক ঘোষ / PP-381-383
— শ্রী বিশ্বনাথ কারক / PP-383-345
— শ্রী সব্যসাচী দত্ত / PP-385-387
— শ্রীমতী অপর্ণা সাহা / PP-388-389
— শ্রী বিশ্বজিৎ কুণ্ডু / PP-390-392
replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-392-399

DEMAND No. 28
—PP-400-418

discussed by — শ্রী নিরাপদ সর্দার / PP-401-403
— শ্রী সমীর কুমার জানা / PP-403-406
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / PP-406-407
— শ্রী শীতল কুমার সর্দার / PP-407-410
— শ্রী তজমুল হোসেন / PP-410-411
replied by — শ্রী অরূপ বিশ্বাস / PP-411-417

Date : 4th June, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১৬৭ — শ্রী বিশ্বনাথ কারক
— শ্রী আনিসুর রহমান
— শ্রী আব্দুর রহিম বক্সী
— শ্রী ইনসার আলি বিশ্বাস
— শ্রী বিরাম মাণ্ডি
— শ্রী অজয় দে
— শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়
replied by — শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী / PP-419-423

*১৬৮ — শ্রী সমীর কুমার জানা
*১৬৯ — শ্রী নিরাপদ সর্দার
*১৭১ — শ্রী তজমুল হোসেন
*১৭৪ — শ্রী বনমালী হাজরা

*১৭৭ — শ্রী আব্দুর রেজ্জাক এবং

*১৭৯ — শ্রী কল্লোল খাঁ
— শ্রী তরুণ কান্তি নস্কর
— শ্রীমতী রত্না ঘোষ কর
— শ্রী অক্ষয় ঠাকুর
— শ্রী পার্থ সারথী চ্যাটার্জী
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ
— শ্রী জুলফিকার মোল্লা
— শ্রী শমীক ভট্টাচার্য্য
— শ্রী শ্যামল সাঁতরা
— শ্রী উদয়ন গুহ
— শ্রী জয়ন্ত নস্কর
— শ্রী রামশঙ্কর হালদার
replied by — শ্রী চন্দ্রনাথ সিন্‌হা / PP-423-433

*১৭০ — শ্রী অসিত মজুমদার
*১৭২ — শ্রী দীপক কুমার হালদার এবং
*১৭৩ — শ্রী বাসুদেব খাঁ
— শ্রী পরশ দত্ত
— শ্রী বিশ্বনাথ কারক
replied by — শ্রী ব্রাত্য বসু / PP-433-443

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১৭৫ — ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / P-444
*১৭৬ — শ্রী অনন্ত দেব অধিকারী / PP-444-445
*১৭৮ — শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / P-445

CALLING ATTENTION (NOTICES)

by (i) Shri Sahajahan Choudhury and
Shri Basudeb Khan
(ii) Shri Tajmul Hossain (Selected)
(iii) Shri S. M. Sadi and
Shri Insar Ali Biswas / PP-445-446

CALLING ATTENTION (STATEMENT)

by — ডঃ পার্থ চ্যাটার্জী / P-446

PRESENTATION OF COMMITTEE REPORTS

(A) Presentation of the First, the Second, the Third and the Fourth Reports of the Standing Committee on Social Welfare, Disaster Management and Refugee & Rehabilitation (2014-2015)

by — Shri Gulsan Mullick / PP-446-447

(B) Presentation of the First Report of the Standing Committee on Backward Classes Welfare (2014-2015)

by — Shri Satyendra Nath Roy / P-447

GOVERNMENT BUSINESS
LAYING OF NOTIFICATION

Notification made by the Department of Fisheries, Aquaculture, Aquatic Resources & Fishing Harbours, Government of West Bengal under the West Bengal Right to Public Services Act, 2013.

by — Shri Chandra Nath Sinha / P-447

LAYING OF REPORTS AND ACCOUNTS

(A) The Audit Report on the Accounts of the West Bengal Financial Corporation for the year 2013-2014.

by — Dr. Amit Mitra / PP-447-448

(B) The Annual Statement of Accounts together with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2013-2014.

by — Shri Manish Gupta / P-448

(C) The 29th Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Power Development Corporation Limited for the year 2013-2014.

by — Shri Manish Gupta / P-448

MENTION CASES

by — শ্রী মনোজ কুমার ওরাওঁ / P-448
— শ্রী শাহাজাহান চৌধুরী / PP-448-449
— শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী / P-449
— শ্রী বাসুদেব খাঁ / P-449
— শ্রী নবীন চন্দ্র নাগ / P-449
— শ্রী বাসুদেব মেটে / PP-449-450
— শ্রী আব্দুর রহিম বক্সী / P-450
— শ্রী এস. এম. সাদি / P-450
— শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-450-451
— শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ / P-451
— শ্রীমতী জাহানারা খান / P-451
— শ্রী কল্লোল খাঁ / P-451
— শ্রীমতী মমতা রায় / P-451
— শ্রী অশোক ঘোষ / P-452
— ডঃ তরুণ কান্তি নস্কর / P-452
— শ্রী কে. পি. সিং দেও / P-452
— শ্রী আনিসুর রহমান / PP-452-453
— শ্রী শমীক ভট্টাচার্য্য / P-453
— শ্রী শ্যামল সাঁতরা / P-453

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS
DEMAND No. 32

/ -PP-454-500

discussed by — শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা / PP-454-457
— শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-457-460
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-460-462
— শ্রী পুলক রায় / PP-463-464
— শ্রী কানাই চন্দ্র মণ্ডল / PP-464-466
— শ্রী সুজিত বোস / PP-466-468
— শ্রী নর্মদা চন্দ্র রায় / PP-468-469
— শ্রী শেখ শাহনাওয়াজ / PP-469-470
— শ্রী অক্ষয় ঠাকুর / PP-471-473

— শ্রী সমীর কুমার জানা / PP-473-475
— ডঃ হরকা বাহাদুর ছেত্রী / PP-475-476
— শ্রী শ্যামল সাঁতরা / PP-476-478
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-478-479
— শ্রী আবির রঞ্জন বিশ্বাস / PP-480-481
— শ্রী আখরুজ্জামান / PP-482-485
— শ্রী পার্থ ভৌমিক / PP-485-487
— শ্রী মণ্টুরাম পাখিরা / PP-487-489
replied by — শ্রী রাজীব ব্যানার্জী / PP-489-500

DEMAND No. 20

/ PP-500-516

discussed by — শ্রী অশোক রায় / PP-501-503
— শ্রী সমীর কুমার জানা / PP-503-505
— শ্রী ভূপেন্দ্রনাথ হালদার / PP-505-508
— শ্রী বনমালী হাজরা / PP-508-511
— শ্রীমতী নমিতা সাহা / PP-511-512
— শ্রী নগেন্দ্র নাথ রায় / PP-512-513
replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-513-515

POINT OF INFORMATION

by — শ্রী মহঃ সোহরাব / P-481

Dated : 5th June, 2015

PRESENTATION OF COMMITTEE REPORTS

presented by – Shri Md. Sohrab / PP-517-518
– Dr. M. Nuruzzaman / P-518

LAYING OF REPORT

laid by – Dr. Amit Mitra / P-518

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANTS

/ PP-518-550

discussed by — শ্রী মনোরঞ্জন পাত্র / PP-518-520
— শ্রী নির্মল ঘোষ / PP-520-523
— শ্রী মইনুল হক / PP-523-525
— শ্রী শ্যামল সাঁতরা / PP-525-527
— শ্রী সুভাষ নস্কর / PP-527-530
— শ্রী শ্যামল মণ্ডল / PP-531-533
— শ্রী বাচ্চু হাঁসদা / PP-533-535
— শ্রীমতী প্রতিমা রজক / PP-535-537
— শ্রী অজয় দে / PP-537-540
— শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-540-544
replied by — শ্রী শঙ্কর চক্রবর্তী / PP-544-549

Dated : 8th June, 2015

Starred Questions
(to which oral answers were given)

*১৮০ — শ্রী অসিত মিত্র
— ডঃ তরুণ কান্তি নস্কর
— শ্রী অশোক কুমার সাউ
— শ্রী নগেন্দ্র নাথ রায়
— শ্রী উজ্জ্বল প্রামাণিক
— শ্রী পরেশ চন্দ্র অধিকারী
— শ্রীমতী অপর্ণা সাহা
— শ্রী যোগরঞ্জন হালদার
— শ্রী শমীক ভট্টাচার্য্য
— শ্রী আনিসুর রহমান
— শ্রী ঈদ মহম্মদ

— শ্রী অসিত মজুমদার
— শ্রী শেখ আমজাদ হোসেন
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-551-557

*১৮১ — শ্রী সমরেশ দাস
replied by — শ্রী জ্যোতির্ময় কর / PP-557-558

*১৮৭ — ডঃ আবুল হাসেম মণ্ডল
— শ্রী মনোজ চক্রবর্তী
— শ্রী রামেশ্বর দলুই
— শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো
— শ্রী খগেন মুর্মু
— শ্রী দুলাল মুর্মু
replied by — শ্রী জ্যোতির্ময় কর / PP-559-561

*১৮৩ — শ্রী কল্লোল খাঁ
*১৯০ — ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা
*১৮৪ — শ্রী প্রবোধ চন্দ্র সিনহা
*১৯১ — শ্রী আব্দুর রেজ্জাক
— শ্রী সুভাষ নস্কর
— শ্রী অখিল গিরি
— শ্রীমতী ফিরোজা বেগম
replied by — শ্রী পূর্ণেন্দু বসু / PP-561-567

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*১৮২ — শ্রী নেপাল মাহাত / PP-567-568
*১৮৫ — শ্রী বনমালী হাজরা / P-568
*১৮৬ — শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-568-569
*১৮৮ — শ্রী রণজিৎ কুমার মণ্ডল / P-569
*১৮৯ — শ্রী অসিত মজুমদার / P-569
*১৯২ — শ্রী তোয়াব আলি / PP-569-570
*১৯৩ — শ্রী রবিউল আলম চৌধুরী / P-570
*১৯৪ — শ্রী তজমুল হোসেন / P-570

CALLING ATTENTION (NOTICE)

by (i) Shri Sahajahan Choudhury
and Shri Basudeb Khan
(ii) Shri Khagen Murmu (Selected)
(iii) Shri Dhiren Bagdi
(iv) Shri Ram Sankar Halder
(v) Shri Sabyasachi Dutta / P-571

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presented by – Dr. Manas Ranjan Bhunia / P-572
– Shri Paresh Chandra Adhikari / P-572
– Shri Partha Bhowmick / P-572

MENTION CASES

— শ্রী মনোজ কুমার ওরাওঁ / PP-572-573
— শ্রী আনন্দময় মণ্ডল / P-573
— শ্রী শাহাজাহান চৌধুরী / P-573
— শ্রী বাসুদেব খাঁ / PP-573-574
— শ্রী রামেশ্বর দলুই / P-574
— শ্রী রামশঙ্কর হালদার / PP-574
— শ্রী আনিসুর রহমান / PP-574-575
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / P-575
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-575-576
— শ্রী ধীরেন বাগদী / P-576
— ডঃ তরুণ কান্তি নস্কর / P-576
— শ্রী বুলুচিক বরাইক / P-576
— শ্রীমতী জাহানারা খান / PP-576-577
— শ্রী খগেন মুর্মু / P-577

ZERO HOUR

— শ্রী দীপক কুমার হালদার / P-577
— ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা / P-577-578

DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

DEMAND No. 15

discussed by — শ্রী আমজাদ হোসেন / PP-578-581
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-581-583
— শ্রী আশীষ মার্জিত / PP-583-586
— শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা / PP-586-588
— শ্রী মনোজ কুমার ওরাওঁ / PP-588-590
— শ্রী উজ্জ্বল প্রামাণিক / PP-590-592
— ডঃ তরুণ কান্তি নস্কর / PP-592-594
— শ্রী শমীক ভট্টাচার্য্য / PP-594-595
— শ্রী কালিপদ মণ্ডল / PP-595-597
— শ্রী নগেন্দ্র নাথ রায় / PP-597-599
— শ্রী রণজিৎ কুমার মণ্ডল / PP-599-601
— শ্রী দীপক কুমার হালদার / PP-601-603
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-603-608
— শ্রী দুলাল মুর্মু / PP-608-610
— শ্রী অরুণ মহাপাত্র / PP-610-612
— ডঃ আশীষ ব্যানার্জী / PP-612-614
replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-614-619

PRESENTATION OF REPORT OF BUSINESS ADVISORY COMMITTEE

Presented by — Mr. Speaker / PP-619-621

MOTION

by — Dr. Partha Chatterjee / P-621

DEMAND No. 14

discussed by — শ্রী অশোক রায় / PP-622-623

— শ্রী বিপ্লব রায়চৌধুরী / PP-623-627
— শ্রীমতী প্রতিমা রজক / PP-627-630
— শ্রীমতী রত্না ঘোষ (কর) / PP-630-632
— শ্রী স্নেহাশীষ চক্রবর্তী / PP-632-634
— শ্রী ইনসার আলি বিশ্বাস / PP-634-636
replied by — শ্রী আব্দুল করিম চৌধুরী / PP-636-639

DEMAND No. 51

discussed by — শ্রী বাসুদেব খাঁ / PP-640-642
— শ্রী পার্থ সারথী চ্যাটার্জী / PP-642-644
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-644-646
— শ্রী যোগরঞ্জন হালদার / PP-647-648
— শ্রী সমীর কুমার জানা / PP-649-651
— শ্রী রণজিৎ কুমার মণ্ডল / PP-651-653
replied by — শ্রী উজ্জ্বল বিশ্বাস / PP-653-656

Printed at :
Basumati Corporation Limited
166 B. B. Ganguly Street, Kolkata-700 012
LAP-319/400 bks/'17